
## রবীক্র রচনাবলী

মত্বিংশ খণ্ড

Afsafrussons



## রবীক্র-রচনাবলী

### মড়বিংশ খণ্ড

Sphusson



96393

## বিশ্বভারতী

২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্ট্রীট। কলিকাতা

#### প্ৰকাশ পৌষ ১৩৫৫

পুনর্মূন্ত্রণ পৌষ ১৩৬৫ বন্ধাব্দ: ১৮৮০ শকাব্দ

মূল্য: কাগজের মলাট নয় টাকা রেক্সিনে বাধাই বারো টাকা

(C)

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন বিশ্বভারতী। ৬০ ধারকানাথ ঠাকুর লেন। কলিকাতা-৭

মূত্রাকর শ্রীপ্রভাতচক্ত রায় শ্রীগৌরাক প্রেস প্রাইভেট লিমিটেড। ৫ চিম্বামণি দাস লেন। কলিকাতা-১

#### বিজ্ঞপ্তি

রবীন্দ্রনাথের জীবিতকালে তাঁহার যত রচনা গ্রন্থাকারে মুদ্রিত হইয়াছিল, রবীন্দ্র-রচনাবলীর বর্তমান খণ্ডে তাহার অধিকাংশের প্রকাশ সমাপ্ত হইল; তবে 'ছিম্নপত্র', 'ভামুসিংহের পত্রাবলী' এবং 'পথে ও পথের প্রাস্থে' ভবিশ্বতে রবীন্দ্র-রচনাবলীর এক বা একাধিক খণ্ডে অক্যাম্থ চিঠিপত্রের সহিত মুদ্রিত হইবে এবং 'গীতবিতান'ও রবীন্দ্র-রচনাবলীর খণ্ডাস্তরে প্রকাশিত হইবে।

রবীন্দ্রনাথের দেহাবসানের স্বল্পকাল পরে প্রকাশিত কাব্যগ্রন্থ 'ছড়া' ও 'শেষ লেখা' বর্তমান খণ্ডে প্রকাশিত হইল। ভবিদ্যুতে রবীন্দ্র-রচনাবলীর যে-সকল খণ্ড প্রকাশিত হইবে সেগুলিতে পূর্বোক্ত কয়েকখানি গ্রন্থ ব্যতীত এই-সকল রচনাও মুদ্রিত হইবে— রবীন্দ্রনাথের পরলোকগমনের পরে প্রকাশিত অক্যান্থ গ্রন্থ, সাময়িক পত্রে প্রকাশিত বিভিন্ন রচনা যেগুলি এপর্যন্ত কোনো গ্রন্থে মুদ্রিত হয় নাই, এবং পাগুলিপি-নিবদ্ধ রচনাবলী।

শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য

### সূচী

চিত্ৰস্চী	<b>#</b> o
কবিতা ও গান	
ছড়া	>
শেষ লেখা	৩৭
নাটক ও প্রহুসন	•
মৃক্তির উপায়	Q Q
উপন্যাদ ও গল্প	
লিপিকা	56
সে	747
গল্পন্ন	२৯१
প্রবন্ধ	
বাংলাভাষা-পরিচয়	994
প্রের সঞ্চয়	849
ছেলেবেলা	৫৮৩
সভ্যতার সংকট	৬৩৩
গ্রন্থপরিচয়	689
বৰ্ণাসুক্ৰমিক স্চী	<b>5</b> 50

## চিত্রসূচী

প্রতিকৃতি	
त्र <b>वी</b> ट्यनाथ	:
রবীক্সনাথ ও দৌহিত্রী নন্দিতা	222
রবীশ্রনাথ কর্তৃক অদ্ধিত	
রেখাছনের অভিরিক্ত চিত্রাবদী	
সে	२১•
পালারাম	<b>۲۷۶</b>
হৈ রে হৈ মারহাটা	<b>२</b> १७
মাস্টারমশায়	<b>২</b> 99

## কবিতা ও গান

# ছড়া

অলগ মনের আকাপেতে প্রদোষ यथन नाय. কর্মরপের ঘড্ঘড়ানি य-मृङ्रार्छ श्रास्म, এলোমেলো ছিন্নচেতন টুকরো কথার বাঁক জানি নে কোন্ স্বপ্নরাজের ভনতে যে পায় ভাক. ছেডে আলে কোথা থেকে দিনের বেলার গর্ড— কারো আছে ভাবের আভাগ কারো বা নেই অর্থ— पाना मत्नत अहे ए रहि, আপন অনিয়মে ঝি ঝির ডাকে অকারণের আসর তাহার জমে। একটুখানি দীপের আলো শিখা বখন কাঁপায় চার দিকে তার হঠাৎ এসে কথার ফডিং কাঁপায়।

পষ্ট আলোর স্বাষ্টি-পানে বথন চেন্নে দেখি মনের মধ্যে সন্দেহ হয় হঠাৎ মাডন এ কি। বাইরে থেকে দেখি একটা निषय-एका यात्न. ভিতরে তার রহন্ত কী কেউ তা নাহি জানে। ধেয়াল-শ্রোতের ধারায় কী সব ডুবছে এবং ভাগছে— खता की-रा रमय ना कवाव, কোথা থেকে আগছে। আছে ওরা এই তো জানি, বাকিটা সব আধার-চলছে খেলা একের সঙ্গে আর-একটাকে বাঁধার। বাধনটাকেই অর্থ বলি, বাঁধন ছিঁ ডলে তারা কেবল পাগল বস্তুর দল শুক্তেডে দিক্হারা।

উদয়ন [ শাস্তিনিকেতন ]

• জামুয়ারি ১২৪১



5

স্থবসদাদা আনল টেনে আদমদিঘির পাডে. লাল বাদরের নাচন সেধায় রামছাগলের ঘাড়ে। বাদর ওয়ালা বাদরটাকে খাওয়ায় শালিধাল. রামচাগলের গম্ভীরতা কেউ করে না गান্ত। দাড়িটা তার নড়ে কেবল, বাজে রে ডুগড়গি। काश्मा बादा लाखन्न वान्हे, क्रम एर्ट नुगन्ति। রামছাগলের ভারি গলায় ভাাভ্যা রবের ডাকে হুড়হুড়ি দেয় থেকে থেকে চৌকিদারের নাকে। হাচির পরে বারে বারে যভই হাচি ছাডে বাতানেতে ঘন ঘন কোদাল বেন পাডে। হাচির পরে সারি সারি হাচি নামার চোটে छिंजुनरान अराज्द नमक रयन माथा कारि, গাছের থেকে ইচড়গুলো খনে খনে পড়ে, ভালের পাতা ভাইনে বাঁরে পাধার মতো নডে। দত্তবাড়ির ঘাটের কাছে যেমনি হাঁচি পড়া. আংকে উঠে কাঁখের থেকে বউ ফেলে দেয় ঘড়া। কাকেরা হয় হতবৃদ্ধি, বকের ভাঙে খ্যান, **এक्ट्रारमर्ड हमरक ए**ठिन इदिस्माइन रमन । টেবিলেতে তুফান ওঠে চা-পেয়ালার তলে, বিষম লেগে শৌধিনদের চোথ ভেসে যায় জলে। বিছালয়ের মঞ্চ-'পরে টাক-পড়া শির টলে-পিঠ পেতে দেয়, চ'ডে বলে টেরিকাটার দলে। শুতো মেরে চালায় তারে, সেলাম করে আদায়, একটু এদিক-ওদিক হলে বিষম शाना वाधाय।

লোকে বলে, কলম্বন সূর্বলোকের আলো দ্র্থল ক'রে জ্যোতির্লোকের নাম করেছে কালো। তাই তো সবই উল্ট-পাল্ট, উপর-নামন নীচে---ভবে ভবে নিচু মাথায় সমুখটা যায় পিছে। হাঁচির ধাকা এতথানি, এটা গুজুব মিধ্যে— এই নিয়ে সব কলেকপড়া বিজ্ঞানীদের চিত্রে অল্ল কিছু লাগল ধোঁকা; রাগল অপর পক্ষে---বললে, পড়ান্তনোয় কেবল ধুলো লাগায় চক্ষে, অন্ত দেশে অসম্ভব যা পুণ্য ভারতবর্ষে সম্ভব নয় বলিগ যদি প্রায়শ্চিত কর সে। এর পরে হুই দলে মিলে ইট পাটকেল ছোড়া— চক্ষে দেখায় সর্ষের ফুল, কেউ বা হল খোড়া। পুণা ভারতবর্ষে ওঠে বীরপুরুষের বড়াই, সমৃদ্রের এ পারেতে একেই বলে লড়াই। সিন্ধপারে মৃত্যুনাটে চলছে নাচানাচি, বাংলাদেশের তেঁতুলবনে চৌকিদারের হাঁচি। সত্য হোক বা নিখ্যে হোক তা, আদমদিঘির পাড়ে বাঁদর চডে বসে আছে রামছাগলের ঘাড়ে। রামছাগলের দাড়ি নড়ে, বাব্দে রে ডুগড়গি-কাংলা মারে লেজের ঝাপট, জল ওঠে বুগবুগি।

কালিম্পং ১৫ মে ১৯৪০

2

কদমাগঞ্জ উদ্ধাড় করে
আসছিল মাল মালদহে,
চড়ায় পড়ে নৌকোড়বি
হল যথন কালদহে,
ভলিয়ে গেল অগাধ জলে
বস্তা বস্থা কদমা যে

পাঁচ মোহানার কংলু ঘাটে ব্ৰহ্মপুত্ৰ নদ-মাঝে। আসামেতে সদ্কি জেলায় হাংলু-ফিড়াঙ পর্বতের তলায় তলায় ক'দিন ধরে বইল ধারা সর্বতের। মাছ এল সৰ কাৎলাপাড়া थवताशां ि खंगिएव. त्यां हो। त्यां हो। हिः छि छठे পাঁকের তলা ঘেঁটিয়ে। চিনির পানা খেয়ে খুশি ডিগবাজি বায় কাংলা, वैमिमार्डित गक सर्वत त्रहेग ना बात भारण। শেষে দেখি ইলিশমাছের क्मपात्न आंद्र कृष्टि नाहे. চিতলমাছের মুবটা দেখেই প্রন্ন তারে পুছি নাই। ননদকে ভান্ধ বললে, তুমি मिर्ला ७ माइ कार्टी डाहे. রাগতে গিবে দেখি এ বে মিঠাই-গজার ছোটোভাই। মেছোনিকে গিন্নি বলেন, ঝুড়ির ঢাকা খুলো না, মাছের রাজ্যে কোপাও যে নেই এ মৌরলার তুলনা। বাগীশকে কাল শুধিষেছিলেম, ব্ৰহ্মা কি কাজ ভূলল, বিধাতা কি শেষবয়সে यश्रद्रारमाकान धूनन।

হতীন ভাষার মনে জাগে ক্রমবিকাশ থিয়োরি গল্ব্যাডারে ক্রমে ক্রমে চিনি জমছে কি ওরই। খগেন বলে, মাছের মধ্যে মাধুৰ্য নম্ব পথ্যাচার---চচ্চডিতে মোরকাতে একাত্মবাদ অভ্যাচার। বেদান্তী কয়, রসনাতে রসের অভেদ গলতি, এমন হলে রাজ্যে হবে নিরামিষের চলতি। ডাক পড়েছে অধ্যাপকের कागांडेवधी পार्वरण-খাওয়ায় তাকে যত্ন করে শান্ডডি আর চার বোনে मारहत मूर्फा मूर्थ मिरवरे উঠল জেগে বকুনি, হাত নেড়ে সে তত্ত্বপা করলে শুক্র তথুনি-কলিবুণের নিমক খেয়ে আমরা মাহুব সকলেই, र्का विषय गांधु रू य সভাযুগের নকলেই সব জাতেরই নিমকি থেকে निमक यनि इंडिएव दनव, সকল ভাড়েই চিনির পানার क्यश्विन वर्षित्व त्वयः চিনির বলদ জোড়ে এলে সকল মিটিং-কমিটি,

চোধের অলেই নোন্তা হবে বাংলাদেশের অমিটি। নোনার স্থানে থাকবে নোনা. यिटिंद चात्न मिष्ठि-সাহিত্যে বা পাকশালাতে धार्वहे वाम कृष्टि। চিনি সে তো বার-মহলের, রক্তে বগত নোনতার— দোকানে প্রাণ মিষ্টি খোঁছে, মুন বে আপন ধন তার। সাগ্রবাদের আদিম উৎস **क्टार्यत्र करन थूनिया** ाष्ट्र, নির্বাসনের হঃধটা তার আথের থেতে ভূলিয়ে দেয় অভত্রব এই— কী পাগলামি. কলম উঠল খেপে. मिर्था वका सोफ मिरवरक মিলের স্বন্ধে চেপে। কবির মাথা ঘুলিয়ে গেছে বৈশাখের এই রোদে, চোখের সামনে দেখছে কেবল মাছের ডিমের বাঁদে। ঠাণ্ডা যাথায় ঘূচুক এবার রসের অনার্ষ্টি, উन्टोपान्छ। ना इस टस्न নোন্তা এবং মিষ্টি।

9

ঝিনেদার জমিদার কালাচাদ রাহরা
সে-বছর পুষেছিল একপাল পায়রা।
বড়োবাবু খাটয়াতে বলে বলে পান খায়,
পায়রা আঙিনা জুড়ে খুঁটে খুঁটে ধান খায়
হাঁসগুলো জলে চলে আঁকাবাকা রকমে,
পায়রা জমায় সভা বক-বক-বকমে।

খবরের কাগজেতে shock দিল বংশ, পারোগ্রাফে ঠোকর লাগে তার চকে। তিন দিন ধ'রে নাকি ছই দলে পোড়াদয় पूष्-काठाकाि नित्य माथा-काठाकाि इय। কেউ বলে ঘুড়ি নয়, মনে হয় সন্ধ-পোলিটিকালের যেন পাওয়া যায় গন্ধ। 'রানাঘাট-সমাচারে' লিখেছে রিপোটার— আঠারোই অদ্রানে শুরু হতে ভোরটার বেশি বই কম নয় ছয়-সাত ছাজারে গুণ্ডার দল এল সবন্ধির বাজারে। এ ধবর একেবারে লুকোনোই দরকার, গাপ করে দিল তাই ইংরেজ সরকার। ভয় ছিল কোনোদিন প্রশ্নের ধাকায় পার্লিয়ামেন্টের হাওয়া পাছে পাক খায়। এডিটর বলে, এতে পুলিসের গাফেলি। श्रुनिम दरन रम, हरना दुरबञ्चरब भा रमनि ; ভাঙল কপাল যত কপালেরই দোষ সে, এসব ফসল ফলে কনগ্রেসি শস্তে। সবজির বাজারেতে মূলো যোচা সন্তায় পাওয়া গেল বাসি মাল ঝাঁকা ঝুড়ি বন্তায়।

**ঝুড়ি থেকে ছুঁড়ে ছুঁড়ে মে**রেছিল চালতা, যশোরের কাগজেতে বেরিয়েছে কাল তা। 'মহাকাল' লিখেছিল, ভাষা তার শানানো— চালতা ছোঁড়ার কথা আগাগোড়া বানানো; বড়ো বড়ো লাউ নাকি ছু ড়েছে হু পক্ষে, শচীবাবু দেখেছে সে আপনার চকে। দাখায় হাখামে মিছে ক'রে লোক গোনা, সংবাদী সমাজের কথনো এ যোগ্য না। আর-এক সাকীর আর-এক জবানি-বেল ছু ড়ে মেরেছিল দেবেছে তা ভবানী। যার নাকে লেগেছিল সে গিয়েছে ভেবড়ে, ভাগ্যেই নাক ভার যায় নাই থেবড়ে। ন্তনে এডিটর বলে, এ কি বিশাশ্ত-क ना कारन नागांछ। त गृहरक्र ना । জানি না কি ও পাড়ায় কোনোখানে নাই বেল: **ज्यानी** मिथम, এ यে व्यागारगाणा मारेरवम । মাঝে মাঝে গায়ে প'ডে চেঁচায় আদিতা-আমারে আরোপ করা মিথ্যাবাদিও! কোন বংশে যে মোর জন্ম তা জান তো, আমার পায়ের কাছে করো মাথা আনত। আমার বোনের যোগ বিবাহের হতে ভদু গোস্বামীদের পুত্রের পুত্রে। এডিটর লেখে, তব ভগ্নীর স্বামী যে গো বটে গোয়ালবাসী, জানি তাছা আমি যে। ঠাট্টার অর্থ টা ব্যাকরণে গুঁজতে দেরি হল, পরদিনে পারল সে বুঝতে। মহা রেগে বলে, তব কলমের চালনা এখনি ঘূচাতে পারি, বাড়াবাড়ি ভালো না। कांग करत पिटे यपि, इरव त्य कि त्थाननाम, কোথায় তলিয়ে যাবে সাতকড়ি ঘোষ নাম।

জানি তব জামাইয়ের জাঠাইয়ের যে বেহাই আদালতে কত ক'রে পেয়েছিল লে রেছাই। ঠাণ্ডা যেজাজ যোর সহজে তো রাগি নে. নইলে তোমার সেই আদরের ভাগিনে তার কথা বলি যদি- এই ব'লে বলাটা শুরু ক'রে ঘেঁটে দিল পদ্ধের তলাটা। তার পরে জানা গেল গাঁজাখুরি স্বটাই, মাথা-ফাটাফাটি আদি মিছে জনরবটাই। माछ नित्य दकाविक कदाहिन खालि।, পচা कना हूँ ए ভाরে মেরেছিল ছেলেট।। আসল কথাটা এই অটলা ও পটলা वाधारना धर्मघरहे कन हरा कहेना। ভধু কুলি চারজন করেছিল গোলমাল— লালপাগড়ি সে এসে বলেছিল, তোল্ মাল। শুডের কলসিখানা মেতে উঠে ফেটেছিল, রাজ্যের থেকিওলো ভাকে ভাকে চেটেছিল। বক্ততা করেছিল হরিহর শিক্ষার— पाकानिया यत्निक्नि. **এ यে** ভाति पिक्नात । मामा এই প্রতিবাদ লিখেছিল তারিণী, গ্রামের নিন্দে সে-যে সইতেই পারে নি। নেহাত পারে না যারা পাব্লিশ না ক'রে সব-শেষ পাতে দিল বর্জই আথরে। প্রতিবাদটুকু কোনো রেখা নাহি রেখে যায়, বেল থেকে তাল হয়ে গুজবটা থেকে যায়। ঠিকমতো সংবাদ লিখেছিল সজনী— गर ना रम रमणे, अत्मरह वा क' बनरे। জাঠাইয়ের বেহাইয়ের মামলাটা ছাডাতে যা ঘটেছে হাসি ভার থেকে গেল পাড়াতে। আদরের ভাগনের কী কেলেম্বারি সে. বারাসতে বরিশালে হয়ে গেছে জারি সে।

হিতসাধনী সভার চাঁদাচুরি কাও
ছড়িরে পড়েছে আন্ধ নারা রন্ধাও।
ছেলেরা তুভাগ হল মান্তরার কলেকে—
এরা বদি বলে বেল, ওরা লাউ বলে বে।
চালতার দল থাকে উভরের মাকেতে,
তারা লাগে ছ দলের সভা-ভাঙা কাজেতে।
দলপতি পশ্চাতে রব তোলে বাহবার,
তার পরে গোলেমালে হয়ে পড়ে যা হবার।
ভরে ভয়ে ছি-ছি বলে কলেকের কর্তারা,
তার পরে মাপ চেয়ে চলে যায় ঘর তারা।

একদা ত এডিটরে দেখা হল গাড়িতে, পনেরো মিনিট ওধু ছিল টেন ছাড়িতে। ফোঁস করে ওঠে ফের পুরাতন কথা সেই, বাঁ। তার পুরো আছে আগে ছিল যথা সেই ! এक्सन राम राम, मांडे राम व्यक्त. पृष्टिन हर्ष ७८० मात्रमूर्या हरा । দেখচি যা ব্যাপার সে নয় কম ডর্কের. মুখে বুলি ওঠে আত্মীয় সম্পর্কের। পরলা দরের knave, idiot কি কেবল, liar of, humbug, cad unspeakable-এই মতো বাছা বাছা ইংরেজি কটুতা প্রকাশ করিতে থাকে হজনের পটুতা। অম্বচর বারা, তারা বেপে ওঠে কেউ কেউ— কুকুরটা কী ভেবে বে ভেকে ওঠে ভেউ-ভেউ। হাওডায় ডিড জুমে, দেখে সবে রক্ত-গার্ড এসে করে দিল যাত্রাই ভক। গার্ডকে সেলাম করি; বলি, ভাই বাঁচালি, টার্মিনাসেতে এল বেলভৌজা পাঁচালি।

ঝিনেদার জমিদার বসে বসে পান থায়, পায়রা আঙিনা জুড়ে খুঁটে খুঁটে থান থায়। হেলেছলে হাঁদগুলো চলে বাঁকা রক্ষে, পায়রা জমায় সভা বক্-বক্-বক্ষে।

উদয়ন [ শাস্তিনিকেতন ]

» মার্চ ১৯৪০

8

বাসাথানি গায়ে-লাগা আর্মানি গির্জার-দুই ভাই সাহেবালি জোনাবালি মির্জার। কাবুলি বেড়াল নিয়ে ছ দলের মোকার বেঁধেছে কোমর, কে যে সামলাবে রোখ ভার। হানাহানি চলছেই একেবারে বেহোঁলে. नानिमंदी की निष्य (य. कारन ना छ। कह रहा। সে কি লেজ নিয়ে, সে কি গোঁফ নিয়ে তকরার. হিসেবে কি গোল আচে নথগুলো বথরার। কিংবা মিয়াও ব'লে খাবা তুলে ভেকেছিল— তথন সামনে তার ত্ব ভাইন্বের কে কে ছিল। गाकीत ভिড़ रन मत्म मत्न छ। निया, व्याख्याक याहारे हम उद्यान व्यानितः। कि वर्ल धा-भा-नि-मा, कि वर्ल धा-मा-छ-চাঁই চাঁই বোল দেয়, তবলায় ঘা মারে। क्खान त्वंदक खर्ठ, शांह भारत कृखित— জন্ত্রসাব কী ক'রে যে থাকে বলো স্বস্থির। সমন হয়েছে জারি, কাবলের স্পার চলে এল উটে চড়ে— পিছে ঝাড়ুবরদার। উটেতে কামড় দিল, হল তার পা টুটা---বিলকুল লোকসান হয়ে গেল হাটুটা। খেলারত নিয়ে মাথা তেতে ওঠে আমিবের. ফউজ পেরিয়ে এল পাঁচিলটা পাথিরের।

বাজারে মেলে না আর আখরোট-খোবানি. কাঁউসিল ঘরে আন্ধ কী নাকানিচোবানি। ইবানে পড়েছে সাড়া গবেষণাবিভাগে— এ কাবুলি বিভালের নাড়িতে বে কী ভাগে বংশ রয়েছে চাপা, মেসোপোটেমিয়ারই याक्षात्रक्षष्ठित रूटव त्म कि विद्यादि । এর আদি মাতামহী সে কি ছিল মিশোরি---নাইল-ভটিনী-ভট-বিহারিণী কিশোরী। রোয়াতে সে ইয়ানী থে নাহি তাহে সংশয়, দাতে তার এসীবিয়া যথনি সে দংশয়। কটা চোথ দেখে বলে পণ্ডিতগণেতে. এথনি পাঠানো চাই Wimবিশভনেতে। বাঙালি থিসিসওলা পড়ে গেছে ভাবনায়— ঠিকুজি মিলবে তার চাটগাঁ কি পাবনায়। আর্মানি গির্জার আশেপাশে পাডাতে কোনোখানে এক তিল ঠাই নাই দাঁডাতে। কেমব্রিক্ষ থালি হল, আলে সব স্কলারে— কী ভীষণ হাডকাটা করাতের ফলা রে। विकानीम्म अन विनन वाहित्य. হাতপাক। জন্তর-নাডিভ ডি-ঘাটিয়ে। क्ष वर्त, विजानको की तक्य काना हाई. আইডেনটিটি তার আদালতে আনা চাই। विषारमत रमथा नारे- घरत ना, वरन ना ; মিআঁউ আওয়াজটুকু কেউ আর শোনে না। ভব্দ বলে, সাক্ষীরে কোন্ধানে চুকোলো, অত বড়ো লেজের কি আগাগোড়া লুকোলো পেয়াদা বললে, লেজ গেছে মিউজিয়মে প্রিভিকৌসিলে-দেওয়া আইনের নিয়মে। জন্ম বলে, গোঁফ পেলে রবে মোর সন্মান: পেয়ালা বললে, তারো নয় বড়ো কম মান---

মিউনিকে নিমে গেছে ছাঁটা গোঁক বড়েই,
তারে আর কোনোমতে কেরাবার পথ নেই।
বিড়াল ফেরার হল, নাই নামগদ্ধ;
জ্জ বলে, তাই ব'লে মামলা কি বদ্ধ।
তথনি চৌকি ছেড়ে রেগে করে পাচারি,
থেকে থেকে হুংকারে কেঁপে ওঠে কাছারি।
জ্জ বলে, গেল কোথা ফরিয়াদী আলামী!
হুছুর, পেয়াদা বলে, বেটাদের চাষামি!
তনি নাকি হুই ভাই উকিলের তাকাদায়
বলে গেছে, আমাদের ব্ঝি বেঁচে থাকা দায়!
কঠে এমনি ফাঁল এঁটে দিল জড়িয়ে,
নোকারে কী করিবে সাকীরে পড়িয়ে।

উদয়ন [ শাস্তিনিকেতন ] ১৮ ফেব্রুয়ারি ১৯৪০

æ

ছেঁড়া মেঘের আলো পড়ে

দেউলচ্ড়ার ত্রিশ্লে;
কলুব্ড়ি শাকসবন্ধি

তুলেছে পাঁচমিগুলে।
চায়ী থেতের সীমানা দেয়

উচু ক'রে আল তুলে;
নদীতে জল কানায় কানায়,
ডিঙি চলে পাল তুলে।
কোমর-ঘেরা আঁচলখানা,
হাতে পানের কোটা—
যোষপাড়াতে হন্হনিয়ে
চলে নাপিতবউটা।
গোকুল ছোঁড়া শুঁড়ি আঁকড়ে

ওঠে গাছের উপুরি,

পেড়ে আনে থোলো থোলো

কাঁচা কাঁচা স্থপুরি।

বর্ষাজনের তল নেমেছে,

ছাপিয়ে গেল বাঁধধানা,
পাড়ির কাছে ডুবো ডিঙি

যাছে দেখা আধ্যানা।
লখা চলে ছাতা মাধায়,
গোরী-কনের বর—

ডাাংডাাঙাডাাং বাজি বাজে,

চডকভাঙায় ঘর।

ভাগুমালী লাউডাটাতে उदरह टाउ बाकांग, কামার পিটোর হুমুহুমিয়ে গোকর গাড়ির চাকটি।। মাঠের ধারে ধকধকিয়ে চলতি গাড়ির গোঁওয়াতে আকাৰ যেন ছেয়ে চলে কালো বাঘের রোভয়াতে কাঁসারিটা বাজিয়ে কাঁসা कांशिय मिन शनिहा. গিরিরা দেয় ছেঁডা কাপড ভর্তি ক'রে থলিটা। ডিবে চুলের ঝুঁটি বেঁধে বদে আছেন দেজোবউ, যোচার ঘণ্ট বানাতে সে সবার চেয়ে কেজো বউ। গামলা চেটে পরথ করে मि मिर्य वीक्षा शाहे.

উঠোনের এক কোণে জমা রালাঘরের গাদা ছাই। ভালুকনাচের ডুগড়ুগি ওই বাজছে পাইকপাড়াতে, বেদের মেয়ে বাঁদরছানার লাগল উকুন ছাড়াতে। অশ্বতলায় পাটল গোরু আরামে চোখ বোজে ভার. ছাগলছানা যুরে বেড়ায় কচি ঘাসের থোঁছে তার। ছকুমালী খেতের থেকে তুলছে মুলো ভাহরে, পিঠ জাঁকড়ে ভড়িয়ে থাকে ছেলেটা তার আছরে। হঠাৎ কথন বাহুলে মেঘ. कृष्टेम अरम मरल मल, পদলা কয়েক বৃষ্টি হভেই गाठे हत्य याय कटन कन । কচুর পাতার ঢেকে মাথা **গাওতালী সব মেয়েরা** যোষের বাগান থেকে পাডে কাঁচা কাঁচা পেয়ারা। याथाय हामत्र दर्देश नित्य श्रं (थरक गांव श्राहेरत ; ভিছে কাঠের আঠি বেঁধে **চলছে ছু**টে কাঠুরে।

নিমের ভালে পাধির ছানা পাড়তে গেল ওরা কি— পকেট ভরে নিয়ে গেল কাঠবিড়ালির খোরাকি। श्नानात्रापत्र त्यदर्गा ७३—

मिथि ভারে यथूनि

**यार्ट्ड यार्ट्ड जिटक ट**क्ज़िब,

या अरग रमय वक्नि।

গোলাকৃতি গড়নটা ওর,

স্বাই ডাকে বাভাবি;

খুত্বলে, আমার সঙ্গে

সাভাৎনি কি পাভাবি।

পুকুরপাড়ে ছড়িয়ে আছে

তেলের শিশির কাঁচভাঙা,

জেলের পোতা বালের থোঁটায়

वरम चार्ह माह्र ।।

मिक्टिन अहे डिठेन हा खा,

বৃষ্টি এখন থামল কি।

গাছের ভলায় পা ছড়িয়ে

চিবোয় ভূলু আমলকি।

ময়লা কাপড় হিস্হিসিয়ে

আছাড় মারে ধোবাতে;

পাড়ার মেয়ে মাছ ধরতে

আঁচল মেলে ডোবাতে।

পা ভূবিয়ে ঘাটের ধারে

ঘোষপুকুরের কিনারায়

মাসিক-পত্ৰ পড়ছে বসে

थार्ड हेम्राद्यत्र वीमा त्राम ।

বিজ্ঞা যায় সাপ খেলিয়ে

লক্লকি।

বাঁশের পাতা চমকে ওঠে

यक्विक ।

চড়কভাঙায় ঢাক বাব্ৰে ঐ

ভ্যাভ্যাংভ্যাঙ

মাঠে মাঠে মক্মকিয়ে ভাকছে ব্যাঙ

উদীচী [ শাস্তিনিকেডন ] ২০ অগ্যন্ট ১৯৪০

Ġ

থেঁত্বাবুর এঁখো পুরুর, মাছ উঠেছে ভেসে; পদম্পি চচ্চডিতে লক্ষা দিল ঠেলে। আপনি এল ব্যাকটিরিয়া, তাকে ডাকা হয় নাই। र्शमभाजात्मत्र माथन घाषाम वत्मिष्टम, जग्र नारे। সে বলে, সব বাজে কথা, থাবার জিনিস খাছা— দশ দিনেতেই ঘটিয়ে দিল দশজনারই প্রান্ধ। প্রান্ধের যে ভোজন হবে কাঁচাতেঁতুল দরকার, বেগুনমুলোর সন্ধানেতে ছটল ক্রাড়াসরকার। विश्वनमूर्णा भाष्या यात्व निलकामात्रित्र वासाद्य, নগদ দামে বিক্রি করে তিন টাকা দাম হাজারে। দুমকাতে লোক পাঠিয়েছিল, বানিয়ে দেবে মুড়কি— শন্দেহ হয় ওজনমতো মিশল তাতে গুড় কি। সর্বে যে চাই মণ ছু'তিনেক ঝোলে ঝালে বাটনায়, কালুবাবু ভারই থোঁজে গেলেন ধেয়ে পাটনায়। বিষম খিদেয় করল চুরি রামছাগলের ত্ধ, তারই সঙ্গে মিশিয়ে নিলে গমভাঙানির খুদ।

ঐ শোনা যায় রেডিয়োতে বোঁচা গোঁফের হমকি; দেশবিদেশে শহরগ্রামে গলা-কাটার ধুম কী। থাঁচার পোষা চন্দনাটা ফড়িঙে পেট ভরে; সকাল থেকে নাম করে গান, হরে ক্ষম্ম হরে।

বাল্র চরে আল্হাটা— হাতে বেতের চুপড়ি, খেতের মধ্যে চুকে কালু মুলো নিল উপ্ডি। নদীর পাড়ে কিচিরমিচির লাগালো গাঙশালিথ বে,
অকারণে ঢোলক বাজায় মূলোখেতের মালিক বে।
কাঁকুড়খেতে মাচা বাঁধে পিলেওয়ালা ছোকরা,
বাঁলের বনে কঞ্চি কাটে মূচিপাড়ার লোকরা।
পাটনাতে নীলকুঠির গঞ্জে থেয়া চালায় পাটনি,
রোদে জলে নিভূই চলে চার পহরের খাটনি।
কড়াপড়া কঠিন হাতে মাজা কাঁনার কাঁকনটা,
কপালে তার পত্রলেখা উদ্বিদেওয়া আঁকনটা।
কুচোমাছের টুকরি থেকে চিলেতে নেয় ছোঁ মেরে,
মেছনি তার সাত গুটি উদ্দেশে দেয় যমেরে।
ও পারেতে খড়গপুরে কাঠি পড়ে বাজনায়,
মূলিবাবু হিসেব ভোলে জমিদারের খাজনায়।

রেডিয়োতে থবর জানায়, বোমায় করলে ফুটো, সমৃদুরে তলিয়ে গেল মালের জাহাজ হুটো। থাঁচার মধ্যে ময়না থাকে, বিষম কলরবে ছাতু ছড়ায়, মাতায় পাড়া আত্মারামের স্থবে।

ছইস্ল্ দিল প্যাসেঞ্চারে গাঁৎরাগাছির ড্রাইভার—
মাথায় মোছে হাতের কালি, সময় না পায় নাইবার।
ননদ গেল ঘূড়াঙায়, সলে গেল চিন্তে—
লিল্য়াতে নেমে গেল ঘূড়ির লাঠাই কিনতে।
লিল্য়াতে থইয়ের মোওয়া চার ধামা হয় বোঝাই,
দাম দিতে হায় টাকার থলি মিথো হল থোঁজাই।
ননদ পরল রাঙা চেলি, পাকি চড়ে চলল—
পাড়ায় পাড়ায় রব উঠেছে গায়ে-হল্দ কলা।
কাহারগুলো পাগড়ি বাঁধে, বাঁদি পরে ঘাগরা,
ড়মাদারের মামা পরে ভূড়ভোলা ভার নাগরা।
পাঁড়েজি ভাঁর খড়ম নিয়ে চলেন ঘটাৎ খটাৎ,
কোথা থেকে ধোবার গাধা চেঁচিয়ে গুঠে হঠাৎ।

থয়রাভাঙার ময়রা আসে, কিনে আনে ময়দা—
পচা ঘিয়ের গন্ধ ছড়ায়, য়মালয়ের পয়দা।
আকাশ থেকে নামল বোমা, রেডিয়ো তাই জানায়,
অপঘাতে বহুদ্ধরা ভরল কানায় কানায়।
থাঁচার মধ্যে স্থামা থাকে, ছিরকুটে থায় পোকা,
শিস দেয় সে মধুর স্বরে, হাততালি দেয় থোকা।

ছইস্ল্ বাজে ইন্টিসনে, বরের জাঠামশাই
চমকে ওঠে— গেলেন কোথায় অগ্রন্থীপের গোঁসাই।
সাঁংরাগাছির নাচনমণি কাটতে গেল সাঁতার,
হায় রে কোথায় ভাসিয়ে দিল সোনার সিঁ থি মাথার।
মোবের শিঙে ব'সে ফিঙে লেজ ত্বলিয়ে নাচে—
ভুধোয় নাচন, সিঁ থি আমার নিয়েছে কোন্ মাছে।
মাছের লেজের ঝাপটা লাগে, শালুক ওঠে হলে;
রোদ পড়েছে নাচনমণির ভিজে চিকন চুলে।
কোথায় ঘাটের ফাটল থেকে ভাকল কোলাবাাঙ,
খড়গপুরের ঢাকে ঢোলে বাজল ড্যাড্যাংড্যাঙ।
কাঁপছে ছায়া আঁকাবাকা, কলমিপাড়ের পুকুর
জল থেতে যায় এক-পা-কাটা তিনপেয়ে এক কুকুর।
হুইস্ল্ বাজে, আছে সেজে পাইকপাড়ার পাত্রী,
শেয়ালকাটার বন পেরিয়ে চলে বিয়ের যাত্রী।

গাঁাগোঁ করে রেভিয়োটা, কে জানে কার জিভ— মেশিন্গানে গুঁড়িয়ে দিল সভাবিধির ভিত। টিমের মুপের বৃলি শুনে হাসছে ঘরে পরে— রাপে রুঞ্চ, রাপে রুঞ্চ, রুঞ্চ রুঞ্চ হরে।

দিন চলে যায় গুন্গুনিয়ে ঘুমপাড়ানির ছড়া, শানবাঁধানো ঘাটের গারে নামছে কাঁথের ঘড়া। আতাগাছের তোতাপাথি, ডালিমগাছে মৌ, হীরেদাদার মড়্মড়ে থান, ঠাকুরদাদার বউ।

পুকুরপাড়ে জলের ডেউয়ে হুলছে ঝোপের কেয়া, পাটনি চালায় ভাঙা ঘাটে তালের ডোঙার থেয়া। থোকা গেছে মোৰ চরাতে, বেতে গেছে ভূলে, কোথায় গেল গমের ফটি শিকের 'পরে তুলে। षामात छड़ा हत्मरह याक क्रमक्शिंग (परित्. কলম আমার বেরিয়ে এল বছরপীর বেশে। আমরা আছি হাজার বছর ঘুনের ঘোরের গাঁরে, আমরা ভেমে বেড়াই স্রোভের শেওলা-ঘেরা নায়ে। कि क्राएं।त खान त्रांश इस, खाएनूज्यत विरा, বাধা বুলি ফুকরে ওঠে কমলাপুলির টিয়ে। ছাইয়ের গাদায় ঘূমিয়ে থাকে পাড়ার থেকি কুকুর, পাস্থিহাটে বেভোঘোড়া চলে টুকুর-টুকুর। তালগাছেতে হতোমথুমো পাকিয়ে আছে ভূক, ভক্তিমালা হড়মবিবির গলাতে সাতপুক। আধেক জাগায় আধেক খুমে ঘূলিয়ে আছে হাওয়া, দিনের রাতের সীমানাটা পেঁচোয়-দানোয়-পাওয়া। ভাগ্যলিখন ঝাপসা কালির, নয় সে পরিষ্কার-ত্র:ধহুধের ভাতা বেড়ায় সমান যে তুই ধার। কামারহাটার কাঁকুড়গাছির ইতিহাসের টুকরো, ভেগে চলে ভাটার জলে উইয়ে-ঘূনে-ফুকরো। অঘটন ভো নিভ্য ঘটে রাস্থাঘাটে চলতে, লোকে বলে, সভাি নাকি !- ঘুমায় বলভে বলভে।

> সিদ্ধুপারে চলছে হোধার উলটপালট কাও, হাড় ও ড়িয়ে বানিয়ে দিলে নতুন কী ব্রহ্মাও। সভ্য সেথায় দারুণ সভ্য, মিথ্যে ভীষণ মিথ্যে, ভালোয় মন্দে ব্রহাহ্মরের ধাকা লাগায় চিত্তে। পা ফেলতে না ফেলতে হতেছে কোল পার। দেখতে দেখতে কখন যে হয় এলপার-ওলপার।

উদয়ন [ শাস্তিনিকেডন ] ১৭ ফেব্রুয়ারি ১৯৪০

গলদাচিংডি তিংডিমিংডি, লম্বা দীড়ার করতাল. পাকডাশিদের কাঁকডাডোবায় মাকড়সাদের হরতাল। পয়লা ভাদর, পাগলা বাঁদর, শেষধানা যায় ছি ডে. পালতে মাদার, সেরেন্ডাদার कूर्वेट्ड नजून विंट्ड। কলেজপাড়ায় শেয়াল তাডায় অন্ধ কলুর গিরি। क्टेंट्क इंडाफ़ा हिक्टिय शाय সভাপিরের সিলি। मूह्क कुए उह्नक डारक, ঢোপে কুল্লক ভট্ট, ইলিশের ডিম ভাজে বন্ধিম, कारम जिनक्छ हो। গরানহাটায় সজনেভাটা কিনছে পুলিস সার্জন, চিৎপুরে ঐ নাগা সন্নাসী কাত হয়ে মরে চারজন। পঞ্চায়েতের চুপড়ি বেতের, সর্বেথেতের চাষী: কাঁচালকার ফোডন লাগায় কুড়োনচাঁদের মাসি। পটলভাঙায় চকু রাভায় মুগিহাটার মিঞা; শস্থ বাজায় তমুরাটায় क्यां अ-क्यां अ-किका।

ঠন্ঠনে আজ বেচে লগ্ঠন চার পয়সায় আটটা। মুব ভেংচিয়ে হেভ্মাস্টার

মন্তবে করে ঠাটা।

চিন্তামণির ক্য়লাখনির

क्लिव रेन्स्रवंश ;

বিরিকিদের খাজাঞ্চি ঐ

চণ্ডীচরণ সেন-জা।

শিশচরে হায় কিলচড় খায়

হস্টেশে যত ছাত্ৰ;

হাজি মোলার দাঁড়িমালার

বাকি একজন মাত্ৰ।

मा अयो देशाना य निडाफ़ा वानाय,

डिक्टिः एउँ। मार्क एम् इ

कत्नराज्यम (भराउटाइ छित्म्

थुमित्त्र ठाट्यत्र काश रमय।

গুবরেপোকার লেগেছে মড়ক,

তুৰজি ছোটায় পঞ্

স্থায়রত্বের ঘাড়ের উপর

কাকাতুয়া হানে চঞ্ ।

निवासगट्य विवार मिरिः,

তুলো-বের-করা বালিশ;

বংভ ফকির ভাঙা চৌকির

পায়াতে লাগায় পালিन।

রাবণের দশ মৃত্তে নেমেছে

दक्नि ছाড़ास्त्र भावा ;

त्निज़ात्निक मरण हित-हित्र वरण,

(भव इन द्रामवाका।

পুনক [ শান্তিনিকেডন ]

১৯ माज्यस ১৯৪=

রাভিরে কেন হল মঞ্জি, हुण कार्ड हामनित्र मर्कि । চুমরিয়ে দিল তার জুলফি, নাপিত আদায় করে full fee। ठामनिव वाधिन त्य जात्य याय, বৈডশি-বেহালা থেকে বাসে যায়। ভবুরাম ওর পাড়াপড়শী, বেচে সে माठाई आत्र वैफ्नि। আরু বেচে যাত্রার বেয়ালা. আর বেচে চা খাবার পেয়ালা। চা খেয়ে সে দিল ঘুম তথুনি, সইল না গিন্নির বস্থনি। কটকের নেত্ত মছ্মদার, সে বটে স্থবিখ্যাত ঘুমদার। কালু সিং দেয় তারে পাস্কা তিন মণ ওজনের ধাকা। शहे जूल वरन, व को ठाए।-ঘড়িতে যে সবে সাড়ে-আটটা। চৌকিদারের মেজো শালী সে পড়ে থাকে মুগ গুঁজে বালিলে। তাই দেখে গলাভাঙা পালোয়ান বাজ্থাই স্থবে বলে, আলো আন। नीटि थिए वर्ण दिए तहम्भ, বাংলা জ্বানি তুমি কহো মং। ও দিকে মাথায় বেঁধে তোয়ালে ভিথুরাম নাচে তার গোয়ালে। তোয়ালেটা পাদরির ভাইঝির. মোজা-জোড়া খড়দার বাইজির।

পিরানের পাড়ে দেয় চুমকি, ইরানেতে সেলাইয়ের ধুম কী। वागमारम छारे बादव जामामिन শাশুড়ি যতই ঘরে তালা দিন। শাভড়ির মুখঢাকা বুর্খায়, পাছে তারে ঠেশা মারে গুর্থার। চুরি গেছে গুর্থার ভেপুটি, এঞ্জাসে চি**স্কি**ত ডেপুটি। ভেপুটির জুতো মোড়া শাটিনেই, কোনোখানে দাতনের কাঠি নেই। দাতনের থোঁকে লাগে খটকা, পেয়াদা ঘি আনে ভিন মটকা। গাওয়া ঘি সে নয়, সে-ষে ভয়সা— সের-করা দাম পাঁচ পয়সা। वाव् वरण, माम भूव त्ममाना, काटक देखका मिन পেয়াमा। উমেদার এল আজ পয়লা গোরাড়ির যত গোড়ো গম্পা। পয়শায় ঘরে হাড়ি চড়ে না, পদ্ধরে ছেড়ে খাঁহ নড়ে না। পদ্ম সেদিন মহা বিব্ৰভ, বুধবারে ছিল তার কী ব্রত। ভাত্তর পড়ঙ্গ এসে স্বমুখে, ছ্ধ খেরে নিশ এক চুমুকে। চেপে এল লব্দা শর্মটা, টেনে দিল দেড়-হাত বোমটা। চু চড়োয় বাড়ি হরিমোইনের, গন্ধার ভাবে গেছে গ্রহণের। गटक निरंबरक ठांत्र गंखा বেছে বেছে পালোৱান বতা।

তাল ঠোকে রামধন মুন্দি, কোমরেতে তিন পাক ঘুন্দি। দিদি বলে, মুখ তোর ফ্যাকাশে, ভালো করে ডাক্তার দেখালে। বলে ওঠে ভিনক্তি পোছার. আগে তুই উকিলের শোধ্ধার। ডিখু ভনে কেঁদে চোধ ৰগড়ায়, একদম চলে গেল মগরার। यशतात्र थुनि निष्य थुएक খেলুরের আঁটিগুলো গুনছে-ষেই হল তিন-কুড়ি পাঁচটা, লেখে নিল উন্সনের আঁচটা। ननरमंत्र घरत क'रत घि চुत्रि তথনি চড়িয়ে দিল থিচুড়ি। হল না তো চালে ডালে মেলানো. মুশকিল হবে ওটা গেলানো। সাডা পায় মাছওয়ালা মিন্দের: বলে, পাকা কই চাই তিন সের। বন্যালী যাছ আনে গামছায়; বলে, ও যে এক্নি দাম চায়। আচ্চা. সে দেখা যাবে কালকে-ব'লেই সে চলে গেল শালকে। মূন্সি যখন লেখে ভৌঞ্জি, জলে নামে শালকের বউ বি। শালকের ঘাটে ভাঙা পারি: কালু যাবে বানিচঙে কাল कि। বানিচঙে ঢেঁকি পাকা-গাঁধনি, ধান কাটে কালুদার নাৎনি। বানিচঙ কোন দেশে কোন গাঁয়, কে জানে সে যশোরে কি বনগাঁয়।

ফুটবলে বনগাঁর যোক্তার যভ হারে, ভত বাড়ে রোধ ভার। তার ছেলে হরেরাম মিন্তির, আঁক ক'বে ব্যামো হল পিডির। मुथ काथ इरव राज इनाम, ওরে ওকে পশতার ঝোল দে। পলতা বিনতে গেল ধুবড়ি, কিনল গুগলি এক-চুবড়ি। হুগলির গুগলি কী মাগগি, ভাঙা হাটে পাওয়া গেল ভাগা। ধুবড়িতে মানকচু সন্তা, ফাউ পেল কাগজ হ বস্থা। দেখে বলে নীলম্পি সরকার--काशरक इकंद्र थूव पदकात ; জ্যামিতি অভীত ভার গাধার, ষতই কক্ষন তারে নারধার। কাগজে বসিয়ে রেখে নারকেল (अभिरम कार्ड व'रम माद्रादम । गाव्दक्म कांग्रेस्ड त्म की वृद्ध थामकारे छेटक राम जिल्हा । সইতে পারে না ভার চাপুনি, পালাজরে দিল তারে কাপুনি। শ্রাদ্ববাড়িতে লেগে ঠাণ্ডা হেঁচে মরে জিবেণীর পাতা। অবেশায় খেতে বসে দারোগা. শির শির ক'রে ওঠে তারো গা। টাট্টু ঘোড়ার এক গাড়িতে ভাক্তার এল ভার বাডিতে। নে-ঘোড়াটা বেড়া ভাঙে নন্দর, চিহ্ন রাখে না খেত-খন্দর।

নদ্দ বিকেলে গেল ছাবডায়, সারি সারি গাড়ি দেখে ঘাবড়ায়। গোনে ব'সে, তিন চার পাঁচ শাত, আউডিয়ে যায় সারা ধারাপাত। গুনে গুনে পারে না যে থামতে, গলগল ক'রে থাকে ঘামতে। নয় দশ বারো তেরো চোম, মনে পড়ে পদ্মারের পছ। কাশীরাম দাসে আনে পুণা, দশে আর বিশে লাগে শৃক্ত। 'কাশীরাম কাশীরাম' বোল দেয়, সারাদিন মনে তার দোল দেয়। আঁকগুলো মাথা থাকে ঘোলাতে, नम इटिंट्ड राव्यामाट । হাটধোলা খণ্ডরের গদি তার-সেইখানে বাসা মেলে যদি তার এক সংখ্যায় মন দেবে ঝাপ, তার চেয়ে বেশি হলে হবে পাপ। আর নয়, আর নয়, আর নয়— কখনোই হুই তিন চার নয়।

উদীচী [ শাস্তিনিকেতন ]

২০ জামুয়ারি ১৯৪০

9

আত্ত হল রবিবার, খুব মোটা বছরের
কাগজের এডিশন; যত আছে শহরের
কানাকানি, বত আছে আজগবি সংবাদ,
যায় নিকো কোনোটার একটুও রঙ বাদ।
'বার্ডাকু' লিখে দিল, গুজরানওয়ালায়
দলে দলে জোট করে পাঞ্চাবি গোয়ালায়

বলে তারা, গোক পোবা গ্রাম্য এ কারবার প্রগতির বুগে আন্ধ দিন এল ছাড়বার। আন্ধ থেকে প্রত্যন্থ রান্তির পোরালেই বসবে প্রেপরিটরি ক্লাস এই গোরালেই। তুপ রচা ছই বেলা খড়-ভূষি-ঘাসটার ছেড়ে দিয়ে হবে ওরা ইস্ক্লমান্টার। হুমাধ্বনি বাহা গো-শিশু গো-রুছের অন্তর্ভূত হবে বই-গেলা বিছ্পের। যত অভ্যেস আছে লেজ ম'লে পিটোনো ছেলেদের পিঠে হবে পেট ভ'রে নিটোনো

'গদাধরে' রেগে লেখে, এ কেমন ঠাট্রা— বার্ডাকু পরে পরে সাতটা কি আটটা যা সিখেছে সব কটা সমাজের বিরোধী, মতগুলো প্রগতির বার আছে নিরোধি। राषिन रा निर्वाहन, पूर्व हाई हानारना, महरत्रत्र घटत घटत चूँ हो रहाक ब्यामारना । কয়লা ঘুঁটেডে যেন সাপে আর নেউলে, বড়িয়াকে করে দিক একদম দেউলে। সেনেট হাউস আদি বড়ো বড়ো দেয়ালী শহরের বুক জুড়ে আছে বেন হেঁয়ালি। ঘুঁটে দিয়ে ভরা হোক, এই এক ফতোয়ায় এক দিনে শহরের বেড়ে ধাবে কভ আয়। গোয়ালারা চোনা বদি জ্ঞা করে গামলায় কত টাকা বাঁচে ভবে জল-দেওৱা মামলায়। বার্ডাকু কাগজের ব্যক্তে যে গা জলে, হুন্দর মুখ পেলে লেপে ওরা কাজলে। এ-সকল বিজপে বৃদ্ধি যে খেলো হয়, এ দেশের আবহাওয়া ভারি এলোমেশো হয়

গদাধর কাগজের ধনকানি থানল, হেসে উঠে বার্তাকু যুক্কেতে নামল। বলে, ভায়া, এ জগতে ঠাটা সে ঠাটাই— গদাধর, গদা রেখে লও সেই পাঠটাই। মাস্টার না হয়ে য়ে হলে তুমি এভিটর এ লাগি ভোমার কাছে দেশটাই ক্রেভিটর এডুকেশনের পথে হয় নি য়ে মতি তব, এই পুণোই হবে গোকুলেই গতি তব।

অবশেষে এ হুধানা কাগচ্জের আসরে বচসার ঝাঁজ দেখে ভয়ে কথা না সরে।

উদয়ন [ শাস্তিনিকেতন ] ১৭ নার্চ ১৯৪০

30

সিউড়িতে হরেরাম মৈত্তির
পাজি দেখে সতেরোই চৈত্তির।
বলে, আজ বেতে হবে মণুরায়।
বেশা তার মামা আছে সতু রায়।
বেশাতিবারে গাড়ি চড়ে তার,
চাকা ভাঙে নরসিংগড়ে তার।
তাই তার যাত্রাটা ঘুরুলে,
ফিরে এসে চলে গেল হরুলে।
ঠিক হল যেতে হবে পেশোয়ার,
সেথা আছে সেজো মাসি মেসো আর
এসে দেখে একা আছে বউ সে,
যেসো গেছে পানিপথে পৌষে।
হাণুয়ার কাছাকাছি না যেতেই,
বাঙালি সে ধরা পড়ে সাজেতেই।

চোধ বাঙা ক'রে বলে দারোগা, থানামে লে কর্ হ্য মারো গা। ছোটো ভাই বেঁধে চিঁড়ে মুড়কি मन्त्रामी इत्य त्भन क्फ्कि। ঠোকর খেয়ে পড়ে বোঁচকায়, কুক্ষণে পা ছুখানা মোচকায়। শেষে গেল স্থলতানপুরে সে, গান ধরে মূলতান স্থরে সে। दिनाटमरम अन यदव वास्काय কী ভীষণ মশা ভাকে কামড়ায়। व्यारम रम भाष्ट रय इस्त्रा नाय, গোরুর গাড়িতে চলে নওয়াদায়। গোরুটা পড়ল মুখ গুরুড়ি ক্ৰোপ দুই থাকভেই ধুবড়ি। কাটিহারে তুলে তাকে ধরল, ভথন সে পেট ফুলে মরল। শুনেছে ভিসির খুব নামো দর, তাই পাড়ি দিতে গেল দামোদর मारमामत्त्र तृधुत्राम त्यया तमय, চেপে বসে ভেপুটির পেয়াদায়। শংকর ভোরবেলা চু চড়োয় হাউ-হাউ শব্দে গা মূচড়োয়। নাড়াজোলে বড়োবাবু তথুনি ভক্ত করে বংভকে বকুনি। বংশুর যত হোক বাটো আয়ু, তবু তার বিষে হবে কাটোয়ায়। त्राधा इंटका दीशा नित्य अफ़्मांत्र ধার দিলে মতিরাম সর্দার। 'শাখা চাই' বলতেই শাখারি বলে, শাখা আছে তিন টাকারই।

দর-ক্ষাক্ষি নিয়ে অবশেষ পুলিস্থানায় হল সব শেষ। সাসারামে চলে গেল লোক ভার থাঁজে যদি পাওয়া যায় মোক্তার। সাকীর থোঁব্দে গেল চেউকি, গাঁজাখোর আছে সেথা কেউ কি। गार्थ निरम् जून्मा ७ मिनि অমুকৃল চলে গেছে ভলিদি। পথে যেতে বহু ছুথ ভূগে রে থৌড়া ঘোড়া বেচে এল মুঙেরে। মা ও দিকে বাতে তার পা খুঁড়ায়, পড়ে আছে সাত দিন বাঁকুড়ায়। ডাকার তিনকডি সাঙ্গেল বদলি করেছে বাসা বাণ্ডেল। তাই লোক পাঠায় কোদার্মায়, **किंठि** निर्थ मिन रम र्जामात याय। সাতক্ষীরা এল চুপিচুপি সে, তার পরে গেল পাঁচথুপি দে। সেখানেতে মাছি প'ল ভাতে তার, ঝগড়া হোটেলবাবু সাথে তার। অতুল গিয়েছে কবে নাগিকে, সঙ্গে নিয়েছে তার যাসিকে। রাঁধবার লোক আছে মাদ্রাজি সাত টাকা মাইনেয় আধ-রাজি। লালটাদ যেতে যেতে পাকুডে थिए । यो विषय में ने के किए । পৌছিয়ে বাহাছরগঞ্চে হাঁসকাঁস করে তার মন যে। বাসা খুঁজে সাথি তার কাঙলা খুলনায় পেল এক বাঙলা।

তথু একখানা ভাঙা চৌকি, এখানেই থাকে মেজে। বউ কি। নেমে গেল যেথা কাছজংশন, **ভিমক্রলে করে দিল দংশন।** ডাক্তারে বলে চুন লাগাতে জালাটাকে চায় যদি ভাগাতে। চুন কিনতে সে গেল কাটনি, কিনে এ**ল আ**মড়ার চাটনি। বিকানিরে পড়ল দে নাকালে, উটে ভাকে की विषय बांकारण। বাড়িভাড়া করেছিল খন্তরই, তাই খুলি মনে গেল মশুরি। भक्त डिधा क हम ना व'रम, ক্ৰামাই কি ছাড়া পাবে তা ব'লে। कायना পেয়েছে মালনাড়িতে, হাত যে বুলাতেছিল দাড়িতে, কাঁকা থেকে মুর্গিটা নাকে ভার ঠোকর মেরেছে কোন্ ফাঁকে তার নাকের গিয়েছে জাত রটে যায়, গাঁষের মোড়ল সব চটে যায়। কানপুর হতে এল পণ্ডিত, বলে এরে করা চাই দণ্ডিত। লাশা হতে শ্বেত কাক থুঁজিয়া নাসাপথে পাখা দাও গুঁজিয়া। হাঁচি ভবে হবে শতশতবার, নাক ভার ভচি হবে ততবার। তার পরে হল মজা ভরপুর ষ্ধন সে গেল মঞ্জাফরপুর। শালা ছিল জ্মাদার থানাতে, ভোজ ছিল যোগলাই থানাতে।

### রবীন্দ্র-রচনাবলী

জৌনপুরি কাবাবের গদ্ধে
ভূরভূর করে সারা সদ্ধে।
দেহটা এমনি তার তাতালে
যেতে হল মেদ্ধো-হাঁসপাতালে
তার পরে কী যে হল শেষটা
থবর না পাই করে চেষ্টা।

উদয়ন [ শান্তিনিকেতন ] ৭ মাৰ্চ ১৯৪০

22

মাঝরাতে ঘুম এল, লাউ কেটে দিতে ছি ড়ে গেল ভুলুয়ার ফতুয়ার ফিতে। খুহ বলে, মামা আদে, এই বেলা লুকো। कानाई कांनिया वटन, दकाथा रशन छ दका। নাতি আদে হাতি চড়ে। থুড়ো বলে, আহা, মারা বুঝি গেল আজ সনাতন সাহা। তাতিনীর নাতিনীর দাথিনী দে হাদে: वरन, আছ हैश्टरिक बारमत आंश्रीतन । ভাজা খেয়ে কাজা বলে, চলে যাব রাচি। ঠা প্রায় বেডে গেল বাদরের হাচি। কুকুরের লেজে দেয় ইন্জেক্খান, याश्वि विकिष्ठ क्टान जनभन एमन । পাঁজি লেখে, এ বছরে বাঁকা এ কালটা, ত্যাড়াবাঁকা বুলি তার উলটা-পালটা---ঘূলিয়ে গিয়েছে ভার বেবাক খবর— জানি নে ভো কে যে কারে দিচ্ছে করন।

় উদয়ন [ শাস্তিনিকেতন ] ৫ ডিসেম্বর ১৯৪০। বিকাল

# শেষ লেখা

# (मेर लिश)

٥

সমূধে শান্তিপারাবার,
ভাসাও তরণী হে কর্ণার।
তৃমি হবে চিরসাথি,
শও শও হে ক্রোড় পাতি,
অসীমের পথে জলিবে জ্যোতি
জবতারকার।

মৃক্তিপাতা, ভোমার ক্ষমা, ভোমার দরা হবে চিরপাথেয় চিরবাত্তার।

হয় বেন মর্ভের বন্ধন ক্ষয়, বিরাট বিশ্ব বাহ মেলি লয়, পায় অন্তরে নির্ভয় পরিচয় মহা-অক্যানার।

পুনক [ শান্ধিনিকেডন ] ৩ ডিসেম্বর ১৯৩৯। বেলা একটা

2

রাহর বতন বৃত্যু শুধু কেলে হারা, পারে না করিছে গ্রাস জীবনের স্বর্গীর অবৃত জড়ের কবলে এ কথা নিশ্চিত বনে স্বানি। প্রেমের জনীয় মূল্য

সম্পূর্ণ বঞ্চনা করি লবে ट्टन मञ्ज नारे खर নিখিলের গুহাগহ্বরেতে এ কথা নিশ্চিত যনে জানি। সবচেয়ে সতা ক'রে পেয়েছিছ যারে সবচেয়ে মিথা ছিল ভারি মাঝে ছদ্মবেশ ধরি, অন্তিত্বের এ কলম্ব কভ সহিত না বিখের বিধান এ কথা নিশ্চিত মনে জানি। সবকিছু চলিয়াছে নিরম্বর পরিবর্ভবেগে সেই তো কালের ধর্ম। मुजा प्रिशा एतम अवार अवार अवारिक अवितर्व दर्भ, এ বিখে ভাই সে শত্য নছে এ কথা নিশ্চিত মনে জানি। বিখেরে যে জেনেছিল আছে ব'লে সেই তার আমি অন্তিত্তের সাক্ষী সেই. প্রম-আমির সভো সভা ভার এ কথা নিশ্চিত মনে জানি।

9 (4 5280

9

ওরে পাখি,
থেকে থেকে ভূলিস কেন হর,
যাস নে কেন ভাকি—
বাণীহারা প্রভাত হয় যে বৃথা
জানিস নে তুই কি তা।
অরুণ-আলোর প্রথম পরশ
গাছে গাছে লাগে,
কাঁপনে তার তোরই যে হর

পাতায় পাতায় আগে—
তুই বে ভোরের আপোর মিতা
আনিস নে তুই কি তা।
আগরণের লক্ষী বে ওই
আমার শিয়রেতে
আছে আঁচল পেতে,
আনিস নে তুই কি তা।
গানের লানে উহারে তুই
করিস নে বকিতা।
হংগরাতের স্বপনতলে
প্রভাতী ভোর কী যে বলে
নবীন প্রাণের প্রতা,
ভানিস নে তুই কি তা।

উদয়ন [ শাস্তিনিকেডন ] ১৭ ফেব্ৰুয়ারি ১২৪১। বিকাল

8

রৌত্রতাপ বাঁকা করে

কন্টান বেলা হুপহরে।

শৃষ্য চৌকির পানে চাহি,

শেখার সান্ধনালেশ নাহি।

বুক ভরা ভার

হতাশের ভাষা বেন করে হাহাকার।

শৃষ্যতার বাণী ওঠে করুপার ভরা,

মর্ম ভার নাহি যার ধরা।

কুকুর মনিবহারা বেমন কন্ধণ চোখে চার,

অবুম মনের বাধা করে হার-হার;

কী হল বে, কেন হল, কিছু নাহি বোবে—

দিনরাত বার্থ চোখে চারি দিকে খোঁজে।

চৌকির ভাষা যেন আরো বেশি করুণ কাভর, শুস্তভার মুক ব্যথা ব্যাপ্ত করে প্রিয়হীন ঘর।

উদয়ন [ শাস্তিনিকেডন ] ২৬ মার্চ ১৯৪১। বিকাশ

ø

আরো একবার ধনি পারি
থুঁজে দেব সে আসনধানি
যার কোলে রয়েছে বিছানো
বিদেশের আদরের বাণী।

অতীতের পালানো স্বপন আবার করিবে সেধা ভিড়, অক্ট গুঞ্চনস্বরে আরবার রচি দিবে নীড়।

স্থপস্থতি ডেকে ডেকে এনে জাগরণ করিবে মধুর, যে বাঁশি নীরব হয়ে গেছে ফিরায়ে আনিবে তার স্বর।

বাতায়নে রবে বাহু মেলি
বসন্তের সৌরভের পথে,
মহানিঃশব্দের পদধ্বনি
শোনা যাবে নিশীপঞ্চগতে।

বিদেশের ভালোবাসা দিয়ে যে প্রেয়সী পেতেছে আসন চিরদিন রাখিবে বাঁধিয়া কানে কানে ভাহারি ভাষণ। ভাষা বার জানা ছিল নাকো,

জাবি বার করেছিল কথা,

জাগারে রাগিবে চিরদিন

সককণ ভাহারি বারভা।

উদরন [ শান্ধিনিকেডন ] ৬ এপ্রিল ১৯৪১। ছপুর

9

ঐ বহামানব আসে;

দিকে দিকে রোমাঞ্চ লাগে

মর্ভাধ্লির ঘাসে ঘাসে।

হুরলোকে বেজে উঠে লখ্,

নরলোকে বাজে জরভর—

এল মহাজরের লয়।

আজি অমারাত্রির হুর্গভোরণ বত

ধ্লিতলে হরে গেল ভয়।

উময়লিবরে আগে মালৈ: মালৈ: রব

নব ভীবনের আখাসে।

অর জর জয় রে মানব-অভানয়,

মালি উঠিল মহাকালে।

উন্নয়ন ( শান্তিনিকেন্ডন ) ১ বৈলাধ ১৩৪৮

9

ভীবন পবিত্র জানি,
অভাব্য স্বত্নপ ভার
অজ্যের রহস্ত-উৎস হডে
পেরেছে প্রস্থান
কোন্ অলন্ধিত পথ দিরে
সন্ধান যেসে না ভার।

প্রত্যহ নৃতন নির্মণতা দিল ভারে কর্যোদয লক্ষ ক্ৰোপ হতে স্বর্ণঘটে পূর্ণ করি আলোকের অভিযেকধারা। म कीवन वानी मिन मिवनदाजित्त, র্চিল অরণাফুলে অদুখ্যের পূজা-আয়োজন, আর্ডির দীপ দিল জালি নি:শব্দ প্রহরে। চিত্ৰ ভাবে নিবেদিল ত্বৰের প্রথম ভালোবাসা। প্রভাহের সব ভালোবাসা ভোৱি আদি যোনার কাঠিতে উঠেছে জাগিয়া; প্রিয়ারে বেসেছি ভালো, বেসেছি ফুলের নঞ্চরিকে; করেছে সে অন্তর্তন পরণ করেছে যারে। জন্মের প্রথম গ্রাম্থে নিয়ে আদে অলিপিত পাতা, मित्न मित्न भून **इ**य वागीत् वागीत् । আপনার পরিচয় গাঁথা হয়ে চলে. मिनटमरम পরিস্ফুট হয়ে **५**८५ ছবি, নিকেরে চিনিতে পারে রপকার নিজের স্বাক্ষরে, তার পরে মুছে ফেলে বর্ণ তার রেখা তার উদাসীন চিত্তকর কালো কালি দিয়ে: किছ वा यात्र ना स्माष्ट्रा खवर्लन मिलि, গ্রুবতারকার পাশে ছাগে তার জ্যোতিদের লীলা

উদয়ন [ শাস্তিনিকেডন ] ২৫ এপ্রিল ১৯৪১ b

বিবাহের পঞ্ম বরবে ষৌবনের নিবিড পরশে গোপন রহন্ত ভরে পরিণত রসপুঞ্জ অম্বরে অম্বরে পুষ্পের মঞ্জরি হতে ফলের স্তবকে বৃষ্ণ হতে থকে স্থবর্ণবিভায় ব্যাপ্ত করে। সংবৃত জ্মন্দ গদ্ধ অভিপিরে ছেকে আনে ঘরে। সংযত শোভায় পথিকের নয়ন লোভায়। পাঁচ বংগরের ছুল বসস্থের নাধবীমঞ্জরি মিশনের স্বর্ণপাত্তে স্থ। দিশ ভরি; मभुभक्षरयत्र शत्र मधुटलदत्र कत्रिल मृथत्र। শাস্ত আনন্দের আমন্ত্রেণ আসন পাতিয়া দিল রবাহত অনাহত জনে। বিবাহের প্রথম বংসরে मिटक मिशकुदब শাহানায় বেজেছিল বাশি, উঠেছিল কল্লোলিত হাসি--আত্র শিতহাক ফুটে প্রভাতের মুখে নি:শন্দ কৌতুকে। বাশি বাদ্ধে কানাড়ায় স্থগভীয় তানে সপ্তবির খ্যানের আহ্বানে। পাঁচ বংশরের ফুল বিকশিত স্থপস্থপানি गःगारतत्र मावशान भूर्गजाद कर्ग मिन कानि । বসম্বপঞ্চম রাগ আরম্ভেতে উঠেছিল বাজি, হুবে হুরে তালে তালে পূর্ব হরে উঠিয়াছে আজি; পুশিত অরণাতলে প্রতি পদক্ষেপে মন্ত্রীরে বসম্ভরাগ উঠিতেছে কেঁপে।

উদয়ন [ শান্তিনিকেতন ] ২৫ এপ্রিল ১৯৪১। সকাল

9

বাণীর মুরতি গড়ি একমনে নির্জন প্রাঙ্গণে পিও পিও মাটি তার ষায় ছড়াছড়ি --অসমাপ্ত মৃক শুন্তে চেয়ে থাকে নিকংম্ক। গবিত মুক্তির পদানত गांथा क'दि शांदक निष्ट्र, কেন আছে উত্তর না দিতে পারে কিছু। বহুগুণে শোচনীয় হায় ভার চেয়ে एक कारन यांचा क्रम स्मरा কালে কালে অৰ্থহীনভায় ক্ৰমৰ মিলায়। নিমন্থণ ছিল কোপা, ভুধাইলে ভাৱে উত্তর কিছু না দিতে পারে— कान् चथ वैश्विवाद्य বহিয়া ধূলির ঋণ टबरा विन মানবের হারে। বিশ্বত অর্গের কোন্ উর্বশীর ছবি ধরণীর চিত্তপটে

বাধিতে চাচিয়াছিল কবি---ভোষারে বাহনরপে ভেকেছিল. চিত্রশালে বতে বেখেছিল, কখন সে অন্তমনে গেছে ভূগি— আদিম আত্মীয় তব ধূলি, অসীম বৈরাগো ভার দিক্বিহীন পথে जुनि निम वानीशीन ग्रद्ध। धरे छाला. বিশ্ববাদী ধুসর স্থানে আত পছু আবর্জনা নিয়ত গ্ৰহনা कारमञ् हजनरक्ष्यल भएम भएम বাধা দিন্তে ভানে. পদাঘাতে পদাঘাতে জীৰ্ণ অপমানে শাস্থি পার শেষে আবার ধুলিতে হবে বেলে।

উদয়ন [ শান্ধিনিকেডন ] ৩ মে ১৯৪১। সকাল

3.

আবার এ ক্যানিন-মাবে আমি হারা
আমি চাহি বকুজন বারা
ভাহাদের হাতের পরশে
বর্ডোর অভিন প্রীভিরদে
নিবে বাব কীবনের চরম প্রসাদ,
নিবে বাব বাছবের শেষ আশীর্বাদ।
শৃষ্ঠ বুলি আফিকে আবার;

দিয়েছি উদ্ধাড় করি

যাহা কিছু আছিল দিবার,
প্রতিদানে যদি কিছু পাই—

কিছু স্নেহ, কিছু ক্ষমা—

তবে তাহা সঙ্গে নিয়ে যাই
পারের খেয়ায় যাব যবে
ভাষাহীন শেষের উৎসবে।

উদয়ন [ শান্তিনিকেতন ] ৬ মে ১৯৪১। সকাল

22

রপনারানের ক্লে
ভেগে উঠিলাম,
ভানিলাম এ জগং
স্থপ্প নয়।
রক্তের অক্ষরে নেপিলাম
আপনার রূপ,
চিনিলাম আপনারে
আগতে আগতে
বেদনায় বেদনায়,
সভা যে কঠিন,
কঠিনেরে ভালোবাসিলাম,
সে কগনে: করে না বঞ্চনা।
আস্থ্রার ভংগের ভপতা এ জীবন,
সভ্যের দারুশ মূল্য লাভ করিবারে,
মৃত্যুতে শুক্ল দেনা শোধ করে দিতে।

উদয়ন [ শান্তিনিকেতন ] ১৩ মে ১৯৪১। রাত্রি ৩-১৫ মিনিট 35 .

তব জন্মদিবসের দানের উৎসবে বিচিত্ৰ সঞ্জিত আজি এই প্রভাতের উদয়প্রাহণ। নবীনের দানগত্ত কুহুমে পল্লবে वक्य क्षेत्र । প্রকৃতি পরীক্ষা করি দেখে ক্ষণে ক্ষণে আপন ভাগ্ৰায়, ভোৰারে সমুধে রাবি পেল লে স্থবোগ। দাতা আর গ্রহীতার বে সংগম লাগি বিধাতার নিভাই আগ্রহ আছি তা সার্থক হল, বিশ্বকবি ভাচারি বিশ্বরে ভোমারে করেন আশীর্বাদ— তার কবিবের তুমি সাক্ষীরূপে দিয়েছ দর্শন वृष्टिकोष्ट खावरमञ् নিৰ্মল আকাশে।

উদয়ন [ লাভিনিকেতন ] ১৩ জুলাই ১২৪১। স্কাল

OC

প্রথম দিনের সূর্য প্রায় করেছিল সন্তার নৃতন আবিষ্ঠাবে— কে তৃমি। মেলে নি উত্তর। মংসার বংসার চলে গেল, দিবসের শেষ সূর্য শেব প্রের উচ্চারিল পশ্চিম্যাগরতীরে, নিন্তৰ সন্ধ্যায়— কে তৃমি। পেল না উত্তর।

জ্বোড়াসাঁকো। কলিকাতা ২৭ জুলাই ১৯৪১। সকাল

58

ত্থাধের আঁধার রাত্রি বারে বারে এসেছে আমার বারে;
একমাত্র অস্থ তার দেখেছিম
করের বিশ্বত ভান, ত্রাসের বিকট ভঙ্গি যত—
অন্ধকারে ছগনার ভূমিকা তাহার।

যতবার ভয়ের মুখোশ তার করেছি বিশাস
ততবার হয়েছে অনর্থ পরাক্ষয়।
তই হার-ছিত খেলা, জাবনের মিথাা এ কুংক,
শিশুকাল হতে বিভড়িত পনে পদে এই বিভীষিকা,
ছাপের পরিহাসে ভরা।
ভয়ের বিচিত্র চলচ্ছবি—
মৃত্যুর নিপুণ শিল্প বিকার্ণ আগারে।

জ্বোড়াগাঁকো। কলিকাতা ২৯ জুলাই ১৯৪১। বিকাল

30

ভোমার স্থান্তর পথ রেখেছ আকীর্ণ করি বিচিত্ত ছলনাজালে, হে ছলনামন্ত্রী।

ৰিখ্যা বিশ্বাসের ফাদ পেতেছ নিপুণ হাতে जवन खीवता। **এই প্রবঞ্চনা দিবে সহছেবে করেছ চিহ্নিত** ; ভার ভরে রাখ নি গোপন রাজি। ভোষার জ্যোভিছ ভারে ষে-পথ দেখায় সে বে তার অন্তরের পথ, নে ৰে চিয়ক্ত, সহজ বিশ্বাসে সে যে করে ভারে চিরসমূজ্য । বাহিরে কুটল হোক অস্করে লে বরু, এই নিষে ভাগার গৌরব। লোকে ভারে বলে বিভন্নিত। সভোৱে সে পার আপন আলোকে থৌত অম্বরে অম্বরে। কিছতে পারে না তারে প্রবঞ্চিতে, শেষ পুরস্কার নিষ্কে বায় সে বে খাপন ভাওারে। অনায়াসে বে পেরেছে ছলনা সহিতে গে পায় ভোষার হাতে শাব্বির অক্য অধিকার।

জোড়াগাঁকো। কলিকাতা

• জুলাই ১৯৪১। সন্ধান সাড়ে নহটা

# নাটক ও প্রহসন

# মুক্তির উপায়

## ভূমিকা

ফকির, স্বামী অচ্যুডানন্দের চেলা। গোঁকদাড়িতে মৃধের বারো স্থানা স্থানবিদ্ধৃত। ফকিরের স্ত্রী হৈমবতী। বাপের স্থাদরের মেয়ে। ভিনি টাকা রেখে গেছেন ওর জ্ঞাে। ফকিরের বাপ বিশেশর পুত্রবধৃকে স্থেহ করেন, পুত্রের স্থারিমিত গুরুভক্তিতে তিনি উৎক্ষিত।

পূষ্পমালা এম. এ. পরীক্ষার সংস্কৃতে প্রথম শ্রেণীতে প্রথম হওরা মেরে।
দ্রসম্পর্কে হৈমর দিনি। কলেজি খাঁচা থেকে ছাড়া পেরে পাড়াগাঁরে
বোনের বাড়িতে সংসারটাকে প্রত্যক্ষ দেখতে এসেছে। কৌতৃহলের সীমা
নেই।কৌতৃকের জিনিসকে নানা রকমে পর্থ করে দেখছে কখনো নেপথাে,
কখনো রক্ষভূমিতে। ভারি মজা লাগছে। সকল পাড়ার তার গতিবিধি,
সকলেই তাকে ভালোবাসে।

পূষ্পমালার একজন গুরু আছেন, তিনি ঝাঁট বনম্পতি জাতের। অগুরুজঙ্গলে দেশ গেছে ছেয়ে। পূষ্পর ইচ্ছে সেইগুলোতে হাসির আগুন লাগিয়ে
খাগুবদাহন করে। কাজ শুরু করেছিল এই নবগ্রামে। শুনেছি, বিয়ে হয়ে
যাগুয়ার পর পূণ্যকর্মে ব্যাঘাত ঘটেছে। তার পর থেকে পঞ্চশরের সঙ্গে
হাসির শর যোগ করে ঘরের মধ্যেই স্থমধ্র অশান্তি আলোড়িত করেছে।
সেই গ্রহসনটা এই গ্রহসনের বাইরে।

পাশের পাড়ার মোড়ল বস্তীচরণ। তার নাতি মাখন ছই.ক্সীর তাড়ার দাত বছর দেশছাড়া। বস্তীচরণের বিশাস পূস্পর অসামান্ত বন্ধীকরণ-শক্তি। সেই পারবে মাখনকে ফিরিয়ে আনতে। পূস্প শুনে হাসে আর ভাবে, যদি সম্ভব হয় তবে প্রহসনটাকে সে সম্পূর্ণ করে দেবে। এই নিয়ে রবি ঠাকুর নামে একজন গ্রন্থকারের সজে মাঝে মাঝে সে পত্রব্যবহার করেছে।

# युक्ति উপाय

## প্রথম দৃশ্য

### क्कित । भूष्णमाना । टेश्मवडी

मिकत्र। लोहर लोहर लोहर।

পুষ্প। ব'দে ব'দে আওড়াছ কী।

ফকির। গুরুময়।

পুশা। কতদূর এগোল।

क्वित । अहे, हेज़ नाजितित काह शर्व अरम श्रम त्थर ।

भूमा। क्ठार वात्य दक्त।

ফকির। ঐ আমার ছিঁচকাঁছনি ধৃকিটার কীর্তি। মন্তরটা গুরগুর গুরগুর করতে করতে দিবিয় উঠছিল উপরের দিকে ঠেলে। বোধ হব আর সিকি ইঞ্চি হলেই পিছলার মধ্যে চুকে পড়ত, এমন সমর মেরেটা নাকিহ্নরে চীৎকার করে উঠল— বাবা, নচকুদ্। দিল্ম ঠাস করে গালে এক চড়, জাা করে উঠল কেঁদে, অমনি এক চনকে মন্তরটা নেমে পড়ল পিছলার মুধ থেকে একেবারে নাভীগহুরর পর্বন্ত। সোহং ব্রন্ধ, সোহং ব্রন্ধ।

পুলা। তোমার গুরুর মন্তরটা কি অন্তীর্ণরোগের মতো। নাড়ির মধ্যে গিরে—ফকির। হা দিদি, নাড়ির মধ্যে ঘূটঘাট ব্টঘাট করছেই— ওটা বাহু কিনা। পুলা। বাহু নাকি।

ফকির। তা না তো কী। শব্দরন্ধ— ওতে বার্ ছাড়া আর কিছুই নেই। গবিরা বধন কেবলই বারু ধেতেন তধন কেবলই বানান্ডেন সম্ভর।

भूषा वनकी।

ফকির। নইলে অভটা বায়ু অষতে দিলে পেট বেড ফেটে। নাড়ি বেড পটপট করে ছিঁড়ে বিশ্বানা হরে।

পুন্দ। উ:, ভাই ভো বটে— একেবারে চার-বেদ-ভরা নম্ম কন হাওরা ভো লাগে নি। ফকির। শুনলেই তো ব্যতে পার, ঐ-বে ও—ম্, ওটা তো নিছক বায়্-উলগার। পুণাবায়্, জগৎ পবিত্র করে।

পূব্দ। এত স্ব জানের কথা পেলে কোথা থেকে। স্থামরা হলে তো পাগল হয়ে বেতুম।

ফকির। স্বই গুরুর মৃথ থেকে। তিনি বলেন, কলিতে গুরুর মৃথই গোম্থী—
মন্ত্রগন্ধা বেরছে কল্কল্ করে।

পুশ। বি. এ.তে সংস্কৃতে শনাস্ নিয়ে খেটে মরেছি মিথো। অন্ধার্ণ রোগেও ভূগেছি, সেটা কিন্তু পাক্ষয়ের, ইড়াপিক্লার নয়।

ফকির। এতেই বুঝে নাও— গুরুর রূপা। তাই তো আমার নাড়ির মধ্যে মস্তরটা প্রায়ই ডাক ছাড়ে গুরু গুরু গুরু শব্দে।

পুষ্প। আচ্ছা, ডাকটা কি আহারের পরে বাড়ে।

ফ্কির। তা বাড়ে বটে।

भूषा अक को बरमन।

ফকির। তিনি বলেন, পেটের মধ্যে স্থূলে হক্ষে লড়াই, যেন দেবে দৈতো। থান্তের সঙ্গে মদ্রের বেধে যায় বেন গোলাগুলি-বর্ষণ, নাড়িগুলো উচ্চস্বরে গুরুকে শ্বরণ করতে থাকে।

হৈম। হৃংবের কথা স্মার কী বলব দিদি, পেটের মধ্যে গুরুর স্বরণ চলছে, বাইরেও বিরাম নেই। চরণদাস বাবাজি আছেন ওঁর গুরুভাই, সে লোকটার দ্যামায়া নেই, ওঁকে গান শেখাছেন। পাড়ার লোকেরা—

পুন্দ। চূপ চূপ চূপ, পতিব্ৰতা তুমি। স্বামীর কণ্ঠ বগন চলে, সাধনীরা প্রাণপণে থাকেন নীরবে। ফকিরদা, গলায় গান শানাচ্ছ কেন, গাছিজির অহিংসানীতির কথা শোন নি।

হৈম। তোমরা হজনে তবকথা নিয়ে থাকো। আমাকে বেতে হবে বাছ কৃটিতে। আমি চলনুম।

ফকির। আমার কথাটা ব্বিয়ে বলি। গুরুর মন্ত্র, যাকে বলে গুরুপাক। পুর বেশি বথন জনে ওঠে অস্থরে, তথন সমন্ত শরীরটা ওঠে পাক দিরে; নাচের খুণি উঠতে থাকে পারের তলা থেকে উপরের দিকে; আর, যানি খুরলে বেরকম আওবাজ দিতে চায়, ভক্তির ঘারে সেইরকম গানের আওবাজ ওঠে গলার ভিতর দিরে। এই বেখো-না এথনি সাধনার নাড়া লেগেছে একেবারে মূলাধার থেকে— উ:!

পুল। को সর্বনাশ! ভাক্তার ভাকব নাকি।

ফকির। কিছু করতে হবে না। একবার পেট ভরে নেচে নিভে হবে। গুরু বলেছেন, গুরুর মহটা হল ধারক, আর নৃত্যটা হল সারক, ছটোরই খুব দরকার। (উঠে দাড়িরে নৃত্য)

> ওক্চরণ করো শরণ-ম ভবতরম হবে তরণ-ম ক্থাম্বরণ প্রাণ্ডরণ-ম মরণভর হবে হরণ-ম।

পুশা। ওধু মরণভয়-হরণ নয়, দাদা। ওকদক্ষিণার চোটে স্ত্রীর পয়না, বাপের তহবিল -হরণও চলছে পুরো দমে।

ম্বির। ঐ দেখো, বাবা আসছেন বৌকে নিয়ে। বড়ো ব্যাঘাত, বড়ো ব্যাঘাত। গুরো।

পুল। ব্যাঘাতটা কিলের।

क्कितः। चुनक्रां क्षेत्रा भागारक क्कित वर्णरे कार्यनः।

পুল। আরো একটা রূপ আছে নাকি।

ফকির। ক্ষর হয়ে গেছে আমার ফকির-দেহটা ভিতরে ভিতরে। কেবলই মিলে বাচ্ছে গুরুদেহের স্ক্ষরণে। বাইরে পড়ে আছে খোলস্টা মাত্র। ওঁরা আসল্টাকে কিছুতেই দেধবেন না।

भूमा। यानगरे। य चछाच यनि स्था वाष्ट्रः। अरक्वादारे चक्र नवः।

ফকির। দৃষ্টিশুদ্ধি হতে দেরি হয়। কিন্তু সব আগে চাই বিশাস্টা। ভগবংকুপার এদের মনে বদি কখনো বিশাস জাগে, তা হলে শুরুদেহে আর ফকিরের দেহে
একেবারে অভেম ক্লপ দেবতে পাবেন— তখন বাবা—

পুশ। তথন বাবা গয়ায় পিতি দিডে বেরবেন।

[ ফকিরের প্রস্থান

### বিশেশর ও হৈমবভীর প্রবেশ

বিশেষর। (হৈমর প্রতি) বেরাই ব্যাচে তোষার নামে কিছু টাকা রেখে গেছেন। ফকির সেটা কানে, তাই তো ওর কিছু হল ন্যা।

भूमा। बात की हरन बात की हफ, मा छावरछ श्रांत वाचा श्रंत वात ।

বিখেশর। মাকিননের হেড্বাব্ শামার বন্ধুর স্থালীপতি, সে বৈশেছিল, ফৰিয় বা-হর একটা কিছু পাস করলেই ডাকে এসিস্টেন্ট স্টোব্কীপার করে বেবে। বাধরটা কেবল ছেম্ব করেই বারে বারে ফেল কর্ডে লাগন।

পূল। ফেল করবার বিশ্রী জেল আরো অনেক ছেলের দেশেছি। মিভিরদের বাড়ির মোভিলাল আমার সঙ্গে একসঙ্গেই পড়া আরম্ভ করেছিল। মাটি কের এ পারের খোঁটা এমনি বিষম জেল করে আঁকড়িয়ে রইল, ওর পিলেমশার ওর কানে ধরে ঝিঁকে মারতে মারতে কান প্রায় ছিঁড়ে দিলেন কিন্তু পার করতে পারশেন না। চল্ ভাই হৈমি, পড়া করবি আয়— খামীর হয়ে পাল করার কাঞ্চা ভূই শেরে রাখবি চল।

বিশ্বের। যাও পড়তে, কিছু লোনো মা,— ফকির টাকা চাইলেই তুমি ওকে দাও কেন।

दिय। की कर्तर वांगा, हाका होका करत छैनि वर्ष्ण व्यवस्थि वांधान।

বিশেশর। ঐ দেখো-না, একটা রোঁওয়া-ওঠা বাবের চামড়ার উপর বলে বিডবিড় করে বকছে। এই ফ্রির, শুনে ধা, বাদর। শুনে ধা বলছি।

পুষ্প। মেসোমশায়, তোমার বৃঝি সাহস হয় না ওকে ওর গণ্ডিটা থেকে টেনে আনতে!

বিশেষর। সভিত্য কথা বলি, মা, ভয়-ভয় করে। ওর সব মন্তর-ভন্তর ঠিক ধে মানি ভাও নয়, আবার না মানবার মতে। বুকের পাটাও নেই। দেখো-না, ওথানটায় কিরকম খুদে পাগলা-গারদ সাজিয়েছে। গুরু কবে পাঠা খেয়েছিল, ভার মুড়োর খুলিটা রেখেছে পশমের আসনে।

পুল। ঐ জায়গাটাকে ও নাম দিয়েছে মোক্ষণাম। গুরুর বিগারেট-খাওয়া
দেশলাই-কাঠিওলো কাটা কাঁচকলার টুকরোর উপর পুঁতে পুঁতে গতি বানিয়েছে।
ও বলে, কাঠিওলোর আলো কিছুতেই নেবে না, যার দিবাদৃষ্টি আছে লে চোধ বৃদ্ধলেই
দেখতে পায়। গুরুর একটা চা-সেটের ভাঙা পিরিচ এনেছে, দেটার প্রতিষ্ঠা হয়েছে
গুরুর বর্মা চুকটের প্যাক্বান্ধে। গুরু ভালোবাদেন লাড়ে আঠারো ভাজা, কিনে
এনে নৈবেশ্ব দেয় ঐ পিরিচ ভরে। বলে, ঐ পিরিচে বে পেয়ালা ছিল এক কালে,
তার অদৃশ্বরূপ গুরুর অদৃশ্ব প্রসাদ চালতে পাকে। মোক্ষণাম ভরে যায় দাজিলিং
চারের গছে।

বিশেশর। আচ্ছা মা, ঐ বড়ো বড়ো বোডলগুলো কী করতে সাজিরে রেথেছে। ওর মধ্যে গুরুর ফীভার-মিক্শারের অনুক্তরূপ ভবে রেখেছে না কি!

भूण। वन्-ना रेश्मि, उछाना किरम्ब बाछ।

হৈম। দক্ষিণা পেলেই গুৰু তালপাতার উপর গীতার দ্বোক নিখে নেগুলো জল দিয়ে ধুয়ে দেন। গীতা-ধোধয়া ললে ঐ বোডলগুলো ভরা। ভিনু সদ্ধে সান করে তিন চুমূক করে থান। ওঁর বিখাস, ওঁর রক্তে গীতার বক্তা বরে বাছে। আমার সংসার-ধরচের দশ টাকার পাঁচথানা নোট ঐ বক্তার গেছে ভেসে। বাই, আমার কাজ আছে।

वित्यवत । अदत अ सक्दत !

পূল। আছা, আমি ওকে নিয়ে আগছি। (কাছের দিকে গিরে ব্যস্ত হয়ে) ও ফকিরদা, করেছ কী!

क्कित्र। दक्त. की हदाहर ।

পুশ। শুরু হাঁসের ডিমের বড়া খেরেছিলেন, তার খোলাটা পড়ে গেছে তোমার চাদর থেকে বারান্দার কোনে।

क्किया ( नाक निरंत्र फेर्टर्र ) था, हि हि, करतहि की !

পুন্দ। হতভাগা হাঁসটাকে পর্যন্ত বঞ্চিত করলে তুমি! সে তোমার পিছনে পিছনে পাঁাক পাঁাক করতে করতে বেড বৈকুঠগামে— সেধানে পাড়ত শুগীয় ভিম।

ফকির। (বেরিয়ে এনে খোলাটা নিয়ে বারবার মাথায় ঠেকালে) ক্ষমা কোরো গুরু, ক্ষনা কোরো— এ অও অগদ্রন্ধাণ্ডের বিগ্রহ; এর মধ্যে আছে চক্র ক্র্য্, আছে লোকণাল নিকপালরা স্বাই। গলাজল দিয়ে ধুয়ে আনিগে।

পুশ। (চাদর চেপে ধ'রে) এনো, এখন ভোমার বাবার কথাটা শুনে নাও। [চাদরের খুঁটে ডিম বেঁধে ফকির বিশেষরকে প্রণাম করকে

বিষেশ্বর। বাপু, ভব্জিটা খাটো করে আমার উব্জিটা মানো।

फिरवा को जाएन करवन।

वित्यबद्धाः बात-अक्वांत्र शांग क्ववांत्र कहा करते (मृत्याः।

फक्ति । शांत्रव ना, वांवां।

বিখেশর। কী পারবি নে। পাদ করতে না পাদ করবার চেটা করতে ?

क्किय। किहा आमाद बादा हत्व ना।

विष्यपत्र। दक्त हत्व ना।

ফকির। <del>ওফজি</del> বলেন, পাশ শব্দের অর্থ বছন। প্রথমে পাস, ভার পরেই চাকরি।

বিশেশর। শশীছাড়া। কী করে চলবে ডোমার। স্থামার পেজনের উপর? আমি কি ডোমাকে থাওয়াবার ক্ষে সময় হরে থাকব। একটা কথা জিল্লাসা করি— বৌমার কাছে টাকা চাইডে ডোর লক্ষা করে না? পুরুষমান্ত্র হরে স্থীর কাছে কাঞালপনা। 'ফ্রির। আমি নিজের জন্তে এক প্রসা নিই নে।

বিশেশর। তবে নিস কার জম্পে।

ফকির। ওঁরই সদগতির জন্তে।

वित्यवत । वर्षे १ जांत्र मात्न १

ফকির। আমি তো সবই নিবেদন করি গুরুবির ভোগে। তার ফলের অংশ উনিও পাবেন।

বিশ্বের। অংশ পাবেন বটে! উনিই ফল পাবেন আঁঠিস্ক। ছেলেপ্লেরা মরবে শুকিয়ে।

फिन्ति । वामि किहूरे वानि न । ( नीर्पनिवान करन ) या करतन श्वन ।

বিবেশর। বেরো, বেরো আমার সামনে থেকে শন্মীছাড়া বাঁদর। ভোর মুখ দেখতে চাই নে।

### হৈমবতীর প্রবেশ

ফকির। কা তব কাস্তা-

रिमवणी। की वकह।

ফকির। কাতব কাস্তা। কোন্ কান্তা হায়।

देशवजी। हिन्दुशानी धरत्र ? वाः नाम वरना।

फक्ति। वनि, कैं। स्ट कि।

হৈমবতী। তোমারই মেরে মিস্ক।

फिक्ति। हार ता, अत्करे ताल मःगात । कैं। निष्य छानिता निर्मा

হৈমবতী। কাকে বলে সংসার।

ফ্কির। তোমাকে।

হৈমবতী। আর, তুমি কী! মৃক্তির জাহাজ আমার! তোমরা বাঁধ না, আমরাই বাঁধি!

क्कित । श्वन तर्लाह्म, वीधम छामारमञ्जू शास्त्र ।

হৈষবতী। আমি তোমাকে বদি বেঁধে থাকি সাত পাকে, ভোমার গুরু বেঁধেছেন সাতার পাকে।

क्वित । स्टारमाञ्च को त्वाद पृत्रि **उवक्था ! कामिनो काकन** 

হৈম। দেখো, ভগুমি কোরো না। কাঞ্চনের দাম তোমার গুরুজি কতথানি বোবেন সে আমাকে হাড়ে হাড়ে ব্রিরে দিয়েছেন। আর, কামিনীর কথা বলছ! ঐ মূর্থ কামিনীগুলোই পারের ধূলো নিবে পারে কাঞ্চন বদি না চালত তা ছলে তোমার গুলারন পেট অত মোটা হত না। একটা খবর তোমাকে দিরে রাখি।
এ বাড়ি থেকে একটা মারা তোমার কাটবে। কাঞ্চনের বাধন খলল তোমার।
খন্তরমশার আমাকে দিব্যি গালিরে নিয়েছেন, আমার মাসহারা থেকে তোমাকে এক
পরসাও আর দিতে পারব না।

#### পুষ্পর প্রবেশ

পুশা। ফকিরদা! মানে কী। তোমার শোবার ঘর থেকে পাওয়া পেল মাণ্ডুক্যোপনিবং! অনিস্রার পাঁচন না কি!

क्कित । ( देवर **१** हिन्द ) छात्रत्रा की त्यरत- स्वरत्नाञ्च !

পুষ্প। - রূপা করে বৃঝিরে দিতে লোব কী!

[ क्किन राजम्दर नीत्रव

देहम । की क्रांनि ভाই, अशाना जैनि वानित्यत्र नीटि त्रात्य त्राखित्त्र पूरमान ।

পুশ। বেদমন্বগুলোকে তলিবে দেন ঘুমের তলায়। এ বই পড়তে গেলে বে তোমাকে ফিরে বেতে হবে সাতজন্ম পূর্বে।

ফকির। গুরুত্বপায় আমাকে পড়তে হয় না।

পুষ্প। ঘুমিয়ে পড়তে হয়।

ফকির। এই পুঁথি হাতে তুলে নিয়ে তিনি এর পাতায় পাতায় ফুঁ দিয়ে দিয়েছেন, জলে উঠেছে এর আলো, নলাট ফুঁড়ে জ্যোতি বেরতে থাকে অক্ষরের ফাঁকে ফাঁকে, চুকতে থাকে স্ব্যা নাড়ির পাকে পাকে।

#### ু পুষ্প। সেজন্তে ঘূমের দরকার ?

ফকির। খ্বই। আমি স্বয়ং দেখেছি গুকজিকে, তুপুরবেলা আহারের পর ভগবলগীতা পেটের উপর নিয়ে চিং হয়ে পড়ে আছেন বিছানায়— গভীর নিস্তা। বারণ করে দিয়েছেন সাধনায় ব্যাঘাত করতে। তিনি বলেন, ইড়াপিকলার মধ্য দিয়ে শ্লোকগুলো অস্তরাজ্বায় প্রবেশ করতে থাকে, তার আগুরাজ স্পান্ত শোনা বায়। অবিশাসীরা বলে, নাক ডাকে। তিনি হাসেন; বলেন, মৃচ্চের নাক ডাকে, ইড়াপিকলা ডাকে জানীদের— নাসারজ্ব আর বন্ধরজ্ব ঠিক এক রাস্তায়, যেন চিংপুর আর চৌরকী।

भूभा । ভाই हिमि, ফকিরদার ইড়াপি**দ**লা আত্তকাল की तकम आख्वास দিছে ।

হৈম। থুব জোরে। মনে হয়, পেটের মধ্যে তিনটে চারটে ব্যাও মরীয়া হয়ে উঠেছে।

फिन । औ स्तरपा, **अन्तरम भूभितिह** १ चार्क्त वाशाव । मिछा कथा ना स्वरनह

মৃধ দিয়ে বেরিয়ে পড়েছে। গুরুজি বলে দিয়েছেন, মাণ্ড্কা উপনিবদের ভাকটাই হচ্ছে বাাঙের ডাক। অস্তরাত্মা চরম অবস্থায় নাজীগহ্বরে প্রবেশ করে হয়ে পড়েন ক্পমণ্ড্ক, চার দিকের কিছুতেই আর নজর পড়ে না। তখনি পেটের মধ্যে কেবলই শিবোহং শিবোহং শিবোহং করে নাড়িগুলো ডাক ছাড়তে থাকে। সেই ঘুমেতে কী গভীর আনন্দ সে আমিই জানি— যোগনিস্রা একেই বলে।

হৈম। একদিন মিন্ধ কেঁদে উঠে ওঁর সেই ব্যাওডাকা ঘুম ভাঙিয়ে দিতেই তাকে মেরে খুন করেন আর কি।

পূলা। ফকিরদা, সংস্কৃতে অনার্গ নিষেছিলুম, আমাকে পড়তে হয়েছিল মাণ্ডুকোর কিছু কিছু। নাকের মধ্যে গোলমরিচের ওঁড়ো দিয়ে হেঁচে হেঁচে ঘুম ভাঙিয়ে রাধতে হত। হাঁচির চোটে নিরেট অক্ষজানের বারো আনা তরল হয়ে নাক দিয়েই বেরিয়ে গিয়েছিল। ইড়াপিক্সা রইল বেকার হয়ে। অভাগিনী আমি, গুরুর ফ্রের জ্বোরে অক্ষানসমূল পার হতে পারলেম না।

क्कित। ( देवश हिटा ) अधिकात उप आहि।

পুষ্প। আছে বই-কি। দেখো-না, ঐ শাস্ত্রেই ঋষি কোন্-এক শিয়কে দেখিয়ে বলেছেন, সোয়মান্মা চতুষ্পাৎ— এর আব্যাটা চার-পা-ওয়ালা। অধিকারভেদকেই তো বলে ত্ব-পা চার-পায়ের ভেদ। হৈম, রাত্রে ডো ব্যাভের ডাক শুনে কেগে থাকিস, আর কোনো কাভের ডাক শুনিস কি দিনের বেলায়।

হৈম। কী জানি ভাই, মিস্ক দৈবাং ওঁর মন্ত্রপড়া জলের ঘটি উপটিয়ে দিতেই উনি যে হাঁক দিয়ে উঠেছিলেন সেটা—

भूषा । दाँ, त्मेषा ठातरभरा छाक। सिमरह अहे **मास्त्र**त मस्त

ফকির। সোহং বন্ধ, সোহং বন্ধ, সোহং বন্ধ।

পূলা। ফকিরদা, তপস্তা বখন তেঙেছিল নিব এসেছিলেন তাঁর বরদানীর কাছে— তোমার তপস্তা এবার গুটিয়ে নাও; এই দেখো, বরদানী অপেকা করে আছেন লালপেড়ে শাড়িখানি পরে।

হৈষবতী। পুশাদিদি, বরদান্তীর জন্মে ভাবনা নেই; পাড় দেখা দিচ্ছে রঙ-বেরঙের।

পুষ্প। ব্ঝেছি, গেৰুয়া রঙের ছটা বৃঝি ঘরের দেয়াল পেরিয়ে বাইরে ছড়িয়ে পড়েছে?

হৈমবতী। এরই মধ্যে আগতে আরম্ভ করেছেন ছটি একটি করে বরদানী। গেরুয়া রঙের নেশা মেয়েরা সামলাতে পারে না। পোড়াকপালীদের মরণদশা আর- কি! সেনিন এবেছিল একজন বেহারা মেরে ওঁর কাছে মৃক্তিমন্ত নেবে ব'লে। হবি ভো হ, আমারই বন্ধে এসে পড়েছিল— ছটো-একটা খাঁটি কথা শুনিরেছিলুম, মৃক্তিমন্তেরই কাজ করেছিল, গেল মাথা ঝাঁকানি দিয়ে বেরিয়ে।

ফকির। দেখো, আমার মাঞ্কাটা দাও।

भूना की क्वरत।

ফকির। নারীর হাত লেগেছে, গলাঞ্চল দিয়ে ধুরে আনিলে।

পুষ্প। সেই ভালো, বৃদ্ধি দিয়ে ধোওয়াটা তো হল না এ কয়ে।

ফকির। ওনে যাও, হৈম। স্বাজকে গুরুগৃহে নবরত্বদান ব্রস্ত। স্বামি তাঁকে দেব লোনা, একটা গিনি চাই।

टिमवरी। मिर्फ शांत्रव ना, चलत्रमनाव शा हूँ हेरत वात्रव करत्रहरू।

পুশ। ভোমার গুরুষির বৃক্তি কাঞ্চনে অকচি নেই!

কৰির। তাঁর মহিমা কী বুঝবে ভোমরা। কাঞ্চন পড়তে থাকে তাঁর ঝুলির মধ্যে আর তিনি চোথ বুজে বলেন— হং ফট। বাদ্, একেবারে ছাই হরে বায়। বারা তাঁর ভক্ত তাদের এ বচকে দেখা।

পূপা। বুলিতে যদি ছাই ভরবারই দরকার থাকে, কাঠের ছাই আছে, করলার ছাই আছে, সোনার ছাই দিয়ে বোকানি কর কেন।

ছেলেটির মন তথন সেই মানসচিত্রের সমূত্র পেরিয়ে গেছে মানচিত্রে বার ঠিকান। মেলে না; তিন-চাল্নে বারো তার পিছে পিছে পাড়ি দিতে বার, কিন্তু সেখানে ধারাপাতের হালে পানি পায় না।

হিতৈবী মনে করে, নিছক হুটমি, বেতের চোটে শোধন করা চাই।

দিদিমা শুরুমশায়ের গতিক দেখে চুপ। কিন্তু আপদ বিদায় হতে চায় না, এক বায় ডো আর আসে। কথক এসে আসন জুড়ে বসলেন। ডিনি শুরু করে দিলেন এক রাজপুত্রের বনবাসের কথা।

ষধন রাক্ষ্ণীর নাক কাটা চলছে তখন হিতৈবী বললেন, "ইতিহালে এর কোনো প্রমাণ নেই; যার প্রমাণ পথে ঘাটে লে হচ্ছে, তিন-চারে বারো।"

ভতক্ষণে হয়মান লাফ দিয়েছে আকাশে, অত উর্ধে ইতিহাস ভার সঙ্গে কিছুতেই পালা দিতে পারে না। পাঠশালা থেকে ইন্থলে, ইন্থল থেকে কলেন্দ্রে ছেলের মনকে পুটপাকে শোধন করা চলতে লাগল। কিন্তু যতই চোলাই করা যাক, ঐ কথাটুকু কিছুতেই মরতে চায় না "গল্প বলো"।

**ર** 

এর থেকে দেখা যায়, তথু শিশুবয়সে নয়, সকল বয়সেই বায়্য গ্রাপোন্ত জীব।
তাই পৃথিবী জুড়ে মান্তবের ঘরে ঘরে, বুলে বুলে, মুখে মুখে, লেখায় লেখায়, গল্প যা
সমে উঠেছে তা মান্তবের সকল সঞ্চয়কেই ছাড়িছে গোছে।

হিতৈবী একটা কথা ভালো করে ভেবে দেখে না, গল্পরচনার মেশাই হচ্ছে স্ফেকির্ভার স্বশেষের নেশা: তাঁকে শোধন করতে না পারলে মাহ্মকে শোধন করার আশা করা যায় না।

একদিন তিনি তাঁর কারখানাঘরে আগুন খেকে জল, জল খেকে মাটি গড়তে লেগে গিয়েছিলেন। স্বাষ্ট তখন গলদ্ঘর্ম, বাল্ডারাকুল। ধাতৃপাথরের পিগুগুলো তখন থাকে থাকে গাঁখা হচ্ছে; চার দিকে মাল মসলা ছড়ানো আর দমাদম পিটনি। দেদিন বিধাতাকে দেখলে কোনোমতে মনে করা যেতে পারত না যে, তাঁর মধ্যে কোথাও কিছুছেলেমাছ্যি আছে। তখনকার কাণ্ডকারখানা যাকে বলে 'সারবান'।

তার পরে কখন শুরু হল প্রাণের পত্তন। আগল যাস, উঠল গাছ, ছুটল পশু, উড়ল পাধি। কেউ বা মাটিতে বাঁধা থেকে আকালে অঞ্চলি পেতে দাঁড়াল, কেউ বা ছাড়া পেরে পৃথিবীময় আপনাকে বহুধা বিস্তার করে চলল, কেউ বা জলের যবনিকাতলে নিঃশন্ধ নৃত্যে পৃথিবী প্রদক্ষিণ করতে ব্যস্ত, কেউ বা আকালে ভানা মেলে পূর্বালোকের বেদীতলে গানের অর্যারচনায় উৎস্কে। এখন থেকেই ধরা পড়তে লাগল বিধাভার মনের চাঞ্চল্য।

এমন করে বছ যুগ কেটে যায়। হঠাং এক সময়ে কোন্ পেয়ালে স্টেকভার কারখানায় উনপঞ্চাল পবনের তলব পড়ল। তাদের সবক'টাকে নিয়ে তিনি মাছ্যুষ্ গড়লেন। এত দিন পরে আরম্ভ হল তাঁর গল্পের পালা। বহুকাল কেটেছে তাঁর বিজ্ঞানে, কার্মশিল্পে; এইবার তাঁর ভ্রম্ম হল সাহিত্য।

মাহ্যবকে তিনি গল্পে গল্পে ফুটিরে তুলতে লাগলেন। পশুপাধির জীবন হল আহার
নিদ্রা সন্তানপালন; মাহ্যবের জীবন হল গল্প। কত বেদনা, কত ঘটনা; স্থান্থর
রাগবিরাগ ভালোমন্দের কত ঘাতপ্রতিঘাত। ইচ্ছার সন্তে ইচ্ছার, একের সন্তে দশের,
সাধনার সঙ্গে বভাবের, কামনার সন্তে ঘটনার সংঘাতে কত আবর্তন। নদী বেমন
জলপ্রোতের ধারা, মাহ্যব তেমনি গল্পের প্রবাহ। তাই পরন্দার দেখা হতেই প্রশ্ন এই,
"কী হল হে, কী খবর, তার পরে ?" এই 'ভার পরে'র সন্তে 'ভার পরে' বোনা হলে
পৃথিবী জুড়ে মাহ্যবের গল্প গাঁথা হচ্ছে। তাকেই বলি জীবনের কাহিনী, তাকেই বলি
মান্থবের ইতিহাস।

বিধাতার-রচা ইতিহাস আর নাস্বের-রচা কাহিনী, এই তুইরে মিলে মাস্থবের সংসার। মাস্থবের পকে কেবল-বে অশোকের গল্প, আকবরের গল্পই সভ্য ভা নয়; বে রাজপুত্র সাত-সমূদ্র-পারে সাভ-রাজার-ধন মানিকের সন্ধানে চলে সেও সভ্য; আর সেই ভক্তিবিম্থ হস্তমানের সরল বীরত্বের কথাও সভ্য বে হস্তমান গন্ধমাদনকে উৎপাটিত করে আনতে সংশয় বোধ করে না। এই মাহ্নরের পক্ষে আরঞের বেমন সত্য ছর্বোধনও তেমনি সভা। কোন্টার প্রমাণ বেশি, কোন্টার প্রমাণ কম, সে হিসাবে নয়; কেবল গল্ল হিসাবে কোন্টা থাটি, সেইটেই ভার পক্ষে স্বটেয়ে সভা।

মান্ন বিধাতার সাহিত্যলোকেই মান্ত্র; স্বতরাং না সে বন্ধতে গড়া, না ভজেঅনেক চেঠা করে হিতৈবী কোনোমতেই এই কথা মান্ত্রকে ভোলাতে পারলে না।
অবলেবে হয়রান হয়ে হিতকথার সঙ্গে গারের সন্ধিয়াপন করতে সে চেটা করে, কিন্তু
চিরকালের সভাবদোবে কিন্তুতে জোড়া মেলাতে পারে না। তথন গরও বায় কেটে,
হিতকথাও পড়ে খ'সে, আবর্জনা জমে ওঠে।

# भीन्

মীম পশ্চিমে মাস্ধ হয়েছে। ছেলেবেলায় ইনারার ধারে তুঁতের গাছে শুকিরে ফল পাড়তে যেত; আর অভ্রগেতে যে বুড়ো মালী ঘাদ নিড়োত তার দলে ওর ছিল ভাব।

বড়ো হবে জৌনপুরে হল ৬র বিয়ে। একটি ছেলে হয়ে মারা গেল, ভার পরে ভারুরে বললে, "এও বাচে কি না-বাচে।"

তপন তাকে কলকাতায় নিয়ে এল।

ওর অল্প বয়েস। কাঁচা ফলটির মডো ওর কাঁচা প্রাণ পৃথিবীর বোঁটা শক্ত করে আঁকড়ে ছিল। যা-কিছু কচি, যা-কিছু সবুদ্ধ, বা-কিছু সঞ্জীব, ভার 'পরেই ওর বড়ো টান।

আভিনায় তার আট-দশ হাত জনি, সেইটুকুতে তার বাগান।

এই বাগানটি ছিল যেন তার কোলের ছেলে। তারই বেড়ার 'পরে বে বুমকোলতা লাগিয়েছিল। এইবার সেই লতায় কুঁড়ির আভাস দিতেই সে চলে এসেছে।

পাড়ার সমস্ত পোষা এবং না-পোষা কুকুরের পর আর আদর ওরই বাড়িতে। ভাদের মধ্যে স্বচেয়ে যেটিকে সে ভালোবাস্ত তার নাক ছিল খাদা, ভার নাম ছিল ভোতা।

ভারই গণার পরাবে বলে মীছ রঙিন পুঁতির বালা গাঁথতে বলেছিল। দেটা শেব হল না। বার কুকুর দে বললে, "বউলিদি, এটিকে ভূমি নিয়ে বাও।"

मोक्षत्र पामी रमाम, "ताफा हाजान, कांच ताहे।"

२५1

2

কলকাতার বাসায় দোত্লার ঘরে মীছ শুরে থাকে। হিন্দুছানি দাই কাছে-বিসে ক্ষ কী বকে; সে থানিক শোনে, থানিক শোনে না।

একদিন সারারাত মীহর ঘুম ছিল না। ভোরের আঁধার একটু যেই ফিকে হল সে দেখতে পেলে, তার জানলার নিচেকার গোলকটাপার গাছটি ফুলে ভরে উঠেছে। ভার একটু মুহুগৃদ্ধ মীহুর জানলার কাছটিতে এসে যেন জিল্ঞাসা করলে, "তুমি কেমন আছ।"

গুদের বাসা আর পাশের বাড়িটার আর একটুখানি ফাঁকের মধ্যে ঐ রোদ্রের কাঙাল গাছটি, বিশ্বপ্রকৃতির এই হাবা ছেলে, কেমন করে এলে প'ড়ে যেন বিভ্রাপ্ত হয়ে দাঁড়িয়ে আছে।

ক্লান্ত মীহ্ন বেলায় উঠত। উঠেই সেই গাছটির দিকে চেয়ে দেখত, সেদিনের মতো আর তো তেমন ফুল দেখা যায় না। দাইকে বলত, "আহা দাই, মাধা গা, এই গাছের তলাটি খুঁড়ে দিয়ে রোজ একটু জল দিস।"

এই গাছে কেন-যে কদিন ফুল দেখা যায় নি, একটু পরেই বোঝা গেল।

সকালের আলো তথন আধফোটা পদ্মের মতো সবে জাগছে, এমন সময় সাঞ্চি হাতে পূজারি ব্রাহ্মণ গাছটাকে ঝাকানি দিতে সাগল, যেন থাজনা আদায়ের জন্তে বর্গির পেয়াদা।

মীয় দাইকে বললে, "শীঘ্র ঐ ঠাকুরকে একবার ভেকে আন্।" আশ্বন আসতেই মীয় তাকে প্রণাম করে বললে, "ঠাকুর, ফুল নিচ্ছ কার জন্তে।" আশ্বন বললে, "দেবতার জন্তে।"

মীম বললে, "দেবতা তো ঐ ফুল স্বয়ং আমাকে পাঠিয়েছেন।" "তোমাকে!"

"হাঁ, আমাকে। তিনি যা দিয়েছেন দে তো ফিরিয়ে নেবেন ব'লে দেন নি।" আন্ধা বিরক্ত হয়ে চলে গেল।

পরের দিন ভোরে আবার সে যথন গাছ নাড়া দিতে শুরু করলে তথন মীত্ব ভার দাইকে বললে, "ও দাই, এ তো আমি চোখে দেখতে পারি নে। পাশের ঘরের জানলার কাছে আমার বিছানা করে দে।"

0

পাশের ঘরের জানদার সামনে রাষচৌধুরীদের চৌতলা বাছি। মীছ ভার স্বামীকে ভাকিয়ে এনে বললে, "ঐ দেখো, দেখো, ওদের কী স্ক্ষের ছেলেটি। ওকে এক্টিয়ার আমার কোলে এনে দাও-না।"

স্বামী বললে, "গরিবের ঘরে ছেলে পাঠাবে কেন।"

মীমূ বললে, "শোনো একবার! ছোটো ছেলের বেলায় কি খুনী-পরিবের ভেদ আছে। স্বার কোলেই ওদের রাম্বিংহাসন।"

चामी फिर्त्व अरम थवड मिर्ल, "मरत्राचान वनरम, वावृत मरक रमधा धरव ना।"

পরের দিন বিকেশে মীয় দাইকে ডেকে বললে, "ঐ চেয়ে দেখ্, বাগানে একলা বসে খেলছে। দৌড়ে যা, ওর হাতে এই সন্দেশটি দিয়ে আয়।"

मह्मादिनाय सामी এटम दन्तन, "अता द्रांग करंद्रह्म।"

"क्न. की हायह ।"

"ওরা বলেছে, দাই বদি ওদের বাগানে বায় তো পুলিশে ধরিয়ে দেবে।"

এক মুহূর্তে মীমুর তুই চোধ জলে ভেলে গেল। সে বললে, "আমি দেখেছি, দেখেছি, দেখেছি, ভার ছাত থেকে ওরা আমার সম্পেশ ছিনিয়ে নিলে। নিয়ে ওকে মারলে। এবানে আমি বাঁচব না। আমাকে নিয়ে যাও।"

## নামের খেলা

প্রথম বয়সেই সে কবিতা লিখতে শুরু করে।

বহু যত্ত্বে থাতায় সোনালি কালির কিনার। টেনে, তারই গায়ে লতা একে, নাঝ-থানে লাল কালি দিয়ে কবিভাগুলি লিখে রাথত। আর, থ্ব সমারোহে মলাটের উপর লিখত, শ্রীকেদারনাথ ঘোষ।

একে একে লেখাগুলিকে কাগজে পাঠাতে লাগল। কোথাও ছাপা হল না।

মনে মনে সে স্থির করলে, যখন হাতে টাকা জমবে তখন নিজে কাগজ বের
করবে।

বাপের মৃত্যুর পর গুরুজনের। বার বার বললে, "একটা কোনো কাজের চেষ্টা করে।, কেবল লেখা নিমে লমম নই কোরো না।" সে একটুখানি হাসলে আর লিখতে লাগল। একটি ঘুটি তিনটি বই সে পরে পরে ছাপালে।

'এই निष्ध चूर जात्मानन इत्य जाना क्राइहिन। इन ना।

2

আন্দোলন হল একটি পাঠকের মনে। সে হচ্ছে তার ছোটো ভারোট। নতুন ক ব শিখে দে বে বই হাতে পায় চেঁচিয়ে পড়ে।

একদিন একথানা বই নিম্নে হাপাতে হাপাতে মামার কাছে ছুটে এল। বললে, "দেখো দেখো, মামা, এ যে তোমারই নাম।"

মামা একট্রখানি হাসলে, আর আদর ক'রে খোকার গাল টিপে দিলে।

মামা তার বাক্স খুলে আর-একধানি বই বের করে বললে, "আচ্ছা, এটা পড়ো দেখি।"

ভাগ্নে একটি একটি অক্ষর বানান ক'রে ক'রে মামার নাম পড়ল। বাক্স থেকে আরও একটা বই বেরোল, সেটাভেও পড়ে দেখে মামার নাম।

পরে পরে যথন তিনটি বইয়ে মামার নাম দেখলে তথন সে আর অল্পে সম্ভট হতে চাইল না। তুই হাত ফাঁক করে জিজেস করলে, "তোমার নাম আরও অনেক অনেক অনেক বইয়ে আছে— একশোটা, চিব্দিশটা, সাতটা বইয়ে ?"

মামা চোৰ টিপে বললে, "ক্রমে দেখতে পাবি।"

ভায়ে বই তিনটে নিয়ে লাফাতে লাফাতে বাড়ির বৃড়ি ঝিকে দেখাতে নিয়ে
গেল।

9

ইতিমধ্যে মামা একথানা নাটক লিখেছে। ছত্রপতি শিবাদ্ধি তার নায়ক। বন্ধুরা বললে, "এ নাটক নিশ্চয় থিয়েটারে চলবে।"

সে মনে মনে স্পষ্ট দেখতে লাগল, রাস্তায় রাস্তায় গলিতে গলিতে ভার নিজের নামে আর নাটকের নামে যেন শহরের গায়ে উদ্ধি পরিয়ে দিয়েছে।

আন্দ রবিবার। তার থিয়েটারবিঙ্গাদী বন্ধু থিয়েটার ওয়ালালের কাছে অভিনত আনতে গেছে। তাই দে পথ চেয়ে রইল।

রবিবারে তার ভাগ্নেরও ছুটি। আত্র স্কাল থেকে সে এক পেলা বের করেছে, অক্সমনম্ব হরে যায়া তা লক্ষা করে নি। ওদের ইক্লের পাশে ছাপাধানা আছে। সেধান থেকে ভারে নিজের নামের করেকটা সীসের অক্ষর জুটিয়ে এনেছে। তার কোনোটা ছোটো, কোনোটা বড়ো।

বে-কোনো বই পায় এই সীসের অঞ্চরে কালি লাগিরে ভাতে নিজের নাম ছাপাচ্ছে। মামাকে আশ্চর্য করে দিতে হবে।

8

আশ্রুণ করে দিলে। মামা এক সময়ে বসবার ঘরে এসে দেখে, ছেলেটি ভারি বাস্ত।

"की कानाहे, की कत्रिका।"

ভাগে খুব আগ্রছ করেই দেখালে সে কী করছে। কেবল ভিনটিমাত্র বই নয়, অস্তত পঁচিশ্বানা বইয়ে ছাপার অক্ষরে কানাইয়ের নাম।

এ কী কাও। পড়ান্তনোর নাম নেই, ছোড়াটার কেবল গেলা। আর, এ কী রকম থেলা।

কানাইয়ের বহু ত্বংখে জোটানো নামের অক্ষরগুলি হাত থেকে সে ছিনিয়ে নিলে। কানাই শোকে চীংকার করে কাঁদে, তার পরে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদে, তার পরে থেকে থেকে দমকায় দমকায় কেঁদে ওঠে— কিছুতেই সাম্বনা মানে না।

वृष्टि वि ছুটে এলে किट्डिंग क्याल, "की श्राहर, वावा।"

कानारे वनान, "बामात्र नाम।"

या अरम वनान, "की ता कानाहे, की हासाह ।"

कानांडे क्यकार्थ वनान. "वाबाद नाय।"

ঝি লুকিয়ে তার হাতে আন্ত একটি কীরপুলি এনে দিলে; মাটতে ফেলে দিয়ে লে বললে, "আমার নাম।"

মা এসে বললে, "কানাই, এই নে ভোর সেই রেলগাড়িটা।" কানাই রেলগাড়ি ঠেলে ফেলে বললে, "আমার নাম।"

o

থিয়েটার থেকে বন্ধু এল। মামা দরজার কাছে ছুটে গিরে জিজেন করলে, "কী হল।" বন্ধু বললে, "ওরা রাজি হল না।"

অনেক কণ চুপ করে থেকে মামা বললে, "আমার সর্বস্থ যায় সেও ভালো, আমি নিক্ষে থিয়েটার খুলব।" वक् वनल, "बाध कृष्ठेवन माह लिथल यात ना ?"
७ वनल, "ना, जामात करा ।"
विकल मा जल वनल, "थावार है। है। हिंद दिन ।"
७ वनल, "थिए ति है।"
निक्त नम भी जल वनल, "लोमार ति ने नृत लिथि। लोमार ना ?"
७ वनल, "माथा धरतह ।"
७। हिंद जल वनल, "जामार नाम किरिय हो ।"
मामा होन् करत जोर नोल जक हफ़ किरा दिन ।

# ভুল স্বৰ্গ

লোকটি নেহাত বেকার ছিল।

তার কোনো কাজ ছিল না, কেবল শর্খ ছিল নানা রকমের।

ছোটো ছোটো কাঠের চৌকোয় মাটি ঢেলে তার উপরে সে ছোটো ছোটো কিছক সাজাত। দূর থেকে দেখে মনে হত যেন একটা এলোমেলো ছবি, তার মধ্যে পাধির কাঁক; কিম্বা এবড়ো-থেবড়ো মাঠ, সেখানে গোরু চরছে; কিম্বা উচুনিচু পাহাড়, তার গা দিয়ে ওটা বুঝি ঝরনা হবে, কিম্বা পায়ে-চলা পথ।

বাড়ির লোকের কাছে তার লাখনার শীমা ছিল না। মাঝে মাঝে পণ করত পাগলামি ছেড়ে দেবে, কিন্তু পাগলামি তাকে ছাড়ত না।

2 .

কোনো কোনো ছেলে আছে সারা বছর পড়ায় ফাঁকি দেয়, অথচ পরীক্ষায় খামকা পাশ করে ফেলে। এর সেই দশা হল।

সমস্ত জীবনটা অকাজে গেল, অধচ মৃত্যুর পরে থবর পেলে বে, ভার স্বর্গে যাওয়া মঞ্ব।

কিন্ত, নিয়তি বর্গের পথেও মান্থবের সক্ষ ছাড়ে না। দৃতগুলো মার্কা ভূল করে তাকে কেন্দো লোকের বর্গে রেখে এল।

এই স্বর্গে আর দবই আছে, কেবল অবকাশ নেই।

এখানে পুৰুষরা বলছে, "হাঁফ ছাড়বার সময় কোথা।" মেয়েরা বলছে, "চলনুম, ভাই, কাজ রয়েছে পড়ে।" স্বাই বলে, "সময়ের মূল্য আছে।" কেউ বলে না, "সময় অমূল্য।" "আর তো পারা যায় না" ব'লে স্বাই আক্ষেপ করে, আর ভারি খুশি হয়। "থেটে থেটে হয়রান হলুম" এই নালিশটাই সেথানকার সংগীত।

এ বেচারা কোথাও ফাঁক পার না, কোথাও খাপ খার না। রান্তার অক্তমনত্ব হয়ে চলে, তাতে বান্ত লোকের পথ আটক করে। চান্তরটি পেতে বেখানেই আরাম ক'রে বসতে চান্ত, ভনতে পান্ত সেখানেই ফসলের খেত, বীল্ল পোঁতা হয়ে গেছে। কেবলই উঠে থেতে হয়, সরে থেতে হয়।

e

ভারি এক বাস্ত মেয়ে খর্নের উৎস থেকে রোজ জল নিতে আসে।
পথের উপর দিয়ে সে চলে বায় যেন সেতারের ক্রত তালের গতের মতো।
তাড়াতাড়ি সে এলো খোপা বেঁধে নিয়েছে। তবু হু'চারটে ত্রস্ত অলক কপালের
উপর ঝুঁকে প'ড়ে তার চোথের কালো তারা দেখবে ব'লে উকি মারছে।

স্বর্গীয় বেকার মাসুষটি এক পাশে দাঁড়িয়ে ছিল, চঞ্চল করনার ধারে তমালগাছটির মতো শ্বির।

জানলা থেকে ভিক্ককে দেখে রাজকন্তার বেমন দয়া হয়, এ'কে দেখে মেয়েটির ভেমনি দয়া হল।

"আহা, তোমার হাতে বুঝি কান্দ নেই <u>?</u>"

নিশান ছেড়ে বেকার বললে, "কাঞ্জ করব তার সময় নেই।"

মেয়েটি ওর কথা কিছুই ব্কতে পারলে না। বললে, "আমার হাত থেকে কিছু কাজ নিতে চাও?"

বেকার বললে, "তোমার হাত থেকেই কাজ নেব ব'লে গাড়িয়ে আছি।"

"তুমি বে ঘড়া কাঁধে করে জল তুলে নিষে যাও তারই একটি যদি আমাকে দিতে পার।"

"प्रकृ नित्य की हत्त । सन जुनत्त ?"

"না, আমি ভার গায়ে চিত্র করব।"

त्यरवि विवक्त इस वनल, "आयाद नमह तहे, आयि हनन्य।"

কিছ, বেকার লোকের সকে কাজের লোক পারবে কেন। রোজ ওদের উৎস্তলার দেখা হয় আর রোজ সেই একই কথা, "তোমার কাঁখের একটি ঘড়া দাও, ভাতে চিত্র করব।" शांत मान्य हम, घड़ा मिटम ।

সেইটিকে যিরে যিরে বেকার আঁকতে লাগল কত রঙের পাক, কত রেখার খের।
আঁকা শেষ হলে মেয়েটি ঘড়া তুলে ধরে ঘ্রিয়ে ঘ্রিয়ে দেখলে। ভূক বাঁকিয়ে
ভিজ্ঞাসা করলে, "এর মানে ?"

বেকার লোকটি বললে, "এর কোনো মানে নেই।" ঘড়া নিয়ে মেয়েটি বাড়ি গেল।

স্বার চোখের আড়ালে বলে সেটকে সে নানা আলোতে নানা রকমে হেলিয়ে ঘ্রিয়ে দেখলে। রাত্রে থেকে থেকে বিছানা ছেড়ে উঠে দীপ জেলে চুপ করে বলে সেই চিত্রটা দেখতে লাগল। তার বয়সে এই সে প্রথম এমন কিছু দেখেছে ধার কোনো মানে নেই।

তার পরদিন যখন সে উংসতলায় এল তখন তার হটি পায়ের ব্যস্ততায় একটু মেন বাধা পড়েছে। পা হটি যেন চলতে চলতে আন্মনা হয়ে ভাবছে— যা ভাবছে তার কোনো মানে নেই।

সেদিনও বেকার মাত্রয় এক পাশে নাড়িয়ে।

स्वाधि वनतन, "की ठां ।"

শে বললে, "ভোমার হাত থেকে আরও কাছ চাই।"

"কী কাজ দেব।"

"ধদি রাজি ছও, রঙিন হুতো বুনে বুনে ভোমার বেণী বাঁধবার দড়ি ভৈরি করে দেব।"

"की इदर।"

"किছ्रे इत्व ना।"

নানা রঙের নানা-কান্ধ-করা দড়ি তৈরি হল। এপন থেকে আয়না হাতে নিয়ে বেশী বাঁধতে মেয়ের অনেক সময় লাগে। কান্ধ পড়ে থাকে, বেলা বয়ে যায়।

8

এ দিকে দেখতে দেখতে কেন্দো স্বর্গে কান্দের মধ্যে বড়ো কড়ো কান্দ পড়তে লাগল। কান্নায় আর গানে দেই ফাঁক ভরে উঠল।

স্বৰ্গীয় প্ৰবীণেরা বড়ো চিস্কিড হল। সভা ডাকলে। তারা বললে, "এখানকার ইতিহাসে কখনো এমন ঘটে নি।" স্বর্গের দৃত এসে অপরাধ স্বীকার করলে। সে বললে, "আমি ভূল লোককে ভূল স্বর্গে এনেছি।"

ভূল লোকটিকে সভায় আনা হল। তার বঙিন পাগড়ি আর কোমরবছের বাহার দেখেই সবাই বুঝলে, বিষম ভূল হয়েছে।

সভাপতি তাকে বললে, "তোমাকে পৃথিবীতে ফিরে বেতে হবে।" নে তার রঙের ঝুলি আর তুলি কোমরে বেঁধে হাঁফ ছেড়ে বললে, "তবে চললুব।"

যেয়েট এসে বললে, "আমিও হাব।"

প্রবীণ সভাপতি কেমন অস্তমনম্ভ হয়ে গেল। এই সে প্রথম দেখলে এমন-একটা কাশু যার কোনো মানে নেই।

## রাজপুত্তু র

রাজপুত্র চলেছে নিজের রাজ্য ছেড়ে, সাত রাজার রাজ্য পেরিয়ে, যে দেশে কোনো রাজার রাজ্য নেই সেই দেশে।

म इन व कारनत कथा म कारनत आवश्व करहे, त्यव करे।

শহরে গ্রামে আর-সকলে হাটবাজার করে, ঘর করে, ঝগড়া করে; যে আমাদের চিরকালের রাজপুত্র সে রাজ্য ছেড়ে ছেড়ে চলে বায়।

टकन योग ।

কুয়োর জল কুয়োতেই থাকে, খাল বিলের জল খাল বিলের মধ্যেই শাস্ত। কিন্তু, গিরিশিখরের জল গিরিশিখরে ধরে না, মেঘের জল মেঘের বাঁধন মানে না। রাজপুত্রকে তার রাজাটুকুর মধ্যে ঠেকিয়ে রাখবে কে। তেপান্তর মাঠ দেখে সে ফেরে না, গাতসমূদ্র তেরোনদী পার হয়ে যায়।

মাহ্য বারে বারে শিশু হরে জন্মায় আর বারে বারে নতুন ক'রে এই পুরাতন কাহিনীটি শোনে। সন্ধ্যাপ্রদীপের আলো দ্বির হয়ে থাকে, ছেলেরা চুপ করে গালে হাত দিয়ে ভাবে, "আমরা সেই রাজপুঞ্জুর।"

ভেপান্তর মাঠ যদি বা ফুরোয়, সামনে সমুদ্র। ভারই মারখানে বীপ, সেধানে দৈতাপুরীতে রাজকলা বাঁধা আছে।

পৃথিবীতে আর-সকলে টাকা থ্রছে, নাম খ্রছে, আরাম খ্রছে, আর বে আমাদের রাজপ্ত্র সে দৈতাপ্রী থেকে রাজকল্পাকে উদার করতে বেরিয়েছে। তৃফান উঠল, নৌকো মিলল না, তবু সে পথ খুঁলছে। এইটেই হচ্ছে মান্থবের সব-গোড়াকার রূপকথা আর সব-শেষের। পৃথিবীতে যারা নতুন জয়েছে দিদিমার কাছে তাদের এই চিরকালের খবরটি পাওয়া চাই যে, রাজকক্তা বন্দিনী, সমুস্ত তুর্গম, দৈতা তুর্জয়, আর ছোটো মান্থবটি একলা দাঁড়িয়ে পণ করছে, "বন্দিনীকে উদ্ধার করে আনব।"

বাইরে বনের অন্ধকারে রুষ্টি পড়ে, ঝিল্লি ডাকে, আর ছোটো ছেলেটি চুপ করে গালে হাত দিয়ে ভাবে, "দৈতাপুরীতে আমাকে পাড়ি দিতে হবে।"

### ş

সামনে এল অসীম সম্দ্র. স্বপ্নের-তেউ-তোলা নীল ঘূমের মতো। সেখানে রাজপুত্র ঘোড়ার উপর থেকে নেমে পড়ল।

किञ्च, समिन माण्डि भा भड़ा समिन व की हन। व कान काइकदात काइ।

এ বে শহর। টাম চলেছে। আপিসম্থো গাড়ির ভিড়ে রাস্তা দুর্গম। তালপাতার বাশি -গুয়ালা গলির ধারে উলঙ্গ ছেলেদের লোভ দেখিয়ে বালিতে ফুঁ দিয়ে চলেছে।

আর, রাজপুত্রের এ কী বেশ। এ কী চাল। গায়ে বোভামপোলা স্থামা, ধূতিটা খুব সাফ নয়, জুতোজোড়া জীর্ণ। পাড়াগাঁয়ের ছেলে, শহরে পড়ে, টিউশানি করে বাগাধরচ চালায়।

রাজকন্তা কোথায়।

তার বাদার পাবের বাড়িতেই।

চাঁপাফুলের মতো রঙ নয়, হাসিতে তার মানিক ধসে না। আকালের তারার সঙ্গে তার তুলনা হয় না, তার তুলনা নববর্ষার ঘাসের আড়ালে যে নামহারা ফুল ফোটে তারই সঙ্গে।

মা-মরা মেয়ে বাপের আদরের ছিল। বাপ ছিল গরিব, অপাত্তে মেয়ের বিষে দিতে চাইল না, মেয়ের বয়স গেল বেড়ে, সকলে নিম্পে করলে।

বাপ গেছে মরে, এখন মেয়ে এসেছে খুড়োর বাড়িতে।

পাত্রের সন্ধান মিপদ। তার টাকাও বিস্তর, বয়সও বিস্তর, আর নাতিনাৎনির সংখ্যাও অল্প নয়। তার দাবরাবের সীমা ছিল না।

পুড়ো বললেন, মেয়ের কপাল ভালো।

এমন সময় গাবে-হল্দের দিনে মেরেটিকে দেখা গেল না, আর পালের বাসার সেই ছেলেটিকে। ধবর এল, তারা লুকিষে বিবাহ করেছে। তালের জাতের মিল ছিল না, ছিল কেবল মনের মিল। সকলেই নিম্মে করলে।

লক্ষপতি তাঁর ইউদেবতার কাছে গোনার সিংহাসন মানত করে বললেন, "এ ছেলেকে কে বাঁচায়।"

ছেলেটিকে আদালতে পাড় করিয়ে বিচক্ষণ সব উকিল প্রবীণ সব সাক্ষী দেবভার রূপায় দিনকে রাভ করে তুললে। সে বড়ো আন্চর্গ।

সেইদিন ইউদেৰতার কাছে জোড়া পাঁটা কাটা পড়ল, ঢাক ঢোল বাজল, সকলেই খুলি হল। বললে, "কলিকাল বটে, কিন্তু ধর্ম এখনো জেগে আছেন।"

0

ভার পরে অনেক কথা। জেল থেকে ছেলেটি ফিরে এল। কিন্তু, দীর্ঘ পথ আর লেব হয় না। তেপাস্তর মাঠের চেয়েও সে দীর্ঘ এবং সঙ্গীহীন। কতবার অন্ধকারে ভাকে শুনতে হল, "হাউমাউর্থাউ, মান্নবের গদ্ধ পাঁউ।" মান্নবকে ধাবার জল্পে চারি দিকে এত লোভ।

রান্তার শেষ নেই কিন্ধ চলার শেষ আছে। একদিন সেই শমে এসে সে থামলঃ

গেদিন তাকে দেখবার লোক কেউ ছিল না। শিয়রে কেবল একজন দয়াময় দেবতা জেগে ছিলেন। তিনি যম।

সেই যমের সোনার কাঠি যেমনি ছোঁয়ানো অমনি এ কী কাও। শহর গেল মিলিয়ে, স্বপ্ন গেল ভেঙে।

মৃষ্টুর্ভে আবার দেখা দিল সেই রাজপুত্র। তার কপালে অসীমকালের রাজটিকা। দৈতাপুরীর বার সে ভাঙবে, রাজকন্তার শিকল সে বুলবে।

যুগে যুগে শিশুরা নায়ের কোলে বলে থবর পায়— সেই ঘরছাড়া মাহ্র্য তেপাস্তর মাঠ দিয়ে কোথায় চলল। তার সামনের দিকে সাত সমুত্রের তেউ গর্জন করছে।

ইতিহাসের মধ্যে তার বিচিত্র চেহারা; ইতিহাসের পরপারে তার একই রূপ, সে রাজপুত্মুর।

## সুয়োরানীর সাধ

হুছোরানীর বুঝি মরণকাল এল।

তার প্রাণ হাপিয়ে উঠছে, তার কিছুই তালো লাগছে না। বন্দি বড়ি নিয়ে এল। মধ দিয়ে মেড়ে বললে, "বাও।" সে ঠেলে ফেলে দিলে।

রাজার কানে খবর গেল। রাজা তাড়াতাড়ি সভা ছেড়ে এল। পাশে বলে জিজ্ঞানা করলে, "ভোমার কী হয়েছে, কী চাই।"

সে শুমরে উঠে বললে, "তোমরা স্বাই যাও; একবার আমার স্থাঙাৎনিকে ডেকে দাও।"

স্যাঙাংনি এল। রানী তার হাত ধরে বললে, "সই, বসো। কথা আছে।" স্যাঙাংনি বললে, "প্রকাশ করে বলো।"

স্থারানী বললে, "আমার সাত্মহলা বাড়ির এক ধারে তিনটে মহল ছিল ছুয়োরানীর। তার পরে হল ছুটো, তার পরে হল একটা। তার পরে রাজবাড়ি থেকে লে বের হয়ে গেল।

তার পরে হুয়োরানীর কথা আমার মনেই রইল না।

তার পরে একদিন দোল্যাত্রা। নাট্যন্দিরে যাচ্ছি ময়্রপংখি চ'ড়ে। আগে লোক, পিছে লশকর। ডাইনে বাজে বাঁশি, বাঁয়ে বাজে মুদক।

এমনসময় পথের পাশে, নদীর ধারে, ঘাটের উপরটিতে দেখি একখানি কুঁড়েঘর, চাপাগাছের ছায়ায়। বেড়া বেয়ে অপরাজিতার ফুল ফুটেছে, হুরোরের সামনে চালের ছাঁড়া দিয়ে শঙ্খচক্রের আলপনা। আমার ছক্রধারিণীকে ভুগোলেম, 'আহা, ঘরখানি কার।' দে বললে, হুয়োরানীর।

তার পরে ঘরে ফিরে এসে সন্ধার সময় বসে আছি, ঘরে প্রদীপ আলি নি, মুখে কথা নেই।

রাজা এসে বললে, 'তোমার কী হয়েছে, কী চাই।'

আমি বললেম, 'এ ঘরে আমি থাকব না।'

রাজা বললে, 'আমি তোমার কোঠাবাড়ি বানিয়ে দেব গল্পদেস্তর দেওয়াল দিয়ে। শন্থের শুঁড়োয় মেঝেটি হবে ত্থের ফেনার মতো সাদা, মুক্তোর বিত্তক দিয়ে ভার কিনারে এঁকে দেব পদ্মের মালা।' আমি বললেম, 'আমার বড়ো সাধ গিয়েছে, কুঁড়েবর বানিয়ে থাকি ভোষার বাহির-বাগানের একটি ধারে।'

রাজা বললে, 'আছা বেশ, তার আর ভাবনা কী।'

কুঁড়েগর বানিয়ে দিলে। সে গর যেন তুলে-আনা বনফুল। যেমনি তৈরি হল অমনি যেন মুষড়ে গোল। বাস করতে গোলেম, কেবল লক্ষা পেলেম।

তার পরে একদিন স্থান্যাত্রা।

নদীতে নাইতে গেছি। সঙ্গে একশো সাত জন সন্ধিনী। জলের মধো পাজি নামিয়ে দিলে, খান হল।

পথে ফিরে আসছি, পান্ধির দরজা একটু ফাঁক করে দেখি, ও কোন্ ঘরের বউ গা। যেন নির্মাল্যের ফুল। হাতে গাদা শাঁখা, পরনে লালপেড়ে শাড়ি। স্নানের পর ঘড়ায় ক'রে জল তুলে আনছে, সকালের আলো তার ভিজে চুলে সার ভিজে ঘড়ার উপর ঝিকিয়ে উঠছে।

ছত্রধারিণীকে স্তধোলেম, 'নেয়েটি কে, কোন্ দেবমন্দিরে তপক্তা করে।' ছত্রধারিণী হেসে বললে, 'চিনতে পারলে না? ঐ তো ছয়োরানী।'

ভার পরে ঘরে ফিরে একলা বলে আছি, মূখে কথা নেই। রাজা এলে বললে, 'ভোমার কী হয়েছে, কী চাই।'

আমি বললেম, 'আমার বড়ো সাধ, রোজ সকালে নদীতে নেয়ে মাটির ঘড়ায় জগ তুলে আনব বকুলতলার রাস্তা দিয়ে।'

রাজা বললে, 'আছে। বেশ, তার আর ভাবনা কী।' রান্তায় রান্তায় পাহার। বসল, লোকজন গেল সরে।

সাদা শাখা পরলেম আর লালপেড়ে শাড়ি। নদীতে আন সেরে ঘড়ার করে জল তুলে আনলেম। ত্রোরের কাছে এসে মনের হৃংখে ঘড়া আছড়ে ভাঙলেম। যা ভেবেছিলেম তা হল না, ভাধু লক্ষা পেলেম।

ভার পরে সেদিন রাস্থাতা।

মধুবনে জ্যাৎসারাতে তাঁবু পড়প। সমন্ত রাত নাচ হল, গান হল।

পরদিন সকালে হাতির উপর হাওদা চড়ল। পর্ণার আড়ালে বলে ঘরে ফিরছি, এমন সময় দেখি, বনের পথ দিয়ে কে চলেছে, তার নবীন বয়েন। চুড়ায় তার বনসূলের মালা। হাতে তার ডালি; তাতে শালুক ফুল, তাতে বনের ফল, তাতে খেতের শাক। ছত্রধারিণীকে ভাধোলেম, 'কোন্ ভাগ্যবভীর ছেলে পথ আলো করেছে।'

ছক্তথারিণী বললে, 'জান না? ঐ তো ছয়োরানীর ছেলে। ওর মার জন্তে নিয়ে চলেছে শালুক ফুল, বনের ফল, খেতের শাক।'

ভার পরে ঘরে ফিরে একলা বলে আছি, মূখে কথা নেই।

वाका अरु वनान, 'लामाव की श्राह, की हारे।'

আমি বললেম, 'আমার বড়ো সাধ, রোজ খাব শালুক ফুল, বনের ফল, থেতের শাক; আমার ছেলে নিজের হাতে তুলে আনবে।'

রাজা বললে, 'আচ্ছা বেশ, তার আর ভাবনা কী।'

সোনার পালত্বে বসে আছি, ছেলে ডালি নিয়ে এল। তার সর্বাঙ্গে ঘাম, তার মূখে রাগ। ডালি পড়ে রইল, লক্ষা পেলেম।

তার পরে আমার কী হল কী জানি।

একলা বলে থাকি, মুখে কথা নেই। রাজা রোজ এলে আমাকে ওধায়, 'তোমার কী হয়েছে, কী চাই।'

স্থারানী হয়েও কী চাই সে কথা লব্দায় কাউকে বলতে পারি নে। তাই ভোমাকে ভেকেছি, স্থাঙাংনি। আমার শেষ কথাটি বলি তোমার কানে, 'ঐ ছুয়োরানীর হুঃধ আমি চাই।'"

স্যাঙাৎনি গালে হাত দিয়ে বললে, "কেন বলো তো।"

স্থোরানী বললে, "ওর ঐ বাঁশের বাঁশিতে স্থর বাজল, কিন্তু আমার সোনার বাঁশি কেবল বয়েই বেড়ালেম, আগলে বেড়ালেম, বাজাতে পারলেম না।"

## বিদূষক

কাঞ্চীর রাজা কর্ণাট জয় করতে গেলেন। তিনি হলেন জয়ী। চন্দনে, হাতির দাঁতে, আর সোনামানিকে হাতি বোঝাই হল।

দেশে ফেরবার পথে বলেশ্বরীর মন্দির বলির রক্তে ভাসিয়ে দিয়ে রাজা পুজে।
দিলেন।

পুজো দিয়ে চলে আসছেন— গায়ে রক্তবন্ধ, গলায় জবার মালা, কপালে রক্তচন্দনের ভিলক; সঙ্গে কেবল মন্ত্রী আর বিদুষক। এক জারগার দেখলেন, পথের ধারে আমবাগানে ছেলেরা খেলা করছে। রাজা তার ছই সঙ্গীকে বললেন, "দেখে আসি, ওরা কী খেলছে।"

2

ছেলেরা তুই সারি পুতুল সাজিয়ে যুদ্ধ-যুদ্ধ থেলছে।
রাজা জিজাসা করলেন, "কার সঙ্গে কার যুদ্ধ।"
ভারা বললে, "কর্ণাটের সঙ্গে কাঞ্চীর।"
রাজা জিজাসা করলেন, "কার জিভ, কার হার।"
ছেলেরা বুক ফুলিয়ে বললে, "কর্ণাটের জিভ, কাঞ্চীর হার।"
মন্ত্রীর মুগ গন্তীর হল, রাজার চক্ষু রক্তবর্ণ, বিদ্যুক হা হা ক'রে হেসে উঠল।

.

রাজা যখন তাঁর সৈক্ত নিয়ে ফিরে এলেন, তথনো ছেলেরা খেলছে। রাজা ছকুম করলেন, "এক-একটা ছেলেকে গাছের সঙ্গে বাঁধো, আর লাগাও বেত।"

গ্রাম থেকে তাদের মা-বাপ ছুটে এল। বললে, "ওরা অবোধ, ওরা থেলা করছিল, ওদের মাপ করো।"

রাজা সেনাপতিকে ভেকে বললেন, "এই গ্রামকে শিক্ষা দেবে, কাঞ্চীর রান্ধাকে কোনোদিন যেন ভূলতে না পারে।"

এই বলে শিবিরে চলে গেলেন।

8

সঙ্কেবেলায় সেনাপতি রাজার সন্মুখে এসে দীড়াল। প্রণাম করে বললে, "মহারাজ, শৃগাল কুকুর ছাড়া এ গ্রামে কারো মুখে শব্দ কনতে পাবে না।"

মন্ত্রী বললে, "মহারাজের মান রক্ষা হল।" পুরোহিত বললে, "বিশেশরী মহারাজের সহায়।"

विमृषक वनाल, "महात्राक, धवात श्वामात्क विमाध मिन।"

রাজা বললেন, "কেন।"

বিদ্যক বললে, "আমি মারতেও পারি নে, কাটতেও পারি নে, বিধাতার প্রসাদে আমি কেবল হাসতে পারি। মহারাজের সভায় থাকলে আমি হাসতে ভূলে যাব।"

## যোড়া

স্প্তির কান্ধ প্রায় শেষ হয়ে যখন ছুটির ঘণ্টা বাব্দে ব'লে, হেনকালে ওদ্ধার মাধায় একটা ভাবোদয় হল।

ভাগুারীকে ডেকে বদলেন, "ওহে ভাগুারী, আমার কারখানাছরে কিছু কিছু পঞ্চভূতের জোগাড় করে আনো, আর-একটা নতুন প্রাণী স্ঠা করব।"

ভাগুারী হাত জোড় করে বললে, "পিতামহ, আপনি যথন উৎসাহ করে হাতি গড়লেন, তিমি গড়লেন, অজগর সর্প গড়লেন, সিংহ ব্যাঘ্র গড়লেন, তখন হিদাবের দিকে আদৌ খেয়াল করলেন না। যতগুলো ভারী আর কড়া জাতের ভূত ছিল সব প্রায় নিকাশ হয়ে এল। ক্ষিতি অপু তেজ তলায় এলে ঠেকেছে। থাকবার মধ্যে আছে নকং ব্যোম, তা লে যত চাই।"

চতুর্মুথ কিছুক্ষণ ধরে চারজোড়া গোঁফে তা দিয়ে বললেন, "আচ্চা ভালো, ভাণ্ডারে যা আছে তাই নিয়ে এনো, দেখা যাক।"

এবারে প্রাণীটিকে গড়বার বেলা বন্ধা ক্ষিতি-অপ-তেন্ধটাকে খুব হাতে রেপে খরচ করলেন। তাকে না দিলেন শিঙ, না দিলেন নথ; আর দাত যা দিলেন তাতে চিবনো চলে, কামড়ানো চলে না। তেন্ধের ভাও থেকে কিছু খরচ করলেন বটে, তাতে প্রাণীটা যুদ্ধক্ষেত্রের কোনো কোনো কান্ধে লাগবার মতে। হল কিন্তু তার লড়াইয়ের শব রইল না। এই প্রাণীটি হচ্ছে ঘোড়া। এ ডিম পাড়ে না তবু বান্ধারে তার ডিম নিয়ে একটা গুল্পব আছে, তাই একে হিন্দু বলা চলে।

আর যাই হোক, স্প্টেক্তা এর গড়নের মধ্যে মক্রং আর ব্যোম একেবারে ঠেলে দিলেন। ফল হল এই বে, এর মনটা প্রায় বোলো-আনা গেল মুক্তির দিকে। এ হাওয়ার আগে ছুটতে চায়, অসীম আকাশকে পেরিয়ে যাবে ব'লে পণ ক'রে বলে। অন্ত সকল প্রাণী কারণ উপস্থিত হলে দৌড়য়; এ দৌড়য় বিনা কারণে; যেন ভার নিজেই নিজের কাছ থেকে পালিয়ে যাবার একান্ত শব। কিছু কাড়তে চায় না, কাউকে মারতে চায় না, কেবলই পালাতে চায়— পালাতে পালাতে একেবারে বৃষ্ণ হয়ে যাবে, ঝিম হয়ে যাবে, ভাঁ হয়ে যাবে, তার পরে 'না' হয়ে যাবে, এই তার মংলব। জ্ঞানীরা বলেন, ধাতের মধ্যে মকংব্যোম যখন ক্ষিতি-অপ-ভেন্তকে সম্পূর্ণ ছাড়িয়ে ওঠে তখন এইরকমই ঘটে।

ব্ৰদা বড়ো খুনি হলেন। বাগার জন্তে তিনি জন্ত জন্তর কাউকে দিলেন বন, কাউকে দিলেন গুহা, কিন্তু এর মৌড় দেখতে ভালোবাসেন ব'লে একে দিলেন খোলা মাঠ।

নাঠের ধারে থাকে নাস্থ। কাড়াকুড়ি করে সে বা-কিছু জনায় সমস্তই মন্ত বোঝা হয়ে ওঠে। তাই যখন নাঠের নধ্যে ঘোড়াটাকে ছুটতে দেখে মনে মনে ভাবে, "এটাকে কোনো গতিকে বাঁধতে পারলে আমাদের হাট করার বড়ো স্থবিধে।"

কাল লাগিয়ে ধরলে একদিন ঘোড়াটাকে। তার পিঠে দিলে জিন, মুখে দিলে কাটা লাগাম। থাড়ে তার লাগায় চাব্ক আর কাঁধে মারে ব্রুতোর শেল। তা ছাড়া আছে দলামলা।

নাঠে ছেড়ে রাধলে হাভছাড়া হবে, তাই ঘোড়াটার চারি দিকে পাঁচিল ভূলে দিলে। বাঘের ছিল বন, তার বনই রইল; সিংহের ছিল গুহা, কেউ কাড়ল না। কিন্তু, ঘোড়ার ছিল খোলা মাঠ, সে এসে ঠেকল আন্তাবলে। প্রাণীটাকে মক্ষংব্যোম মুক্তির দিকে অভান্ত উদকে দিলে, কিন্তু বছন থেকে বাচাতে পারলে না।

যখন অসম্ভ হল তথন ঘোড়া তার দেয়ালটার 'পরে লাখি চালাতে লাগল।
তার পা যতটা অথম হল দেয়াল ততটা হল না; তব্, চুন বালি থ'লে দেয়ালের
সৌন্দর্য নই হতে লাগল।

এতে নামবের মনে বড়ো রাগ হল। বললে, "একেই বলে অক্তজ্ঞতা। দানাপানি খাওয়াই, মোটা মাইনের সইস আনিয়ে আট প্রহর ওর পিছনে খাড়া রাখি, তবু মন পাই নে।"

মন পাবার জন্তে সইসগুলো এমনি উঠে পড়ে ভাগা চালালে যে, ওর আর লাখি চলল না। মাছৰ ভার পাড়াপড়লিকে ভেকে বললে, "আমার এই বাহনটির মতো এমন ভক্ত বাহন আর নেই।"

তারা তারিফ করে বললে, "তাই তো, একেবারে জলের মভো ঠাণ্ডা। তোমারই ধর্মের মতো ঠাণ্ডা।"

একে তো গোড়া খেকেই ওর উপযুক্ত দাঁত নেই, নধ নেই, শিঙ নেই, তার পরে দেয়ালে এবং ডদভাবে শৃষ্টে লাখি ছোঁড়াও বদ। তাই মনটাকে খোলসা করবার জন্তে আকাশে নাথা তুলে সে চিঁহি চিঁহি করতে লাগল। তাতে মাছবের ঘুম তেঙে বায় আর পাড়াপড়শিরাও ভাবে, আওয়াজটা তো ঠিক ভক্তিগদ্গদ শোনাছে না। মুধ বদ্ধ করবার অনেকরকম হন্ন বেরোল। কিন্তু, দম বদ্ধ না করলে মুধ তো একেবারে

বন্ধ হয় না। তাই চাপা আওয়াক মুমূর্ব খাবির মতো মাঝে মাঝে বেরোতে থাকে। একদিন সেই আওয়াক গেল ব্রহার কানে। তিনি ধ্যান ভেঙে একবার পৃথিবীর খোলা মাঠের দিকে তাকালেন। সেখানে ঘোড়ার চিহ্ন নেই।

পিতামহ যমকে ডেকে বললেন, "নিশ্চয় তোমারই কীর্তি! আমার গোড়াটিকে নিয়েছ।"

ষম বললেন, "স্পষ্টকর্তা, আমাকেই তোমার যত সন্দেহ। একবার মান্ত্রের পাড়ার দিকে তাকিয়ে দেখো।"

ব্রহ্মা দেখেন, অতি ছোটো জায়গা, চার দিকে পাঁচিল তোলা; তার মাঝখানে দাঁড়িয়ে স্ফীণস্বরে ঘোড়াটি চিঁ হি চিঁ হি করছে।

হাদয় তাঁর বিচলিত হল। মাহ্মহকে বললেন, "আমার এই জীবকে যদি মৃক্তি না দাও তবে বাঘের মতো ওর নথদন্ত বানিয়ে দেব, ও তোমার কোনো কাজে লাগবে না।"

মামূব বললে, "ছি ছি, তাতে হিংস্রতার বড়ো প্রশ্রম দেওয়া হবে। কিন্তু, ঘাই বল, পিতামহ, তোমার এই প্রাণীটি মৃক্তির যোগাই নয়। ওর হিতের ক্ষয়েই অনেক ধরচে আন্তাবল বানিয়েছি। খাদা আন্তাবল।"

ব্রহ্মা ক্ষেদ করে বললেন, "ভকে ছেড়ে দিতেই হবে।"

মাহ্য বললে, "আচ্ছা, ছেড়ে দেব। কিন্তু, সাত দিনের মেয়াদে; ভার পরে যদি বল, ভোমার মাঠের চেয়ে আমার আন্তাবল ওর পক্ষে ভালো নয়, তা হলে নাকে থড দিতে রাজি আছি।"

মাহ্য করলে কী, ঘোড়াটাকে মাঠে দিলে ছেড়ে; কিন্তু, তার সামনের ছুটো পায়ে কষে রশি বাঁধল। তথন ঘোড়া এমনি চলতে লাগল যে, ব্যাঙের চাল তার চেয়ে ক্ষর।

বন্ধা থাকেন স্থদ্র স্বর্গে; তিনি ঘোড়াটার চাল দেখতে পান, তার হাঁটুর বাঁধন দেখতে পান না। তিনি নিজের কীর্তির এই ভাঁড়ের মৃত্যো চালচলন দেখে লক্ষায় লাল হয়ে উঠলেন। বললেন, "ভূল করেছি তো।"

মাহ্য হাত জ্বোড় করে বললে, "এখন এটাকে নিয়ে করি কী। স্বাপনার বন্ধলোকে যদি মাঠ থাকে তো বরঞ সেইখানে রওনা করে দিই।"

বন্ধা ব্যাকুল হয়ে বললেন, "যাও যাও, ফিরে নিয়ে যাও তোমার আন্তাবলে।" মাহাৰ বললে, "আদিদেব, মাহুবের পক্ষে এ যে এক বিষম বোঝা।" বন্ধা বললেন, "সেই তো মাহুবের মহুগুরু।"

# দিপিকা কুর্তার ভূত

বুড়ো কর্তার মরণকালে দেশস্থদ্ধ স্বাই বলে উঠল, "তুমি গেলে আমাদের কী मना हट्य ।"

ভনে তারও মনে ত্বংধ হল। ভাবলে, "আমি গেলে এদের ঠাণ্ডা রাধবে কে।"

ভা ব'লে মরণ ভো এড়াবার ছো নেই। তবু দেবতা দহা করে বললেন, "ভাবনা কী। লোকটা ভূত হয়েই এদের ঘাড়ে চেপে থাক্-না। মামবের মৃত্যু আছে, ভূতের তো মৃত্যু নেই।"

2

দেশের লোক ভারি নিশ্চিম্ব হল।

কেননা ভবিশ্বংকে মানলেই তার জন্তে যত ভাবনা, ভূতকে মানলে কোনো ভাবনাই নেই ; দকল ভাবনা ভূতের মাধার চাপে। অধচ তার মাধা নেই, স্তরাং কারো জন্তে মাথাবাথাও নেই।

তবু च जावरतार यात्रा निरम्ब जावना निरम जावर् यात्र यात्रा वात्र ज्रावर कानमना । त्नरे कानमना ना बाब हाज़ात्ना, তার থেকে ना बाब भानात्ना, তার বিরুদ্ধে ना চলে नालिन, जाद मचल्ब ना चार्छ विठाद ।

দেশখন্ত লোক ভতগ্ৰন্ত হয়ে চোধ বুজে চলে। দেশের তবজানীরা বলেন, "এই চোৰ বুদ্ধে চলাই হচ্ছে অগতের স্বচেৰে আদিম চলা। একেই বলে অদৃষ্টের চালে हना। रुष्टित अथम हक्कीन कीर्राग्वा এই हना हनर ; घारमत्र मर्गा, गारहत मर्गा, আমাও এই চলার আভাস প্রচলিত।"

তনে ভুতগ্ৰন্ত দেশ আপন আদিম আভিদাত্য অমূত্ৰৰ করে। তাতে অত্যস্থ আনন্দ পায়।

ভূতের নারেব ভূতুড়ে জেলধানার লারোগা। সেই জেলধানার দেয়াল চোধে रमश शह ना। **এই क्छा एकटव शास्त्रा शह ना, मिठारक क्टो** करत की छेशार বেরিয়ে যাওয়া সম্ভব।

এই জেলধানায় বে ঘানি নিরম্বর ঘোরাতে হয় তার থেকে এক ছটাক তেল व्यवाद ना वा हाटे विकास्त भारत, व्यवादात मधा व्यविष्य यात्र मान्यव राज्य । সেই তেজ বেরিমে গেলে নামূব ঠাণ্ডা হরে বায়। ভাতে করে ভূতের রাজ্য আর विष्कृहे ना शाक्- बह एहाक, यद एहाक, यादा एहाक- नास्त्रि शाका

কত-বে শান্তি তার একটা দৃষ্টান্ত এই যে, অক্স সব দেশে ভূতের বাড়াবাড়ি ছলেই মাহ্ন্য অস্থির হয়ে ওঝার থোঁজ করে। এখানে সে চিস্কাই নেই। কেননা ওঝাকেই আগেভাগে ভূতে পেয়ে বসেছে।

0

এই ভাবেই দিন চলত, ভূতশাসনতম্ব নিম্নে কারো মনে দিখা জাগত না; চিরকালই গর্ব করতে পারত যে, এদের ভবিশ্রংটা পোষা ভেড়ার মতো ভূতের খোঁটায় বাধা, সে ভবিশ্রং ভাা'ও করে না, ম্যা'ও করে না, চূপ করে পড়ে থাকে মাটিতে, যেন একেবারে চিরকালের মতো মাটি।

কেবল অতি সামান্ত একটা কারণে একটু মুশকিল বাধল। সেটা হচ্ছে এই বে, পৃথিবীর অন্ত দেশগুলোকে ভূতে পায় নি। তাই অন্ত সব দেশে যত ঘানি ঘোরে তার থেকে তেল বেরোয় তাদের ভবিন্ততের রথচক্রটাকে সচল করে রাধবার ক্রন্তে, বুকের রক্ত পিয়ে ভূতের ধর্পরে ঢেলে দেবার জ্ঞে নয়। কাজেই মাহ্য সেধানে একেবারে ক্র্ডিয়ে যায় নি। তারা ভয়ংকর সন্ধাগ আছে।

8

এ দিকে দিব্যি ঠাণ্ডায় ভূতের রাজ্য জুড়ে 'খোকা ঘুমোলো, পাড়া জুড়োলো'।
সেটা খোকার পক্ষে আরামের, খোকার অভিভাবকের পক্ষেও; আর পাড়ার কথা তো বলাই আছে।

किन्छ, 'वर्गि अन प्रत्म'।

नहेल इन त्यत्न ना, हे जिहात्मत भागे। व्योषा हत्यहे थात्क।

দেশে বত শিরোমণি চূড়ামণি আছে স্বাইকে বিজ্ঞাসা করা গেল, "এমন চ্ল কেন।"

ভারা এক বাক্যে শিখা নেড়ে বললে, "এটা ভূভের দোষ নয়, ভূভুড়ে দেশের দোষ নয়, একমাত্র বগিরই দোষ। বর্গি আসে কেন।"

खत मकलाई बनाल, "তা তো वर्षिहै।" अछा ह मासना दांध कहान।

দোষ যারই থাক, বিড়কির আনাচে-কানাচে ঘোরে ভূতের পেরালা, আর সদরের রান্তায়-ঘাটে ঘোরে অভূতের পেরালা; ঘরে গেরন্তর টেকা দার, ঘর থেকে বেরোবারও পথ নেই। এক দিক থেকে এ হাঁকে, "থাজনা দাও।" আর-এক দিক থেকে ও হাঁকে, "থাজনা দাও।" এখন কথাটা দাড়িয়েছে 'বাজনা দেব কিলে'।

এতকাল উত্তর দক্ষিণ পুর পশ্চিম থেকে কাঁকে কাঁকে নানা জাতের বুলবুলি এসে বেবাক ধান খেরে গেল, কারো হ'ল ছিল না। জগতে ধারা হ'লিয়ার এরা তাদের কাছে ঘেঁবতে চায় না, পাছে প্রায়শ্চিম্ভ করতে হয়। কিন্তু, তারা অকলাৎ এদের অত্যম্ভ কাছে ঘেঁবে, এবং প্রায়শ্চিম্ভও করে না। শিরোমণি-চূড়ামণির দল পুঁথি খুলে বলেন, "বেহ'ল ধারা তারাই পবিত্র, হ'লিয়ার ধারা তারাই অগুচি, অতএব হ'লিয়ারদের প্রতি উদাদীন খেকো, প্রবৃদ্ধিব স্বপ্তঃ।"

তনে সকলের অতান্ত আনন্দ হয়।

Q

কিছ, তংগৱেও এ প্ৰশ্নকে ঠেকানো যায় না 'খান্ধনা দেব কিগে'।

শ্মশান থেকে মশান থেকে ঝোড়ো হাওয়ায় হাহা ক'রে তার উত্তর আসে, "আক্র দিয়ে, ইক্ষত দিয়ে, ইমান দিয়ে, বুকের রক্ত দিয়ে।"

প্রশ্নমান্তেরই দোষ এই যে, যখন আসে একা আসে না। তাই আরও একটা প্রশ্ন উঠে পড়েছে, "ভূতের শাসনটাই কি অনস্কর্কাশ চশবে।"

শুনে ঘূমপাড়ানি মাসিপিসি আর মাসতুতো-পিসতুতোর দল কানে হাত দিয়ে বলে, "কী সর্বনাল। এমন প্রস্ন তো বাপের জয়ে শুনি নি। তা হলে সনাতন ঘূমের কী হবে— সেই আদিমতম, সকল আগরণের চেয়ে প্রাচীনতম ঘূমের ?"

প্রশ্নকারী বলে, "নে তে। ব্রাল্ম, কিন্তু আধুনিকতম ব্লব্লির রাক আর উপস্থিততম বলির দল, এদের কী করা যায়।"

মাসিপিসি বলে, "বুলবুলির ঝাঁককে ক্লফনাম শোনাব, আর বর্গির দলকেও।" অর্বাচীনেরা উদ্ধৃত হয়ে বলে ওঠে, "বেমন করে পারি ভূত ছাড়াব।" ভূতের নারেব চোখ পাকিয়ে বলে, "চূপ। এখনো ঘানি অচল হয় নি।" শুনে দেশের খোকা নিশুক হয়, তার পরে পাশ ফিরে শোয়।

18

মোদা কথাটা হচ্ছে, বুড়ো কর্তা বেঁচেও নেই, মরেও নেই, ভূত হয়ে আছে। দেশটাকে দে নাড়েও না, অথচ ছাড়েও না।

বেশের মধ্যে তুটো-একটা **মান্ত্**ব, যারা দিনের বে**ল্ট্রুনা**রেবের ভরে কথা কয় না, ভারা গভীর রাত্তে হাত জোড় করে বলে, "কর্ডা, এখনো কি ছাড়বার সময় হয় নি।" কর্জা বলেন, "ওরে অবোধ, আমার ধরাও নেই, ছাড়াও নেই, তোর। ছাড়লেই আমার ছাড়া।"

তারা বলে, "ভয় করে যে কর্তা।" কর্তা বলেন, "দেইখানেই তো ভূত।"

# <u>তোতাকাহিনী</u>

এক-বে ছিল পাৰি। সে ছিল মুর্ব। সে গান গাহিত, শাস্ত্র পড়িত না। লাফাইত, উড়িত, জানিত না কায়দাকান্ত্রন কাকে বলে।

রাজা বলিলেন, "এমন পাধি তো কাজে লাগে না, অথচ বনের ফল খাইয়া রাজহাটে ফলের বাজারে লোকসান ঘটায়।"

मन्नीत्क छाकिया विनातन, "शाविष्ठात्क निका माछ।"

2

রাজার ভাগিনাদের উপর ভার পড়িল পাথিটাকে শিক্ষা দিবার। পণ্ডিভেরা বসিয়া অনেক বিচার করিলেন। প্রশ্নটা এই, উক্ত জীবের অবিচ্ছার করেন কী।

সিদ্ধান্ত হইল, সামান্ত থড়কুটা দিয়া পাখি যে বাসা বাঁধে সে বাসায় বিদ্যা বেশি ধরে না। তাই সকলের আগে দরকার, ভালো করিয়া খাঁচা বানাইয়া দেওয়া। রাজপণ্ডিতেরা দক্ষিণা পাইয়া খুশি হইয়া বাসায় ফিরিলেন।

Ö

স্থাকরা বসিল সোনার থাঁচা বানাইতে। থাঁচাটা হইল এমন আশুর্ব বে, দেবিবার জন্ত দেশবিদেশের লোক ঝুঁকিয়া পাডিল। কেহ বলে, "শিক্ষার একেবারে হৃদমৃদ্।" কেহ বলে, "শিক্ষা যদি নাও হয়, থাঁচা তো হইল। পাধির কী কপাল।" স্থাকরা থলি বোঝাই করিয়া বকশিশ পাইল। খুশি হইয়া সে তথনি পাড়ি দিল বাড়ির দিকে।

পণ্ডিত বসিলেন পাধিকে বিদ্যা শিধাইতে। নক্ত লইয়া বলিলেন, "অল্প পুঁথির কর্ম নয়।"

ভাগিনা তথন পৃথিলিধকদের তলব করিলেন। তারা পুথির নকল করিয়া এবং

নকলের নকল করিয়া পর্বতপ্রমাণ করিয়া তুলিল। যে দেখিল সেই বলিল, "সাবাস। বিভা আর ধরে না।"

লিপিকরের দল পারিতোষিক লইল বলদ বোঝাই করিয়া। তথনি ঘরের দিকে দৌড় দিল। তাদের সংসারে আর টানাটানি রহিল না।

অনেক দামের থাঁচাটার জান্ত ভাগিনাদের ধবরদারির সীমা নাই। মেরামত তো লাগিয়াই আছে। তার পরে ঝাড়া মোছা পালিশ-করার ঘটা দেখিয়া সকলেই বলিল, "উমতি হইতেছে।"

লোক লাগিল বিশুর এবং তাদের উপর নজর রাখিবার জ্বন্ত লোক লাগিল আরও বিশ্বর। তারা মাস-মাস মুঠা-মুঠা তনখা পাইয়া সিদ্ধুক বোঝাই করিল।

তারা এবং তাদের মামাতো খুড়তুতো মাসতুতো ভাইরা খুলি হইয়া কোঠা-বালাখানায় গদি পাভিয়া বনিল।

8

শংসারে অন্ত অভাব অনেক আছে, কেবল নিন্দুক আছে যথেষ্ট। তারা বলিল, "থাচাটার উন্নতি ছইতেছে, কিন্তু পাবিটার ধবর কেহ রাখে না।"

কথাটা রাজার কানে গেল। তিনি ভাগিনাকে ডাকিয়া বলিলেন, "ভাগিনা, এ কী কথা শুনি।"

ভাগিনা বলিল, "মহারাক্ষ, সভা কথা যদি ভনিবেন ভবে ডাকুন স্ঠাকরাদের, পণ্ডিতদের, লিপিকরদের, ভাকুন ধারা মেরামত করে এবং মেরামত তদারক করিয়া বেড়ায়। নিম্কুকগুলো ধাইতে পায় না বলিয়াই মন্দ কথা বলে।"

জবাব ভনিয়া রাজা অবস্থাটা পরিকার বৃথিলেন, আর তথনি ভাগিনার গলায় গোনার হার চড়িল।

ō

শিকা যে কী ভয়ংকর তেকে চলিতেছে, রাজার ইচ্ছা হইল স্বয়ং দেখিবেন। একদিন ডাই পাত্র মিত্র অমাত্য লইয়া শিকাশালায় তিনি স্বয়ং আগিয়া উপস্থিত।

দেউড়ির কাছে অমনি বাজিল শাঁথ ঘটা চাক ঢোল কাড়া নাকাড়া তুরী ভেরী দামামা কাঁসি বাঁশি কাঁসর খোল করতাল মুদদ অগকদ। পণ্ডিতেরা গলা ছাড়িয়া, টিকি নাড়িয়া, মন্ত্রপাঠে লাগিলেন। মিন্তি বন্ধুর স্তাকরা লিপিকর তদারকনবিশ আর মামাতো পিলতুতো খুড়তুতো এবং মাসতুতো ভাই কয়ধননি তুলিল।

ভাগিনা বলিল, "মহারাজ, কাওটা দেখিতেছেন।"

মহারাজ বলিলেন, "আশ্চর্য। শব্দ কম নয়।" ভাগিনা বলিল, "শুধু শব্দ নয়, পিছনে অর্থও কম নাই।"

রাজা খুলি হইয়া দেউড়ি পার হইয়া যেই হাতিতে উঠিবেন এমন সময়, নিন্দুক ছিল ঝোপের মধ্যে গা ঢাকা দিয়া, সে বলিয়া উঠিল, "মহারাজ, পাধিটাকে দেখিয়াছেন কি।"

রাজার চমক লাগিল; বলিলেন, "ঐ ষা! মনে তো ছিল না। পাথিটাকে দেখা হয় নাই।"

ঞ্চিরিয়া আসিয়া পণ্ডিতকে বলিলেন, "পাথিকে তোমরা কেমন শেখাও ভার কামদাটা দেখা চাই।"

দেখা হইল। দেখিয়া বড়ো খূলি। কায়দাটা পাখিটার চেয়ে এত বেলি বড়ো য়ে, পাখিটাকে দেখাই যায় না; মনে হয়, তাকে না দেখিলেও চলে। রাজা ব্ঝিলেন, আয়োজনের ফাটি নাই। খাঁচায় দানা নাই, পানি নাই; কেবল রালি রালি পুঁথি হইতে রালি রালি পাতা ছিঁড়িয়া কলমের ডগা দিয়া পাখির মূখের মধ্যে ঠাসা হইতেছে। গান তো বছাই, চীংকার করিবার ফাঁকটুকু পর্যন্ত বোজা। দেখিলে লরীরে রোমাঞ্চ হয়।

এবারে রাজা হাতিতে চড়িবার সময় কানমলা-সর্দারকে বলিয়া দিলেন, নিন্দুকের যেন আছা করিয়া কান মলিয়া দেওয়া হয়।

#### W

পাথিটা দিনে দিনে ভত্ত-দম্বর-মত আধমরা হইয়া আসিল। অভিভাবকের। বৃথিল, বেশ আশাজনক। তবু স্বভাবদোষে সকালবেলার আলোর দিকে পাথি চায় আর অক্সায় রকমে পাথা বাট্পট্ করে। এমন-কি, এক-একদিন দেখা যায় সে ভার রোগা ঠোট দিয়া থাঁচার শলা কাটিবার চেষ্টায় আছে।

কোতোয়াল বলিল, "এ की বেয়াদবি।"

তথন শিক্ষামহালে হাপর হাতৃড়ি আগুন লইয়া কামার আসিয়া হাজির। কী লমান্দম পিটানি। লোহার শিকল তৈরি হইল, পাধির ভানাও গেল কাটা।

রাজার সম্বীরা মুধ হাঁড়ি করিয়া মাথা নাড়িয়া বলিল, "এ রাজ্যে পাখিলের কেবল বে আকেল নাই তা নয়, কুডজ্ঞতাও নাই।"

তথন পণ্ডিতেরা এক হাতে কলম, এক হাতে সড়কি লাইরা এমনি কাণ্ড করিল যাকে বলে শিকা। কামারের পসার বাড়িয়া কামারগিন্ধির গাবে সোনাদানা চড়িল এবং কোভোরালের ছঁ শিয়ারি দেখিয়া রাজা ভাকে শিরোপা দিলেন।

9

পাধিটা মরিশ। কোন্কালে বে কেউ তা ঠাহর করিতে পারে নাই। নিন্দুক লন্ধীচাড়া রটাইল, "পাধি মরিয়াছে।"

ভাগিনাকে ভাকিয়া রাজা বলিলেন, "ভাগিনা, এ কী কথা গুনি।"

ভাগিনা বলিল, "মহারাজ, পাখিটার শ্রিকা পুরা হইয়াছে।"

রাজা ভুধাইলেন, "ও কি আর লাফায়।"

ভাগিনা বলিল, "আরে রাম !"

"আর কি **ওড়ে।**"

"ना।"

"আর কি গান গায়।"

"#! I"

"माना ना शाहरण आह कि एक ।"

"ना।"

রাজা বলিলেন, "একবার পার্ষিটাকে আনো তো, দেখি।"

পাধি আসিল। সঙ্গে কোডোয়াল আসিল, পাইক আসিল, ঘোড়সওয়ার আসিল। রাজা পাখিটাকে টিপিলেন, সে হা করিল না, হুঁ করিল না। কেবল তার পেটের মধ্যে পুঁথির শুকনো পাতা ধদ্ধদ্ গঙ্গুগু করিতে লাগিল।

বাছিরে নববসম্ভের দক্ষিণহাওয়ায় কিশলয়গুলি দীর্ঘনিখাসে মুক্লিত বনের আকাশ আকুল করিয়া দিল।

## **ज**म्मा

জানলার ফাঁকে ফাঁকে ব্যোষায় সামনের বাড়ির জীবনযাত্রা। রেখা জার ছেদ, দেখা জার না-দেখা দিয়ে সেই ছবি জাঁকা।

একদিন পড়ার বই পড়ে রইল, বনমালীর চোথ পেল সেই দিকে।

সেদিন দেখে, সে বাড়ির ঘরকরার পুরোনো পটের উপর ছল্পন নতুন লোকের চেহারা। একজন বিধবা প্রবীণা, আর-একটি মেরের বহুস বোলো হবে কি সভেরো।

সেই প্রবীণা জানলার ধারে বলে মেয়েটির চূল বেঁধে দিচ্ছে, আর মেয়ের চোধ বেয়ে জল পড়ছে।

আর-একদিন দেখা গেল, চুল বাধবার লোকটি নেই। নেয়েটি দিনাস্তের শেষ আলোতে ঝুঁকে প'ড়ে বোধ হল যেন একটি পুরোনো ফোটোগ্রাফের ফ্রেম আঁচল দিয়ে মাজছে।

তার পর দেখা যায়, জানলার ছেদগুলির মধ্যে দিয়ে ওর প্রতি দিনের কাজের ধারা—কোলের কাছে ধামা নিয়ে ভাল বাছা, জাতি হাতে স্থপুরি কাটা, সানের পরে বাঁ হাত দিয়ে নেড়ে নেড়ে ভিজে চূল শুকোনো, বারান্দার রেলিঙের উপরে বালাপোষ রোদন্তরে মেলে দেওয়া।

হুপুরবেলায় পুরুষেরা আপিলে; মেয়ের। কেউ বা ঘুমোয়, কেউ বা ভাগ খেলে; ছাতে পায়রার খোপে পায়রাদের বক্বকম্ মিইয়ে আগে।

দেই সময়ে মেয়েটি ছাতের চিলেকোঠায় পা মেশে বই পড়ে; কোনোদিন বা বইয়ের উপর কাগন্ত রেখে চিঠি লেখে, আবাধা চূল কপালের উপরে ধমকে থাকে, আর আঙুল যেন চলতে চলতে চিঠির কানে কানে কথা কয়।

একদিন বাধা পড়ল। সেদিন সে খানিকটা পিখছে চিঠি, খানিকটা ধেলছে কলম নিয়ে, আর আলসের উপরে একটা কাক আধ্যাওয়া আনের আঁঠি টুকরে টুকরে খাচ্ছে।

এমন সময়ে যেন পঞ্চনীর অক্সমনা চাঁদের কোণার পিছনে পা টিপে টিপে একটা মোটা মেঘ এসে দাঁড়ালো। মেষ্টেটি আধাক্ষসি। তার মোটা হাতে মোটা কাঁকন। তার সামনের চল ফাঁক, সেখানে সিঁথির জারগায় মোটা সিঁতর জাঁকা।

বালিকার কোল থেকে তার না-শেষ-করা চিঠিখানা দে আচমকা ছিনিয়ে নিলে। বাজপাথি হঠাৎ পায়রার পিঠের উপর পড়ল।

ছাতে আর নেয়েটিকে দেখা যায় না। কখনো বা গভীর রাতে, কখনো বা স্কালে বিকালে, ঐ বাড়ি থেকে এমন-সব আভাস আসে যার থেকে বোঝা যায়, সংসারটার তলা ফাটিয়ে দিয়ে একটা ভূমিকম্প বেরিয়ে আসবার-জন্তে মাথা ঠুকছে।

এ দিকে জানপার ফাঁকে ফাঁকে চলছে ডাল বাছা আর পান সাজা; ক্ষৰে ক্ষৰে ছুখের কড়া নিয়ে মেয়েটি চলেছে উঠোনে কল্ডলায়।

এমনি কিছুদিন যায়। সেদিন কার্তিক মাসের সন্থাবেলা; ছাদের উপর আকাশ প্রদীপ অলেছে, আন্তাবলের খোঁয়া অন্তার সাপের মত্যো পা্ক দিয়ে আকাশের নিখাস বন্ধ করে দিলে। বনমালী বাইরে থেকে ফিরে এসে বেমনি বরের জানলা খুলল অমনি তার চোথে পড়ল, সেই মেয়েটি ছাদের উপর হাত জ্যোড় করে হির দাঁড়িয়ে। তথন পলির শেষ প্রান্তে মরিকদের ঠাকুরঘরে আরতির কাঁশর ঘণ্টা বাজছে। অনেক কণ পরে ভূমিষ্ঠ হয়ে মেয়েতে মাথা ঠুকে ঠুকে বারবার সে প্রণাম করলে; তার পরে চলে গেল।

সেদিন বনমালী নীচে গিয়েই চিঠি লিখলে। লিখেই নিজে গিয়ে তখনি ডাকবাজে ফেলে দিয়ে এল।

রাত্রে বিছানায় ওয়ে ওয়ে একমনে কামনা করতে লাগল, সে চিঠি যেন না পৌছয়। স্কালবেলায় উঠে সেই বাড়ির দিকে যেন মুখ তুলে চাইতে পারলে না।

लाहे मिनहे वनशामी मधुभूदत हतम ताम ; काथाव ताम काउँदक वरम ताम ना ।

কলেজ খোলবার সময় সময় ফিরে এল। তথন সন্ধাবেলা। সামনের বাড়ির জাগাগোড়া সব বন্ধ, সব জন্ধকার। ওরা সব গেল কোথায়।

वनमानी वरन छेंन, "याक, छारनाई हरब्रह्म।"

ঘরে ঢুকে দেখে ভেন্থের উপরে একরাশ চিঠি। সব-নীচের চিঠির শিরোনাম মেয়েলি হাতের ছাঁদে শেখা, অন্ধানা হাতের অক্ষরে, তাতে পাড়ার পোস্ট-আপিনের ছাপ।

চিঠিখানি হাতে করে দে বদে রইল। লেফাকা খুললে না। কেবল আলোর সামনে তুলে ধরে দেখলে। জানালার ভিতর দিয়ে জীবনবাত্রার বেমন জম্পট ছবি, আবরণের ভিতর দিয়ে তেমনি অম্পট্ট অক্ষর।

একবার খুলতে গেল, তার পরে বাজের মধ্যে চিঠিটা রেখে চাবি বন্ধ করে দিলে; শপথ করে বললে, "এ চিঠি কোনোদিন খুলব না।"

## পট

বে শহরে অভিরাম দেবদেবীর পট আঁকে, সেধানে কারো কাছে তার পূর্বপরিচয় নেই। স্বাই জানে, সে বিদেশী, পট আঁকা তার চিরদিনের ব্যাবসা।

সে মনে ভাবে, "বনী ছিলেম, ধন গিয়েছে, হয়েছে ভালো। দিনরাত দেবভার রূপ ভাবি, দেবভার প্রসাদে ধাই, আর হরে হরে বেবভার প্রতিষ্ঠা করি। আমার এই মান কে কাড়তে পারে।"

এমন সময় দেশের রাজমন্ত্রী মারা গেল। বিদেশ থেকে নতুন এক মন্ত্রীকে রাজা আদর করে আনলে। সেধিন ভাই নিয়ে শহরে ধুব ধুম। কেবল অভিরামের তুলি সেম্বিন চলল না।

নতুন রাজমন্ত্রী, এই তো সেই কুড়িয়ে-পাওয়া ছেলে, যাকে অভিরামের বাপ মামুষ করে নিজের ছেলের চেয়ে বেশি বিখাস করেছিল। সেই বিখাস হল সিঁধকাঠি, তাই দিয়ে বুড়োর সর্বস্থ সে হরণ করলে। সেই এল দেশের রাজমন্ত্রী হয়ে।

বে ঘরে অভিরাম পট আঁকে সেই তার ঠাকুরঘর; সেখানে গিয়ে ছাত জোড় করে বললে, "এই অন্তেই কি এতকাল রেখায় রেখায় রঙে রঙে তোমাকে স্মরণ করে এলেম। এত দিনে বর দিলে কি এই অপমান।"

2

এমন সময় রথের মেল। বসল।

সেদিন নানা দেশের নানা লোক তার পট কিনতে এল, সেই ভিড়ের মধ্যে এল একটি ছেলে, তার আগে পিছে লোক-লশকর।

সে একটি পট বেছে নিয়ে বললে, "আমি কিনব।"

অভিরাম তার নম্বকে জিজাসা করলে, "ছেলেটি কে।"

সে বললে, "আমাদের রাজমন্ত্রীর একমাত্র ছেলে।"

অভিরাম তার পটের উপর কাপড় চাপা দিয়ে বললে, "বেচব না।"

ভনে ছেলের আবদার আরও বেড়ে উঠল। বাড়িতে এসে সে খায় না, মুখ ভার করে থাকে।

অভিরামকে মন্ত্রী থলিভরা মোহর পার্টিয়ে দিলে; মোহরভরা থলি মন্ত্রীর কাছে ফিরে এল।

मद्दी यत्न यत्न वनाम, "এङ वर्ष्ण न्नर्भा !"

অভিরামের উপর যতই উংপাত হতে লাগল ততই লে মনে মনে বললে, "এই আমার জিত।"

О

প্রতিদিন প্রথম সকালেই অভিরাম তার ইইদেবতার একথানি করে ছবি আঁকে। এই তার পূজা, আর কোনো পূজা সে জানে না।

একদিন দেখলে, ছবি তার মনের মতো হয় না। কী বেন বছল হয়ে গেছে। কিছুতে তার ভালো লাগে না। তাকে যেন মনে মারে।

দিনে দিনে সেই ক্ষম বদল সূল হয়ে উঠতে লাগল। একদিন হঠাৎ চমকে উঠে বললে, "ব্যুতে পেরেছি।" আল সে স্পষ্ট দেখলে, দিনে দিনে তার দেবতার মূখ মন্ত্রীর মূখের মতো হয়ে উঠছে।

তুলি মাটিতে ফেলে দিয়ে বললে, "মন্ত্রীরই স্থিত হল।"

সেইদিনই পট নিয়ে গিয়ে মন্ত্রীকে অভিয়াম বললে, "এই নাও গেই পট, ভোষার ছেলেকে দিয়ো।"

यद्री वनात, "क्छ नाम।"

শভিরাম বললে, "আমার দেবতার ধ্যান তৃমি কেড়ে নিরেছিলে, এই পট দিরে সেই ধ্যান ফিরে নেব।"

মন্ত্রী কিছুই বুকতে পারলে না।

## নতুন পুতুল

এই গুণী কেবল পুতুল তৈরি করত; সে পুতুল রাজবাড়ির মেয়েদের খেলার ক্সতঃ।
বছরে বছরে রাজবাড়ির আভিনায় পুতুলের মেলা বলে। সেই মেলায় সকল
কারিগরই এই গুণীকে প্রধান মান দিয়ে এসেছে।

যখন তার বর্গ হল প্রায় চার কুড়ি, এমন সময় মেলায় এক নজুন কারিগর এল। তার নাম কিষণলাল, বয়স তার নবীন, নজুন তার কায়দা।

বে পুতৃদ সে গড়ে তার কিছু গড়ে কিছু গড়ে না, কিছু রঙ দের কিছু বাকি রাথে। মনে হয়, পুতৃদশুলো বেন ফুরোয় নি, বেন কোনোকালে ফুরিয়ে যাবে না।

নবীনের দল বললে, "লোকটা সাহস দেখিরেছে।"

প্রবীণের দল বললে, "একে বলে সাহস ? এ তো স্পর্ধা।"

কিন্তুন কালের নতুন দাবি। এ কালের রাজকন্তারা বলে, "আমাদের এই পুতৃদ চাই।"

गार्वक कारनंत्र अञ्चठरत्रत्रा वरन, "आरत हिः।"

छत्न छारमद्र स्मम व्हर्फ योद ।

বুড়োর লোকানে এবার ভিচ্ন নেই। তার ঝাঁকাভরা পুতৃল যেন থেয়ার অপেকায় ঘাটের লোকের মতো ও পারের দিকে তাকিরে বলে রইল।

এক বছর বার, তু বছর বার, বুড়োর নাম স্বাই ছুলেই গেল। কিবণলাল হল রাজবাড়ির পুতুলহাটের স্থার।

2

বুড়োর মন ভাঙল, বুড়োর দিনও চলে না। শেষকালে তার মেয়ে এলে তাকে বললে, "তুমি আমার বাড়িতে এলো।"

জামাই বললে, "খাও দাও, আরাম করো, আর স্বজির খেত থেকে গোরু বাছুর খেদিয়ে রাখো।"

বুড়োর মেয়ে থাকে অষ্টপ্রহর ঘরকরনার কাজে। তার জামাই গড়ে মাটির প্রদীপ, আর নৌকো বোঝাই করে শহরে নিয়ে যায়।

নতুন কাল এসেছে সে কথা বুড়ো বোঝে না, তেমনিই সে বোঝে না যে, তার নাংনির বয়স হয়েছে যোলো।

যেখানে গাছতলায় ব'লে বুড়ো খেত আগলায় আর ক্ষণে ক্ষণে ঘূনে চুলে পড়ে সেখানে নাথনি গিয়ে তার গলা জড়িয়ে ধরে; বুড়োর বুকের হাড়গুলো পর্যন্ত খুলি হয়ে ওঠে। সে বলে, "কী দাদি, কী চাই।"

नार्शन वरम, "आभारक প्रून गिएरा मान, यागि खनव।"

বুড়ো বলে, "আরে ভাই, আমার পুতুল তোর পছন্দ হবে কেন।"

নাৎনি বলে, "তোমার চেয়ে ভালো পুতুস কে গড়ে গুনি।"

বুড়ো বলে, "কেন, কিষণলাল।"

নাংনি বলে, "ইम्! किश्वलालात माधा।"

হন্দনের এই কথা-কাটাকাটি কডবার হয়েছে। বারে বারে একই কথা।

তার পরে বুড়ো তার ঝুলি থেকে মালমশলা বের করে; চোখে মন্ত গোল চশমাটা আঁটে।

नांश्नित्क वरम, "किञ्च मामि, जूषे। य कारक त्थरव यात्व।"

নাংনি বলে, "দাদা, আমি কাক ভাড়াব।"

বেলা বয়ে যায়; দ্রে ইনারা থেকে বলদে জল টানে, তার শব্দ আসে; নাংনি কাক ভাড়ায়, বুড়ো বলে বলে পুতুল গড়ে।

0

বুড়োর সকলের চেয়ে ভয় তার মেয়েকে। সেই গিন্নির শাসন বড়ো কড়া, তার সংসারে সবাই থাকে সাবধানে।

বুড়ো আন্ত একমনে পুতৃদ গড়তে বসেছে; হ'ল হল না, পিছন থেকে তার মেছে ঘন ঘন হাত হলিয়ে আসছে।

কাছে এসে বধন সে ভাক দিলে তথন চলমাটা চোখ থেকে পুলে নিয়ে অবোধ ছেলের মতো তাকিয়ে রইল।

মেরে বললে, "ছুধ দোওয়া পড়ে থাক্, আর তৃমি স্বভন্রাকে নিয়ে বেলা বইরে দাও। অত বড়ো মেরে, ওর কি পুতুলখেলার বয়ন।"

ৰুড়ো ভাড়াভাড়ি বলে উঠল, "স্ভন্তা খেলবে কেন। এ পুতুল রাজবাড়িতে বেচব। আমার দাদির খেদিন বর আসবে সেদিন তো ওর গলায় মোহরের মালা পরাতে হবে। আমি ভাই টাকা জমাতে চাই।"

মেরে বিরক্ত হরে বললে, "রাজবাড়িতে এ পুতৃল কিনবে কে।"
বুড়োর মাথা হেঁট হয়ে গেল। চুপ করে বলে রইল।
স্কভ্যা মাথা নেড়ে বললে, "দাদার পুতৃল রাজবাড়িতে কেমন না কেনে দেখব।"

8

ছু দিন পরে স্বভন্তা এক কাহন সোনা এনে মাকে বললে, "এই নাও, আমার দাদার পুতুলের দাম।"

মা বললে, "কোথায় পেলি।"

মেয়ে বললে, "রাজপুরীতে গিয়ে বেচে এগেছি।"

বুড়ো হাসতে হাসতে বললে, "দাদি, তবু তো ভোর দাদা এখন চোখে ভালো দেখে না, তার হাত কেঁপে যায়।"

মা খুশি হয়ে বললে, "এমন যোলোটা মোহর হলেই তো স্বভন্তার গলার হার হবে।"

বুড়ো বললে, "তার আর ভাবনা की।"

স্বভন্না বুড়োর গুণা অড়িয়ে ধরে বললে, "নাদাভাই, আমার বরের অন্তে তো ভাবনা নেই।"

বুড়ো হাসতে লাগল, আর চোথ থেকে এক ফোটা অল মুছে ফেললে।

Q

বুড়োর যৌবন বেন ফিরে এল। সে গাছের তলায় বলে পুতৃল গড়ে আর হুভত্তা কাক তাড়ায়, আর দূরে ইনারায় বলদে ক্যা-কোঁ করে অল টানে।

একে একে বোলোটা মোহর গাঁখা হল, হার পূর্ণ হয়ে উঠল। মা বললে, "এখন বর এলেই হয়।"

স্বভন্তা বুড়োর কানে কানে বললে, "বাদাভাই, বর ঠিক আছে।"

দাদা বললে, "বল ভো দাদি, কোথায় পেলি বর।"

স্বভন্তা বললে, "বেদিন রাজপুরীতে গেলেম ঘারী বললে, কী চাও। আমি বললেম, রাজকন্তাদের কাছে পুতৃল বেচতে চাই। সে বললে, এ পুতৃল এখনকার দিনে চলবে না। ব'লে আমাকে ফিরিয়ে দিলে। একজন মাহব আমার কালা দেখে বললে, দাও তো, ঐ পুতৃলের একটু সাজ ফিরিয়ে দিই, বিক্রি হয়ে যাবে। কুসেই মাহবিটকে তুমি যদি পছন্দ কর দাদা, তা হলে আমি তার গলায় মালা দিই।"

বুড়ো জ্বিজ্ঞাদা করলে, "সে আছে কোধার।"

নাংনি বললে, "ঐ যে, বাইরে পিয়ালগাছের তলায়।"

वत्र अन घरत्रत्र मरशा ; बूर्ड़ा वनरन, "अ स किश्यनान ।"

कियनमान बुट्डांत भारवत धुरना निरंश तनरम, "दा, व्याम कियनमान ।"

বুড়ো তাকে বুকে চেপে ধরে বললে, "ভাই, একদিন তুমি কেড়ে নিয়েছিলে আমার হাতের পুতুলকে, আজ নিলে আমার প্রাণের পুতুলটিকে।"

নাংনি বুড়োর গলা ধরে তার কানে কানে বললে, "দাদা, তোমাকে হৃদ্ধ।"

## উপসংহার

ভোজরাজের দেশে যে যেয়েটি ভোরবেলাতে দেবমন্দিরে গান গাইতে যায় সে কুড়িয়ে-পাওয়া মেয়ে।

আচার্য বলেন, "একদিন শেষরাত্তে আমার কানে একধানি হার লাগল। তার পরে সেইদিন যথন সাজি নিয়ে পারুলবনে ফুল তুলতে গেছি তথন এই মেয়েটিকে ফুলগাছতলায় কুড়িয়ে পেলেম।"

সেই অবধি আচার্য মেয়েটিকে আপন তমুরাটির মতে। কোলে নিয়ে মার্ম্ম করেছে;
এর মুখে ধখন কথা ফোটে নি এর গলায় তথন গান জাগল।

আৰু আচাৰ্ষের কণ্ঠ ক্ষীণ, চোধে ভালো দেখেন না। বেছেটি ভাঁকে শিশুর মডো মাহাৰ করে।

কত যুবা দেশ বিদেশ থেকে এই মেয়েটির গান ভনতে আসে। তাই দেখে মাঝে মাঝে আচার্বের বুক কেঁপে ওঠে; বলেন, "যে বোঁটা আলগা হয়ে আসে ফুলটি তাকে ছেড়ে যায়।"

মেয়েটি বলে, "ভোষাকে ছেড়ে আমি এক পলক বাঁচি নে।"

আচার্য তার মাধায় মূথে হাত বুলিয়ে বলেন, "বে গান আন্ধ আমার কঠ ছেড়ে গেল সেই গান তোরই মধ্যে রূপ নিয়েছে। তুই যদি ছেড়ে বাস তা হলে আমার চিরন্ধন্যের সাধনাকে আমি হারাব।"

## 2

দাওনপূর্ণিমায় আচার্বের প্রধান শিক্ত কুমারসেন গুরুর পারে একটি আমের মন্তরী রেখে প্রণাম করলে। বললে, "মাধবীর হারয় পেয়েছি, এখন প্রভুর যদি সম্বতি পাই তা হলে হায়নে মিলে আপনার চরণসেবা করি।"

আচার্থের চোধ দিয়ে জল পড়তে লাগল। বললেন, "আনো দেখি আমার তমুরা। আর, তোমরা ত্ইজনে রাজার মতো, রানীর মতো, আমার সামনে এলে বলো।"

ভমুরা নিয়ে আচার্য গান গাইতে বসলেন। ছলহা-ছলহীর গান, সাহানার হুরে। বললেন, "আছু আমার জীবনের শেষ গান গাব।"

এক পদ গাইলেন। গান আর এগোয় না। বৃষ্টির ফোঁটায় ভেরে-ওঠা জুঁইফুলটির মতো হাওয়ায় কাঁপতে কাঁপতে বদে পড়ে। শেষে তথুরাটি কুমারগেনের হাতে দিয়ে বল্লেন, "২২গ, এই লও আমার যহ।"

ভার পরে মাধবীর হাতথানি ভার হাতে তুলে দিয়ে বললেন, "এই লও আমার প্রাণ।"

তার পরে বললেন, "আমার গানটি ছডনে মিলে শেষ করে দাও, আমি ভনি।"
মাধবী আর কুমার গান ধরলে— সে যেন আফাশ আর পূর্বচাঁদের কণ্ঠ মিলিয়ে
গাওয়া।

#### 0

এমন সময়ে ছারে এল রাজ্ঞন্ত, গান থেমে গেল।

আচার্য কাঁপতে আসন থেকে উঠে জিজাসা করলেন, "মহারাজের কী আদেশ।"

দূত বললে, "ভোমার মেয়ের ভাগ্য প্রশন্তর, মহারাজ তাকে ভেকেছেন।" আচার্য জিজ্ঞাসা করলেন, "কী ইচ্ছা তাঁর।"

দ্ত বললে, "আজ রাত পোয়ালে রাজকক্তা কাথোজে পতিগৃহে যাত্রা করবেন, মাধবী তার দক্ষিনী হয়ে যাবে।"

রাত পোয়ালো, রাদক্তা যাত্রা করলে।

२७।)•

মহিবী মাধবীকে ডেকে বললে, "আমার মেয়ে প্রবাদে গিয়ে যাতে প্রসন্ধ থাকে লে ভার ভোমার উপরে।"

মাধবীর চোখে জল পড়ল না, কিন্তু অনাবৃষ্টির আকাশ থেকে যেন রৌক্র ঠিকরে পড়ল।

8

রাজক্তার ময়্রপংথি আগে যায়, আর তার পিছে পিছে যায় মাধবীর পান্ধি। সে পান্ধি কিংথাবে ঢাকা, তার ছই পাশে পাহারা।

পথের ধারে ধুলোর উপরে ঝড়ে-ভাঙা অশ্বর্ণভালের মতো পড়ে রইলেন আচার্য, আর স্থির হয়ে দাঁড়িয়ে রইল কুমারশেন।

পাথিরা গান গাইছিল পলাশের তালে; আমের বোলের গন্ধে বাতাস বিহবল হয়ে উঠেছিল। পাছে রাজকন্তার মন প্রবাসে কোনোদিন ফাগুনসন্ধ্যায় হঠাৎ নিমেষের জন্ত উতলা হয়, এই চিস্তায় রাজপুরীর লোকে নিখাস ফেললে।

## পুনরাবৃত্তি

সেদিন যুদ্ধের খবর ভালো ছিল না। রাজা বিমর্থ হয়ে বাগানে বেড়াতে গেলেন। দেখতে পেলেন, প্রাচীরের কাছে গাছতলায় বসে খেলা করছে একটি ছোটো ছেলে আর একটি ছোটো মেয়ে।

রাজা তাদের জিজাসা করলেন, "তোমরা কী থেলছ।"
তারা বললে, "আমাদের আজকের থেলা রামদীতার বনবাস।"
রাজা সেধানে বসে গেলেন।
ছেলেটি বললে, "এই আমাদের দণ্ডকবন, এধানে কুটার বাঁধছি।"

ছেলোচ বললে, এই আমাদের দত্তক্বন, এবানে কুচার বাধাছ। সে একরাশ ভাঙা ডালপালা খড় ঘাস স্কুটিয়ে এনেছে, ভারি ব্যস্ত।

আর, মেয়েটি শাক পাতা নিয়ে থেলার হাঁড়িতে বিনা আগুনে রাঁধছে ; রাম খাবেন, তারই আয়োজনে সীতার এক দণ্ড সময় নেই।

রাজা বললেন, "আর তো সব দেখছি, কিন্তু রাক্ষ্য কোথায়।" ছেলেটিকে মানতে হল, তাদের দণ্ডকবনে কিছু কিছু ক্রটি আছে। রাজা বললেন, "আছো, আমি হব রাক্ষ্য।" ছেলেটি তাঁকে ভালো করে দেখলে। তার পরে বললে, "তোমাকে কিন্তু হেরে । যেতে হবে।"

রাজা বললেন, "আমি বুব ভালো হারতে পারি। পরীকা করে দেখো।"

সেদিন রাক্ষ্যবধ এডই স্থচাক্ষরণে হতে লাগল বে, ছেলেটি কিছুতে রাজাকে ছুটি দিতে চায় না। সেদিন এক বেলাতে তাঁকে দশবারোটা রাক্ষ্যের মরণ একলা মরতে হল। মরতে মরতে হাঁপিয়ে উঠলেন।

ত্রেভার্গে পঞ্বটীতে বেমন পাখি ভেকেছিল সেদিন গেখানে ঠিক তেমনি করেই ভাকতে লাগল। ত্রেভার্গে দর্ম পাভার পর্দায় প্রদায় প্রভাত-আলো বেমন কোমল ঠাটে আপন হার বেঁধে নিয়েছিল আজও ঠিক সেই স্থাই বাঁধলে।

রাজার মন থেকে ভার নেমে গেল।

মন্ত্রীকে ডেকে তিনি জিজাদা করলেন, "ছেলে মেয়ে গুট কার।"

মন্ত্রী বললে, "মেয়েটি আমারই, নাম কচিরা। ছেলের নাম কৌলিক, ওর বাপ গরিব আহ্মণ, দেবপুজা করে দিন চলে।"

রাজা বললেন, "যথন সময় হবে এই ছেলেটির সক্ষে ঐ মেয়ের বিবাহ হয়, এই আমার ইচ্ছ:।"

শুনে মন্ত্রী উত্তর দিতে সাহস করলে না, মাথা হেট করে রইল।

## ঽ

দেশে সবচেয়ে যিনি বড়ো পণ্ডিত রাজা তাঁর কাছে কৌশিককে পড়তে পাঠালেন।
যত উচ্চবংশের ছাত্র তাঁর কাছে পড়ে। আর পড়ে ফচিরা।

কৌশিক যেদিন তাঁর পাঠশালায় এল দেদিন অধ্যাপকের মন প্রসন্ন হল না। অক্ত সকলেও লক্ষা পেলে। কিন্ধ, রাজার ইচ্চা।

সকলের চেয়ে সংকট ক্ষতিরার। কেননা, ছেলেরা কানাকানি করে। লক্ষায় তার মুখ লাল হয়, রাগে তার চোখ দিয়ে জল পড়ে।

কৌশিক যদি কখনো তাকে পুঁথি এগিয়ে দেয় সে পুঁথি ঠেলে ফেলে। যদি তাকে পাঠের কথা বলে সে উত্তর করে না।

রুচির প্রতি অধ্যাপকের স্নেহের সীমা ছিল না। কৌশিককে সকল বিষয়ে সে এগিয়ে যাবে এই ছিল তাঁর প্রতিজ্ঞা, ক্ষচিরও সেই ছিল পণ।

মনে হল, সেটা খুব সহজেই ঘটবে, কারণ কৌশিক পড়ে বটে কিন্তু একমনে নয়। ভার সাঁভার কাটতে মন, ভার বনে বেড়াতে মন, সে গান করে, সে ব্যা বাজায়। অধ্যাপক তাকে ভ<্দনা করে বলেন, "বিভায় তোমার অম্বরাগ নেই কেন।"
সে বলে, "আমার অম্বরাগ শুধু বিভায় নয়, আরও নানা জিনিসে।"
অধ্যাপক বলেন, "সে-সব অম্বরাগ ছাড়ো।"
সে বলে, "তা হলে বিভার প্রতিও আমার অম্বরাগ থাকবে না।"

3

এমনি করে কিছু কাল যায়।
রাজা অধ্যাপককে জিজ্ঞানা করলেন, "তোমার ছাত্রের মধ্যে শ্রেষ্ঠ কে।"
অধ্যাপক বললেন, "কচিরা।"
রাজা জিজ্ঞানা করলেন, "আর কৌশিক ?"
অধ্যাপক বললেন, "নে যে কিছুই শিখেছে এমন বোধ হয় না।"
রাজা বললেন, "আমি কৌশিকের সঙ্গে কচির বিবাহ ইচ্ছা করি।"
অধ্যাপক একটু হানলেন; বললেন, "এ যেন গোধ্লির সঙ্গে উষার বিবাহের
প্রস্তাব।"

রাজা মন্ত্রীকে ডেকে বললেন, "ভোমার ক্যার সঙ্গে কৌশিকের বিবাহে বিলম্ব উচিত নয়।"

মন্ত্রী বললে, "মহারাজ, আমার কলা এ বিবাহে অনিচ্ছুক।" রাজা বললেন, "স্থীলোকের মনের ইচ্ছা কি মুখের কথায় বোঝা যায়।" মন্ত্রী বললে, "তার চোখের জলও যে সাক্ষা দিছে।" রাজা বললেন, "সে কি মনে করে কৌশিক তার অযোগ্য।" মন্ত্রী বললে, "হা, সেই কথাই বটে।"

রাজা বললেন, "আমার সামনে তুজনের বিভার পরীক্ষা হোক। কৌশিকের জয় হলে এই বিবাহ সম্পন্ন হবে।"

পরদিন মন্ত্রী রাজাকে এনে বললে, "এই পণে আমার কন্তার মত আছে।"

8

বিচারসভা প্রস্তত। রাজা সিংহাসনে ব'সে, কৌশিক তাঁর সিংহাসনতলে।
স্বয়ং অধ্যাপক কচিকে সঙ্গে করে উপস্থিত হলেন। কৌশিক আসন ছেড়ে উঠে
তাঁকে প্রণাম ও কচিকে নমশ্বার করলে। কচি দৃক্পাত করলে না।

কোনোদিন পাঠশালার রীতিপালনের জন্তেও কৌশিক ক্রচির সংশ তর্ক করে নি।
অন্স ছাত্তেরাও অবজ্ঞা করে তাকে তর্কের অবকাশ দিত না। তাই আল বধন তার

যুক্তির মুখে তীক্ষ বিদ্ধাপ জীরের ফলার আলোর মতো ঝিঁক্মিক্ করে উঠল তথন গুরু বিশ্বিত হলেন, এবং বিরক্ত হলেন। ক্ষচির কপালে ঘাম দেখা দিল, সে বৃদ্ধি স্থির রাখতে পারলে না। কৌশিক তাকে পরাভবের শেষ কিনারায় নিয়ে গিয়ে তবে ছেড়ে দিলে।

ক্রোধে অধ্যাপকের বাক্রোধ হল, আর ক্ষচির চোথ দিয়ে ধারা বেয়ে জল পড়তে লাগল।

त्राका महीरक दनलन, "এখন, विदारहत्र मिन व्हित्र करता।"

কৌশিক আসন ছেড়ে উঠে জোড় হাতে রাজাকে বললে, "ক্মা করবেন, এ বিবাহ আমি করব নাঃ"

রাজ। বিশ্বিত হয়ে বললেন, "জয়লন্ধ পুরস্কার গ্রহণ করবে না ?"
কৌশিক বললেন, "জয় আমারই থাক্, পুরস্কার অক্তের হোক।"
অধ্যাপক বললেন, "মহারাজ, আর এক বছর সময় দিন, তার পরে শেব পরীকা।"
সেই কথাই স্থির হল।

Q

কৌশিক পাঠশালা ত্যাগ করে গেল। কোনোদিন সকালে তাকে বনের ছায়ায়, কোনোদিন সন্ধ্যায় তাকে পাহাড়ের চূড়ার উপর দেখা যায়।

এ দিকে কচির শিক্ষায় অধ্যাপক সমন্ত মন দিলেন। কিন্তু, কচির সমন্ত মন কোপায়।

অধাাপক বিরক্ত হয়ে বদদেন, "এখনও যদি সতর্ক না হও ভবে দ্বিতীয়বার ভোমাকে দক্ষা পেতে হবে।"

বিতীয়বার লক্ষা পাবার জন্তেই বেন সে তপক্তা করতে লাগল। অপর্ণার তপক্তা বেমন অনশনের, ক্ষচির তপক্তা তেমনি অনধ্যায়ের। বড্দর্শনের পুঁথি তার বছই রইল, এমন-কি কাব্যের পুঁথিও দৈবাং ধোলা হয়।

অধ্যাপক রাগ করে বললেন, "কণিল-কণাদের নামে শপথ করে বলছি, আর কথনো খ্রীলোক ছাত্র নেব না। বেদবেদাস্থের পার পেয়েছি, খ্রীফাভির মন ব্রভে পারলেম না।"

একদা মন্ত্রী এনে রাজাকে বললে, "ভবদন্তর বাড়ি থেকে কদ্মার সম্বন্ধ এসেছে। কুলে শীলে ধনে মানে তারা অধিতীয়। মহারাজের সুম্বন্ধি চাই।"

वामा विकामा कदरमन, "कका की वरम।"

মন্ত্রী বললে, "নেয়েদের মনের ইচ্ছা কি মুখের কথায় বোঝা যায়।" রা**জা ভিজ্ঞা**না করলেন, "তার চোখের জল আজ কী রকম সাক্ষ্য দিচ্ছে।" মন্ত্রী চুপ করে রইল।

#### Ŀ

রাজা তাঁর বাগানে এসে বদলেন। মন্ত্রীকে বললেন, "তোমার মেয়েকে আমার কাচে পাঠিয়ে দাও।"

ক্ষচিরা এসে রাজাকে প্রণাম করে দীড়াল। রাজা বললেন, "বংসে, সেই রামের বনবাসের থেলা মনে আছে ?" ক্ষচিরা স্মিতমূথে মাথা নিচু করে দীড়িয়ে রইল।

রাজা বললেন, "আজ সেই রামের বনবাস খেলা আর-একবার দেগতে আমার বড়ো সাধ।"

ক্ষচিরা মুখের এক পাশে আঁচল টেনে চুপ করে রইল।

রাজা বললেন, "বনও আছে, রামও আছে, কিন্তু ওনছি বংগে, এবার দীতার অভাব ঘটেছে। তুমি মনে করলেই দে অভাব পূরণ হয়।"

কৃচিরা কোনো কথা না ব'লে রাজার পায়ের কাছে নত হয়ে প্রণাম করলে। রাজা বললেন, "কিন্তু, বংসে, এবার আনি রাক্ষ্য সাজতে পারব না।" কৃচিরা স্নিশ্ব চক্ষে রাজার মুখের দিকে চেয়ে রইল। রাজা বললেন, "এবার রাক্ষ্য সাজবে তোমাদের অধ্যাপক।"

## সিদ্ধি

স্বর্গের অধিকারে মাসুষ বাধা পাবে না, এই তার পণ। তাই, কঠিন সন্ধানে অমর হবার মন্ত্র সে শিথে নিয়েছে। এপন একলা বনের মধ্যে সেই মন্ত্র সে সাধনা করে।

বনের ধারে ছিল এক কাঠকুড়নি নেয়ে। সে মাঝে মাঝে আঁচলে ক'রে ভার জপ্তে ফল নিয়ে আসে, আর পাতার পাত্রে আনে ঝরনার জল।

ক্রমে তপস্থা এত কঠোর হল যে, ফল সে আর ছোঁয় না, পাখিতে এনে ঠুকরে খেয়ে যায়।

আরও কিছু দিন গেল। তথন ঝরনার জ্বল পাতার পাত্রেই ভকিয়ে যায়, মুখে

কাঠকুড়নি মেরে বলে, "এখন আমি করব কী! আমার সেবা বে বৃথা ছতে চলল।"

তার পর থেকে ফুল তুলে সে তপধীর পারের কাছে রেখে যায়, তপধী জানতেও পারে না।

মধ্যাহ্নে রোদ যখন প্রথর হয় সে আপন আঁচলটি তুলে ধ'রে ছায়া করে দাঁড়িয়ে থাকে। কিন্তু, তপস্থীর কাছে রোদও বা ছায়াও তা।

কৃষ্ণক্ষের রাতে অঞ্জার যথন ঘন হয় কাঠকুড়নি সেখানে জেপে বসে থাকে। তাপদের কোনো ভয়ের কারণ নেই, তবু সে পাহারা দেয়।

#### 2

একদিন এমন ছিল ধ্বন এই কাঠকুড়নির সঙ্গে দেখা ছলে নবীন তপস্থী স্নেছ করে জিজাসা করত, "কেমন স্মান্ত।"

কাঠকুড়নি বলড, "আমার ভালোই কী আর মন্দই কী। কিন্তু, তোমাকে দেখবার লোক কি কেউ নেই। তোমার মা, তোমার বোন ?"

সে বলত, "আছে দবাই, কিন্তু আমাকে দেখে হবে কী। তারা কি আমায় চিরদিন বাঁচিয়ে রাখতে পারবে।"

কাঠকুড়নি বলত, "প্রাণ থাকে না বলেই তো প্রাণের হৃত্তে এত দরদ।"

ভাপদ বলত, "আমি খুঁ জি চিরদিন বাঁচবার পথ। মামুষকে আমি অমর করব।"

এই বলে সে কন্ত কী বলে ষেত; তার নিজের সঙ্গে নিজের কথা, সে কথার মানে বুঝবে কে।

কাঠকুড়নি বুঝত না, কিন্তু আকাশে নবমেঘের ডাকে মযুরীর বেমন হয় তেমনি ভার মন ব্যাকুল হয়ে উঠত।

তার পরে আরও কিছু দিন যায়। তপস্বী মৌন হয়ে এল, মেয়েকে কোনো কথা বলে না।

ভার পরে আরও কিছু দিন যায়। তপস্বীর চোধ বুজে এল, মেয়েটির দিকে চেয়ে দেখে না।

মেষের মনে হল, সে আর ঐ তাপসের মাঝধানে যেন তপস্তার লক্ষ যোক্ষন কোশের দূরত্ব। হান্ধার হান্ধার বছরেও এতটা বিক্ষেদ পার হবে একট্থানি কাছে আসবার আশা নেই।

छ। नाहे वा बहेन जाना। छत् अब काबा जारम; मरन मरन वरन, मिरन अकवाब

ষদি বলেন 'কেমন আছ' তা হলে সেই কথাটুকুতে দিন কেটে যায়, এক বেলা দদি একটু ফল আৰু জল গ্ৰহণ করেন তা হলে অমজল ওর নিজের মুখে রোচে।

O

এ দিকে ইব্রুলোকে খবর পৌছল, মামুষ মর্তকে লঙ্খন করে স্বর্গ পেতে চায়— এত বড়ো স্পর্ধা।

ইন্দ্র প্রকাশ্যে রাগ দেখালেন, গোপনে ভয় পেলেন। বললেন, "দৈত্য স্বর্গ জয় করতে চেয়েছিল বাহুবলে, তার সঙ্গে লড়াই চলেছিল; মান্ত্র স্বর্গ নিতে চায় ত্বংখের বলে, তার কাছে কি হার মানতে হবে।"

মেনকাকে মহেন্দ্র বললেন, "যাও, তপস্তা ভঙ্গ করোগে।"

মেনকা বললেন, "স্থররাজ, স্বর্গের অস্তে মর্ভের মাহ্যকে যদি পরান্ত করেন ভবে ভাতে স্বর্গের পরাভব। মানবের মরণবাণ কি মানবীর হাতে নেই।"

इस वनालन, "त्न कथा मछा।"

8

ফাল্পনমাসে দক্ষিণহাওয়ার লোলা লাগতেই মর্মরিত মাধবীলতা প্রফুল্ল হয়ে ওঠে। তেমনি ঐ কাঠকুড়নির উপরে একদিন নন্দনবনের হাওয়া এসে লাগল, আর তার দেহমন একটা কোন্ উৎক্ষ মাধুর্ষের উল্লেষে উল্লেষে বাধিত হয়ে উঠল। তার মনের ভাবনাগুলি চাকছাড়া মৌমাছির মতো উড়তে লাগল, কোথা তারা মধুগদ্ধ পেয়েছে।

ঠিক সেই সময়ে সাধনার একটা পালা শেষ হল। এইবার তাকে যেতে হবে নির্ধ্বন গিরিগুহায়। তাই সে চোথ মেলল।

সামনে দেখে সেই কাঠকুড়নি মেয়েটি খোপায় পরেছে একটি অশোকের মঞ্জী, আর তার গায়ের কাপড়খানি কুস্তুজ্লে রঙ করা। যেন তাকে চেনা যায় অথচ চেনা যায় না। যেন সে এমন একটি জানা হার যার পদগুলি মনে পড়ছে না। যেন সে এমন একটি ছবি যা কেবল রেখায় টানা ছিল, চিত্রকর কোন্ খেয়ালে কখন এক সময়ে তাতে রঙ লাগিয়েছে।

তাপস আসন ছেড়ে উঠল। বললে, "আমি দৃর দেশে যাব।" কাঠকুড়নি জিজ্ঞাসা করলে, "কেন, প্রস্তু।" তপঝী বললে, "তপন্তা সম্পূর্ণ করবার জন্তে।" কাঠকুড়নি হাত ভোড় করে বললে, "নর্শনের পুণ্য হতে আমাকে কেন বঞ্চিত করবে।"

তপখী আবার আগনে বসন, অনেক কণ ভাবন, আর কিছু বনন না।

Q

তার অন্ধরোধ বেমনি রাগা হল অমনি মেয়েটির বুকের এক ধার থেকে আর-এক ধারে বারে বারে যেন বক্সপ্রচি বিঁধতে লাগল।

সে ভাবলে, "আমি অতি সামান্ত, তব্ আমার কথায় কেন বাধা ঘটবে।"

সেই রাতে পাতার বিছানায় একলা জেগে ব'সে তার নিজেকে নিজের ভয় করতে লাগল।

তার পরদিন সকালে সে ফল এনে দীড়াল, তাপস হাত পেতে নিলে। পাতার পাত্রে জল এনে দিতেই তাপস জল পান করলে। স্বথে তার মন ভরে উঠল।

কিন্তু তার পরেই নদীর ধারে শিরীবগাছের ছায়ায় তার চোখের জ্বল আর ধামতে চায় না। কী ভাবলে কী আনি।

পরদিন সকালে কাঠকুড়নি ভাপসকে প্রণাম করে বললে, "প্রভু, আন্দর্বাদ চাই।"
তপদ্মী ভিজ্ঞাসা করলে, "কেন।"
মেয়েটি বললে, "আমি বহুদ্র দেশে ধাব।"
তপদ্মী বললে, "যাও, ভোমার সাধনা সিদ্ধ হোক।"

Ġ

একদিন ভপক্তা পূর্ণ হল।
ইন্দ্র এসে বললেন, "মর্গের অধিকার তুমি লাভ করেছ।"
তপন্ধী বললে, "তা হলে আর মর্গে প্রয়োজন নেই।"
ইন্দ্র জিজাসা করলেন, "কী চাও।"
তপন্ধী বললে, "এই বনের কাঠকুড়নিকে।"

## প্রথম চিঠি

বধ্র সব্দে তার প্রথম মিলন, আর তার পরেই সে এই প্রথম এসেছে প্রবাসে।
চলে ধখন আসে তখন বধ্র লুকিয়ে কান্নাটি ঘরের আয়নার মধ্যে দিয়ে চকিতে ওর
চোখে পড়ল।

यन वलाल, "किति, पृटी। कथा वरण जानि।"

কিছ, সেটুকু সময় ছিল না।

সে দূরে আসবে ব'লে একজনের ছটি চোধ বয়ে জল পড়ে, তার জীবনে এমন সে আর-কখনো দেখে নি।

পথে চলবার সময় তার কাছে পড়স্ত রোদ্হরে এই পৃথিবী প্রেমের ব্যথায় ভরা হয়ে দেখা দিল। সেই অসীম ব্যথার ভাগুরে তার মতো একটি মাহ্নষেরও নিমন্ত্রণ আছে, এই কথা মনে করে বিশ্বয়ে তার বুক ভরে উঠল।

ধেখানে সে কাজ করতে এসেছে সে পাহাড়। সেথানে দেবদাকর ছায়। বেয়ে বাঁকা পথ নীরব মিনভির মতো পাহাড়কে জড়িয়ে ধরে, আর ছোটো ছোটে। ঝরনা কাকে যেন আড়ালে আড়ালে খুঁজে বেড়ায় লুকিয়েচুরিয়ে।

আয়নার মধ্যে যে ছবিটি দেখে এসেছিল আছ প্রকৃতির মধ্যে প্রবাদী দেই ছবিরই আভাস দেখে, নববধ্র গোপন ব্যাকুলতার ছবি।

2

আজ দেশ থেকে তার স্থীর প্রথম চিঠি এল।

লিখেছে, "তুমি কবে ফিরে আসবে। এগো এসো, শীঘ এসো। ভোমার ছটি পারে পড়ি।"

এই আসায়াওয়ার সংসারে তারও চলে যাওয়া আর তারও ফিরে আসার যে এত দাম ছিল, এ কথা কে জানত। সেই হুটি আতুর চোথের চাউনির সামনে সে নিজেকে দাঁড় করিয়ে দেখলে, আর তার মন বিশ্বয়ে ভরে উঠল।

ভোরবেলায় উঠে চিঠিগানি নিয়ে দেবদারুর ছায়ায় সেই বাঁকা পথে সে বেড়াতে বেরোল। চিঠির পরশ ভার ছাতে লাগে আর কানে ধেন সে শুনতে পায়, "ভোমাকে না দেখতে পেয়ে আমার জগতের সমস্ত আকাশ কারায় ভেসে গেল।"

ষনে মনে ভাবতে লাগল, "এত কারার মূল্য কি আমার মধ্যে আছে।"

•

এমন সময় সূর্য উঠল পূর্বদিকের নীল পাহাড়ের শিখরে। দেবদারুর শিশিরভেকা পাতার ঝালরের ভিতর দিয়ে আলো ঝিল্মিল্ করে উঠল।

হঠাৎ চারটি বিদেশিনী নেয়ে ছই কুকুর সঙ্গে নিয়ে রাজার বাঁকের মুখে ভার সামনে এসে পড়ল। কী জানি কী ছিল ভার মুখে, কিম্বা ভার সাজে, কিম্বা ভার চালচলনে— বড়ো নেয়েছটি কৌতুকে মুখ একটুখানি বাঁকিয়ে চলে গেল। ছোটো মেয়েছটি হাসি চাপবার চেঠা করলে, চাপতে পারলে না; ছজনে ছজনকে ঠেলাঠেলি করে খিল্খিল্ করে হেসে ছুটে গেল।

কঠিন কৌতুকের হাঁসিতে ঝরনাগুলিরও হ্বর ফিরে গেল। তারা হাততালি দিবে উঠল। প্রবাসী মাথা হেঁট করে চলে আর ভাবে, "আমার দেখার মূল্য কি এই হাসি।"

নেদিন রান্তায় চলা তার আর হল না। বাসায় ফিরে গেল, একলা ঘরে বসে চিঠি-ধানি খুলে পড়লে, "তুমি কবে ফিরে আসবে। এসো, এসো, শীঘ্র এসো, তোমার ভূটি পারে পড়ি।"

## রথযাত্রা

রথষাত্রার দিন কাছে।
ভাই রানী রাজাকে বললে, "চলো, রথ দেখতে যাই।"
রাজা বললে, "আচ্চা।"

ঘোড়ালাল থেকে ঘোড়া বেরোল, হাতিশাল থেকে হাতি। মযুরপংথি ঘায় সারে সারে, আর বন্ধম হাতে সারে সারে সিপাইসাত্রি। দাসদাসী দলে দলে পিছে পিছে চলল।

কেবল বাকি রইল একজন। রাজবাড়ির ঝাঁটার কাঠি কুড়িয়ে আনা তার কাজ।
পর্নার এসে দয়া করে তাকে বললে, "ওরে, তুই যাবি ভো আয়।"
সে হাত জোড় করে বললে, "আমার যাওয়া ঘটবে না।"
রাজার কানে কথা উঠল সবাই সকে যায়, কেবল সেই জুঃখীটা যায় না।
রাজা দয়া করে মন্ত্রীকে বললে, "ওকেও ডেকে নিয়ো।"
রাজার ধারে তার বাড়ি। হাতি ধধন সেইখানে পৌছল মন্ত্রী তাকে ডেকে বললে,
"ওরে ছঃখী, ঠাকুর দেখবি চল্।"

সে হাত জ্বোড় করে বলল, "কত চলব। ঠাকুরের ছয়ার পর্যন্ত পৌছই এমন সাধ্য কি আমার আছে।"

सभी दलल, "जर्दनान ! त्रामात १४ कि स्वामात १४ ।"
सभी दलल, "गर्दनान ! त्रामात १४ कि स्वामात १४ ।"
सभी दलल, "उद्दर जोत जेशा १ जात जाता कि तथसाता एका घटेंदि ना ।"
रम दलल, "घटेंदि दहें कि । श्रीकृत जो तथ करतहें स्वामात स्वादत स्वारम ।"
सभी दलल जेशेन । दलल, "जात स्वादत तथात विरू कहें।"
इश्वी दलल, "जात तथात विरू भए ना ।"
सभी दलल, "कन दल् जा।"
इश्वी दलल, "जिन स सारमन श्रूष्णकद्रथ ।"
मभी दलल, "कहें दि रमहें तथ।"
इश्वी दिश्व दिल, जात द्वादत इहें भार्य इति स्वर्यम्वी कृति स्वाह ।

## সওগাত

পুজার পরব কাছে। ভাণ্ডার নানা সামগ্রীতে ভরা। কত বেনারসি কাপড়, কত সোনার অলংকার; আর ভাণ্ড ভ'রে কীর দই, পাত্র ভ'রে মিষ্টার।

মা সওগাত পাঠাচ্ছেন।

বড়োছেলে বিদেশে রাজসরকারে কান্দ করে; মেজোছেলে সওদাগর, ঘরে থাকে না; আর-কয়টি ছেলে ভাইয়ে ভাইয়ে ঝগড়া ক'রে পৃথক পৃথক বাড়ি করেছে; কুটুম্বরা আছে দেশে বিদেশে ছড়িয়ে।

কোলের ছেলেটি সদর দরজায় দাঁড়িয়ে সারা দিন ধরে দেখছে, ভারে ভারে সংগাত চলেছে, সারে সারে দাসদাসী, থালাগুলি রঙবেরঙের ক্ষমালে ঢাকা।

দিন ফুরোল। সওগাত সব চলে গেল। দিনের শেষনৈবেক্ষের গোনার ভালি নিম্নে স্থান্তের শেষ আভা নক্ষত্রলোকের পথে নিক্ষেণ হল।

ছেলে ঘরে ফিরে এসে মাকে বললে, "মা, স্বাইকে তুই স্ওগান্ত দিলি, কেবল আমাকে না।"

মা হেসে বললেন, "স্বাইকে স্ব দেওয়া হয়ে গেছে, এখন ভোর জল্পে কী বাকি রইল এই দেখ্।"

এই বলে ভার কপালে চুম্বন করলেন।

ছেলে কাঁদোকাঁদো হুরে বললে, "সওগাত পাব না ?"
"বধন দূরে যাবি তখন সওগাত পাবি।"

"আর, যখন কাছে থাকি তথন ভোর হাতের জিনিস দিবি নে ?"

মা তাকে ছ হাত বাড়িয়ে কোলে নিলেন; বললেন, "এই তো স্থামার হাতের জিনিস।"

# মুক্তি

বিরহিণী তার ফুলবাগানের এক ধারে বেদী সাজিয়ে তার উপর মৃতি গড়তে বসল। তার মনের মধ্যে যে মাহ্যটি ছিল বাইরে তারই প্রতিরূপ প্রতিদিন একটু একটু করে গড়ে, আর চেয়ে চেয়ে চেয়ে দেখে, আর ভাবে, আর চোধ দিয়ে জল পড়ে।

কিছ, যে রূপটি একদিন তার চিত্তপটে স্পষ্ট ছিল তার উপরে ক্রনে যেন ছায়া পড়ে আসছে। রাতের বেলাকার পদ্মের মতো স্বৃতির পাপড়িগুলি অল্প অল্প করে যেন মুদে এল।

মেষেটি তার নিজের উপর রাগ করে, লক্ষা পায়। সাধনা তার কঠিন হল, ফল খায় আর জল খায়, আর তুপশয়ায় পড়ে থাকে।

মৃতিটি মনের ভিতর থেকে গড়তে গড়তে সে আর প্রতিমৃতি রইল না। মনে হল, এ যেন কোনো বিশেষ মাছ্যের ছবি নয়। যতই বেশি চেষ্টা করে ততই বেশি তফাত হয়ে যায়।

মৃতিকে তথন সে গছনা দিয়ে সান্ধাতে থাকে, একশো এক পদ্মের ডালি দিয়ে পুন্ধো করে, সন্ধেবেলায় তার সামনে গছতৈলের প্রদীপ আলে— সে প্রদীপ সোনার, সে তেলের অনেক দাম।

দিনে দিনে গমনা বেড়ে ওঠে, পুজোর সামগ্রীতেই বেদী ঢেকে যায়, মৃতিকে দেখা যায় না।

2

এক ছেলে এনে ভাকে বললে, "আমরা ধেলব।"
"কোথায়।"

"এখানে, যেখানে ভোমার পুতৃদ দান্ধিয়েছ।"
মেয়ে তাকে হাকিয়ে দেয়; বলে, "এখানে কোনোদিন খেলা হবে না।"

আর-এক ছেলে এসে বলে, "আমরা ফুল তুলব।"
"কোপায়।"
"এবে, তোমার পুতুলের ঘরের শিয়রে যে চাঁপাগাছ আছে ঐ গাছ থেকে।"
মেরে তাকে তাড়িয়ে দেয়; বলে, "এ ফুল কেউ ছুঁতে পাবে না।"
আর-এক ছেলে এসে বলে, "প্রদীপ ধরে আমাদের পথ দেখিয়ে দাও।"
"প্রদীপ কোথায়।"

"ঐ বেটা তোমার পুত্লের ঘরে জাল।"
মেয়ে তাকে তাড়িয়ে দেয়; বলে, "ও প্রনীপ ওখান থেকে সরাতে পারব না।"

9

এক ছেলের দল বায়, আর-এক ছেলের দল আসে।
মেয়েটি শোনে তাদের কলরব, আর দেখে তাদের নৃত্য। ক্ষণকালের জন্ম অন্যমনশ্ব
হয়ে যায়। অমনি চমকে ওঠে, লক্ষা পায়।

रमनात्र पिन काट्छ धन।

भाषात्र तृष्णां धरम दनल, "वांছा, रमना प्रभए यादि ता?"

रमस्य दनल, "भामि काथा थाव ना।"

मिन्नी धरम दनल, "ग्ला, रमना प्रभवि छन्।"

रमस्य दनल, "भामात्र ममस्र ताहे।"

रहारिंग व्हलिंग धरम दनला, "भामात्र मस्य निरम्न स्मात्र हर्मा-ना।"

रमस्र दनला, "स्रास्त भारत ना, धहेशात्म दा भामात्र मुख्ना।"

8

একদিন রাত্রে ঘুনের মধ্যেও সে যেন শুনতে পেলে সম্ভ্রগর্জনের মতো শব্দ। দলে দলে দেশবিদেশের লোক চলেছে— কেউ বা রথে, কেউ বা পায়ে হেঁটে; কেউ বা বোঝা ফেলে দিয়ে।

সকালে ধর্ষন সে জেগে উঠল তথন যাত্রীর গানে পাধির গান আর শোনা ধার না। ওর হঠাৎ মনে হল, 'আমাকেও মেতে হবে।'

অমনি মনে পড়ে গেল, 'আমার যে পুছে। আছে, আমার তো বাবার জো নেই।' তথনি ছুটে চলল তার বাগানের দিকে যেখানে মূর্তি সাজিয়ে রেখেছে। গিয়ে দেখে, মূর্তি কোধায়! বেদীর উপর দিয়ে পথ হয়ে গেছে। লোকের পরে লোক চলে, বিশ্রাম নেই। "এইখানে বাকে বসিয়ে রেখেছিলেম সে কোথায়।" কে তার মনের মধ্যে বলে উঠল, 'বারা চলেছে তালেরই মধ্যে।' এমন সময় ছোটো ছেলে এসে বললে, "আমাকে হাতে ধরে নিয়ে চলো।" "কোথায়।"

ছেলে বললে, "মেলার মধ্যে তুমিও যাবে না ?" মেয়ে বললে, "হা, আমিও যাব।"

ষে বেদীর সামনে এসে সে বসে থাকত সেই বেদীর উপর হল তার পথ, আর মৃতির মধ্যে যে ঢেকে গিয়েছিল সকল যাত্রীর মধ্যে তাকে পেলে।

## পরীর পরিচয়

রাজপুত্তের বয়স কুড়ি পার হয়ে যায়, দেশবিদেশ থেকে বিবাহের সম্বন্ধ আসে।

ঘটক বললে, "বাহনীকরান্ধের মেয়ে রূপনী বটে, যেন সাদা গোলাপের পুস্পর্টি।"
রাজপুত্র মুথ ফিরিয়ে থাকে, জবাব করে না।

দৃত এনে বলগে, "গাছাররাজের মেষের অংক অংক লাবণ্য ফেটে পড়ছে, যেন শ্রাকালতায় অঃধুরের গুচ্ছ।"

রাজপুত্র শিকারের ছলে বনে চলে যায়। দিন যায়, সপ্তাহ যায়, ফিরে আসে না।
দৃত এনে বললে, "কামোজের রাজকন্তাকে দেখে এলেম; ভোরবেলাকার দিগস্তরেখাটির মডো বাঁকা চোখের পন্নব, শিশিরে ন্নিয়, আলোতে উজ্জল।"

রাজপুত্র ভর্তৃহরির কাব্য পড়তে লাগল, পুঁথি থেকে চোথ তুলল না। রাজা বললে, "এর কারণ? ভাকো দেখি মন্ত্রীর পুত্রকে।"

মন্ত্রীর পুত্র এল। রাজা বললে, "তুমি তো আমার ছেলের মিতা, সত্য করে বলো, বিবাহে তার মন নেই কেন।"

যন্ত্রীর পুত্র বললে, "নহারাজ, বধন থেকে ভোমার ছেলে পরীস্থানের কাহিনী শুনেছে সেই অবধি ভার কামনা, সে পরী বিশ্বে করবে।"

2

রাজার হকুন হল, পরীস্থান কোথায় খবর চাই।

বড়ো বড়ো পণ্ডিত ডাকা হল, যেখানে যত পুঁপি আছে ডারা স্ব খুলে দেখলে। মাধা নেড়ে বললে, পুঁথির কোনো পাডায় পরীস্থানের কোনো ইশারা মেলে না। তথন রাজসভায় সওদাগরদের ডাক পড়ল। তারা বললে, "সমুদ্র পার হয়ে কত দীপেই ঘুরলেম— এলাদীপে, মরীচদীপে, লবঙ্গলভার দেশে। আমরা গিয়েছি মলয়দীপে চন্দন আনতে, মুগনাভির সন্ধানে গিয়েছি কৈলাসে দেবদারুবনে। কোথাও পরীস্থানের কোনো ঠিকানা পাই নি।"

রাজা বললে, "ডাকো মন্ত্রীর পুত্রকে।"

মন্ত্রীর পূত্র এল। রাজা তাকে ক্বিজ্ঞাসা করলে, "পরীস্থানের কাহিনী রাজপূত্র কার কাছে জনেছে।"

মন্ত্রীর পুত্র বললে, "সেই যে আছে নবীন পাগলা, বাঁলি ছাতে বনে বনে ঘুরে বেড়ায়, শিকার করতে গিয়ে রাজপুত্র ভারই কাছে পরীস্থানের গল্প শোনে।"

রাজা বললে, "আক্সা, ভাকো তাকে।"

নবীন পাগলা এক মুঠো বনের ফুল ভেট দিয়ে রাছার সামনে দাড়াল। রাজা তাকে জিজাসা করলে, "পরীস্থানের খবর তুমি কোধায় পেলে।"

নে বললে, "সেধানে তো আমার সদাই যাওয়া আসা।"

রাজা জিজাদা করলে, "কোথায় দে জায়গা।"

পাগলা বললে, "ভোমার রাজ্যের সীমানায় চিত্রগিরি পাহাড়ের তলে, কাম্যক-সরোবরের ধারে ৷"

दोका किकांगा कदल, "महेथात भदी स्पर्ध गाउँ ?"

পাগলা বললে, "দেখা যায়, কিন্তু চেনা যায় না। তারা ছন্মবেশে থাকে। কগনো কখনো যখন চলে যায় পরিচয় দিয়ে যায়, আর ধরবার পথ থাকে না।"

त्राका किकांगा क्यरन, "ठूमि जारनत रहन की छेलारा।"

পাগলা বললে, "কথনো বা একটা হর ভনে, কখনো বা একটা আলো দেখে।"

রাজা বিরক্ত হয়ে বললে, "এর আগাগোড়া সমস্তই পাগলামি, একে তাড়িয়ে দাও।"

Ø

পাগলার কথা রাজপুত্রের মনে গিয়ে বাজল।

ফান্তনমাসে তথন ডালে ডালে শালফুলে ঠেলাঠেলি, স্বার শিরীষকুলে বনের প্রান্ত শিউরে উঠেছে। রাজপুত্র চিত্রগিরিতে একা চলে গেল।

गवारे जिल्लामा कत्राम, "काथाइ याच्छ ।"

সে কোনো জবাব করলে না।

গুহার ভিতর দিরে একটি ঝরনা ঝরে আসে, সেটি গিয়ে মিলেছে কাম্যকসরোবরে; গ্রামের লোক তাকে বলে উদাসঝোরা। সেই ঝরনাতলায় একটি পোড়ো মন্দিরে রাজপুত্র বাসা নিলে।

এক মাস কেটে গোল। গাছে গাছে যে কচিপাতা উঠেছিল তাদের রঙ ঘন হয়ে আসে, আর করাফুলে বনপথ ছেয়ে যায়। এমন সময় একদিন ভোরের স্বপ্নে রাজপুত্রের কানে একটি বাশির হয় এল। জেগে উঠেই রাজপুত্র বললে, "আজ পাব দেখা।"

8

তথনি ঘোড়ায় চড়ে ঝরনাধারার তীর বেয়ে চলল, পৌছল কাম্যকসরোবরের ধারে। দেখে, দেখানে পাছাড়েদের এক মেয়ে পদ্মবনের ধারে বলে আছে। ঘড়ায় ভার জল ভরা, কিন্তু ঘাটের থেকে সে ওঠে না। কালো মেয়ে কানের উপর কালো চুলে একটি শিরীষফুল পরেছে, গোধ্লিতে যেন প্রথম ভারা।

রাজপুত্র ঘোড়া থেকে নেমে তাকে বললে, "ভোমার ঐ কানের শিরীযফুলটি আমাকে দেবে ?"

বে হরিণী ভয় জানে না এ বৃঝি সেই হরিণী। ঘাড় বৈকিয়ে একবার সে রাজপুত্রের মুখের দিকে চেয়ে দেখলে। তখন তার কালো চোখের উপর একটা কিসের ছায়া আরও ঘন কালো হয়ে নেনে এল— ঘুনের উপর ঘেন শ্বপ্ন, দিগত্তে ঘেন প্রথম প্রাবণের সঞ্চার।

মেষেটি কান থেকে ফুল খনিষে রাজপুত্রের হাতে দিয়ে বললে, "এই নাও।" রাজপুত্র তাকে জিজ্ঞানা করলে, "তুমি কোন পরী আমাকে সভা করে বলো।"

ন্তনে একবার মূপে দেখা দিল বিশ্বয়, তার পরেই আদ্মিনমেদের আচমকা বৃষ্টির মতো তার হাসির উপর হাসি, লে আর থামতে চায় না।

রাজপুত্র মনে ভাবল, "অপু বৃঝি ফলল— এই হাসির হুর যেন সেই বাশির হুরের সংক্ষ মেলে।"

রাজপুত্র ঘোড়ায় চড়ে ছই হাড বাড়িয়ে দিলে; বললে, "এলো।"

সে তার হাত ধরে ঘোড়ায় উঠে পড়ল, একটুও ভাবল না। তার জলভরা ঘড়া ঘাটে রইল পড়ে।

শিরীষের ভাল থেকে কোফিল ভেকে উঠল, কুছ কুছ কুছ বৃছ। রাজপুত্র মেয়েটিকে কানে কানে জিজ্ঞাসা করলে, "ভোমার নাম কী।" সে বললে, "আমার নাম কাজরী।"

**34177** 

উদাসঝোরার ধারে তুজনে গেল সেই পোড়ো মন্দিরে। রাজপুত্র বললে, "এবার তোমার ছদ্মবেশ ফেলে দাও।"

লে বললে, "আমরা বনের মেয়ে, আমরা তো ছন্মবেশ জানি নে।" রাজপুত্র বললে, "আমি যে তোমার পরীর মৃতি দেখতে চাই।"

পরীর মৃতি! আবার সেই হাসি, হাসির উপর হাসি। রাজপুত্র ভাবলে, "এর হাসির স্থর এই ঝরনার স্থরের সঙ্গে মেলে, এ আমার এই ঝরনার পরী।"

đ

রাজার কানে খবর গেল, রাজপুত্তের দক্ষে পরীর বিয়ে হয়েছে। রাজবাড়ি থেকে ঘোড়া এল, হাতি এল, চতুর্দোলা এল।

কান্ধরী জিজ্ঞাসা করলে, "এসব কেন!"

রাজপুত্র বললে, "ভোমাকে রাজবাড়িতে যেতে হবে।"

তথন তার চোথ ছল্ছলিয়ে এল। মনে পড়ে গেল, তার ঘড়া পড়ে আছে সেই জলের ধারে; মনে পড়ে গেল, তার ঘরের আঙিনায় ভকোবার জন্মে ঘাসের বীজ মেলে দিয়ে এসেছে; মনে পড়ল, তার বাপ আর ভাই শিকারে চলে গিয়েছিল, তাদের ফেরবার সময় হয়েছে; আর মনে পড়ল, তার বিয়েতে একদিন যৌতুক দেবে ব'লে তার মা গাছতলায় তাঁত পেতে কাপড় বুনছে, আর গুন্গুন্ করে গান গাইছে।

সে বললে, "না, আমি যাব না।"

কিন্তু ঢাক ঢোল বেন্দ্রে উঠল; বাজল বাঁলি, কাঁলি, দামামা— ওর কথা লোনা গেল না।

চতুর্দোলা থেকে কাজরী যথন রাজবাড়িতে নামল, রাজমহিষী কপাল চাপড়ে বললে, "এ কেমনতরো পরী।"

রাজার মেয়ে বললে, "ছি, ছি, কী লক্ষা।"
মহিষীর দাসী বললে, "পরীর বেশটাই বা কী রকম।"
রাজপুত্র বললে, "চুপ করো, তোমাদের ঘরে পরী ছন্মবেশে এসেছে।"

0

দিনের পর দিন যায়। রাজপুত্র জ্যোৎসারাত্রে বিছানায় জেগে উঠে চেয়ে দেখে, কাজরীর ছদ্মবেশ একটু কোথাও থসে পড়েছে কিনা। দেখে যে, কালো মেয়ের কালো চুল এলিয়ে গেছে, আর তার দেহ্থানি যেন কালো পাথরে নিথুত করে খোদা একটি প্রতিমা। রাম্বপুত্র চূপ করে বসে ভাবে, "পরী কোধায় লুকিয়ে রইল, শেষরাতে অন্ধকারের আড়ালে উষার মতো।"

রামপুত্র ঘরের লোকের কাছে লক্ষা পেলে। একদিন মনে একটু রাগও হল। কাজরী সকালবেলায় বিছানা ছেড়ে ধধন উঠতে যায় রাম্বপুত্র শক্ত করে তার হাড চেপে ধরে বললে, "আজ তোমাকে ছাড়ব না— নিজরপ প্রকাশ করো, আমি দেখি।"

এমনি কথাই ভনে বনে যে হাসি হেসেছিল সে হাসি আর বেরোল না। দেখতে দেখতে হুই চোখ কলে ভরে এল।

রাজপুত্র বললে, "তুমি কি আনায় চিরদিন ফাঁকি দেবে।"

গে বললে, "না, আর নয়।"

· রাজপুত্র বললে, "তবে এইবার কাতিকী পূর্ণিমায় পরীকে যেন সবাই দেখে।"

9

পুর্ণিমার চাঁদ এখন মাঝগগনে। রাজবাড়ির নহবতে মাঝরাতের হুরে ঝিমি ঝিমি তান লাগে।

রাজপুত্র বরসঞ্চা প'রে হাতে বরণমালা নিয়ে মহলে চুকল; পরীবৌরের সঞ্চে আজ হবে তার শুভদুষ্টি।

শয়ন্যরে বিছানায় সাদা আন্তরণ, তার উপর সাদা কুন্দফুল রাশ-করা; আর উপরে জানলা বেয়ে জ্যোৎসা পড়েছে।

আর, কাজরী ?

দে কোথাও নেই।

তিন প্রহরের বাঁশি বাজল। চাঁদ পশ্চিমে হেলেছে। একে একে কুটুমে ঘর ভরে গেল।

পরী কই।

রা**জপুত্র বললে,** "চলে গিয়ে পরী আপন পরিচয় দিয়ে যায়, আর তথন তাকে পাওয়া যায় না।"

## প্রাণমন

আমার জানলার গামনে রাঙা মাটির রাস্তা।

ওখান দিয়ে বোঝাই নিয়ে গোরুর গাড়ি চলে; গাঁওতাল মেয়ে খড়ের আঁটি মাথায় করে হাটে যায়, সন্মাবেলায় কলহাতে ঘরে ফেরে।

किन्त, मान्यरात क्लांकरनत भर्ष आक आमात मन महे।

জীবনের যে ভাগটা অন্থির, নানা ভাবনায় উদ্বিগ্ন, নানা চেষ্টায় চঞ্চল, পেটা আজ ঢাকা পড়ে গেছে। শরীর আজ রুগুণ, যন আজ নিরাসক্ত।

তেউষের সমুদ্র বাহিরতলের সমুদ্র; ভিতরতলে যেখানে পৃথিবীর গভীর গর্ভশায়া তেউ সেখানকার কথা গোলমাল করে ভূলিয়ে দেয়। তেউ যখন থামে তখন সমুদ্র আপন গোচরের সঙ্গে অগোচরের, গভীরতলের সঙ্গে উপরিতলের অথও এক্যে শুরু হয়ে বিরাক্ত করে।

তেমনি আমার সচেষ্ট প্রাণ যথনি ছুটি পেল, তখনি সেই গভীর প্রাণের মধ্যে স্থান পেলুম যেথানে বিশের আদিকালের লীলাক্ষেত্র।

পথ-চলা পথিক যত দিন ছিলুম তত দিন পথের ধারের ঐ বটগাছটার দিকে ভাকাবার সময় পাই নি; আজ পথ ছেড়ে জানলায় এসেছি, আজ ওর সঙ্গে মোকাবিলা শুফু হল।

আমার মূখের দিকে চেয়ে চেয়ে কবে কবে ও নেন অন্থির হয়ে ওঠে। যেন বলতে চায়, "ব্যুক্তে পারছ না ?"

আমি দান্তনা নিয়ে বলি, "ব্ৰেছি, দব ব্ৰেছি; তুমি অমন ব্যাকুল হোমো না।"
কিছু কণের জল্ডে আবার শান্ত হয়ে যায়। আবার দেখি, ভারি ব্যক্ত হয়ে ওঠে;
আবার সেই ধর্ধর্ ঝর্ঝর্ ঝল্মল্।

আবার ওকে ঠাওা করে বলি, "হা হা, ঐ কথাই বটে; আমি ভোমারই খেলার সাথি, লক্ষ্যালার বছর ধরে এই মাটির পেলামরে আমিও গওুবে গওুবে ভোমারই মতো স্থালোক পান করেছি, ধরণীর শুকুরনে আমিও ভোমার অংশী ছিলেম।"

তথন ওর ভিতর দিয়ে হঠাং হাওয়ার শব্দ শুনি ; ও বলতে থাকে, "হা, হা।"

যে ভাষা রক্তের মর্মরে আমার বংপিতে বাচ্ছে, যা আলো-অদ্ধকারের নিঃশব্দ আবর্তনধানি, সেই ভাষা ওর পত্তমর্মরে আমার কাছে এলে পৌছর। সেই ভাষা বিশ্বকাতের সরকারি ভাষা।

তার মূল বাণীটি হচ্ছে, "আছি, আছি; আমি আছি, আমরা আছি।" সে ভারি খুশির কথা। সেই খুশিতে বিশ্বের অণু পরমাণু ধর্ধর করে কাঁপছে। ঐ বটগাছের সঙ্গে আমার আঞ্চ সেই এক ভাষায় সেই এক খুলির কথা চলছে। ও আমাকে বলছে, "আছ হে বটে ?" আমি সাড়া দিবে বদছি, "আছি হে মিতা।" এমনি করে 'আছি'তে 'আছি'তে এক তালে করতালি বাঘছে।

#### ð

ঐ বটগাছটার সঙ্গে যখন আমার আলাপ শুকু হল তথন বসস্তে এর পাতাগুলো কচি চিল: ভার নানা ফাঁক দিয়ে আকাশের পলাতক আলো ঘাসের উপর এসে পৃথিবীর ছায়ার সঙ্গে গোপনে গলাগলি করত।

ভার পরে আষাঢ়ের বর্ধা নামল; ওরও পাভার রঙ মেঘের মতে। গন্ধীর হয়ে এসেছে। আৰু দেই পাতার রাশ প্রবীধের পাকা বৃদ্ধির মতো নিবিড়, তার কোনো ফাক দিয়ে বাইবের আলো প্রবেশ করবার পথ পায় না। তথন গাছটি ছিল গরিবের মেয়েটির মতো; আজ দে ধনীগরের গৃছিণী, যেন পর্বাপ্ত পরিভৃত্তির চেহারা।

षाच गकार्ष रा छात्र मत्रक्छमनित्र दिश्मननी हात्र सन्मनित्व षामारक दनरन, "মাধার উপর অমনতরো ইটপাধর মুড়ি দিয়ে বলে আছ কেন। আমার মতো अरक्वादा **ভরপুর वाहेदा अ**रमा-ना ।"

वामि वनतम्, "माध्यत्क स जिल्दा वाश्ति हुई वैक्तिय हनए इस ।" গাছ নড়েচড়ে বলে উঠল, "বুষতে পারলেম না ।" षामि वनरनम, "बामारनत कूटी बन्ध, डिटरतत बात वाहरतत ।" গাছ বশলে, "দর্বনাশ! ভিতরেরটা আছে কোধায়।" "আমার আপনারই বেরের মধ্যে।" "দেখানে কর কী।"

"78 of 1"

"শষ্টি আবার ঘেরের মধ্যে! ভোমার কথা বোরবার জো নেই।"

আমি বললেম, "বেমন তীরের মধ্যে বাঁধা প'ড়ে হয় নদী, তেমনি বেরের মধ্যে ধরা প'ড়েই তো স্বষ্ট। একই জিনিস বেরের মধ্যে স্পটকা প'ড়ে কোখাও হীরের টুকরো, কোথাও বটের গাছ।"

গাছ বললে, "ভোষার ছেরটা কী রক্ষ ভনি।"

আমি বললেম, "সেইটি আমার মন। তার মধ্যে যা ধরা পড়ছে তাই নানা স্ফটি হয়ে উঠছে।"

. গাছ বললে, "তোমার সেই বেড়াঘের। স্প্রিটা আমাদের চন্দ্রস্থরের পাশে কতটুকুই বা দেখায়।"

আমি বললেম, "চক্রসূর্যকে দিয়ে তাকে তো মাপা যায় না, চক্রসূর্য যে বাইরের জিনিব।"

"ত। हत्न मांशद की पिए।"

"হুখ দিয়ে, বিশেষত ছঃখ দিয়ে।"

গাছ বললে, "এই পুবে হাওয়া আমার কানে কানে কথা কয়, আমার প্রাণে প্রাণে তার সাড়া জাগে। কিন্তু, তুমি যে কিসের কথা বললে আমি কিছুই ব্রলেন না।"

আমি বললেম, "বোঝাই কী করে। তোমার ঐ পূবে হাওয়াকে আমাদের বেড়ার মধ্যে ধ'রে বীণার তারে যেমনি বেঁধে ফেলেছি, অমনি সেই হাওয়া এক স্বষ্টি থেকে একেবারে আর-এক স্বষ্টিতে এসে পৌছয়। এই স্বৃষ্টি কোন্ আকাশে যে স্থান পায়, কোন্ বিরাট চিত্তের শ্বরণাকাশে, তা আমিও ঠিক জানি নে। মনে হয়, যেন বেদনার একটা আকাশ আছে। সে আকাশ মাপের আকাশ নয়।"

"আর, ওর কাল ?"

"ওর কালও ঘটনার কাল নয়, বেদনার কাল। তাই সে কাল সংখ্যার অভীত।"

"হই আকাশ হই কালের জীব তুমি, তুমি অন্তুত। তোমার ভিতরের কথা কিছুই ব্যলেম না।"

"নাই বা বুঝলে।"

"আমার বাইরের কথা তুমিই কি ঠিক বোঝ।"

"ভোমার বাইরের কথা আমার ভিতরে এনে যে কথা হয়ে ওঠে তাকে যদি বোঝা বল তো সে বোঝা, যদি গান বল তো গান, কল্পনা বল তো কল্পনা।"

9

গাছ তার সমস্ত ভালগুলে; তুলে আমাকে বললে, "একটু থাষো। তুমি বড়ো বেশি ভাব', আর বড়ো বেশি বক'।"

ন্তনে আমার মনে হল, এ কথা সৈতিয়। আমি বললেম, "চূপ করবার জন্তেই তোমার কাছে আসি, কিন্তু অভ্যাসদোবে চূপ ক'রে ক'রেও বকি; কেউ কেউ বেমন ঘুমিয়ে ঘুমিয়েও চলে।" কাগন্ধটা পেন্সিলটা টেনে ফেলে দিলেম, রইলেম ওর দিকে অনিমেষ তাকিয়ে। ওর চিকন পাতাগুলো ওন্তাদের আডুলের মতো আলোকবীণায় ক্রন্ত তালে ঘা দিতে লাগল।

হঠাৎ আমার মন বলে উঠল, "এই তুমি বা দেখছ আর এই আমি বা ভাবছি, এর মাঝখানের যোগটা কোথায়।"

আমি তাকে ধনক দিয়ে বললেন, "আবার তোনার প্রার ? চুপ করো।" চুপ করে রইলেন, একদৃটে চেয়ে দেখলেন। বেলা কেটে গেল। গাছ বললেন, "কেনন, সব বুঝেছ?" আমি বললেন, "বুঝেছি।"

8

দেদিন তো চুপ করেই কাটল।

পরদিনে আমার মন আমাধে জিজ্ঞাসা করলে, "কাল গাছটার দিকে তাকিয়ে তাকিয়ে তাকিয়ে হঠা২ বলে উঠলে 'বুঝেছি', কী বুঝেছ বলো তো।"

আমি বললেম, "নিজের মধ্যে মাস্কবের প্রাণটা নানা ভাবনায় ঘোলা হয়ে গেছে। তাই, প্রাণের বিশুদ্ধ রূপটি দেখতে হলে চাইতে হয় ঐ ঘাসের দিকে, ঐ গাছের দিকে।"

"को द्रकम (मथरण।"

"দেখলেম, এই প্রাণের আপনাতে আপনার কী আনন্দ। নিজেকে নিয়ে পাতায়
পাতায়, ফুলে ফুলে, ফলে ফলে, কত বত্বে সে কত ছাঁটই ছেঁটেছে, কত রঙই
লাগিয়েছে, কত গদ্ধ, কত রগ। তাই ঐ বটের দিকে তাকিয়ে নীরবে বলছিলেম,—
ওগো বনস্পতি, জন্মমাত্রই পৃথিবীতে প্রথম প্রাণ যে আনন্দধ্বনি করে উঠেছিল সেই
ধ্বনি তোমার শাখায় শাখায়। সেই আদিমুগের সরল হাসিটি তোমার পাতায় পাতায়
ঝল্মল্ করছে। আমার মধ্যে সেই প্রথম প্রাণ আন্ধ চঞ্চল হল। ভাবনার বেড়ার
মধ্যে সে বন্দী হয়ে বসে ছিল; তুমি তাকে ডাক দিয়ে বলেছ, ওরে আয়-না রে আলোর
মধ্যে, হাওয়ার মধ্যে; আর আমারই মতো নিয়ে আয় তোর রূপের তুলি, রঙের বাটি,
রসের পেয়ালা।"

মন আমার থানিক ক্ষণ চূপ করে রইল। ভার পরে কিছু বিমর্থ হয়ে বললে, "তুমি ঐ প্রাণের কথাটাই নিয়ে কিছু বাড়াবাড়ি ক'রে থাক, আমি যেসব উপকরণ জড়ো কয়ছি ভার কথা এমন সাজিয়ে সাজিয়ে বল না কেন।" "তার কথা আর কইব কী। সে নিজেই নিজের টংকারে ঝংকারে হংকারে জেংকারে আকাশ কাঁপিয়ে রেখেছে। তার ভারে, তার জটিলভায়, তার জঞ্চালে পৃথিবীর বক্ষ ব্যথিত হয়ে উঠল। ভেবে পাই নে, এর অন্ত কোথায়। থাকের উপরে আর কত থাক উঠবে, গাঁঠের উপরে আর কত গাঁঠ পড়বে। এই প্রশ্নেরই জবাব ছিল ঐ গাছের পাতায়।"

"वर्ष १ की क्वाव अनि।"

"সে বলছে, প্রাণ যত ক্ষণ নেই তত ক্ষণ সমন্তই কেবল স্তৃপ, সমন্তই কেবল ভার। প্রাণের পরশ লাগবা মাত্রই উপকরণের সঙ্গে উপকরণ আপনি মিলে গিয়ে অথও স্থানর হয়ে ওঠে। সেই স্থানরকেই দেখো এই বনবিহারী। তারই বাশি তো বান্ধছে বটের ছায়ায়।"

¢

তখন কবেকার কোন ভোররাত্রি।

প্রাণ আপন স্থিশব্যা ছাড়ন; সেই প্রথম পথে বাহির হল অজানার উদ্দেশে, অসাড় জগতের তেপান্তর মাঠে।

তথনও তার দেহে ক্লান্তি নেই, মনে চিম্বা নেই; তার রাজপুত্রের সাচ্চে না লেগেছে ধুলো, না ধরেছে ছিদ্র।

সেই অক্লাস্ত নিশ্চিম্ভ অন্নান প্রাণটিকে দেখলেম এই আযাঢ়ের সকালে, ঐ বট-গাছটিতে। সে তার শাধা নেড়ে আমাকে ২ললে, "নমন্ধার।"

আমি বললেম, "রাজপুরুর, মরুদৈত্যটার সঙ্গে লড়াই চলছে কেমন বলো তো।"

দে বললে, "বেশ চলছে, একবার চার দিকে তাকিয়ে দেখো-না।"

তাকিয়ে দেখি, উত্তরের মাঠ ঘাসে ঢাকা, পূবের মাঠে আউশ ধানের অঞ্ব, দক্ষিণে বাঁধের ধারে তালের সার; পশ্চিমে শালে তালে মহয়য়, আমে ফামে থেজুরে, এমনি ফটলা করেছে যে দিগস্ত দেখা যায় না।

আমি বললেম, "রাজপুত্র, ওস্ত ত্মি। ত্মি কোমল, ত্মি কিশোর, আর দৈভাটা হল বেমন প্রবীণ তেমনি কঠোর; ত্মি ছোটো, তোমার তৃণ ছোটো, ভোমার ভীর ছোটো, আর ও হল বিপুল, ওর বর্ম মোটা, ওর গদা মন্ত। তবু তো দেখি, দিকে দিকে তোমার ধ্বজা উড়ল, দৈভাটার পিঠের উপর তৃমি পা রেখেছ; পাধর মানছে হার, ধুলো দাস্থত লিখে দিছে।" বট বললে, "তুমি এত সমারোহ কোথায় দেখলে।"

আমি বললেম, "ভোমার লড়াইকে দেখি লান্তির রূপে, ভোমার কর্মকে দেখি বিশ্রামের বেশে, ভোমার ক্ষমকে দেখি নম্রভার মূতিতে। সেই ক্সমেই তো ভোমার ছায়ায় সাধক এগে বলেছে ঐ সহল যুক্তকায়ের মন্ত্র আর ঐ সহল অধিকারের সন্থিটি শেখবার ক্রয়ে। প্রাণ বে কেমন ক'রে কাজ করে, অরণ্যে অরণ্যে ভারই পাঠশালা খুলেছ। ভাই বারা ক্লান্ত ভারা ভোমার ছায়ায় আলে, ধারা আর্ড ভারা ভোমার বাণী থোঁকে।

আমার তাব তানে বটের ভিতরকার প্রাণপুরুষ বৃদ্ধি খুশি হল; সে বলে উঠল, "আমি বেরিয়েছি মন্দ্রলৈত্যের দলে লড়াই করতে; কিছু আমার এক ছোটো ভাই আছে, সে বে কোন্ লড়াইয়ে কোথায় চলে গেল আমি তার আর নাগাল পাই নে। কিছু ক্ষণ আগে তারই কথা কি তুমি বলছিলে।"

"হাা, তাকেই আমরা নাম দিয়েছি— মন।"

"সে আমার চেয়ে চঞ্চল। কিছুতে তার সম্ভোষ নেই। সেই অশাস্কটার থবর আমাকে দিতে পার ?"

আমি বললেম, "কিছু কিছু পারি বই কি। তুমি লড়ছ বাঁচবার জন্তে, সে লড়ছে পাবার জন্তে, আরও দূরে আর-একটা লড়াই চলছে ছাড়বার জন্তে। ভোমার লড়াই অলাড়ের গঙ্গে, তার লড়াই অলাবের গঙ্গে, আরও একটা লড়াই আছে সঞ্চরের গঙ্গে। লড়াই জটিল হয়ে উঠল, বৃহহের মধ্যে যে প্রবেশ করছে বৃহে থেকে বেরোবার পথ সে পুঁছে পাছে না। হার জিত অনিশ্চিত ব'লে ধাদা লাগল। এই বিধার মধ্যে ভোমার ঐ সব্দ্র পভাকা ঘোদ্ধাদের আশাস দিছে। বলছে, 'জয়, প্রাণের জয়।' গানের ভান বেড়ে বেড়ে চলেছে, কোন্ গগুক থেকে কোন্ গগুকে চড়ল ভার ঠিকানা নেই। এই স্বরগংকটের মধ্যে ভোমার ভস্বরাটি সরল ভারে বলছে, 'ভয় নেই, ভয় নেই।' বলছে, 'এই ভো মূল ফর আমি বেঁধে রেথেছি, এই আদি প্রাণের হার। সকল উমন্ত ভানই এই হারে স্কলরের ধুয়ায় এসে মিলবে আনন্দের গানে। সকল পাওয়া, সকল দেওয়া ফুলের মতো ফুটবে, ফলের মতো ফলবে।' "

## আগমনী

আধ্যোজন চলেইছে। তার মাঝে একটুও ফাঁক পাওয়া যায় না যে ভেবে দেখি, কিসের আয়োজন।

তবুও কাজের ভিড়ের মধ্যে মনকে এক-একবার ঠেলা দিয়ে জিজাসা করি, "কেউ আসবে বৃঝি ?"

মন বলে, "রোসো। আমাকে জায়গা দধল করতে হবে, জিনিসপত্ত জোগাতে হবে, ঘরবাড়ি গড়তে হবে, এখন আমাকে বাজে প্রশ্ন জিজ্ঞাসা কোরো না।"

চুপচাপ করে আবার খাটতে বসি। ভাবি, জায়গা-দখল সারা হবে, জিনিসপত্র-সংগ্রহ শেষ হবে, ঘরবাড়ি-গড়া বাকি থাকবে না, তখন শেষ জবাব মিলবে।

জায়গা বেড়ে চলেছে, জিনিসপত্র কম হল না, ইমারতের গাতটা মহল দারা হল। আমি বল্লেম, "এইবার আমার কথার একটা জবাব দাও।"

मन राल, "আরে রোসো, আমার সময় নেই।"

আমি বললেম, "কেন, আরও জায়গা চাই ? আরও ঘর ? আরও সরঞ্চাম ?"

यन वनात, "ठारे वरे कि।"

আমি বললেম, "এখনও ষপেষ্ট হয় নি ?"

মন বললে, "এডটুকুডে ধরবে কেন।"

षामि क्रिकामा करलम, "की धरत। कारक भरता।"

মন বললে, "দেশব কথা পরে হবে।"

তবু আমি প্রশ্ন করলেম, "দে বুঝি মস্ত বড়ো ?"

मन উख्य क्याल, "वाड़ा वहें कि।"

এত বড়ো ঘরেও তাকে কুলোবে না, এত মন্ত জায়গায়! আবার উঠেপড়ে লাগলেম। দিনে আহার নেই, রাত্রে নিজা নেই। বে দেখলে সেই বাহবা দিলে; বললে, "কাজের লোক বটে।"

এক-একবার কেমন আমার সন্দেহ হতে লাগল, বুঝি মন বীদরটা আসল কথার জবাব জানে না। সেইজন্তেই কেবল কাজ চাপা দিয়ে জবাবটাকে সে ঢাকা দেয়। মাঝে মাঝে এক-একবার ইচ্ছা হয়, কাজ বন্ধ করে কান পেতে শুনি পথ দিয়ে কেউ আসছে কি না। ইচ্ছা হয়, আর ঘর না বাড়িয়ে ঘরে আলো জালি, আর লাজ সর্বাম না জ্টিয়ে ফ্ল ফোটার বেলা থাকতে একটা মালা গেঁথে রাখি।

কিন্ধ, ভরশা হয় না। কারণ, আমার প্রধান মন্ত্রী হল মন। সে দিনরাভ তার দাঁড়িপারা আর মাণকাঠি নিয়ে ওজন-দরে আর গজের মাপে সমন্ত জিনিস বাচাই করছে। সে কেবলই বলছে, "আরও না হলে চলবে না।"

"কেন চলবে না।"

"त्म त्य यश्व वर्षा।"

"কে মন্ত বডো।"

वाम, हुल। जात्र कथा त्वहै।

ষধন তাকে চেপে ধরি "অমন করে এড়িয়ে গেলে চলবে না, একটা জবাব দিতেই হবে তবন লৈ রেগে উঠে বলে, "জবাব দিতেই হবে, এমন কী কথা। যার উদ্দেশ মেলে না, যার খবর পাই নে, যার মানে বোরবার জাে নেই, তুমি সেই কথা নিয়েই কেবল আমার কাজ কামাই করে দাও। আর, আমার এই দিকটাতে তাকাও দেখি। কত মামলা, কত লড়াই; লাঠিসড়কি-পাইক-বরকলাজে পাড়া ছুড়ে গেল; মিস্লিতে মছুরে ইটকাঠ-চূন-স্বাকিতে কোথাও পা ফেলবার জাে কী। সমস্তই স্পাই; এর মধ্যে আম্বাজ নেই, ইলারা নেই। তবে এ-সমন্ত পেরিয়েও আবার প্রশ্ন কেন।"

তনে তখন ভাবি, মনটাই সেয়ানা, স্বামিই অব্য। স্বাবার বৃড়িতে করে ইট বয়ে স্বানি, চুনের সঙ্গে স্বর্জি মেলাতে থাকি।

**ર** 

এমনি করেই দিন ধার। আমার ভূমি দিগন্ত পেরিয়ে গেল, ইমারতের পাঁচ তলা গার। হয়ে ছ'তলার ছাদ পিটোনো চলছে। এমন সময়ে একদিন বাদলের মেঘ কেটে গেল; কালো মেঘ হল সাদা; কৈলাসের শিবর থেকে ভৈরোঁর তান নিয়ে ছুটির হাওয়া বইল, মানস-সরোবরের পদ্মগদ্ধে দিনরাত্রির দণ্ডপ্রহরগুলোকে মৌমাছির মতো উতলা করে দিলে। উপরের দিকে তাকিয়ে দেখি, সমন্ত আকাশ হেসে উঠেছে আমার ছয়তলা ঐ বাড়িটার উত্তে ভারাগুলোর দিকে চেয়ে।

শামি তো ব্যাকুল হবে পড়লেম; বাকে দেখি তাকেই জিজ্ঞানা করি, "ওগো, কোন্ হাওয়াখানা থেকে আন্ধ নহবত বাজছে বলো তো।"

ভারা বলে, "হাড়ো, আমার কার আছে।"

একটা খ্যাপা পথের ধারে গাছের গুঁড়িতে হেলান দিয়ে, মাথায় কুন্দফ্লের মালা জড়িয়ে চুপ করে বলে ছিল। সে বললে, "আগমনীর স্থর এলে পৌছল।"

भाभि त की त्वलम कानि त ; तल डेंग्रतम, "छद भाद अदि तह ।"

সে হেসে বললে, "না, এল ব'লে।"
তথনি খাতাঞ্জিখানায় এসে মনকে বললেম, "এবার কাজ বন্ধ করে।।"
মন বললে, "নে কী কথা। লোকে যে বলবে অকর্মণ্য।"
আমি বললেম, "বলুক গে।"
মন বললে, "তোমার হল কী। কিছু খবর পেয়েছ নাকি।"
আমি বললেম, "হা, খবর এনেছে।"

মূশকিল, ম্পষ্ট ক'রে জবাব দিতে পারি নে। কিন্তু, খবর এসেছে। মানস-সরোবরের তীর থেকে আলোকের পথ বেয়ে ঝাঁকে ঝাঁকে হাঁস এসে পৌছল।

মন মাথা নেড়ে বললে, "মন্ত বড়ো রথের চুড়ো কোথায়, আর মন্ত ভারি সমারোহ ? কিছু ভো দেখি নে, ভনি নে।"

বলতে বলতে আকাশে কে যেন প্রশম্পি ছুইয়ে দিলে। সোনার আলোয় চার দিক ঝল্মল্ করে উঠল। কোথা থেকে একটা রব উঠে গেল, "দূত এসেছে।"

আমি মাটিতে মাথা ঠেকিয়ে দৃতের উদ্দেশে জিজাদা করলেম, "আদছেন নাকি।" চার দিক থেকে জবাব এল, "হাঁ, আদছেন।"

মন ব্যস্ত হয়ে বলে উঠল, "কী করি! সবেমাত্র আমার ছয়তলা বাড়ির ছাদ পিটোনো চলছে; আর, সাজ সরঞ্জাম সব তো এসে পৌছল না।"

উত্তর শোনা গেল, "আরে ভাঙো ভাঙো, তোমার ছতলা বাড়ি ভাঙো।" মন বললে, "কেন।"

উত্তর এল, "আছ আগমনী যে। তোমার ইমারতটা বুক ফুলিয়ে পথ আটকেছে।"

यन व्यवाक इत्य द्रहेन ।

আবার শুনি, "ঝেঁটিয়ে ফেলো তোমার গান্ধ সরঞ্জাম।"

মন বললে, "কেন।"

"তোমার সরঞ্জাম বে ভিড় করে জায়গা কুড়েছে।"

যাক গে। কাজের দিনে ব'সে ব'সে ছতলা বাড়ি গাঁথলেম, ছুটির দিনে একে একে সব-ক'টা তলা ধ্লিশাৎ করতে হল। কাজের দিনে সাজ সর্বশ্বাম হাটে ছাটে অড়ো করা গেল, ছুটির দিনে সমস্ত বিদায় করেছি।

কিছ, মন্ত বড়ো রপের চুড়ো কোথায়, আর মন্ত ভারি সমারোহ। মন চার দিকে তাকিয়ে দেখলে।

কী দেখতে পেলে।

শরংপ্রভাতের ওকতারা।

কেবল এটুকু?

হা, এটুকু। আর দেখতে পেলে শিউলিবনের শিউলিফুল।

কেবল এটুকু?

হা, এটুকু। আর দেখা দিল লেজ তুলিয়ে ভোরবেলাকার একটি দোয়েল পাথি। আর কী।

আর, একটি শিশু, সে খিল্খিল্ ক'রে হাসতে হাসতে মায়ের কোল থেকে ছুটে পালিয়ে এল বাইরের আলোতে।

"जूमि य दमरम जागमनी, रम कि अदहे बरम ।"

<sup>\*</sup>হা, এরই **ফল্ডে**ই তো প্রতিদিন আকাশে বাঁশি বাজে, ভোরের বেলায় আলো হয়।

"এরই জন্মে এত জায়গা চাই ?"

"হা গো, তোমার রাজার জন্তে সাতমহলা বাড়ি, তোমার প্রভূর জন্তে ঘরভরা গ্রঞাম। আর, এদের জন্তে সমস্ত আকাশ, সমস্ত পৃথিবী।"

"ঝার, মস্ত-বড়ো ?"

"মস্ত-বড়ে। এই টুকুর মধ্যেই থাকেন।"

"ঐ শিশু ভোমাকে কী বর দেবে।"

"ঐ তো বিধাতার বর নিম্নে আসে। সমস্ত পৃথিবীর আশা নিমে, অভয় নিমে, আনন্দ নিমে। ওরই গোপন তৃণে লুকোনো থাকে বন্ধান্ত, ওরই হৃদয়ের মধ্যে ঢাকা আছে শক্তিশেল।"

মন আমাকে জিজাদা করলে, "হা গো কবি, কিছু দেখতে পেলে, কিছু ব্রুতে পারলে ?"

আমি বললেম, "সেই জ্বন্তেই ছুটি নিয়েছি। এত দিন সময় ছিল না, তাই দেখতে পাই নি, বুঝতে পারি নি।"

## স্বৰ্গ-মৰ্ত

গান

মাটির প্রদীপথানি আছে মাটির ঘরের কোলে, সন্ধাতারা তাকায় তারই আলো দেখবে ব'লে ৷ সেই আলোট নিমেৰহত প্রিয়ার ব্যাকুল চাওয়ার মতো, সেই আলোটি মায়ের প্রাণের ভয়ের মতো দোলে। সেই আলোটি নেবে জলে স্থামল ধরার হাদয়তলে, मिरे वालाि हिनन शस्त्राय বাথায় কাঁপে পলে পলে। নামল সন্ধানতারার বাণী আকাশ হতে আশিস আনি, অমর শিপা আকুল হল মৰ্ভ শিখায় উঠতে জলে।

ইন্দ্র। স্থরগুরো, একদিন নৈতাদের হাতে আমরা মর্গ হারিরেছিলুম। তখন দেবে মানবে মিলে আমরা স্বর্গের জক্তে লড়াই করেছি, এবং ম্বর্গকে উদ্ধার করেছি, কিন্তু এখন আমাদের বিপদ তার চেয়ে অনেক বেশি। সে কথা চিন্তা করে দেখবেন। বৃহস্পতি। মহেন্দ্র, আপনার কথা আমি ঠিক বৃষ্কতে পারছি নে। স্বর্গের কী বিপদ আশ্রুষ করছেন।

हेस । वर्ग महा

বৃহম্পতি। নেই ? দে কী কথা। তা হলে আমরা আছি কোখায়।

ইন্দ্র। আমরা আমাদের অভ্যাদের উপর আছি, স্বর্গ যে কখন ক্রমে কীণ্ হয়ে, ছায়া হয়ে, দুগু হয়ে গেছে, তা জানতেও পারি নি।

কাৰ্তিকের। কেন দেবরাজ, বর্গের সমস্ত সমারোহ, সমস্ত অমুষ্ঠানই ভো চলছে।

ইন্দ্র। অনুষ্ঠান ও সমারোহ বেড়ে উঠেছে, দিনশেবে সুর্বান্তের সমারোহের মতো, তার পশ্চাতে অন্ধকার। তুমি তো জান দেবসেনাপতি, স্বর্গ এত মিথ্যা হরেছে বে, সকলপ্রকার বিপদের ভয় পর্বস্ত তার চলে গেছে। দৈত্যেরা বে কত যুগ্রুগান্তর তাকে আক্রমণ করে নি তা মনে পড়ে না। আক্রমণ করবার যে কিছুই নেই। মাবে মাঝে স্বর্গের বধন পরান্তব হ'ত তথনও স্বর্গ ছিল, কিছু যধন থেকে—

কাভিকেয়। আপনার কথা বেন কিছু কিছু ব্ৰুতে পারছি।

বৃহস্পতি। স্বপ্ন থেকে জাগবা মাত্রই যেমন বোঝা বায়, স্বপ্ন দেখছিলুম, ইন্দের কথা ওনেই ডেমনি মনে হচ্ছে, একটা বেন মায়ার মধ্যে ছিলুম, কিন্তু তবু এখনও সম্পূর্ণ ঘোর ভাঙে নি।

কার্তিকেয়। আমার কী রকম বোধ হচ্ছে বলব ? তুণের মধ্যে শর আছে, সেই শরের ভার বহন করছি, সেই শরের দিকেই মন বন্ধ আছে, ভাবছি সমন্তই ঠিক আছে। এমন সময়ে কে যেন বললে, একবার ভোমার চার দিকে তাকিয়ে দেখো। চেয়ে দেখি, শর আছে কিন্ধ লক্ষ্য করবার কিছুই নেই। স্বর্গের লক্ষ্য চলে গেছে।

বৃহস্পতি। কেন এমন হল তার কারণ তো জানা চাই।

ইন্দ্র। যে মাটির থেকে রস টেনে স্বর্গ আপনার স্কুল স্কৃটিরেছিল সেই মাটির সক্ষে ভার সক্ষর ভিন্ন হয়ে গেছে।

বৃহস্পতি। যাটি আপনি কাকে বলছেন।

ইয়া। পৃথিবীকে। মনে তো আছে, একদিন মানুষ স্বৰ্গে এগে দেবতার কান্ধে বোগ দিয়েছে এবং দেবতা পৃথিবীতে নেমে মানুষের যুদ্ধে অশ্ব ধরেছে। তথন স্বর্গ মর্ড উভয়েই সভা হয়ে উঠেছিল, তাই সেই যুগকে সভাযুগ বলত। সেই পৃথিবীর সঙ্গে বোগ না থাকলে স্বর্গ আপনার অমুভে আপনি কি বাঁচতে পারে।

কার্তিকেয়। আর, পৃথিবীও বে বায়, দেবরাজ। মান্ত্র এমনি মাটির সঙ্গে মিশিরে বাজে বে, সে আপনার শৌর্বকে আর বিখাস করে না, কেবল বস্তর উপরেই তার ভরসা। বস্তু নিয়ে মারামারি কাটাকাটি পড়ে গেছে। বর্গের টান বে ছির হরেছে, তাই আত্মা বস্তু ভেদ করে আলোকের দিকে উঠতে পারছে না।

বৃহস্পতি। এখন উদ্ধারের উপায় কী।

हेख । পृथिरीत मरण चर्णत जारात सांगमाधन क्वरण हरत ।

বৃহস্পতি। কিন্তু, দেবভারা বে পথ দিয়ে পৃথিবীতে বেতেন, অনেক দিন হল, সে পথের চিহ্ন লোপ হয়ে গেছে। আমি মনে করেছিলুম, ভালোই হয়েছে। ভেবেছিলুম, এইবার প্রমাণ হয়ে বাবে, কর্ম নিরপেন্দ, নিরবলম, আপনাতেই আপনি সম্পূর্ণ। ইস্ক। একদিন সকলেরই সেই বিখাস ছিল। কিন্তু এখন বোঝা যাচ্ছে, পৃথিবীর প্রেমেই বর্গ বাঁচে, নইলে বর্গ শুকিয়ে যায়। অমৃতের অভিমানে সেই কথা স্কুলেছিল্ম বলেই পৃথিবীতে দেবতার যাবার পথের চিহ্ন লোপ পেয়েছিল।

কার্তিকের। দৈত্যদের পরাজবের পর থেকে আমরা আটঘাট বেঁধে স্বর্গক্ষেত্র করে তুলেছি। তার পর থেকে স্বর্গের ঐশ্বর্গ স্বর্গের মধ্যেই জমে আসছে; বাছিরে তার আর প্ররোগ নেই, তার আর ক্ষয় নেই। যুগ যুগ হতে অব্যাঘাতে তার এতই উন্নতি হরে এসেছে বে, বাহিরের অন্ত সমন্ত-কিছু থেকে স্বর্গ বন্ধ দূরে চলে গেছে। স্বর্গ তাই আছ একলা।

ইন্দ্র। উন্নতিই হোক আর হুর্গতিই হোক, যাতেই চার দিকের সন্ধে বিচ্ছেদ আনে তাতেই বার্থতা আনে। ক্ষুদ্র থেকে মহৎ যথন স্বদূরে চলে যায় তথন তার মহর্ব নির্থক হয়ে আপনাকে আপনি ভারগ্রন্ত করে মাত্র। বর্গের আলো আদ্ধ আপনার মাটির প্রানীপের থেকে বিচ্ছিন্ন হয়ে আলোয়ার আলো হয়ে উঠেছে, লোকালয়ের আয়ন্তের অতীত হয়ে দে নিজেরও আয়ন্তের অতীত হয়েছে; নির্বাপণের শান্তির চেয়ে তার এই শান্তি গুরুতর। দেবলোক আপনাকে অতি বিশ্বদ্ধ রাথতে গিয়ে আপন ভচিতার উচ্চ প্রাচীরে নিজেকে বন্দী করেছে, সেই হুর্গম প্রাচীর ভেঙে গন্ধার ধারার মতো মলিন মর্তের মধ্যে তাকে প্রবাহিত করে দিয়ে তবে তার বন্ধনমোচন হবে। তার সেই খাতন্মার বেইন বিদীর্ণ করবার জন্তেই আমার মন আদ্ধ এমন বিচলিত হয়ে উঠেছে। স্বর্গকে আমি ঘিরতে দেব না, বৃহস্পতি; মলিনের সন্ধে, পতিতের সন্ধে, অজ্ঞানীর সঙ্গে, হুংগ্রির সঙ্গে তাকে মিলিয়ে দিতে হবে।

বৃহস্পতি। তা হলে আপনি কী করতে চান।

ইন্দ। আমি পৃথিবীতে যাব।

বৃহস্পতি। সেই যাবার পথটাই বন্ধ, সেই নিয়েই তো ছঃখ।

ইন্দ্র। দেবতার শ্বরূপে সেধানে আর বেতে পারব না, মান্ন্য হয়ে জন্মগ্রহণ করব। নক্ষত্র যেমন খ'সে প'ড়ে তার আকাশের আলো আকাশে নিবিয়ে দিয়ে, মাটি হয়ে মাটিকে আলিন্দন করে, আমি তেমনি করে পৃথিবীতে হাব।

বৃহস্পতি। আপনার জন্মাবার উপযুক্ত বংশ পৃথিবীতে এখন কোখায়।

কার্তিকেয়। বৈশ্য এখন রাজা, ক্ষত্রিয় এখন বৈশ্যের সেবার লড়াই করছে, ব্রাহ্মণ এখন বৈশ্যের দাস।

ৈ ইন্দ্র। কোথায় জন্মাব সে তো আমার ইচ্ছার উপরে নেই, বেধানে **আমাকে** আকর্ষণ করে নেবে সেইখানেই আমার স্থান হবে। বৃহস্পতি। আপনি বে ইন্দ্র সেই স্থৃতি কেমন করে---

ইন্দ্র। সেই স্বৃতি লোপ করে দিরে তবেই আমি মর্তবাসী হয়ে মর্তের সাধনা করতে পারব।

কাতিকের। এতদিন পৃথিবীর অন্তিম্ব ভূলেই ছিল্ম, আরু আপনার কথার হঠাৎ
মন ব্যাকুল হবে উঠল। নেই ভন্নী শ্রামা ধরণী স্বর্বাদ্ধর পথ ধরে স্বর্গের দিকে
কী উৎস্ক দৃষ্টিভেই তাকিবে আছে। নেই ভীক্ষর ভর ভাঙিরে দিতে কী আনন্দ।
দেই ব্যথিতার মনে আশার সঞ্চার করতে কী গৌরব। সেই চক্রকান্তমণিকিরীটিণী
নীলাম্বরী স্ক্লরী কেমন করে ভূলে গিয়েছে যে সে রানী। তাকে আবার মনে করিবে
দিতে হবে যে, সে দেবতার সাধনার ধন, সে স্বর্গের চিরদ্যিতা।

ইন্দ্র। আমি সেখানে গিয়ে তার দক্ষিণসমীরণে এই কথাটি রেখে আগতে চাই বে, তারই বিরহে স্বর্গের অমৃতে স্বাদ চলে গেছে এবং নন্দ্রনের পারিজাত মান; তাকে বেষ্ট্রন ক'রে ধ'রে বে সমূদ্র রয়েছে সেই তে। স্বর্গের অঞ্চ, তারই বিচ্ছেদক্রন্দনকেই তো সে মর্ডে অনস্থ করে রেখেছে।

কাতিকেয়। দেবরান্ধ, বদি অহমতি করেন তা হলে আমরাও পৃথিবীতে ঘাই।

বৃহম্পতি। দেখানে মৃত্যুর অবগুঠনের ভিতর দিয়ে অমৃতের জ্যোতিকে একবার দেশে আদি।

কাতিকেয়। বৈকুঠের শক্ষী তাঁর মাটির ঘরটিতে যে নিতান্তন শীলা বিভার করেছেন আমরা তার রগ থেকে কেন বঞ্চিত হব। আমি বে ব্যতে পারছি, আমাকে পৃথিবীর দরকার আছে; আমি নেই বলেই তো সেখানে মানুষ স্থার্থের জন্তে নির্লক্ষ হয়ে যুক্ত করছে, ধর্মের জন্তে নয়।

বৃহস্পতি। স্থার, স্থামি নেই বলেই তো মাহুধ কেবল ব্যবহারের জন্তে জ্ঞানের সাধনা করছে, মুক্তির অন্তে নয়।

ইশ্র। তোমরা দেখানে বাবে, আমি তো তারই উপার করতে চলেছি; সমর হলেই তোমরা পরিণত ফলের মতো আপন মাধুর্যভারে সহজেই মর্তে খলিত হরে পড়বে। সে প্রস্তু অপেকা করো।

काष्टिक्य । क्यन दिव भाव महस्त, त, व्याभनाव नाधना गार्थक हम ।

বৃহস্পতি। সে কি আর চাপা পাকবে। যখন জ্বয়শম্পনিতে স্বর্গলোক কেঁপে উঠবে তথনি বৃষক বে---

ইস্র। না দেবগুরু, অয়ধ্বনি উঠবে না। স্বর্গের চোধে বধন করুণার অঞ্চ গলে পড়বে ভধনই জানবেন, পুথিবীতে আমার জয়লাভ সফল হল। কাতিকেয়। তত দিন বোধ হয় স্থানতে পারব না, সেধানে ধূদার আবরণে আপনি কোথায় লুকিয়ে আছেন।

বৃহস্পতি। পৃথিবীর রসই তো হল এই লুকোচুরিতে। ঐখর্য সেধানে দরিক্রবেশে দেখা দেয়, শক্তি সেধানে অক্ষমের কোলে মান্ত্র হয়, বীর্য সেধানে পরাভবের মাটির তলায় আপন অয়ন্তন্তের ভিত্তি ধনন করে। সম্ভব সেধানে অসম্ভবের মধ্যে বালা করে থাকে। যা দেখা দেয়, পৃথিবীতে তাকে মানতে গিয়েই ভূল হয়; যা না দেখা দেয় তারই উপর চিরদিন ভরদা রাধতে হবে।

কার্তিকেয়। কিন্তু স্থররাজ, আপনার ললাটের চিরোজ্জ্বল ভ্যোতি আল মান হল কেন।

वृश्म्भि । मर्ट रा यारान जात शोतरायत श्राज्ञ भाव मीभामान हरा छेर्न ।

ইন্দ্র। দেবগুরু, জয়ের যে বেদনা সেই বেদনা এখনি আমাকে পীড়িত করছে।
আজ আমি হংখেরই অভিগারে চলেছি, তারই আহ্বানে আমার মনকে টেনেছে।
শিবের সঙ্গে সভীর যেমন বিচ্ছেদ হয়েছিল, অর্গের আনন্দের সঙ্গে পৃথিবীর বাধার
তেমনি বিচ্ছেদ হয়েছে; সেই বিচ্ছেদের হঃখ এত দিন পরে আজ আমার মনে রাশীকৃত
হয়ে উঠেছে। আমি চলন্ম সেই বাধাকে বুকে তুলে নেবার জক্তো। প্রেমের অমৃতে
সেই বাধাকে আমি সৌতাগাবতী করে তুলব। আমাকে বিদায় দাও।

কার্তিকেয়। মহেন্দ্র, আমাদের জন্মে পথ করে দাও, আমরা সেইবানেই গিছে তোমার সঙ্গে নিলব। স্বর্গ আজ চুংখের অভিযানে বাছির ছোক।

বৃহস্পতি। আমরা পথের অপেক্ষাতেই রইলুম, দেবরাজ। মুর্গ থেকে বাহির হবার পথ করে দাও, নইলে আমাদের মুক্তি নেই।

কার্তিকেয়। বাহির করো, দেবরাজ, স্বর্গের বন্ধন থেকে আমাদের বাহির করো—
মৃত্যুর ভিতর দিয়ে আমাদের পথ রচনা করো।

বৃহস্পতি। তুমি বর্গরাঙ্গ, আজ তুমি বর্গের তপোভক্ষ ক'রে জানিছে দাও বে, বর্গ পৃথিবীরই।

কাতিকেয়। যারা স্বর্গকামনায় পৃথিবীকে ত্যাগ করবার সাধনা করেছে চিরদিন তুমি তাদের পৃথিবীতে ফিরিয়ে দেবার চেষ্টা করেছ, আঞ্চ স্বয়ং স্বর্গকে সেই পথে নিয়ে যেতে হবে।

ইক্র। সেই বাধার ভিতর দিয়ে মৃক্তিতে যাবার পথ— বৃহস্পতি। যে মৃক্তি আপন আনন্দে চিরদিনই বাধার সঙ্গে সংগ্রাম করে। গান

পৃথিক হে, পৃথিক হে,

जे तर हरन, जे तर हरन

नको छामात्र मत्न मत्न।

অন্তমনে থাকি কোণে,

চমক লাগে ক্ষণে ক্ষৰে,

र्हार छनि वरण ऋण

পায়ের ধানি আকাশতলে

পথিক হে, পথিক হে,

যেতে যেতে পথের থেকে,

আমায় তুমি থেয়ো ভেকে।

যুগে যুগে বারে বারে

এনেছিলে আমার খারে,

र्ह्या १ त छाडे बानिए भाडे

ভোমার চলা হণয়তলে।

#### সংযোজন

## ক্থিকা

এবার মনে হল, মাসুব অস্তারের আগুনে আপনার সমন্ত ভাবী কালটাকে পুড়িরে কালো করে দিয়েছে, সেধানে বসস্ত কোনোদিন এসে আর নতুন পাতা ধরাতে পারবে না।

মান্থৰ অনেক দিন থেকে একথানি আসন তৈরি করছে। সেই আসনই ভাকে ধবর দেয় যে, ভার দেবভা আসবেন, তিনি পারে বেরিয়েছেন।

যেদিন উন্মন্ত হয়ে সেই তার অনেক দিনের আসন সে ছিঁড়ে ফেলে সেদিন তার যক্ত্রমূলীর ভগ্নবেদী বলে, "কিছুই আশা করবার নেই, কেউ আস্বে না।"

তথন এত দিনের আহোজন আবর্জনা হয়ে ওঠে। তথন চারি দিক থেকে ভনতে পাই, "জয়, পভর জয়।"

তগন শুনি, "আছও যেমন কালও তেমনি। সময় চোখে-ইলি-দেওয়া বলদের মতো, চিরদিন একই ঘানিতে একই আর্ডখর তুলছে। তাকেই বলে স্প্রী। স্প্রী হচ্ছে আদ্ধের কালা।"

মন বললে, "তবে আর কেন। এবার গান বন্ধ করা বাক। যা আছে কেবলমাত্র তারই বোঝা নিয়ে ঝগড়া চলে, যা নেই তারই আশা নিয়েই গান।"

শিশুকাল খেকে যে পথের পানে চেয়ে বাবে বাবে মনে আগমনীর ছাওয়া লেগেছে— যে পথ দিগাল্কের দিকে কান পেতেছে দেখে বুকেছিলুম, ও পার থেকে রথ বেরোল— সেই পথের দিকে আন্ধ তাকালেম; মনে হল, সেখানে না আছে আগন্ধকের সাড়া, না আছে কোনো ঘরের।

বীণা বললে, "দীর্ঘ পথে আমার হ্রের সাথি বদি কেউ না থাকে ভবে আমাকে পথের ধারে ফেলে দাও।"

তথন পথের ধারের বিকে চাইলুম। চমকে উঠে বেখি, ধুলোর মধ্যে একটি কাঁটাপাছ; ভাতে একটিমাত্র কুল কুটেছে।

### রবীন্দ্র-রচনাবলী

আমি বলে উঠনুম, "হায় রে হায়, ঐ তো পায়ের চিহ্ন।"

তথন দেখি, দিগন্ত পৃথিবীর কানে কানে কথা কইছে; তখন দেখি, আকাশে আকাশে প্রতীক্ষা। তখন দেখি, চাঁদের আলোয় তালগাছের পাতায় পাতায় কাঁপন ধরেছে; বাঁশঝাড়ের ফাঁক দিয়ে দিঘির জলের সঙ্গে চাঁদের চোখে চোখে ইশারা।

পথ বললে, "ভয় নেই।"

আমার বীণা বললে, "স্থর লাগাও।"

# (म

# **खेर**मर्न

## স্থন্তর শ্রীযুক্ত চারুচন্দ্র ভট্টাচার্য করতলযুগলেযু

মেঘের ফুরোল কাজ এইবার।
সময় পেরিয়ে দিয়ে ঢেলেছিল জলধার,
স্থাই কালের পরে নিল ছুটি।
উদাসী হাওয়ার সাথে জুটি
রচিছে যেন সে অক্সমনে
আকাশের কোণে কোণে
ছবির খেয়াল রাশি রাশি,
মিলিছে তাহার সাথে হেমস্তে কুয়াশা-ছোঁওয়া হাসি।
দেবপিতামহ হাসে স্বর্গের কর্মের হেরি হেলা,
ইচ্ছের প্রাঙ্গণতলে দেবতার অর্থহীন খেলা।

আমারো খেয়াল-ছবি মনের গহন হতে ভেসে আসে বায়্স্রোতে। নিয়মের দিগস্ত পারায়ে যায় সে হারায়ে নিরুদ্দেশে বেথা আছে খ্যাতিহীন পাড়া
সেথায় সে মৃক্তি পায় সমাজ-হারানো লক্ষ্মীছাড়া।
বেমন-তেমন এরা বাঁকা বাঁকা
কিছু ভাষা দিয়ে কিছু তৃলি দিয়ে আঁকা,
দিলেম উন্ধাড় করি বৃলি।
লও যদি লও তৃলি,
রাখ ফেল যাহা ইচ্ছা ভাই—
কোনো দায় নাই।

্ফসল কাটার পরে
শৃক্ত মাঠে তৃচ্ছ ফুল ফোটে অগোচরে
আগাছার সাথে।
এমন কি আছে কেউ যেতে যেতে তুলে নেবে হাতেযার কোনো দাম নেই,
নাম নেই,
অধিকারী নাই যার কোনো,
বনশ্রী মর্যাদা যারে দেয় নি কথনো।

শান্তিনিকেতন পৌষ ১৩৪৩

# (1

বিধাতা লক্ষণক কোটিকোটি মাহাব স্ঠি করে চলেছেন, তবু মাহাবের আশা মেটে না; বলে, আমরা নিজে মাহাব তৈরি করব। তাই দেবতার সন্ধীব পুতৃল-খেলার পালাপালি নিজের খেলা ভক্ষ হল পুতৃল নিয়ে, সেগুলো মাহাবের আপন-গড়া মাহাব। তার পরে ছেলেরা বলে 'গল্প বলো'; তার মানে, ভাষায়-গড়া মাহাব বানাও। গড়ে উঠল কত রাজপুত্র, মন্ত্রীর পুত্র, হয়োরানী, ছয়োরানী, মংস্থনারীর উপাখ্যান, আরব্য উপস্থাস, রবিন্সন্ কুসো। পৃথিবীর জনসংখ্যার সঙ্গে পালা দিয়ে চলল। বুড়োরাও আলিসের ছটের দিনে বলে, মাহাব বানাও; হল আঠারো-পর্ব মহাভারত প্রস্তত। আর, লেগে গিয়েছেন গল্প-বানিয়ের দল দেলে দেলে।

নাংনির ফরমাশে কিছু দিন থেকে লেগেছি মাহ্য গড়ার কান্ডে; নিছক খেলার মাহ্য, সত্যমিথ্যের কোনো জবাবদিহি নেই। গল্প বে শুনছে তার বন্ধস ন বছর, আর যে শোনাচ্ছে সে সন্তর পেরিয়ে গেছে। কান্ধটা একলাই শুরু করেছিলুম, কিন্তু মালমসলা এতই হাল্কা ওজনের যে, নির্বিচারে পুপুও দিল যোগ। আর-একটা লোককে রেখেছিলুম, তার কথা হবে পরে।

অনেক গল শুক হয়েছে এই ব'লে যে, এক যে ছিল রাজা। আমি আরম্ভ ক'রে দিলুম, এক যে আছে মাস্থয়। তার পরে লোকে যাকে বলে গপ্পো, এতে তারও কোনো আঁচ নেই। সে মান্থয় ঘোড়ায় চ'ড়ে তেপাস্তরের মাঠ পেরিয়ে গেল না। একদিন রাত্রি দশটার পর এল আমার ঘরে। আমি বই পড়ছিলুম। সে বললে, দাদা, খিদে পেয়েছে।

রাজপুত্রের গল্প অনেক শুনেছি; কখনোই তার খিদে পায় না। কিন্তু এর খিদে পেয়ে গেল গোড়াতেই, শুনে খুলি হলুম। খিদে-পাওয়া লোকের সঙ্গে ভাব করা সহজ। খুলি করবার জন্তে গলির মোড়ের থেকে বেশি দূর যেতে হয় না।

দেখলুম, লোকটার দিব্যি থাবার শধ। ফরমাশ করে মুড়োর ঘন্ট, লাউচিংড়ি, কাটাচচ্চড়ি; বড়োবালারের মালাই পেলে বাটিটা চেঁচেপুঁছে থায়। এক-একদিন শধ ষায় আইস্ক্রিমের। এমন ক'রে খায় সে দেখবার বোগ্য। মজুমদারদের জামাইবাবুর সঙ্গে অনেকটা মেলে।

একদিন ঝমাঝম্ বৃষ্টি। বসে বসে ছবি আঁকছি। এখানকার মাঠের ছবি। উদ্ধানিক দিকে বরাবর চলে গেছে রাঙা মাটির রাঙা— দক্ষিণ দিকে পোড়ো জমি, উচুনিচু চেউ-খেলানো, মাঝে মাঝে আঁকড়া বুনো খেছুর। দূরে হুটো-চারটে তালগাছ আকাশের দিকে কাঙালের মতো তাকিয়ে। তারই পিছনে জমে উঠেছে ঘন মেঘ, যেন একটা প্রকাণ্ড নীল বাঘ্ ৩২ পেতে আছে, কখন এক লাফে মাঝ-আকাশে উঠে স্ফাটাকে দেবে থাবার ঘা। বাটিতে রঙ গুলে তুলি বাগিয়ে এইসব একে চলেছি।

দরজায় পড়ল ঠেলা। খুলে দেখি ডাকাত নয়, দৈতা নয়, কোটালের পুত্র নয়— সেই লোকটা। সর্বান্ধ বেয়ে জল ঝরছে, ময়লা ডিজে জামা গায়ে লেপ্টে গেছে, কোঁচার ডগায় কাদা, জুতোয় কাদার পিতি। আমি বললুম, এ কী!

সে বললে, যখন বেরিয়েছিলুম খট্খটে রোদ্হর। আছেক পথে আগতে বৃষ্টি নামল। তোমার ঐ বিছানার চাদরটা যদি দাও তো কাপড় ছেড়ে গায়ে জড়িয়ে বলি।

হকুম পাবার সব্র সইল না। চট ক'রে খাটের থেকে লক্ষেছিটের ঢাকটো টেনে নিয়ে তাই দিয়ে মাথাটা মুছে কাপড় ছেড়ে সেটা গায়ে জড়িয়ে বসল। ভাগ্যিস কাশ্মীরি জামিয়ারটা পাতা ছিল না।

বললে, দাদা, তোমাকে একটা গান শোনাব। কী করি, ছবি-আঁকা বন্ধ করতে হল। সে শুকু করলে—

> ভাবো শ্রীকান্ত নরকান্তকারীরে, নিতান্ত কুতান্ত-ভরান্ত হবে ভবে।

আমার মূখের ভাব দেখে তার কী সন্দেহ হল জানি নে; জিগেস করলে, কেমন লাগছে।

আমি বলল্ম, জীবনের শেষদিন পর্যন্ত তোমাকে গলা সাধতে হবে লোকালয় থেকে দূরে ব'সে। তার পরে বুঝে নেবেন চিত্রগুপ্ত, যদি সইতে পাপ্তেন।

ু সে বললে, পুপেদিদিও হিন্দুছানি ওন্তাদের কাছে গান শেখে, সেইথানে আমাকে বসিষে দিলে কেমন হয়।

শামি বলন্ম, পুপেদিদিকে বদি রাজি করাতে পার তা হলে কথা নেই। সে বলনে, পুপেদিদিকে আমি বড়ো ভয় করি।

এই পর্যস্ত তনে আমার জ্বোতা পুপেদিদি খ্ব হেদে উঠন। তাকে কেউ ভর করে,

এতে সে ভারি খুলি। যেমন খুলি হয় জগতের লোর্গগুরাতাপের দল।
দয়াময়ী আখাগ দিয়ে বললে, ভয় নেই, আমি তাকে কিছু বলব না।

আমি বলস্ম, তোমাকে ভয় কে না করে! ছবেলা ছ বাটি ক'রে ছখ খাও— গাবে কী রক্ম জোর! মনে আছে তো, তোমার হাতে লাঠি দেখে সেই বাঘটা লেজ গুটিরে একেবারে ছটুপিসির বিছানার নীচে গিয়ে লুকিয়েছিল।

বীরান্ধনা ভারি খুলি। মনে করিয়ে দিলে ভালুকটার কথা— সে পালাভে পিরে পড়ে গিয়েছিল নাবার ঘরের আনের অলের টবের মধ্যে।

সেই যে মাহ্মটার ইভিহাস গড়ে উঠেছিল আমার একলার হাতে এখন খেকে পুপেও ভাতে যেখানে-সেখানে জ্বোড়া দিভে লাগল। আমি যদি বা বলি, একদিন বেলা তিনটার সময় সে এসেছিল আমার কাছে দাড়ি কামাবার খুর চেয়ে নিভে, আর নিভে খালি বিস্থটের টিন, পুপে খবর দেয়, সে ওর কাছ খেকে নিয়ে গেছে পশম বোনবার কুরুশ-কাটি।

সব গরেরই একটা আরম্ভ আছে, শেব আছে, কিছু ঐ-বে 'এক বে আছে রাম্ব' তার আর শেব নেই। তার দিনির অর হর, ডাক্টার ডাকতে বার। টনি কুকুর আছে, বেড়ালের নথের আঁচড় লেগে তার নাক বার ছ'ড়ে। পিছন দিক থেকে গোক্ষর গাড়ির উপর চ'ড়ে বসেছিল, তাই নিয়ে গাড়োয়ানের সঙ্গে হয় বিষম বচসা। উঠোনে কলতলায় পিছলে প'ড়ে বাম্ন ঠাক্সনের মাটির ঘড়া দেয় ভেড়ে। মোহনবাগানের ফুটবল-মাচ্ দেখতে গিয়েছিল, পকেট থেকে সাড়ে তিন আনা পরসাকে নের ভূলে; ফির্তি রাজায় ভীমনাগের দোকান থেকে সন্দেশ কেনা বাদ গোল। বয়ু আছে কিয় চৌধুরী, তার ওখানে গিয়ে কুচো চিংড়ি ভাজা আর আলুর মন ফরমাশ করে। এমনি একটার পর একটা চলছে দিনের পর দিন। এর সঙ্গে পূপে জুড়েছে, কোনোদিন তুপুরবেলায় ওর ঘরে গিয়ে বলেছে নায়ের আলমারি থেকে পাকপ্রশালীর বইখানা খুঁজে বের করতে, বয়ু স্থাকাজবার শিখতে চায় মোচার ফট তৈরি করা। আর-একদিন পুপের স্থাসিত নারিকেল তেল নিয়ে গেল চেয়ে, ভর হয়েছে মাথায় টাক প'ড়ে আসছে দেখে। আর-একদিন দিন্লার ওখানে গান ভনতে গেল, দিন্লা তথন তাকিয়া ঠেলান দিয়ে ঘুমিয়ে।

এই-বে আমাদের এক বে আছে মাসুষ, এর একটা নাম নিক্রই আছে। সে কেবল আমরা ছ্মনেই জানি, আর-কাউকে বলা বারণ। এইখানটাতেই গল্পের মজা। এক বে ছিল রাজা, তারও নাম নেই; রাজপুত্র, তারও নেই। সার রাজক্সা, বার চুল লুটিয়ে পড়ে মাটিতে, যার হাসিতে মানিক, চোখের জলে মুক্তো, তারও নাম কেউ জানে না। ওরা নামজাদা নয়, অথচ ঘরে ঘরে ওদের খ্যাতি।

এই-বে আমাদের মাস্থবটি, একে আমরা শুধু বলি 'দে'। বাইরের লোক কেউ নাম জিগেদ করলে আমরা হন্ধনে মৃথ-চাওয়া-চাওয়ি ক'রে হাদি। পুপে বলে, আন্দান্ধ ক'রে বলো দেখি, প দিয়ে আরম্ভ। কেউ বলে প্রিয়নাথ, কেউ বলে পঞ্চানন, কেউ বলে পাঁচকড়ি, কেউ বলে পীতাম্বর, কেউ বলে পরেশ, কেউ বলে পীটার্দ্, কেউ বলে পীরার থা।

এইখানে এদে কলম থামতেই একজন বললে, গল্প চলবে তো ?

ওদের মধ্যে একজন বললে, যা স্পষ্টিছাড়া, বড়োবাজারে বছবাজারে, এমন-কি নিমতলাতেও ধার গতি নেই, তা নিয়ে কি গল হয় না।

वामि वनतूम, यनि इम्र छ। इतनहे इम्र, ना इतन इम्रहे ना।

সে বললে, হোক তবে। হোক-না একেবারে যা ইচ্ছে তাই; মাথা নেই, ম্পু নেই, মানে নেই, মোদ্ধা নেই, এমন একটা-কিছু।

এটা হল স্পর্বা। বিধাতার স্থাষ্ট, নিয়মের রসারসি দিয়ে ক'বে বাঁধা, যেটা হবার সেটা হবেই। এ তো শহু হয় না। একঘেরে বিধানের স্থাষ্টকর্তা পিতামহকে এমন ক্ষেত্রে ঠাট্টা ক'রে নেওয়া যাক যেখানে শান্তির ভয় নেই। এ তো তাঁর নিজের এলেকা নয়।

আমাদের সে ছিল কোনে বলে। কানে কানে বললে, দাদা, লেগে যাও। আমার নাম দিয়ে যা-খুলি চালিয়ে দিতে পার, ফৌজদারি করব না।

সে মাসুষ্টির পরিচয় দেওয়ার দরকার আছে।

পুপ্দিদিমণিকে ধারা বেয়ে যে গল ব'লে যাচ্ছি সেই গলের মূল অবলঘন ছচ্ছে

একটি সর্বনামধারী সে, কেবলমাত্র বাক্য দিয়ে তৈরি। সেইজন্তে একে নিয়ে যা-ভা করা সম্ভব, কোনোখানে একে কোনো প্রশ্নের হুঁচোট খাবার আশন্ধা নেই। কিছ অনাস্টির চাকৃষ প্রমাণ দেবার জন্তে একজন শরীরধারী জোগাড় করতে হয়েছে। শাহিত্যের মামলায় কেন্টা যথনই বড়ো বেশি বেনামাল হয়ে পড়ে তথনই এ লোকটা শাকা দিতে প্রস্তত। কিছুই বাধে না। আমার মতো মোক্তারের ইশারা পেলেই সে অমানমূথে বলতে পারে যে, কাঁচড়াপাড়ার কুন্তমেলায় গলাম্বান করতে গিয়ে কুমীরে ধরেছিল তার টিকির ভগা। সেটা গেল তলিয়ে, বোঁটা-ছেঁড়া মানবদেহের বাকি খংশটকু উঠে এগেছে ভাঙায়। আরও এক টু চোখ টিপে দিলে দে নির্লব্ধ হয়ে বলতে পারে, মানোয়ারী জাহাজের ভুরুরি গোরা লাত মাল পাঁক ঘেঁটে গোটা পাঁচ-ছয় চুল ছাড়া বাকি টিকিটা উদ্ধার করে এনেছে, বকশিষ পেয়েছে এককালীন সোয়া তিন টাকা। পুপুদিদি তবু यদি বলে 'তার পরে' তা হলে তথনি শুফ করবে, নীলরতন ভাক্তারের পায়ে ধরে বললে, দোহাই ভাক্তারবার, ওমুধ দিয়ে টিকিটা জোড়া দিয়ে मानिया मा ७, नरेल তেলোর কাছে প্রসাদী ফুল বাধতে পারছি নে । তিনি সন্ন্যাসী-मख वश्रकी मनम नाशिय मिर्छे हिन्छ। এक्यांत्र मित्रमा इस् व्यक् हरमाह, অফুরান একট। কেঁচোর মতো। পাগড়ি পরলে পাগড়িটা বেলনের মতো ফেঁপে উঠতে থাকে, মাথার বালিশটার উপর চুড়ো তৈরি হতে থাকে দৈতাপুরীর ব্যান্তের ছাতার मटला । वीभा मारेटन मिटर नाशिष बाथए हम । श्राप्ट श्राप्ट काटन मिटर बन्नाला চাঁচিয়ে নিতে হচ্ছে।

তব্ যদি শ্রোতার কৌত্হল না মেটে তা হলে সে করুণ মুখ ক'রে বলতে পাকে যে, মেডিক্যাল কলেজের সার্জন-জেনেরাল হাতের আন্তিন গুটিষে বলে ছিল; তার ভীষণ জেল, মাধার ঐ জায়গাটাতে ইদ্কুপ দিয়ে ফুটো ক'রে সেইখানে রবারের ছিপি এটে গালা লাগিয়ে লিলমোহর ক'রে দেবে, ইহকাল-পরকালে ওথান দিয়ে আর টিকি গজাতে পারবে না। চিকিৎসাটা ইহকাল ডিঙিয়ে পরকালেই গিয়ে ঠেকবে, এই আলকায় ও কোনোমতেই রাজি হল না।

আমাদের এই 'সে' পদার্থটি কণব্দয়া বটে; এমনভরো কোটিকে গোটিক মেলে।
মিথো কথা বানাভে অপ্রতিবন্দী প্রতিভা। আমার আবাবি গরের এত বড়ো উত্তরসাধক ওয়াদ বছ ভাগ্যে বুটেছে। গল্প-প্ররের উত্তরপাড়ার এই বে মায়্রব, মাঝে মাঝে
একে পুপুদিদির কাছে এনে ছাজির করি— দেখে ভার বড়ো চোধ আরও বড়ো ছয়ে
ওঠে। থুশি হয়ে বাজার থেকে গরম জিলিপি এনে ধাইছে দেয়।— লোকটা অসম্ভব
জিলিপি ভালোবাসে, আর ভালোবাসে শিক্দারপাড়া গলির চম্চম্। পুপুদিদি জিগেল

করে, তোমার বাড়ি কোধায়। ও বলে, কোননগরে, প্রশ্নচিহ্নের গলিতে।

নাম বলি নে কেন। নাম বললে ইনি যে কেবলমাত্র ইনিতেই এগে ঠেকবেন, এই ভয়। জগতে আমি আছি একজন মাত্র, তুমিও তাই, সেই তুমি আমি ছাড়া আরসকলেই তো সে। আমার গল্পের সকল সে'র উনি জামিন।

একটা কথা ব'লে রাখি, নইলে অথর্ম হবে। ওকে মাঝে রেখে যে পালা জমানো হয়েছে তার থেকে ধারা বিচার করে তারা ভূল করে; ধারা তাকে চাক্ষ্ম দেখেছে তারা জানে লোকটা স্পূক্ষ চেহারা স্থান্তীর। রাত্তিরে যেমন তারার আলোর ছড়াছড়ি, ওর গান্তীর্ম তেমনি চাপা হাসিতে ভরা। ও পয়লা নম্বরের মান্ত্য, তাই কোনো ঠাট্টা মন্করায় ওকে জখম করতে পারে না। ওকে বোকার মতো সাচ্চাতে আমার মজা লাগে, কেননা ও আমার চেয়ে বৃদ্ধিমান। অবুক্রের ভান করলেও ওর মানহানি হয় না; স্বিধে হয়, পুপুর স্বভাবের সক্ষে ওর মিল হয়ে ধায়।

## Ş

এর মধ্যে পুপেদিদি গেছে দাছিলিতে। সে রইল মাধাঘবা গলিতে একলা আমার জিমায়। তার ভালো লাগছে না। আমিও আলাতন হয়েছি। বলে, আমাকে দার্জিলিং পাঠাও।

আমি বলনুম, কেন।

সে বললে, পুরুষ মাত্র্য বেকার বলে আছি, আন্ত্রীয়ন্ত্রজন ভারি নিম্পে করছে। কী কাজ করবে, বলো।

পুপেদিদির খেলার রান্নার জন্তে খবরের কাগজ কুচিকুচি করে দেব।

এত মেহন্নত সইবে না। একটু চুপ করো দেখি। স্বামি এখন হুঁহাউ বীপের ইতিহাস লিখছি।

ছঁহাউ নামটা শোনাচ্ছে ভালো, দাদা। ওটা তোমার চেয়ে আমার কলমেই মানাত ঠিক। বিষয়টার একটু আমেছ দিতে পার কি।

ঠাটা নয়, বিষয়টা গন্তীর, কলেজে পাঠ্য হবার আশা রাখি। একদল বৈজ্ঞানিক ঐ শৃক্ত বীপে বস্তি বেঁধেছেন। খুব কঠিন পরীক্ষায় প্রার্থন্ত।

একট্থানি বুঝিয়ে বলো— কী করছেন তাঁরা। ছাল নিয়মে চাষবাস করছেন ? একেবারে উন্টো, চাষের সম্পর্ক নেই।

আহারের কী ব্যবস্থা। একেবারেই বন্ধ। প্রাণটা গ

সেই চিন্ধাটাই সব চেয়ে ভুচ্ছ। পাক্ষত্রের বিরুদ্ধে ওঁদের সভ্যাগ্রহ। বলছেন, ঐ অঠরবছটার মতো পাঁচাও জিনিস আর নেই। যত রোগ, যত যুদ্ধবিগ্রহ, যত চুরি-ভাষাতির মূল কারণ তার নাড়ীতে নাড়ীতে।

मामा, कथां । ने हा हरने ६ हक्य करा नक ।

তোমার পক্ষে শক্ত। কিন্তু, ওঁরা হলেন বৈজ্ঞানিক। পাকষন্ত্রটা উপড়ে ক্ষেলেছেন, পেট গেছে চূপ্সে, আহার বন্ধ, নশু নিচ্ছেন কেবলই। নাক দিয়ে পোষ্টাই নিচ্ছেন হাওয়ায় শুষে। কিছু পৌচছে ভিতরে, কিছু হাঁচতে হাঁচতে বেরিয়ে যাচ্ছে। হুই কাল একগ্লেই চলছে, দেহটা সাফও হচ্ছে, ভতিও হচ্ছে।

আশ্চর্য কৌশ্র । কর্মের জাঁতা বসিয়েছেন বৃঝি ? হাঁস মুরণি পাঁটা ভেড়া আলু পটোর একসংক্ষ পিবে শুকিয়ে ভতি করছেন ডিবের মধ্যে ?

না। পাক্ষয়, ক্যাইখানা, ছটোই সংসার থেকে লোপ করা চাই। পেটের দায়, বিল-চোকানোর ল্যাঠা একগঙ্গে মেটাবেন। চিরকালের মতো জগতে শাস্তিস্থাপনার উপায় চিস্তা করছেন।

নশুটা তবে শশু নিয়েও নয়, কেননা সেটাতেও কেনাবেচার নামলা।

বৃথিয়ে বলি। জীবলোকে উদ্ভিদের সব্জ অংশটাই প্রাণের গোড়াকার পদার্থ, গেটা ভো জান ?

পাপমূপে কেমন করে বলব বে জানি, কিন্তু বৃদ্ধিমানেরা নিতান্ত খদি জেদ করেন তা হলে মেনে নেব।

বৈপায়ন পণ্ডিতের দল ঘাসের থেকে সর্ক্ষ সার বের করে নিয়ে স্থের বেগ্নি-পেরোনো আলোয় শুকিয়ে মুঠো মুঠো নাকে ঠুসছেন। সকালবেলায় ভান নাকে; মধ্যাকে বা নাকে; সায়াকে ছই নাকে একসঙ্গে, সেইটেই বড়ো ভোজ। ওঁদের সমবেড হাঁচির শব্দে চমকে উঠে পশুপক্ষীরা সাঁথরিয়ে সমুদ্র পার হয়ে গেছে।

শোনাচ্ছে ভাগো। অনেক দিন বেকার আছি দানা, পাকষন্ত্রটা হয়ে হয়ে উঠেছে— ভোমাদের ঐ নস্কটার দালালি করতে পারি যদি নির্মার্কেটে, তা হলে—

আর একটু বাধা পড়েছে, সে কথা পরে বলব। তাঁজের আর-একটা মত আছে। তাঁরা বলেন, মাহব ছ পায়ে খাড়া হয়ে চলে ব'লে তালের হৃদ্যর পাক্ষয় রূলে রূলে মরছে; অবাভাবিক অভ্যাচার ঘটেছে লাখো লাখো বংশর ধ'রে। তার অরিমানা ২০১৩ দিতে হচ্ছে আযুক্ষয় ক'রে। দোলায়মান হানয়টা নিয়ে মরছে নরনারী; চতুপানের কোনো বালাই নেই।

ব্ৰালুম, কিন্তু উপায় ?

ওঁরা বলছেন, প্রকৃতির মূল মংলবটা শিশুদের কাছ থেকে শিখে নিতে হবে। সেই দ্বীপের সব চেয়ে উচু পাহাড়ে শিলালিপিতে অধ্যাপক খুদে রেখেছেন— সবাই



মিলে ছামাগুড়ি দাও, ফিরে এসো চতুপদী চালে, যদি দীর্ঘকাল ধরণীর সজে সম্পর্ক রাখতে চাও।

সাবাস! আরও কিছু বাকি আছে বোধ হয় ?

আছে। ওঁরা বলেন, কথা কওয়াটা মাস্থবের বানানো। ওটা প্রকৃতিদন্ত নয়। ওতে প্রতিদিন খাসের কয় হতে থাকে, সেই খাসক্ষরেই আয়ুকয়। খাভাবিক প্রতিভায় এ কথাটা গোড়াতেই আবিকার করেছে বানর। ত্রেভার্গের হয়্মান আব্দুও আছে বেঁচে। আব্দুওরা নিরালায় বসে সেই বিশুদ্ধ আদিম বৃদ্ধির অয়ুসরণ করছেন। মাটির দিকে মৃথ ক'রে সবাই একেবারে চুপ। সমস্ত বীপটাতে কেবল নাকের থেকে হাঁচির শব্দ বেরোয়, সুখের থেকে কোনো শব্দই নেই।

পরস্পর বোঝাপড়া চলে की क'রে।

অত্যান্চর্ব ইশারার ভাষা উদ্ভাবিত।— কখনো ঢেঁকি-কোটার ভন্নীতে, কখনো হাতপাধা-চালানোর চালে, কখনো ঝোড়ো স্থপুরি পাছের নকলে ভাইনে বাঁরে উপরে নীচে ঘাড় ছলিবে বাঁকিবে নাড়িবে কাঁপিবে হেলিবে ঝাঁকিবে। এমন-কি, সেই ভাষার সঙ্গে ভূক-বাঁকানি চোখ-টেপানি বোগ ক'বে ওঁদের কবিভার কাজও চলে। দেখা গেছে, তাতে দর্শকের চোথে জল আসে, নক্তির জাবগাঁটা বছ হবে পড়ে।

কিছু টাকা স্বাধাকে ধার দাও, দোহাই তোমার। ঐ হ'হাউ দ্বীপেই বেতে হচ্ছে স্বাধাকে। এত বড়ো নতুন মন্ত্রাটা—

নতুন আর পুরোনো হতে পেল কই। ইাচতে হাচতে বস্তিটা বেবাক ফাঁক হয়ে গেছে। পড়ে আছে জালা-জালা সব্দ নক্তি। ব্যবহার করবার বোগ্য নাক বাকি নেই একটাও।

এ তোমার আগাগোড়াই বানানো। বিজ্ঞানের ঠাট্টার পক্ষেও এটা বাড়াবাড়ি শোনাছে। এই হঁহাউ বীপের ইতিহাস বানিরে তৃমি প্পেদিদিকে তাক লাগিরে দিতে চাও। ঠিক করেছিলে, তোমার এই অভাগা সে-নামওয়ালাকেই বৈজ্ঞানিক লাজিয়ে লারা বীপমর হাঁচিয়ে হাঁচিয়ে মারবে। বর্ণনা করবে, আমি ঘাড়-নাড়ানাড়ির ঘটা ক'রে ঘটোংকচ-বধ পাঁচালির আগর জমাচ্ছি কী ক'রে। হয়তো কোন্ হামাগুড়িওয়ালি মনোহর-ঘাড়-নাড়ানির সঙ্গে আমার বিয়ে দিয়ে বসবে, ঘাড়নাড়া-ময়ে কনে নাড়বে নাথা বাঁ দিক থেকে তান দিকে, আর আমি নাড়ব তান দিক থেকে ঠি দিকে। সপ্তপদী-গমন হয়ে উঠবে চতুর্গলপদী। ওদের সেনেট-হলে ঘাড়নাড়া ভাবায় য়য়ন ওরা সারে গারে পারীক্ষা দিতে বসেছে, তার মধ্যে আমাকেও বসাবে এক কোণে। আমার উপর তোমার দয়ামায়া নেই, দেবে ফেল করিয়ে। কিন্ত ওদের স্পোর্টিং ক্লাবে হামা-গুড়ি-রেলে আমাকেই পাওয়াবে ফাস্ট্ প্রাইজ। বলে দিচ্ছি, প্পেদিদিকে এনন করে হাসাতে পারবে মনেও কোরো না।

বেশি বোকো না। চাণকাপণ্ডিত শ্রেণীবিশেষের আয়ুর্দ্ধির জ্ঞান্ত বলেছেন : ভাষচ্চ বাঁচতে মূর্য ধাবং ন বক্বকায়তে।— তুমি তো সংস্কৃত কিছু শিখেছিলে ?

ষতটা শিখেছিলেম তৃলেছি তার দেড়গুণ ওলনে। নয়া-চাণক্য জগতের হিতের দত্তে বে উপদেশ দিয়েছেন সেটাও ভোমার জানা দরকার দাদা, ছন্দ মিলিয়েই লেখা: তখন হাপ ছাড়িয়া বাঁচি যখন পণ্ডিত চুপায়তে।— চললুম। জামার শেষ পরামর্শ এই, বৈজ্ঞানিক রসিকতা ছেড়ে দিয়ে ছেলেমাছ্যি করো যতটা পার।

এই কাহিনীটা পুপেদিবির কাছে একটুও পদ্দাসই হয় নি। কপাল কুঁচকে বললে, এ কখনো হয় ? নিস্ত নিবে পেট ভরে ?

শানি বললেম, গোড়াভে পেটটাকেই যে সরিমে দিয়েছে।

পুপুদিদি আখন্ত হয়ে বদলে, ওঃ, তাই বৃঝি।

শেষ পর্যন্ত ওর গিয়ে ঠেকল কথা না বলাতে। ওর প্রশ্ন, কথা নাব'লে কি বাঁচা যায়।

আমি বলনুম, ওদের সব চেয়ে বড়ো পণ্ডিত ভূর্জপাতায় লিখে লিখে দীপময় প্রচার করেছেন, কথা বলেই মামুষ মরে। তিনি সংখ্যাগণনাম প্রমাণ করে দিয়েছেন, যারা কথা বলত স্বাই মরেছে।

হঠাৎ পুপুদিদির বৃদ্ধিতে প্রশ্ন উঠল, আক্তা, বোবারা ?

আমি বললেম, তারা কথা ব'লে মরে নি, তারা মরেছে কেউ বা পেটের অহুখে, কেউ বা কাশিসদিতে।

শুনে পুপুদিদির মনে হল, কথাটা যুক্তিসংগত।

আচ্ছা, দাদামশায়, তোমার কী মত।

আমি বললুম, কেউ বা মরে কথা ব'লে, কেউ বা মরে না ব'লে।

আচ্ছা, তুমি কী চাও।

আমি ভাবছি, হুঁহাউ দ্বীপে গিয়ে বাস করব, জন্ম্বীপে বকিয়ে মারল স্থামাকে, স্থার পেক্র উঠছি নে।

#### 9

শিবাশোধনসনিভির একটা রিপোর্ট পাঠিয়েছে আমাদের সে। পুপুদিদির **আস**রে আজ সন্ধেবেলায় সেইটে পাঠ হবে।

## রিপোর্ট

সন্ধেবেলায় মাঠে বলে গায়ে হাওয়া লাগাচ্ছি এমন সময় শেয়াল এলে বললে, দাদা, তুমি নিজের কাচ্চাবাচ্চাদের মাহুষ করতে লেগেছ, আমি কী দোব করেছি।

किछामा क्रालय, को क्रां इत इत अनि।

শেয়াল বললে, নাহয় হলুম পশু, তাই ব'লে কি উদ্ধার নেই। পণ করেছি, তোমার হাতে মাসুষ হব।

स्त यदन ভारत्य, मरकार्य वरहे ।

জিজানা করল্ম, ভোমার এমন মংলব হল কেন।

श्र वनरन, यमि याञ्च इराज भावि जा इरान भावान-गुनारक वानाव नाम इरव,

আমাকে পুঞো করবে ওরা।

षायि रमम्य, द्रन क्था।

বন্ধের খবর দেওয়া গেল। তারা খ্ব খুশি। বললে, একটা কান্দের মতো কান্দ বটে। পৃথিবীর উপকার হবে। ক'ন্দনে মিলে একটা সভা করলুম, তার নাম দেওয়া গেল শিবা-শোধন-সমিতি।

পাড়ার আছে অনেক কালের একটা পোড়ো চণ্ডীমণ্ডপ। সেখানে রোজ রান্তির নটার পরে শেয়াল মাহুষ করার পুণ্যকর্মে লাগা গেল।

জিজানা করলুম, বংন, তোমাকে জ্ঞাতিরা কী নামে ভাকে। শেয়াল বললে, হৌহো।

আমরা বললুম, ছি ছি, এ তো চলবে না। মাছ্র্য হতে চাও তো প্রথমে নাম বদলাতে হবে, তার পরে রূপ। আজ থেকে তোমার নাম হল শিবুরাম।

দে বললে, আচ্ছা। কিন্তু মুখ দেখে বোঝা গেল, হৌহৌ নামটা ভার ঘেরকম মিষ্টি লাগে নিবুরাম ভেমন লাগল না। উপায় নেই, মানুষ হতেই হবে।

প্রথম কাছ হল তাকে ছ পাছে দাঁড় করানো। অনেক দিন লাগল। বহু কটে নড়্বড় করতে করতে চলে, থেকে থেকে পড়ে পড়ে ঘায়। ছ মাস গেল দেইটাকে কোনোমতে খাড়া রাখতে। থাবাগুলো ঢাকবার জন্ত পরানো হল জুতো মোজা দন্তানা।

অবশেষে আমাদের সভাপতি গৌর গোঁসাই বদদেন, শিব্রাম, এইবার আয়নায় ভোমার বিপদী ছন্দের মৃতিটা দেখো দেখি, পছন্দ হয় কিনা।


আয়নার সামনে দাঁড়িয়ে ঘূরে ফিরে ঘাড় বেঁকিয়ে শিবুরাম জনেক কণ ধরে দেখলে। শেষকালে বললে, গোঁলাইজি, এখনো তোমার সকে তো চেহারার মিল হচ্চেনা।

গোঁগাইন্ধি বললেন, নির্, সোজা হলেই কি হল। মানুব হওয়া এত সোজা নয়। বলি, লেন্ধটা বাবে কোথায়। ওটার মায়া কি ভ্যাগ করতে পার।

শিবুরামের মুখ গেল ওকিয়ে। শেয়ালপাড়ায় দশ-বিশ গাঁষের মধ্যে ওর লেজ ছিল বিখ্যাত।

সাধারণ শেরালরা ওর নাম দিয়েছিল 'থাসা-লেকুড়ি'। বারা শেরালি-সংস্কৃত জানত তারা সেই ভাষায় ওকে বলত, 'হুলেমেলাসূলী'। ছ দিন গেল ওর ভাবতে, তিন রাজি ওর ঘুম হল না। শেষকালে বৃহস্পতিবারে এসে বললে, রাজি।

भाहेकिल ब्र**७**व कांक्ज़ (बांबा धाना लबके। दनन कांका, व्राटक तांका (पंत्र ।



সভ্যেরা সকলে বলে উঠল, অহো, পশুর এ কী মৃক্তি! লেজবন্ধনের মায়া ওর এত দিনে কেটে গেল! ধয়া

শিব্রাম একটা গভীর দীর্থনিখাস ফেললে। চোধের জল সামলিয়ে নিয়ে সেও অতি কফণস্থরে বললে, ধৃত !

সেদিন ওর আহারে ক্ষচি রইশ না, সমস্ত রাত সেই কাটা লেক্ষের স্বপ্ন দেখলে।
পরদিন শিব্রাম সভায় এসে হাজির। গোঁসাইজি বললেন, কেমন হে শিব্, দেহটা
হান্ধা বাধ হচ্ছে তো ?

শিব্রাম বললে, আজে, ধ্বই হাজা। কিন্তু মন বলছে, লেজ গোল তবু মাহুবের গলে বর্ণভেদ ভো ঘুচল না।

গোঁসাই বললেন, রঙ মিলিয়ে স্বর্ণ হতে চাও যদি, তবে রোঁয়া ঘূচিয়ে ফেলো। তিম্ন নাপিত এল।

পাঁচ দিন লাগল খুর ব্লিয়ে ব্লিয়ে লোমগুলো চেঁচে ফেলতে। রূপ যেটা ফুটে উঠল তা দেখে সভার! নবাই চুপ করে গেল।

শিব্রাম উদ্বিগ্ন হয়ে বললে, মশায়, আপনারা কোনো কথা বলেন না কেন। সভারা বললে, আমরা নিজের কীতিতে অবাক।

শিব্রাম মনে শান্তি পেল। কাটা লেজ ও চাঁচা রোঁয়ার লোক ভূলে গেল। সভারা ছুই চক্ষ্ বুজে বললেন, শিব্রাম, আর নয়। সভা বন্ধ হল। এখন— শিব্বললে, এখন আমার কাজ হবে শেয়াল-সমাজকে অবাক করা।

এ দিকে শিব্রামের পিসি থেঁকিনি কেঁদে কেঁদে মরে। গাঁরের মোড়ল হক্টকে গিয়ে বললে, মোড়ল মলায়, আদ্র এক বছরের উপর হয়ে গেল আমার হোহোকে দেখি নে কেন। বাঘ-ভালুকের হাতে পড়ল না.তো ?

মোড়শ বললে, বাঘ-ভালুককে ভন্ন কিসের ? ভন্ন ঐ মাস্থ্য জানোরারটাকে, হরতো তাদের ফালে পড়েছে।

খোঁজ পড়ে গেল। ঘূরতে ঘূরতে ভলন্টিয়ারের দল এল সেই চণ্ডীমণ্ডপের বাশবনে। ডাক দিলে, হকা হয়া।

শিব্রামের বুকের মধ্যে ধড়্কড় করে উঠল, একবার গলা ছেড়ে ঐ একতানমন্ত্রে যোগ দিতে ইচ্ছা হল। বছ কটে চেপে গেল।

থিতীয় প্রহরে বাঁশবনে আবার ডাক উঠল, ছক্কা হয়। এবার শিব্রাষের চাপা গলায় কারার মতো একট্থানি রব উঠল। তবু থেমে গেল।

ভৃতীয় প্রহরে ওরা আবার বধন ডাক ছাড়লে শিরুরাম আর থাকডে পারলে না;

एए केंग्रेन, इका द्या, दका द्या, इका द्या।

হুকুই বললে, ঐ তো হোহোঁয়ের গলা শুনি। একবার হাঁক দাও তো।

**जाक পज़न, श्रीरशे!** 

সভাপতি বিছানা ছেড়ে এসে বলসেন, শিবুরাম!

বাইরে থেকে আবার ডাক পড়ল, হৌহে !

গোঁসাইজি আবার সতর্ক করে দিলেন, শিবুরাম!

তৃতীয়বার ভাকে শিবুরাম ছুটে বেরিয়ে আসতেই শেয়ালরা দিল দৌড়। হর্কুই, হৈয়ো, হুহু প্রভৃতি বড়ো বড়ো শেয়াল-বীর আপন আপন গর্ভের ভিতর গিয়ে ঢুকল।

সমন্ত শেয়াল-সমাজ স্তম্ভিত।

তার পর ছ মাস গেল।

শেষ ধবর পাওয়া গেছে। শিবুরাম সারারাত হেঁকে হেঁকে বেড়াচ্ছে, আমার লেজ কই, আমার লেজ কই।

গোঁদাইয়ের শোবার ঘরের সামনের রোয়াকে ব'লে উর্ধ্ব দিকে মুপ তুলে প্রহরে প্রহরে কোকিয়ে উঠে বলে, আমার লেছ ফিরে দাও।

গোঁসাই দরজা থুলতে সাহস করে না— ভয় পায়, পাছে তাকে খাাপ। শেয়ালে কামভায়।

শেয়ালকাটার বনে যেগানে শিব্রামের বাড়ি সেগানে ওর যাওয়া বছ। জাতিরা ওকে দ্র থেকে দেখলে, হয় পালায় নয় থেঁকিয়ে কামড়াতে আলে। ভাঙা চত্তীমগুপেই থাকে, সেখানে একছোড়া পাঁাচা ছাড়া আর অহা প্রাণী নেই। থাঁত্ব, গোবর, বেঁচি, ঢেঁড়ি প্রভৃতি বড়ো বড়ো ডানপিটে ছেলেরাও ভৃতের ভয়ে সেধানকার জকল থেকে কর্মচা পাড়তে যায় না।

শেয়ালি ভাষায় শেয়াল একটা ছড়া লিখেছে, তার আরস্তটা এইরকম—
প্রবে লেজ, হারা লেজ, চক্ষে দেখি ধুঁয়া।
বক্ষ মোর গেল ফেটে হকা হয়া হয়। ।

পূপে বলে উঠল, কা অভায়, ভারি অভায়। আছো, দাদামশায়, ওর মাসিও ওকে নেবে না ঘরে ?

আমি বলল্ম, তুমি ভেবো না; ওর গায়ের রোঁয়াগুলো আবার উঠুক, তথন ওকে চিনতে পারবে।

### কিন্তু, ওর লেজ ?

হয়তো লাজুলান্ত ত্বত পাওয়া বেতে পারে কবিরাঞ্চমশারের ঘরে। আমি থোজ নেব।



भागात राज करें! जागात राज करें!

সে আমাকে আড়ালে নিয়ে গিয়ে বললে, রাগ কোরো না দাদা, হক্ কথা বলক— ভোষায়ও শোধনের দরকার হয়েছে। বে-আদব কোথাকার, কিসের শোধন আমার।

ভোমার ঐ বুড়োমির শোধন। বয়স তো কম হয় নি, তবু ছেলেমাছষিতে পাকা হতে পারলে না।

প্রমাণ পেলে কিসে !

এই-যে রিপোট্টা পড়ে শোনালে, ওটা তো আগাগোড়া ব্যঙ্গ, প্রবীণ বছসের জাঠিমি। দেখলে না পুপুদিদির মুখ কিরকম গন্তীর? বোধ হয় গায়ে কাঁটা দিয়ে উঠেছিল। ভাবছিল, রোয়া-চাঁচা শেয়ালটা এখনি এল বৃথি তার কাছে নালিশ করতে। বৃত্তির মাজাটা একট কমাতে যদি না পার তা হলে গল্প বলা হেড়ে দাও।

ওটা কমানো আমার পক্ষেশক। তুমি ব্রবে কী ক'রে; তোমাকে তো চেট্টাই করতে হয় না, বিধাতা আছেন তোমার সহায়।

দাদা, রাগ করছ বটে, কিন্তু আমি বলে দিলুম, বৃদ্ধির কাঁজে ভোমার রস যাচ্ছে শুকিয়ে। মজা করছ মনে কর, কিন্তু ভোমার ঠাট্টা গায়ে ঠেকলে কামার মভো লাগে। এর আগে ভোমাকে অনেকবার সভর্ক করে দিয়েছি— হাসতে গিয়ে, হাসাতে গিয়ে পরকাল খুইয়ো না। লেজকাটা শেয়ালের কথা শুনে পুপুদিদির চোথ জলে ভরে এসেছিল, দেখতে পাও নি বৃঝি? বল ভো আজই ভাকে আমি একটুগানি হাসিয়ে দিই গে— বিশুদ্ধ হাসি, তাতে বৃদ্ধির ভেজাল নেই।

লেখা তৈরি আছে নাকি ?

আছে। নাটকি চালের আলাপ। বললেই হবে, আমাদের পাড়ার উধো গোবরা আর পঞ্জে মিলে কথা হচ্ছে। ওদের স্বাইকে দিনি চেনে।

ष्याञ्चा त्वन, त्मश्रा शक ।

#### গেছে৷ বাবা

উধো। की त्र, मद्मान পেनि ?

গোবরা। আরে ভাই, তোমার কথা ভনে আজ মাদ্ধানেক ধরে বনে-বাদাড়ে ঘুরে ঘুরে হাড় মাটি হল, টিকিও দেবতে পেলুম না।

পঞ্। কার সন্ধান করছিল রে।

গোবরা। গেছো বাবার।

পঞ্। গেছোবাবা? সে আবার কেরে।

উধো। জানিস নে? বিশ্বস্থ লোক তাকে জানে।



পঞ্। তা, গেছো বাবার ব্যাপারটা की ভনি।

উখো। বাবা বে গাছে চড়ে বসবে সেই গাছই হবে কল্পডক। তলায় গাড়িয়ে হাত পাতলেই যা চাইবি ডাই পাবি রে।

পঞু। খবর পেলি কার কাছ থেকে।

উধো। ধোকড় গাঁরের ভেকু সর্গারের কাছ থেকে। বাবা সেদিন ভূমুর গাছে চড়ে বলে পা দোলাজিল; ভেকু জানে না, তলা দিয়ে বাজে, যাধার ছিল এক ইাড়ি চিটেশুড়, ভামাক তৈরী করবে। বাবার পায়ে ঠেকে তার হাঁড়ি গেল টলে— চিটেশুড়ে তার মুখ চোখ গেল বুজে। বাবার দয়ার শরীর; বললে, ভেফু, ভাের মনের কামনা কী খুলে বল্। ভেকুটা বোকা; বললে, বাবা একখানা টাানা দাও, মুখটা মুছে ফেলি। বেমনি বলা অমনি গাছ থেকে খলে পড়ল একখানা গামছা। মুখ চােখ মুছে উপরে বখন তাকালো তখন আর কারও দেখা নেই। য়া চাইবে কেবল একবার। বাদ, ভার পরে কেলে আকাশ ফাটালেও সাডা মিলবে না।

পঞ্। হায় রে হায়, শাল নয়, দোশালা নয়, শুধু একথানা গামছা! ভেকুর আর বৃদ্ধি কত হবে।

উধো। তা হোক, নেপু। ঐ গামছা নিয়েই তার দিব্যি চলে বাচ্ছে— দেখিস নি ? রথতলার কাছে অত বড়ো আটচালা বানিয়েছে। গামছা ছোক, বাবার গামছা তো।

পक् । की कदा श्ला । ज्लिक नाकि ।

উধো। হোদলপাড়ার মেলায় ভেকু সেদিন বাবার গামছা পেতে বসল। হাজারে হাজারে লোক এলে জুটল। বাবার নামে টাকাটা সিকেটা আল্টা মুলোটা চার দিক থেকে গামছার উপর পড়তে লাগল। মেরেরা কেউ বা এসে বলে, ও ভেকুনাদা, আমার ছেলেটার মাথায় বাবার গামছা একটু ঠেকিয়ে দে, আজ তিনমাস ধ'রে জরে ভুগছে। ওর নিয়ম হচ্ছে নৈবিভি চাই পাঁচ সিকে, পাঁচটা স্থপুরি, পাঁচ কুন্কে চাল, পাঁচ ছটাক ঘি।

পঞ্। নৈবিভি তো দিচ্ছে, ফল পাচ্ছে কিছু?

উধা। পাচ্ছে বৈ কি। গান্ধন পাল গামছা ভরে পনেরো দিন ধরে ধান চেলেছে; তার পরে ঐ গামছার কোণে দড়ি লাগিয়ে একটা পাঁঠাও দিলে বেংধ, ঐ পাঁঠার ডাকে চার দিক থেকে লোক এসে জমল। কী বলব, ভাই, মাস এগারো পরেই গান্ধনের চাকরি ছুটে গেল। আমাদের রান্ধবাড়ির কোভোরালের সিদ্ধি গোঁটে, ভার দাড়ি চুম্রিয়ে দেয়।

পঞ্। সত্যি বলছিস ?

উধো। সভ্যি না তো কী। গান্ধন বে আমার মামাডো ভাইরের ভাষরা-ভাই হয়।

পঞ্ ৷ আছা ভাই উদো, গামছাটা তুই দেখেছিল ?

উধো। দেখেছি বৈ কি। হটুগঞ্জের তাঁতে দেড়গজ ওসারের বে গামছা বুয়নি হয়, চাঁপার বরন শুনি, লাল পাড়, একেবারে বেমালুম তাই। পছ। বলিস কী। তা, দে গাছের উপর থেকে পড়ল কী করে।

উধো। ঐ তো মলা। বাবার দয়া।

পष्। ठम् छाँहे, ठम्, श्रीष कदाछ (वादाँहे। किस्, किनव की कादा।

উধো। সেই তো মৃশকিল। কেউ তো তাকে বেখে নি। আবার হবি তো হ, ভেকু বেটার চোব গেল চিটেগুড়ে বুজে।

প্রকু। তবে উপার?

উধো। আমি তো হাটে ঘাটে যাকে দেখছি তাকেই জ্বোড়হাড ক'রে জ্বিগেদ করছি, দয়া ক'রে জানাও, তুমিই কি গেছো বাবা। স্তনে তারা তেড়ে মারতে আলে। একজন তো দিল আমার মাথায় হুঁকোর জ্বল ঢেলে।

গোবরা। তাদিক গো। ছাড়া হবে না। খুঁজে বের করবই। যা থাকে কপালে। পঞ্। ভেকু বলে, গাছে চড়লেই তবে বাবার চেহারা ধরা পড়ে, হখন নীচে থাকেন চেনবার ছো নেই।

উপো। গাছে চড়িয়ে চড়িয়ে মাহয়কে পরথ করব কী ক'রে, ভাই। আমি এক বৃদ্ধি কংছি, আমার আমড়া গাছ আমড়ায় ভরে গেছে, বাকে দেবছি তাকেই বলছি, আমড়া পেড়ে নাও— গাছটা প্রায় বালি হয়ে এল, ডালগুলোও ভেঙেছে।

পকু। আর দেরি নয় রে, চল্। কপালের জোর যদি থাকে তবে দর্শনলাভ হবেই। একবার গলা ছেড়ে ভাক দে-না, ভাই! গেছো বাবা, ও বাবা, দয়াল বাবা, পারুলবনে কোথাও যদি থাক লুকিয়ে, একবার অভাগাদের দর্শন দাও।

গোবরা। ওরে হয়েছে রে, দয়া হল বুঝি।

प्रमा कहेता, कहे।

গোবরা। ঐ-বে চালতা গাছে।

পঞ্। কীরে, চাশতা গাছে কী। দেখছি নে তো কিছু।

গোবরা। ঐ-বে হলছে।

প্ছ। কী হলছে। ও তোলের রে।

উধো। তোর কেমন বৃদ্ধি গোবরা, ও বাবার লেজ নর রে, হহুমানের লেজ। দেখছিল নে মুধ ভাঙাজেছ ?

গোবরা। ঘোর কলি বে! বাবা ঐ কপিরপ ধরেছেন আমাদের ভোলাবার জঞে। পঞ্। ভ্লছি নে, বাবা, কালামুখ দেখিৰে ভোলাতে পারবে না। যত পার মুখ ভাাঙাও, নড়ছি নে— তোমার ঐ ঞীলেজের শরণ নিলুম।

श्रीवत्रो । अद्भ, वावा द्य नशा नाक विद्य भानाए एक कत्रन द्य ।

পঞু। পালাবে কোথায়। আমাদের ভক্তির দৌড়ের সঙ্গে পারবে কেন।

গোৰর। ঐ বদেছে কয়েংবেল গাছের ভগায়।

উধো। পঞ্চ, উঠে পড়-না গাছে।

भक् । भारत, पृष्टे कर्-ना।

উধো। चात्र, पृष्टे कर्

পঞ্। অত উচ্চে উঠতে পারব না, বাবা, রূপা ক'রে নেমে এগো।

উধো। বাবা, তোমার ঐ শ্রীলেজ গলায় বেঁধে অন্তিমে যেন চক্ মৃদতে পারি এই আশীবাদ করো।

প্রিস্থান

ওহে কমবৃদ্ধি, হাসাতে পারলে?

না। যে মাসুষ সবই বিনা বিচারে বিশ্বাস করতে পারে তাকে হাসানো সোঞ্চা নয়। ভয় হচ্ছে, পুপেদিদি পাছে গেছো বাবার সন্ধান করতে আমাকে পাঠায়।

মূথ দেখে আমারও তাই বোধ হচ্ছে। গেছো বাবার 'পরে ওব টান পড়েছে। আচ্ছা, কাল পরীক্ষা ক'রে দেখব, বিখাদ না করিয়েও মজা লাগাতে পারা যায় কি না।

কিছুক্ষণ বাদে পুপু এসে বললে, আচ্ছা, দাদামশায়, গেছো বাবার কাছে তুমি হলে কী চাইতে।

আমি বললেম, পুপুদিদির জ্ঞে এমন একটা কলম চাইতেম বা নিম্নে লিখতে বসলে অঙ্ক কষতে একটা ভূলও হত না।

পুপ্দিদি হাততালি দিয়ে বলে উঠল, আ:, সে কী মজাই হত ! অবে দিদি এবার একশোর মধ্যে সাড়ে তেরো মার্কা পেয়েছে।

8

স্বপ্ন দেখছি কি জেগে আছি বলতে পারি নে। ন্ধানি নে কত রাত। ঘর অন্ধনার, লগুনটা আছে বারান্দায়, দরজার বাইরে। একটা চামচিকে পোকার লোভে স্বলাক বেয়ে বেড়াচ্ছে, গরায়-পিণ্ডি-না-দেওয়া ভূতের মতো।

त्र अत्र शैक पित्न, पाना, चूमक् नाकि।

বলেই ঘরে চুকে পড়ল। কালে। কমলে সর্বান্ধ মোড়া।

জিগের করদেয়, এ কেমন স্ক্রা ভোষার।

বললে, আমার বরসক্ষা।

वदग्रका! दुक्षियः वरमा।

कत्न प्रश्रंख शक्ति।

জানি নে কেন, আমার যেন ঘূনে-ঘোলা বৃদ্ধিতে ঠেকল যে, ঠিক হয়েছে, এই সজ্জাই উচিত। উৎসাহ দিয়ে বলস্ম, সেজেছ ভালো। ভোমার ওরিজিফ্রালিটি দেবে খুলি হলুম। একেবারে ক্লাসিকাল সাজ।

को तक्य।

ভূতনাথ যথন তাঁর তপখিনী কনেকে বর দিতে এলেন, তাঁর গায়ে ছিল হাতির চামড়া। তোমার এটা যেন ভালুকের চামড়া। নারদ দেখলে খুলি হতেন।

দাদা, সমজদার তুমি। এলেম এইজন্তেই ভোমার কাছে এত রান্তিরে।

কভ রাত বলো দেখি।

দেডটার বেশি হবে না।

কনে কি এখনি দেখা চাই।

হা, এখনি ৷

ওনেই বলে উঠলেম, ভারি চমংকার।

কী কারণে বলো তো।

কেন-যে এডদিন আইভিয়টা মাধার আসে নি তাই ভাবি। আপিসের বড়ো সাহেবের মুখ দেখা দিনের রোদ্ভরে, আর কনে দেখা মাঝরান্ডিরের অন্কারে।

দাদা, তোমার মুখের কথা যেন অমৃতসমান। একটা পৌরাণিক নজির দাও তো।
মহাদেব অবাক হবে তাকিয়ে আছেন মহাকালীর দিকে অমাবস্থার ঘোর
অক্কারে, এই কথাটা স্বরণ কোরো।

অহো, দাদা, তোষার কথার আমার গামে কাঁটা দিছে। সারাইম যাকে বলে। তা হলে আর কথা নেই।

কনেটি কে এবং আছেন কোধার।
আমার বৌদিধির ছোটো বোন, আছেন তাঁরই বাড়িতে।
চেহারার ভোমার বৌদিধির সঙ্গে কি মেলে।

व्यक्त वह कि, महाम्या वर्षे।

তা হলে অন্ধকার রাতের গরকার আছে।

বৌদি স্বয়ং ব'লে দিয়েছেন, টর্চটা যেন সঙ্গে না আনি । বৌদির ঠিকানাটা ? সাতাশ মাইল দ্বে, চৌচাকলা গ্রামে, উনকুগু পাড়ায়। ভোজন আছে তো ? আছে বৈকি।

শুনে কোন্ মোহের ঘোরে বে মনটা পুলকিত হল বলতে পারি নে। লিভরের দোবে ভুগে আসছি বারো বছর, খাবার নাম শুনলেই পিত্তি যায় বিগড়ে।

क्षिराम कर्त्राम्य, शाख्यांचा की त्रक्य श्रूत अनि ।

অত্যস্ত উত্তেজিত হয়ে বলে উঠল, অতি উত্তম, অতি উত্তম, অতি উত্তম। বৌদি আমস্ত্র দিয়ে উচ্ছেসিদ্ধ চমংকার রাঁধে, আর কুলের আঁটি ঢেঁকিতে কুটে তার সঙ্গে দোকার জল মিশিয়ে চাটনি—

বলেই নাচ ছুড়ে নিল বিলিতি চালে,— টিটিটম্টম্, টিটিটম্টম্, টিটিটম্টম্।

জীবনে কোনোদিন নাচি নি, হঠাং নাচ পেয়ে গেল— ছজনে হাত ধরাধরি ক'রে নাচতে তাক ক'রে দিলুম, টিটিটম্টম্। মনে হল আশ্চর্গ আমার ক্ষমতা; যমুনা দিদি যদি দেখত তবে বলত, নাচ বটে।

শেষকালে হাঁপিয়ে উঠে ধপ্ ক'রে বলে পড়লুম। বললুম, আহারের ফর্ম যা দিলে একেবারে থাঁটি ভিটামিন। লিভরের পক্ষে অমৃত। কনে দেখতে যাবে তো কনের পরীক্ষা তো চাই।

**এक मका हरा राह्य चाराहे।** 

কী বক্ষ।

মনে করলুম, মিলন হবার আগে মিলের পরীকা চাই। ঠিক কি না বলো।
ঠিক তো বটেই। পরীকার প্রণালীটা কী।

জিগেস করা চাই 'শোলোক মেলাতে পার কি না'। দৃত পাঠিছেছিলুম 'রংমশাল'এর সহ-সম্পাদককে, তিনি আ ভড়ালেন—

क्मत्री, ज्ञि कारमा कृष्टि।

বললেন, মিল ক'রে এর জবাব দিতে হবে, পুরো মাপের মিল। কনেটি এক নিঃশেষে ব'লে দিলে—

কানা তুমি, নেই ভালো দৃষ্টি।

गर-गन्भामत्कत्र वही चगर हम, व'ल मिरम-

বন্ধা দথা হাতে তোমাকে গড়েছে রাতে যবে শেষ হল আলোবৃষ্টি।

লমা হাতে বলবার তাৎপর্ব কী হল।

মেয়েটি ঢাাঙা আছে শুনেছি, তোমার চেরে ইঞ্চি ছই-ভিন বড়ো হবে। তাই শুনেই তো আমার উৎসাহ।

रामा की।

একখানা মেয়ে বিষে করতে গিয়ে পাওয়া বাবে আধখানা ফাউ।

এ কথাটা আমার মাথায় ওঠে নি।

ষা হোক দাদা, শহ-সম্পাদকের কাছে হার মেনে ও হার-মানার একটা কর্লতি
দিয়ে দিয়েছে।

কী বক্ম।

মাছের আঁশের হার গেঁখে ওর গলায় পরিয়েছে, বলেছে যশংসৌরভ ভোমার সক্ষে সক্ষে ফিরবে।

আমি লাফ দিয়ে ব'লে উঠলুম, ধন্ত ! এবার দেখছি এক অসাধারণের সঙ্গে আর-এক অসাধারণের মিলন হবে, জগতে এমন কলাচিং ঘটে। তা হলে আর কেন দিন ক্ষা দেখা।

কি**ন্ধ** মেয়েটির পণ, ওকে যে হারাতে পারবে তাকেই ও বিষে করবে। রূপে ?

না, কথার মিলে। ঠিকমত ধদি মেলাতে পারি তা হলে ও নিছেকে দেবে ফলাঞ্জি।

পারবে তো ?

निण्ठव ।

भागि की अनि।

বলব, চার লাইনে আমার চরিত্র বর্ণনা করে।, তবে আমাকে খুলি ক'রে লাও। মিল হওয়া চাই ফর্ফর্ট্রাল।

কনে দেখার বদি পেটেন্ট্ নেওয়া চলত তুমি নিজে পারতে ! বরের তব দিরে ওক ! অতি উত্তম ৷ উমা তাতেই ক্ষিতেছিলেন ।

প্রথম লাইনটা ওকে ধরিয়ে বিডে হবে, নইলে আমার চরিজের থই পাবে না:
আমার বর্ণনার ধুয়োটি হচ্ছে এই—

34178

তুমি দেখি মাহ্যটা একেবারে অভুত।

পুরো বহরের মিল দাবি করলে মেয়েটি বোধ হয় মাধায় হাত দিয়ে পড়বে। ওকে হার মানতেই হবে। আচ্ছা দাদা, তুমিই দাও দেখি ওর পরের লাইনটা যোগ ক'রে।

আমি বললেম-

স্বন্ধে ভোমার বৃঝি চাপিয়াছে বদ ভৃত।

এক্সেলেন্ট্। কিন্তু আর হটো লাইন না হলে স্লোক তো ভর্তি হয় না। আমি বলছি, কনে তো কনে, কনের বাবার সাধ্যি হবে না ওর মিল বের করতে। দাদা, তোমার মাধায় কিছু আসছে ? ভাষায় হোক্ অভাষায় হোক।

একেবারেই না।

তা হলে শোনো—

ছাত থেকে লাফ দাও, পাঁক দেখে ঝাঁপ দাও,

যথন তথন করো যদৃত তদুত।

७ षावात की! भी की कान् मिन व्लि।

দেবভাষা সংস্কৃত, কিন্তৃত শব্দের এক পর্যায়।

ষহুত ভহুত, মানেটা কী হল।

ওর মানে, যা খুলি তাই। ওটা বন্ধভাষায়, যাকে হাল আমলের পণ্ডিতেরা বলেচে 'অবদান'।

লোকটার 'পরে আমার ভক্তি কৃল ছাপিষে উঠল। মনে হল অসাধারণ প্রতিভা। ওর পিঠ থাবড়িয়ে বলল্ম, স্বস্থিত করেছ আমাকে।

সে বললে, স্বস্থিত হলে চলবে কেন। চলতে হবে। লগ্ন বন্ধে যাছে। ফল্ ক'বে বনকরণ পেরিয়ে যাবে কথন, এসে পড়বে ভৈডিলকরণ, বৈছ্প্রযোগ, তার পরেই হর্ষণযোগ, বিষ্টিকরণ, শেষ রান্তিরে অস্করোগ, ধনিচানক্ত্র— গোরামীমতে ব্যতীপাতযোগ বালবকরণ, পরিঘযোগে বথন গরকরণ এসে পড়বে তথন বিপদ হবে— ঘরকর্নার পক্ষে গরকরণের মতো এত বড়ো বাধা আর নেই। সিদ্ধিযোগ বন্ধাযোগ ইক্রযোগ শিবযোগ এই হপ্তার মধ্যে একদিনও পাওয়া বাবে না, বরীয়ানযোগের অল্প একটু আশা আছে যথন পুনর্বস্থ নক্ষত্তের দৃষ্টি পড়বে।

কান্ত নেই, কান্ত নেই, এধ্ধনি বেরিরে পড়া বাক। ভাক রাও পৃত্তুলালকে, মোটরধানা আছক। সে এভক্ষণে চরকা কাউতে বসেছে। চরকা কাউতে কাউতে তবে সে ঘুমতে পারে, মোটর চালিয়ে চালিয়ে ভার এই দুলা হরেছে।

গাড়িতে চড়ে বসলুম।



জন্দের মধ্য দিয়ে চলেছি, ঘোর অন্ধনার। পুরুরের ধারে আস্সেওড়ার ঝোপ।
হঠাৎ তার ভিতর থেকে থেকশিয়ালি উঠল ডেকে। তথন রাত সাড়ে তিনটে হবে।
বেমনি ডাকা, পুরুলাল চমকে উঠে গাড়িহছ গিয়ে পড়ল একগলা জলের মধ্যে। এ
দিকে তার পিঠের কাপড়ের ভিতরে একটা ব্যাঙ ঢুকে লাফালাফি করছে। আর,
পুরুলালের লে কী চেঁচানি! আমি ওকে সান্ধনা দিয়ে বলন্ম, পুরুলাল, তোর পিঠে
বাত আছে, ব্যাঙটাকে খ্ব কষে লাফাতে দে, বিনি পয়সায় অমন ভালো মালিশ
আর পাবি নে।

গাড়ির ছাদের উপর দাঁড়িয়ে ডাক দিতে লাগলুম, বনমালী, বনমালী।

ইস্ট্ পিডের কোনো সাড়াশন্স নেই। স্পট্টই বোঝা গেল, সে তখন বোলপুর স্টেশনের প্লাট্ফরমে চাদর মুড়ি দিয়ে নাক ডাকিয়ে ঘুমচ্ছে। ভারি রাগ হল। ইচ্ছে করল, তার নাকের মধ্যে ফাউন্টেন পেনের স্থড়্ইড়ি দিয়ে ভাকে হাঁচিয়ে দিয়ে আসি গে। এ দিকে পাঁকের জলে আমার চুলগুলো গেছে ভিজে। না আঁচড়ে নিয়ে ধর বৌদিদির ওখানে যাই কী ক'রে। গোলমাল খনে পুক্রপাড়ে হাঁসগুলো প্যাক পাঁয়ক ক'রে ভেকে উঠেছে। এক লাফ দিয়ে পড়লুম তাদের মধ্যে; একটাকে চেপে ধরে ভার ভানা দিয়ে ঘষে ঘষে চুলটা একরকম ঠিক করে নিলুম। পুঝুলাল বললে, ঠিক বলেছ, দাদাবার্। ব্যাঙের লাফে বড়ো আরাম বোধ হচ্ছে। ঘুম আগছে।

যাওয়া গেল ওর বৌদিদির বাড়িতে। থিদের চোটে একেবারে ভূলে গেছি কনে দেখার কথা। বৌদিদিকে জিগেস করলেম, আমার সলে ছিল সে, তাকে দেখছি নে কেন।

তিন হাত দোপাট্টা কাপড়ের ঘোমটার ভিতর থেকে মিহিস্থরে বৌদিদি বদলে, সে কনে খুঁজতে গেছে।

কোন চুলোয়।

মজা দিঘির ধারে বাঁশতলায়।

কত দূর হবে।

তিন প্রহের পথ।

দূর বেশি নয় বটে। কিন্তু, থিদে পেয়েছে। তোমার সেই চাইনি বের করে। দিকি। বৌদিদি নাকি হুরে বললে, হায় রে আমার পোড়া কপাল, এই গেল মজলবারের আগের মকলবারে ফাটা ফুটবল্ ভর্তি ক'রে সমস্তটা পাঠিয়ে দিয়েছি ব্জুদিদির ওখানে— সে ওটা খেতে ভালোবাসে ছোলার ছাতুর সঙ্গে শর্বেতেল আর লছা দিয়ে মেখে।





म्य छिक्ता राम ; रमम्म, जामहा शहे की।

বৌদিদি বললে, শুকনো কুঁচো চিংড়িমাছের মোরকা আছে টাট্কা চিটেগুড়ে জমানো। বাছারা থেয়ে নাও, নইলে পিত্তি পড়ে যাবে।

কিছু খেলেম, অনেকটাই রইল বাকি। পৃত্লালকে জিগেল করলুম, খাবি ? লে বললে, ডাড়টা দাও, বাড়ি গিয়ে আহ্নিক ক'রে খাব। বাড়ি এলেম ফিরে। চটিছুতো ভিজে, গা-ময় কাদা। বনমালীকে ডাক দিয়ে বললুম, বাঁদর, কী করছিলি। লে হাউহাউ ক'রে কাঁদতে বাঁদতে বললে, বিছে কামড়েছিল, তাই খুমচ্ছিলুম। ব'লেই লে চলে গেল খুমতে।

এমন সময় একটা শুণ্ডাগোছের মাহ্য একেবারে ঘরের মধ্যে উপস্থিত। মন্ত লখা, ঘাড় মোটা, মোটা পিপের মতো গর্দান, বনমালীর মতো রঙ কালো, র্যাকড়া চূল, খোচা খোচা গোঁফ, চোথ হুটো রাঙা, গায়ে ছিটের মের্ছাই, কোমরে লাল রঙের ডোরাকাটা লুভির উপর হলদে রঙের ভিন-কোণা গামছা বাঁধা, হাতে পিতলের কাঁটামারা লখা একটা বাঁলের লাঠি, গলার আওয়াল যেন গলাইবাব্দের মোটর গাড়িটার লিঙের মতো। হঠাৎ সে গাড়ে ভিন মোন ওজনের গলায় ডেকে উঠল, বার্মলায়!

চমকে উঠে কলমের খোঁচায় খানিকটা কাগন্ধ ছিঁড়ে গেল। বলনুম, কী হয়েছে, কে তুমি।

সে বললে, আমার নাম পালারাম, দিদির বাড়ি থেকে এগেছি, জানতে চাই তোমাদের সে কোণায় গেল।

षामि रममूम, बामि को बानि।

পারারাম চোধ পাকিয়ে হাঁক দিয়ে বললে, জান না বটে ! ঐ বে ভার ভালি-দেওয়া আঁশ-বের-করা সব্দ রঙের এক পাটি পশমের মোলা কালাহছ ভকিয়ে গিয়ে মরা কাঠবেড়ালির কাটা লেজের মডো ভোমার বইয়ের শেলফে ঝুলছে, ওটা ফেলে সে বাবে কোন্প্রাণে।

आि वनन्य, लाकगान गरेटव ना, स्वशास्त्र थाएक क्टिय जागरवरे । किन्न इस्स्राह्म की ।

পারারাম বললে, পরশুদিন সন্ধের সময় দিনি গিয়েছিল কমিলাটের বাড়ি। লাট-গিরিয় সলে গলালল পাডিয়েছে। ফিরে এসে দেখে, একটা ঘট, একটা ছাডা, একজাড়া ভাস, হারিকেন লঠন, আর একটা পাথুরে কয়লার ছালা নিয়ে কোধায় সে চ'লে গেছে। দিদি বাগান থেকে একঝুড়ি বাঁশের কোঁড়া, লাউডগা আর বেতোশাক তুলে রেখেছিল; তাও থুঁজে পাওয়া যাছে না। দিদি ভারি রাগ করছে।

আমি বলনুম, তা আমি কী করব।

পাল্লারাম বললে, তোমার এধানে কোধায় সে লুকিয়ে আছে, তাকে বের ক'রে দাও।

আমি বললুম, এখানে নেই, তুমি থানায় খবর দাও গে।

নিক্য আছে।

षामि वनन्म, ভाना मुनकित्न रम्नतः तथि ! वनिह त तरे।

'নিশ্চয় আছে, নিশ্চয় আছে, নিশ্চয় আছে' বলতে বলতে পালারাম আমার টেবিলের উপর দমাদম তার বাঁশের লাঠির মুগুটা ঠুকতে লাগল। পাশের বাড়িতে একটা পাগল ছিল, সে শেয়াল ডাকের নকল ক'রে হাঁক দিল 'হ্ছাছয়া'। পাড়ার সব কুকুর চেঁচিয়ে উঠল। বনমালী আমার জ্ঞে এক মাস বেলের সরবত রেখে গিয়েছিল, সেটা উল্টিয়ে বোতল ভেঙে বেগ্নি রঙের কালির সঙ্গে মিশে রেশমের চাদর বেয়ে আমার ছুতোর মধ্যে গিয়ে জমল। চীংকার করতে লাগলুম, বনমালী, বনমালী!

বনমালী ঘরে চুকেই পালারামের চেহারা দেখে 'বাপ রে' 'মা রে' ব'লে টেচাডে টেচাডে দৌড দিলে।

হঠাং মনে পড়ে গেল; বললেম, সে গেছে কনের থোঁছ করতে।

কোথায়।

মজাদিঘির ধারে বাঁশতলায়।

লোকটা বললে, সেখানে যে আমারই বাডি।

তা হলে ঠিক হয়েছে। তোমার মেয়ে আছে?

আছে।

এইবার ভোমার মেয়ের পাত্র স্কুটল।

জুটলো এখনো বলা যায় না। এই ভাগু নিয়ে ঘাড়ে ধরে তার বিষে দেব, তার পরে বুঝব কঞাদায় ঘূচল।

তা হলে আর দেরি কোরোনা। কনে দেখার পরেই বরকে দেখা হয়তো সহজ হবে না।

সে বললে, ঠিক কথা।

একটা ভাঙা বালতি ছিল ঘরের বাইরে। সেটা ফস্ ক'রে তুলে নিলে। **জিগেস** করলেম, ওটা নিয়ে কী হবে। ও বললে, বড়ো রোদ্ভ্র, টুপির মভো ক'রে পরব।

ও তো গেল। তখন কাক ভাকছে, ট্রামের শব্দ শুরু হরেছে। বিছানা থেকে ধড়-ফড় ক'রে উঠেই ভাক দিলেম বনমালীকে। জিগেল করলেম, ঘরে কে চুকেছিল। ও চোধ রগড়ে বললে, দিনিমনির বেড়ালটা।

এই পর্বস্ত শুনে পুপেদিদি হতাশভাবে বললে, ও কী কথা দাদামশায়, তুমি বে বলছিলে, তুমি নেমন্তর খেতে গিয়েছিলে, তার পরে তোমার দরে এলেছিল পালারাম।

সামলে নিলুম। আর একটু হলেই বৃদ্ধিনানের মতো বলতে বাচ্ছিলুম, আগাগোড়া অপ্র। সব মাটি হত। এবন থেকে পালারামকে নিয়ে উঠে পড়ে লাগতে হবে বেমন ক'রে পারি। অপ্র বধন বিধাতা ভাঙেন নালিশ থাটে না। আমরা ভাঙলে বড়ো নিষ্ঠ্র হয়।

পুপ্দিদি বললে, দাদামশায়, ওদের ছ্জনের বিয়ে হল কি না বললে না তো কিছু।
ব্বান্ম, বিষে হওয়াটা জক্ষা দরকার। বলনুম, বিষে না হয়ে কি বক্ষা আছে।
ভার পরে ভোমার সঙ্গে ওদের দেখা হয়েছে কি।

হয়েছে বৈ কি। তথন ভোর সাড়ে চারটে, রান্তার গ্যাস নেবে নি। দেখলুম, নতুন বৌ ভার বরকে ধরে নিয়ে চলেছে।

কোথায়।

নতুন বাজারে মানকচু কিনতে।

मानकृ !

হা, বর আপত্তি করেছিল।

रक्न।

বলেছিল, অত্যন্ত দরকার হলে বরঞ্চ কাঁঠাল কিনে আনতে পারি, মানকচু পারব না।

তার পরে কী হল।
আনতে হল মানকচু কাঁথে করে।
খুশি হল পুপু; বল্লে, খুব জন্ম।



C

নকালে বসে চা থাচ্ছি এমন সময় সে এসে উপস্থিত।

জিগেস করন্ম, কিছু বলবার আছে?

ও বললে, আছে।

চট্ ক'রে বলে ফেলো, আমাকে এখনি বেরতে হবে।
কোথায়।

লাটসাহেবের বাড়ি।

লাটসাহেবের বাড়ি।

লাটসাহেবের বাড়া।

লাটসাহেবের বাড়া।

লাটসাহেবর ভামাকে ভাকেন নাকি।

না, ভাকেন না, ভাকলে ভালো করভেন।

ভালো কিসের।

জানতে পারতেন, ওঁরা যাদের কাছ থেকে খবর পেন্থে থাকেন আমি ভাদের চেয়েও খবর বানাতে ওতাদ। কোনো রায়বাহাত্ত্ব আমার সঙ্গে পালা দিতে পারে না, সে কথা তুমি জান।

জানি, কিন্তু আমাকে নিয়ে আলকাল তুমি বা-তা বলছ। অসম্ভব গল্পেরই যে ফর্মাশ।

হোক-না অসম্ভব, তারও তো একটা বাঁধুনি থাকা চাই। এলোমেলো অসম্ভব তো বে-সে বানাতে পারে।

ভোমার অসম্ভবের একটা নম্না দাও। আচ্ছা বলি শোনো—

শ্বতিরত্বমশার মোহনবাগানের গোল-কীপারি ক'রে ক্যাল্কাটার কাছ থেকে একে একে পাঁচ গোল খেলেন। খেরে খিদে গেল না, উপেটা হল, পেট টো-টো করভে লাগল। সামনে পেলেন অক্টর্লনি মহামেণ্ট। নীচে থেকে চাটতে চাটতে চুড়ো পর্যন্ত দিলেন চেটে। বদক্ষিন মিঞা সেনেট-ছলে বলে জুভো সেলাই করছিল, সে হা-হা ক'রে ছুটে এল। বললে, আপনি শাস্ত্রক্ত পণ্ডিত হয়ে এত বড়ো জিনিস্টাকে এটো করে দিলেন!

'ভোবা ভোবা' ব'লে ভিনবার মন্থানেক্টের গাবে থ্থু কেলে বিঞাসাহেব বৌড়ে গেল কেট্স্যান-মাপিসে ধবর দিভে।





স্বতিরত্বমশায়ের হঠাৎ চৈতক্ত হল, মুখটা তাঁর মণ্ডম হয়েছে। গোলেন ম্যুজিরবের দরোয়ানের কাছে। বললেন, পাড়েজি, তুমিও ত্রাম্বণ, আমিও ত্রাম্বল একটা

#### অমুরোধ রাখতে হবে।

পাঁড়েজি দাড়ি চুম্রিয়ে নিয়ে সেলাম ক'রে বললে, কোমা ভূ পোর্তে ভূ সি ভূ পোঃ

পণ্ডিত্যশায় একটু চিস্তা ক'রে বললেন, বড়ো শক্ত প্রশ্ন, সাংখ্যকারিকা মিলিয়ে দেখে কাল জবাব দিয়ে বাব। বিশেষ আজ আমার মৃথ অভ্তর, আমি মহ্যুমেন্ট চেটেছি।

পাড়েঞ্জি দেশালাই দিয়ে বর্মা চুক্কট ধরালো। ত্ টান টেনে বললে, তা হলে এক্নি
খুলুন ওয়েব্স্টার ভিক্সনারি, দেখুন বিধান কী।

শ্বতিরত্ম বদদেন, তা হলে তো ভাটপাড়ায় বেতে হয়। সে পরে হবে, আপাতত তোমার ঐ পিতদে-বাঁধানো ভাগুাধানা চাই।

भौष्फ् वनतन, त्कन, की कत्रत्वन, कार्य कश्रमात्र खंद्फा भर्फ्ट वृक्षि ?

শ্বতিরত্ন বললেন, তুমি খবর পেলে কেমন ক'রে। সে তো পড়েছিল পরশু দিন।
ছুটতে হল উন্টোভিঙিতে যক্ত-বিক্বতির বড়ো ডাক্তার ম্যাকটিনি সাহেবের কাছে।
তিনি নারকেলভাঙা থেকে সাবল আনিয়ে সাফ করে দিলেন।

পাড়েন্দি বললে, তবে ডাণ্ডায় ভোমার কী প্রয়োজন।

পণ্ডিত মশায় বললেন, দাঁতন করতে হবে।

পাঁড়েজি বললে, ওঃ, তাই বলো, আমি বলি নাকে কাঠি দিয়ে হাঁচবে বুঝি, তা হলে আবার গকাজল দিয়ে শোধন করতে হত।

্ এই পর্যন্ত বলে গুড়্গুড়িটা কাছে নিয়ে ছ টান টেনে সে বললে, দেখো দাদা, এই-রকম ভোমার বানিয়ে বলবার ধরন। এ যেন আঙুল দিয়ে না লিখে গণেশের গুড় দিয়ে লখা চালে বাড়িয়ে লেখা। যেটাকে যেরকম জানি সেটাকে অন্তরকম করে দেওয়া। অভ্যন্ত সহজ্ঞ কাজ। যদি বল লাটসাহেব কলুর ব্যাবসা ধ'রে বাগবাজারে ভটকি মাছের দোকান পুলেছেন, ভবে এমন সন্তা ঠাট্টায় বারা হাসে ভালের হাসিয় দাম কিসের।

চটেছ व'लে বোধ হচ্ছে।

কারণ আছে। আমাকে নিয়ে পুপুদিদিকে সেদিন বাছে-তাই কতকগুলো বাজে কথা বলেছিলে। নিতান্ত ছেলেমাছ্য বলেই দিদি হাঁ কয়ে স্ব সনেছিল। কিছ, জন্তুত কথা বদি বলভেই হয় তবে তার মধ্যে কারিগরি চাই তো।





লেটা ছিল না বুঝি?

না, ছিল না। চুপ করে থাকতুম যদি আমাকে স্থ্য না জড়াতে। যদি বলতে, তোমার অতিথিকে তুমি জিরাফের মৃড়িখট খাইরেছ, শর্বেবাটা দিয়ে তিমিমাছ-ভাজা আর পোলাওয়ের সঙ্গে পাঁকের থেকে টাটকা ধরে আনা জলহন্তী, আর তার সঙ্গে তালের ওঁড়ির ডাটা-চচ্চড়ি, তা হলে আমি বলতুম, ওটা হল স্থল। ওরকম লেখা সহজ।

আচ্ছা, তুমি হলে কী রকম লিখতে।

বলি, রাগ করবে না? দাদা, তোমার চেয়ে আমার কেরামতি বে বেশি তা নয়, কম বলেই স্থবিধে। আমি হলে বলতুম—

তাগমানিয়াতে তাগ খেলার নেমন্তঃ ছিল, বাকে বলে দেখা-বিন্তি। গেখানে কোজুমাচুকু ছিলেন বাড়ির কর্ডা, আর গিরির নাম ছিল শ্রীমতী হাঁচিয়েন্দানি काक्ष्या। छाएत वर्षा व्यव्यव नाम भाष्ट्रिन एती, बहुत्य द्वं एकिएन किनिन्द्र মেরিউনাথ, তার গদ্ধ বাদ্ধ সাত পাড়া পেরিয়ে। গদ্ধে শেয়ালগুলো পর্বস্ত দিনের বেলা হাঁক ছেড়ে ডাকতে আরম্ভ করে নির্ভয়ে, লোভে কি ক্ষোভে জানি নে; কাকগুলো জমির উপর ঠোঁট গুঁজে দিয়ে মরিয়া হয়ে পাধা ঝাপটায় তিন ঘন্টা ধরে। এ তো গেল তরকারি। আর, জালা জালা ভতি ছিল কাণ্ডচুটোর गांडानि। त्य त्मरनंत्र भाका भाका खांक्यरों। करनंत्र हार्रेजाना। धरे गटक मिहान हिन देक्षिकृषित जिक्षिमारे, कुजिजि । श्राप्त अराम श्राप्त शामा शाजि এনে পা দিয়ে সেগুলো দ'লে দিল; তার পরে ওদের দেশের স্ব চেয়ে বড়ো জানোয়ার, মাছবে গোৰুতে সিদিতে মিশোল, তাকে ওরা বলে গাণ্ডিগাভ্ডুং, তার কাঁটাওয়ালা ষ্ঠিব দিয়ে চেটে চেটে কডকটা নরম করে আনলে। তার পরে তিনশো লোকের পাতের সামনে দমান্দম হামানদিন্তার শব্দ উঠতে লাগল। ওরা বলে, এই ভীষণ শব্দ छनरम्हे अरमद बिर्द बन बारम ; मूद भाषा त्यरक छनए भरह छिथाति बारम मरन দলে। খেতে খেতে যাদের গাঁত ভেঙে যায় ভারা সেই ভাঙা গাঁত দান করে যায় বাড়ির কর্তাকে। তিনি সেই ভাঙা দাঁত বাাছে পাঠিয়ে দেন জমা ক'রে রাখতে, উইল করে দিরে বান ছেলেদের। বার তবিলে বত দাঁত তার তত नाय। अप्तरक मुकिरव अख्यत मक्षिष्ठ माँछ क्रियन निर्वे निर्वेत व'रम ठामिरव स्वा। धेरे निरंत्र तर्फा तर्फा मकस्मा इरद रशहर। श्रांबात्रभीिका भक्षांभीिक चरत

নেরে দের না। একজন সামান্ত পনেরোলাতি ওদের কেট্রু নাড়ু থেতে গিরে হঠাৎ দম আট্কিয়ে মারা গেল, হাজারদাতির পাড়ায় তাকে পোড়াবার লোক পাওয়াই গেল না। তাকে লুকিয়ে ভাসিয়ে দিলে চৌচলি নদীর জলে। তাই নিয়ে নদীর ছই ধারের লোকেরা খেসারতের দাবি করে নালিশ করেছিল, লড়েছিল প্রিভিকৌশিল পর্যন্ত

আমি হাপিয়ে উঠে বলল্ম, থামো, থামো! কিন্তু জ্ঞিগেদ করি, তুমি বে কাহিনীটা আওড়ালে তার বিশেষ গুণটা কী।

ওর গুণটা এই, এটা কুলের আঁঠির চাটনি নয়। যা কিছুই জানি নে তাকে নিয়ে বাড়াবাড়ি করবার শথ মেটালে কোনো নালিশের কারণ থাকে না। কিন্তু, এতেও বে আছে উচু দরের হাসি তা আমি বলি নে। বিশাস করবার অতীত যা তাকেও বিশাস করবার যোগ্য করতে পার বদি, তা হলেই অন্তুত রসের গল্প জমে। নেহাত বাজারে-চল্তি ছেলে-ভোলাবার সন্তা অত্যুক্তি যদি তুমি বানাতে থাক তা হলে তোমার অপ্যশ হবে, এই আমি ব'লে রাখলুম।

আমি বললেম, আচ্ছা, এমন করে গল্প বলব যাতে পুপ্দিদির বিশাস ভাঙতে ওঝা ডাকতে হবে।

ভালো कथा, किस गाँउ गाँदरतत वाफ़िए वा बन्ना वन एक की वा बाहा।

বোঝায়, তুমি বিদায় নিশেই ছুটি পাই। একবার বসলে উঠতে চাও না, ভাই 'তুমি যাও' অহুরোধটা সামান্ত একটু ঘুরিয়ে বলতে হল।

द्रबहि, षाका, তবে চলन्य।

#### ৬

দার্কাস দেখে আসার পর থেকে পুপুদিনির মনটা যেন বাঘের বাসা হয়ে উঠল। বাঘের সঙ্গে, বাঘের মাসির সঙ্গে সর্বদা তার আলাপ চলছে। আমরা কেউ বধন থাকি নে তথনই ওদের মঞ্জলিস জমে। আমার কাছে নাপিতের ববর নিঞ্ছিল; আমি বলনুম, নাপিতের কী দরকার।

পূপু জানালে, বাঘ ওকে অত্যন্ত ধরে পড়েছে। থোঁচা থোঁচা হরে উঠেছে ওর গোঁফ, ও কামাতে চার।

আমি জিগেদ করলেম, গোঁফ কামানোর কথা ওর মনে এল কী করে।



পূপু বললে, চা খেরে বাবার পেয়ালায় তলানি ষেটুকু বাকি থাকে আমি বাদকে খেতে দিই। সেদিন তাই খেতে এসে ও দেখতে পেরেছিল পাঁচুবাবুকে; ওর বিশাস, গোঁফ কামালে ওর মুখধানা দেখাবে ঠিক পাঁচুবাবুরই মতো।

আমি বলনুম, দেটা নিভাস্ক অস্তায় ভাবে নি। কিন্তু, একটু মুশকিল আছে। কামানোর গুমুতেই নাপিতকে যদি শেষ করে দেয় ভা হলে কামানো শেষ হবেই না।

ওনেই ফন্ ক'রে পুপের মাধার বৃদ্ধি এল ; ব'লে ফেললে, জান দাদামশার ? বাঘরা ২৬১২ ক্ধ ধনো নাপিতকে খায় না।

আমি বলনুম, বল কী। কেন বলো দেখি।

(थटन अस्तर भीभ इस।

প্ত:, তা হলে কোনো ভন্ন নেই। এক কাজ করা যাবে, চৌরন্ধিতে সাহেব-নাপিতের দোকানে নিম্নে যাওয়া যাবে।

পূপে ছাততালি দিয়ে বলে উঠল, হাঁ হাঁ, ভারি মন্ত্রা হবে। সাহেবের মাংস নিশ্চয় খাবে না, ঘেন্না করবে।

খেলে গন্ধানান করতে হবে। খাওয়া-ছোঁওয়ায় বাঘের এত বাছবিচার আছে, তুমি জানলে কী করে, দিদি।

পুপু খুব সেয়ানার মতো মুখ টিপে হেসে বললে, আমি সব জানি।

আর, আমি বৃঝি জানি নে?

को सान, रामा छा।

ওরা কথনো চাষী কৈবর্তর মাংস ধায় না; বিশেষত যারা গঙ্গার পশ্চিম-পারে থাকে। শাস্তে বারণ।

व्यात्र, यात्रा भूव-शादत्र थाटक ?

তারা যদি জেলে কৈবর্ত হয় তো সেটা অতি পবিত্র মাংস। দেটা খাবার নিয়ম বাঁ থাবা দিয়ে চিঁডে চিঁডে।

বাঁ থাবা কেন।

ঐটে হচ্ছে তদ্ধ রীতি। ওদের পণ্ডিতরা ডান থাবাকে নোংরা বলে। একটি কথা জেনে রাখো দিদি, নাপতিনীদের 'পরে ওদের ঘেরা। নাপ্রতিনীরা বে নেয়েদের পায়ে আল্ডা লাগায়।

তা লাগালেই বা ?

সাধু বাঘেরা বলে, আলতাটা রক্তের ভান, ওটা আঁচ্ডে কাম্ডে ছিঁডে চিবিরে বের করা রক্ত নয়, ওটা মিধ্যাচার। এরকম কপটাচরপকে ওরা অত্যন্ত নিন্দে করে। একবার একটা বাঘ চুকেছিল পাগড়িওরালার ঘরে, সেখানে ম্যান্ধেন্টা গোলা ছিল গামলার। রক্ত মনে ক'রে মহা খুলি হয়ে মুখ ভূবোলে তার মধ্যে। সে একেবারে পাকা রঙ। বাঘের লাড়ি গোঁফ, তার হুই গাল, লাল টক্টকে হয়ে উঠল। নিবিড় বনে বেখানে বাঘেদের প্রতপাড়া মোবমারা গ্রামে, সেইবানে আগতেই ওদের আঁচাড়ি লিরোমনি ব'লে উঠল, এ কী কাও! তোমার সমন্ত মুখ লাল কেন। ও লক্ষায় প'ড়ে মিধ্যে করে বললে, গণ্ডার মেরে তার রক্ত খেরে এসেছি।

ধরা পড়ে গেল মিথো। পণ্ডিডজি বললে, নথে তো রক্তের চিল্ন দেখি নে;
মুখ ওঁকে বললে, মুখে তো রক্তের গন্ধ নেই। স্বাই বলে উঠল, ছি ছি! এ
তো রক্তেও নয়, পিতাও নয়, মগজাও নয়, মজ্জাও নয়— নিশ্চর মাহুবের পাড়ায়
গিবে এমন একটা রক্ত থেয়েছে বা নিরামিব রক্তা, বা অভচি। পঞ্চারেত
বলে গেল। কামড়বিশারদ-মশায় হুরার দিয়ে বললে, প্রায়শ্চিত করা চাই। করতেই
হল।

যদি না করত।

সর্বনাশ! ও বে পাঁচ-পাঁচটা মেয়ের বাপ; বড়ো বড়ো ধরনখিনীর গৌরীদানের বয়স হবে এসেছে। পেটের নীচে লেক গুটিয়ে সাত গণ্ডা মোব পণ দিতে চাইলেও বর কুটবে না। এর চেয়েও ভয়ংকর শান্তি আছে।

को त्रक्य।

ম'লে প্রাদ্ধ করবার জন্তে পুরুত পাওয়া বাবে না, শেব কালে হয়তো বেড-ক্রমল গাঁ থেকে নেকড়ে-বেঘো পুরুত আনতে হবে; সে ভারি লক্ষা, সাত পুরুষের মাথা হেট।

্ৰাদ্ধ নাই বা হল।

শোনো একবার। বাঘের ভূত যে না খেয়ে মরবে।

সে তো মরেইছে, আবার মরবে কী ক'রে।

সেই তো আরও বিপদ। না খেয়ে মরা ভালো, কিন্তু ম'রে না খেয়ে বেঁচে থাকা যে বিষম দুর্গ্রহ।

পুপ্দিদিকে ভাবিয়ে দিলে। খানিকক্ষণ বাদে ভূফ কুঁচ্কিয়ে বললে, ইংরেচ্ছের ভূত তা হলে থেতে পায় কী ক'রে।

ভারা বেঁচে থাকতে যা খেরেছে ভাতেই ভাদের সাত ক্ষম অমনি চ'লে যায়। আমরা যা খাই ভাতে বৈতরণী পার হবার অনেক আগেই পেট চোঁ-চোঁ ক্রতে থাকে।

সন্দেহ মীমাংসা হতেই পুপে জ্বিগেস করলে, প্রায়শ্চিত্ত কিরকম হল।

আমি বলসুম, হাঁকবিছা-বাচন্পতি বিধান দিলে বে, বাবাচপ্রীতলার দক্ষিণপশ্চিম কোণে ক্রফপঞ্চমী ডিখি থেকে শুক্ত করে অমাবস্থার আড়াই পহর রাজ পর্বস্ত ওকে কেবল থ্যাক্শেয়ালির বাড়ের মাংস খেরে থাকতে হবে; তাও হয় ওর পিসভূতো বোন কিছা মাসভূতো ভালার মেজো ছেলে ছাড়া আর কেউ শিকার করলে হবে না— আর, ওকে খেতে হবে পিছনের ভান দিকের থাবা দিয়ে ছিঁড়ে ছিঁড়ে। এত বড়ো শান্তির



ট্রকুম শুনেই বাদের গা বিম-বিমি করে এল; চার পারে হাত জোড় করে হাউ-হাউ করতে লাগল।

কেন, কী এমন শান্তি। বল কী, খ্যাক্শিয়ালির মাংল! বত দ্ব অন্তচি হতে হয়। বাঘটা হোহাই পেড়ে বললে, আমাকে বর্ঞ নেউলের লেজ খেতে বলো সেও রাজি, কিছ খ্যাক্শেরালির আছের মাংল!

শেষকালে কি খেতে হল।

श्न वहे कि।

দাদামশায়, বাবেরা তা হলে খ্ব ধার্মিক ?

ধার্মিক না হলে কি এত নিয়ম বাঁচিয়ে চলে। সেইজক্তেই তো শেরালরা ওদের ভারি ভক্তি করে। বাদের এটো প্রসাদ পেলে ওরা বর্তিয়ে বায়। মাদের এয়োদশীতে যদি মকলবার পড়ে তা হলে সেদিন ভারে রান্তিরে ঠিক দেড় প্রহর থাকতে বুড়ো বাদের পা চেটে স্থাসা শেরালদের ভারি পুণাকর্ম। কত শেরাল প্রাণ দিয়েছে এই পুণোর জক্তে।

পূপুর বিষম থটকা লাগল। বললে, বাঘরা এতই যদি ধার্মিক ছবে তা হলে জীবহুত্যে করে কাঁচা মাংস খায় কী করে।

त्र वृद्धि (व-त्र माध्य । ५-त्व मञ्ज निर्देश त्याधन करा।

কিব্ৰুক্ম মন্ত্ৰ।

ওদের সনাতন হাসুম-মন্ত্র। সেই মন্ত্র প'ড়ে তবে ওরা হত্যা করে। তাকে কি হত্যা বলে।

यपि हालूम-मञ्ज रमाउ जूरम याय।

বাঘপুশ্ব-পণ্ডিভের মতে তা হলে ওরা বিনা মত্রে যে জীবকে মারে পরজন্ম সেই জীব হয়েই জনায়। ওদের ভারি ভর পাছে মাছব হয়ে জন্মাতে হয়।

रकन।

ওরা বলে, মাঁহবের সর্বান্ধ টাক-পড়া, কী কুন্তী! তার পরে, সামান্ত একটা লেজ, তাও নেই মাহ্মবের দেছে। পিঠের মাছি তাড়াবার জন্তেই ওদের বিয়ে করতে হয়। আবার দেখে।—না, ওরা থাড়া দাঁড়িয়ে সত্তের মতো ছই পায়ে ভর দিয়ে হাটে— দেখে আমরা হেসে মরি। আধুনিক বাঘের মধ্যে সব চেয়ে বড়ো জানী শার্দে লিয়ভন্তরত্ব বলেন, জীবস্প্রীর শেবের পালায় বিশ্বকর্মার মালমসলা বখন সমস্তই কাবার হয়ে গেল তখনই মাহ্ম্য গড়তে তাঁর হঠাং শব হল। তাই বেচারাদের পায়ের ভলার জন্তে থাবা দ্রে থাক্ করেক-টুকরো খুরের জোগাড় করতে পারলেন না, জুতো প'রে ভবে ওরা পায়ের লজ্জা নিবারণ করতে পারে— জার, গায়ের লজ্জা ঢাকে ওরা কাপড়ে জড়িয়ে। সমস্ত পৃথিবীর মধ্যে একমান্ত ওরাই হল লজ্জিত জীব। এত লজ্জা জীবলোকে আর কোথাও নেই।

বাঘেদের বুঝি ভারি অহংকার ?

ভন্নংকর। সেইজন্মেই তো ওরা এত ক'রে ঝাত বাঁচিয়ে চলে। জাতের দোহাই পেড়ে একটা বাঘের খাওয়া বন্ধ করেছিল একজন মান্নবের মেয়ে; তাই নিম্নে আমাদের সে একটা ছড়া বানিয়েছে।

তোমার মতো দে আবার ছড়া বানাতে পারে নাকি।
তার নিজের বিশাস সে পারে, এই তর্ক নিয়ে তো পুলিস ডাকা যায় না।
আচ্ছা, শোনাও-না।
তবে শোনো।—

এক ছিল মোটা কেঁদো বাঘ,
গাবে তার কালো কালো দাগ।
বেহারাকে খেতে ঘরে চুকে
আয়নাটা পড়েছে সমুখে।
এক ছুটে পালালো বেহারা,
বাঘ দেখে আপন চেহারা।
গাঁ-গাঁ ক'রে ভেকে ওঠে রাগে,
দেহ কেন ভরা কালো দাগে।

টে কিশালে পুঁটু ধান ভানে, বাঘ এসে গাড়ালো সেধানে। ফুলিয়ে ভীষন ছই গোঁফ বলে, চাই মিসেরিন সোপ।

পুঁটু বদে, ও কথাটা কী বে জন্মেও জানি নে তা নিজে। ইংরেজি-টিংরেজি কিছু শিবি নি তো, জাতে আমি নিচু।

বাঘ বলে, কথা বল ঝুঁটো, নেই কি আমার চোখ হুটো। গারে কিলে দাগ হল লোপ না মাখিলে গ্লিসেরিন লোপ। পূঁটু বলে, আমি কালো ক্লষ্ট, কথনো মাখি নি ও জিনিস্টি। কথা ওনে পায় মোর হাসি, নই মেম-সাহেবের যাসি।

বাঘ বলে, নেই তোর লক্ষা? থাব তোর হাড় মাস মক্ষা।

পুঁটু বলে, ছি ছি ওরে বাপ,
মূখেও আনিলে হবে পাপ।
জান না কি আমি অস্পৃত্ত,
মহাত্মা গাঁধিজির শিক্ত।
আমার মাংস যদি গাও
জাত যাবে জান না কি তাও।
পাহে ধরি করিবো না রাগ!—

ছুঁগ নে ছুঁগ নে, বলে বাঘ,
আরে ছি ছি, আরে রাম রাম,
বাঘ্নাপাড়ার বদনাম
রটে যাবে; ঘরে মেয়ে ঠাগা,
ঘূচে যাবে বিবাহের আশা
দেবী বাঘা-চণ্ডীর কোপে।
কাল নেই রিসেরিন সোপে।

জান, পূপ্দিদি? আধুনিক বাবেদের মধ্যে ভারি একটা কাণ্ড চলছে— বাকে বলে প্রগতি, প্রচেষ্টা। ওদের প্রগতিওয়ালা প্রচারকেরা বাঘ-সমাজে ব'লে বেড়াছে যে, জ্বলুক্ত ব'লে ধাত্ত বিচার করা পবিত্র জন্ত-আত্মার প্রতি অবমাননা। ওয়া বলছে, আজ থেকে আমরা বাকে পাব তাকেই ধাব; বাঁ থাবা দিয়ে ধাব, ডান থাবা দিয়ে ধাব, পিছনের থাবা দিয়েও ধাব; ছালুম্-মন্ত্র পড়েও ধাব, না পড়েও ধাব— এমন-কি, বৃহস্পতিবারেও আমরা আঁচ্ছে ধাব, শনিবারেও আমরা কাম্ছে থাব। এত উদার্ঘ। এই বাঘেরা মৃক্তিবাদী এবং সর্বন্ধীবে এদের সন্ধানবাধ জ্বভান্ত কলাও। এমন-কি, এয়া পশ্চিম-পারের চাবী কৈবর্তদেরও থেতে চার, এতই এদের উদার মন। ঘোরতর

দলাদলি বেখে গেছে। প্রাচীনরা নব্য সম্প্রদায়কে নাম দিয়েছে চাষী-কৈবর্জ-খেগো, এই নিয়ে মহা হাসাহাসি পড়েছে।

পূপু বললে, আচ্ছা দাদামশায়, তৃমি কখনো বাঘের উপর কবিতা লিখেছ? 
হার মানতে মন গেল না। বলদ্ম, হাঁ লিখেছি।
শোনাও-না।
গন্তীর স্বরে আবৃত্তি করে গেল্ম—

তোমার স্থাইতে কভু শক্তিরে কর না অপমান, হে বিধাতা— হিংসারেও করেছ প্রবল হন্তে দান আন্তর্ব মহিমা এ কী। প্রথবনধর বিভীষিকা, সৌন্দর্য দিয়েছ তারে, দেহধারী ষেন বঙ্গশিধা, যেন ধৃর্ভটির ক্রোধ। তোমার স্থাইর ভাতে বাঁধ ঝঞ্চা উচ্ছৃষ্ণল, করে তোমার দয়ার প্রতিবাদ বনের যে দয়া সিংহ, ফেনজিহন ক্ষ্র সমুক্তের যে উদ্ধত উর্ধে ফণা, ভূমিগর্ভে দানবয়ুদ্ধের ভমক্রনিংখনী স্পর্ধা, গিরিবক্ষভেদী বহিদেশিধা যে আঁকে দিগস্থপটে আপন অলম্ভ জয়টিকা, প্রলয়ন্তিনী বক্সা বিনাশের মদিরবিহ্বল নির্লম্ভ নিষ্ঠ্য— এই ষড বিশ্ববিপ্রবীর দল প্রচণ্ড স্থন্দর। জীবলোকে যে গুর্দান্ত আনে আস হীনতালান্থনে সে তো পায় না তোমার পরিহাস।

চুপ করে রইল পুপু। আমি বলনুম, কী দিদি, ভালো লাগল না বৃঝি।
ও কৃষ্ঠিত হয়ে বললে, না না, ভালো লাগবে না কেন। কিন্তু, এর মধ্যে বাঘটা
কোধায়।

আমি বলপুম, যেমন সে থাকে ঝোপের মধ্যে, দেখা বার না তব্ আছে ভয়ংকর গোপনে।

পূপু বললে, অনেক দিন আগে মিসেরিন-সোপ-থৌজা বাদের কথা আমাকে বলেছিলে। তার ধবরটা কোথা থেকে পেলে সে।

আমার কথা ও করে চুরি, নিজের মূখে সেটা দেয় বসিরে। কিছ— 'কিছ' না তো কী। দিখেছে ভালোই। কিছ—

হা, ঠিক কথা। আমি অমন করে লিখি নে, হয়তো লিখতে পারি নে। আমার মালটা ও চুরি করে, তার পরে বধন পালিস ক'রে দেয় তথন চেনা শক্ত হয়— এমন তের দেখেছি। ঠিক ঐরকম আর-একটি ছড়া বানিয়েছে।

শোনাও-না।

আচ্চা, শোনো তবে।-

স্থানরবনের কেঁলো বাঘ,

সারা গায়ে চাকা চাকা দাগ।

ংথাকালে ভোজনের

কম হলে ওজনের

হত তার ঘোরতর রাগ।

একদিন ভাক দিল গাঁ-গাঁ—
বলে, ভার গিরিকে জাগা।
শোন্ বটুরাম স্তাড়া,
গাঁচ জ্বোড়া চাই ভ্যাড়া,
এখনি ভোজের পাত লাগা।

বটু বলে, এ কেমন কথা, শিখেছ কি এই ভদ্ৰতা। এত রাতে হাঁকাহাঁকি ভালো না, জান না তা কি, জাদবের এ বে জন্তথা।

মোর ঘর নেহাত ক্ষয়,
মহাপশু, হেখায় কী কয়।
ঘরেতে বাধিনী মাসি
পথ চেয়ে উপবাসী,
তুমি খেলে বুখে দেবে আয়।

সেধা আছে গোসাপের ঠাাও।
আছে তো ভট্কে কোলা বাাও।
আছে বাসি ধরগোষ,
গদ্ধে পাইবে ভোষ,
চশে যাও নেচে ড্যাও ড্যাও।

নইলে কাগজে প্যারাগ্রাফ রটিবে, ঘটিবে পরিতাপ— বাঘ বলে, রামো, রামো, বাকাবাগীশ থামো, বকুনির চোটে ধরে হাপ।

তৃমি স্থাড়া, আন্ত পাগল, বেরোও তো, খোলো ডো আগল। ভালো যদি চাও তবে আমারে দেখাতে হবে কোনু ঘরে পুষেছ ছাগল।

বটু কছে, এ কী অকরণ,
ধরি তব চতুশ্চরণ—
জীববধ মহাপাপ,
তারো বেশি লাগে শাপ
পরধন করিলে হরণ।

বাঘ ভনে বলে, হরি হরি,
না থেয়ে আমিই যদি মরি,
জীবেরই নিখন তাহা—
সহমরণেতে আহা
মরিবে বে বাঘী ক্ষুকরী।

অতএব ছাগলটা চাই, না হলে তুমিই আছ ভাই এত বলি ভোলে থাবা। বটুরাম বলে, বাবা, চলো ছাগলেরই ঘরে বাই।

ঘার খুলে বলে, পড়ো ঢুকে, ছাগল চিবিয়ে খাও হুখে। বাঘ সে ঢুকিল ঘেই, ঘিতীয় কথাটি নেই, বাহিয়ে শিকল দিল কুখে।

বাঘ বঙ্গে, এ তো বোঝা ভার, তামাসার এ নহে আকার। পাঠার দেখি নে টিকি, লেন্দের সিকির সিকি নেই তো, শুনি নে ভ্যাভ্যাকার।

ওরে হিংস্থক সম্বতান, জীবের বধিতে চাস্ প্রাণ! ওরে ক্রুর, পেলে তোরে থাবায় চাপিয়া ধ'রে রক্ত শুবিয়া করি পান—

ঘরটাও ভীষণ ময়লা—
বটু বলে, মহেশ গয়লা
ও ঘরে থাকিত, আজ
থাকে ভোর ঘমরাজ
আর থাকে পাথুরে কয়লা।

গোঁক ফুলে ওঠে বেন ৰাটা, বাঘ বলে, গেল কোখা পাঁঠা ! বটুরাম বলে নেচে, এই পেটে ভলিয়েছে, থুজিলে পাবে না সারা গাঁটা।

ভালো লাগল ?

তা, যাই বলো দাদামশায়, কিন্তু বাঘের ছড়া থুব ভালো লিখেছে।

আমি বলনুম, তা হবে, হয়তো ভালোই লিখেছে। কিন্তু, ও ভালো লেখে কি আমি ভালো লিখি সে সম্বন্ধে শেষ অভিযতটা দেবার জন্তে অন্তত আরও দশটা বছর অপেকা কোরো।

পূপু বদদে, আমার বাঘ কিন্তু আমাকে খেতে আসে না।
সে তো ভোমাকে প্রভাক্ষ দেখেই বৃকতে পারছি। ভোমার বাঘ কী করে।
রান্তিরে যখন শুয়ে থাকি বাইরে থেকে ও জানলা আঁচড়ায়। খুদে দিলেই হালে।
তা হতে পারে, ওরা খুব হাসিয়ে জাত। ইংরেজিতে যাকে বলে হিউমরাস্।
কথায় কথায় দাঁত বের করে।


## 9

পূপে এসে জিগেদ করলে, দাদামশায়, তুমি ধে বললে শনিবারে দে আসবে তোমার নেমস্তরে। কী হল।

সবই ঠিক হয়েছিল। হাজি মিঞা শিক্কাবাব বানিয়েছিল, ভোফ। হয়েছিল থেতে। ভার পরে ?

তার পরে নিজে খেল্ম তার বারো স্থানা স্থানাজ, স্থার পাড়ার কালু ছোঁড়াটাকে দিল্ম বাকিটুকু। কালু বললে, দাদাবারু, এ-বে স্থামাদের কাঁচকলার বড়ার চেম্মে ভালো।

সে কিছু ধেল না?
জো কী।
সে এল না?
সাধ্য কী ভার।
ভবে সে আছে কোধায়।
কোধাও না।



चदत्र १

ना ।

प्रत्न ?

ना ।

বিলেতে? .

ना ।

তুমি বে বলছিলে, আণ্ডামানে যাওয়া ওর একরকম ঠিক হয়ে আছে। গেল নাকি।
দরকার হল না।

ण शरल को श्रम आमारक वनह ना रकन।

ভয় পাবে কিমা হঃধ পাবে, তাই বলি নে।

তা হোক, বলতে হবে।

আচ্ছা, তবে শোনো। দেদিন ক্লাস পড়াবার খাতিরে আমার পড়ে নেবার কথা ছিল 'বিদ্ধম্থমণ্ডন'। এক সময় হঠাৎ দেখি, সেটা রয়েছে পড়ে, হাতে উঠে এসেছে 'পাঁচুপাক্ডালির পিদ্শান্ডড়ি'। পড়তে পড়তে ঘুমিয়ে পড়েছিল্ম, রাত হবে তখন আড়াইটা। স্থপ্ন দেখছি, গরম তেল জলে উঠে আমাদের কিনি বাম্নির মৃথ বেবাক গিয়েছে পুড়ে; গাত দিন সাত রান্তির হতো দিয়ে তারকেশরের প্রসাদ পেয়েছে ঘু'কোটো লাহিড়ি কোম্পানির মৃনুলাইট স্লো; তাই মাধছে মুখে ঘ'বে ঘ'বে। আমি ব্রিয়ে বলল্ম, প্রতে হবে না গো, মোবের বাচ্ছার গালের চামড়া কেটে নিয়ে মুণে ছুড়তে হবে, নইলে রঙ মিলবে না। ভনেই আমার কাছে সপ্তয়া তিন টাকা ধার নিয়ে সে ধর্মতলার বাজারে মোষ কিনতে দৌড়েছে। এমন সময় ঘরে একটা কী শব্দ শোনা গেল, কে বেন হাওয়ার তৈরি চটিছ্তো হ্ন হ্ন ক'রে টানতে টানতে ঘরময় ঘ্রে বেড়াচ্ছে। ধড়্ফড় ক'রে উঠলেম, উস্কে দিলেম লঠনটা। ঘরে একটা-কিছু এসেছে দেখা গেল কিন্ধ সে বে কে, সে যে কী, সে যে কেমন, বোঝা গেল না। বুক ধড়্ফড় করছে, তবু জাের গলা ক'রে হেকে বলল্ম, কে ছে তুমি। পুলিন ডাকৰ নাকি।

অভূত হাঁড়িগলায় এই জীবটা বললে, কী দাদা, চিনতে পারছ না? স্বামি বে তোমার পুপেদিদির সে। এখানে বে আমার নেমস্কন্ন ছিল।

আমি বলনুম, বাবে কথা বলছ, এ কী চেছারা ভোমার!

সে বললে, চেহারাখানা হারিবে ফেলেছি।

श्वितः स्टिंग् श्वादन की श्रा

बात्निं। विन । প्रिमिनित पदा ভाक, नकान-नकान नाहेएछ शास्त्र । दिना



তথন স্বেমাত্র দেড়টা। তেলেনিপাড়ার ঘাটে বলে ঝামা দিয়ে ক'বে মুখ মাজ ছিল্ম ; মাজার চোটে আরামে এমনি ঘুম এল বে, চুলতে চুলতে ঝুণ্ ক'রে পড়ল্ম অলে;



তার পরে কী হল জানি নে। উপরে এগেছি কি নীচে কি কোধায় আছি জানি নে, প্ট দেখা গেল আমি নেই।

নেই ! তোমার পা ছুঁরে বদছি— আরে আরে, গা ছুঁতে হবে না, বলে বাও।

চুলুক্নি ছিল গারে; চুলকতে গিরে দেখি, না আছে নথ, না আছে চুল্কনি। ভয়ানক হৃঃথ হল। হাউহাউ ক'রে কাঁদতে লাগল্ম, কিন্ত ছেলেবেলা থেকে বে হাউহাউটা বিনা মূল্যে পেয়েছিল্ম সে গেল কোথায়। যভ চেঁচাই চেঁচানোও হয় না, কায়াও শোনা য়ায় না। ইচ্ছে হল, মাথা ঠুকি বটগাছটাতে; মাথাটার টিকি খুঁজে পাই নে কোথাও। সব চেয়ে হৃঃথ— বারোটা বাজল, 'বিদে কই' 'বিদে কই' ব'লে পুকুরধারে পাক থেয়ে বেড়াই, বিদে-বাঁদরটার চিহ্ন মেলে না।

की वक्छ जूमि, अक्ट्रे शारमा।

ও দাদা, দোহাই ভোমার, থামতে বোলো না। থামবার ত্বংথ বে কী অ-থামা মাহ্ম সে তুমি কী ব্যবে। থামব না, আমি থামব না, কিছুতেই থামব না, যভক্ষণ পারি থামব না।

এই ব'লে ধুপ্ধাপ্ ধুপ্ধাপ্ ক'রে লাফাতে লাগল, শেষকালে ডিগবাজি খেলা ওক করলে আমার কার্পেটের উপর, জলের মধ্যে ওওকের মতো।

করছ কী তুমি।

দাদা, একেবারে বাদশাহি থানা থেমেছিল্ম, আর কিছুতেই থামছি নে। মারধোর যদি কর সেও লাগবে ভালো। আন্ত কিলের যোগা পিঠ নেই যখন জানতে গারল্ম, তখন গাভকড়ি পণ্ডিভমশারের কথা মনে ক'রে বৃক ফেটে যেতে চাইল, কিন্তু বৃক নেই তো ফাটবে কী। কই-মাছের যদি এই দশা হত তা হলে বাম্নঠাকুরের হাতে পারে ধরত তাকে একবার তপ্ত ভেলে এপিঠ ওপিঠ ওল্টাভে পাল্টাভে। আহা, যে পিঠখানা হারিয়েছে সেই পিঠে পণ্ডিভমশারের কত কিলই থেয়েছি, ইট দিয়ে তৈরি খইয়ের মোয়াগুলোর মতো। আজ মনে হয়, উ:— দাদা, একবার কিলিয়ে দাও খুব ক'রে দমাদ্য—

ব'লে আমার কাছে এসে পিঠ দিলে পেতে। আমি আঁথকে উঠে বলদুম, বাও বাও, সরে বাও।

ও বললে, কথাটা লেষ ক'রে নিই। একথানা গা খুঁলে খুঁলে বেড়ালুম গাঁষে।
গাঁষে। বেলা তথন তিন পহর। যতই রোদে বেড়াই কিছুতেই রোদে পুড়ে সারা
হচ্ছি নে, এই তুঃখটা যখন অসহ এমন সময় দেখি, আমাদের পাতৃথুড়ো মৃচিখোলার
বটগাছতলায় গাঁজা খেষে শিবনেত্র। মনে হল, তার প্রাণপুক্ষটা বিন্দু হয়ে ব্রন্ধতালুর
চুড়োয় এসে জোনাক-পোকার মতো মিট্মিট করছে। ব্রন্ম, হয়েছে স্থাগে। নাকের
গর্ড দিয়ে আত্মারামকে ঠেসে চালিয়ে দিলুম তার দেছের মধ্যে, নতুন নাগ্রা ফুডোর

ভিতরে ষেমন ক'রে পা'টা ঠেসে গুলুতে হয়। সে হাঁপিয়ে উঠে ভাঙা গলায় ব'লে উঠল, কে ভূমি বাবা, ভিতরে জায়গা হবে না।

তথন তার গলাটা পেয়েছি দখলে; বললুম, তোমার হবে না জায়গা, আমার হবে। বেরোও তুমি।

লে গোঁ গোঁ করতে করতে বললে, অনেকধানি বেরিয়েছি, একটু বাকি। ঠেলা মারো।

मिलूम र्छना, इन क'रत्र राज द्वितित ।

এ मिटक পाजूब्र्फात शिवि अटम वनरन, वनि, ও পোড़ाরম্থো।

কান জুড়িয়ে গেল। বললুম, বলো বলো, আবার বলো, বড়ো মিটি লাগছে, এমন ডাক বে আবার কোনোদিন শুনতে পাব এমন আশাই ছিল না।

বুড়ি ভাবলে ঠাটা করছি, ঝাঁটা আনতে গেল ঘরের মধ্যে। ভয় হল, পড়ে-পাওয়া দেহটা খোয়াই বুঝি। বাসায় এসে আয়নাতে মূখ দেখলুম, সমস্ত শরীর উঠল শিউরে। ইচ্ছে করল রাঁাদা দিয়ে মুখটাকে ছুলে নিই।

গা-হারার গা এল, কিন্তু চেহারা-হারার চেহারাথানা সাত বাঁও জলের তলায়, তাকে ফিরে পাবার কী উপায়।

ঠিক এই সময়ে দীর্ঘ বিচ্ছেদের পর বিদেটাকে পাওয়া গেল। একেবারে চ্চাঠর জুড়ে। পব ক'টা নাড়ী চোঁ চোঁ করে উঠেছে এক সঙ্গে। চোধে দেখতে পাই নেপেটের জালায়। যাকে পাই তাকে খাই গোছের জ্বস্থা। উ:, কী আনন্দ।

মনে পড়ল, তোমার ঘরে পৃপ্দিদির নেমস্কর। রেলভাড়ার পয়সা নেই। হেঁটে চলতে শুক্ষ করলুম। চলার অসম্ভব মেছরতে কী যে আরাম সে আর কী বলব। ফুডিতে একেবারে গলদ্বর্ম। এক এক পা ফেলছি আর মনে মনে বলছি, থামছি নে, থামছি নে, চলছি ভো চলছিই। এমন বেদম চলা জীবনে কখনো হয় নি। দাদা, পুরো একখানা গা নিয়ে বসে আছ কেদারায়, ব্রতেই পার না কইতে যে কী মন্ধা। এই কটে ব্রতে পারা যায়, আছি বটে, খুব কযে আছি, বোলো আনা পেরিয়ে গিয়ে আছি।

আমি বলনুম, সব ব্ৰানুম, এখন কী করতে চাও বলো।

করবার দায় ভোমারই, নেমস্তর করেছিলে, খাওয়াতে হবে, সে কথা ভূললে চলবে না।

রাত এখন তিনটে সে কথা তুমিও ভূললে চলবে না।
তা হলে চললুম পুপুদিদির কাছে।



भवतमात !

मामा, ज्य एमथाण्ड मिर्डि, मजाज वाजा गाम त्मरे । जममूम ।

क्षिट्र ना ।

त्म वनल, शवरे ।

जामि वमनूम, त्कमन शांच एमथव ।

तम् वन्छ मांगम, शवरे, शवरे, शवरे ।

जामाज दिवित्म जेन हे 'एज नाहर्ड नाहर्ड वम्म म, शवरे, शवरे , शवरे ।

जामाज दिवित्म जेन है ।

जामाज दिवित्म जेन है ।

जामाज दिवित्म जेन है ।

जान थाकर्ड भाजित ज्ञ मानित्व गोर्डिं मानम, शवरे, शवरे , शवरे ।

जाज थाकर्ड भाजन्म ना । ध्रम्म जिल्ल मानम, शवरे, शवरे , शवरे ।

जाज थाकर्ड भाजन्म ना । ध्रम्म जिल्ल मानम के ।

वित्म स्वाम । गीमावाद्य जाजाभूक्षर्क थवत्र मिरे को क'रत । एकिट्स व'रम जेम्म,

जात्र जात्य, भारना भारती, एक्क भएज विर्माण नित्स शां के कोरक ।

क्षि कोर्य । जाविह, जानमवाकाद्य विक्रांभन स्व ।

পুণেদিদি এতথানি চোথ ক'রে বদলে, সভ্যি কি, দাদামশায়। আমি বদলুম, সভ্যির চেয়ে অনেক বেশি— গল্প।

# 3

আমি তথন এম. এ. ক্লাসের জন্তে এরিয়োপ্যাজিটিকার নোট লিবছি, মিলিয়ে দেখবার জন্তে বই পড়তে হচ্ছিল ইন্টর্জাশনল্ মেলিয়্যস্ আারা-ক্যাভারো, আর পাত কেটে পরিশিষ্ট দেখছিল্ম খ্রী হত্তে ভয়স্ অফ ইত্তো-ইতিটমিনেশন্ বইধানার।

লাইবেরি থেকে আনাতে দিয়েছি অনোমাটোপিইয়া অফ টিন্টিগ্রার্লেনন্। এমন সময় হড্মুড্করে এসে চুকল আমাদের সে।

আমি বললুম, হয়েছে কী, স্থী গলায় দড়ি দিয়েছে নাকি। ও বললে, নিশ্চয় দিত যদি সে থাকত। কিন্তু, কী কাণ্ড বাধিয়েছ বলো দেখি। কেন কী হল।

আমাকে নিয়ে এ পর্যন্ত বিশুর আজগবি গল বানিষ্টে। ভাগ্যে আমার নামটা দাও নি, নইলে ভত্তসমাজে মুধ দেখানো দায় হত। দেখলুম পৃপ্দিদির মজা লাগছে,

ভাই সন্থ করেছি সব। কিন্তু এবার বে উল্টো হল। কেন কী হল বলোই-না।

তবে শোনে। পুপুদিদি কাল গিয়েছিল সিনেমায়। মোটরে উঠতে বাচ্ছে, আমি পিছন থেকে এলে বললুম, দিদিমণি, তোমার গাড়িতে আমাকে তুলে নিয়ে বাও। তার পরে কী আর বলব দাদা, একেবারে ছিন্টিরিয়া।

কিবক্ষ।

হাতে চোথ ঢেকে টেচিয়ে উঠে দিনি বললে, যাও যাও, গাঁজাখোরের গা চুরি ক'রে আমার গাড়িতে উঠতে পাবে না। চার দিক খেকে লোক এল ছুটে, আমাকে পুলিশে খরে নিয়ে যায় আর-কি। জীবনে অনেক নিম্মে শুনেছি, কিন্তু এরকম ওরিজিস্তাল নিম্মে শুনি নি কখনো। গাঁজাখোরের গা চুরি করা! আমার অভিবড়ো প্রাণের বন্ধুও এমন নিম্মে আমার নামে রটায় নি। বাড়ি ফিরে এলে সমন্ত ব্যাপারটা শোনা গেল। এ ভোমারই কীতি।

আমারই তো বটে। কী করি বলো। তোমাকে নিষে আর কাঁহাতক গল্প বানাই। বয়দ হয়ে গেছে, কলমটাকে যেন বাতে ধরল, পুপুদিদির ফরমাশ-মত অসম্ভব গল্প বলার হাছা চাল আর নেই কলমের। তাই এই শেষ গল্লটাতে তোমাকে একেবারে থতম করে দিয়েছি।

থতম হতে রাজি নই, দাদা। দোহাই তোমার, পুপ্দিদির ভর ভাতিরে দাও। বুঝিয়ে বলো, ওটা গর।

বলেছিলুম, কিছ ভয় ভাওতে চায় না। নাড়ীতে জড়িয়ে গেছে। উপায় না দেখে বয়ং সেই পাতৃ গেঁজেলকে আনলুম তার সামনে, উণ্টো হল ফল। পাতৃর গা'ধানা প'রে যে তুমিই ঘুরে বেড়াচ্ছ তারই প্রমাণ প্রত্যক্ষ হয়ে গেল।

তা হলে দাদা, গল্পটাকে উল্টিয়ে দাও, ধহুইছারে মক্ষক পাতৃ। গাঁজাখোরের গা'খানাকে নিমতলার ঘাটে পুড়িয়ে ফেলো। ঘটা ক'রে তার প্রান্ত করব, পুপুদিদিকে করব তাতে নেমস্তল ; ধরচ যত পড়ে দেব নিজের পকেট থেকে। আমি হলুম দিদির গল্পের বহুদ্ধপী, হঠাৎ এত বড়ো পদ থেকে আমাকে অপদস্থ করলে বাচব না।

আচ্ছা, গল্পের উন্টোরখে ভোমাকে পুপুদিদির ঘরে আবার ফিরিয়ে আনব।

পরদিন সন্ধার সময় সে এব, আমি শুরু করলুম গরটো।——
বললুম, পাতৃর স্থী স্বামীর স্বত্ব পাবার জরে তোমার নামে আদালতে নালিশ
করেছে।

এইটুকু শুনেই দে ব'লে উঠল, এ চলবে না, দাদা। পাতুর স্থীকে তুমি চক্ষে দেখ নি তো। মকদমার ঐ মহিলাটি যদি জেতে তা হলে যে আসামীপক্ষ আফিম খেয়ে মরবে।

ভয় কী, কথা দিচ্ছি, হার হোক, দ্বিত হোক, টি কিমে রাধব তোমাকে। আছো, ব'লে যাও।

হাত জ্বোড় ক'রে তুমি হাকিমকে বললে, হজুর, ধর্মাবতার, সাত পুরুষে আমি ওর
শ্বামী নই।

छेकिन क्रांथ दांक्षिय वनल, यांगी नक, जात मात्न की।

তুমি বললে, তার মানে, এ পর্যন্ত আমি ওকে বিষে করি নি, দিওীয় আর কোনো মানে আপাতত কিছুতেই ভেবে পাচ্ছি নে।

রামসদয় মোক্তার খুব একটা ধমক দিয়ে বললে, আলবত তুমি ওর স্বামী, মিথ্যে কথা বোলো না।

তুমি জন্ধ সাহেবের দিকে তংকিছে বললে, জীবনে বিশুর মিথ্যে বলেছি, কিন্তু ঐ বৃড়িকে সম্ভানে অ-ইচ্ছার বিয়ে করেছি, এত বড়ো দিগ্গদ্ধ মিথো বানিমে বলবার তাকত আমার নেই। মনে করতে বৃক কেঁপে ওঠে।

তথন ওরা দাক্ষী তলব করলে পঁয়ত্রিশঙ্কন গাঁজাখোরকে। একে একে ভারা গাঁজাটেপা আঙুল ভোমার মুখে বুলিয়ে বলে গেল, চেহারাটা একেবারে হবহু পাতৃর; এমন-কি, বাঁ কপালের আবটা পর্যন্ত। তবে কিনা—

মোক্তার তেরিয়া হয়ে উঠে বললে, 'তবে কিন:' আবার কিলের।

ওরা বললে, সেই রকমের পাতৃই বটে, কিছু সেই পাতৃই, হলপ ক'রে এমন কথা বলি কী ক'রে। ঠাক্কনকে তো জানি, বন্ধু কন তুংব পায় নি, অনেক কাঁটা ক্ষয়ে গোছে ওর পিঠে। তার দাম বাঁচালে গাঁজার বরচে টানাটানি পড়ত না। তাই বলছি হন্তুর, আদালতে হলপ ক'রে ভদ্রলোকের সর্বনাশ করতে পারব না।

মোক্তার চোখ রাঙিয়ে বললে, তা হলে এ লোকটা কে বলো। **ছিতীয়** পাতু বানাবার শক্তি ভগবানেরও নেই।

গেঁজেলের দর্দার বললে, ঠিক বলেছ বাবা, এরকম ছিটি দৈবাৎ হয়। ভগবান নাকে থত দিয়েছেন, এমন কাজ আর করবেন না। তবু তো স্পট্ট দেখতে পাল্ছি বে, একটা কোনো দয়তান ভগবানের পান্টা জবাব দিয়েছে। একেবারে ওতাদের হাতের নকল, পাকা জালিয়াতের কাজ। পাতৃর দেহখানা ভকিয়ে ভকিয়ে ওর নাক চিম্লিয়ে বেকে

গিষেছিল, সেই বৃদ্ধিসচন্দুরে নাকটি পর্যন্ত যেন কেটে ওর মূখের মাঝবানে বসিয়ে দিয়েছে। ওর হাতের চামড়া নকল করতে বোধ করি হাজার চামচিকের ভানা বরচ করতে হয়েছে।



তৃমি দেখলে নকদমা আর টেঁকে না; সাহেবকে বললে, এক হপ্তা সময় দিন, খাটি পাতৃ পঞ্চীরাজকে হাজির ক'রে দেব এই আদালতে।

তথনি ছুটলে তেলিনিপাড়ার দিঘির ঘাটে। কপাল ভালো, ঠিক তক্ষনি তোমার দেহটা উঠছে ভেলে। পাতৃর দেহ ভাঙায় চিত ক'রে ফেলে প্রোনো থোলটা কুড়ে বসলে। মন্ত একটা হাঁপ ছেড়ে আকাশের দিকে তাকিয়ে ডাক দিলে, ওরে পাতৃ!

তথনই ওর দেহটা উঠল খাড়া হয়ে। পাতৃ বললে, ভাষা, দলে দলেই ছিলুম।
মনটা অন্বির ছিল গাঁজার মোতাতে। ইচ্ছে করড, আত্মহত্যে করি, কিন্তু সে রাভাও
তুমি কুড়ে বলেছিলে। বেঁচে যথন ছিলুম তখন বেঁচে থাকবার শথ ছিল বোলো আনা;
যেমনি মরেছি অমনি আর যে কোনোমতেই কোনো কালেই মরতে পারব না, এই
ছংখ অসহ হয়ে উঠল। সামান্ত একটা দড়ি নিয়ে গলায় ফাঁস লাগাব, এটুকু যোগাভাও
রইল না।

তুমি বললে, যা হবার তা তো হল, এখন চলো আদালতে। জন্ধনাহেবকৈ ব'লে তোমার গাঁন্ধার বরাদ্দ করে দেব।

গেলে আদালতে। জ্ঞানহেব পাতৃকে ধনক দিয়ে বললে, এ বৃড়ি তোনার স্থী কিনা স্তািক'বে বলো।

পাতু বললে, হছুর, সত্যি ক'রে বলতে মন যায় না। কিন্তু ভদ্রলোকের ছেলে মিথ্যে ব'লে পাপ করব কেন। নিশ্চয় জানি যে, পাপের সঙ্গে উনিই পিছন পিছন ছুটবেন। উনিই আমার প্রথম পক্ষের পরিবার।

সাহেব জিগেস করলেন, আরও আছে না কি।

পাতৃ रनाम, ना थाकल मान त्रका रह ना य। क्नीरनत्र ছाला। रेनकणक्नीन।

রবিবার দিনে পুপুদিদি পড়েছে গল্লটা। আমাকে জিগেদ করলে, আছা দাদামলায়, তুমি যে লিখেছ একরাশ ইংরেজি বই নিয়ে কোন্ কলেজের জ্ঞে বই লিখছ। তোমার আবার কলেজ কোথায়, তা ছাড়া কখনো তো দেখি নি এরকমের বই খুলতে। তুমি তো লেখ কেবল ছড়া।

শ্লাষ্ট ব্যবাব না দিয়ে একট্থানি হাসল্ম।
আচ্ছা দাদামশায়, তুমি কি সংস্কৃত জান।

দেখো পুপুদিদি, এরকম প্রশ্নগুলো বড়ো রঢ়। মুখের সামনে করতে নেই।

2

স্কালবেলায় পুপেদিদি উদ্বিগ্ন হয়ে প্রশ্ন করলে, দাদামশায় সে'কে নিয়ে সব গল্প কি ফুরিয়ে গেল।

দাদামশায় থবরের কাগজ ফেলে রেখে চশমা কপালে তুলে বললে, গল্প ফুরোয় না, গল্প-বলিয়ের দিন ফুরোয়।

আচ্ছা, ও তো গা ফিরিয়ে পেলে, তার পরে কী হল বলো-না।

ভাবার ওকে গা খাটিয়ে ময়তে হবে, গারে প'ড়ে নিতে হবে নানা দায়। কখনো গায়ে য়ুঁ দিয়ে বেড়াবে। কখনো গালমন্দ গা পেতে নেবে, কখনো নেবে না। কখনো কাভে গা লাগবে, কখনো লাগবে না। ওর গা থাকা সন্ত্রেও কুঁড়েমি দেখে লোকে বলবে, কিছুতে ওর গা নেই। কখনো গা ঘূরবে, কখনো গা কেমন কয়বে, গা ঘূলিয়ে য়াবে। কখনো গা ভার হবে, কখনো গা মাটি-মাটি কয়বে, গা মাাজ্মাাজ্ কয়বে, গা লির্সির্ কয়বে, গা ঘিন্ঘিন্ কয়তে থাকবে। সংসায়টা কখনো হবে গা-সওয়া, কখনো হবে উন্টো। কায়ও কথায় গা জবৈ, কায়ও কথায় গা য়াবে য়ুড়িয়ে। বয়ুবায়বের কথা ভনে গায়ে জয় ভাসবে। এত মুশকিল একখানা গা নিয়ে।

আচ্চা, দাদামশায়, ও যথন আর-একজনের গা নিয়ে বেড়াত তথন মৃশকিল হত কার। গা কেমন করলে ওর করত কি তার করত।

শক্ত কথা। আমি তো বলতে পারব না, ওকে জিগেস করলে ওরও মাথা ঘূরে যাবে।

দাদামশায়, গা নিয়ে এত হাকাম আমি কথনো ভাবিনি।

ঐ হাকামগুলো জোড়া দিয়েই তো ষত গল। গান্তের উপর সপ্তরার হয়ে গল ছুটেছে চার দিকে। কোনো গা গল্পের গাধা, কোনো গা গল্পের রাজহন্তী।

ट्यांगंत्र भा की, मामायनाव ।

বলব না। অহংকার করতে বারণ করে শাস্ত্রে। দাদামশায়, সে'র গল্প ভূমি থামিয়ে দিলে কেন।

বলি তা হলে। কুঁড়েমির স্বর্গ সকল স্বর্গের উপরে। সেখানে বে ইন্দ্র ব'সে অমৃত খাচ্ছেন হান্তার চকু আধখানা বুলে, তিনি হলেন গল্লের দেবতা। আমি তাঁর ভক্ত; কিন্তু তাঁর সভায় আন্তকাল চুকতেই পারি নে। আমার ভাগে গল্লের প্রসাদ অনেকদিন থেকে বন্ধ।

পথ जून हर्य शिराहिन। को करत।

অমরাবতীর যে স্বরধুনীনদীর এক পারে ইন্সলোক, তারই তাঁটিতে আছে আরএক স্বর্গ। কারথানাঘরের কালো ঘোঁয়ার পতাকা উড়ছে দেখানকার আকালে।
দেটা হল কাজের স্বর্গ। সেখানে হাফ্প্যাণ্ট্-পরা দেবতা বিশ্বকর্মা। একদিন শরংকালের সকালে পুজার থালায় শিউলিফুল সাজিয়ে রান্তায় চলেছি; ঘাড়ের উপর এসে
পড়ল বাইক-চড়া এক পাণ্ডা। তার স্থুলিতে একতাড়া খাডা; বৃকের পকেটে একটা
লাল কালীর, একটা কালো কালীর ফাউণ্টেন্পেন। খবরের কাগজের কাটা টুকরোর
বাণ্ডিল চায়না-কোটের হুই পকেট ছাড়িয়ে বেরিয়ে পড়েছে; ডান হাত্তের কল্পিন্ডিতে
স্ট্যাণ্ডার্ড টাইম, বা হাতে কলকাতা টাইম; ব্যাগে ই. আই. আর., ই. বি. আর., এ.
বি. আর., এন. ডরু, আর., বি. এন. আর., বি. বি. আর., এস. আই. আর. এর টাইমটেবিল। বৃকের পকেটে নোটবই ডায়রি-স্বন্ধ। খাক্কা খেয়ে মৃথ খ্বড়িয়ে পড়ি আরকি। সে বললে, আকাশের দিকে তাকিয়ে চলেছ কোন চলোয়।

আমি বলনুম, রাগ কোরো না, পাগুঞ্জি। মন্দিরে পুজো দিতে যাব, রান্তা খুঁজে পাচ্ছিনে।

সে বললে, ভোমরা বৃঝি মেঘের-দিকে-ই।-ক'রে-ভাকানো রাস্তা-খোঁজার দল! চলো, পথ দেখিয়ে দিছি।

আমাকে হিড্হিড্ করে টেনে নিয়ে এল বিশ্বকর্মাঠাকুরের মন্দিরে। হা-না করবার সময় দিলে না। কিছু জিগেস করবার আগেই বললে, রাখো এইখানে খালা, পকেট থেকে বের করো পাচ-সিকে দক্ষিণে।

বোকার মতো পুকো দিলেম। তথনই হিসেব সে টুকে নিলে তার নোট্বইরে। কব্লিবড়ির দিকে তাকিয়ে বললে, হয়েছে কান্ধ, এখন বেরোও। সময় নেই।

পরদিন থেকেই দেখি ফল ফলেছে। ভোর তখন সাড়ে চারটে। ভাকাত পড়েছে ভেবে ধড়্ফড়্ ক'রে ঘূম ভেঙে তনি, অনাথতারিণী সভার সভ্যেরা বারো-তেরো বছরের পচিশটা ছেলে জুটিয়ে দরজায় এসে চীৎকারব্বরে গান মুড়ে দিয়েছে—

ষত পেটে ধরে তার চেম্নে ভর' পেটে, টাকাপয়দায় পকেট পড়ছে ফেটে— হিদেব খতিয়ে দেখলে ব্রুতে পার' অনাথদনের কত ধার তুমি ধার'।



ভারো, গরিবেরে ভারো, ভারো, ভারো, ভারো।

'তারো তারো' করতে করতে ভীবণ চাঁটি পড়তে লাগল খোলে। মনে মনে বত খতিরে দেখছি তহ্বিলে কড টাকা বাকি, চাঁটি তত্ই কানে তালা ধরিবে দিলে। সব্দে সব্দে বাবল কাঁসর; 'তারো তারো তারো' ক'রে নাচ কুড়ে দিলে ছেলেঙলো। অসহ হয়ে এল। দেরাক খুলে থলিটা বের করলেম। সাত দিনের না-কামানো-দাড়ি-ওয়ালা ওদের স্পার উৎসাহিত হয়ে চাদর পেতে ধরলে। থলি ঝাড়তে বেরোল এক টাকা, ন আনা, তিন পয়সা। মাসের হু দিন বাকি, দক্ষির দেনার জয়ে টানাটানি করে ঐটকু রেখেছিলেম।

গান ছেড়ে গাল শুক্র করলে। বললে, অগাধ টাকা, চিরটা দিন পায়ের উপর পা দিয়ে গদিয়ান হয়ে বসে আছ; ভূলেছ, যেদিন ময়বে সেদিন ভোমার মতো লক্ষপতির যে দর আর আমাদের ছেঁড়া-টাানা-পরা ভিষিবিরও সেই দর।

এ কথাগুলো পুরোনো ঠেকল, কিছু ঐ লক্ষণতি বিশেষণটাতে শরীর রোমাঞ্চিত হয়ে উঠল।

এই হল শুরু। তার পরে ইতিমধ্যে পঁচিশটা সভার সভ্য হয়েছি। বাংলাদেশে সরকারি সভাপতি হয়ে দাঁড়ালেম। আদি ভারতীয় সংগীতসভা, কচুরিপানা-ধ্বংসন সভা, মৃতসংকার সভা, সাহিত্যশোধন সভা, তিন চঙীদাসের সমন্বয় সভা, ইকুছিবড়ের পণ্যপরিণতি সভা, থক্সানে খনার নুপ্তভিটা-সংস্কার সভা, পিঁ করাপোলের উয়তিসাধিনী সভা, কৌরবায়নিবারিণী-দাড়ি-গোফ-রক্ষণী সভা— ইত্যাদি সভার বিশিষ্ট সভা হয়েছি। অহ্রোধ আসছে, ধহুইয়ারতর বইখানির ভূমিকা লিখতে, নবাগণিতপাঠের অভিনত দিতে, ভূবনভাগ্রয় ভবভৃতির জন্মস্থাননির্ণয় পুল্তকার গ্রহকারকে আশীর্বাদ পাঠাতে, রাওলপিণ্ডির ফরেস্ট্ অফিসারের কন্তার নামকরণ করতে, দাড়িকামানো সাবানের প্রশংসা জানাতে, পাগলামির ওব্ধ সম্বন্ধ নিক্ষের অভিক্রতা প্রচার করতে।

দাদামশার, মিছিমিছি তুমি এত বেশি বক যে তোমার সময় নেই বললে কেউ বিখাস করে না। আন্ধ তোমাকে বলতেই হবে, গা ফিরে পেয়ে কী করলে সে।

विषय थ्नि इटब इटन दर्गन स्मम्दय ।

मयमस्य रकनः।

অনেক দিন পরে নিজের কান তুটো ফিরে পেষে স্বকর্ণ আওয়াল শোনবার শথ ওর কিছুতে মিটতে চায় না। স্থামবালারের মোড়ে কান পেতে থাকে ই্যামের বাসের ঘড়্ঘড়ানিতে। টিটেগড়ের চটকলের নারোয়ানের সন্দে ভাব করে নিবেছে, তার ঘরে বসে কলের গর্জন ভনে ওর চোথ বৃদ্ধে আসে। ঠোঙায় করে রসগোলা আর আলুর দম নিয়ে বার্ন্ কোম্পানির কামারের দোকানে বসে থেতে যার। বন্দুকের তাক অভ্যেস করতে গোরা ফৌল গেছে দমদমে, ও তারই ধুম্ ধুম্ শক্ষ ভনছিল আরামে, টার্গেটের ও পারে ব'সে। আনন্দে আর থাকতে পারলে না, টার্গেটের ও ধারে মুধ

বাড়িরে দেখতে এসেছে, লাগল একটা গুলি ওর মাধার।— বাস্।

वान् की, शाशायभाष ।

वान् यादन नव शक् रशन धकन्य कृतिरह ।

না, না, সে হতেই পারে না। আমাকে ফাঁকি দিছে। এমন ক'রে তো সব গলই ছুরোতে পারে।

মুরোম তো বটেই।

ना, त्म हत्व ना किहुएछहे। छात्र भारत की हम वामा।

বল কী- মরার পরেও?

है।, यजाज भरत ।

তুমি গল্পের গাবিত্তী হয়ে উঠলে দেখছি।

না, অমন ক'রে আমাকে ভোলাতে পারবে না, বলো কী হল।

আচ্ছা, বেশ। লোকে বলে মরার বাড়া গাল নেই। মরার বাড়াও গাল আছে, সেই কথাটা বলি তবে। ফৌজের ভাক্তার ছিল তাঁবুডে, মন্ত ডাক্তার লে। সে যথন ধবর পেলে মাহ্বটা মগজে গুলি লেগে মরেছে, বিবম খুলি হয়ে লাফ দিয়ে চেঁচিয়ে উঠল— হরুরা।

धूनि इन टकन।

ও বললে, এইবার মগদ বদল করার পরীক্ষা হবে।

मना वमन हत्व की क'रत ।

বিঞ্চানের বাহাছরি। স্কু থেকে চেয়ে নিলে একটা বনমান্ত্য। বের করলে তার মগল। আর, সে'র মাথার খুলি খুলে কেললে। তার মধ্যে বাদরের মগল পুরে দিয়ে খড়ির পলেন্ডারা দিয়ে মাথাটা বেঁধে রাখলে পনেরো দিন। খুলি জুড়ে গেল। বিছানা ছেড়ে সে বখন উঠল, তখন সে এক বিষম কাণ্ড। যাকে দেখে তার দিকে পাত খি চিমে কিচিমিচি করে ওঠে। নদ্দিলে দৌড়। ভাক্তার্যাহের বক্সমৃঠিতে ওর ছই হাত চেপে ধরে জার গলায় বললেন, শ্বির হয়ে বোসো এইখানে। ও হন্ধারটা ব্রুলে, কিন্ধ ভাষাটা ব্রুলে না। ও চৌকিতে বসতে চায় না, ও লাফ দিয়ে উঠে বসতে চায় টেবিলের উপরে। কিন্ধ, লাফ দিজে পারে না, ধপ্ ক'রে পড়ে বায় মেলের উপর। ঘরজাটা খোলা ছিল, বাইরে ছিল একটা অলথগাছ। স্বার হাত এড়িয়ে ছুলৈ সেই গাছের দিকে। ভারলে, এক লাকে চড়তে পারবে ভালে। বারবার লাফ দিজে থাকে অথচ ভালে পৌছতে পারে না, ধপ্ ক'রে পড়ে বায়। ব্রুভেই পারে না, কেন পারছে না। রেগে রেগে ওঠে। ওয়া লন্ধ দেখে চার দিকে মেডিকেল

কলেজের ছেলের। হো-হো ক'রে হাসতে থাকে। ও দাঁত থি চিয়ে তেড়ে তেড়ে যায়।
একজন ফিরিন্সি ছেলে গাছতলায় পা ছড়িয়ে বসে কোলে ফনাল পেতে ফটি মাধন
দিয়ে কলা দিয়ে আরামে থাচ্ছিল, ও হঠাং গিয়ে তার কলা ছিনিয়ে নিয়ে দিলে মুথে
পুরে; ছেলেটা রেগে ওকে মারতে যায়, বনুদের হাসি কিছুতে থামতে চায় না।

মহা ভাবনা পড়ে গেল ওর জিম্মে নেবে কে। কেউ বললে পাঠাও জু'ডে, কেউ বললে অনাথ-আশ্রমে। জু'র কর্তা বললে, এখানে মাত্ম্ব পোষা আমাদের বরাদ্দে নেই। অনাথ-আশ্রমের অধ্যক্ষ বললে, এখানে বাঁদর পোষা আমাদের নিয়মে কুলোবে না।

দাদামশায়, থামলে কেন।
দিদিমণি, জগতের সব-কিছুর সব-শেষে আছে থানা।
না, এ কিন্তু এখনও থামে নি। কলা ছিনিয়ে খাওয়া ও তে। যে-সে পারে।
আচ্ছা, কাল হবে, আজ কাজ আছে।
কাল কী হবে বলো-না, অল্প একটুখানি।

জান তো ওর বিষের সম্বন্ধ আগেই হয়েছে ? ওর যে মগছ বদল হয়ে গেছে সে থবরটা কনের বাড়িতে পৌছয় নি। দিন স্থির, লয় স্থির। বরের পিসে ওকে মন্ত ছ ছড়া কলা খাইয়ে ঠাওা করে বিয়ের জায়গায় নিয়ে গেছেন। তার পরে বিয়েব বাড়িতে যে কাওটা হল তা ভালো করে ফলিয়ে বললে তথন তুমিই বলবে, গল্লের মতো গল্ল হয়েছে। এর পরে আর ওকে মেরে ফেলবার দরকার হবে না। সে মরার বাড় হবে।

সন্ধেবেলার বসেছি ছাদে। দিবিা দক্ষিণের হাওয়া দিছে। শুক্লা চতুর্গীর চাদ উঠেছে আকালে। পুপ্দিদি একটি আকল্দের মালা গেঁথে এনেছে কাঁচপাত্তে, গল্প বলা শেষ হলে বক্শিষ মিলবে।

হেনকালে হাঁপাতে হাঁপাতে দে উপস্থিত। বললে, আৰু থেকে আমার গল্প-জোগানের কাজে আমি ইন্ডফা দিল্ম। আমাকে পাতৃ গেঁজেলের গা পরিদেছিলে, দেও সহা করেছি। শেষকালে বাঁদরের মগজ পুরেছ আমার খুলির মধ্যে, এ সইবে না। এর পরে হয়তো আমাকে চাম্চিকে কি টিক্টিকি কি গুব্রে পোকা বানিয়ে দেবে। তোমাদের অসাধ্য কিছুই নেই। আৰু আপিসে গিয়ে কেদারা টেনে বসেছি। দেখি ভেক্ষের উপরে এক ছড়া মর্তমান কলা। সহজ অবস্থায় কলা আমি ভালোই বাসি, কিন্তু এখন থেকে আমাকে কলা খাওয়া ছেড়েই দিতে হবে। পুপুদিদি, এর পরে ভোমার ঐ দাদামশায় আমাকে নিয়ে যদি ব্রন্ধদিত্য কিন্তা কর্কাটা বানান, তা হলে কাগজে না ছাপান যেন। ইতিমধ্যে কল্যাকর্তা এসেছিলেন আমার ঘরে। বিয়েতে আশি ভরি সোনা দেবার কথা পাকা ছিল; একলম নেমে গেছে তেরো ভরিতে। ওরা ব্রেছে, আমার ভাগো এর পরে কনে জোটা দায় হবে। এই ভবে বিদায় নিলেম।

## 50

সঙ্কেবেলায় বলে আছি দক্ষিণদিকের চাতালে। সামনে কতকগুলো পুরোনো কালের প্রবীণ শিরীষগাছ আকাশের তারা আড়াল ক'রে জোনাকির আলো দিয়ে যেন একশোটা চোখ টিপে ইশারা করছে।

পুপেদি'কে বললেন, বৃদ্ধি ভোমার অত্যন্ত পেকে উঠছে, তাই মনে করছি আছ ভোমাকে স্করণ করিয়ে দেব, একদিন তুমি ছেলেমাস্থব ছিলে।

দিদি হেসে উঠে বললে, ঐথানে ভোমার ব্বিত। তুমিও এক কালে ছেলেমাস্থ ছিলে, সে কথা শ্বরণ করিয়ে দেবার উপায় আমার হাতে নেই।

আমি নিশাস ফেলে বলনুম, বোধ হয় আন্তব্যে দিনে কারও হাতেই নেই। আমিও শিশু ছিলুম, তার একমাত্র সাক্ষী আছে ঐ আকাশের তারা। আমার কথা ছেড়ে দাও, আমি তোমার একদিনকার ছেলেমাম্ব্রির কথা বলব। তোমার ভালো লাগবে কি না জানি নে, আমার মিষ্টি লাগবে।

আছা, ব'লে যাও।

বোধ হচ্ছে, ফান্তন মাদ পড়েছে। তার আগেই ক'দিন ধরে রামায়ণের গল্প তনেছিলে দেই চিক্চিকে-টাক-ওয়ালা কিলোরী চট্টোর কাছে। আমি সকাল বেলায় চা খেতে খেতে খবরের কাগন্ধ পড়ছি, তুমি এতথানি চোখ ক'রে এদে উপস্থিত। আমি বললেম, হয়েছে কী।

হাঁপাতে হাঁপাতে বললে, আমাকে হরণ ক'রে নিয়েছে।

কী সর্বনাশ। কে এমন কান্ধ করলে।

এ প্রশ্নর উত্তরটা তথনও তোমার মাধায় তৈরি হয় নি। বলতে পারতে রাবন, কিন্ত কথাটা সভ্য হত না ব'লে তোমার সংকোচ ছিল। কেননা, আগের সন্ধেবেলাতেই

রাবণ যুদ্ধে মারা গিয়েছে, তার একটা মৃত্তুও বাকি ছিল না। উপায় না দেখে একটু থমুকে গিয়ে তুমি বললে, দে আমাকে বলতে বারণ করেছে।

তবেই তো বিপদ বাধালে। ভোমাকে এখন উদ্ধার করা যায় কী ক'রে। কোন্ দিক দিয়ে নিয়ে গেল।

সে একটা নতুন দেশ।

থানেশ নয় তো?

मां।

বুন্দেলখণ্ড নয়?

ना

কী বকমের দেশ।

নদী আছে, পাহাড় আছে, বড়ো বড়ো গাছ আছে। ধানিকটা আলো, থানিকটা অন্ধকার।

সে তো অনেক দেশেই আছে। রাক্ষ্য-গোছের কিছু নেগতে পেয়েছিলে? জিব-বের-ক্রাকাটা ওয়ালা?

হা হা, দে একবার জিব মেলেই কোথায় মিলিয়ে গেল।

বড়ো তো কাঁকি দিলে, নইলে ধরতুন তার ঝুঁটি। যাই গোক, একটা কিছুতে করে তো তোমাকে নিয়ে গিয়েছিল। রধে ?

**a**11

ঘোড়ায় ?

711

হাতিতে ?

ফন্ ক'রে ব'লে ফেললে, বরগোষে। ঐ জস্কুটার কথা খুব মনে জাগছে। জন্মদিনে পেয়েছিলে একজোড়া বাবার কাছ থেকে।

चामि वनातम, उत्रहे छ। छात्र क छ। छान। त्रन ।

টিপিটিপি হেসে তুমি বললে, কে বলো তো।

এ নি: শলেহ চাদামামার কাজ।

কী ক'রে জানলে।

তারও যে অনেক কালের বাতিক ধরুগোষ পোষ।।

কোথায় পেয়েছিল খরগোষ।

তোমার বাবা দেয় নি।



ও চুরি করেছিল ব্রন্ধার চিড়িয়াগানায় চুকে।

ছি:।

ছি:ই তো। তাই ওর গাছে কলম লেগেছে, নাগা বিয়েছেন ব্রন্ধা।

বেশ হয়েছে।

কিন্ধ শিক্ষাহল কই। আবার তো তোমাকে চুরি করলে। বোধ হয় তোমার
২৬১১৭

তবে কে দিয়েছিল।



হাত দিয়ে ওর গরগোষকে ফুলকপির পাতা থাওয়াবে।

থুশি হলে শুনে। আমার বৃদ্ধির পরথ করবার জ্ঞান্তে বললে, আচ্ছা বলো দেখি, ধরগোষ কী ক'রে আমাকে পিঠে ক'রে নিলে।

নিশ্চয় তৃমি ঘুনিয়ে পড়েছিলে। ঘুমলে কি মাহুষ হান্ধা হয়ে যায়। হয় বই-কি। তুমি ঘুমিয়ে কগনো ওড় নি ? হা, উড়েছি তো।

ভবে আর শক্তটা কী। ধরণোয় তো সহন্ত, ইচ্ছে করলে কোলা ব্যাঙ্গে পিঠে চড়িয়ে ভোমাকে মাঠময় ব্যাঙ্গনৌড় করিয়ে বেড়াতে পারত।

বাাঙ। ছীছিছি! শুনলেও গা কেমন করে।

না, ভয় নেই— ব্যাঙের উৎপাত নেই চাঁদের দেশে। একটা কথা জিগেদ করি, পথের ব্যাক্ষ্মাদাদার দক্ষে তোমার দেখা হয় নি কি।

हा, इर्याइन दहै-कि।

किंद्रक्य ।

বাউগাছের উপর থেকে নীচে এসে খাড়া হয়ে দাড়ালো। বললে, পুপেদিদিকে কে চুরি করে নিয়ে যায়। ভনে ধরগোষ এমন দৌড় দৌড়ল যে ব্যাক্ষমাদাদা পারল না ভাকে ধরতে।— আছেঃ, তার পরে ?

কার পরে।

প্রগোষ তো নিয়ে গেল, ভার পরে কী হল বলো-ন।।

আমি কী বৰব। ভোমাকেই তো বলতে হবে।

বাং, আমি তে। গুমিয়ে পড়েছিলুম, কেমন করে স্থানব।

পেই তো মুশকিল হয়েছে। ঠিকানাই পাচ্ছিনে কোথায় ভোমাতে নিয়ে গোল। উদ্ধার করতে হাই কোন্ রাস্তায়। একটা কথা ছিগেল করি, হখন রাস্তা দিয়ে ভোমাকে নিয়ে হাজিল, ঘণ্টা শুনতে পাজিলে কি।

के। श्री, शास्त्रिल्य वह वह वह ।


তা হলে রান্তাটা গোজা গেছে ঘন্টাকর্ণমের পাড়া দিয়ে।

ঘণ্টাকর্। ভারা কিরকম।

ভাদের ছটো কান ছটো ঘটা। আর, ছটো লেচ্ছে ছটো ছাতুড়ি। লেছের ঝাপটা দিয়ে একথার এ কানে বাজার চঙ, একবার ও কানে বাজার চঙ। ছ ভাভের ঘটাবর্ণ আছে, একটা আছে হিংলা, কাঁসরের মতো ধন্ধন্ আওয়াভ দেয়; আর-একটার গম্গম্পান্তীর শক।

তুমি কগনো তার শব্দ শুনতে পাও, দাদামশায় ?

পাই বই-কি। এই, কাল রাভিরেই বই পড়তে পড়তে হঠাৎ শুনলেম ঘণ্টাকর্ণ চলেছেন ঘোর অন্ধকারের ভিতর দিয়ে। বারোটা বাহ্বালেন যথন তথন আর থাকতে পারলুম না। ভাড়াভাড়ি বই ফেলে দিয়ে চমকে উঠে দৌড় দিলুম বিছানায়, বালিশের মধ্যে মুখ গুঁজে চোখ বুজে রইলুম পড়ে।



**थद्रशास्त्र मह्न घन्डाकर्त्व** छाव बाह्ह १

থ্ব ভাব। পরগোষটা তারই আওয়াছের দিকে কান পেতে চলতে পাকে সপ্রবিপাড়ার ছারাপপ দিয়ে।

ভার পরে ?

ভার পরে যথন একটা বাজে, গুটো বাজে, ভিনটে বাজে, চারটে বাজে, পাঁচটা বাজে, তথন রাস্তা শেষ হয়ে যায়।

ভার পরে ?

তার পরে পৌছয় তত্তা-তেপাস্করের ও পারে আলোর দেশে। আর দেখা যায় না।

আমি কি পৌচেছি সেই দেশে।
নিশ্চয় পৌচেছ।
এপন তা হলে আমি বরগোষের পিঠে নেই ?
থাকলে যে তার পিঠ ভেঙে যেত।
ওঃ, ভূলে গেছি, এপন যে আমি ভারী হয়েছি। তার পরে ?
তার পরে তোমাকে উদ্ধার করা চাই তো।
নিশ্চয় চাই। কেমন করে করবে।
সেই কথাটাই তো ভারতি। রাজপুরুরের শরণ নিতে হল দেগছি।
কোধায় পাবে।
এ-যে তোমাদের ফ্রুমার।

ত্রনে এক মুহর্তে তোমার মুখ গন্তীর হয়ে উঠল। একটু কঠিন হারেই বললে, তুমি ভাকে খুব ভালোবাদ। ভোমার কাছে দে পড়, ব'লে নিতে আদে। ভাই ভো দে আমাকে অকে এগিয়ে যায়।

এগিথে থবোর সক্ত আভাবিক কারণও আছে। সে কথাটার আলোচনা করলুম না। বলনুম, তা, ভাকে ভালোবাসি আর না বালি, সেই আছে এক রাজপুতুর।

द्यान करत्र क्षानरम्।

আমার সঙ্গে বোঝাপড়া করে তবে হে এ প্রতী পাকা করে নিয়েছে। তুমি বেশ একটু ভুক্ত কুঁচকে বশলে, ভোমারই সঙ্গে ওর যত বোঝাপড়া।

কী করি বলো, কোনোমতে ও মানতে চায় না— ওর চেয়ে আমি বয়সে ধুব বেশি বড়ো।

ওকে তুমি বল রাজপুদুর! ওকে আমি জ্টামুপারি বলেও মনে করি নে। ভারি তো!

একটু শাস্ত হও, এখন দোর বিপদে পড়া গেছে ! তুমি কোথায় তার ভো ঠিকানাই নেই। তা, এবারকার মতে। কাছ উদ্ধার করে দিক, আমরা নিখেল ফেলে বাঁচি। এর পরে ওকে সেতৃবন্ধনের কাঠবিড়ালি বানিয়ে দেব।

উদার করতে ও রাজি হবে কেন। ওর এক্জামিনের পড়া আছে।

রাঞ্জি হবার বারো-আনা আশা আছে। এই পর্ভ শনিবারে ওদের ওখানে গিমেছিলুম। বেশা ভিনটে। সেই রোন্ছরে মাকে কাঁকি দিয়ে ও দেখি ঘুরে বেড়াচ্ছে বাড়ির ছাদে। আমি বলনুম, ব্যাপার কী।

ঝাঁকানি দিয়ে মাথাটা উপরে তুলে বললে, আমি রাজপুত্র।

তলোয়ার কোথায়।

দেয়ালির রাত্রে ওদের ছাদে আধপোড়া তুবড়িবাজির একটা কাঠি পড়েছিল, কোমরে দেইটেকে ফিতে দিয়ে বেঁধেছে! আমাকে দেখিয়ে দিলে।

আমি বলনুম, তলোয়ার বটে। কিন্তু, যোড়া চাই তো?

বললে, আস্তাবলে আছে।

ব'লে ছাদের কোণ থেকে ওর জ্যাঠামশায়ের বহুকেলে বেহায়া একটা ছেড়া ছাত। টেনে নিয়ে এল। ছই পায়ের মধ্যে তাকে চেপে ধরে হাট্হাট্ আ এয়াজ করতে করতে ছাদময় একবার দৌড় করিয়ে আনলে। আমি বলনুম, ঘোড়া বটে!

এর পক্ষীরাক্ষের চেহারা দেখতে চাও?

চাই বই-কি ৷

ছাতাটা ফণ্ করে খুলে দিলে। ছাতার পেটের মধ্যে ঘোড়ার থাবার দানা ছিল, ফেগুলো ছডিয়ে পড়ল ছালে।

আমি বললুম, আশ্চর্য! কী আশ্চয়। এ জন্মে প্রকীরাজ দেখব, কোনোদিন এমন আশাই করি নি।

এইবার আমি উড়ভি, দাদা। চোগ বুজে থাকো, তা হলে বুকতে পারবে, আমি ঐ মেদের কাছে গিয়ে ঠেকেছি। একেবারে **অন্ধকা**র!

চোথ বোজবার দরকার করে না আমার। স্পাইই জানতে পারছি, তুমি থুব উড়ছ, পক্ষীরাজের জানা মেণের মধ্যে হারিমে গেছে।

আচ্ছা, দাদামশায়, আমার ঘোড়াটার একটা নাম দিয়ে লাও তো।

আমি বল্লম, ছত্ৰপতি।

নামটা পছল হল। রাজপুতুর ছাতার পিঠ চাপ্ডিয়ে বললে, ছত্রপতি !


নিছেই ঘোড়ার হয়ে তার জ্বাব দিলে, আজে !

আমার মূপের দিকে চেয়ে বললে, তুমি ভাবছ, আমি বললুম। আজে, তা নয়, ঘোড়া বললে।

বে কথাও কি আমাকে বলতে হবে। আমি কি এত কালা।
রাজপুত্র বললে, ছত্রপতি, আর ভালো লাগছে না চুপচাপ পড়ে থাকতে।
তারই মুথ থেকে উত্তর পাওয়া গেল, কী ছুকুম বলো।
ভেপান্তবের মাঠ পেরোমো চাই।

রাজি আছি।

আমি তো আর থাকতে পারি নে, কাচ্চ আছে; রসে ভঙ্গ দিয়ে বলতে হল, রাজ-পুরুর, কিন্ধ তোমার মান্টার যে বদে আছে। দেখে এলুম, তার মেন্ডান্ডটা চটা।



ন্তনে রাজপুত্রের মনটা ছট্ফট্ করে উঠল। ছাতাটাকে থাব্ডা মেরে বললে, এগ্রনি আমাকে উড়িয়ে নিয়ে যেতে পার না কি।

বেচারা ঘোড়ার হয়ে আমাকেই বলতে হল, রাত্তির না হলে ও তে। উড়তে পারে না। দিনের বেলায় ও ক্রাকামি ক'রে ছাত। শাভে; তুমি ঘুমোলেই ও ডানা মেলবে। এখনকার মতো পড়তে যাও, নইলে বিপদ বাধবে।

স্কুমার মাস্টরের কাছে পড়তে গেল। যাবার সময় আমাকে বললে, কিন্তু সব কথা এখনো শেষ হয় নি।

আমি বলনুম, কথা কি কথনোই শেষ হতে পারে। শেষ হলে মজা কিলের। পাঁচটার সময় পড়া শেষ হয়ে যাবে। দাছ, তথন তুমি এসো।

আমি বললুম, পর্ভন্ধর রীভরের পরে মূথ বদলাবার জন্মে পয়লা নম্বরের গল্প চাই। নিশ্য আসব।

### 22

মান্টরমশায়কে দেখলুম গলির মোড়ে, ট্রামের প্রত্যাশায় পাড়িয়ে আছেন। আমি যথন গেলুম স্কুমারদের বাড়ির ছাদে, তখন সাড়ে পাঁচটা বেছে গেছে। সামনের তেতালা বাড়িটাতে পড়তি বেলাকার রোন্ত্র আড়াল করেছে। গিয়ে দেখি, চিলে কোঠার সামনে স্কুমার চুপ করে বলে। ছাদের কোণটাতে বিশ্লাম করছে তার ছত্রপতি। পিছন দিকের গিঁড়ি দিরে যখন উপরে উঠে এলুম, তথনো আমার পায়ের শক্ষ ওর কানে পৌছল না। খানিক বাদে ভাক দিলুম, রাজপুরর।

**७**त रयन रक्ष रान स्ट्राइ, उम्राटक छेंग्रन ।

क्रिरांग करन्म, यस की जादह जाहै।

**७ वलाल, एकगा**होत्र कथा अमिछ ।

শুক্সারীর দেখা পেলে কোথার।

े य तिथा चांक्छ পाश्याप्त गांदा दन। शांक शांक एक छप्तांकिक श्ला निका प्रमाणिक पार्क व्यवस्था विकास वि

তাদের দেখতে পাক্ত তে ?

হাঁ, পাচ্ছি। থানিকটা দেখা যায়, খানিকটা ঢাকা।

ए।, की वल एइ ५३।।

এইবার ম্শকিলে পড়ল আমাদের রাজপুত্র। থানিকটা আম্তা আম্তা ক'রে বললে, তুমিই বলো-না, দাত, ওরা কী বলছে।

ঐ তো পষ্ট শোনা যাতে, ওরা তর্ক করছে।

কিসের ভর্ক :

শুক বলছে, আমি এবার উড়ব। সারী বলছে, কোথার উড়বে। শুক বলছে, বেখানে কোথাও ব'লে কিছুই নেই, কেবল গুড়াই মাছে; তুনিও চলো আমার সঙ্গে। সারী বললে, আমি ভালোবাসি এই বনকে; এখানে ভালে কড়িয়ে উঠেছে কুমকো লভা, এবানে ফল আছে বটের, এখানে শিম্লের ফুল যখন ফোটে ভখন কাকের সঙ্গে বগড়া ক'রে ভালো লাগে ভার মধু থেতে; এখানে রাস্তিরে জোনাকিতে ছেয়ে যায় এ কাম্রাভার থোপ, আর বাদলায় বৃষ্টি বখন ঝরতে থাকে ভখন ত্লতে থাকে নারকেলের ভাল ঝর্ঝর্ শক্ষ ক'রে— আর, ভোনার আকাশে কীই বা আছে। শুক

বললে, আমার আকাশে আছে সকাল, আছে সদ্ধে, আছে মানরাত্রের তারা, আছে দক্ষিনে হাওয়ার যাওয়া আসা, আর আছে কিছুই না— কিছুই না— কিছুই না।

স্কুমার জিগেদ করলে, কিছুই-না থাকে কী ক'রে, দাছ। দেই কথাই তো এইনাত্র দারী জিগেদ করলে শুক্তে। শুক্ত কী বল্ডে।

শুক বলছে, আকাশের গ্র চেয়ে অম্প্রাপন ঐ কিছুই-না। ঐ কিছুই-না আমাকে ডাক দেয় ভোরের বেলায়। ওরই জন্তে আমার মন কেমন করে যথন বনের মধ্যে বাধা বাধি। ঐ কিছুই-না কেবল পেলা করে রছের পেলা নীল আছিনায়; মাধ্রে শেষে আমের বোলের নিমছণ-চিঠিওলি ঐ কিছুই-না'র ওড়না বেয়ে ছ্ছ করে উড়ে আসে, মৌমাছিরা গ্রর পেয়ে চঞ্চল হয়ে ভঠে।

উৎসাতে প্রকুমার লাফ দিয়ে লাঁড়িয়ে উঠল; বললে, আমার পক্ষীরাজকে ঐ কিছুই-মা'র রাজা দিয়েই তো চালাতে হবে।

নিশ্চয়ই। পুশ্দিদির হ্রণব্যাপারট। আগাগোড়াই ঐ কিছুই-না'র তেপাস্থরে। স্থক্ষার হাত মুঠো ক'রে বললে, দেইখান দিয়েই অনি তাকে ফিরিয়ে আনব, নিশ্চয় আনব।

বৃক্তে পারচ তে:, পুপুদিদি?— রাজপুত্তর তৈরিই আছে, তোমাকে উদ্ধার করতে দেরি হবে না। এতক্ষণে ছাদের উপরে তার ঘোড়াটা একবার পাথা খুলছে, আবার বন্ধ করছে।

তুমি খুব सं: किए। উঠে বললে, দরকার নেই।

বল কী, এত বড়ো বিপদ থেকে ভোমার উদ্ধার হল না, আর আমরা নিশ্চিন্ত থাকব ?

হয়ে গেছে উন্ধার।

কথন হল।

শুনলে না ? ুএকটু আগেই ঘণ্টাকর্ণ এসে আমাকে কিরিয়ে দিয়ে গেল। কথন ঘটল এটা।

ঐ-যে, চঙ চঙ ক'রে দিলে নটা বাজিয়ে। কোন ভাতের ঘনীকর্ণ।



হিংস্র জাতের। এখন ইম্বলে যাবার সময় এগিয়ে আসছে। বিচ্ছিরি লেগেছে আওয়াছটা।

গল্পটা অকালে গেল ভেঙে। তুস্রা রাজপুত্র খুঁজে বের করা উচিত ছিল। এ তো অঙ্কের হরণ প্রণ নয— ওরকম ক্লাস-পেরোনো ছেলে তেপান্তর পেরোবার স্পর্ধা করবে, এ তুমি কিছুতেই সইতে পারলে না। আমি মনে মনে ঠিক করে রেখেছিলুম,

লাখখানেক ঝি ঝি -পোকা আমদানি করব আমাদের পানাপুকুরের ধারের স্থাওড়াবন থেকে। তারা টাদামামার নিদমহলের পশ্চিম দিকের বিভক্তির দরজা দিয়ে বাঁকে ঝাঁকে চুকে শবাই মিলে ভোমার বিছানার চাদরটাতে দিত টান হুড়ুহুড়্ ক'রে। তার উপরে তোমাকে নামিয়ে আনত। তাদের ঝিঁঝিঁ ঝিঁঝিঁ শব্দে চাঁদনি-চকে ঝিমিয়ে পড়ত চাঁদের পাহারাওয়ালা। সমস্ত রাস্তায় বায়না দিয়ে ক্রেপছিলুম ভোনাকির আলোধারীর দলকে। বাঁশতলার বাঁকা গলি দিয়ে তোমাকে নিয়ে চলত, খদ খদ শব্দ করত ঝরে-পড়া শুক্নো পাতাগুলো। ঝবু ঝবু করতে থাকত নারকেলের ভাল। গদ্ধে-ভূর-ভূর শর্বেখেতের আল বেয়ে যথন এলে পড়তে তির্পুর্নির ঘাটে তথন ধামা-ভরা বিলিধানের ধই নিয়ে ডাক দিতুম গ্রামাথের ওঁড়ভোলা মকরকে, তোমাকে চড়িয়ে দিতেম তার পিঠে। ভাইনে বাঁয়ে তার লেজের ঠেলায় জল উঠত কল্কলিয়ে। তিন পহর রাতে শেষালগুলো ডাঙাম দাঁডিমে জিগেদ করত, ক্যা হুয়া, ক্যা হুয়া! আমি বলতুম, চুপ রও, কুছ নেই হয়। এই যাত্রাপথে পেঁচা আর বাহুড়ের সঙ্গেও কিছু আপোষে বন্দোবন্তের কথা ছিল। তাদের কাচ্ছে লাগাতুম। ভোর সাড়ে চারটের শম্ম শুক্তারা নেমে পড়ত পশ্চিম-আকাশে, পূর্ব-আকাশে আলোর রেথায় দেখা দিত স্কালবেলার তর্জনীতে সোনার আংটি থেকে ঠিকরে-পড়া সংকেত। স্থ-জেগে-ওটা কাক তেঁতুলের ডালে বলে অম্বির হয়ে প্রশ্ন করত, কা-কা? আমি যেমনি বলতুম 'কিচ্ছু না', অমনি দেখতে দেখতে সব যেত মিলিয়ে— তুমি জেগে উঠতে ভোমার বিছানায়।

পুপুদিদি একট্থানি হেসে বললে, এই-যে আমার ছেলেমাছ্যির কাহিনীটি শোনা গেল— এটি এত ইনিয়ে-বিনিয়ে ব'লে তোমার কী আনল হল। আমার হিংক্তের ঘটার ছিল, এইটে জানাবার জন্তে তোমার এতই উৎসাহ! আর, আমাদের বিলিতি-আমড়া গাছের পাকা আমড়াগুলো পেড়ে নিয়ে স্কুমারদাকে ল্কিয়ে দিয়ে আসত্ম, আমড়া লে ভালোবাসত ব'লে; চ্রির অপবাদটা হত আমার, আর ভোগ করত সে—গে কথাটা চেপে গেছ। স্কুমারদা নাহয় অহই ভালো কষত, কিছু আমার বেশ মনে আছে একদিন সে 'অবধান' কথাটার মানে ভেবে পাছিলে না, আমি স্লেটে লিখে আড় করে ধরে তাকে দেখিয়ে দিয়েছিল্য— এ কথাগুলো বুঝি তোমার গল্পের মধ্যে পড়ে না?

আমি বললুম, আমার খুনির কারণ এ নয় যে, মনের জালায় তুমি স্কুমারদার যৌবরাক্তা মানতে চাও নি। তার উপরে তোমার হিংসের কারণ ছিল আমার উপর ভোমার অনুরাগ্বশত— আমার আনন্দের স্থৃতি রয়েছে এথানেই।

আহ্না, তোমার অহংকার নিয়ে তুমি থাকো। একটা কথা তোমাকে জিগেদ করি, দেই-যে তোমার নামহারা বানানো মাহ্যটি যাকে বলতে দে, তার হল কী।

আমি বললেম, তার বয়স বেড়ে গেছে।

ভালোই তো।

সে এখন চিন্তা করে, মাধায় তার জ্যমস্তার ভিনকলে চাক বেনেছে, তর্কে তার সঙ্গে পারবার জোনেই।

দেগছি আমারই পাার্যাল্যাল লাইনেই চলেছে।

তা হতে পারে, কিন্তু গল্পের এলেকা ছাড়িয়ে গেছে। থেকে থেকে গে হাত মুঠে। ক'রে ঝেঁকে ঝেঁকে ব'লে উচছে, শক্ত হতে হবে।

বলুক-না। শক্ত ছানেই গল্ল জমুক-না। চুন্ক দিয়ে খাওয়া নেই হল, চিবিয়ে খাওয়া চলবে ভো। হয়তো আমার পছনদ হবে।

পাছে আক্রেল দাঁতের অভাবে তাকে কায়দা করতে না পার, এই ভাগে গানেকদিন তাকে চুপ করিয়ে রেখেছি।

ইস! তোমার ভাবনা নেখে হাসি পার। তুমি ঠাউরে রেখেছ, জ্মার যথেষ্ট বয়স হয় নি।

শ্বনাশ! এতবড়ে নিন্দে সতিবড়ো শক্ষও করতে পারবে না।
তা হলে ডাকো-ন তাকে তোমার মাধ্যরে, তার বর্তমান মেছাছটা বুঝে নিই।
তাই সই।

# 75

ঝগড়ুকে বললেম, কোণায় আছে দেই বানর্ডা। যেখানে পাও বোলাও উদ্কো।

এল সে তার কাঁটা ওবালা মোটা গোলাপের গুড়ির লাঠিখানা ঠক্ঠক্ করতে করতে। মালকোঁচা-মারা ধৃতি, চাদরখানা জড়ানো কোনরে, গুটু পর্যন্ত কালো পশমের মোটা মোজা, লাল ডোরা-কাটা জামার উপর হাতাহীন বিলিভি ওয়েস্ট্কোট সব্জ বনাতের, সাদা রোঁষাওমালা রাশিয়ান টুপি মাধায়— পুরোনো মালের দোকান থেকে কেনা— বাঁ হাতের বুড়ো আঙুলে আকড়া জড়ানো— কোনো একটা সন্থ



অপ্যাতের প্রত্যক্ষ সাকী। কড়া চামড়ার জুতোর মস্মসানি শোনা যায় গলির মোড় থেকে। ঘন ভূকত্টোর নীচে চোবছটো ধেন মছে-থেমে-যাওয়া ঘটো বুলেটের মতো।

বললে, হয়েছে কী। তুক্নো মটয় চিবোক্তিলুম দীত শক্ত করবার ছলে, ছাড়ল না ভোমার ঝগড়। বললে, বাবুর চোখতুটো ভীষণ লাল হয়েছে, বোধ হয় ভাকার ভাকতে হবে। তুনেই ভাড়াভাড়ি গয়লাবাড়ি থেকে এক-ভাড় চোনা এনেছি; মোচার ধোলায় করে ফোটা ফোটা ঢালতে থাকো, লাফ হয়ে য়াবে চোখ।

আমি বলনুম, যতক্ষণ তুমি আছ আমার ত্রিদীমানায়, আমার চোপের লাল কিছুতেই ঘুচবে না। ভারবেলাতেই ভোমাদের পাড়ার যত মাতকর আমার দরভায় ধন্না দিয়ে পড়েছে। বিচলিত হবার কী কারণ।

তুমি থাকতে লোগরা কারণের দরকার নেই। খবর পাওয়া গেল, তোমার চেলা কংসারি মূলি, যার মূখ দেখলে অযাত্রা, তোমার ছাদে বদে একখানা রামশিঙে তুলে ধরে ফুঁক দিছে; আর গাঁজার লোভ দেখিয়ে জড়ো করেছ যত ফাটা-গলার ফৌজ, তারা প্রাণপণে চেঁচানি অভ্যেদ করছে। ভদ্রলোকেরা বলছে, হয় তারা ছাড়বে পাড়ানয় তোমাকে ছাড়াবে।

মহা উৎসাহে লাফ দিয়ে উঠে সে চীৎকারস্বরে বললে, প্রমাণ হয়েছে ! কিসের প্রমাণ ।

বেহুরের হৃঃশহ জার। একেবারে ভাইনামাইট। বদ্ধরের ভিতর থেকে ছাড়া পেয়েছে ছর্জ্য বেগ, উড়ে গিয়েছে পাড়ার ঘুম, দৌড় দিয়েছে পাড়ার শান্তি, পালাই-পালাই রব উঠেছে চার দিকে। প্রচণ্ড আম্বরিক শক্তি। এর ধাকা একদিন টের পেছেছিলেন স্বর্গের ভালো-মাম্বরা। বসে বসে আধ চোথ বুছে অমৃত গাভিলেন। গন্ধর্ব ওস্তাদেরা তম্বা ঘাড়ে অতি নিখুঁত স্বরে তান লাগাভিলেন পরজ-বসম্থে, আর ন্পুরঝংকারিণী অপ্সরীরা নিপুণ তালে তেছাই দিয়ে নৃত্য জমিয়েছিলেন। এ দিকে মৃত্যুবরণ নীল অন্ধকারে তিন যুগ ধ'রে অন্ধরের দল রসাতল-কোঠায় তিমিমাছের লেজের ঝাপ্টার বেলয়ে বেম্বর সাধন। করছিল। অবশেষে একদিন শনিতে কলিতে মিলে দিলে সিয়াল, এসে পড়ল বেহুর-সংগতের কালাপাহাড়ের দল হার ভ্যালাদের সমে-নাড়া-দেওয়া ঘাড়ে হংকার কেংকার কন্থন্কার প্রম্কার ছড়ুম্কার গড়্-গড়গড়ংকার শক্ষে। তাঁর বেম্বরের তেলেবেগুনি জলনে পিতামহ-পিতামহ ভাক ছেড়ে তাঁরা লুকোলেন বন্ধাণার অন্বমহলে। তে।মাকে বলব কী আর, তোমার তে। জানা আছে সকল শাস্তই।

জানা যে নেই আছ তা বোঝা গেল তোমার কথা ভনে।

দাদা, তোমাদের বই-পড়া বিজে, আদল খবর কানে পৌছর না। আমি ঘুরে বেড়াই শ্মশানে মশানে, গুঢ়তক পাই সাধকদের কাছ থেকে। আমার উৎকটদন্থী গুরুর মুগকন্দর থেকে বেল্পরত্ত্ব অল্প কিছু জ্বেনেছিল্ন, তার পারে অনেকদিন ভেরেগ্রার বিরেচক তৈল মর্দন ক'রে।

বেহরতত্ব আয়ত্ত করতে তোমার বিলম্ব হয় নি দেটা বুকতে পারছি। অণিকারভেদ মানি আমি।

দাদা, ঐ তো আমার গর্ণের কথা। পুরুষ হয়ে জন্মালেই পুরুষ হয় না, পরুষতার প্রতিভা থাকা চাই। একদিন আমার গুরুর অতি অপূর্ব বিশ্রিম্ব থেকে—



গুৰুম্পকে আমরা বলে থাকি ত্রীমৃথ, তুমি বললে বিত্রীমৃথ !

গুরুর আদেশ। তিনি বলেন, শ্রীমুগটা নিতান্ত মেতেলি, বিশ্রী মুপেই পুরুষের গৌরব। ওর জোরটা আকর্ষণের নয়, বিপ্রকর্ষণের। মান কি না।

মানতে যে হতভাগা বাধা হয় সে মানে বই-কি।

মধুর রসে ভোমার মৌতাত পাকা হয়ে গেছে দাদা, কঠোর সভা মুখে রোচে না, ভাঙতে হবে ভোমাদের তুর্বলতা— মিঠে হবে যার নাম দিয়েছ হৃদ্ধতি, বিশ্রীকে সহ করবার শক্তি নেই যার।

হুবঁপতা ভাঙা স্বশৃতা ভাঙার চেয়ে অনেক শক্ত।— বিশ্রীতব্র ওক্রবাকা

শোনাতে চাচ্ছিলে, ভনিয়ে দাও।

একেবারে আদিপর্ব থেকে গুরু আরম্ভ করলেন বাাখ্যান। বললেন, মানবস্থারির গুরুতে চতুর্মুপ তাঁর সামনের দিকের দাড়ি-কামানো ছটো মুণ থেকে মিহি স্থর বের করলেন। কোমল রেধাব থেকে মধুর ধারার মস্থা মিড়ের উপর দিয়ে পিছলে গড়িয়ে এল কোমল নিখাদ পর্যন্ত। সেই স্কুমার স্বরলহরী প্রত্যুধের অরুণবর্গ মেঘের থেকে প্রতিফলিত হয়ে অত্যন্ত আরামের দোলা লাগালো অতিশ্ব মিঠে হাওয়য়। তারই মৃত্ হিলোলে দোলামিত নৃত্যক্তন্দে রূপ নিয়ে দেখা দিল নারী। স্বর্গে শাধ বাজাতে লাগলেন ক্রণদেবের ঘরনী।

दक्रनरहरदद घड़नी रकन।

তিনি যে জলদেবী। নারী ছাত্টা বিশ্বন্ধ ছলায়; তার কাঠিত নেই, চাঞ্চলা আছে, চঞ্চল করেও। ভূব্যবন্ধার গোড়াতেই ছলরাশি। সেই ছলে পানকৌড়ির পিঠে চ'ড়ে হত সব নারী ভেসে বেড়াতে লাগল সারিগান গাইতে গাইতে।

অতি চমংকার। কিন্তু, তথন পানকৌড়ির সূপি হয়েছে না কি।

হয়েছে বই-কি। পাথিনের গলাতেই প্রথম হার বাধা চলছিল। তবলতার সংক্ষেই মাধুর্বের অনবচ্ছিন্ন যোগ, এই তব্যটির প্রথম পরীক্ষা হল ঐ ত্বল জীবগুলির ভানাম এবং কঠে। একটা কথা বলি, রাগ করবে না ভো গ

না রাগতে চেষ্টা করব।

যুগান্তরে পিতামহ যথন মানবসমাজে তুর্বলতাকেই মহিমাধিত করবার কাজে কবিষ্টেই করেছিলেন, তথন দেই স্কেই ছাঁচ পেছেছিলেন এই পাধির থেকেই। ফোলন একটা সাহিত্যসন্মিলন গোছের বাপোর হল তার মভামওপে; মভাপতিজপে কবিদের আহ্বান ক'রে বলে দিলেন, তোমরা মনে মনে উভতে থাকে। শ্রে, খার ছলে ছলে গান করো বিনা কারণে, যা-কিছু কঠিন তা তরল হয়ে যাক, যা-কিছু বলিই তা এপিছে পড়ে যাক আর্দ্র হয়ে।— কবিস্মাট, আছ প্রস্তু তুমি তার কথা রক্ষা করে চলেছ।

চলতেই হবে যতদিন না ছাঁচ বদল হয়।

আধুনিক যুগ শুকিয়ে শক্ত হয়ে আগছে, মোনের ছাঁচ মার নিগবেই না। এখন সে দিন নেই যখন নারীদেবভার জলের বাসাটি লোল পেত প্রে, যখন মনোহর ছুবলভায় পৃথিবী ছিল অতলে নিমন্ত্র।

रुष्टि के योगारहरमद इतन क्रम मामन ना रकन।

গোটা ক্ষেক যুগ যেতে না যেতেই দরণীদেবী আঠ বাক্যে আবেদনপত্র পাঠালেন চতুর্নুগের দরবারে। বললেন, ললনাদের এই লকারবহুল লালিত্য আর তো সহা হয় না। স্বয়ং নারীরাই করুণ কলোলে ঘোষণা করতে লাগল, ভালে। লাগছে না। উর্পলোক থেকে প্রশ্ন এল, কী ভালো লাগছে না। স্কুমারীরা বললে, বলতে পারি নে।— কী চাই।— কী চাই ভারও সন্ধান পাচ্ছি নে।

ওদের মধ্যে পাড়াকুঁত্লিরও কি অভিবাক্তি হয় নি। আগাগোড়াই কি স্বচনীর পালা।

কোঁদলের উপযুক্ত উপলক্ষ্যটি না থাকাতেই বাক্যবাশের টকার নিমগ্ন রইল অতলে, কাঁটার কাঠির অন্ধর স্থান পেল না অকুলে।

এত বড়ে৷ হ্রাপের শংবাদে চতুর্মুপ লক্ষিত হলেন বোধ করি পূ

नष्क। व'रन नष्कः! ठात मुख र्केडे हरत राजा। एष्टिंड हरा वरम दहेरलम রাছহংসের কোটি-যোজন-ভোড়। ভানাহটোর 'পরে পুরে। একটা ব্রহ্মণুগ। এ দিকে আদিকালের লোকবিশ্রত শালা পরম-পানকৌড়িনী, ভন্নতায় যিনি ব্রহ্মার পরমহংসের যদে পালা দেবার সাধনায় হাজার বার ক'রে জলে ভুব দিয়ে দিয়ে চঞ্চর্যাত পালকগুলোকে ভাটাদার ক'রে ফেলছিলেন, তিনি প্র্যন্ত ব'লে উঠলেন, নির্মলতাই যেখানে নির্তিশয় দেখানে ভ্রচিতার স্বপ্রধান স্ব্রটাই বার পড়ে, যথা, প্রকে থেটি। (म का: ; कक्ष्म व हवाव समावेष्ट थार्क ना। आर्थना कदरतन, रह (नद, सनिने का हाहे, ভূরিপরিমাণে, অনভিবিলয়ে এবং প্রবল বেগে। বিধি তথ্য অন্থির হয়ে লাফিয়ে উঠে वनत्वन, जुन इत्यर्क, न्यानाधन कडरक इत्य । दाग द्वा भी भन्। सदन इन सङ्ग्रहत्वत महाद्रष्टिना धाएए এएम পড़েছে महास्त्रीत मधारिक्ती— अভिलोकिक निःश्नास আর বুষগর্জনে মিলে ত্বালোকের নীলমণিম্ভিত ভিত্টাতে দিলে ফাটল ধরিছে। মজার আশায় বিফুলোক থেকে ছুটে বেরিয়ে এলেন নারদ। তার টেকির পিঠ থাবড়িয়ে वनलम, वाबा एंकि, इत्न द्राप्त्रा ভावीलाक्द विवन्दरहरू जानियम, रथाकाल पर ভাঙাবার কাজে লাগবে। ভুক্ত বন্ধার চার গলার ঐক্যতান আওয়াছের মঙ্গে যোগ দিলে দিঙ্নাপেরা ভাড় তুলে, শব্দের ধাকায় বিগক্ষাদের বেণাবন্ধ খুলে গিয়ে আকাশ আগাগোড়া ঠাসা হয়ে গেল এলোচুলে— বোধ হল কালো-পাল-ভোলা ব্যোমভরী ष्ट्रीन कामभूक्रायद भागानघाटी।

হাজার হোক, সৃষ্টিকতা পুরুষ তো বটে।

পৌক্ষ চাপা রইল না। তাঁর পিছনের দাড়িওয়ালা ত্ই ম্থের চার নাসাফলক উঠল ফুলে, হাপিয়ে-ওঠা বিরাট হাপরের মতো। চার নাসার্দ্ধ থেকে একসঙ্গে ঝড় ছুটল আকালের চার দিককে ডাড়না ক'রে। ব্রহ্মাণ্ডে সেই প্রথম ছাড়া পেল হর্জয়শক্তিমান বেস্থরপ্রবাহ— গোঁ-গোঁ গাঁ-গাঁ ভড়্মুড় ছুদাড় গড়গড় ঘড়ছে ঘড়াঙ।

গন্ধবেরা কাঁথে তছুরা নিয়ে দলে দলে দৌড় দিল ইন্দ্রলোকের থিড়কির আভিনাম, যেখানে শচীদেবী আনাস্তে মন্দারকুঞ্জোয়ায় পারিজাতকেশরের ধ্পধ্যে চূল শুকোতে যান। ধরণীদেবী ভয়ে কম্পান্থিতা; ইষ্টমন্ত্র জপতে জপতে ভাবতে লাগলেন, ভূল করেছি বা। সেই বেহুরো ঝড়ের উন্টোপান্টা ধাকায় কামানের মুখের তপ্ত গোলার মতো ধক্ধক্ শব্দে বেরিয়ে পড়তে লাগল পুরুষ।— কী দাদা, চুপচাপ যে। কথাওলো মনে লাগছে তো?

লাগছে বই-কি। একেবারে ছুম্নাম্ শব্দে লাগছে। স্থাপ্তির সর্বপ্রধান পর্বে বেহুরেরই রাজ্ত্ব, এ কথাটা ব্রুতে পেরেছ ভে; ? ব্রিয়ে দাও-না।

তরল ছলের কোমল একাধিপতাকে চুঁমেরে, গুঁতো মেরে, লাখি মেরে, কিল মেরে, ঘুষো মেরে, ধারা মেরে, উঠে পড়তে লাগল ডাঙা তার পাথুরে নেড়া মুণ্ওলো তুলে। ভূলোকের ইতিহাসে এইটেকেই সব চেয়ে বড়ো পর্ব ব'লে মান কি না।

मानि दहे-कि।

এত কাল পরে বিধাতার পৌরুষ প্রকাশ পেল ডারায়; প্রুষ্থের স্বাক্ষর পড়ল স্কান্তর শক্ত জমিতে। গোড়াতেই কী বাজংস পালোয়ানি। কগনো আগুনে পোড়ানো, কগনো বরফে জমানো, কগনো ভূমিকম্পের জবর্নস্তির যোগে মাটিকে হা করিয়ে কবিরাজি বড়ির মতে। পাহাড়গুলোকে গিলিয়ে খাওয়ানো— এর মধ্যে মেয়েলি কিছু নেই, সে কথ; মান কি না।

मानि दहे-कि।

জলে 9টে কলপ্রনি, হা 9য়য় বাঁশি বাছে টে:-দৌ— কিন্তু বিচলিত ভাঙা যথন ডাক পাড়তে থাকে তথন ভরতের সংগীতশাহটাকে পিণ্ডি পাকিলে দেয়। ভোমার মুখ দেখে বোধ হচ্ছে, কথাটা ভালো লাগছে না। কী ভাবছ বলেট ফেলে:-না।

আনি ভাবছি, আর্ট্ মাত্রেরই একটা পুরাগত বনেদ আছে যাকে বলে ট্যাছিশন। তোমার বেজ্বপ্রনির আর্ট্রেক বনেদি ব'লে প্রমাণ করতে পার কি।

থ্ব পারি। তোমাদের স্থারের মূল ট্যাভিশন নেয়ে-দেবভার বাজ্ঞায়ে। যদি বেস্থারে উদ্ধর খুঁছতে চাও তবে দিধে চলে যাও পৌরাণিক নেয়েমহল পেরিয়ে পুরুষ দেবতা জটাধারীর দরজায়। কৈলাদে বীণায়ন্ত বে-আইনি, উর্বনী দেখানে নাচের বায়না নেয় নি। যিনি সেখানে ভীষণ বেতালে তাওবনৃত্য করেন তাঁর নন্দীভূকী ফুঁকতে থাকে শিঙে, তিনি বাজান ববম্বম গালবাত্য, আর কড়াকড় কড়াকড় ভমক্ষ। ধ্ব'লে পড়তে থাকে কৈলাদের পিণ্ড পিণ্ড পাণ্র। মহাবেশ্বরের আদি-উৎপত্তিটা স্পাই হয়েছে তো?

र्याष्ट् ।

মনে রেপো স্বরের হার, বেস্বরের জিত, এই নিয়েই পালা রচনা হয়েছে পুরাণে দক্ষযজের। একদা যজ্ঞসভার জ্যা হয়েছিলেন দেবতারা— ছই কানে কুওল, ছই বাহতে মঙ্গন, গলায় মণিমালা। কী বাহার! ক্ষিমুনিদের দেহ পেকে আলো পড়ছিল ঠিক্রিয়ে। কঠ থেকে উঠছিল অনিন্যায়ন্দর প্রের স্থান্ত্র দায়গান, তিত্তনের পরীর রোমাঞ্চিত। হঠাং ছড়্দাড় ক'রে এসে পড়ল বিশ্রীবিরপের বেস্থরি দল, ভচিত্তনরের গৌকুমার্য মৃহুর্তে লওভও। কুশ্রীর কাছে স্থানীর হার, বেস্তরের কাছে ফরের— পুরাণে এ কথা কাতিত হয়েছে কী আনন্দে, কা অটুহাস্তে, অম্পামন্থলের পাত। ওল্টালেই তাটের পাবে। এই তো দেবছ বেস্তরের শাস্ত্রন্যত ট্যাহিশন। এ-যে তুন্দিলতম্ গ্রানন স্থাতে পেয়ে থাকেন পুজো, এটাই তো চোথ-ভোলানো ছবল ললিতকলার বিক্ষের স্থাতন প্রোটেস্ট্। বর্তমান যুগে এ গণেশের ভাড়ই তো চিম্নি-নৃত্তি ধরে পাশ্চাত্য প্রায়জ্ঞশালায় বুংহিতধ্বনি করছে। গণনামকের এই কুংদিত বেস্ত্রের জারেই কি প্রা গিছিলাভ করছে না। চিন্তা করে দেখে।।

দেখব।

যখন করবে তখন এ কথাটাও ভেবে দেখো, বেহুরের অভেয় নাহায়া কঠিন ডাঙাতেই। সিংহ বল', বাাছ বল', বলদ বল', যাদের সঙ্গে সগর্বে বীরপুক্ষদের তুলনা কর। হয় ভারা কোনো কালে ওন্তাদজির কাছে গলা সাধে নি। এ কথায় ভোমার সন্দেহ আছে কি।

**जिमाज** ना।

এমন-কি, ডাঙার অধম পশু যে গর্দ ভ, যত তুর্বল সে হোক-না, বীণাপাণির আসরে সে গাজেনি করতে যায় নি, এ কথা তার শক্ত মিত্র এক বাকো স্বীকার করবে।

তা করবে।

ঘোড়া তো পোষমানা জীব— লাখি মারবার যোগ্য খুর থাকা সবেও নির্বিবাদে চাবৃক থেমে মরে— তার উচিত ছিল, আন্থাবলে খাড়া দাড়িয়ে ঝি ঝি টখাম্বাজ আলাপ করা। তার চি হি হি হি শব্দে সে রাশি রাশি সফেন চন্দ্রবিন্দ্র্বণ করে বটে, তব্ বেহুরো অমুনাসিকে সে ডাঙার সম্মান রক্ষা করতে ভোলে না। আর গছরাজ, তাঁর কথা বলাই বাহুলা। পশুপতির কাছে দীকাপ্রাপ্ত এই-সমন্ত ফুলচর জীবের মধ্যে কি একটাও কোকিলক ও বের করতে পার। ঐ-যে তোমার বৃশ্ভগ্ ফেডি চীংকারে ঘুমছাড়া করে পাড়া, ওর গলায় দ্যা ক'বে বা মন্ধা ক'রে বিধাতা যদি দেন শ্রামান্দোয়েলের শিষ, ও তা হলে নিজের মধুর কঠের অসম্থ ধিকারে তোমার চল্তি মোটরের

তলায় গিয়ে ঝাঁপিয়ে পড়বে এ আমি বাজি রাখতে পারি। আচ্ছা, সত্যি করে বলো, কালিঘাটের পাঠা যদি কর্কণ ভ্যাভ্যা না করে রামকেলি ভাঁজতে থাকে, তা হলে তুমি ভাকে জগন্মাতার পবিত্র মন্দির থেকে দূর-দূর করে থেদিয়ে দেবে না কি।

নিশ্চয় দেব।

তা হলে ব্বতে পারছ আমরা যে স্থমহৎ ব্রত নিয়েছি তার সার্থকতা। আমর।
শক্ত ডাঙার শাক্ত সন্থান, বেস্থরমন্তে দীকিত। আধমর। দেশের চিকিংসায় প্রয়োগ
করতে চাই চরম মৃষ্টিযোগ। জাগরণ চাই, বল চাই। জাগরণ শুরু হয়েছে পাড়ায়;
প্রতিবেশীদের বলিইতা হুম্নাম্ শব্দে হুর্নাম হক্তে, পৃষ্ঠদেশে তার প্রমাণ পাক্তে আমার
চেলারা। বিটিশ সামাজ্যের কোতোয়ালরা চক্ষল হয়ে উঠেছে, টনক নড়েছে শাসনকর্তাদের।

ভোমার গুরু বলছেন কী।

তিনি মহানদে মগ্ন। দিবাচকে দেখতে পাচ্ছেন, বেস্থরের নব্যুগ এসেছে ধ্যাও ছগতে। সভা ছাতরা আত্ম বলছে, বেস্থটোতেই বান্তব, ওতেই পুঞাভূত পৌন্দা, স্থরের মেয়েনাস্থিই ছুর্বল করেছে সভাতা। ওলের শাসনকর্তা বলছে, ছোর চাই, খুফীনি চাই নে। রাষ্ট্রবিধিতে বেম্বর চড়ে যাত্ছে পর্বায় পদায়। সেটা কি ভোনার চোপে পড়েনি, দানা।

চোধে পড়বার দরকার কী, ভাই। পিটে পড়চে দমান্দম।

এ দিকে বেতালপক্ষিংশতিই চাপল ধাহিতোর ঘাড়ে। আনন্দ করো, বাংশাও ওদের পছে ধরেছে।

দে তো দেখছি। পাছু ধরতে বাংলা কোনোদিন পিছপাও নয়।

এ দিকে গুরুর আদেশে বেজুরময় শাধন করবার জন্তে আমর। হৈছিলংগ দ্বাপন করেছি। দলে একজন কবি জুটেছে। তার চেহারা দেপে আলা হয়েছিল নবমুগ মৃতিমান। রহনা দেপে ভুল ভাঙল, দেপি তোমারই চেলা। হাজার বার করে বলছি, ছন্দের মেরুলও ভেঙে ফেলো গলামতে। বলছি, অর্থমনর্থা ভারমনিতাম্। বুরিয়ে দিলেম, কথার মানেটাকে সম্মান করায় কেবল লাসবুদ্ধির গাঁঠপাছা মনটাই ধরা পড়ে। কল হচ্ছে না। বেচারার দোষ নেই— গলদ্বে হুলে ওঠে, তবু ভজ্লাকি কাবোর ছাল ঘোচাতে পারে না। ওকে লেখছি পরীক্ষাধানে। প্রথম নম্না ঘেটা সমিতির কাছে দাপিল করেছে সেটা শুনিয়ে লিই। তার দিয়ে শোনাতে পারে না।

দেই ছক্তেই তোমাকে ঘবে চুকতে দিতে সাহস হয়।

#### ভবে অবধান করো—

পাষে পড়ি শোনো ভাই গাইয়ে,

হৈহৈপাড়া ছেড়ে দ্ব দিয়ে যাইয়ে।

হেথা সা রে গা-মা পা'ষে স্বরাশ্বরে যুদ্ধ,

তদ্ধ কোনলগুলো বেবাক স্বত্তদ্ধ—

অভেদ রাগিণারাগে ভগিনী ও ভাইয়ে।

তার-ছেড়া তব্বা, তাল-কাটা বান্ধিয়ে—

দিনরাত বেধে যায় কান্ধিয়ে।

বাঁপতালে দাদ্রায় চৌতালে ধামারে

এলোমেলো ঘা মারে—

তেরে কেটে মেরে কেটে দাঁ। দাঁ ধাঁ ধাঁ দাঁইয়ে।

সভার্থন্ধ একবাকো ব'লে উঠলুন, এ চলবে না। এগনো জাতের মায়া ছাছতে পারে নি— ভচিবায়গ্রন্ত, নাছা ছুবল। আমরা বেছল চাই বেপরোয়া। কবির মেয়ার বাছিয়ে দেওলা গোল। বললুন, আরও একবার কোনর বেঁদে লাগো, বাছালি ছেলেদের কানে ছোরের কথা হাতুড়ি পিটিয়ে চালিয়ে লাও, মনে রেখো পিটুনির চোটে ঠেলা মেরে ছোর চালানো আজ পৃথিবীর সর্বত্তই প্রচলিত— বাছালি ভারু কি মুমায়ে রয়। দেওলুন, লোকটার অফাকরও পাক থেয়ে উত্তেছ। বলে উঠল, নয় নয়, কথনোই নয়। কলমটাকে কানছে গ'রে ছুটে গিয়ে বসল টেবিলে। করছোছে গণেশকে বললে, ভোমার কলাবধুকে পাঠিয়ে লাও অফাপুরে সিছিলাভা। লাগাও ভোমার ভঁছের আছাছ আমার মগছে, ভূমিকল লাওক আমার মাতৃভাবায়, জোরের ভারপিছ উৎসারিত হোক কলমের মুখে, ছালাবোর চোটে বাছালির ছেলেকে দিক ছাগিয়ে। কবি মিনিট পনেরো পরে বেরিয়ে চীৎকার হারে আর্ভি ভক করলে। মুগ চোপ লাল, চুলগুলো উল্লেখ্ছো, নশা পাবার দশা।—

মাব্ মাব্ মাব্ রবে মাব্ গাঁটা,

মারহাটা, ওরে মারহাটা।


ছুটে আয় জ্লাড়,
ভাঙ্ মাথা, ভাঙ্ হাড়,
কোথা ডোর বাসা আছে হাড়কাটা।

আন্ ঘুষো, আন্ কিল,
আন্ ঢেলা, আন্ ঢিল,
নাক মুখ পেঁতো ক'রে দিক ঠাটা।
আগ্ডুম বাগ্ডুম
ছুম্দাম ধুমাধুম,
ভেঙে চুরে চুর্মার হোক খাট্টা।
ঘুম যাক, মারো ক্ষে মাল্সাটা।
বাশিওলা চুপ রাও,
টান মেরে উপ্ডাও
ধরা হতে ললিতল্বক্লতা।
বেল জুই চম্পক
দূরে দিক ঝম্পক,
উপবনে ভ্মা হোক ভক্লতা।

আমি অন্ধির হয়ে ছই হাত তুলে বলল্ম, থামো থামো, মার নয়। ছয়দেবের ভ্ত এখনো কাঁধে বসে ছলের সাকাস করছে, কানের দখল ছাড়ে নি। গয়াধামে ঐ লেখাটার বদি পিণ্ডি দিতে ছাও তবে ওর উপরে হানো ম্যল, ওটাকে ছির্ক্টে নাস্তানাব্দ ক'রে তার উপরে ফুট্রিক র'ষ্টি করো। কবি হাত জ্যেড় ক'রে বললে, আমি পারব না, তুমি হাত লাগাও। আমি বলল্ম, ঐ-যে মারহাটা শক্টা ভোমার মাথায় এসেছে, ঐটেতেই ভোমার ভবিছতের আশা। 'চলন্ধিকা' থেকে কথাটাকে ছিঁড়ে ফেলেছ, অর্থের শিকড়টা রয়ে গেল মাটির নীচে। শুনু ছাঁটা ধরে পাড়া রয়েছে ধ্বনির মারম্ভি। এইবার সমস্ত্টাকে ছয়ছাড়া করে দিই— দেখো, কী মৃতি বেরোয়—

হৈ রে হৈ মারহাটা গালপাটা আঁটগাটা।

হাড়কাট্রা কাঁ। কোঁ কাঁচ্ গড়গড় গড়গড়। · · · · · হড়দুহুম্ হুদাড়



হৈ রে হৈ মারহাট্টা



**माप्ति । व्यक्ष**हाद ३०

ভাণ্ডা

ধপাহ

ঠাতা

কপাউও ফ্র্যাক্চার

মড় যড় যড় যড়

হড় ম · · · ·

**इ**ङ्म्ङ् इ**ङ्**म्ङ्

নেউকি নন্দন

বঞ্চন পাত্তে

কুন্দন গাড়োয়ান

বাকে বিহারী

তড়বড় তড়বড় তড়বড় তড়বড়

ষ্ট্ৰ**ট্** মৃশ্মস্

ধড়াধ্বড়

**ধড় ফড় ধড় ফড়** 

হোহোর ই হা হা—

हे रेड ह द ह ह इ:--

इनफर्ला इंडिम् निर्शा।

দাদা, ভোমার নকল করি নি এই সার্টিফিকেট আমাকে দিতে হবে।
থুলি হয়ে দেব।
নবযুগের মহাকাবা ভোমাকে লিবতে হবে দাদা।
থদি পারি। বিষয়টা কী।
বেক্সর-হিড়িছের দিখিজয়।

পুপুদিদিকে জ্ঞিনেদ করল্ম, কেমন লাগল। পুপু বললে, ধার্ধা লাগল। অর্থাং ? অর্থাৎ, স্থরাস্থরের যুদ্ধে অস্থরের জয়টা কেন আমার তেমন খারাপ লাগল না, তাই ভাবছি। বিশ্রী গোঁয়ারটার দিকেই রায় দিতে চাচ্ছে মন।

তার কারণ, তুমি স্বীজাতীয়। অত্যাচারের মোহ কাটে নি। মার থেয়ে আনন্দ পাও, মারবার শক্তিটাকে প্রত্যক্ষ দেখে।

অত্যাচারের আক্রমণ পছলদই তা বলতে পারি নে— কিন্ত বীভংসমূতিতে যে পৌক্ষ ঘুষি উচিয়ে দাঁড়ায় তাকে মনে হয় সারাইম।

আমার মতটা বলি। ছংশাদনের আফালনটা পৌরুষ নয়, একেবারে উল্টো। আছ পর্যন্ত পুরুষই স্থান্ত করেছে স্কুলর, লড়াই করেছে বেস্থরের দলে। অস্থর শেই পরিমাণেই জোরের ভান করে যে পরিমাণে পুরুষ হয় কাপুরুষ। আদ্ধ পৃথিবীতে ভারই প্রমাণ পাচ্ছি।

## 50

পুপ্রিনির মনে হল, আমি ওর মধালাহানি করেছি। তথন সন্ধে হয়ে আসতে। কেলারায় হেলান লিয়ে ও বদল আমার কাছে। অস্ত দিকে মুধ করে বল্লান, তুমি আমাকে নিয়ে বানিয়ে বানিয়ে কেবল ছোলামান্ত ফিবছ, এতে তোমার কী হব।

আজকলে এর কথা তনে হাসতে দাহ্য হয় না। ভালোমান্ধকের মতে। মুগ করেই বলল্ম, তোমার বয়দে পাকা বৃদ্ধির প্রমাণ দিতেই ভোমাদের আগ্রহ, আমার বয়দে ভাবতে ভালো লাগে যে মজ্লাটা এগনে। আছে কাঁচা। স্বায়োগ পেলে মশ্রুল হয়ে ছেলেমান্থবি করি বানিয়ে, হয়তো মানান্যই হয় না।

তাই ব'লে আগাগোড়াই যদি ভেলেমাসুবি কর, তা হলে শত্যিকার ছেলেমাসুদিই হয় না। ছেলে বয়নের ভিতরে ভিতরে বড়ো বয়নের মিশল থাকে।

দিদি, এটা একটা কথার মতো কথা বলেছ। শিশুর কোমল দেছেও শক্ত ছাড়ের গোড়াপত্তন থাকে। এ কথাটা আমি ভূলেছিলুম না কি।

তোমার বকুনি শুনে মনে হয়, বধন আমি ছোটো ছিলুম তথনকার দিনে এমন কিছুই ছিল না বা বাক করবার নয় অধচ মজা করবার !

**এक** है। डेमार्डन एमथा छ।

মনে করো, আমাদের মাস্টারমণায়। তিনি অছুত ছিলেন, কিছু থাটি অছুত। তাই তাঁকে এত ভালো লাগত। আচ্ছা, তাঁর কথাটা একটু ধরিয়ে দাওনা।

আজও তাঁর মুখখানা স্পষ্ট মনে পড়ে। ক্লাসে বসতেন যেন আলগোছে, বইওলো ছিল কঠন্ব। উপরের দিকে তাকিয়ে পাঠ ব'লে যেতেন, কথাগুলো যেন সন্থ করে পড়ছে আকাশ থেকে। আমরা ক্লাসে উপস্থিত থাকব, মন নিয়ে পড়া শুনব, সে গ্রুভটা সম্পূর্ণ আমাদেরই ব'লে তিনি মনে করতেন।

তিনি তোমাদের মূপ চেনবার স্থযোগ পান নি বোধ হয়।

চেষ্টাও করেন নি। একদিন ছটির দরবার নিয়ে তাঁর ঘরে চুকতেই তিনি শশবাত হয়ে চৌকি ছেড়ে উঠে পড়লেন; মনে করলেন, আমি ব্ঝি যাকে বলে একজন রীতিমত মহিলা।

অংনতরে: অভাবনীয় ভূল করা তাঁর অভান্ত ছিল।

ছিল বই-কি। ভোমার দাড়ি দেখে কোনোদিন ভোমাকে নবাব খাঞ্চেথার প্রাইভেট যেকেটারি ব'লে ভূল করেন নি ভো? না, ঠাটা নয়, তিনি ভো ভোমার বন্ধু ছিলেন, বলো-না তাঁর কথা।

তার শক্র কেউ ছিল মা, কিছু সমজনার বন্ধু ছিল্ম একনা আমি। লোকে হথন তার খ্যাপামির কথা রটাত তিনি আশ্চর্য হয়ে যেতেন। একদিন আমাকে এসে বল্লেন, স্বাই বল্ছে, আমি ক্লাস্থ পড়াই কিছু ক্লাসের দিকে তাকাই নে।

আনি বশল্ম, তোমার সাভাবের তোমার বিজ্ঞের দোষ ধরতে পারে না, তোমার ধৃদ্ধির দোষ ধরে। তারা বলে, তোমার প্জানোর ভূল হয় না কিন্তু প্জাচ্ছ যে সেইটেই ভূলে যাও।

পড়াচ্ছি যদি না ভূপি তবে পড়াতে পারতুম না, নিছক মান্টারিই করে যেতুম। পড়ানোটা নিঃশেষ ছঙ্গ হয়ে গেছে, ওটা নিয়ে মনটা আইটাই করে না।

ক্ষলচর ছলে সাঁতার নিলে টের পাওয়া যার না, স্থলচর দিলে সেটা ধ্বই মালুম হয়। তুমি অধ্যাপন-স্বোহরের গভীর জলের মাছ।

আমি যদি ছাত্রদের দিকেই তাকাই তবে ক্লাদের দিকে মন দেব কী ক'রে। তোমার দেই ক্লাদটা আছে কোথায়।

কোখাও না, দেইজন্তেই তো বাধা পাই নে। ছাত্ররাই যদি আমার চোধ ছুড়ে বংগ তা ছলে ক্লাদের আত্মাপুরুষটা আড়ালে পড়ে যে।

'পড়ো বাবা আত্মারাম' এই বুঝি তোমার বুলি ?

পড়াচ্ছি কই। আমার আত্মারামকেই টহল দেওয়াচ্ছি। ভোমার প্রণালীটা কিরকম।

গঙ্গাধারার ব'ছে যাবার প্রণালী যেরকম। ডাইনে বাঁয়ে কোথাও মক, কোথাও ফলল, কোথাও শ্বশান, কোথাও শহর। এই নিয়ে গঙ্গামায়ীকে পদে পদে বিচার করতে যদি হত তা হলে আজ পর্যন্ত সগরসন্তানদের উদ্ধার হত না। যাদের যতটা হবার তাই হয়, বিধাতার সঙ্গে টকর দিয়ে তার চেয়ে বেশি হওয়াতে গেলেই চলা বন্ধ। আমার পড়ানো চলে মেঘের মতো শৃক্ত দিয়ে, বর্ষণ হয় নানা থেতে, ফলল ফলে থেত-অফুলারে। অসম্ভবকে নিয়ে ঠেলাঠেলি করে শম্য নই করি নে ব'লে হেড্মাস্টার হন ক্ষাপা। এ হেড্মাস্টারটিকেও অত্যন্ত সতা ব'লে গণ্য করলে অত্যন্ত ভূল করা হয়।

পুপু বললে, ছাত্রীদের অনেকে মনে মনে খুঁংখুঁং করত। তাদের লক্ষ্য করে একদিন বলেছিলেন, এপানে যে মাস্টারটা আছে তাকে নেই ক'রে নিছেছি, তোমাদের নিজের মনকেই বেড়ে ওঠবার ছাত্রগ। করে দেবার ছত্রেই। আর-একদিন তিনি বলেছিলেন, মাস্টারিতে আমি ২ছি ক্লাসিক, আর সিধুবারু রোমান্টিক। বল, বাওলা, মাস্টারমশারের কথাটা আমর। কিছুই বুঝতে পারি নি।

মানে হচ্ছে, মাণ্টার সমগ্র ক্লাকেই দিতেন উপরে তুলে, আর নিধু ছাত্রদের একে একে নিজের কাঁধে চড়িয়ে গভগাড়ি পার করত। বুকেছ ?

मां, वाक्यात महकाद महे । जूमि जात कथा वर्ण गान, मुझा भारत अमरू ।

আমারও লাগে, কেননা লোকটাকে বুঝতে লাগে দেরি। একদিন চান-দার্শনিকের দোহাই দিয়ে মান্টার আমাকে বদলে, যে রাজ্যে রাজ্যটা নেই দেই রাজাই সকল রাজ্যের সেরা।

পুপে সগর্বে বললে, আমানের ক্লাস সের। ক্লাস ছিল সন্দেহ নেই।

আমি বলল্ম, তার কারণ, প্রমাণ শবেও তোমার কম বৃদ্ধির লক্ষণ মাস্টার লক্ষ্য করতেন না।

পूर्ण गांथा कंक्टिए रनल, विहाद कि जान रनर ना हे हैं।।

আনি বলল্ম, পাশ দিয়ে বেতে বেতে তোমার চুলটা টেনে দিই, এ ঠাটা সেই স্লিগ্ধ জাতের। এতে ক্যাধাধ বাালাই অর্থাৎ 'অক্স যুদ্ধ স্বয়া ময়া'র ঘোষণা নেই।

পুপে বললে, মাণ্টারমশায়ের বাবন্ধা ছিল মন্ধার রক্ষের। ভিনি বলভেন,

ভোমাদের নিজের ধবর নিজেই রাধ্বে; ভোমাদের ধবরদারি করবার কাজ আমার নয়। প্রতিদিনের পড়ার ফল নিজেরাই রাধতুম; মার্কা দেবার নিয়ম জানা ছিল।

जात यम की इन।

মাर्क। वदक कम करबड़े पिउम।

কখনে। কি ঠকাতে না।

বাইরের কেউ মার্ক। দেবার থাকলে তাকে ঠকাবার লোভ হতে পারত। নিজেকে ঠকানো বোকামি। বিশেষত তিনি তো দেখতেন না।

ভার পরে ?

তার পরে প্রত্যেক তিন মাস অন্তর নিজেরাই হিসেব ক'রে জানতুন উঠছি কি নাবছি।

ভোমাদের কি প্তাযুগের হাইসুল, অত্যন্ত হাই ? ফাঁকি দেবার লোকই বুঝি ছিল না ?

মান্টারমণায় ছিলেন অবিচলিত। তিনি বলতেন, সংসারে একদল লোক কাঁকি দেবেই। কিছ, নিজের দায় বাদের নিজের হাতে, ওরই মধ্যে তারাই কম কাঁকি দেয়। আমাদের শান্তিও ছিল ঐ জাতের। বাইরে থেকে না। একদিন হাজিরি নাম-ভাক উপলক্ষো প্রিয়স্থার প্লেট্ছ বাঁচাবার ছতে মিথো কথা বলে কেলেছিল্ম। তিনি বললেন, অন্তচি হুছে, প্রায়ন্তিও কোরে। তিনি ছানতেও চাইতেন না করেছি কি না।

প্রায়: চার কি করেছিলে।

নিশ্চয়ই করেছিলুম।

व्यर्थार, त्यामात्र लाजेस्ट्रद्रत कोर्कोजे: के श्रियमधीरक मान करतिहरू ?

আমি কপ্রনে। পাউছর মাধি নে।

বশতে চাও, ভোমার ঐ মুখের রঙ ভোমার খাদ নিজেরই ?

মার যাই হোক তোমার কাছ থেকে ধার নিই নি, মিলিয়ে দেখলেই বুঝতে পারবে।

ছি, আমাকে নিয়ে ভোমার দৃষ্টিতে যদি ভেদবৃদ্ধি দেখা দেয় ভা হলে ভাতে দোষা-রোপ ঘটে। আমরা যে সবর্ণ— বর্ণভেদের জোকী। হাতের কাছে কবি থাকলে বলতেন, ভোমার গায়ের রঙ ফুটে বেরিয়েছে বন্ধার হাসি থেকে।

আর তোমার রঙ তার ঠাটার হাসি থেকে।

এ'কেই বলে অন্যোক্তরতি, মাচ্যল আাড্মিরেশন। পিতামহের হুই জাতের হাসি

আছে— একটা দস্তা, একটা মুৰ্বতা। আমাতে লেগেছে মুৰ্বত হাগি, ইংরেন্ধিতে ভাকে বলে উইট।

नानामनाय, निष्कत खन्गान তোমার मूर्य क्यरना वार्य ना।

সেইটেই আমার প্রধান গুণ। আপনাকে যারা জানে আমি সেই অসামাল্যের দলে।

মৃথ খুলে গেছে, কিন্তু আর নয়, এবার থামো। মাস্টারমশায়ের কথা হচ্ছিল,
এখন উঠে পড়ল তোমার নিজের কথা।

তাতে দোষ হয়েছে কী। বিষয়টা তো উপাদেয়, যাকে বলে ইন্টারেন্টিঙ।

বিষয়টা সর্বদাই রয়েছে সামনে। তাকে তো স্মরণ করবার দরকার হয় না। তাকে যে ভোলাই শক্ত।

আক্রা, তা হলে মান্টারের একটা বিশেষ পরিচয় দিই ভোমাকে। এটা টুকে রাখবার যোগা। একদিন সন্ধেবেলায় মান্টার জনকয়েক লোককে নেমন্তর করেছিল। খবরটা তার মনে আছে কি না জানবার জন্তে স্কাল-স্কাল গেলুম তার বাড়িতে। সেবক কানাইয়ের সঙ্গে তার যে আলোচনাটা চলছিল, বলি সে কথাটা। কানাই বললে, জগরাত্রাপুজার বাজারে গললা চিংড়ির দাম চড়ে গেছে, তাই এনেছি ছিমন্ড্রালা কাক্ডা।

মাণীর ইষং চিন্তিত হয়ে বলে, কাঁকড়া কী হবে।

**७** दनतन, नांडे नित्र त्यान, त्र त्याका इत्य ।

আমি বলন্ম, মাণ্টার, গল্দা চিংড়ির উপর ভোমার লোভ ছিল ?

भागीत रनल, हिन दह-कि।

তা হলে তো লোভ সম্বরণ করতে হবে।

তা কেন। লোভটা প্রস্ত হয়েই মাছে, তাকে শান্ত্ক'রে চালিয়ে দেব কাঁকড়ার লাইনে।

দেখভি, ভোমাকে বিশুর শাণ্ট করতে হয়।

মান্টার বললে, কাঁকড়ার ঝোল তো থেয়েছি অনেকবার, সম্পূর্ণ মন দিই নি।
এবার যথন দেধলুম কানাইয়ের ছিলে জল এসেছে, তথন তার সিক্ত রসনার নির্দেশে
থাবার সময় মনটা সুঁকে পৃড়বে কাঁকড়ার দিকে, রসটা পাব বেশি ক'রে। কাঁকড়ার
ঝোলটাকে ও যেন লাল পেন্সিলে আগুর্লাইন ক'রে দিলে; ওটাকে ভালো করে
মৃপস্থ করবার পক্ষে স্বিধে হল আমার।

মাস্টার জিগেস করলে, আঁঠি-বাঁধা ওটা কী এনেছিস। কানাই বসলে, সঞ্চনের ডাঁটা।

মান্টার সগর্বে আমার দিকে চেয়ে বললে, এই দেখে। মজা। ও বাজারে থাবার সময় আমার মনে ছিল লাউভগা। ও বাজার থেকে ফিরে এল, আমি পেয়ে গেলুম সঙ্গনের ভাঁটা। ছকুম না করবার এই স্থবিধে।

আনি বলল্ম, সভনের ভাঁটা না এনে ও যদি আনত চিচিলে?

মান্টার জবাব দিলেন, তা হলে কণকালের জন্তে ভাবনা করতে হত। নাম জিনিস্টার প্রভাব আছে। চিচিকে শক্ষটা লোভজনক নয়। কিন্তু, কানাই যদি ওটা বিশেষ ক'বে বাছাই করে আনত, তা হলে সংস্থার কাটাবার একটা উপলক্ষ হত। জীবনে সব-প্রথমে ভেবে দেগবার স্থযোগ হত 'দেখাই যাক-না'; হয়তো আবিহার করতুম, ওটা মন্দ চলে না। চিচিকে পদার্থটার বিক্তমে আন্ধ বিরাগ দূর হয়ে উপভোগ্যের সীমানা বেড়ে যেত। এমনি করেই কাব্যে কবিরা তো নিজের ফচিতে আমাদের কচির প্রসার বাড়িয়ে দিছে। স্প্রীকে আওবুলাইন করাই তালের কাজ।

ভোমার ফচির প্রশার বাড়াবার কাজে কানাইয়ের আরও এমন হাত আছে ?

আছে বই-কি। ও না থাকলে পিড়িং শাকে আমি কোনোদিন মনোযোগই দিতুম না। শক্ষ্যা আমাকে মারত ধাকা। সংসারে সংখ্যারম্ভিই তো অধিকারবাণিও।

গেই মহং কাজে আছে ভোমার কানাই।

তা মানতে হবে, ভাই। ওর ইচ্ছার যোগে আমার ইচ্ছার সংকীর্ণতা মুচে যায় প্রতিদিন। আমি একলা থাকলে এমনটা ঘটত না।

ব্রুলুম, কিন্তু কানাইয়ের ইচ্ছার সীমানাটা-

বাড়িয়েছি বই-কি। পূর্বকের লোক, কলাইছের ছালের নাম ভ্রনতে পারত না। আজকাল হিঙ দিয়ে কলাইয়ের ভাল ও গাচ্ছে বেশ।

এমন সময়ে কানাইয়ের পুন:প্রবেশ। বললে, একটা কথা বলতে ভূলে গেছি, আজ দইটা আনি নি। কবরেজমশায় বলেন, রাত্রে দইটা বারণ।

দইয়ের দাম চড়ে গেছে বললে বিঞ্জি হয়, এইজন্তে কবরেজমণায়কে পাড়তে হল। সাস্থনা দেবার জন্তে বললে, অল্প একটু আদার রস মিলিয়ে পাংলা চা বানিয়ে দেব, শীতের রাত্রে উপকার দেবে।

আমি ভিগেস করলেম, কী বল হে মাস্টার, আদা দিয়ে চা স্বাইকে খাওয়াবে নাকি। স্বাইকার কথা বলব কী করে। যারা খাবে তারা খাবে। ইতে পারে উপকার। যারা খাবে না তাদের অপকার হবে না।

আমি বললুম, মাণ্টার, চীন-দার্শনিকের উপদেশমতে তোমার গেরস্থালিতে মনিব নেই বুঝি ?

না ৷

তা হলে চাকরই বা আছে কেন।

মনিব না থাকলেই চাকর স্বতই থাকে না।

তোমার এথানে চাকরে মনিবে বেমালুম মিশিয়ে গিয়ে একট। যৌগিক প্রার্থ থাড়। হয়েছে বুঝি ?

মান্টার হেনে বললে, অক্সিজেন হাইড্রাজেনের দাহ্ন মেজাজ ঘুচে গিয়ে দোহে মিলে একেবারে জল।

আমি বলন্ম, যদি বিয়ে করতে ভারা, পাড়া চেড়ে চীনের দর্শন লৌড় দিত। থেকেও থাকবে না, গিল্লি এমন নিবিশেষ পদার্থ নয়। মৃথের উপর ঘোষটা টোনেও ভোমার সংসারে সে হত অভিশয় স্পান্ত। ভার রাজ্যে রাজহটা ভার কটাকে থেত দোলা; সুর্বাধাকা লাগাত, কথনো পিঠে, কথনো বুকে।

মান্টার বললে, তা হলে কর্তা রিউর্ন্ টিকিট না কিনেট লৌড় মারত ছেরাগাঁছি-থাঁছে, গিল্লিড্ মন্তর্গান করত ইন্টার্ন্ বেলল রেলের রান্থা বেছে বাপের বাড়িতে। মান্টার মাঝে মাঝে হাসির কথা বলে, কিন্তু হাসে না।

পুণ্দিদি বললে, আমাদের মান্টারমশায়কে নিয়ে যদি গল্পের পাল। বাধতে হয় কিরকম ক'রে বাধ।

তা হলে দশ লক্ষ বছর বাদ দিই।

ভার মানে, আজগুরি গল্প বানাতে, অপচ আভকের দিনের বিরুদ্ধ পক্ষের গাকীর শক্ষা থাকত না।

কোনো সাহিত্যওয়ালা কথনো সাক্ষীর ভার করে না। আসল কথা, আমার গল্পতি ছুটে উঠতে যুগান্তরের দরকার করবে। কেন, সেইটে বুঝিয়ে বলি— পৃথিবী-কৃষ্টির গোড়াকার মালমলল। ছিল পাথর লোহা প্রভৃতি মোটা মোটা ভারী ভারী ছিনিল। তারই ঢালাই পেটাই চলেছিল অনেককাল। কঠোরের বে-আক্রতা ছিল বহু যুগ ধ'রে। অবশেষে নরম মাটি পৃথিবীকে ভামল আন্তর্গে ঢাকা দিয়ে কৃষ্টিকভার যেন লক্ষা

রক্ষা করলে। তথন জীবজন্ত আদরে নামল তুপাকার হাড়মাংসের বোঝাই নিয়ে; মোটা মোটা বর্ম প'রে তারা ছলো পাঁচলো মোন অসভা লেজ টেনে টেনে বেড়াতে লাগল। তারা ছিল দর্শনধারী জীব। কিন্তু সেই মাংস্বাহীর দল স্প্রেক্তার পছন্দ্রস্থাইল না। আবার চলল বহু যুগ ধরে নিছুর পরীক্ষা। শেষকালে এল মনোবাহী মাহব। লেছের বাহুলা গেল ঘুচে, হাড়মাংস হল পরিমিত, কড়া চামড়াটা নরম হয়ে এল ছকে। না রইল শিঙ, না রইল ক্রুর, না রইল নথের জোর, চার পা এসে ঠেকল ছটিমাত্র পায়ে। বোঝা গেল, বিধাতা তার হাতিয়ার চালাচ্ছেন স্প্রের যুগটাকে ক্রমণ স্কুর করে আনবার জন্তে। স্থুলে স্ক্রের আছে মান্তুর। মনের সঙ্গে মাংসের চলেছে ঠেলাঠেলি, মারামারি। বিধাতা পুনশ্চ মাথা নাড়ছেন, উন্ত, হল না। লক্ষণ দেখা যাচ্ছে, এটাও টিকবে না; এ আপনিই আপনাকে নিকেশ করে দেবে আশ্চর্ম বৈজ্ঞানিক উপায়ে। যাবে ক্যেক লক্ষ বছর কেটে। মাংস পড়বে করে, মন উঠবে একেশ্বর হয়ে। সেই বিশ্বন্ধ মান্টারমশায় বসেছেন শ্রীব্রিক্ত ক্লাসে। মনে করে দেখো, তার শিক্ষা দেবার প্রণালী হচ্ছে ছাত্রদের মধ্যে নিজেকে নেলাতে থাকা মনের উপর মন বিছিয়ে, বাইরের বাগা নেই বললেই হয়।

यून द्वित योगान महे १

সেটা না থাকলে বৃদ্ধি মাত্রই হয়ে পড়ে বেকার। ভালো-মন্দ বোকা-বৃদ্ধিমানের ভেদ আছেই। চরিত্র আছে নানা রকমের। ভাবের বৈচিত্রা আছে, ইন্দ্রার স্বাভয়া আছে। এখন তিনিই ভালো মান্টার যিনি সেই অনেকের মধ্যে প্রবেশ করতে পারেন, শিক্ষা এখন অস্থরে অস্থরে।

দাদামশায়, ইমূলটা কোপায় আছে দেটা ঠিক মনে আনতে পারছি নে।

পৃথিবীতে তিনটে বাদা আছে— এক সমুত্রতলে, আর-এক ভূতলে, আর আছে আকাশে যেখানে স্থ হাওয়া আর স্কুতর আলো। এইখানটা আছ আছে খালি আগামী মূগের জন্তে।

তা হলে তোমার ক্লাস চলেছে সেই হাওয়ায় সেই আলোয়। কিন্তু, ছাত্রদের চেহারটো কিরকম।

ব্ৰিয়ে বলা শক্ত, তাদের আকার নিশ্চয়ই আছে, কিন্তু আকারের আধার নেই। তা হলে বাধ হচ্ছে নানা রঙের আলোয় তারা গড়া।

সেইটেই সম্ভব। তোমাদের বিজ্ঞান-মাণ্টার তো দেদিন বৃকিয়ে দিয়েছেন, বিশ্বজগতে কৃষ্ম আলোর কণাই বহুরূপী হয়ে সুল রূপের ভান করছে। শেদিন আলো আপন আদিম কৃষ্মরূপেই প্রকাশ পাবে। ক্লাগে তোমরা স্বাই আলো করে বসবে। সেদিন ওটিন-ম্বো-ওয়ালার। একেবারে দেউলে হয়ে গেছে।

দেউলে কেন, আলো হয়ে গেছে।

দেউলে হয়ে যাওয়ার মানেই তো আলো হয়ে যাওয়া।

আমি কোনু রঙের আলো হব, দাদামশায়।

সোনার রঙের।

আর তুমি ?

আমি একেবারে বিশ্বদ্ধ রেডিয়ম।

সেদিন আলোয় আলোয় লড়াই হবে না তো ? ইলেক্টন নিয়ে হবে না কি কাড়াকাড়ি।

ভাবনা ধরিষে দিলে। লীগ অফ লাইট্দ্এর বরকার হবে বোধ হচ্ছে। ইলেক্ট্র নিয়ে টানাটানির গুজব এগনি ভনতে পাচ্ছি।

ভালোই তো দানামশায়। বীররদের কবিতা তোমার ভাষায় উচ্ছব বর্ণে বনিত হবে। ঐ যা:, ভাষা থাকবে তো ?

শব্দের ভাষা নিছক ভাবের ভাষায় গিছে পৌছবে, ব্যাকরণ মুধ্ধ করতে হবে ন:।
আচ্ছা, গান ?

গান হবে রভের সংগত। বড়ো সহজ হবে না। তান বখন ঠিকরে পড়তে থাকবে, ঝলক মারবে আকাশের নিকে নিকে। তখনকার তানপেনর। নিগস্থে অরোরা বোরিয়ালিশ বানিয়ে দেবে।

আর, তোমার গছকাব্য কী হবে বলে; তো।

ভাতে লোহার ইলেক্ট্রও মিশবে, আবার গোনারও।

मिनकात मिनिया পছन्म कत्रव ना ।

আমার ভরস। আছে সেদিনকার আধুনিক নাংনির। মুশ্ব হয়ে যাবে।

তা হলে সেই আলোর মুলে তোমার নাংনি হয়েই জন্মাব। এবারকার মতো দেহ-ধারিণীর 'পরে বৈধ রক্ষা কোরো। এখন চললুম সিনেমায়।

किरमद भाग।

दिदारशैत्र वनवाम ।

## 78

পরদিন সকালবেলায় প্রাতরাশে আমার নির্দেশমত পুপেদিদি নিয়ে এল পাথরের পাত্তে ছোলাভিত্তে এবং গুড়। বর্তমান যুগে পুরাকালীন গৌড়ীয় বাছাবিধির রেনেসাঁস-প্রবর্তনে লেগেছি। দিদিমণি জিগেদ করলে, চা হবে কি।

আমি বলনুম, না, ধেজুর-রদ।

দিদি বললে, আজ তোমার মুখখানা অমন দেখছি কেন। কোনো খারাপ খপ্র দেখেছ নাকি।

আমি বলনুম, স্বপ্লের ছায়া তো মনের উপর দিয়ে যাওয়া-আনা করছেই— স্বপ্লও মিলিয়ে যায়, ছায়ারও চিহ্ন থাকে না। আজ তোমার ছেলেমাসুষির একটা কথা বারবার মনে পড়ছে, ইচ্ছে করছে বলি।

वटना-ना।

গেদিন লেখা বন্ধ ক'রে বারান্দায় বসে ছিলুম। তুনি ছিলে, স্কুমারও ছিল। সন্ধে ছয়ে এল, রাস্তার বাতি জালিয়ে গেল, আনি বশে বসে সভাযুগের কথা বানিয়ে বানিয়ে বলছিলুম।

বানিয়ে বলছিলে! তার মানে ওটাকে অগতাযুগ ক'রে তুলছিলে।

ওকে অসতা বলে না। যে রশ্মি বেগ্নির সীমা পেরিয়ে গেছে তাকে দেখা যায় না ব'লেই সে মিথো নয়, সেও আলো। ইতিহাসের সেই বেগ্নি-পেরোনো আলোতেই মান্থবের সভাষ্ণের স্ঠি। তাকে প্রাগৈতিহাসিক বলব না, সে আল্টাঐতিহাসিক।

আর ভোমার ব্যাখ্যা করতে হবে না। কী বলছিলে বলো।

আমি তোমাদের বদছিলুম, সত্যযুগে মাহ্য বই প'ড়ে শিখত না, থবর ভনে জানত না, তাদের জানা ছিল হয়ে-উঠে জানা।

কী মানে হল বুঝতে পারছি নে।

একটু মন দিয়ে শোনো বলি। বোধ হয় তোমার বিশাস তুমি আমাকে জান ? দুঢ় বিশাস।

জান, কিন্তু সে জানায় সাড়ে-পনেরো আনাই বাদ পড়ে গেছে। ইচ্ছে করলেই তুমি যদি ভিতরে ভিতরে আমি হয়ে যেতে পারতে তা হলেই তোমার জানাটা সম্পূর্ণ সত্য হ'ত।

তা হলে তুমি বলতে চাও আমরা কিছুই জানি নে ? ২৬া১৯ জানিই নে তো। স্বাই মিলে ধরে নিয়েছি যে জানি, সেই আপোষে ধরে নেওয়ার উপরেই আমাদের কারবার।

কারবার তো ভালোই চলছে।

চলছে, কিন্তু এ সভাষ্ণের চলা নয়। সেই কথাই ভোমাদের বলছিলুম— সভাষ্ণে মাহ্ব দেখার জানা জানত না, ছোঁওয়ার জানা জানত না, জানত একেবারে হওয়ার জানা।

মেরেদের মন প্রত্যক্ষকে আঁকড়ে থাকে; ভেবেছিলেম আমার কথাটা অভাস্ত অবান্তব ঠেকবে পূপ্র কাছে, ভালোই লাগবে না। দেখলুম একটু ঔংস্কা হয়েছে। বললে, বেশ মজা।

একটু উত্তেজিত হয়ে উঠেই বললে, আচ্ছা, দাদামশায়, আজকাল তো সায়ান্দে অনেক বৃদ্ধানি করছে; মরা মান্ধরের গান শোনাচ্ছে, দূরের মান্ধরের চেহারা দেখাচ্ছে, আবার শুনছি সিসেকে সোনা করছে— তেমনি একদিন হয়তো এমন একটা বিহাতের খেলা খেলাবে যে ইচ্ছে করলে একজন আর-একজনের মধ্যে মিলে যেতে পারবে।

অসম্ভব নয়। কিন্তু, তুমি তা হলে কী করবে। কিছুই লুকোতে পারবে না।
সর্বনাশ! সব মাহ্যব্যেই যে লুকোবার আছে অনেক।

লুকোনো আছে ব'লেই লুকোবার আছে। যদি কারও কিছুই লুকোনো না থাকত ভা হলে দেখা-বিন্তি খেলার মতো সবার সব জ্বনেই লোকব্যবহার হ'ত।

কিন্তু, লক্ষার কথা যে অনেক আছে।

লক্ষার কথা সকলেরই প্রকাশ হলে লক্ষার ধার চলে বেত।

আচ্ছা, আমার কথা কী বলতে যাচ্ছিলে তুমি।

দেদিন আমি তোমাকে ভিগেদ করেছিলুম, তুমি যদি সভাষ্গে জন্মাতে তবে আপনাকে কী হয়ে দেগতে ভোনার ইচ্ছে হত। তুমি ফদ্ ক'রে বলে ফেললে, কার্লি কেডাল।

পুপে মন্ত ক্ষাপা হয়ে বলে উঠল, কব্ধনো না। তুমি বানিয়ে বলচ।

আনার স্তাযুগটা আমার বানানো হতে পারে কিন্তু ভোমার মুখের কথাটা ভোমারই। ওটা ফদ্ করে আমি-ছেন বাচালও বানাতে পারতম না।

এর থেকে তুমি কি মনে করেছিলে আমি খুব বোকা।

এই মনে করেছিলুম যে, কাব্লি বেড়ালের উপর অভাত লোভ করেছিলে অথচ কাব্লি বেড়াল পাবার পথ ভোমার ছিল না, ভোমার বাবা বেড়াল স্কন্টাকে দেখতে পারতেন না। আমার মতে সতার্গে বেড়াল কিনতেও হ'ত না, পেতেও হ'ত না, ইচ্ছে করলেই বেড়াল হতে পারা যেত।

মাহ্য ছিলুম, বেড়াল হলুম— এতে কী স্থবিধেটা হল। তার চেয়ে যে বেড়াল কেনাও ভালো, না কিনতে পারলে না পাওয়া ভালো।

ঐ দেখো, সভাযুগের মহিমাটা মনে ধারণা করতে পারছ না। সভাযুগের পুপে আপনার সীমানা বাড়িয়ে দিত বেড়ালের মধ্যে। সীমানা লোপ করত না। তুমি তুমিও থাকতে, বেড়ালও হতে।

ভোমার এ-সব কথার কোনো মানে নেই।

সভাষ্ণের ভাষায় মানে আছে। সেদিন তো ভোনাদের অধ্যাপক প্রমধবাব্র কাছে ভনেছিলে, আলোকের অধুপরমাণু বৃষ্টির মতো কণাবর্ধণও বটে আবার নদীর মতো তরক্ধারাও বটে। আমাদের সাধারণ বৃদ্ধিতে বৃদ্ধি, হয় এটা নয় ওটা; কিন্তু বিজ্ঞানের বৃদ্ধিতে একই কালে ছটোকেই মেনে নেয়। তেমনি একই কালে তৃমি পুণ্ও বটে, বেড়ালও বটে— এটা সভাষ্ণের কথা।

দাদামশায়, যতই তোমার বয়প এগিয়ে চলছে ততই তোমার কথাওলো অবোধ্য হয়ে উঠছে, জোমার কবিতারই মতো।

অংশেষে সম্পূর্ণ নীরব হয়ে যাব তারই পূর্বলকণ।

মেদিনকার কথাটা কি ঐ কাবুলি বেড়ালের পরে আর এগোল না।

এগিয়েছিল। স্থার এক কোণে বসে ছিল, সে খপ্লে কথা বলার মতো ব'লে উঠল, আমার ইচ্ছে করে শালগাছ হয়ে দেখতে।

স্কুমারকে উপহসিত করবার স্ব্যোগ পেলে তুমি থুলি হতে। ও শালগাছ হতে চায় খনে তুমি তে। হেগে অস্থির। ও চমকে উঠল লক্ষায়। কাচ্ছেই ও বেচারির পক্ষ নিয়ে আমি বললেয— দক্ষিণের হাওয়া দিল কোথা থেকে, গাছটার ভাল ছেয়ে গেল দূলে, ওর মজ্জার ভিতর দিয়ে কী মায়ামস্থের অদৃষ্ঠ প্রবাহ বয়ে যায় যাতে ঐ রূপের গদ্ধের ভোজবাজি চলতে থাকে। ভিতরের থেকে সেই আবেগটা জানতে ইচ্ছা করে বই-কি! গাছ না হতে পারলে বসস্তে গাছের সেই অপরিমিত রোমাঞ্চ অম্বত্ত করব কীক'রে।

আমার কথা শুনে স্কুমার উৎসাহিত হয়ে উঠল; বললে, আমার শোবার ঘরের জানলা থেকে যে শালগাছটা দেখা যায়, বিছানায় শুয়ে শুয়ে তার মাথাটা আমি দেখতে পাই; মনে হয়, ও স্থা দেখছে। শালগাছ স্বপ্ন দেখছে শুনে বোধ হয় বলতে যাচ্ছিলে, কী বোকার মতো কথা। বাধা দিয়ে ব'লে উঠলুম, শালগাছের সমস্ত জীবনটাই স্বপ্ন। ও স্বপ্নে চলে এলেছে বীজের থেকে অন্তুরে, অন্তুর থেকে গাছে। পাতাগুলোই তো ওর স্বপ্নে-কওয়া কথা।

স্কুমারকে বলন্ম, গেদিন যথন সকালবেলায় ঘন মেঘ ক'রে বৃষ্টি হচ্ছিল আমি দেখলুম, তুমি উত্তরের বারান্দায় রেলিঙ ধ'রে চুপ করে দাঁড়িয়েছিলে। কী ভাবছিলে বলো দেখি।


স্কুমার বললে, জানি নে তো কী ভাবছিলুম।

আমি বলনুম, সেই না-জানা ভাবনায় ভ'রে গিয়েছিল ভোমার সমস্ত মন মেছে-ভরা আকাশের মতো। সেইরকম গাছগুলো যে স্থির হয়ে পাড়িয়ে থাকে, ওদের মধ্যে যেন একটা না-জানা ভাব আছে। সেই ভাবনাই বর্ষায় মেছের ছায়ায় নিবিড় হয়, শীতের স্কালের রৌল্লে উজ্জ্বল হয়ে ওঠে। সেই না-জানা ভাবনার ভাষায় কিচ পাভায় ওদের ভালে ভালে বকুনি জাগে, গান ওঠে ফুলের ময়্থ্রিতে।

আজও মনে পড়ে ইকুমারের চোব হুটো কিরকম এতথানি হয়ে উঠল। সে বললে, আমি যদি গাছ হতে পারতুম তা হলে সেই বকুনি সির্সির্ করে আমার সমস্ত গা বেয়ে উঠত আকাশের মেঘের দিকে।

তুমি দেখলে স্কুমার আগরটা দখল করে নিচ্ছে। ওকে নেপথো সরিছে তুমি এলে সামনে। কথা পাড়লে, আচ্ছা, দাদামশায়, এখন যদি সভাযুগ আসে তুমি কী হতে চাও।

তোমার বিশাস ছিল, আমি মাাদ্টোডন কিম্বা মেগাপেরিয়ম হতে চাইব—
কেননা, জীব-ইভিহাসের প্রথম অধ্যায়ের প্রাণীদের সম্বন্ধ তোমার সঙ্গে এর কিছুদিন
আগেই আলোচনা করেছি। তথন তব্ধ- পৃথিবীর হাড় ছিল কাঁচা, পাকা রকম ক'রে
জমাট হয়ে ওঠে নি তার মহাদেশ, গাছপালাগুলোর চেহারা ছিল বিশ্বকর্তার প্রথম
ত্লির টানের। সেইদিনকার আদিম অরণ্যে সেইদিনকার অনিশ্চিত শীতগ্রীমের
অধিকারে এই-সব ভীমকার অভ্তলোর জীববাত্রা চলছে কিরকম করে তা স্পট্টরূপে
কল্পনা করতে পারছে না আচকের দিনের মাহুল, এই কথাটা ভোমার শোনা ছিল
আমার মূখে। পৃথিবীতে প্রাণের প্রথম অভিযানের সেই মহাকাব্য-যুগটাকে স্পট্ট ক'রে
জানবার ব্যাক্লভা তৃমি আমার কথা থেকে বৃষ্ণতে পেরেছিলে। ভাই আমি যদি
হঠাং ব'লে উঠতুম 'সেকালের রোঁয়াওয়ালা চার-দাত-ওল্লা হাতি হওলা আমার
ইচ্ছে', তা হলে তৃমি খুলি হতে। তোমার কাবৃলি বেড়াল হওলার খেকে এই
ইচ্ছে বেলি দ্রে পড়ত না, আমাকে তোমার দলে পেতে। হয়তো আমার মুখে



ঐ ইচ্ছেটাই বাক্ত হ'ত। কিন্তু, স্কুমারের কথাটা আমার মনকে টেনে নিয়েছিল অক্ত দিকে।

পূপে বলে উঠল, জানি, জানি, স্কুমারদা'র সক্ষেই তোমার মনের মিল ছিল বেশি।
আমি বলন্ম, তার একমাত্র কারণ, ও ছিল ছেলে, আমিও ছেলে হয়েই জরোছিল্ম
একদিন। ওর ভাবনার ছাঁচ ছিল আমারই শিশু ভাবনার ছাঁচে। তুমি সেদিন
ভোমার খেলার হাঁড়িকুঁড়ি নিয়ে ভাবী গৃহস্থালির যে স্বপ্রলোক বানিয়ে তুলে খুশি হতে
সেটা দেখতে পেতুম একটু তফাত থেকে। তুমি ভোমার খেলার খোকাকে
কোলে ক'রে যখন নাচাতে, তার স্বেহের রসটা ষোলো আনা পাবার সাধ্য আমার
ছিল না।

भूभू वनान, आच्छा, तम कथा थाक्, तमिन पूमि की हरा डेटाइ कर्राहान दाना।

আমি হতে চেয়েছিল্ম একথানা দৃশ্য অনেকথানি জায়গা জুড়ে। সকালবেলার প্রথম প্রহর, মাঘের শেষে হাওয়া হয়েছে উতলা, পুরোনো অশ্বগাছটা চঞ্চল হয়ে উঠেছে ছেলেমায়্যের মতো, নদীর জলে উঠেছে কলরব, উচ্নিচু চায়য় ঝাপ্সা দেখাছে দলবাধা গাছ। সমস্কটার পিছনে খোলা আকাশ; সেই আকাশে একটা মনুরতা, মনে হছে যেন অনেক দ্রের ও-পার থেকে একটা ঘন্টার ধ্বনি কাণ্ডম হয়ে গেছে বাতাদে, যেন রোদ্ররে নিশিয়ে দিয়েছে তার কথাটাকে: বেলা য়য়।

তোমার মৃথ দেখে স্পষ্ট বোঝা গেল, একগান। গাছ হওয়ার চেয়ে নদী বন আকাশ নিয়ে একগানা সমগ্র ভূদৃত্ব হয়ে যাওয়ার কল্পনা ভোমার কাছে অনেক বেশি স্কটিভাড়া বোধ হল।

স্কুমার বললে, গাছপাল। নদী স্বটার উপতে তুমি ছড়িয়ে মিলিয়ে গেছ মনে করতে আমার ভারি মজা লাগছে। আছো, সতাযুগ কি কোনোদিন আসবে।

বতদিন না আসে ততদিন ছবি আছে, কবিতা আছে। আপনাকে ভূলে গিয়ে আর-কিছু হয়ে যাবার ঐ একটা বড়ো রাস্থা।

श्क्रमात वनान, जूमि यहे। वनान अहे। कि हविएड आँक्ह।

हा, औरक्छि।

আমিও একটা আঁকব।

স্কুমারের স্পর্ধার কথা ওনে তৃমি বলে উঠলে, পারবে না কি তৃমি আঁকতে।

আমি বলনুম, ঠিক পারবে। আঁকা হয়ে গেলে ভাই, ভোষারটা আমি নেব, আমারটা ভোষাকে দেব।

সেদিন এই পর্যন্ত হল আমাদের আলাপ।

এইবার আমাদের সেদিনকার আসহের শেষ কথাটা ব'লে নিই। তুমি চলে গেলে ভোমার পায়রাকে ধান খাওয়াতে। স্কুমার তথনো বসে বসে কী ভাবতে লাগল। আমি তাকে বলল্ম, তুমি কী ভাবছ বলব?

ফুকুমার বললে, বলো দেখি।

তুমি ভেবে দেখছ, আরও কী হয়ে বেতে পারলে ভালো হয়— হয়তো প্রথম-মেঘ-করা আমাঢ়ের রুষ্ট-ভেন্ধা আকাশ, হয়তো পুজোর ছুটিতে ঘরমুগো পাল-ভোলা পালিনৌকোধানি। এই উপসক্ষা আমি ভোমাকে আমার জীবনের একটা কথা বলি। তুনি জান ধীককে আনি কড ভালোবাসতুম। হঠাং টেলিগ্রামে ববর পেলুন ভার টাইফারেড, সেই বিকেলেই চলে গেলুম মৃশিগত্তে তাদের বাড়িতে। সাত দিন, যাত রাভ কটিল। দেদিন ছিল অভ্যন্ত গ্রম, রৌভ প্রথর। দূরে একটা কুকুর করুণ यदा बार्डमान कदा डेंग्रेडिन ; स्टान यन शात्राण हत्य यात्र । दित्करन द्याप लाए बागरह, পশ্চিম দিক থেকে ভূমুরগাছের ছায়া পড়েছে বারান্দার উপরে। পাড়ার গ্রনানি এনে জিগেদ করলে, ভোমাদের পোকাবারু কেমন মাছে গা। আমি বলনুম, মাথার কট্ট, গা-মানা আত্র কমেছে। যারা দেবা করছিল তারা আত্র কেউ কেউ ছুটি নেবার यवकान (लाता । कुक्रन कारकांत्र स्थित (नाटन विदिश्य अटन किम् किम् क'रत की भरामर्न कत्राल ; तूक्रालय, व्यानात लक्ष्म नय। इशक्त वाल दहेल्य ; मान इल, की हार्त ন্তনে। সায়াহ্দের ছায়া ঘনিয়ে এল। দেখা গেল সামনের মহানিমগাছের মাথার উপরে সন্ধাতারা দেখা দিয়েছে। দূরের রান্তায় পাট-বোঝাই গোরুর গাড়ির শব্দ আর শোনা ধায় না। সমস্ত আকাশটা যেন ঝিম্ঝিম্ করছে। কা জানি কেন মনে মনে বলছি, পশ্চিম-আকাশ থেকে ঐ আসছে রাত্তিরপিণী শাস্তি, স্মিয়, কালো, ন্তর। প্রতিদিনই তো আসে কিন্তু আছ এদ বিশেষ একটি মৃতি,নিয়ে, স্পর্ণ নিয়ে। চোধ বুজে সেই ধীরে-চলে-আসা রাত্রির আবিভাব আমার সমস্ত অককে মনকে ধেন আবৃত क्दर मिरन। यस यस वनन्य, अर्गा नान्धि, अर्गा ताजि, जूमि जामात निमि, जामात অনাদি কালের দিদি। দিন-অবসানের দরজার কাছে দাঁড়িয়ে টেনে নাও ভোষার বুকের কাছে আমার ধীকভাইকে; তার সকল আলা যাক কুড়িয়ে একেবারে।— হই পহর পেরিয়ে গেল; একটা কালার ধ্বনি উঠল রোগীর শিমবের কাছ থেকে; নিশুর

রান্তা বেয়ে গেল চলে ভাক্তারের গাড়ি তার ঘরে ফিরে। সেদিন আমার সমন্ত-মন-ভরা একটি রাত্রির রূপ দেখেছি; আমি তাতে আচ্ছন্ন হয়ে গিয়েছিলুম, পৃথিবী যেমন তার স্বাত্যা মিলিয়ে দেয় নিশীথের ধ্যানাবরণে।

কী জানি স্কুমারের কী মনে হল; সে অধীর হয়ে বলে উঠল, আমাকে কিন্তু তোমার ঐ দিদি অন্ধনারের ভিতর দিয়ে অমন চুপিচুপি নিয়ে যাবে না। পুজাের ছুটির দিনে বেদিন সকালে দশটা বাজবে, কাউকে ইস্কুলে যেতে হবে না, ছেলেরা স্বাই বেদিন গেছে রথতলার মাঠে ব্যাট্বল থেলতে, সেইদিন আমি খেলার মতে। করেই হঠাং মিলিয়ে যাব আকাশে ছুটির দিনের রোদ্ররে।

उत्न आमि চूপ करत तहेन्य ; किছू वनन्य मा।

পুপেদিদি বললে, কাল থেকে স্কুমারদা'র কথা তুমি প্রায়ই বলছ। তার মধ্যে আমার উপরে একট্থানি থোঁচা থাকে। তুমি কি মনে কর তোমার ভালোবাগার অংশ নিয়ে স্কুমারদা'র সঙ্গে আমার ছেলেবেলাকার যে ঝগড়া ছিল দেটা এখনও আছে।

হয়তো একটুখানি আছে বা। দেইটেকে একেবারে ক্ষইয়ে দেব বলুেই বারবার তার কথা তুলি। আরও একটুখানি কারণ আছে।

কী কারণ বলোই-না।

কিছুদিন আগে স্কুমারের বাবা ডাক্তার নিতাই এসেছিলেন আমার কাছে বিদায় নিতে।

কেন, বিদায় নিতে কেন।

তোমাকে বলব মনে করেছিলুম, বলা হয় নি। আজ বলি। নিতাই চাইলে স্কুমার আইন পড়ে, স্কুমার চাইলে সে ছবি আঁকা শেখে নন্দলালবাবুর কাছে। নিতাই বললে, ছবি আঁকা বিভেন্ন আঙুল চলে, পেট চলে না।

स्क्यांत वनान, व्यामात्र हितत थिएन एक ल्याटित थिएन एक विनि नम ।

নিতাই কিছু কড়া করে বললে, সে কথাটা তোমার প্রমাণ ক'রে দেবার দরকার হয় নি, পেট সহছেই চলে যাছে ।

কথাটা বিশ্রী লাগল তার মনে, কিন্ত হেলে বললে, কথাটা সন্ত্যি— এর প্রমাণ দেশ্যা উচিত। বাবা ভাবলে, এইবার ছেলে আইন পড়তে বসবে। স্থকুমারের বরিশালের মাতামহ থেপা গোছের মাহ্রব; স্থকুমারের বভাবটা তাঁরই ছাঁচের, চেহারারও সাদৃশু আছে। ত্রনের 'পরে ত্রনের ভালোবাসা পরম বন্ধুর মতো। পরামর্শ হল ত্রনে মিলে; স্থকুমার টাকা পেল কিছু, কখন চলে গেল বিলেতে কেউ জানে না। বাবাকে চিঠি লিখে গেল, আপনি চান না আমি ছবি আঁকা শিখি, শিখব না। আপনি চান অর্থকরী বিদ্যা আয়ন্ত করব, তাই করতে চললুম। যখন সমাপ্ত হবে প্রশাম করতে আসব, আশীর্বাদ করবেন।

কোন্ বিছে শিখতে গেল কাউকে বলে নি। একটা ভায়ারি পাওয়া গেল তার ভেম্বে। তার থেকে বোঝা গেল, সে যুরোপে গেছে উড়ো জাহাজের মাঝিগিরি শিখতে। তার শেষ দিকটা কপি করে এনেছি। ও লিখছে—

মনে আছে, একদিন আমার ছত্রপতি পক্ষীরাচ্ছে চড়ে পুপুদিদিকে চন্দ্রলোক থেকে উদ্ধার করতে ঘাত্রা করেছিলুম স্বামাদের ছাদের এক ধার থেকে আর-এক ধারে। এবার চলেছি কলের পক্ষীরাজকে বাগ মানাতে। মুরোপে চক্রলোকে ঘাবার আয়োজন চলেছে। যদি স্থবিধা পাই যাত্রীর দলে আমিও নান লেখাব। স্থাপাতত পৃথিবীর আকাশ-প্রদক্ষিণে হাত পাকিয়ে নিতে চাই। একদিন আমি ভার দাদামশায়ের रनशारमिथ ए छवि अँक छित्रुम, स्मरथ भूभूमिमि एर्टिस । स्मरे मिन थ्येटक मन वछत्र পরে ছবি আঁকা অভ্যাস করেছি, কাউকে দেখাই নি। এখনকার আঁকা চুখানা ছবি রেপে গেলুম পুপের দাদামশায়ের জ্বন্তে। একটা ছবি জ্বল-স্বল-আকাশের একতান সংগত নিয়ে, আর-একটা আমার বরিশালের দাদামশায়ের। পুপের দাদামশায় ছবি হুটো দেখিয়ে পুপেদিদির দেদিনকার হাসি যদি ফিরিয়ে নিতে পারেন তো ভালোই, নইলে যেন ছি ড়ে ফেলেন। আমার এবারকার যাত্তায় চন্দ্রলোকের মাঝপথেই পক্ষীরান্ধের পাথা ভাঙা অসম্ভব নয়। যদি ভাঙে তবে এক নিমেবে সত্যলোকে পৌছব, হুর্য-প্রদক্ষিণের পথে একেবারে মিলে যাব পৃথিবীর সঙ্গে। यদি বেঁচে থাকি, আকাশের थिया-भात्राभारत यनि तेनभुग घटि, जा इत्न अक्निन भुभुनिनित्क नित्य मुख्नभाष भाष्ठि मिरा जानव, मरन এই हेल्क बहेन। नुजाबुर्ता र्वांश इस हेल्क जांत्र घर्षेना अकहे हिन। एडो क्यर शानरशार्त हेटक्करकडे चर्चना व'रन श्रंत निर्छ। कालारना थरक अकारत আকাশের দিকে তাকিয়ে থাকাই আমার অভ্যাস। ঐ আকাশটা পৃথিবীর দক্ষ দক यूराव काछि काछि हेटक मिर्य भूष । এই विनीयमान हेटक अला विषरहें कान् कांट्य नार्श की बानि। राष्ट्रांक উচ্চ बामात नीर्धनियार उर्शातिक रेटक्शांता राहे আকাশেই যে আকাশে আৰু আমি উছতে চলেছি।

#### রবীন্দ্র-রচনাবলী

পূপ্দিদি বাাকুল হয়ে উঠে জিগেল করলে, স্কুমারদা'র এখনকার ধবর কী। আমি বলল্ম, সেইটেই পাওয়া যাচ্ছে না বলেই তার বাবা বিলেতে লন্ধান করতে চলেছেন।

বিবর্ণ হয়ে গেল দিদির মৃথ। আত্তে আত্তে উঠে ঘরে দরজা বন্ধ করে দিলে। আমি জানি, স্কুমারের আঁকা সেই ছেলেমাস্থবি পুপুদিদি আপন ভেম্বে লুকিয়ে রেখেছে।

আমি চশমাটা মুছে ফেলে চলে গেল্ম স্কুমারদের বাড়ির ছাদে। সেই ভাঙা ছাতাটা সেখানে নেই, নেই সেই আতসবাজির আধপোড়া কাঠি।

# গল্পসল্প



রবীক্রনাথ ও হৌছিত্রী নশিতা

#### নন্দিতাকে

শেষ পারানির খেয়ায় তৃমি
দিনশেষের নেয়ে
অনেক জানার থেকে এলে
নৃতন-জানা মেয়ে।
ফেরাবে মৃথ যাবে যথন
ঘাটের পারে আনি,
হয়তো হাতে দিয়ে যাবে
রাতের প্রদীপথানি।

३२ गार्ड ३२८३

আমারে পড়েছে আজ ভাক,
কথা কিছু বলতেই হবে।
বিশ্রাম করা পড়ে থাক্,
পার যদি মন দাও ভবে।
ফিদ্ফিদ্ কর যদি ব'দে
খস্থদ্ নেজেতে পা ঘ'কে—
অভ্যাস হয়ে গেছে এ ব্যাঘাত যত,
ধেন কিছু হয় নাই থাকি এইমতো।
গন্তীর হয়ে করি প্রফেটের ভান;
ভবে যে ঘুমিয়ে পড়ে সে বুদ্ধিমান।

আমাদের কাল থেকে ভাই,

এ কালটা আছে বহু দ্রে—
মোটা মোটা কথাগুলো ভাই

ব'লে পাকি খুব মোটা ক্রের
পিছনেতে লাগে নাকো ফেউ

বৃদ্ধের প্রতি সম্মানে,
মারতে আদে না ছুটে কেউ

কথা যদি নাও লয় কানে।
বিধাতা পরিয়ে দিল আজ

নারদম্নির এই সাজ।
ভাই তো নিয়েছি কাজ উপদেষ্টার;
এ কাজটা স্বচেয়ে কম চেষ্টার।

তবে শোনো— মন্দ সে মন্দই,
হোক-না সে গুপিনাথ, হোক-না সে নন্দই।
আর শোনো— ভালো যে সে ভালো,
চোধ তার কটা হোক, হোক বা সে কালো
আর বা বললেম দেখো তাই ভেবে,
পাছে ভূলে যাও তাই নোট লিখে নেবে।
যদি বল, পুরাতন এই কথাগুলো—
আমিও যে পুরাতন সেটা নাহি ভূলো।

৮ মার্চ ১৯৪০



## গল্পসন্ন

## বিজ্ঞানী

দাদামশায়, নীলমণিবাবুকে ভোমার এত কেন ভালো লাগে আমি ভো বুঝতে পারি নে।

এই প্রশ্নটা পৃথিবীর সবচেয়ে শক্ত প্রশ্ন, এর ঠিক উত্তর কজন লোকে দিতে পারে।
তোমার হেঁয়ালি রাখো। অমন এলোমেলো আল্থালু অগোছালো লোককে
মেফেরা দেখতে পারে না।

ওটা তো হল গার্টিফিকেট, অর্থাৎ লোকটা থাটি পুরুষমাত্ময়।

ক্তান না জুমি, উনি কথায় কথায় কী রকম হলুসুল বাধিয়ে তোলেন। হাতের কাছে যেটা আছে সেটা ওঁর হাতেই ঠেকে না। সেটা উনি খুঁজে বেড়ান পাড়ায় পাড়ায়।

ভক্তি হচ্ছে ভো লোকটার উপরে।

क्ति अभि।

হাতের কাছের জিনিসটাই বে স্বচেয়ে দূরের সে কজন লোক জানে, অ্থচ নিশ্চিম্ব হয়ে থাকে।

धकरो मुहोस एमचा समि।

যেখন তুমি।

আমাকে তুমি খুঁছে পাও নি বুঝি?

খুঁছে পেলে বে রস মারা বেড, বত খুঁছছি তত অবাক হচ্ছি।

আবার তোমার হেঁয়ালি।

উপায় নেই। দিদি, আমার কাছে আত্তও তুমি গছক নও, নিত্যি নৃতন।

কুসমি দাদামলায়ের গলা অভিয়ে বললে, দাদামলায় এটা কিন্তু লোনাচ্ছে ভালো। কিন্তু, ও কথা থাক্। নীল্বাব্র বাড়িতে কাল কী রকম হল্মুল বেধেছিল সে ধবরটা বিধুমামার কাছে লোনো-না।

को ला याया, को इरम्रहिन इनि ।

অঙ্ত — বিধুমামা বললেন, পাড়ায় রব উঠল নীলুবাবুর কলমটা পাওয়া থাচ্ছে না ; থোঁজ পড়ে গেল মশারির চালে পর্বস্ত । ডেকে পাঠালে পাড়ার মাধুবাবুকে ।

वनतन, अदर्मार्, व्यामात कनमठी ?

याध्याव् रमटमन, सानटम थरत मिजूय।

ধোবাকে তাক পড়ল, তাক পড়ল হাক নাপিতকে। বাড়িম্ম স্বাই যখন হাল ছেড়ে দিয়েছে তথন তার ভাগ্নে এসে বললে, কলম যে তোমার কানেই আছে গৌজা।

যথন কোনো সন্দেহ রইল না তখন ভাষের গালে এক চড় মেরে বললে, বোকা কোথাকার, যে কল্মটা পাওয়া যাচ্ছে না সেটাই খুঁছছি।

রাল্লাহর থেকে স্থী এল বেরিয়ে; বললে, বাড়ি মাধায় করেছ যে।

नीन् वनतन, य कनमें हारे ठिक तर कनमें। शूंद्ध शास्त्रिना।

বউদি বললে, যেটা পেয়েছ দেই দিয়েই কান্ধ চালিয়ে নেও, যেটা পাও নি সেটা কোথাও পাবে না।

नीन् रनल, षष्ठा रमणे भाष्या स्टब्स भारत क्ष्रान्द साकातः। वडेनि रनल, ना भा, साकातः स्मान त्मल ना।

नीन् वनल, ठा शल मिंग চूति गिरहरू।

ভোমার সব ছিনিসই তো চুরি গিয়েছে, যখন চোপে পাও না দেখতে। এখন চুপচাপ ক'রে এই কলম নিয়েই লেখো, আমাকেও কাত্র করতে দাও। পাড়াহুছ অন্থির করে তুলেছ।

সামান্ত একটা কলম পাব না কেন ভনি।

বিনি পয়সায় মেলে না ব'লে।

দেব টাকা— ওরে ভূতো।

আড্রে-

**ढोकात थिनडें। य शृंदक शांक्टि ना ।** 

ভূতো বললে, সেটা যে ছিল আপনার জামার পকেটে।

তাই নাকি।

পকেট খুঁজে দেখলে থলি আছে, পলিতে টাকা নেই। টাকা কোথায় গেল।

খুঁজতে বেরোল টাকা। ভেকে পাঠালে পোবাকে।

আমার পকেটের ধলি থেকে টাকা গেল কোথায়।

शांवा वगरन, वामि की बानि। ও बामा वामि कांति नि।

ড়াকল ওসমান দক্রিকে।

আমার ধলি থেকে টাকা গেল কোথায়।

ওস্মান রেগে উঠে বদলে, আছে আপনার লোহার সিন্দুকে।

कामारेवाफि (शदक श्री फिर्त्र अरम वनतन, श्राह की।

নীলমণি বললে, বাড়িতে ভাকাত পুষেছি। পকেট থেকে টাকা নিয়ে গেছে।

স্থী বললে, হায় রে কপাল— দেদিন যে বাড়িওয়ালাকে বাড়িভাড়া শোধ করে দিলে ৩৫ ুটাকা।

তাই নাকি। বাড়িওয়ালা যে বাড়ি ছাড়বার ক্ষ্ম আমাকে নোটিশ পাঠিয়েছিল। ভূমি ভাড়া শোধ করে দিয়েছিলে তার পরেই।

গে কী কথা। আমি যে বাহুড়বাগানে নিমটাদ হালদারের কাছে গিয়ে তার বাড়ি ভাড়া নিয়েছি।

স্ত্রী বললে, বাহুড়বাগান, সে আবার কোন চলোয়।

নীলমণি বললে, রোসো, ভেবে দেখি। সে যে কোন্ গলিতে কোন্ নম্বরে তা তো মনে পড়ছে না। কিন্তু লোকটিয় সঙ্গে লেখাপড়া ছয়ে গেছে— দেড় বছরের জন্ত ভাড়া নিতে ছবে।

স্ত্রী বললে, বেশ করেছ, এখন ছটে। বাড়ির ভাড়া শামলাবে কে।

নীলমণি বললে, সেটা তো ভাবনার কথা নয়। আমি ভাবছি, কোন্ নম্বর, কোন্ গলি। আমার নোট্রুকে বাহুড়বাগানের বাসা লেখা আছে। কিন্তু, মনে পড়ছে না, গলিটার নম্বর লেখা আছে কি না।

তা, ভোমার নোটবইটা বের করো-না।

मुनक्नि हरश्रह ख, जिन निन श्रत नार्वे वहेरी शुंख शास्त्रि ना ।

ভাগ্নে বললে, নামা, মনে নেই? সেটা যে তুমি দিদিকে দিয়েছিলে স্থলের কপি লিখতে।

তোর দিদি কোথায় গেল।

তিনি তো গেছেন এলাহাবাদে মেলোমশায়ের বাড়িতে।

মুশকিলে ফেললি দেখছি। এখন কোথায় খুঁজে পাই, কোন্ গলি, কোন্ নম্ম ।

এমন সময়ে একে পড়ল নিমটাদ হালদারের কেরানি। সে বললে, বাহুড়বাগানের বাড়ির ভাড়া চাইতে এসেছি।

কোন্ বাড়ি।

ग्रहे रव ১० नषत निवृ गयाचारतत गनि ।

বাঁচা গেল, বাঁচা গেল। ভনছ, গিল্লি ? ১৩ নম্বর শিবু সমান্দারের গলি। আর ভাবনা নেই।

শুনে আমার মাধামূপু হবে কী। একটা ঠিকানা পাওয়া গেল।

সে তো পাওয়া গেল। এখন হুটো বাড়ির ডাড়া সামলাবে কেমন করে।

त्म कथा भरत हत्त । किन्त, वाफ़ित नम्बत ३०, शनित नाम नित् ममानारतत शनि ।

কেরানির হাত ধরে বললে, ভাষা, বাঁচালে আমাকে। তোমার নাম কী বলো, আমি নোটবইয়ে লিখে রাখি।

পকেট চাপড়ে বললে, ঐ ধা। নোটবই আছে এলাহাবাদে। মৃথস্থ করে রাধব— ১৩ নম্বর, শিবু সমাদারের গলি।

কুশমি বললে, এই কলম হারানো ব্যাপারটা তো সামাক্ত কথা। বেদিন ওঁর একপাটি চটিজুতো পাওয়া বাচ্ছিল না, দেদিন নীলমণিবাব্র ঘরে কী ধুদ্ধুমারই বেধে গিয়েছিল। ওঁর স্থা পণ করলেন, তিনি বাপের বাড়ি চলে যাবেন। চাকর-বংকররা একজোট হয়ে বললে, যদি একপাটি চটিজুতো নিয়ে ভাদের সন্দেহ করা হয় তবে ভারা কাজে ইস্তফা দেবে— ভার উপরে সে চটিতে তিন ভালি দেওয়া।

আমি বলনুম, থবরটা আমারও কানে এসেছিল; দেখলেম ব্যাপারটা গুৰুতর হয়ে পাড়িয়েছে। গেলুম নীলুর বাড়িতে। বলনুম, ভাষা, তোমার চটি হারিগ্রেছে?

সে বললে, দাদা, হারায় নি, চুরি গিয়েছে, আমি তার প্রমাণ দিতে পারি।

প্রমাণের কথা তুলভেই আমি ভর পেরে গেলুম। লোকটা বৈজ্ঞানিক; একটা তুটো তিনটে ক'রে বগন প্রমাণ বের করতে থাকবে আমার নাওয়া-খাওয়া যাবে যুচে। আমাকে বলতে হল, নিশ্চর চুরি গিরেছে। কিন্তু এমন আশ্চর্য চোরের আড্ডা কোধায় বে একপাটি চটি চুরি করে বেড়ার, আমার জানতে ইচ্ছে করে।

নীলু বললে, ওইটেই হচ্ছে তর্কের বিষয়। এর থেকে প্রমাণ হয় দে, চামড়ার বাজার চড়ে গিয়েছে।

আমি দেখলুম, এর উপরে আর কথা চলবে না। বলদুম, নীলুভাই, তুমি আসল কথাট ধরতে পেরেছ। আজকালকার দিনে সবই বাজার নিয়ে। তাই আমি দেখেছি, মলিকদের দেউড়িতে পাঁচ-সাত দিন অস্তর মূচি আসে দরোৱানজির নাগরা ফুডোয় স্থকতলা বসাবার ভান ক'রে। তার দৃষ্টি রান্তার লোকদের পায়ের দিকে।
তথনকার মতো তাকে আমি ঠাণ্ডা করেছিনুম। তার পরে সেই চটি বেরোল
বিছানার নীচে থেকে। নীলুর পেয়ারের কুফুর সেটা নিয়ে আনন্দে ছেঁড়াছেঁড়ি করেছে।
নীলুর স্বচেয়ে ছংখ হল এই চটির সন্ধান পেয়ে, তার প্রমাণ গেল মারা।

কুশনি বললে, আচ্ছা, দাদামশার, মাহ্রর এতরড়ো বোকা হয় কী ক'রে। আনি বলল্ম, অমন কথা বোলো না দিদি, অঙ্গান্ত্রে ও পণ্ডিত। অঙ্ক ক'রে ক'য়ে ওর বৃদ্ধি এত কৃষ্ণ হয়েছে যে, সাধারণ লোকের চোখে পড়ে না।

कुमि नाक जुला बलाल, उंद जब निष्य की कदाहन छेनि।

আমি বলনুম, আবিষার। চটি কেন হারায় সেটা উনি সব সময়ে খুঁজে পান না, কিন্তু চালের গ্রহণ লাগায় সিকি সেকেও দেরি কেন হয়, এ তাঁর অক্রের ডগায় ধরা পড়বেই। আজকাল তিনি প্রমাণ করতে উঠে পড়ে লেগেছেন যে, জগতে গ্রহ তারা কোনো জিনিসই ঘূরছে না, তারা কেবলই লাফাছে। এ জগতে কোটি কোটি উচিঃড়ে ছাড়া পেয়েছে। এর অকাট্য প্রমাণ রয়েছে ওর খাতায়। আমি আর কথা কই নে, পাছে সেগুলো বের করতে থাকেন।

কুশনি অভান্ত বিরক্ত হয়ে বললে, ওঁর কি শবই অনাস্পন্তী। থাওয়া-দাওয়া ছেড়ে উচ্চিংড়ের লাফ মেপে মেপে অঙ্ক কবছেন! এ না হলে ওঁর এমন দশা হবে কেন।

আমি বলনুম, ওর ঘরকরা ঘূরতে ঘূরতে চলবে না, তিড়িংবিড়িং করে লাফাতে লাফাতে চলবে।

কুসমি বললে, এতক্ষণে বৃষ্ণশ্ম, এ লোকটার কলমই বা হারায় কেন, একপাটি চটিই বা পাওয়া ধায় না কেন, আর তৃমিই বা কেন ওঁকে এত ভালোবাদ। হত পাগলের উপরে তোমার ভালোবাদা, আর তারাই তোমার চার দিকে এনে জোটে।

দেখে। দিদি, সবশেবে ভোমাকে একটা কথা বলে রাখি। তুমি ভাবছ, নীলু লক্ষীছাড়াকে নিয়ে ভোমার বউদি রেগেই আছেন। গোপনে ভোমাকে জানাচ্ছি— একেবারে ভার উল্টো। ওর এই এলোমেলো আল্থালু ভাব দেখেই ভিনি মৃষ্ট। আমারও সেই দলা।

. .

পাঁচটা না বাজতেই ভুলুরাম শর্মা সে छित्रिधिवांकादत रशन मनिरवत्र कत्रभारम । মরেছে অতুল মামা, আদ্ধি তারি আদ্ধের জোগাড করতে হবে নানাবিধ খাত্যের। वात् वरण, जुरणा ना रह, जारता हारे पत्रमा। ভোলা কি সহজ কথা, বলে ভূলু শর্মা। কাঁকরোল কিনে বলে কাঁচকলা কিনতে। শাকআলু কচ কিনা পারে না সে চিনতে। वकृति (अरइर्ष्ट (यह माइन्डमा मिन्टमूत, ভাডাভাডি কিনে বদে কামরারা তিন দের। বাবু বলে, কামরাঙা এতগুলো হবে কী। इन राम, कार्य आमि अमि नाई उर्द कि। দেখলেম কিন্চে যে ও পাড়ার সরকার. বুঝলেম নিশ্চয় আছে এর দরকার। কানে গুঁজে নিয়ে তার হিসাবের লেখনী বাবু বলে, ফিরে দিয়ে এসো তুমি এখনি। মনিবের হকুমটা শুনল সে হা ক'রে, किरत मिटि ह'रन रान किছ मित्र ना क'रत। वन्ता त्र, मार्कानित्व या करति छय-ফলগুলো ফিরে নিতে করে নি টু শব। বাবু কয় 'টাকা কই' টান দিয়ে ভামাকে। चून वर्ण, त्म कथांग वन नि त्ला वामारक। এসেছি উজাড় ক'রে বাজারের ঝুড়িটা---দোকানির মাসি ছিল, হেলে খুন বুড়িটা।

#### রাজার বাড়ি

কুসমি জ্বিগেদ করলে, দাদামশায়, ইকুমাদির বোধ হয় খুব বৃদ্ধি ছিল। ছিল বই-কি, ভোর চেয়ে বেশি ছিল।

থমকে গেল কুসমি। অল্প একটু দীর্ঘনিশাস ফেলে বললে, ওঃ, তাই ব্ঝি ভোমাকে এত ক'রে বশ করেচিলেন ?

ভূই যে উন্টো কথা বললি, বৃদ্ধি দিয়ে কেউ কাউকে বল করে ? 🦳 তবে ?

করে অবৃদ্ধি দিয়ে। সকলেরই মধ্যে এক জায়গায় বাসা ক'রে থাকে একটা বোকা, সেইখানে ভালো ক'রে বোকানি চালাতে পারলে মামুখকে বল করা সহজ হয়। ভাই তো ভালোবালাকে বলে মন ভোলানো।

কেমন ক'রে করতে হয় বলো-না।

কিচ্ছু ছানি নে, কী বে হয় সেই কথাই ভানি, তাই তো বলতে যাচ্ছিলুম। আচ্ছা, বলো।

আমার একটা কাঁচামি আছে, আমি সব-তাতেই অবাক হয়ে যাই; ইক ঐগানেই পেয়ে বংসছিল। সে আমাকে কথায় কথায় কেবল তাক লাগিয়ে দিত।

কিস্ক, ইক্ষাসি তো ভোমার চেয়ে ছোটো ছিলেন।

অন্তত বছর-খানেক চোটো। কিন্তু আমি তার বহসের নাগাল পেতুম না । এমন করে আমাকে চালাতো, যেন আমার ছুধে-দাত ওঠে নি। তার কাছে আমি হাঁ করেই থাকতুম।

ভারি মঙা।

মছা বই-কি। তার কোনো-এক সাতমহল রাজবাড়ি নিয়ে সে আমাকে ছট্ফটিয়ে তুলেছিল। কোনো ঠিকানা পাই নি। একমাত্র সেই জানত রাজার বাড়ির সন্ধান। আমি পড়তুম থার্ড নদর রীডার; মাস্টার মশায়কে জিগ্গেস করেছি, মাস্টার মশায় হেসে আমার কান ধ'রে টেনে কিয়েছেন।

ঞ্জিগ্গেস করেছি ইক্তকে, রাজবাড়িটা কোথায় বলো-না। সে চোথ ছটো এতথানি ক'রে বলন্ড, এই বাড়িতেই। আমি তার মৃথের দিকে চেয়ে থাকতুম হাঁ ক'রে; বলতুম, এই বাড়িতেই !— কোন্ধানে আমাকে দেখিয়ে দাও-না।

म रनज, मछत्र ना जानल त्रथरव की करत ।

আমি বলতুম, মন্তর আমাকে ব'লে পাও-না। আমি তোমাকে আমার কাঁচা-আম-কাটা ঝিহুকটা দেব।

দে বলত, মস্তর বলে দিতে মানা আছে।

व्याभि किग्रांग कर्जुम, य'रन मिरन की इह ।

म क्वम रमें , ध वावा!

কী বে হয় জানাই হল না।— তার ভণী দেখে গা শিউরে উঠত। ঠিক করেছিলুম, একদিন যথন ইরু রাজবাড়িতে যাবে আমি যাব লুকিয়ে লুকিয়ে তার পিছনে পিছনে। কিন্তু সে বেত রাজবাড়িতে আমি যথন যেতুম ইম্পূলে। একদিন জিগ্গেদ করেছিলুম, অন্ত সময়ে গেলে কী হয়। আবার সেই 'ও বাবা'। পীড়াপীড়ি করতে সাহদে কুলোত না।

আমাকে তাক লাগিয়ে দিয়ে নিজেকে ইরু খুব একটা-কিছু মনে করত। হংতো একদিন ইস্কৃল থেকে আগতেই গে ব'লে উঠেছে, উঃ, গে কী পেলায় কাও।

ব্যস্ত হয়ে জিগেদ করেছি, কী কাও।

ल वर्लाइ, वनव ना।

ভালোই করত— কানে গুনতুম কী একটা কাণ্ড, মনে বরাবর রয়ে যেও পেলায় কাণ্ড।

ইক গিষেছে হস্তদন্তর মাঠে, ধধন আমি ঘুমোতুম। দেখানে পক্ষীরান্ধ ঘোড়া চ'রে বেড়ায়, মামুষকে কাছে পেলেই সে একেবারে উড়িয়ে নিয়ে যায় মেছের মধ্যে।

আমি হাততালি দিয়ে ব'লে উঠতুম, দে তো বেশ মন্ধা।

त्न वन्न , मका वह-कि ! अ वावा!

কী বিপদ ঘটতে পারত শোনা হয় নি, চুপ করে গেছি মুখের ভঙ্গী দেখে। ইরু দেখেছে পরীদের ঘরকরা— সে বেশি দ্রে নয়। আমাদের পুক্রের পুব পাড়িতে যে চীনেবট আছে তারই মোটা মোটা শিক্ডগুলোর অন্ধনার ফাকে ফাকে। ভাদের ফুল ভূলে দিয়ে সে বশ করেছিল। তারা ফুলের মধু ছাড়া আর কিছু খান্ন না। ইক্সর পরী-বাড়ি বাবার একমাত্র সময় ছিল দক্ষিণের বারান্দান্ন ঘখন নীলকমল মাস্টারের কাছে আমাদের পড়া করতে বসতে হত।

हेक्टर बिग्रांग क्युज्र, अप्र गम्ब शाल की इव।

ইফ বলত, পরীরা প্রজাপতি হরে উড়ে বায়।

আরও অনেক কিছু ছিল তার অবাক্-করা ঝুলিতে। কিন্তু, স্বচেরে চমক লাগাতো সেই না-দেখা রাজবাড়িটা। সে বে একেবারে আমাদের বাড়িতেই, হরতে। আমার শোবার ঘরের পাশেই। কিন্তু, মন্তর জানি নে বে। ছুটির দিনে হুপুর বেলায় ইক্স সঙ্গে গেছি আমতলায়, কাঁচা আম পেড়ে দিয়েছি, দিয়েছি তাকে আমার বহুমূল্য ঘ্যা ঝিহক। সে খোলা ছাড়িয়ে শুলুপো শাক দিয়ে বলে বলে খেয়েছে কাঁচা আম, কিন্তু মন্তরের কথা পাড়লেই বলে উঠেছে, ও বাবা!

ভার পরে মস্তর গেল কোথায়, ইক্ল গেল শশুরবাড়িতে, আমারও রাজবাড়ি থোঁজ করবার বয়ল গেল পেরিয়ে— ঐ বাড়িটা রয়ে গেল গর-ঠিকানা। দূরের রাজবাড়ি অনেক দেখেছি, কিন্তু ঘরের কাছের রাজবাড়ি— ও বাবা!

> খেলনা খোকার হারিয়ে গেছে, মুগটা ওকোনো। মা বলে, দেখু, ঐ আকাশে আছে লুকোনো। श्याका स्टर्धाव, घटत्रद्र स्थरक रशन की क'रत । মা বলে বে, ঐ তো মেঘের থলিটা ভ'রে नित्य रगरह हेखरनारकत्र नामन-एईड़ा एहरन । (शाका वर्ण, क्थन धन, क्थन थवत्र (भाजा। या वनान, खद्रा धन यथन नवारे मिनि চৌধুরিদের আমবাগানে লুকিবে গিয়েছিলি, যখন ওদের ফলগুলো সব কর্মল বেবাক নই। মেঘলা দিনে আলো তথন ছিল নাকো পষ্ট---গাছের ছায়ার চাদর দিয়ে এলেছে মুখ ঢেকে, কেউ আমরা ভানি নে ভো কলন তারা কে কে। कृत्रहों व प्रमाक्तिन निरवाल म्थ शंक, সেই স্থযোগে চুপিচুপি গিয়েছে ধর খুঁছে। আমরা ভাবি, বাতাস বৃঝি লাগল বালের ভালে, कांश्रेरवज़ानि हुए हि वृक्षि आठेठानांठीत ठाटन ।

তখন দিঘির বাঁধ ছাপিরে ছটছে মাঠে জল, याह धत्रा हा हा त्रा क्रिक स्पापत मन। তালের আগা ঝড়ের তাড়ায় শুস্তে মাধা কোটে, মেঘের ভাকে জানলাগুলো খড় খড়িয়ে ওঠে। ভেবেছিলুম, শাস্ত হয়ে পড়ছ ক্লাসে তৃমি, জানি নে তো কখন এমন শিখেছ হুই,মি। খোকা বলে, ঐ যে তোমার ইম্রলোকের ছেলে— ভাদের কেন এমনভারো হুটুমিতে পেলে। ওরা হথন নেমে আদে আমবাগানের 'পরে-खान ভাঙে **चार कन हिंए बार की का**उँ के करते। আসল কথা, বাদল যেদিন বনে লাগায় দোল, ডালে-পালায় দভায়-পাভায় বাধায় গুওগোল---দেদিন ওরা পড়াগুনোয় মন দিতে কি পারে, সেদিন ছটির মাতন লাগার অভয়নদীর ধারে। তার পরে স্ব শস্তি হলে ফেরে আপন দেশে, मा ভাছাদের বকুনি দেয়, গল্প শোনায় শেষে।

#### বড়ো খবর

কুস্মি বললে, তুমি বে বললে এখনকার কালের বড়ো বড়ো সব পবর তুমি আমাকে শোনাবে, নইলে আমার শিক্ষা হবে কী রকম ক'রে লালামশায়।

দাদামশায় বললে, বড়ো খবরের ঝুলি বয়ে বেড়াবে কে বলো, তার মধ্যে বে বিশ্বর রাবিশ।

लश्रमा वाम मा ७-मा।

বাদ দিলে খুব অল্প একটু বাকি থাকবে, তখন ভোমার মনে হবে ছোটো খবর। কিছু আস্লে সে'ই খাঁটি ধবর।

আমাকে খাঁটি খবরই দাও।

ভাই দেব। তোমাকে ধনি বি-এ পাশ করতে হ'ত, সব রাবিশই ভোমার টেবিলে উচু করতে হত ; অনেক বাজে কথা, অনেক মিথো কথা, টেনে বেড়াতে হত খাতা বোবাই ক'রে।

কুসমি বললে, আচ্ছা দাদামশায়, এগনকার কালের একটা থুব বড়ো থবর দাও দেখি খুব ছোটো ক'রে, দেখি ভোমার কেমন ক্ষমতা।

थाका (गारना ।

শান্তিতে কাম চলচিল।

মহাজনি নৌকোষ ঘোরতর ঝগড়া চলছে পালে আর দীড়ে। দীড়ের দল ঠক্ঠক্ করতে করতে মাঝির বিচারসভায় এসে উপস্থিত, বললে, এ ভো আর সহু হয় না। ঐ বে তোমার অহুংকেরে পাল, বুক ফুলিয়ে বলে আমাদের ছোটোলোক। কেননা, আমরা দিনে রাতে নীচের পাটাতনে বাঁধা থেকে ভল ঠেলে ঠেলে চলি। আর উনি চলেন থেয়ালে, কারও হাতের ঠেলার ভোয়াজা রাখেন না। সেইজ্জেই উনি হলেন বড়োলোক। তুনি ঠিক করে দাও কার কদর বেলি। আমরা যদি ছোটো লোক ছট তবে ছোট বেঁধে কাজে ইস্তফা দেব, দেখি তুমি নৌকো চালাও কী ক'রে।

নাঝি দেখলে বিপদ, দাঁড় ক'টাকে আড়ালে টেনে নিয়ে চুপিচুপি বললে, ওর কথার কান দিয়া না ভারারা। নিভাস্ক দাঁপা ভাবার ও কথা ব'লে থাকে। তোমরা ভোয়নেরা সব নরি-বাঁচি করে না খাটলে নৌকো একেবারে মচল। আর, ঐ পাল করেন ফাঁকা বাব্যানা উপরের মহলে। একটু ঝোড়ো হাওয়া দিয়েছে কি উনি কাজ বন্ধ করে গুটিস্টি নেরে পড়ে থাকেন নৌকোর চালের উপরে। তখন ফড়্ফড়ানি বন্ধ, সাড়াই পাওয়া ধার না। কিন্ধ, স্থে-স্থংখে বিপদে-আপদে হাটে-ঘাটে ভোমরাই আছ আমার ভরসা। ঐ নবাবির বোঝাটাকে হখন-তখন ভোমাদের টেনে নিয়ে বেড়াভে হয়। কে বলে ভোমাদের ছোটোলোক।

মাঝির ভয় ৽ছল, কথাগুলো পালের কানে উঠল ব্ঝি। সে এগে কানে কানে বললে, পাল-মলায়, ভোমার দক্ষে কার তুলনা। কে বলে যে তুমি নৌকো চালাও, সে তো মছ্রের কর্ম। তুমি আপন ফুর্ভিডে চল আর ভোমার ইয়ারবল্পিরা ভোমার ইলারায় পিছন-পিছন চলে। আবার ঝুলে পড় একটু যদি হাঁপ ধরে। ঐ দাড়গুলোর ইৎরমিতে তুমি কান দিয়ো না ভায়া, ওলের এমনি ক'বে বেঁধে রেখেছি যে বতই ওদের ঝপ্রপানি থাক্-না কাজ না করে উপায় নেই।

ওনে পাল উঠল ফুলে। মেঘের দিকে তাকিয়ে ভাকিয়ে হাই তুলতে লাগল।
কিন্তু, লক্ষ্ণ ভালো নয়। গাড়গুলোর মন্ত্রত্ হাড়, এখন কাত হয়ে আছে, কোন্
দিন খাড়া হয়ে গাড়াবে, লাগাবে ঝাপটা, চৌচির হয়ে যাবে পালের গুমর। ধরা পড়বে

দাড়েই চালায় নোকো— ঝড় হোক, ঝাপট হোক, উন্ধান হোক, জাটা হোক

কুসমি বললে, তোমার বড়ো ধবর এইটুকু বই নয় ? তুমি ঠাট্টা করছ।
দাদামশায় বললে, ঠাট্টার মতন এখন শোনাচ্ছে। দেখতে দেখতে একদিন বড়ো
ধবর বড়ো হয়েই উঠবে।

তখন ?

তথন তোমার দাদামশায় ঐ দাঁড়গুলোর সঙ্গে তাল নেলানো অভ্যাস করতে বসবে।

ব্যার, স্থামি ?

যেখানে দীড় বড়ো বেশি কচ্কচ্ করে সেখানে দেবে একটু তেল।
দাদামশায় বললেন, খাঁটি খবর ছোটো হয়েই থাকে, ষেমন বীক্ষ। ভালপাল। নিয়ে
বড়ো গাছ আনে পরে। এখন বুঝেছ তো?

कुनिय वनतन, दंगा, बूदबिहि।

মুখ দেখে বোঝা গেল, বোঝে নি। কিন্ত কুসমির একটা গুণ আছে, দাদামশায়ের কাছে ও শহক্তে মানতে চায় না যে ও কিছু বোঝে নি। ওর ইরুমাসির চেয়ে ও বৃদ্ধিতে যে কম, এ কথাটা চাপা থাকাই ভালো।

পালের সলে দাঁড়ের বুঝি গোপন রেবারেষি,
মনে মনে তর্ক করে কার সমাদর বেশি।
দাঁড় ভাবে বে, পাঁচ-ছজনা গোলাম তাহার পাছে,
একলা কেবল বুড়ো মাঝি পালের তবে আছে।
পাল ভাবে বে, জলের সঙ্গে দাঁড়ের নিভা বৈরি,
বাতাসকে ভো বক্ষে নিতে আমি সদাই তৈরি;
আমার থাতির মিতার সঙ্গে ভালোবাসার জোরে,
ওরা মরে ঝেঁকে ঝেঁকেই ভুগু লড়াই ক'রে—
ওঠে পড়ে পরের থেয়ে ভাড়া,
আমি চলি আকাশ থেকে ব্যনি পাই সাড়া।

#### চণ্ডী

দিদি, ভূমি বোধ হয় ও পাড়ার চণ্ডীবাবুকে জান ? জানি নে! তিনি যে ডাকসাইটে নিশুক।

বিধাতার কারখানায় থাটি জিনিস তৈরি হয় না, মিশল থাকেই। দৈবাং একএকজন উৎরে যায়। চণ্ডী তারই সেরা নম্না। ওর নিশ্বকতায় ভেজাল নেই। জান
তো, আমি আর্টিস্ট্-মাহ্র। সেইজন্তে এরকন খাটি জিনিস আমার দরবারে জুটিরে
আনি। একেবারে লোকটা জীনিয়স বদলেই হয়। একটা এড়িয়ে গেলে আর খুঁজে
পাওয়া যাবে না। একদিন দেখি, অধ্যাপক অনিলের দরজায় কান দিয়ে কী শুনছে।
আমি তাকে বলশুম, অমন করে খুঁজে খুঁজে বেড়াক্ত কাকে হে।

নেটাই যদি ভানতুম তা হলে তো কথাই ছিল না। চার দিকে চোথ কান খুলে রাথতে হয়, কাউকে বিখাদ করবার ছো নেই— চোর-ছ্যাচড়ে দেশ ভবে গেল।

दाना की दहा

শুনে অবাক হবেন, এই সেইদিন অমন আমার চাঁপার রভের গামছাখানা আলনার উপর থেকে বেমালুম গারেব হরে গেল।

বলো কী হে, গামছা!

আছে হাা, গামছা বই-কি। কোণটাতে একটুখানি ছেঁড়া ছিল, তা সেলাই করিয়ে নিয়েছিলুম।

ভূমি অনিলবাবুর দরঞ্জার কাছে অমন ছুর-ছুর করছিলে কেন। পরের ছেঁড়া গামছা জোগাড় করবার রোগে তাঁকে ধরেছে নাকি।

আরে ছি ছি, ওঁরা হলেন বড়োলোক, গামছা কখনো চক্ষেও দেখেন নি। টাকিস ভোয়ালে না হলে ওঁর এক পা চলে না।

তা হলে ?

আমি ভাবছিলুম, ওঁর পাওনা তো বেশি নয়। অথচ, এত বাব্আনা চলে কীক'রে।

বোধ হয় ধার ক'রে !

আক্রকালকার বাজারে ধার তো সছজ নয়, তার চেয়ে সহজ ফাঁকি। আচ্ছা, তুমি পুলিশে ধবর দিয়েছিলে নাকি। না, তার দরকার হয় নি। সেটা বেরোল আমার স্বীর ময়লা কাপড়ের ঝুড়ির ভিতর থেকে। কাউকেই বিখাস করবার জোনেই।

কী বল তুনি, ওটা ঠিক আয়গাতেই তো ছিল।

আপনি সাদা লোক, আসদ কথাটাই বুঝতে পারছেন না। আপনি জানেন তো আমার শালা কোচ্লুকে। কী রকম সে গায়ে ফুঁ দিয়ে বেড়ায়। পয়সা জোটে কোথা থেকে। কাজটি করছেন তিনি, আর গিরি সেটাকে বেমালুম চাপা দিয়েছেন।

जूमि कानल को क'रत ।

হাা হাা, এ কি জানতে বাকি থাকে।

কখনো তাকে নিতে দেখেছ ?

যে এমন কান্ধ করে সে কি দেখিয়ে দেখিয়ে করে। এ দিকে দেখুন-না, পুলিশ আছে চোখ বুদ্ধে, ভারা যে বথরা নিয়ে থাকে। এই-সব উৎপাত স্থারম্ভ হয়েছে যখন থেকে দেখা দিয়েছেন এ আপনাদের গান্ধিমহারাজ।

এর মধ্যে তিনি আবার এলেন কোখেকে।

ঐ যে তাঁর অহিংশ্র নীতি। ঘড়াধড় না পিটলে চোরের চুরি রোগ কগনো সারে? তিনি নিজে থাকেন কপ্নি প'রে। এক প্রসা সম্বল নেই। এ-সব লম্বাচ ওড়া বুলি তাঁকেই সাজে। আমরা গেরস্থ মাহুদ, শুনে চক্ষ্ দ্বির হয়ে যায়। এ দিকে আর-এক নতুন ফলি বেরিয়েছে ভানেন তো? ঐ যে ধাকে আপনারা বলেন চাঁদা। তার ম্নফা কম নম্ব। কিছা সেটা তলিয়ে যায় কোথায় তার হিসেব রাখে কে। মলায়, সেদিন আমারই যরে এসে উপস্থিত অনাথ-হাসপাতালের চাঁদা চাইতে। লক্ষা হয়, কী আর বলব। থাতা হাতে ঘিনি এসেছিলেন আপনারা স্বাই তাঁকে ভানেন। ডাক্কার — আর নাম করে কাজ নেই, কে আবার তাঁর কানে ওঠাবে। তিনি যে মাঝে মাঝে আসেন আমাদের ঘরে নাড়ী টিপতে। সিকি পয়সা দিতে হয় না বটে, তেমনি সিকি পয়সার ফলও পাই নে। তবু হাজার হোক, এম-বি তো বটে। এমনি হাল আমলের তাঁর চিকিৎসা যে রোগীরা তাঁর কাছে যেঁষে না। কাজেই টাকার টানাটানি হয় বই-কি।

हि हि, की वनह जुनि।

তা মশায়, আমি ম্থকোড় মাহয়। সত্যিকথা আমার বাধে না। ওঁর ম্থের সামনেই শুনিয়ে দিতে পারত্ম। কিন্তু কী বলব, আমার ছেলেটাকে আদায়ের কাজে রেখে আমার মূখ বন্ধ করেছেন। তার কাছ থেকেও মাঝে মাঝে ইশারা পাই। দক্ষিণহন্ত বেশ চলছে ভালো। ব্যছেন তো? আমাদের দেশে আঞ্কালকার ইৎরমি যে কী রক্ম অসম্ভ, তার আর-একটা নম্না আপনাকে শোনাই। কী রক্ম।

আমাদের পাড়ায় আছে একটা গোমুখ্য যাকে ওরা নাম দিয়েছে কবিবর। তাকে দিয়ে দেখুন আমার নামে কী লিবিবেছে। যোর লাইবেল। নিন্দুকেরা দল পাকিয়েছে। পাড়ায় কান পাতবার জো নেই। খাঁাক্লিয়ালি ব'লে চেঁচাচ্ছে আমার পিছনে পিছনে। এত সাহস হত না যদি না এদের পিছনে থাকত নামডালা মুক্সির স্ব গাদ্দিজর চেলা।

দেখি দেখি কী লিখেছে। মন্দ্র হয় নি তো। লোকটার হাত দোরত আছে।—
আলো যার মিটমিটে,

यडावंग विहेबिटहे,

বড়োকে করিতে চায় ছোটো,

সব ছবি ভূষো মেঞ্ছে

কালো ক'রে নিজেকে ধে

মনে করে ওন্তাদ পোটো,

বিধাতার অভিনাপে

घूरत्र मरत्र त्यार्थ बार्थ,

अञावहै। याद्र वन्त्यदानि,

খ্যাক খ্যাক করে মিছে

সব ভাতে দাত খি চে

ভাবে নাম দিব খ্যাকৃশেয়ালি।

ও কী ও, আপনার দরভায় পুলিশ যে।

वााभादने की।

চণ্ডীবাবুর ছেলের নামে কেল এলেছে।

হাা, কিদের কেন।

অনাথ-হাসপাতালের চাঁদার টাকা তিনি ভেঙে বসেছেন।

মিথ্যে কথা। আগাগোড়া পুলিশের সাজানো। আপনি তো জানেন, আমার ভেলে একসময় আহার নিমা ছেড়ে গান্ধির নামে দরজায় দরজায় চাদা ভিক্ষে করে বেড়িয়েছিল, সেই অবধি বরাবর তার উপর পুলিশের নজর লেগে আছে। কিছু না, এটা পলিটিক্যাল মামলা। দাদামশায়, ভোমার এই গল্পটা আমার একটুও ভালো লাগল না

যেমন পাজি তেমনি বোকা. গোবর-ভরা মাথা, লোকটা কে-যে ভেবে পাচ্ছি না তা। करव य की वरनिष्ठन ठिक छ। मान नाहे, আছা ক'রে মুখের মতো জবাব দিতে চাই; की या कवाव. कांद्र या कवाव यनि मयन अटक-প্রাণ ফিবে পাই ধড়ে। शांख (পान प्रश्वाहे नाक थड, श्रीत किं एक मिरे नथ । রান্ধেল সে, পাজির অধ্য, শহতান মিট্মিটে; निनदां डिद केटक करत, पूप हदाके डिएवेस। বদ্মাশকে শিক্ষা দেব— অসহা এই ইচ্ছে यमारक माजा मिराक । लाको (द-ए भरे छ। नर, এই क्थाने हे भरे-অতি ধারাপ, নিভাস্ট দে নই। পুপের মোডে যদি পেতেম দেখা মনের ঝালটা কেন্ডে নিতেম ধনি থকেত একা। वुकरी ड'रत अकथा गव खर्म छेर्राइ एत. লক্ষা মনে না পড়ে তো কাগ্রু করব বের, যেগানে পাই নাম একটা করব নির্বাচন-शानाम भारत मन।

#### ব্ৰ

কাল ভোমার ভালো লাগে নি চণ্ডীকে নিয়ে বকুনি। ও একটা ছবি মাত্র।
কড়া কড়া লাইনে আঁকা, ওতে রগ নাই। আজ ভোমাকে কিছু বলব, সে সভ্যিকার
গল্প।

কুশমি অভাস্ক উৎফ্র হয়ে বলল, হাা হাা, ভাই বলো। তুমি ভো দেদিন বললে, বরাবর মাহায় শত্যি থবর দিয়ে এসেছে গল্পের মধ্যে মৃড়ে। একেবারে মহরার দোকান বানিয়ে রেপেছে। সন্দেশের মধ্যে ছানাকে চেনাই যায় না।

দাদামশায় বললে, এ না হলে মাহুৰের দিন কাটত না। কত আরব্য-উপতাস, পারক্ত-উপতাস, পঞ্চত্ত্ব, কত কী সাজানো হয়ে গেল। মাহুৰ অনেক্থানি ছেলেমাহুৰ, তাকে দ্বপক্থা দিয়ে ভোলাতে হয়। আর ভূমিকায় কাজ নেই। এবার শুক্ত করা যাক।—

এক বে ছিল রাজা, তার ছিল না রাজরানী। রাজকভার সন্ধানে দৃত গেল অক বন্ধ কলিল মগধ কোশল কাঞী। তারা এসে ধবর দেয় যে, মহারাজ, সে কী দেখলুম; কাল চোধের জলে মৃক্টো ঝরে, কাল হাসিতে খ'সে পড়ে মানিক! কাল দেহ চালের আলোয় গড়া, সে যেন পুনিমারাত্রের স্থপ্ন।

রাজা ভনেই বুঝলেন, কথাগুলি বাড়িয়ে বলা, রাজার ভাগ্যে সভ্য কথা জোটে না অষ্চরদের মুখের থেকে। তিনি বললেন, আমি নিজে যাব দেবতে।

দেনাপতি বদদেন, তবে ফৌছ ডাকি?

রাজা বললেন, লড়াই করতে যাচ্ছি নে।

মন্ত্রী বললেন, তবে পাত্রমিত্রদের খবর দিই ?

রাজা বললেন, পাত্রমিত্রদের পছন্দ নিয়ে কক্সা দেখার কাজ চলে না।

তা হলে রাজহন্তী তৈরি করতে বলে দিই ?

রাজা বললেন, আমার একজোড়া পা আছে।

गटक कश्बन बाटव (भंशांका १

রাজা বললেন, যাবে আমার ছায়াটা।

আছা, তা হলে রাজবেশ পরুন— চুনিপারার হার, মানিক-লাগানো মুকুট, হীরে-লাগানো কাঁকন আর গ্রহোতির কানবালা। রাজা বললেন, আমি রাজার নঙ লেজেই থাকি, এবার নাজব নমেনির নঙ।

মাথায় লাগালেন জটা, পরলেন কপনি, গায়ে মাথলেন ছাই, কপালে আঁকলেন ভিলক আর হাতে নিলেন কমগুলু আর বেলকাঠের দণ্ড। 'বোম্ বোম্ মহাদেব' ব'লে বেরিয়ে পড়লেন পথে। দেশে দেশে রটে গেল— বাবা পিনাকীশর নেমে এসেছেন হিমালয়ের গুহা থেকে, তাঁর একশো-পঁচিল বছরের তপন্তা শেষ হল।

রাজা প্রথমে গেলেন অঙ্গদেশে। রাজকন্তা থবর পেয়ে বললেন, ডাকো আমার কাছে।

কন্সার গায়ের রঙ উজ্জ্বল শ্রামল, চুলের রঙ যেন ফিঙের পালক, চোর্ব হাটিতে হরিণের চমকে-ওঠা চাহনি। তিনি বলে বলে সাজ করছেন। কোনো বাদি নিমে এল স্বর্গচন্দন বাটা, তাতে মুখের রঙ হবে যেন টাপাফুলের মতো। কেউ বা আনল ভ্রুলাঞ্ছন তেল, তাতে চুল হবে যেন পম্পাসরোবরের টেউ। কেউ বা আনল মাকড়সাজাল শাড়ি। কেউ বা আনল হাওয়াহাজা ওড়না। এই করতে করতে দিনের তিনটে প্রহর যায় কেটে। কিছুতেই কিছু মনের মতো হয় না। সমেসকে বললেন, বাবা, আমাকে এমন চোধ-ভোলানো সাজের সন্ধান বলে দাও, যাতে রাজরাজেশ্বরের লেগে যায় ধাঁধা, কাজকর্ম যায় ঘুচে, কেবল আমার মুখের দিকে তাকিয়ে দিনরাত্রি কাটে।

गमाभी वनलन, आंत-किছूरे ठारे ना ?

রাজকতা বললেন, না, আর-কিছুই না।

সম্যাসী বললেন, আচ্ছা, আমি তবে চললেম, সন্ধান মিললে নাহয় আবার দেখা দেব।

রাজা সেখান থেকে গেলেন বন্দদেশে। রাজকলা শুনলেন সন্ন্যাসীর নামডাক। প্রণাম করে বললেন, বাবা, আমাকে এমন কণ্ঠ দাও, যাতে আমার মুখের কথায় রাজরাজেশরের কান যায় ভরে, মাথা যায় ঘুরে, মন হয় উত্তলা। আমার ছাড়া আর কারও কথা ঘেন তাঁর কানে না যায়। আমি যা বলাই তাই বলেন।

সন্মাসী বললেন, সেই মন্ত্র আমি সন্ধান করতে বেরলুম। যদি পাই ভবে ফিরে এসে দেখা হবে।

ব'লে তিনি গেলেন চলে।

গেলেন কলিকে। সেধানে আর-এক হাওয়া অন্তর্মহলে। রাজকলা মন্ত্রণা করছেন কী ক'রে কাঞ্চী জয় ক'রে তাঁর সেনাপতি সেথানকার মহিষীর মাথা হেঁট করে দিতে পারে, আর কোশলের গুমরও তাঁর সহু হয় না। তার রাজলন্দ্রীকে বাঁদি ক'রে তাঁর পায়ে তেল দিতে লাগিয়ে দেবেন।

সন্নাসীর থবর পেয়ে ডেকে পাঠালেন। বললেন, বাবা, শুনেছি সহস্রী অত্ত্ব আছে শেতদীপে বার ডেকে নগর গ্রাম সমস্ত পুড়ে ছাই ছয়ে বায়। আমি বাকে বিয়ে করব, আমি চাই তাঁর পায়ের কাছে বড়ো বড়ো রাজবন্দীরা ছাত জোড় করে থাকবে, আর রাজার মেয়েরা বন্দিনী হয়ে কেউ বা চামর দোলাবে, কেউ বা ছত্র ধ'রে থাকবে, আর কেউ বা আনবে তাঁর পানের বাটা।

সন্ন্যাসী বললেন, আর-কিছু চাই নে ডোমার ? রাজকতা বললেন, আর-কিছুই না। সন্ন্যাসী বললেন, সেই দেশ-জালানো অত্মের সন্ধানে চললেম। সন্মাসী গোলেন চলে। বললেন, ধিক।

চলতে চলতে এনে পড়লেন এক বনে। খুলে ফেললেন ভটান্ট। ঝরনার জলে সান ক'রে গায়ের ছাই ফেললেন ধুয়ে। তথন বেলা প্রায় তিনপ্রহর। প্রথব রোন, শরীর প্রান্ত, কুদা প্রবল। আশ্রয় খুঁজতে খুঁজতে নদীর ধারে দেখলেন একটি পাতার ছাউনি। সেগানে একটি ছোটো চূলা বানিয়ে একটি মেয়ে শাকপাতা চড়িয়ে দিয়েছে রাধবার জন্ত। সে ছাগল চরায় বনে, সে মধু জড়ো করে রাজবাড়িতে জোগান দিতে। বেলা কেটে গেছে এই কাজে। এখন ভকনো কাঠ জালিয়ে ভক্ত করেছে রায়া। তার পরনের কাপড়খানি দাগপড়া, তার তুই হাতে ছুটি শাখা, কানে লাগিয়ে রেখেছে একটি ধানের শিষ। চোখ ছুটি তার ভোমরার মতো কালো। স্থান ক'রে সে ভিজে চুল পিঠে মেলে দিয়েছে যেন বাদলশেষের রান্ডির।

द्राका वनत्नन, वट्डा थित (शरहर ।

মেয়েটি বললে, একটু সবুর করুন, আমি আর চড়িয়েছি, এথনি তৈরি ছবে আপনার জন্ম।

वाका वनतन्त्र, जाव, जूमि की शाव छ। शतन ।

গে বললে, আমি বনের মেয়ে, জানি কোধায় ফলমূল কুড়িয়ে পাওয়া যায়। সেই আমার হবে চের। অতিথিকে আম দিয়ে যে পুণ্যি হয় গরিবের ভাগ্যে তা তো সহজে জোটে না।

রাজা বললেন, তোমার আর কে আছে।

মেয়েটি বললে, আছেন আমার বুড়ো বাপ, বনের বাইরে তাঁর কুঁড়েঘর। আমি ছাড়া তাঁর আর কেউ নেই। কান্ধ শেষ ক'রে কিছু থাবার নিয়ে যাই তাঁর কাছে। আমার জন্ত তিনি পথ চেয়ে আছেন। রাজা বললেন, তুমি অন্ধ নিয়ে চলো, আর আমাকে দেখিয়ে দাও সেই-সব ফলমূল যা তুমি নিজে জড়ো করে থাও।

কন্তা বললে, আমার যে অপরাধ হবে।

রাজা বললেন, তুমি দেবতার আনীর্বাদ পাবে। তোমার কোনো ভয় নেই। আমাকে পথ দেখিয়ে নিয়ে চলো।

বাপের জন্ত তৈরি অল্পের থালি সে মাধায় নিয়ে চলল। ফলম্ল সংগ্রছ ক'রে ছজনে তাই থেয়ে নিলে। রাজা গিয়ে দেখলেন, বুড়ো বাপ কুঁড়েঘরের দরোজায় ব'লে।

त्म वनतन, यो, आक त्मित्र इन रकत।

কক্সা বললে, বাবা, অতিপি এনেছি তোমার ঘরে।

বুদ্ধ ব্যস্ত হয়ে বললে, আমার গরিবের ঘর, কী দিয়ে আমি অভিথিদেবা করব।

রাজা বললেন, আমি তো আর কিছুই চাই নে, পেয়েছি তোনার কন্তার হাতের সেবা। আজ আমি বিনায় নিলেম। আর-একদিন আসব।

সাত দিন সাত রাজি চলে গেল, এবার রাজ। এলেন রাজবেশে। তাঁর অব রথ সমন্ত রইল বনের বাইরে। বৃদ্ধের পায়ের কাছে মাধা রেপে প্রণাম করলেন; বললেন, আমি বিজয়পত্তনের রাজা। রানী খুঁজতে বেরিয়েছিলাম দেশে বিদেশে। এতদিন পরে পেরেছি— যদি তুমি আমায় দান কর, আরু যদি করা থাকেন রাজি।

বৃদ্ধের চোথ জলে ভরে গেল। এল রাজহন্তী— কঠিকুড়ানি মেয়েকে পাশে নিয়ে রাজা ফিরে গেলেন রাজধানীতে।

অঙ্গ বন্ধ কলিকের রাজকলারা ভনে বললে, ছি!

আদিল দিয়াড়ি হাতে রাজার বিশ্বারি
থিড়কির আভিনায়, নামটি পিয়ারি।
আমি তথালেম তারে, এসেছ কী লাগি।
সে কহিল চূপে চূপে, কিছু নাহি মাগি।
আমি চাই ভালো ক'রে চিনে রাখো নোরে,
আমার এ আলোটিতে মন লহো ভ'রে।

আমি যে তোমার বারে করি আসাযাওয়া, তাই হেথা বকুলের বনে দেয় হাওয়া। यथन कृषिया चटि यूथी वनमम আমার আঁচলে আনি তার পরিচয়। ষেধা যত ফুল আছে বনে বনে ফোটে আমার পরশ পেলে খুশি হয়ে ওঠে। শুকভারা ওঠে ভোরে, তুমি থাক একা, আমিই দেখাই ভারে ঠিকমতো দেখা। যথনি আমার শোনে নূপুরের ধ্বনি घारम घारम मिहबन कारम-रय एथनि। ভোমার বাগানে শাক্তে ফুলের কেয়ারি, কানাকানি করে ভারা, এসেছে পিয়ারি। षक्रांत्र थांडा मार्ग नकारमंत्र (भएव, 'এসেছে পিয়ারি' ব'লে বন ওঠে জেগে। পুণিমারাতে আসে ফাগুনের দোল, 'পিয়ারি পিয়ারি' রবে ওঠে উত্রোল। আমের মুকুলে হাওয়া মেতে ওঠে গ্রামে, চারি দিকে বাশি বাজে পিয়ারির নামে। শরতে ভরিয়া উঠে যমুনার বারি, কূলে কূলে গেয়ে চলে 'পিয়ারি পিয়ারি'।

### মুনশি

আছো দাদামশায়, তোমাদের সেই মুনশিজি এখন কোথায় আছেন।
এই প্রশ্নের জবাব দিতে পারব তার সময়টা বৃঝি কাছে এসেছে, তবু হয়তো কিছুদিন
সবুর করতে হবে।

ফের অমন কথা যদি তুমি বল, তা হলে তোমার সক্ষে কথা বন্ধ করব।
সর্বনাল, তার চেম্বে যে মিখো কথা বলাও ভালো। তোমার দাদামশায় যবন
স্থল-পালানে হেলে ছিল তখন মুনশিক্ষি ছিলেন ঠিক কড বয়েস তা বলা শক্ত।

তিনি বুঝি পাগল ছিলেন ? হাঁ, ষেমন পাগল আমি ।
তুমি আবার পাগল ? কী-ষে বল তার ঠিক নেই ।
তার পাগলামির লক্ষণ শুনলে বুঝতে পারবে, আমার সঙ্গে আশুর্ব মিল ।
কী রক্ম শুনি ।

যেমন তিনি বলতেন, জগতে তিনি অধিতীয়। আমিও তাই বলি। তুমি যা বল লে তো সত্যি কথা। কিন্তু, তিনি যা বলতেন তা যে মিখো।

দেখো দিদি, সত্য কখনো সতাই হয় না যদি সকলের সম্বন্ধেই সে না খাটে।
বিধাতা লক্ষকোটি মাহ্ম্য বানিয়েছেন, তাঁরা প্রত্যেকেই অন্বিতীয়। তাঁদের ছাঁচ
ভেঙে ফেলেছেন। অধিকাংশ লোকে নিজেকে পাঁচজনের সমান মনে ক'রে আরাম
বোধ করে। দৈবাং এক-একজন লোককে পাওয়া যায় যারা জানে, তাদের ছ্ডি
নেই। মুনশি ছিলেন সেই জাতের মাহ্ম্য।

দাদামশায়, তুমি একটু স্পাষ্ট ক'রে তাঁর কথা বলো-না, ভোমার মর্দেক কথা আমি বুকতে পারি নে।

क्रा क्रा वन्हि, এक रे देश भरता।—

আমাদের বাড়িতে ছিলেন ম্নশি, দাদাকে ফার্সি পড়াতেন। কাঠামোটা তাঁর বানিয়ে তুলতে মাংসের পড়েছিল টানাটানি। হাড় কথানার উপরে একটা চামড়াছিল লেগে, যেন মোমজামার মতো। দেখে কেউ আন্দান্ত করতে পারত না তাঁর ক্ষমতা কত। না পারবার হেতু এই যে, ক্ষমতার কথাটা জানতেন কেবল তিনি নিজে। পৃথিবীতে বড়ো বড়ো সব পালোয়ান কথনো জেতে কথনো হারে। কিন্তু, যে তালিম নিয়ে ম্নশির ছিল গুমর তাতে তিনি কথনো কারও কাছে হটেন নি। তাঁর বিজ্ঞেতে কারও কাছে তিনি যে ছিলেন কম্তি সেটার নিজির বাইরে থাকতে পারে, ছিল না তাঁর মনে। যদি হত ফার্সি পড়া বিজ্ঞে তা হলে কথাটা সহজে নেনে নিতে রাজি ছিল লোকে। কিন্তু, ফার্সির কথা পাড়লেই বলতেন, আরে ও কি একটা বিজ্ঞে। কিন্তু, তাঁর বিশ্বাস ছিল আপনার গানে। অধচ তাঁর গলায় যে আওয়াজ্ব বেরোড সেটা চেঁচানি কিংবা কাঁছনির জাতের, পাড়ার লোকে ছুটে আসত বাড়িতে কিছু বিপদ্দ ঘটেছে মনে ক'রে। আমাদের বাড়িতে নামজাদ। গাইয়ে ছিলেন বিষ্ণু তিনি কপাল চাণ্ডিয়ে বলতেন, ম্নশিজি আমার কটি মারলেন দেখছি। বিফুর এই হতাশ ভাবখানা দেখে ম্নশি বিশেষ ত্থেত হতেন না— একটু মৃচকে হাসতেন মাত্র। সবাই বলত,

মূনশিন্ধি, কী গলাই ভগবান আপনাকে দিয়েছেন। খোশনামটা মূনশি নিজের পাওনা বলেই টে কে জঁজতেন। এই তো গেল গান।

আরও একটা বিচ্ছে মুনশির দথলে ছিল। তারও সমন্ধদার পাওয়া যেত না। ইংরেজ ভাষায় কোনো হাড়পাকা ইংরেজও তাঁর সামনে দাঁড়াতে পারে না, এই ছিল তাঁর বিশাস। একবার বক্তৃতার আসরে নাবলে হুরেজ্র বাড়ুজ্জেকে দেশছাড়া করতে পারতেন কেবল যদি ইচ্ছে করতেন। কোনোদিন তিনি ইচ্ছে করেন নি। বিফুর রুটি বেঁচে গেল, হুরেজ্রনাপের নামও। কেবল কথাটা উঠলে মুনশি একটু মূচকে হাসতেন।

কিন্তু, মুনলির ইংরেজি ভাষায় দথল নিয়ে আনাদের একটা পাপকর্মের বিশেষ স্বিধা হয়েছিল। কথাটা খুলে বলি। তথন আমরা পড়তুম বেলল একাডেমিতে, ডিক্রেজ সাহেব ছিলেন ইমুলের মালিক। তিনি ঠিক করে রেপেছিলেন, আমাদের পড়ান্তনা কোনোকালেই হবে না। কিন্তু, ভাবনা কী। আমাদের বিছেও চাই নে, বৃদ্ধিও চাই নে, আনাদের আছে পৈতৃক সম্পত্তি। তবুও তাঁর ইমুল থেকে ছুটি চুরি করে নিতে হলে তার চলতি নিয়্মটা মানতে হত। কর্তাদের চিঠিতে ছুটির দাবির কারণ দেখাতে হত। সে চিঠি বত বড়ো জালই হোক, ডিক্রেজ সাহেব চোগ বৃজে দিতেন ছুটি। মাইনের পাওনাতে লোকসান না ঘটলে তাঁর ভাবনা ছিল না। মুনলিকে জানাতুম ছুটি মঞ্বর হয়েছে। মুনলি মুখ টিপে হাসতেন। হবে না? বাস্ রে, তাঁর ইংরেজি ভাষার কী জার। সে ইংরেজি কেবল ব্যাকরণের ঠেলায় হাইকোটের জজের রায় ঘ্রিয়ে দিতে পারত। আমরা বলতুম, নিশ্চম! হাইকোটের জজের কাছে কোনোদিন তাঁকে কলম পেল করতে হয় নি।

কিন্তু, সবচেয়ে তার জাক ছিল লাঠি-খেলার কার্দানি নিয়ে। আমাদের বাড়ির উঠোনে রোদ্তর পড়লেই তার খেলা শুরু হত। সে খেলা ছিল নিজের ছায়াটার সঙ্গে। হংকার দিয়ে ঘা লাগাতেন কখনো ছায়াটার পায়ে, কখনো তার ঘাড়ে, কখনো তার মাথায়। আর, মুখ তুলে চেয়ে চেয়ে দেখতেন চায় দিকে যারা জড়ো হত তাদের দিকে। সবাই বলত, সাবাস্! বলত, ছায়াটা মে বভিয়ে আছে সে ছায়ার বাপের ভাগিয়। এই থেকে একটা কথা শেখা য়ায় য়ে, ছায়ায় সঙ্গে লড়াই ক'রে কখনো হার হয় না। আর-একটা কথা এই য়ে, নিজেয় মনে মদি জানি 'জিতেছি' তা হলে সে জিত কেউ কেড়ে নিতে পায়ে না। শেষ দিন পর্বস্ত মূনশিজির জিত রইল। সবাই বলত 'সাবাস', আয় মুনশি মুখ টিলে ছাসতেন।

দিনি, এখন ব্রতে পারছ, ওর পাগলামির সঙ্গে আমার মিল কোধায়। আমিও

ছায়ার সঙ্গে লড়াই করি! সে লড়াইয়ে আমি যে জিতি তার কোনো সন্দেহ থাকে না। ইতিহাসে ছায়ার লড়াইকে সত্যি লড়াই ব'লে বর্ণনা করে।

> ভীষণ লভাই তার উঠোন-কোণের. সূত্র মনটা ছিল নেপোলিয়নের। ইংরেজ ফৌজের সাথে বার কথে ছ-বেলা नड़ाई इंड इंटे कार्थ मूर्त । ঘোড়া টগ্ৰগ ছোটে, ধুলা যায় উড়ে, वाडानि रेमजनन हरन माठे कुर्छ। हेश्त्रक कुमाज काथा प्रम हुछ, কোন দুরে মদমদ করে তার বুট। विष्ठानांग्र छात्र छात्र लाग्न वाद्य वाद्य, দেশে ভার জয়রব ওঠে চারি ধারে। যধন হাত-পা নেড়ে করে বক্ততা की स है: दिख कार्ट वना यात्र कि छा। ক্লাসে কথা বেরোয় না, গলা তার ভাঙা, প্রশ্ন ভ্রধালে মুখ হয়ে ওঠে রাঙা। কাহিল চেহারা তার, অতি মুধচোরা— রোজ পেনসিল ভার কেড়ে নেয় গোরা। খবরের কাগজের ছেঁডা ছবি কেটে খাতা লে বানিয়েছিল আঠা দিয়ে এঁটে। রোম ভার পাভাঞ্জল দেখত সে নেডে. ভদু এক্দিন সেটা নিয়ে গেল কেছে। कानि पिट्य शाधा नित्थ निर्देश पिट्य हान হাততালি দিতে দিতে চাঁচার প্রতাপ। वाहित्तव वावहादा हादा ता माहे. ভিতরের ছবিটাতে জিত ছাড়া নাই।

## ম্যাজিশিয়ান

কুসমি বললে, আচ্ছা দাদামশায়, ওনেছি এক সময়ে ভূমি বড়ো বড়ো কথা নিয়ে খ্ব বড়ো বড়ো বই লিখেছিলে।

জীবনে অনেক গৃহর্ম করেছি, তা কর্ল করতে হবে। ভারতচক্র বলেছেন, গে কহে বিশুর মিছা যে কহে বিশুর।

আমার ভালো লাগে না মনে করতে যে, আমি তোমার সময় নই করে দিচ্ছি।
ভাগাবান মান্থবেরই যোগা লোক জোটে সময় নই ক'রে দেবার।
আমি বৃঝি ভোমার সেই যোগা লোক ?
আমার কপালক্রমে পেয়েছি, গুঁজলে পাওয়া বার না।

ভোমাকে খুব ছেলেমান্থৰি করাই ?

দেখো, অনেকদিন ধ'রে আমি গন্তীর পোশাকি সাজ প'রে এতদিন কাটিয়েছি, সেলাম পেয়েছি অনেক। এখন তোমার দরবারে এসে ছেলেমাঞ্চির চিলে কাপড় প'রে হাঁপ ছেড়েছি। সময় নষ্ট করার কথা বলছ, দিদি— এক সময় তার হকুম ছিল না। তখন ছিলুম সময়ের গোলাম। আজ আমি গোলামিতে ইস্কণা দিয়েছি। শেষের ক'টা দিন আরানে কাটবে। ছেলেমান্থবির দোসর পেয়ে লখা কেদারায় পাছড়িয়ে বসেছি। যা খুলি বলে যাব, মাথা চুলকে কারও কাছে কৈঞ্ছিত্ত দিতে হবে না।

ভোমার এই ছেলেমাম্বর নেশাডেই তুমি বা খুলি তাই বানিয়ে বলছ।
কী বানিয়েছি বলো।

বেমন তোমাদের ঐ হ. চ. হ.; অমনভরো অভুত ব্যাপাটে মাহুব ভো আমি দেখি নি।

দেখো দিদি, এক-একটা জীব জন্মান্ত বার কাঠামোটা হঠাৎ বার বেঁকে। সে হয় মিউজিয়মের মাল। এ হ. চ. ছ. আমার মিউজিয়মে দিয়েছেন ধরা।

ওঁকে পেয়ে তুমি ধ্ব ধৃশি হয়েছিলে ?

তা হয়েছিলুম। কেননা তথন তোমার ইক্ষাসি গিয়েছেন চলে খণ্ডরবাড়ি। আমাকে অবাক ক'রে দেবার লোকের অভাব ঘটেছিল। ঠিক সেই সময় এসেছিলেন হরীশচন্দ্র হালদার একমাধা টাক নিয়ে। তার তাক লাগিয়ে দেবার রকমটা ছিল আলাদা, তোমার ইক্মাসির উন্টো। দেদিন তোমার ইক্মাসি শুরু করেছিল জটাইবৃড়ির কথা। ঐ জটাইবৃড়ির সঙ্গে অমাবস্থার রাত্রে আলাপ পরিচয় হ'ত। সে বৃড়িটার কাজ ছিল টাদে বসে চরকা কাটা। সে চরকা বেশিদিন আর চলল না। ঠিক এমন সময় পালা জমাতে একেন প্রোফেগার হরীশ হালদার। নামের গোড়ার পদবীটা টার নিজের হাতেই লাগানো। তাঁর ছিল ম্যাজিক-দেখানো হাত। একদিন বাদলা দিনের সন্ধেবেলায় চায়ের সঙ্গে চিড়েভাজা খাওয়ার পর তিনি বলে বসলেন, এমন ম্যাজিক আছে যাতে সামনের ওই দেয়ালগুলো হয়ে যাবে ফাকা।

পঞ্চানন দাদা টাকে হাত বুলোতে বুলোতে বললেন, এ বিছে ছিল বটে ঋষিদের জানা।

ন্তনে প্রোফেসার রেগে টেবিল চাপড়ে বললেন, আরে রেথে দিন আপনার মুনি ঋষি, দৈত্য দানা, ভূত প্রেত।

. পकानन नाना रनलनन, जाभनि তবে की मारनन।

हत्रीन এकियां ब हारिं। कथाय तरन निर्मन, स्वाछन।

षामदा वान्य इत्य वनन्म, तम सिनिम्हा की।

প্রোফেসার বলে উঠলেন, আর যাই হোক, বানানো কথা নয়, মন্তর নয়, তন্তর নয়, বোকা-ভূলোনো আজগুবি কথা নয়।

আমরা ধরে পড়লুম, তবে সেই প্রবাগুণটা কী।

প্রোফেশার বললেন, বুঝিয়ে বলি। আগুন জিনিসটা একটা আশুর্য জিনিস, কিন্তু ভোমাদের ঐসব ক্ষিমুনির কথায় জলে না। দরকার হয় জালানি কাঠের। আনার ম্যাজিকও তাই। সাত বছর হর্তকি খেয়ে তপস্থা করতে হয় না। জেনে নিতে হয় জ্বাগুণ। জানবা মাত্র তুমিও পার আমিও পারি।

কী বলেন প্রোফেশার, আমিও পারি ঐ দেয়ালটাকে হাওয়া করে দিতে ? পার বই-কি। হিড়িংফিড়িং দরকার হয় না, দরকার হয় মাল-মগলার। আমি বললেম, বলে দিন-না কী চাই।

দিছি। কিছু না— কিছু না, কেবল একটা বিলিভি আমড়ার আঁঠি আর শিলনোড়ার শিল।

শামি বললুম, এ তো খুবই সহল। আমড়ার ঝাঁঠি আর শিল আনিয়ে দেব, তুমি দেয়ালটাকে উড়িয়ে দাও।

আমড়ার গাছটা হওয়া চাই ঠিক আট বছর সাত মাসের। কৃষ্ণবাদশীর চাদ ওঠবার এক দও আগে তার অঙ্কুরটা সবে দেখা দিয়েছে। সেই তিথিটা পড়া চাই ভক্রবারে রাত্রির এক প্রহর থাকতে। আবার ভক্র বারটা অগ্রহারণের উনিশে তারিখে না হলে চলবে না। ভেবে দেখো বাবা, এতে ফাঁকি কিছুই নেই। দিনখন তারিখ সমস্ত পাকা ক'রে বেঁখে দেওরা।

আমরা ভাবলুম, কথাটা শোনাচ্ছে অত্যন্ত বেশি থাটি। বুড়ো মালীটাকে সন্ধান করতে লাগিয়ে দেব।

এগনো দামান্ত কিছু বাকি আছে। ঐ শিলটা তিকাতের লামারা কালিম্পঙের হাটে বেচতে নিয়ে আদে ধবলেশর পাহাড় থেকে।

পঞ্চানন দাদা এ পার থেকে ও পার পর্যন্ত টাকে হাত ব্লিয়ে বললেন, এটা কিছু শক্ত ঠেকছে।

প্রোফেশার বললেন, শক্ত কিছুই নয়। সন্ধান করলেই পাওয়া যাবে।

মনে মনে ভাবলুম, সন্ধান করাই চাই, ছাড়া হবে না— ভার পরে লিল নিয়ে কী করতে হবে।

রোগো, অর একটু বাকি আছে। একটা দক্ষিণাবর্ড শব্দ চাই।

প্রকানন দাদা বললেন, সে শৃথ পাওয়া তো সহজ নয়। যে পায় সে যে রাজা হয়।

है।।, त्राष्ट्रा हम ना माथा हम। नच्च किनिनि नच्च। शास्त्र वाश्नाम वर्तन नांथ।
त्रहें नच्चे ने व्यास्त्रात्र व्याप्ति नित्रम, नित्नम छेशत त्रत्य, घषर्ट हत्व। घषर्ट घषर्ट व्याप्ति किर्द्र शाक्तत्व ना, नच्च यात्व क्षेत्रम, निन्नि वात्व काना हत्य। এहेवात्र विश्वे नित्रम नां वृत्तित्य तमात्वत्र नाम। वात्वा वात्वा व्याख्यत्व विश्वे नित्रम नां वृत्तित्य तमात्वत्र नाम। वात्वा व्याख्यत्व त्रिमा व्याख्यत्व त्रिमा व्याख्यत्व विषयान्त्रम व्याख्यत्व विषयान्त्रम व्याख्यत्व विषयान्त्रम विश्वे ।

শামি বলনুম, তাই তো, কথাটা বুব শত্যি শোনাচ্ছে।

পঞ্চানন দাদা মাথায় হাত বোলাতে লাগলেন ব'লে ব'লে, বাঁ হাতে হঁ কোটা ধ'রে।
আমাদের সন্ধানের ফটিতে এই সামাক্ত কথাটার প্রমাণ হলই না। এতদিন পরে
ইক্রর মন্তর তন্তর রাজবাড়ি, মনে হল, সব বাজে। কিন্তু, অধ্যাপকের প্রবাপ্তণের মধ্যে
কোনোখানেই তো ফাঁকি নেই। দেহাল রইল নিরেট হয়ে। অধ্যাপকের 'পরে
আমাদের ভক্তিও রইল অটল হয়ে। কিন্তু, একবার দৈবাং কী মনের ভূলে প্রবাপ্তণটাকে
নাগালের মধ্যে এনে ফেলেছিলেন। বলেছিলেন, ফলের আঁঠি মাটিতে পুঁতে এক
ঘন্টার মধ্যেই গাছও পাওয়া যাবে, ফলও পাওয়া যাবে।

व्यामद्रा वनन्य, व्यान्तर् ।

হ. চ. হ. বলদেন, কিছু আশ্চর্য নয়, দ্রব্যগুণ। ঐ আঁঠিতে মনসাসিজের আঠা একুশবার লাগিয়ে একুশবার শুকোতে হবে। তার পরে পোঁতো মাটিতে আর দেখো কী হয়।

উঠে-প'ড়ে জোগাড় করতে লাগলুম। মাস হয়েক লাগল আঠা মাধাতে আর ভকোতে। কী আশ্চর্য, গাছও হল ফলও ধরল, কিন্তু সাত বছরে। এখন ব্ঝেছি কাকে বলে দ্রব্যগুণ। হ. চ. হ. বললেন, ঠিক আঠা লাগানো হয় নি।

ব্ৰলেম, ঐ ঠিক আঠাটা ছনিয়ার কোথাও পাওয়া যায় না। ব্ৰুতে সময় লেগেছে।

> যেটা যা হয়েই থাকে সেটা তো হবেই— इय ना या छाड़े इतन माक्किक छटवड़े। নিয়মের বেড়াটাতে ভেঙে গেলে খুটি জগতের ইম্বলে তবে পাই ছুটি। অন্ধর কেলাসেতে অন্ধর্ট কষি---সেধায় সংখ্যা গুলো যদি পড়ে খসি, বোর্ডের 'পরে যদি হঠাৎ নামতা বোকার মতন করে আমৃতা-আমৃতা, হুইয়ে হুইয়ে চার ধদি কোনো উচ্ছাদে একেবারে চ'ডে বসে উনপঞ্চালে. ভূল তবু নিবৃত্ন মাজিক তো দেই : 'পাঁচ-সাতে পঁয়ত্তিৰ'এ কোনো মন্ধা নেই। মিথোটা সভাই আছে কোনোগানে. ক্বিরা ভনেছি তারি রাস্থাটা জানে-তাদের মাজিকওলা গ্যাপা পঞ্চের দোকানেতে তাই এত ছোটে খদেব।

# পরী

কুস্মি বললে, তুমি বড়া বানিয়ে কথা বল। একটা স্ত্যিকার গল্প শোনাও-না।
আমি বলল্ম, জগতে ত্রকম পদার্থ আছে। এক হচ্ছে স্ত্য, আর হচ্ছে—
আরও-স্ত্য। আমার কারবার আরও-স্ত্যুকে নিয়ে।

দাদামশায়, সবাই বলে, তুমি কী ষে বল কিছু বোঝাই যায় না।
আমি বলল্ম, কথাটা সন্ত্যি, কিন্তু যারা বোঝে না সেটা ভাদেরই দোব।
আরও-সন্ত্যি কাকে বলছ একটু বুঝিয়ে বলো-না।

আমি বলস্ম, এই যেমন ভোমাকে সবাই কুসমি বলে ভানে। এই কথাটা ধুবই সভা; তার হাদ্দার প্রমাণ আছে। আমি কিন্তু সন্ধান পেষেছি যে, তুমি পরীস্থানের পরী। এটা হল আরও-সভা।

थुनि इन कृत्रमि । यनन, चाष्ट्रा, महान পেन की करत ।

আনি বলন্ম, তোমার ছিল এক্জামিন, বিছানার উপরে বলে বলে ভূগোলবুস্তাস্থ মুগত্ব করছিলে, কথন তোমার মাধা ঠেকল বালিলে, পড়লে ঘ্মিয়ে। দেনি ছিল প্রিমার রাত্রি। জানলার ভিতর দিয়ে জ্যোৎসা এলে পড়ল তোমার মুখের উপরে, তোমার মাগমানি রঙের লাড়ির উপরে। আমি দেদিন ল্লাষ্ট দেখতে পেল্ম, পরীস্থানের রাজা চর পার্টিয়েছে তালের পলাভকা পরীর থবর নিতে। দে এলেছিল আমার জানলার কাছে, তার সাদা চাদরটা উড়ে পড়েছিল যরের মধ্যে। চর দেখল তোমাকে আগাগোড়া, ভেবে পেল না তুমি তালের সেই পালিয়ে-আগা পরী কি না। তুমি এই পৃথিবীর পরী ব'লে তার সন্দেহ হল। তোমাকে মাটির কোল খেকে তুলে নিয়ে যাওয়া তালের পক্ষে সহজ হবে না। এত ভার সইবে না। ক্রমে টাদ উপরে উঠে গেল, যরের মধ্যে ছায়া পড়ল, চর লিন্তগাছের ছায়ায় মাধা নেড়ে চলে গেল। সেদিন আমি খবর পেল্ম, তুমি পরীস্থানের পরী, পৃথিবীর মাটির ভারে বাধা পড়ে গেছ।

कृति रनाल, चाका नानायनाय, चामि भत्रोद्यान खाक अनुम की करत।

আমি বলন্ম, দেখানে একদিন তুমি পারিক্ষাতের বনে প্রকাপতির পিঠে চড়ে উড়ে বেড়াচ্ছিলে, হঠাৎ ভোমার চোখে পড়ল দিগন্তের ঘাটে এলে ঠেকেছে একটা ধেয়ানৌকো। দেটা সাদা মেঘ দিরে গড়া, হাওয়া লেগে ছলছে। ভোমার কী মনে হল, তুমি উঠে পড়লে দেই নৌকোর। নৌকো চলল ভেগে, ঠেকল এলে পৃথিবীর ঘাটে, ভোমার মা নিলেন কুড়িয়ে।

কুসমি ভারি খুশি হয়ে বললে হাততালি নিয়ে, দানামশায়, আচ্ছা, এ কি সভিয়। আমি বললুম, ঐ দেখো, কে বললে সভিয়। আমি কি সভিয়কে মানি। এ হল আরও-সভিয়।

क्मिं रमल, बाष्ट्रा, बाबि कि भरीशात फिर्टर एए भारत ना ।

আমি বলন্ম, পারতেও পার, যদি তোমার স্বপ্নের পালে পরীস্থানের হাওয়া এসে লাগে।

আছো, যদি হাওয়া লাগে তবে কোন্ রাস্তায় কোথা দিয়ে কোথায় যাব। সে কি অনে—ক দ্রে।

षामि वनन्य, ता थ्व काह्य।

কত কাছে।

যত কাছে তুমি আছ আর আমি আছি। ঐ বিছানার বাইরে যেতে হবে না।
আর-একদিন জানলা দিয়ে পড়ুক এগে জ্যোংস্না; এবার যখন তুমি তাকিয়ে দেখবে
বাইরে, ভোমার আর সন্দেহ হবে না। তুমি দেখবে জ্যোংস্নার স্রোত বেয়ে মেঘের
বেয়ানৌকো এগে পৌচচ্ছে। কিন্তু, তুমি যে এখন পৃথিবীর পরী হয়েছ, ও নৌকোয়
ভোমার কুলোবে না। এখন তুমি ভোমার দেহ ছেড়ে বেরিয়ে য়াবে, কেবল ভোমার
মন থাকবে ভোমার সাথি। ভোমার সত্য থাকবে এই পৃথিবীতে প'ড়ে আর ভোমার
আরও-সত্য যাবে কোথায় ভেসে, আমরা কেউ ভার নাগাল পাব না।

কুসমি বললে, আচ্ছা, এবারে প্থিমারাত এলে আমি ঐ আকালের পানে তাকিয়ে থাকব। দাদামশায়, তুমি কি আমার হাত ধরে যাবে।

আমি বলল্ম, আমি এইবানে বলে বলে পথ দেবিয়ে দিতে পারব। আমার সেই ক্ষমতা আছে— কেননা আমি সেই আরও-সত্যের কারবারি।

> বেট। তোমায় লুকিয়ে-জ্ঞানা সেটাই আমার পেয়ার, বাপ মা তোমায় যে নাম দিল থোড়াই করি কেয়ার। সত্য দেখায় যেটা দেখি তারেই বলি পরী, আমি ছাড়া কজন জানে তুমি যে অপারী।

কেটে দেব বাধা নামের বন্দীর শৃত্যল,
সেই কাজেতেই লেগে গেছি আমরা কবির দল—
কোনো নামেই কোনো কালে কুলোর নাকো থারে
ভাষার নামের ইশারা দেই ছন্দের বংকারে।

### আরও-সত্য

দাদামশায়, সেদিন তুমি যে আরও-সভাির কথা বলছিলে, সে কি কেবল পরীস্থানেই দেখা যায়।

আমি বললুম, তা নয় গো, এ পৃথিবীতেও তার অভাব নেই। তাকিয়ে দেখলেই হয়। তবে কিনা সেই দেখার চাউনি থাকা চাই।

তা, তৃমি দেখতে পাও?

শামার ঐ গুণটাই আছে, যা না দেখবার তাই হঠাৎ দেখে ফেলি। তুমি ইখন বসে বসে তৃগোল-বিবরণ মুখস্থ কর তখন মনে পড়ে যায় শামার ভূগোল পড়া। তোমার ঐ ইয়াংগিকিয়াং নদীর কথা পড়লে চোখের গামনে বে জ্যোগ্রাফি খুলে যেত তাকে নিয়ে এক্জীমিন পাল করা চলে না। আজও স্পষ্ট দেখতে পাচ্ছি, গারি গারি উট চলেছে রেশমের বস্তা নিয়ে। একটা উটের পিঠে আমি পেরেছিলুম জারগা।

সে ক্টা কথা দাদামশায়। আমি জানি, তুমি কোনোদিন উটে চড় নি। ঐ দেখো দিদি, তুমি বড়ো বেশি প্রশ্ন কর।

আচ্ছা, তুমি বলে যাও। তার পরে ? উট পেলে তুমি কোখা থেকে।

ঐ দেখো, আবার প্রশ্ন । উট পাই বা না পাই, আমি চ'ড়ে বসি । কোনো দেশে বাই বা না বাই, আমার প্রমণ করতে বাধে না । ওটা আমার সভাব ।

#### ভার পরে को হল।

ভার পরে কত শহর গেলেম পেরিয়ে— কুচুং, স্বাংচাও, চৃংকুং; কত মক্রনির ভিতর দিয়ে গিরেছি রাজির বেলাম ভারা দেখে রাজা চিনে চিনে। গেলুম উপ্থ্প পাহাড়ের তরাইয়ে। জলপাইরের বন দিয়ে, আজুরের খেত দিয়ে, পাইন গাছের ছায়া দিয়ে। পড়েছিলুম ভাকাতের হাতে, সামা ভালুক সামনে গাড়িয়েছিল ছই থাবা ভূলে।

আছো, এত যে তৃমি খুরে বেড়ালে, সময় পেলে কখন।
যখন ক্লাশস্ক ছেলে খাতা নিয়ে পরীক্ষা দিছিল।
তৃমি পরীক্ষায় পাশ করলে তা হলে কী করে।
ওর সহজ উত্তর হচ্ছে— আমি পাশ করি নি।
আছো, তৃমি বলে যাও।

এর কিছুদিন আগে আমি আরবা উপতাসে চীনদেশের রাজকতার কথা পড়েছি, বড়ো স্থারী তিনি। আশ্তর্বের কথা কী আর বলব, দেই রাজকতার সলেই আমার হল দেখা। সেটা ঘটেছিল ফুচাও নদীর ঘটে। সাদা পাথর দিয়ে বাঁধানো ঘাট, উপরে নীল পাথরের মণ্ডপ। তুই ধারে তুই চাঁপা গাছ, তার তলায় তুই পাথরের সিংহের মৃতি। পাশে সোনার ধুস্কচি থেকে কুগুলী পাকিয়ে উঠছে ধোঁয়া। একজন দাসী পাখা করছিল, একজন চামর দোলাছিল, একজন দিছিল চুল বেঁধে। আমি কেমন করে পড়ে গেলুম তাঁর সামনে। রাজকতা তখন তাঁর ছধের মতে। সাদা ময়রকে দাড়িমের দানা খাওয়াছিলেন, চমকে উঠে বললেন, কে তুমি।

সেই মুহুর্তেই ফদ্ করে আমার মনে প'ড়ে গেল যে, আমি বাংলাদেশের রাজপুতুর।

সে কী কথা। তুমি ভো—

ঐ দেখো, আবার প্রশ্ন ? আমি বলছি, সেদিন ছিল্ম বাংলাদেশের রাজপুত্র, তাই তো বেঁচে গেল্ম। নইলে সে তো দ্র ক'রে তাড়িয়ে দিত আমাকে। তা না করে দিলে সোনার পেয়ালায় চা খেতে। চক্রমল্লিকার সক্ষে মেশানো সেই চা, গছে আফুল করে দেয়।

তা হলে কি তোমাকে বিয়ে করল নাকি ৷

प्राट्या, अठी वर्षा शालन कथा। आक भर्षत्र किंद्रे कारन ना।

কুসমি হাততালি দিয়ে বলে উঠল, বিয়ে নিশ্চরই হয়েছিল, ধূব ঘটা করে হয়েছিল।

দেখলুম বিয়েটা না হলে ও বড়ো হৃঃখিত হবে।—লেবকালে হল বিষে।
ফাংচাও শহরের আদ্ধেক রাজত আর ত্রীমতী আংচনী দেবীকে লাভ করলুম।
ক'রে—

करत्र की रम । व्यावात वृत्वि त्मरे छेटछे हरफ वमरम ?

নইলে এখানে ফিরে এসে দাদামশার হলেম কী করে। হাা, চড়েছিলুম-- সে উট কোখাও যায় না। মাধার উপর দিয়ে ফুলুং পাধি গান গেরে চলে গেল।

ফুহুং পাৰি ? সে কোথায় থাকে।

কোথাও থাকে না; কিছু তার লেজ নীল, তার ডানা বাসন্তী, তার ঘাড়ের কাছে বাদামি, ওরা দলে দলে উড়ে গিয়ে বসল হাচাং গাচে।

হাচাং গাছের তো আমি নাম ওনি নি।

আমিও শুনি নি, তোমাকে বলতে বলতে এইমাত্র মনে পড়ল। আমার ঐ দলা, আমি আগে থাকতে তৈরি হই নে। তথনি তথনি দেখি, তথনি শুখনি বলি। আক্র আমার ফুলং পাধি উড়ে চলে গেছে সমুস্তের আর-এক পারে। অনেকদিন তার কোনো থবর নেই।

कि इ, राज्याद विराय की हम । त्मरे बाक्का ?

দেখো, চূপ করে বাও। আমি কোনো কবাব দেব না। আর তা ছাড়া, তুমি হৃঃখ কোরো না, তখনও তুমি করাও নি — সে কথা মনে রেখো।

আমি বগন ছোটো ছিল্ম, ছিল্ম তগন ছোটো;
আমার ছুটির সঙ্গী ছিল ছবি আঁকার পোটো।
বাড়িটা তার ছিল বৃদ্ধি শন্ধী নদীর মোড়ে,
নাগকপ্তা আগত ঘাটে শাথের নৌকো চ'ড়ে।
চাপার মতো আঙুল দিয়ে বেণীর বাধন বুলে
ঘন কালো চুলের গুল্ফে কী ঢেউ দিত তুলে।
রৌত্র-আলোর কলক দিয়ে বিন্দ্বারির মতো
মাটির 'পরে পড়ত ঝরে মুক্তা মানিক কত।
নাগকেশরের তলার ব'লে পল্লফুলের কুঁড়ি
দূরের থেকে কে দিত তার গায়ের তলার ছুঁড়ি।
একদিন সেই নাগকুমারী ব'লে উঠল, কে ও।
জবাব পেলে, দ্বা ক'রে আমার বাড়ি বেরা।

বাজপ্রাসাদের দেউডি সেধায় খেত পাথরে গাঁথা, মণ্ডপে তার মুক্তাঝালর দোলায় রাজার ছাতা। ঘোড়স ওয়ারি সৈল্ল সেথায় চলে পথে পথে. রক্ষবরন ধ্বকা ওড়ে তিরিশঘোডার রখে। আমি থাকি মালকেতে রাজবাগানের মালী. সেইখানেতে যুখীর বনে সন্ধ্যাপ্রদীপ জালি। রাজকুমারীর তরে সাজাই কনকটাপার ডালা, বেণীর বাধন-তরে গাঁপি শ্বেতকরবীর মালা। गांधवीटक धत्रन कुँफ़ि, जात्र श्टव ना प्रिति— তুমি যদি এস তবে ফুটবে তোমায় খেরি। উঠবে ক্রেগে রঙনগুচ্ছ পায়ের আসন্টিতে, সামনে ভোমার করবে নৃত্য মহুর-মহুরীতে। বনেব পাথে সাবি সাবি বছনীগ্ৰায় বাতাস দেবে আকুল ক'রে ফাগুনি সন্ধায়। বলতে বলতে মাধার উপর উড়ল হাসের দল. नागक्याती म्राथद 'भारत होनम नौनाकन। धीट धीटा ननीत 'পরে নামল নীরব পাছে. চায়া হয়ে গেল কখন চাপাগাছের ভায়ে। সন্ধামেথের সোনার আভা মিলিয়ে গেল জলে। পাতল রাতি তারা-গাঁথা আসন শৃত্ততে।

# ম্যানেজারবারু

আন্ধ তোমাকে বে গল্পটা বলব মনে করেছি সেটা ভোষার ভালো লাগবে না। ভূমি বললেও ভালো লাগবে না কেন।

বে লোকটার কথা বলব সে চিডোর থেকে আসে নি কোনো রানা-মহারানার মল ছেড়ে—

চিতোর থেকে না এলে বৃঝি গল্প হয় না ?
হয় বই-কি-- সেইটাই তো প্রমাণ করা চাই। এই মানুষটা ছিল সামান্ত একজন

অমিদারের সামান্ত পাইক। এমন-কি, তার নামটাই ভূলে গেছি। ধরে নেওয়া যাক স্থানলাল মিশির। একটু নামের গোলমাল হলে ইতিহাসের কোনো পণ্ডিত তা নিয়ে কোনো তর্ক করবে না।

দেন ছিল বাকে বলে জমিনারি সেরেন্ডার 'পুণাহ', থাজনা-আনারের প্রথম দিন। কাজটা নিতান্তই বিবহ-কাজ। কিন্তু, জমিনারি মহলে সেটা হরে উঠেছে একটা পার্বণ। সবাই খুলি— বে থাজনা দেয় সেও, জার বে থাজনা বাল্পতে ভরুতি করে সেও। এর মধ্যে হিসেব মিলিয়ে দেথবার গদ্ধ ছিল না। বে বা দিতে পারে তাই দেয়, প্রাপা নিয়ে কোনো তক্রার করা হয় না। খুব ধুম্ধাম, পাড়ার্গেয়ে সানাই অত্যন্ত বেশ্বরে আকাল মাতিরে তোলে। নতুন কাপড় প'রে প্রজারা কাছারিতে সেলাম দিতে জাসে। সেই পুণ্যাহের দিনে ঢাক ঢোল সানাইয়ের শব্দে জেগে উঠে মানেজারবার ঠিক করলেন, তিনি জান করবেন হুধে। চারি দিকে সমারোহ দেখে হুঠাং তাঁর মনে হল, তিনি তো সামান্ত লোক নন। সামান্ত জলে তাঁর অভিযেক কী করে হবে। ঘড়া ঘড়া হুধ এল গোয়ালা প্রজাদের কাছ থেকে। হল তাঁর লান। নাম বেরিয়ে গেল চারি দিকে; সেদিন তিনি সন্ধাবেলায় খুলিমনে বাসার রোয়াকে ব'লে জন্তুজড়ি টানছেন, এমন সময় মিলির স্থার, বান্ধণের ছেলে লাঠিখেলা নিয়ে খুব নাম করেছে, বললে, হজুর আপনার নিমক তো থেয়েছি অনেককাল, কিন্তু অনেকদিন বলে জাছি, আমাকে তো কাজে লাগালেন না। যদি কিছু করবার থাকে তো মুকুম কন্ধন।

ষানেকার গুড়গুড়ি টানতে লাগলেন। মনে পড়ে গেল একটা কাজের কথা।
অসিম মণ্ডল চর মহলের প্রজা, তার থেত ছিল পালের অমিলারের সীমানা-দেবা।
ফলল ক্ষমালেই প্রতিবেশী অমিলার লোকজন নিয়ে প্রকাকে আটুকাত। লামে পড়ে
অসিমের ছই অমিলারেরই খাতার আর ছ আয়গাতেই খাজনা লিয়ে ফলল সামলাতে
হত। বে ম্যানেজার ছুখে প্রান করেন এটা তাঁর ভালো লাগে নি। এ বছরের
অলিখানের ফলল কাটবার সময় আসছে— এটা চরের বিশেষ ফলল। চরের অমির
অল নেমে গেলেই কুষাণ পলিমাটিতে বীজ ছিটিরে দেয়, প্রাবণ ভাত্র মাসে ফলল
গোলায় ভোলে। এ বছরটা ছিল ভালো; খানের শিষে সমন্ত মাঠ হি হি করছে।
এবারকার ফলল বেমধল হলে ভারি লোকসান।

মানেজার বললেন, সর্গার, একটা কাজ আছে। জ্বসিমের জমিতে ভোমাকে ধান আগলাতে হবে। একা ভোমারই উপরে ভার। দেখব কেমন মরদ তুমি। ম্যানেজার তথনও ত্থের স্নানের গুমোর হজম করে উঠতে পারেন নি। মিশিরকে ছকুম দিয়ে গুড়গুড়ি টানতে লাগলেন।

ধান কাটার স্ময় এল। দিন নেই, রাত নেই, মিশির জসিমের থেতে পাছার। দেয়।

একদিন ভরা খেতে অন্ত পক্ষের লোক হল্লা ক'রে এল, মিশির বুক ফুলিয়ে বললে, বাবা-শকল, আমি থাকতে এ ধান ভোমাদের ঘরে উঠবে না। সেলাম ঠুকে চলে যাও।

মিশির যত বড়ো সর্দার হোক, সেদিন সে একলা। যখন তাকে ঘেরাও করলে সে গুটিস্টি মেরে ব'সে স্বাইকে আটুকাতে লাগল।

অপর পক্ষের লোক বললে, দাদা, পারবে না। কেন প্রাণ দেবে।

মিশির বললে, নিমক থেয়েছি, প্রাণ যায় যাক । নিমকের মান রাথতেই হবে।

চলল দাকা— ওধু লাঠির মার হলে হয়তো মিশির ঠেকাতেও পারত। অপর পক্ষ শুডুকি চালালো। একটা এগে বিধিল মিশিরের পায়ে।

অপর পক্ষ আবার তাকে সতর্ক করে বললে, আর কেন। এবার ক্ষান্ত দে ভাই।

মিশির বললে, মিশির সর্দার প্রাণের ভয় করে না, ভয় করে বেইমানির।

শেষকালে একটা শড়কি এসে বিষ্প তার পেটে। এটা হল মরণের মার।
প্রিশের হাতে পড়বার ভয়ে অপর পক্ষ পালাবার পথ দেখলে। মিলির শড়কি টেনে
উপড়ে, পেটে চাদর জড়িয়ে ছুটল তাদের পিছন-পিছন। বেলি দূরে যেতে পারলে না।
পড়ে গেল মাটিতে।

পুলিশ এল। মিশির জমিদারকে বাঁচাবার জন্ত, তাঁর নামও করলে না। বললে, আমি জনিমের চাকরি নিয়ে তার ধান আগলাচ্চিলুম।

ম্যানেজার সব ধবর পেলেন। ওড়গুড়ি লাগলেন টানতে।

তাঁর ছথের মানের ব্যাতি— এ তো ষে-সে লোকের কর্ম নয়। কিন্তু, নিমক বেয়েছে বপন তবন প্রাণ দেওয়া— এটা এতই কী আন্তর্ধ। এমন তো ঘটেই পাকে। কিন্তু, ছথে মান!

তুমি ভাবো এই-বে বোঁটা কিছুই বুঝি নয়কো ওটা,

ফুলের গুমোর সবার চেরে বড়ো— বিমুথ হয়ে আজ বদি ও আলগা করে বাঁধন স্বীয়

তপনি ফুল হয় যে পড়ো-পড়ো। বোটাই ওকে হাওয়ায় নাচায়, অপমানের থেকে বাঁচায়,

ধরে রাখে স্থালোকের ভোচে ; বৃক ফুলিয়ে দেয় না দেখা, গোপনে রয় একা একা,

নিচু হবে সবার উপর ও বে। বনের ও তো আত্তরে নম, শক্ত হয়ে দীড়িয়ে রয়,

গায়েতে ওর নাইকো অশংকার : রস জোগায় সে চূপে চূপে, থাকে নিজে নীরস রূপে,

আপন ভোরে বহে আপন ভার।
কাঁটা বগন উচিয়ে থাকে
অহিংশ্র কেউ কয় না তাকে—
বতই কিন্তু কফক-না বদনাম,
পশ্তর কামড় থেকে বারে

বাঁচিয়ে রাখে বারে বারে সেই ভো ঝানে কাঁটার কড দাম।

# বাচম্পতি

দাদামশায়, তুমি তোমার চার দিকে যেসব পাগলের দল জমিয়েছিলে, গুণ হিসেব ক'রে তাদের বুঝি সব নম্বর দিয়ে রেখেছিলে ?

হাা, তা করতে হয়েছে বই-কি। কম তো জমে নি। তোমার পয়লা নহর ছিলেন বাচস্পতি মশায়, তাঁকে আমার ভারি মন্ধা লাগে।

আমার শুধু মজা লাগে না, আশুর্ব লাগে। কারণ বলি— কবিতা লিখে থাকি। कथा वीकात्ना-काबात्ना जामारमत वाविषा। स नरसत कात्ना मामा मात्न चारह তাকে আমর। ধ্বনি লাগিয়ে তার চেহারা বদল করি। সে এক রক্ষের জাত্বিভা वमात्न हे हह। काञ्ची महत्र नह। आमात्मत्र वाहम्मिटि आमात्क आन्दर्व करत्र দিয়েছিলেন হথন দেখলুম তিনি একেবারে গোড়াগুড়ি ভাষা বানিষেছেন। কান দিয়ে ध्वनित्र त्रास्त्राय जात्र मात्नत्र त्रास्त्रा यूं कटल ह्या। जामात्मत्र काळिन व्यत्नकेन जाहे, কিন্তু এতদুর পর্যন্ত নয়। আমর। তবু ব্যাকরণ অভিধান মেনে চলি। বাচম্পতির ভাষা চলত সে-সমস্তই ডিভিয়ে। তনলে মনে হত যেন কা একটি মানে আছে।— মানে ছিল বই-কি। কিন্তু, সেটা কানের সঙ্গে ধ্বনি মিলিয়ে আন্দাঞ্চ করতে হত। আমার 'অন্তত-রত্মাকর' সভার প্রধান পণ্ডিত ছিলেন বাচম্পতি মশায়। প্রথম বয়সে পড়ান্তনা করেছিলেন বিশ্বর, তাতে মনের তলা পর্যন্ত গিয়েছিল ঘূলিছে। হঠাৎ এক সময়ে তাঁর মনে হল, ভাষার শব্দপ্রলো চলে অভিধানের আঁচল ধ'রে। এই গোলামি ঘটেছে ভাষার কলিয়ুগে। সভাযুগে শব্দগুলো আপনি উঠে পড়ত মুখে। স্কে সঙ্গেই মানে আনত টেনে। তিনি বলতেন, শব্দের আপন কান্তই হচ্চে বোরানো, তাকে আবার বোঝাবে কে। একদিন একটা নমুনা ভনিছে তাকু লাগিছে দিলেন। বললেন, ष्यायात्र नाविका यथन नावकरक वरमहिन हाछ न्तर्फ 'मिन वाछ रखायात्र ये हिम्हिम হিদিকারে আমার পাঁক্ষুরিতে তিড়িতক লাগে', তথন তার মানে বোঝাতে পণ্ডিতকে छाक्ट इव नि। स्थन लिर्फ किन स्माद लिए किन स्थान कर्छ ষ্ঠামটোপাধ্যাধ্যের দরকার হয় না।

সভাপতি একদিন বিষয়টা ধরিয়ে দিয়ে বললেন, ওহে বাচম্পতি, সেই ছেলেটার কী

বাচস্পতি বললেন, সে ছেলেটার ব্যক্তিন্ গোড়া থেকেট ছিল ব্যভুষ্ক লোছের।

ভার নাম দিবেছিলাম বিচ্কুম্কুর।

ষণ্রবার্ জিজেন করলেন, ও নামটা কেন।

বাচন্দতি বললেন, সে বে একেবারেই বিচ্কুম্কুর। পাঠশালার পেডেণ্ডোকে দেখলেই তার আন্তারা যেত ফুস্কলিয়ে। বুকের ভিতরে করতে থাকত কুড়ুকুর কুড়ুকুর। এমন ছেলেকে বেশি পড়ালে সে একেবারেই ফুস্কে বাবে, এ কথাটা বলেছিল পাড়ার সবচেয়ে যে ছিল পেড়াম্বর হুড়ুম্কি। একটু রম্বন— ব্রিয়ে বলি। পেডেণ্ডো কথাটা বালিছীপের কাছে পেয়েছি। তাদের ম্থের পপ্তিত শম্চা আপনিই হয়ে উঠেছে পেডেণ্ডো। ভেবে দেখুন, কত বড়ো ওজন, ওর বিজ্ঞের বোঝা ঠেলে নিয়ে বেতে দশবিশ জন ডিগ্রিধারী জোয়ানের মরকার হয়। আর পত্তিত— ছোঃ, তুড়ি দিয়ে তুড়তুড়ং ক'রে উড়িয়ে দেওয়া যায়।

অটলদা বললেন, বাচম্পতি, ভোমার আজকেকার বর্ণনাটা যে একেবারেই চলতি গ্রামাভাষায়। এ ভোমাকে মানায় না। সেই সেদিন যে সাধুভাষা বেরিয়েছিল ভোমার মুখ দিয়ে, যার সধ্বংস্থনিত হার্দিকো বুদব্ধিদের মন তিংতিড়ি তিংতিড়ি ক'রে ওঠে, সেই ভাষার একটু নম্না আজ এদের ভানিয়ে দাও। যে ভাষায় ভারতের ইতিহাসটি গেঁপেছ, যার গুরুভার হিসেব ক'রে বলেছিলে ভুপুমানিত ভাষা, ভার পরিচয়টা চাই। ভনে এদের সকলের আন্তারা ফাচ্কলিয়ে যাক।

বাচল্পতি মশায় <del>ওক</del> করলেন, সম্মন্ত্রাট সমূ<del>ত্রতারেই ছেরিংব্রম্যস্ক</del> পর্বগাসন উপ্রেশিত—

একজন সভাসদ বললেন, বাচস্পতি মলায়, উবুংসিত কথাটা শোনাচ্ছে ভালো, ওর মানেটা বুঝিয়ে দিন।

পশুতবিদ্ধ বললেন, ওর মানে উখংসিত।

ভার মানে ?

তার মানে উঝংসিত।

অৰ্থাৎ ?

অর্থাৎ, তার মানে হতেই পারে না। মেরেকেটে একটা মানে দিতেও পারি।

কী বৃক্ষ।

छित्रञ्जिः गृहे ।

षात्र वनए७ इत्व ना, न्नोहे वृत्विहि, व'तन वान ।

ৰাচন্দতি মাৰার ওক করে দিলেন, সমম্মরাট সমূত্রগুপ্তের কেখটারুই ছরিংজমান্ত পর্নাসন উধুংসিড নিরংকরালের সহিত— মধ্রবাব্র মৃথের দিকে চেম্বে বললেন, কেমন মশায়, বুঝেছেন তো নিরংকরাল—
একেবারে জলের মতো। ওর চেয়ে বেশি বুঝতে চাই নে— মৃশকিল হবে।
বাচম্পতি আবার ধরলেন, নিরংকরালের সহিত অজাতশক্র অপরিপর্যমিত
গর্গরায়ণকে পরমস্তি শয়নে সমুসদ্গারিত করিয়াছিল।

এই পর্যন্ত ব'লে বাচম্পতি মশায় একবার সভাস্থ সকলের মুখের দিকে চোথ বুলিয়ে নিলেন। বললেন, দেখুন একবার, সহজ কাকে বলে। অভিধানের প্রয়োজনই হয় না। সভার লোকেরা বললে, প্রয়োজন হলেই বা পাব কোথায়।

বাচম্পতি মশায় একটু চোথ টিপে বললেন, ভাবখানা বুঝেছেন তো ?

মথুরবাবু বললেন, বুঝেছি বই-কি। সমুদ্রগুপ্ত অজাতশক্রকে আচ্ছা করে পিটিয়ে দিয়েছিলেন। আহা, বাচম্পতি মশায়, লোকটাকে একেবারে সমুসদ্গারিত করে দিলে গো— একেবারে পরমস্তি শয়নে।

বাচম্পতি বললেন, ছোটোলাট একবার এসেছিলেন আমাদের পাড়ার স্থলে ব্টের ধুলো দিয়ে থেতে। তথন আমি তাঁকে এই ব্গব্লব্লি ভাষার একটা ইংরেজি তর্জমা শুনিয়েছিলুম।

সভাস্থ সকলেই বললেন, ইংরেজিটা শোনা যাক।

বাচম্পতি পড়ে গেলেন, দি হাব্বারফুয়াস ইন্ফাচ্ফুয়েশন অব আকবর ডবেণ্ডিক্যালি ল্যানেরটাইজট্ দি গর্ব্যাণ্ডিজম্ অফ হুমায়ন।— শুনে ছোটোলাট একেবারে টরেটম্ বনে গিয়েছিলেন; মৃথ হয়েছিল চাপা হাসিতে ফুস্কায়িত। হেড পেডেণ্ডোর টিকির চার ধারে ভেরেগুম্লোগে গেল, সেক্রেটারি চৌকি থেকে ডড়ঙং করে উৎপিয়ে উঠলেন। ছেলেগুলোর উজব্মুখো ফুড়ফ্ডোমি দেখে মনে হল, তারা যেন সব ফিরিচ্ঞুসের একেবারে চিক্চাক্স আমদানি। গতিক দেখে আমি চংচটকা দিলুম।

সভাপতি বললেন, বাচম্পতি, এইখানেই ক্ষান্ত দাও হে, আর বেশিক্ষণ চললে পরাগগলিত হয়ে যাব। এখনি মাথাটার মধ্যে তাল্মিম্ মাল্মিম্ করছে।

বাচম্পতি আর কিছুদিন বেঁচে থাকলে সভাপতির ভাষা এতদিনে ওঁদের মুথবৃদ্বৃদী শব্দে রঝম্ গঝম্ করে উঠত।

> যার ঘত নাম আছে সব গড়া-পেটা, যে নাম সহজে আসে দেওয়া যাক সেটা

এই ব'লে কাউকে সে ডাকে বুজ কুল, আদ্রুম ডাকত সে যে ছিল অতুল। মোতিরাম দাস নিশ নাম মুচকুস, কাশিরাম মিভির হল পুচফুস। পাশগাড়ি নাম নিল পাঁচকড়ি ঘোষ, আৰু হতে বান্ধ রাই হল আশুভোষ। ভূষকুড়ি রায় হল শ্রীমজুমদার, कूर्मम इत्य राम त्य हिन कमात । यिनिन वृथीस्त्र नाम निन ज्ञाकृति, সেদিন স্বামীর সাথে হল বুষোঘুষি। পিচকিনি নাম দিল যবে ললিভারে দাদা এনে রাস্কেল ব'লে গেল তারে। बिर्टर मिर्टर नाम यक मादन मिर्छ द्वता. নে বলত, ভাবীকালে রবে না তো এরা-পিত্র নাশিবে নাম যদি হয় ভিভো. ভুক্তকালি নাম দেখো আমি নিয়েছি তো। পাড়ার লোকেরা বলে ঘিরে তার বাড়ি. ভাবীকালে পৌছিয়ে দিব তবে গাডি। বেচারা গতিক দেখে দিল মুখ ঢাকা, পিছে পিছে তাড়া করে মেসো আর কাকা। দিয়েছিল যে মেয়ের নাম উত্তকুড়ি, সঙ্গে উকিল নিয়ে এল তার খুড়ি। चनल ल क्य इत्व जिकास्मानत्त्र, ছেডে দিলে কাজ নাম-পরিবেশনের।

### পারালাল

দাদামশার, তোমার পাগলের দলের মধ্যে পারালাল ছিল খুব নতুন রক্ষের।
জান, দিদি ? পাগলরা প্রত্যেকেই নতুন, কারও সঙ্গে কারও মিল হয় না।
বেষন ভোষার দাদামশায়। বিধাতার নতুন পরীক্ষা। ছাঁচ তিনি ভেঙে ফেলেন।

সাধারণ লোকের বৃদ্ধিতে মিল হয়, অসাধারণ পাগলের মিল হয় না। তোমাকে একটা উদাহরণ দেখাই।—

আমার দলে একজন পাগল ছিল, তার নাম ত্রিলোচন দাস। সে তিন ক্রোশ পথ না ঘূরে কখনো বাড়ি ষেড না।

জিজালা করলে বলত, বাবা, ষমের চর চার দিকে ঘূরে বেড়াচ্ছে, তাদের ফাঁকি
দিতে না পারলে রক্ষে নাই। জান তো, আমার বাবা ছিলেন কী রক্ম একপ্র মে
মাহ্র্য ? পাগল বললেই হয়। কোনোমতেই আমার পরামর্শ মানতেন না। বরাবর
তিনি গিধে রাস্তায় বাড়ি গিয়েছেন— তার পরে জান তো? আজ তিনি কোথায়।
আর, আমি আজ লাত বছর ধরে পশ্চিমমুখো রাস্তা ধরে আমার পুবের দিকের
বাড়িতে যাই। কেউ জিজালা করলে বলি, ভোজুমণ্ডলের বাড়িতে আমার পুজোর
নেমস্কর।

জগতে যত বৃদ্ধিমান আছে সকলেই সিধে ব্লাস্তায় বাড়ি যায়। বিশ্বস্থাতে কেবল একজন আছে যে বাড়ি যেতে তিন ক্রোশ পথ বেঁকে যায়।

আমার হুইনম্বরের কথা শোনো; সে বাচম্পতির কথা শুনে বলত, আহা, লোকটা একেবারে বেহেড হয়ে গেছে। আর, বাচম্পতি তার কথা শুনে মুখ টিপে হাসতেন; বলতেন, এই লোকটার মগজে আছে বুজগুলুদের বাসা।

প্রেসিডেন্ট বললেন, কী হে হাজরা, তোমার বাড়ির হয়েছিল কী।

এতকালের পৈতৃক ঘরটা পথের সন্ধে ঝর্গড়া বাধিয়ে দিলে। এমন দৌড় মারলে,
কোনো চিহ্ন রাখলে না কোথাও।

वन की !--

আজে হাঁ। মহারাজ। কলকাতার হরেছি মাহ্রম, বাবার মৃত্যুর পর কিছু টাকা এল হাতে। ঠিক করলেম, পৈতৃক ভিটেটা একবার দেখে আসা দরকার। সেই ভিটের কথা এইটুর মাত্র জানত্য— পাঁচকুণু গ্রামে ছিল তার ভিত, ভোজুঘাটার সাড়ে সাত ক্রোল তফাতে। গুভদিন দেখে নৌকো করে পৌছলাম ভোজুঘাটার। কেউ ঠিকানা বলতে পারলে না। চললেম খুঁজে বের করতে, মুদির দোকান থেকে চিঁড়ে মুড়কি নিলুম বেঁধে। সাত ক্রোল পার হতে বাজল রান্তির ন'টা। চার দিকে পোড়ো ক্রমি, আগাছার জলল, ভিটের কোনো চিহ্ন নাই। বারবার বাওয়া-আসা করেছি, ভিটে খুঁজে পাই নে। রান্তার দোকানি আমাকে দেখে কী ভাবলে কে

জানে, ঘূর্যশার কথা ওনল আমার কাছে। বললে, এক কাজ করে। বাপু. বোড়ো-থ্রামে বিখ্যান্ত গণৎকার মধূস্বনন জ্যোতিবী কৃষ্টি দেখে ভোমার ভিটের খবর দিতে পারবেন।

কোথা থেকে ভিনি থবর পেয়েছেন আষার হাতে কিছু মাল আছে। খ্ব ফুর্ডি করে গণনায় বলে গেলেন। অনেক আঁকজোঁক কেটে লেবকালে বললেন, আপনায় ঘরের সঙ্গে রাস্তার ঘোরতের মন-ক্যাক্ষি হয়ে গেছে; একেবারে মৃগ-দেখাদেখি বভঃ ভিটে রেগে দৌড় মেরেছে মাসির বাড়িতে।

বান্দ্র হয়ে বললেম, মালির বাডিটা কোথায়।

ভনে বিখাপ করবেন না, একেবারে সাত হাত ঘাটির নীচে। ঐথানে মাছুদ হয়েচিল, ঐথানেই মুখ লুকিয়েছে।

তা হলে এখন উপায় ?

আছে উপায়। আপনি যান কলকাতায় ফিরে, উপযুক্ত-মতো কিছু টাকা রেখে যান। ঠিক সাড়ে সাড় মাস পরে ফিরে আসবেন। মাসিকে খুলি ক'রে আপনার পৈতৃক বাড়ি ফিরিয়ে আনব। কিন্তু, কিছু দক্ষিণা লাগবে।

আমি বললেম, তা যত লাগে লাগুক, আপনি ভাববেন না। পৈতৃক ভিটে আমার চাই।

আশ্চর্য জ্যোতিষীর বাহাছরি। সাড়ে সাত মাস পরে ফিরে এসে ভোকুঘাটার থেকে মেপে ঠিক সাড়ে সাত ক্রোশ পেরুলুম। বেধানে কিছু ছিল না সেধানে বাসাটা উঠেছে মাধা তৃলে। আমি বলনুম, কিছু গণকঠাকুর, বাসাটা বে ঠেকছে একেবারে চাছাপোছা নতুন ?

গণকঠাকুর বললেন, হবে না ? মাসির বাড়িতে খেয়েদেয়ে একেবারে চিক্চিকিছে উঠেছে!

আপনার। হাসাহাসি করছেন, কিছু এ একেবারে আমার সচকে দেখা।
আমকাঠের দরক্রাজানালা আর তালকাঠের কড়িবরগা। আমার কলেভি বন্ধুরা
কথাটাকে উড়িবে দিতে চেবেছিল। আমার বালুকভাঙার বিধ্যাত পণ্ডিভ
হাজারীপ্রসাদ বিবেদীকে ভাকিবে আনল্ম বিধান দিতে। তিনি বললেন, সংসারে
সকলের চেবে বড়ো বিপদ হচ্ছে পথের সঙ্গে বরের আড়াআড়ি নিবে।

এর বেশি আর একটিও কথা বলতে চাইলেন না। আমি কলকাভার বন্ধুদের ঠেল। দিয়ে বললুম, কেমন!

#### পালালালের গল্পটা শুনে বাচম্পতি মৃচকে হেসে বললেন, ভোরছোল

মাটি থেকে গড়া হয়, পুন হয় মাটি,
আবার গড়িতে তারে দিনরাত খাটি।
একই মনদায় তারে তাঙে আর গড়ে,
পুরোনোটা বারে বারে নৃতনেতে চড়ে।
গেছে বাহা তাও আছে, এই বিখাসে
ফাকা বেধা নেধা মন ফিরে ফিরে আসে।

# ठन्मनी

জানোই তো সেদিন কী কাও। একেবারে তলিয়ে গিয়েছিলেম আর-কি, কিন্তু তলায় কোথায় যে ফুটো হয়েছে তার কোনো খবর পাওয়া যায় নি। না মাথা ধরা, না মাথা ঘোরা, না গায়ে কোথাও বাথা, না পেটের মধো একটুও থোঁচাখুঁচির তাগিদ। ঘমরাজার চরগুলি খবর আসার সব দরজাগুলো বন্ধ করে ফিস্ ফিস্ ক'রে মন্ত্রণা করছিল। এমন স্থবিধে আর হয় না! ভাকারেরা কলকাতায় নকাই মাইল দ্রে। সেদিনকার এই অবস্থা।

সঙ্কে হয়ে এসেছে। বারান্দায় বসে আছি। ঘন মেঘ ক'রে এল। বৃষ্টি হবে বৃঝি। আমার সভাসদ্রা বললে, ঠাকুরদা, একসময় শুনেছি তৃমি মৃথে মৃথে মৃথে গল্প ব'লে শোনাতে, এখন শোনাও না কেন।

আর-একটু হলেই বলতে বাজিল্ম, ক্ষমতায় ভাঁটা পড়েছে ব'লে। এমনসময় একটি বৃদ্ধিমতী বলে উঠলেন, আজকাল আর বৃদ্ধি ভূমি পার না?

এটা সহ করা শক্ত। এ যেন হাতির মাধার অঙ্গণ। আমি ব্রুল্ম, আজ আমার আর নিস্তার নেই। বলুমুম, পারি নে তা নয়— পারি। তবে কিনা—

বাকিটা আর বলা হল না। মনে মনে তথন রাজপুতনা থেকে গল ভলপ করতে আরম্ভ করেছি। থানিকটা কালনুম। একবার বলনুম, রোলো, একবার একটুখানি দেখে আসি, কে যেন এল।

কেউ আসে নি। শেবকালে বসতে হল।

যমদৃতগুলো মোটের উপরে হাঁদা। একটু নড়তে গেলেই ধুপধাপ ক'রে শব্দ করে, আর ভাদের শেলশূল-ছুরিছোরাগুলো ঝন্থনিয়ে ওঠে। গেদিন কিছ একেবারে নিঃশব্দ।—

সন্ধা হয়েছে, পথিক চলেছেন গোল্পর গাড়িতে ক'রে। পরদিন সকালে রাজমন্থলে পৌছলে নৌকো নিয়ে তিনি ধাত্রা করবেন পশ্চিমে। তিনি রাজপুত, তাঁর নাম অরিজিৎসিংছ। বাংলাদেশে ছোটো কোনো রাজার ঘরে সেনাপতির কান্ধ করতেন। ছুটি নিয়ে চলেছেন রাজপুতনায়। রাত্রি হয়ে এসেছে। গাড়িতে বসে বসে ঘূমিয়ে পড়েছেন। হঠাৎ একসময় কেগে উঠে দেখলেন, গাড়ি চলেছে বনের মধ্যে। গাড়োয়ানকে বললেন, ঘাটের রাস্তা ছেডে এখানে কেন।

গাড়োয়ান বললে, আমাকে চিনলেই বুঝবেন কেন।

তার পাগড়িটা অনেকথানি আড় ক'রে পরা ছিল। সোজা ক'রে পরতেই অরিজ্ঞ বললেন, চিনেছি। ডাকাতের স্বদার পরাক্রমসিংহের চর তৃমি। অনেক-বার তোমার হাতে পড়েছিলুম, এড়িয়ে এসেছি।

সে বললে, ঠিক ঠাওরেছেন, এবার এড়াতে পারছেন না। চলুন আমার মনিবের কাছে।

অরিভিৎ বললেন, উপায় নেই, যেতেই হবে। কিন্তু, তোমাদের ইচ্ছে পূর্ণ হবে না। গাড়ি চলল বনের মধ্যে। এর আগের কথাটা এবার খুলে বলা যাক।—

শ্বরিশ্রিং বড়ো ঘরের ছেলে। মোগল সমাট তাঁর রাজা নিলে কেড়ে, তিনি এলেন বাংলাদেশে পালিয়ে। এখান থেকে তৈরি হয়ে একদিন তাঁর রাজা ফিরে নেবেন, এই ছিল তাঁর পণ। এ দিকে পরাক্রমিসিং মুসলমানদের হাতে তাঁর বিষয়সম্পত্তি হারিয়ে ডাকাত্তের দল বানিয়েছিলেন। তাঁর মেয়ের বিবাহের ব্য়স হয়েছে: শ্বরিশ্রিতের সলে বিবাহ হয়, এই ছিল তাঁর চেষ্টা। কিন্তু, জাতিতে তিনি শ্বিশ্রিভতের সমান দরের ছিলেন না, তাঁর ঘরের মেয়েকে বিবাহ করতে শ্বরিশ্রিং রাশ্বিনন।

রাজি ভোর হয়ে এসেছে। তাঁকে পরাজ্ঞমের দরবারে এনে দীড় করালে পরাজ্ঞম বললেন, ভালো সময়েই এসেছ, বিষের লয় পড়বে আর তু দিন পরে। ভোমার জন্ত বরস্ক্রা সব তৈরি।

অরিজিৎ বললেন, অক্টার করবেন না। সকলেই স্বানে, আপনার গুটতে মুসলমান

রক্তের মিশল ঘটেছে।

পরাক্রম বললেন, কথাটা সত্য হতেও পারে, সেইজন্তেই ভোমার মতো উচ্চ কুলের রক্ত মিশল ক'রে আমার বংশের রক্ত ওখরে নেবার জল্ঞে এতদিন চেষ্টা করেছি। আজ অ্যোগ এল। তোমার মানহানি করব না। বন্দী করে রাখতে চাই নে, ছাড়া থাকবে। একটা কথা মনে রেখো, এই বন থেকে বেরোবার রান্ডা না জানলে কারোর সাধা নেই এখান থেকে পালায়। মিচে চেষ্টা কোরো না, আর যা ইচ্ছা করতে পার।

রাত্রি অনেক হয়েছে। অরিজিতের ঘুম নেই, বসেছেন এসে কাশিনী নদীর ঘাটে বটগাছের তলায়। এমনসময় একটি মেয়ে, মূখ ঘোমটায় ঢাকা, তাঁকে এসে বললে, আমার প্রণাম নিন। আমি এখানকার স্থারের মেয়ে। আমার নাম রঙনকুমারী। আমাকে স্বাই চন্দনী ব'লে ডাকে। আপনার স্বাক্ত পিডাজি আমার বিবাহ অনেক দিন থেকে ইচ্ছা করেছেন। শুনলেম, আপনি রাজি হচ্ছেন না। কারণ কীবলুন আমাকে। আপনি কি মনে করেন আমি অল্পৃশ্য।

অরিজিং বললেন, কোনো মেয়ে কখনো অস্পৃত্ত হয় না, শাস্ত্রে বলেছে।
তবে কি আমাকে দেখতে ভালো নয় ব'লে আপনার ধারণা।
তাও নয়, আপনার রূপের স্থনাম আমি দ্র থেকে শুনেছি।
তবে আপনি কেন কথা দিছেন না।

অরিজিং বললেন, কারণটা খুলে বলি। করঞ্জরের রাজকন্তা নির্মাণকুমারী আমার বহুদ্র-সম্পর্কের আত্মীয়া। তার সঙ্গে চেলেবেলায় একসঙ্গে বেলা করেছি। তিনি আজ বিপদে পড়েছেন। মৃগলমান নবাব তার পিতার কাছে তার জপ্তে প্ত পাঠিয়েছিলেন। পিতা কন্তা দিতে রাজিনা হওয়াতে মুদ্ধ বেধে গেল। আমি তাঁকে বাঁচিয়ে আনব, ঠিক করেছি। তার আগে আর-কোথাও মামার বিবাহ হতে পারবেনা, এই আমার পণ। করজর রাজ্যটি ছোটো, রাজার শক্তি আরা। বেশি দিন মুদ্ধ চলবে না জানি, তার আগেই আমাকে য়েতে হবে। চলেছিলেম সেই রাজায়, পথের মধ্যে তোমার পিতা আমাকে ঠেকিয়ে রাধলেন। কী করা যায় তাই ভাবছি।

মেরেটি বললে, আপনি ভাববেন না। এবান থেকে আপনার পালাবার বাধা হবে না, আমি রাজা জানি। আন্ত রাজেই আপনাকে বনের বাহিরে নিয়ে গিয়ে ছেছে দেব। কিছু মনে করবেন না, আপনার চোথ বেঁধে নিয়ে বেতে হবে, কেননা এ বনের পথের সংকেত বাইরের লোককে জ্বানতে দিতে চণ্ডেশ্বরীদেবীর মানা আছে; তা ছাড়া আপনার হাতে পরাব শিকল। তার বে কী দরকার পথেই জ্বানতে পারবেন। শরিজিং চোধবাঁধা হাতবাঁধা শবস্থার ঘন বনের মধ্যে দিরে চন্দনীর পিছন-পিছন চললেন। সে রাত্তে ভাকাতের দল সবাই ভাঙ খেরে বেহোঁশ। কেবল পাহারার বে সর্পার ছিল সেই ছিল জেগে। সে বললে, চন্দনী, কোধার চলেছ।

**इम्मनी वनाल, सिवीय समिदि ।** 

**७३ वन्नो**ष्टि क ।

বিদেশী, ওকে দেবীর কাছে বলি দেব। তুমি পথ ছেড়ে দাও।

সে বললে, একলা কেন।

प्रवीत्र चाराम, चात्र-कांडरक गरक निखा निराध ।

ওরা বনের বাইরে গিরে পৌছল, তগন রাত্রি প্রায় হয়েছে ভোর। চন্দনী অরিজিৎকে প্রণাম করে বললে, আপনার আর ভর নেই। এই আমার করণ, নিরে যান, দরকার হলে পথের মধ্যে কাজে লাগতে পারে।

অরিজিৎ চললেন দ্রপথে। নানা বিশ্ব কাটিয়ে বতই দিন বাচ্ছে তর হতে লাগল, সময়মত হয়তো পৌছতে পারবেন না। বহুকটে করঞ্জর রাজ্যের বখন কাছাকাছি গিয়েছেন থবর পেলেন, বৃদ্ধের কল ভালো নয়। তুর্গ বাঁচাতে পারবে না। আল হোক, কাল হোক, মুললমানেরা দখল করে নিতে পারবে তাতে সন্দেহ নেই। অরিজিৎ আহারনিতা ছেড়ে প্রাণপণে ঘোড়া ছুটিয়ে বখন তুর্গের কাছাকাছি গিয়েছেন, দেখলেন, সেখানে আগুন জলে উঠেছে। বৃত্তালন মেরেরা কহুরত্তত নিয়েছে। হার হয়েছে তাই সকলে চিতা জালিয়েছে মরবার জল্পে। অরিজিৎ কোনোমতে তুর্গে পৌছলেন। তখন সমস্ফ পেব হয়ে গিয়েছে। মেরেরা আর কেউ নেই। পুরুষরা তাদের পেব লড়াই লড়ছে। নির্মলকুমারী রক্ষা পেল কিছ সে মুত্তার হাতে, তাঁর হাতে নয় এই তুংখ। তখন মনে পড়ল চন্দনী তাকে বলেছিল, তোমার কাল্প শেব হয়ে গেলে পর ভোমাকে এগানেই ফিরে আগতে হবে; সেলজে, যতদিন হোক, আমি পথ চেয়ে থাকব।

তার পর গুই মাস চলে গেল। ফাস্কনের শুক্রপক্ষে অরিজিং সেই বনের মধ্যে পৌচলেন। শাধ বেজে উঠল, সানাই বাজল, স্বাই পরল নতুন পাগড়ি লাল রঙের, গারে ওড়াল বাসন্তীরঙের চামর। শুভলপ্রে অরিজিডের সঙ্গে চন্দনীর বিবাহ হরে গেল।

এই পর্বন্ধ হল আমার গল্প। তার পরে বরাবরকার অভ্যাসমত শোবার ধরের কেদারায় গিরে বসল্ম। বামলার হাওয়া বইছিল। বৃষ্টি হবে-হবে করছে। স্থাকান্ত দেখতে এলেন, দরজা জানালা ঠিকমতো বন্ধ আছে কি না। এলে দেখলেন, আমি কেদারার বলে আছি। ভাকলেন, কোনো উত্তর নেই। স্পর্শ করে বললেন, ঠাওা হাওয়া দিছে, চলুন বিছানায়। কোনো শাড়া নেই। তার পরে চৌষটি ঘণ্টা কাটল অচেডনে

দিন-খাটুনির শেষে
বৈকালে ধরে এসে
আরামকেদারা যদি মেলে,
গল্লটি মনগড়া,
কিছু বা কবিতা পড়া,
সমরটা যায় হেসেখেলে।
হেপায় শিম্লবন,
পার্থি গায় সারাধন,

ফুল থেকে মধু খেতে আগে। ঝোপে ঘুঘু বাসা বেঁধে সারাদিন কর সেধে

আদে। ঘুম ছড়ায় বাডাসে। গোয়ালপাড়ার গ্রামে মেয়েরা নদীতে নামে,

কলরব আলে দূর হতে। চারি দিকে ঢেউ ভোলে, বটছায়া জলে দোলে,

বালিকা ভাসিয়া চলে স্রোতে। দিয়ে ছুঁই বেল জবা সাজানো স্থল্সভা,

আলাপপ্রলাপ ক্ষেপে ওঠৈ— ঠিক হুরে তার বাঁধা, মূলতানে তান গাধা,

গল শোনার ছেলে জোটে।

#### क्षःम

দিদি, ভোমাকে একটা হালের ধবর বলি।—

প্যারিস শহরের অল্প একট্ট দ্রে ছিল তাঁর ছোটো বাসাটি। বাড়ির কর্তার নাম পিরের শোপ্যা। তাঁর সারা জীবনের শব ছিল গাছপালার জ্বোড় মিলিয়ে, রেপু মিলিয়ে, তাদের হেছারা, তাদের রঙ, তাদের শাদ বদল ক'রে নতুম রকমের স্পষ্ট তৈরি করতে। তাতে কম সময় লাগত না। এক-একটি ফ্লের ফলের শুভাব বদলাতে বছরের পর বছর কেটে বেত। এ কাজে বেমন ছিল তাঁর আনন্দ তেমনি ছিল তাঁর ধৈর্য। বাগান নিয়ে তিনি বেন জাত্ব করতেন। লাল হত নীল, সাদা হত আলতার রঙ, আঁটি বেত উড়ে, খোবা বেত ব'সে। বেটা ফলতে লাগে ছ মাস তার মেয়াদ কমে হত ত্ব মাস। ছিলেন গরিব, ব্যাবসাতে হ্বিধা করতে পারতেন না। যে করত তাঁর হাতের কাজের তারিফ তাকে দামি মাল অমনি দিতেন বিলিয়ে। যার বডলব ছিল দাম কাঁকি দিতে ল এগে বলত, কী ফুল ফুটেছে আপনার সেই গাছটাতে, চার দিক খেকে লোক আসতে দেখতে, একেবারে তাক লেগে বাতে।

তিনি দাম চাইতে ভূলে বেতেন।

তার জীবনের থ্ব বড়ো শব ছিল তার মেয়েটি। তার নাম ছিল কামিল। সে ছিল তার দিনরাত্তের আনন্দ, তার কাজকর্মের সালনী। তাকে তিনি তার বাগানের কাছে পাকা করে তুলেছিলেন। ঠিকমতো বৃদ্ধি করে কলমের জোড় লাগাতে সে ভার বাপের চেয়ে কম ছিল না। বাগানে সে মালী রাবতে দেয় নি। সে নিজের ছাতে মাটি গুঁড়তে, বীজ বৃনতে, আগাছা নিড়োতে, বাপের সঙ্গে সমান পরিশ্রম করত। এ ছাড়া রেখেবেড়ে বাপকে বাওয়ানো, কাপড় শেলাই ক'রে দেওয়া, তাঁর ছয়ে চিঠির জবাব দেওয়া— সব কাজের ভার নিয়েছিল নিজে। চেন্ট্নাট গাছের তলায় ওদের ছােট্ট এই বরটি সেবায় শাস্তিতে ছিল মধুমাধা। ওদের বাগানের ছায়ায় চা বেতে বেতে পাড়ায় লোক সে কথা জানিয়ে বেত। ওয়া জবাবে বলত, অনেক লামের আমাদের এই বাসা, রাজার মণিমানিক দিয়ে তৈরি নয়, তৈরি ছয়েছে ছটি প্রাণীর ভালোবাসা দিয়ে, আর-কোথাও এ পাওয়া যাবে না।

বে ছেলের সব্দে নেয়েটির বিবাহের কথা ছিল সেই জ্যাক মাঝে মাঝে কাজে বোগ দিতে আসত ; কানে কানে জিগ্গেস করত, ওডদিন আসবে কবে। ক্যামিল কেবলই দিন পিছিয়ে দিত ; বাপকে ছেড়ে সে কিছুতেই বিয়ে করতে চাইত না। কর্মানির সঙ্গে যুদ্ধ বাধল ফ্রান্সের। রাজ্যের কড়া নিয়ম, পিয়েরকে যুদ্ধে টেনে নিয়ে গেল। ক্যামিল চোখের জল লুকিয়ে বাপকে বললে, কিছু ভয় কোরো না, বাবা। আমাদের এই বাগানকে প্রাণ দিয়ে বাচিয়ে রাখব।

মেরেটি তথন হলদে রজনীগন্ধ। তৈরি করে তোলবার পরথ করছিল। বাপ বলেছিলেন, হবে না; মেরে বলেছিল, হবে। তার কথা যদি খাটে তা হলে যুদ্ধ থেকে বাপ ফিরে এলে তাঁকে অবাক করে দেবে, এই ছিল তার পণ।

ইভিমধ্যে জ্ঞাক এসেছিল তু দিনের ছুটিতে রণক্ষেত্র থেকে ধবর দিতে যে, পিয়ের পেরেছে সেনানায়কের তক্ষা। নিজে না আসতে পেরে তাকে পার্টিয়ে দিয়েছে এই হুধবর দিতে। জ্ঞাক এসে দেখলে, সেইদিন সকালেই গোলা এসে পড়েছিল ফুলবাগানে। যে তাকে প্রাণ দিয়ে বাঁচিয়ে রেখেছিল তার প্রাণহ্ম্ম নিয়ে ছারখার হয়ে গেল বাগানটি। এর মধ্যে দয়ার হাত ছিল এইটুকু, ক্যামিল ছিল না বেঁচে।

সকলের আশ্চর্ষ লেগেছিল সভ্যতার জোর হিসাব করে। লখা দৌড়ের কামানের গোলা এসে পড়েছিল পঁচিশ মাইল ভফাত থেকে। এ'কে বলে কালের উন্নতি।

সভাতার কত যে জোর, আর-এক দেশে আর-একবার তার পরীক্ষা হয়েছে। তার প্রমাণ রয়ে গেছে ধূলার মধ্যে, আর-কোপাও নয়। সে চীনদেশে। তাকে লড়তে হয়েছিল বড়ো বড়ো ছই সভা জাতের সঙ্গে। পিকিন শহরে ছিল আশ্রের কাজ। বাজবাড়ি। তার মধ্যে ছিল বহু-কালের-জড়ো-করা মন-মাতানো শিয়ের কাজ। মাহ্যযের হাতের তেমন গুণপনা আর-কখনো হয় নি, হবে না। য়ুছে চীনের হার হল; হার হবার কথা, কেননা মার-জখমের কার্দানিতে সভাতার অভ্ত বাহাছরি। কিন্তু, হায় রে আশ্রুর্ব শিয়, অনেক কালের গুণীদের ধ্যানের ধন, সভাতার অল্প কালের আঁচড়ে কামড়ে ছিড়িমিড়ে গেল কোথায়। পিকিনে একদিন গিয়েছিলুম বেড়াতে, নিজের চোবে দেখে এসেছি। বেশি কিছু বলতে মন বায় না।

মাহব সবার বড়ো জগতের ঘটনা, মনে হ'ত, মিছে না এ শাস্ত্রের রটনা তথন এ জীবনকে পবিত্র মেনেছি বথন মাহুষ বলে মাহুষকে জেনেছি।

ভোরবেলা জানালায় পাধিজলো জাগালে ভাবিভাম, আছি বেন স্বর্গের নাগালে। মনে হ'ত, পাকা ধানে বালি যেন বাজানো, মানের জাঁচল-ভরা দান বেন সাঞ্চানো। ভথী যেত নীলাকালে সাদা পাল মেলিয়া. প্রাণে ষেত অঞ্চানার ছায়াখানি ফেলিয়া। বুনো হাঁস নদীপারে মেলে যেত পাখা সে, উতলা ভাবনা মোর নিয়ে যেত আকাশে। নদীর শুনেছি ধ্বনি কত রাত্তপুরে. ষক্ষরী বেড ধেন ভাল রেখে নুপুরে। পূজার বেজেছে বাশি ঘুম হতে উঠিতেই, পূজায় পাড়ার হাওয়া ভরে বেত ছুটিভেই। বন্ধরা জুটিভাম কত নব বরবে, মুধায় ভরিত প্রাণ মুহ্নদের পরশে। পশ্চিমে হেনকালে পথে কাঁটা বিছিয়ে সভাতা দেখা দিল দাঁত ভার খিঁচিয়ে। সভাতা কারে বলে ভেবেছিছ জানি তা-আৰু দেখি কী অন্তচি, কী যে অপমানিতা। কলবল সম্বল সিভিলাইজেশনের. ভার সবচেয়ে কাজ মাত্রুষকে পেষ্পের। মান্তবের সাজে কে যে সাজিয়েছে অস্থরে, আৰু দেখি 'পশু' বলা গাল দেওয়া পশুৱে। মান্থবকে ভুল ক'রে গড়েছেন বিধাতা, কত মারে এত বাঁকা হতে পারে সিধা ভা। দয়া কি হয়েছে তাঁর হতাশের রোদনে, ভাই গিরেছেন লেগে ভ্রমগংশোধনে। আন্ত তিনি নরম্বণী দানবের বংশে যাত্রব লাগিরেছেন মাস্থবের ধাংলে।

# ভালোমানুষ

ছিঃ, আমি নেহাত ভালোমাহ্য।

কুসমি বললে, কী বে তুমি বল তার ঠিক নেই। তুমি বে ভালোমাছ্র সেও কি বলতে হবে। কে না জানে, তুমি ও পাড়ার লোটনগুণ্ডার দলের স্পার নও। ভালোমাছ্র তুমি বল কাকে।

এইবার ঠিক প্রশ্নটা এসেছে তোমার মূখে। ভালোমায়র তাকেই বলে যে অক্টায়ের কাছেও নিজের দখল ছেড়ে দেয়, দরাজ হাতের গুণে নয়, মনের জোর নেই বলেই। যেমন ?

যেমন আছাই ঘটেছিল সকালে। বেশ একটুখানি গুছিয়ে নিয়ে লিখতে বসেছিলুম, এমনসময় এনে হাজির পাঁচকড়ি। একেবারে সাহারা থেকে সিমুম হাওয়া বয়ে গেল, ভকিয়ে গেল মনের মধ্যে যা-কিছু ছিল ভাজা। ঐ একটি প্রাণী বিধাতার কারখানা থেকে বাঁকা হয়ে বেরিয়েছিল, কোনো মাছুবের সঙ্গে কোনোখানেই জোড় মেলে না। এক সময়ে ক্যাল্কাটাকে উচ্চারণ করেছিল কালকুট্টা, সেই শবধি সবাই ওকে ভাকত কালোকুট্টা। ভনতে ভনতে সেটা ওর কানে সয়ে গিয়েছিল। ইম্বুলে কেউ ওকে দেখতে পারত না। একদিন আমাদের রমেন 'রাম্বেল' ব'লে ঘাড়ের উপর পড়ে ঘৃবিয়ে ওর নাক বাঁকিয়ে দিয়েছিল; ব'লে রেখেছিল, এর পরের বারে কান দেবে বাঁকা ক'রে।

এসেই সে বসল আমার লেখাপড়া করার চৌকিটাতে। ভালোমান্থবের মুখ দিয়ে বেরোল না, ওথানে আমি কান্ধ করব। ভেন্ধের উপর ঝুঁকে যেন অক্সমনে এটা ওটা নিয়ে নাড়াচাড়া করতে লাগল। বললে দোষ হত না যে, ওওলো দরকারি জিনিস, ঘাঁটাঘাঁটি কোরো না। কিন্তু— কী আর বলব। বললে, অনেককাল দেখা সাক্ষাং হয় নি। ওক করলে, আহা আমাদের সেই ইম্বলের দিন ছিল কী স্থখের। গল্প লাগালে খোড়া গোবিন্দ ময়রার। দেখি, আতে আতে সরে যাছে আমার সোনাবাধানো ফাউন্টেন-পেনটা, চাদরের আড়ালে ওর পকেটের দিকে। বললেই হত, ভূল করছ, কলমটা তোমার নয়, ওটা আমার। কিন্তু, আমি বে ভালোমান্থব, ভদ্রলোকের ছেলে— এতবড়ো লক্ষার কথা ওকে বলি কী ক'রে। ওর চুরিকরা হাভটার দিকে চাইতেই পারলুম না। সন্দেহ করছি লোকটা ব'লে বসবে, আন্ধ এধানেই খাব। বলতে পারব না, না, সে হবে না। ভাবতে ভাবতে ঘেনে উঠেছি। হঠাৎ

মাধায় বৃদ্ধি এল ; ব'লে বসলুম, রমেনের ওবানে আমাকে এবনি বেতে হবে।

কালকুত্তা বললে, ভালো হল, ভোমার সঙ্গে একত্তেই বাওবা বাক। ইন্থল ছেড়ে অবধি ভার সজে একবারও দেখা হয় নি।

কী মূশকিল। ধপ করে বলে পড়লুম। বাইরের দিকে তাকিয়ে বললুম, বুটি পড়ছে দেখছি।

ও বললে, তাতে হয়েছে কী। স্বামার ছাতা নেই, কিন্তু ভোমার শক্ষে এক ছাডাতেই যেতে পারব।

শার কেউ হলে জার করেই বলত, সে হবে না। কিছ, আমার উপায় নেই। তা, ভালোমান্থর হলেও বিপদে পড়লে আমার মাধাতেও বৃদ্ধি জোগায়। আমি বলন্ম, অভ অহ্ববিধা করবার দরকার কী। তার চেয়ে বরঞ্চাতটি তৃমি নিয়ে যাও, বধনি হযোগ হবে ফিরিয়ে দিলেই হবে।

আর সে তিল্মাত দেরি করল না। বললে, গ্লানটা শোনাচ্ছে ভালো।

ছাতাটা বগলে ক'রে চটুপটু সরে পড়ল। তয় ছিল, ফাউন্টেন-পেনের থোঁজ উঠে পড়ে। ছাতা ফেরাবার স্থ্যোগ কোনোদিনই হবে না। হায় রে, আমার পনেরো টাকা দামের সিঙ্কের ছাডাটা। ছাতা ফিরবে না, ফাউন্টেন-পেনও ফিরবে না, কিন্তু স্বচেয়ে আরামের কথা হচ্ছে— সেও ফিরবে না।

কী বল, দাদামশাষ! ভোমার সেই ফাউন্টেন-পেন, সেই ছাতা, তুমি ফিরে পাবে না ?

ডল্ল বিধান-মতে ফিরে পাবার আশা নেই।

আর, অভন্র বিধান-মতে ?

ভালোমামুবের কৃষ্টিতে সে লেখে না।

আমি তো ভালোমান্ত্র নই, আমি তাকে চিঠি লিখব— তোমার সে কথা জানবার দরকার হবে না।

भारत हिहि, ना ना, त्र कि हया आह्र, निर्ध हत्वहें वा की। त्र वनत्व, भाषि निहें नि।

ব্দনি, ও তাই বলবে। কিন্তু, আমরা বে ব্লেনেছি ও চুরি করেছে, সেইটেই ওকে আমি জানাতে চাই।

সর্বনাশ! ঠিক সেইটেই ওকে জানাতে চাই নে— ভত্তলোকের ছেলে চুরি করেছে— ছিছি, কডবড়ো সম্মার কথা। আমার এমন কড গেছে, তুমি তথন জন্মাও

নি। তখন বাউনিঙের কবিতার আদর নতুন বেড়েছে। খুব আগ্রছ করে পড়ছিল্ম। আমার সাহিত্যিক বৃদ্ধকে উৎসাহ করে একটা কবিতা পড়ে শোনাল্ম। তিনি বললেন, এ বইটা আমার নিশ্চর পড়া চাই, তিন দিন পরেই ফিরিয়ে দেব। আমার মুখ তাকিরে গেল। বলল্ম, এটা আমি এখন পড়ছি। এতই ভালোমায়্বের হরের বলেছিল্ম বে বইটা রাখতে পারা গোল না। দিনকয়েক পরে খবর নিয়ে আনল্ম, তিনি গেছেন একটা মকজ্মার তদ্বির করতে বহরমপুরে। ফিরতে দেরি হবে। আমার আনা হকারকে ব'লে দিল্ম, রাউনিঙের বড়ো এডিশনটা বদি পাওয়া যায় আমাকে বেন জানায়। কিছুদিন পরে খবর পেলাম, পাওয়া গেছে। বইটা বের করে দেখালে, আমারই সেই বই। যে পাতাখানায় আমার নাম লেখা ছিল সেই পাতাটা ছেড়া। কিনে নিল্ম। তার পর থেকে সেই বইখানা লুকিয়ে রাখতে হল, বেন আমিই চোর। আমার লাইত্রেরি ঘাঁটতে ঘাঁটতে পাছে বইখানা তাঁর হাতে ঠেকে। আমার কাছে তাঁর বিছে ধরা পড়েছে, এ কথাটা পাছে তিনি জানতে পান। আহা, হাজার হোক, ভ্রেশোক।

चात्र रमा हरत ना, मामामनाम, भन्ने त्रविष्ठ कारक वरण ভारमामाञ्य।

মণিরাম গতাই স্থায়না,
বাহিরের ধাকা গে নেয় না।
বেশি ক'রে আপনারে দেখাতে
চায় বেন কোনোমতে ঠেকাতে।
বোগাতা থাকে বদি থাক্-না,
চাকে তারে চাপা দিয়ে ঢাকনা।
আপনারে ঠেলে রেখে কোপেতে
তবে লে আরাম পায় মনেতে।
বেখা তারে নিতে চায় আগিরে
দূরে থাকে লে গভায় না গিয়ে।
বলে না সে, আরো দে বা খুবই দে;
ঠেলা নাহি মারে পেলে স্থবিধে।

यिन प्रत्य होनाहानि थायात वर्ण, को त्य त्यहे जाइ, वावा ता ! वाक्ष्यत इन ताहे, थाय जा ; मूथ त्याथ वाद्या नाहि याव जा । यिन त्यात, या जा वर्ण त्याक्षा । योह त्यात, था जा वर्ण त्याक्षा । योह वहे नित्य त्याम ना वे'ला ; वर्ण, व्योही प्रत्या नात्का जा वे'ला । वह्न क्रेकांव यिन, महेरव ; वर्ण, हिमार्वा जून देव । थात नित्य यात्र कात्ना माजा ताहे । यक क्रम वाव जात्र था माजि वर्ण, त्याव हिम वृत्य जामाजि ।

### यू छ कू छ न।

আমার খুদে বন্ধুরা এসে হান্ধির তাদের নালিশ নিরে। বললে, দাদামশায় তুমি কি আমাদের ছেলেমামুখ মনে কর।

তা, ভাই, ঐ ভূলটাই তো করেছিলুম। আঞ্চলাল নিজেরই বয়েসটার ভূল হিসেব করতে শুরু করেছি।

क्रभक्षा आयोत्मत्र हमत्य ना, आयोत्मत्र वरत्रम इत्य त्राह् ।

আমি বলদুম, ভায়া, রূপকথার কথাটা তো কিছুই নম। ওর রূপটাই হল আগল।
সেটা সব বরেসেই চলে। আছা, ভালো, বদি পছন্দ না হয় তবে দেখি খুঁজে-পেতে।
নিজের বরেসটাতে ভ্ব মেরে ভোমাদের বরেসটাকে মনে আনতে চেটা করছি। ভার ধলি থেকে রূপকথা নাহয় বাদ দিলুম, ভায় পরের সারে দেখতে পাই মংস্তনারীর উপাধ্যান। সেও চলবে না। ভোমরা নতুন বুগের ছেলে, খাটি থবর চাও; ফ্স্ করে জিজেস করে বসবে, লেজা বদি হয় মাছের, মুড়ো কী করে হবে মাছবের। রোসো, তবে জেবে দেখি। ভোমাদের বরেসে, এমন-কি জোমাদের চেরে কিছু বেলি বয়েসে আমরা ম্যাজিকওরালা হরীল হাল্লারকে পেরে বসেছিলুম। গুমু তার ম্যাজিকে হাড

ছিল না, সাহিত্যেও কলম চলত। আমাদের কাছে সেও ছিল মাজিক-বিশেষ। আজও মনে আছে একটা ঝুল্ঝুলে খাতায় লেখা তার নাটকটা, নাম ছিল মুক্ত কুনা। এমন নাম কার মাধায় আগতে পারে! কোধায় লাগে স্থমুখী, কুল্মনন্দিনী। তার পর ভার মধ্যে যা সব লখা চালের কথাবার্তা, তার বুলিগুলো গুনে মনে হয়েছিল, এ কালিদাসের ছাপ-মারা মাল। বীরালনার দাপট কী! আর, দেশ-উদ্ধারের তাল ঠোকা! নাটকের রাজপুত্রটি ছিলেন স্বয়ং পুরুরাজের ভায়ে; নাম ছিল রণত্থ্ব সিং। এও একটা নাম বটে, মুক্তকুন্তলার নামের সঙ্গে সমান শীয়তারা করতে পারে। আমাদের তাক লেগে গেল।—

আলেকজাগুর এসেছিলেন ভারত জয় করতে। রণত্র্ধর্ব বিদায় নিতে এলেন
মৃক্তকুম্বলার কাছে। মৃক্তকুম্বলা বললেন, যাও বীরবর, মৃদ্ধে জয়লাভ করে এলো,
আলেকজাগুরের মৃক্ট এনে দেওয়া চাই আমার পায়ের তলায়। মৃদ্ধে মারা পড়লেও
পাবে তুমি স্বর্গলোক, আর যদি বেঁচে ফিরে এস তো স্বয়ং আছি আমি।

উ:, কতবড়ো চটাপট হাততালির স্বায়গা একবার তেবে দেখো। আমি রান্ধি হলেম মুক্তকুস্তলা সান্ধতে, কেননা আমার গলার আওয়াকটা ছিল মিহি।

আমাদের দালানের পিছন দিকে খানিকটা পোড়ো জমি ছিল, তাকে বলা হত গোলাবাড়ি। সভ্যিকার ছেলেমামুষের পক্ষে সেই জারগাটা ছিল ছুটির মর্গ। সেই গোলাবাড়ির একটা ধারে আমাদের বাড়ির ভাঁড়ার ঘর, লোহার গরাদে দেওয়া; সেই গরাদের মধ্যে হাত গলিয়ে বস্তার ফাঁকের থেকে ভাল চাল কুড়িয়ে আনতুম। ইটের উত্বন পেতে কঠিকোর্ট জোগাড় করে চড়িয়ে দিতুন ছেলেমাত্মৰি পিচুড়ি। তাতে না ছিল মুন, না ছিল ঘি, না ছিল কোনোপ্রকার মদলার বালাই। কোনোমতে আধসিত্ত हरण खिल्ड (मर्टन राष्ट्रम । मरन हम नि स्डास्क्रित मर्टम निरम्बर किंहू हिम । এই গোলাবাড়ির পাঁচিল ঘেঁষে গোটাকতক বাধারি জোগাড় করে হ. চ. হ., আমাদের বিখ্যাত নাট্যকার, নানা আয়তনের খবরের কাগরু পুরেছুড়ে একটা ক্টেক্ক খাড়া करतिहिल्लन। क्लिंब नविशे यान करति सामासित तुरु मूल छेरेछ। अहे क्लिंब আমাকে সাজতে হবে মৃক্তকুন্তলা। সব কথা স্পষ্ট মনে নেই, কিছ হতভাগিনী মুক্তবৃত্তলার হৃথের দশা কিছু কিছু মনে পড়ে। এইটুকু জানি, তিনি তলোয়ার হাতে বীরপুরুষের সঙ্গে যোগ দিতে গিয়েছিলেন ঘোড়ায় চ'ড়ে। কিন্তু, ঘোড়াটা বে কার সাজবার কথা ছিল সে ঠিক মনে আনতে পারছি নে। যুদ্ধক্ষেত্রে গিয়ে বীরল্পনা বে বদেশের জন্তে প্রাণ দিয়েছিলেন, তাতে সন্দেহ নেই। তাঁর বৃকে ষধন বর্ণা (পাতকাঠি) বিদ্ধ হল, বধন মাটিতে তাঁর মুক্তকুন্তল লুটিয়ে পড়ছে, রণহুর্ধর্ব পালে এলে দাড়ালেন।

বীরান্ধনা বললেন, বীরবর, আমাকে এখন বিদার দাও, হরতো স্বর্গে সিরে দেখা হবে। আহা, আবার হাডভালির পালা।

অভিনয়ের জোগাড়বন্ধ নোটামূটি একরকম হয়ে এসেছিল। হরীশচন্ত কোথা থেকে এনেছিলেন নানা রকমের পরচূলো গোঁফগাড়ি। বউদিদির হাতে পায়ে ধরে ছটো-একটা শাড়িও জোগাড় করেছিলুম। তাঁর কোটা থেকে সিঁহুর নিমে সিঁথের পরবার সময় কোনো ভাবনা মনে আসে নি। ছুলে বাবার সময় ভুলেছিলুম তার লাগ মূহতে। ছেলেদের মধ্যে মন্ত হাসি উঠেছিল। কিছুদিন আমার ক্লাসে মৃথ দেখাবার জো রইল না। নাটকের অভিনয়ে সবচেয়ে ফল দেখা গেল এই হাসিতে। আর, বাকিট্রু হয়ে গেল একেবারে ফাঁকি। বেখানে আমাদের কেত্তের বাথারি পোতা হয়েছিল ঠিক সেই জারগায় সেজদালা কৃত্তির আখড়া পশুন করলেন। মৃক্তব্রুলার স্বচেয়ে ছয়থের দশা হল যুক্তক্তের নয়, এই কৃত্তির আড্ডায়। রণহুর্থক মিহি গলায় বলবার অ্বোগ পেলেন না, হে বীরবর, য়র্গে ভোমার সক্লে হয়তো দেখা হবে। ভার বদলে বলতে হল, সাড়ে নটা বাজল, স্থুলের গাড়ি তৈরি।

এর থেকেই ব্যবে, আমরা ধখন ছেলেমাস্থ ছিলেম সে ছিলেম খাঁটি ছেলেমাস্থ।

'দাদা হব' ছিল বিষম শথ—
তথন বন্ধস বারো হবেঁ,
কড়া হর নি অক।
স্টেজ বেঁধেছি ঘরের কোণে,
বুক মূলিয়ে কণে কণে
হয়েছিল দাদার অভিনয়;
কাঠের তরবারি মেরে
দাড়ি-পরা বিপক্ষেরে
বারে বারেই করেছিলুম জয়।
আজ খলেছে মুখোবটা লে,
আরেক লড়াই চারি পাশে—
মারছি কিছু অনেক বাচ্ছি মার।

### द्रवीख-द्राचनी

দিন চলেছে অবিরত, ভাবনা মনে জমছে কড, যোলো-আনা নয় সে অহংকার। দেখছে নতুন পালার দাদা হাত হুটো তার পড়ছে বাঁধা এ সংসারের হাজার গোলামিতে। ভৰুও সৰ হয় নি ফাকি, তহবিলে রয় যা বাকি কাজ চলছে দিতে এবং নিভে। দাক হয়ে এল পালা. नाहारमस्यत्र मीरशब माना নিভে নিভে যাচ্ছে ক্রমে ক্রমে। রঙিন ছবির দুস্ত রেখা वाशनः हार्यं शव ना एस्था, चालात करब सोया छेठेर क'रम। সময় হয়ে এল এবার ल्डेंट्स्प्र वीधन थूटन प्रवाद, न्दि यागृह याधाद-श्विमा ।

নেবে আগছে আঁধার-ধ্বনিকা।

থাতা হাতে এখন বৃধি

আগছে কানে কলম ভঁজি

কর্ম বাহার চরম হিলাব লিখা।

চোখের 'পরে দিয়ে ঢাকা
ভোলা মনকে তৃলিয়ে রাখা

কোনোমতেই চলবে না ভো আর।

অসীম দ্রের প্রেক্ষণীতে

পড়বে ধরা শেষ গণিতে

ভিত হয়েছে কিংবা হল হার।

# প্রবন্ধ

# বাংলাভাষা-পরিচয়

# উৎসর্গ ভাষাচার্য শ্রীযুক্ত স্থনীতিকুমার চটোপাধ্যায় করকমলে

## ভূমিকা

## ছাত্রপাঠকদের প্রতি

ভাষার আশ্চর্য রহস্ত চিন্তা ক'রে বিশ্বিত হই। আজ যে বাংলা ভাষা বহুলক্ষ মানুষের মন-চলাচলের হাজার হাজার রাস্তায় গলিতে আলো ফেলে সহজ করেছে পরস্পরের প্রতি মুহূর্তের বোঝাপড়া, আলাপ-পরিচয়, এর দীপ্তির পথরেখা অমুসরণ করে চললে কালের কোন্ দূরত্বর্গম দিগস্তে গিয়ে পৌছব। তারা কোন যাযাবর মানুষ, যারা অজ্ঞানা অভিজ্ঞতার তীর্থযাত্রায় তুঃসাধা অধ্যবসায়ের পথিক ছিল, যারা এই ভাষার প্রথম কম্পমান অম্পষ্ট শিখার প্রদীপ হাতে নিয়ে বেরিয়েছিল অখ্যাত জ্বাভূমি থেকে স্থদীর্ঘ বন্ধুর বাধাজটিল পথে। সেই আদিম দীপালোক এক যুগের থেকে আর-এক যুগের বাতির মুখে জলতে জলতে আজ আমার এই কলমের আগায় আপন আত্মীয়তার পরিচয় নিয়ে এল। ইতিহাসের যে বিপুল পরিবর্তনের শাখা-প্রশাখার মধ্য দিয়ে আদিযাত্রীরা চলে এদেছে তারই প্রভাবে সেই শ্বেতকায় পিঙ্গলকেশ বিপুলশক্তি আরণাকদের সঙ্গে এই শ্রামলবর্ণ ক্ষীণ-আয়ু শহরবাসী ইংরেজ রাজকের প্রজার সাদৃত্য ধুসর হয়েছে কালের ধুলিক্ষেপে। কেবল মিল চলে এসেছে একটি নিরবচ্ছিন্ন ভাষার প্রাচীন সূত্রে। সে ভাষায় মাঝে মাঝে নতুন সূত্রের জোড় লেগেছে, কোথাও কোথাও ছিন্ন হয়ে তাতে বেঁধেছে পরবর্তী কালের গ্রন্থি, কোথাও কোথাও অনার্য হাতের ব্যবহারে তার সাদা রঙ মলিন হয়েছে, কিন্তু তার ধারায় ছেদ পড়ে নি। এই ভাষা আজও আপন অঙ্গুলি নির্দেশ করছে বছদুর পশ্চিমের সেই এক আদিজ্মভূমির দিকে যার নিশ্চিত ঠিকানা কেট জানে না।

প্রাচীন ভারতবর্ষে অস্পষ্ট ইতিবৃত্তের প্রাকৃত লোকেরা যে ভাষায় কথা কইত, তুই প্রধান শাখায় তা বিভক্ত ছিল— শৌরসেনী ও মাগধী। শৌরসেনী ছিল পাশ্চাত্য হিন্দির মূলে, মাগধী অথবা প্রাচ্যা ছিল প্রাচ্য হিন্দির আদিতে। আর ছিল ওড়ী, ওড়িয়া; গৌড়ী, বাংলা। আসামীর উল্লেখ পাওয়া যায় না। কিন্তু অনতিপ্রাচীন যুগে আসামীতে গণ্ড ভাষার অনেক দৃষ্টান্ত পাওয়া যায়, এত বাংলায় পাই নে। সেই-সব দৃষ্টান্তে যে ভাষার পরিচয় পাই তার সঙ্গে বাংলার প্রভেদ নেই বললেই হয়।

মাগধী এবং শৌরসেনীর মধ্যে মাগধীই প্রাচীনতর। হর্ন্লে সাহেবের
মতে এই সময়ে ভারতবর্ষে মাগধীই একমাত্র প্রাকৃত ভাষা ছিল। এই ভাষা
পশ্চিম থেকে ক্রমে পূর্বের দিকে এসেছে। আর দিতীয় ভাষাপ্রবাহ
শৌরসেনী ভারতবর্ষে প্রবেশ ক'রে পশ্চিম দেশ অধিকার করেছিল।
হর্ন্লের মতে আর্যরা ভারতবর্ষে এসেছিল স্কুইবার পরে পরে। উভয়ের
ভাষায় মূলগত একা থাকলেও কিছু কিছু প্রভেদ আছে।

নদী যেমন অভিদ্র পর্বতের শিশ্বর থেকে ঝরনায় ঝরনায় ঝরে ঝরে নানা দেশের ভিতর দিয়ে নানা শাখায় বিভক্ত হয়ে সমুদ্রে গিয়ে পৌছয়, তেমনি এই দ্র কালের মাগধী ভাষা আর্য জনসাধারণের বাণীধারায় বয়ে এসে অ্দূর যুগান্তরে ভারতের অ্দূর প্রান্তে বাংলাদেশের হুদয়কে আজ ধ্বনিত করেছে, উর্বরা করেছে তার চিত্তভূমিকে। আজন্ত শেষ হল না তার প্রকাশ-লীলা। সমুদ্রের কাছাকাছি এসে সে বিস্তৃত হয়েছে, মিশ্রিত হয়েছে, গভীর হয়েছে তার প্রবাহ, দেশের সীমা ছাড়িয়ে সর্বদেশের আবেপ্তনের সঙ্গে এসে মিলেছে। সেই দূর কালের সঙ্গে আর আমাদের এই বর্তমান কালের, বহু দেশের অজানা চিত্তের সঙ্গে আর বাংলাদেশের নবজাগ্রত চিত্তের মিলনের দৌতা নিয়ে চলেছে এই অতিপুরাতন এবং এই অতিপুরাকি বাক্যম্রোত, এই কথা ভেবে এর রহস্যে বিশ্বিত হয়ে আছি। সেই বিশ্বয়ের প্রকাশ আমার এই বইটিতে।

ভাষা জিনিসটা আমরা অত্যস্ত সহকে বাবহার করি, কিন্তু তার নাড়ীনক্ষত্রের খবর রাখা একটুও সহজ নয়। যে নিয়মের ঐকা ধরে পরিচয় সহজ
হয় ভাষার ইতিহাসে একটা তার অবিচ্ছিন্ন স্ত্রও থাকে, আবার তার
বদলও চলে পদে পদে। কেন বদল হয় তার ভালো কৈফিয়ত সব সময়ে
পাওয়া যায় না। সে-সমস্ত কঠিন সমস্তার বিচার নিয়ে এ বই লিখছি
নে। ভাষার ক্তেত্রে চলতে চলতে যাতে আমাকে খুদি করেছে, ভাবিয়েছে,

আশ্চর্য করেছে, তারই কৌতুকের ভাগ সকলকে দেব বলেই লেখবার ইচ্ছে হল। বিষয়টাকে যাঁরা ফলাও করে দেখছেন ও তলিয়ে বুঝেছেন, এ লেখায় उाँदिन कार्ष्ट क्राप्टी-हांत्रां थ्रंड (बरतांत्वहे। किन्न डा नित्र खडान्ड वान्ड হবার দরকার নেই। ভাষাভত্তে প্রবীণ সুনীতিকুমারের সঙ্গে আমার তফাত এই— তিনি যেন ভাষা সম্বন্ধে ভূগোলবিজ্ঞানী, আর আমি যেন পায়ে-চলা পথের ভ্রমণকারী। নানা দেশের শব্দমহলের, এমন-কি তার প্রেতলোকের হাটহদ জানেন তিনি, প্রমাণে অমুমানে মিলিয়ে তার খবর দিতে পারেন यमश्च थ्रनामौद्ध । हमर्ड हमर्ड या यामात्र हार्थ প्रष्ट्र वरः रा ভাবনা উঠেছে আমার মনে, সেই খাপছাড়া দৃষ্টির অভিজ্ঞতা নিয়ে যখন যা মনে আদে আমি বকে যাব। ভাতে ক'রে মনে ভোমরা সেই চলে বেডাবার স্বাদটা পাবে। তারও দাম আছে। তোমাদের জ্ঞে विश्वभित्रहरू वर्रेशांना नित्थिहिनुम এर ভाবেर। विज्ञात्नत त्राह्मा स्राह्मी বাসিন্দাদের মতে। সঞ্চয় জ্বমা হয় নি ভাণ্ডারে, রাস্তায় বাউলদের মতে। পুশি হয়ে ফিরেছি, থবরের ঝুলিটাতে দিন-ভিক্ষে যা জুটেছে তার সঙ্গে দিয়েছি আমার থুলির ভাষা মিলিয়ে। ছোটোখাটো অপরাধ যদি ঘটে থাকে সেই থুশির ভোগে অনেকটা তার খণ্ডন হতে পারে। জ্ঞানের দেশে ভ্রমণের मथ ছिल वलाई दाँक গেছি, विस्मय সাধনা না থাকলেও। সেই मथि। ভোমাদের মনে যদি জাগাতে পারি তা হলে আমার যতটুকু শক্তি সেই অনুসারে ফল পাওয়া গেল মনে করে আশস্ত হব।

মানুষের মনোভব ভাষাজ্বগতের যে অদ্ভুত রহস্ত আমার মনকে বিশ্বয়ে অভিভূত করে তারই ব্যাখ্যা করে এই বইটি আরম্ভ করেছি। তার পরে, এই বইয়ে যে ভাষার রূপ আমি দেখাতে চেষ্টা করেছি, তাকে বলে বাংলার চলিত ভাষা। আমি তাকে বলি প্রাকৃত বাংলা। সংস্কৃতের যুগে যেমন ভিন্ন প্রাকৃত প্রচলিত ছিল, তেমনি প্রাকৃত বাংলারও নানা রূপ আছে বাংলার ভিন্ন ভিন্ন অংশে। এদেরই মধ্যে একটা বিশেষ প্রাকৃত চলেছে আধুনিক বাংলাসাহিত্যে। এই প্রাকৃতেরই স্বভাব বিচার করেছি এই বইয়ে। লেখকের পক্ষে. একটা মুশকিল আছে। চলতি বাংলা চলতি

#### त्रवीख-त्रहमावली

বলেই সম্পূর্ণ নির্দিষ্ট নিয়মে বাঁধা নয়। হয়তো উচ্চারণে এবং বাকাবাবহারে একজনের সকল বিষয়ে মিল এখনও পাকা হড়ে পারে নি। কিন্তু যে ভাষা সাহিত্যে আশ্রয় নিয়েছে তাকে নিয়ে এলোমেলো ব্যবহারে ক্ষতি হবার আশ্রম আছে। এখন থেকে বিক্ষিপ্ত পথগুলিকে একটি পথে মিলিয়ে নেবার কাজ শুরু করা চাই। এই গ্রন্থে রইল তার প্রথম চেষ্টা। ক্রমে ক্রমে নানা লোকের অধ্যবসায়ে এই ভাষার দ্বিধাগ্রস্ত প্রথাগুলি বিধিবদ্ধ হতে পারবে। এই গ্রন্থে সমর্থিত কোনো উচ্চারণ বা ভাষারীতি কারও কারও অভাস্ত নয়। স্কুতরাং ব্যবহারে পরম্পারের পার্থক্য আছে। সেই স্ববস্থায় রাশীকরণের প্রণালীতে অর্থাং অধিকাংশ লোকের সাংখ্যিক তুলনায় তার বিচার স্থির হতে পারবে।

শান্তিনিকেতন ৭ কাতিক, ১৩৪৫

রবীন্দ্রনাথ ঠাকুর

## बाल्लाखाया-निविष्य

জীবের মধ্যে স্বচেয়ে সম্পূর্ণতা মাহুষের। কিন্তু স্বচেয়ে অসম্পূর্ণ হয়ে সে জন্মগ্রহণ করে। বাঘ ভালুক তার জীবনধাতার পনেরো আনা মূলধন নিয়ে আসে প্রকৃতির মালধানা থেকে। জীবরক্ত্নিতে মাহুষ এগে দেখা দেয় তুই শৃক্ত হাতে মুঠো বেঁধে।

মাহ্ব সাগবার পূর্বেই ভাবস্পৃতিয়ক্তে প্রকৃতির ভূরিবায়ের পালা শেব হয়ে এসেছে।
বিপুল মাংস, কঠিন বর্ম, প্রকাণ্ড লেক নিয়ে জলে স্থল পুথল দেহের যে অমিতাচার
প্রবল হয়ে উঠেছিল তাতে ধরিত্রীকে দিলে ক্লান্ত করে। প্রমাণ হল আভিশয়ের
পরাভব অনিবার্য। পরীক্ষায় এটাও দ্বির হয়ে গেল যে, প্রশ্রের পরিমাণ হত বেলি হয়
হর্বলতার বোঝাও তত হবহ হয়ে ওঠে। নৃতন পবে প্রকৃতি ইধাসন্তব মান্থ্রের বরাদ্ধ
কম করে দিয়ে নিজে রইল নেপথা।

মাহৃদকে দেপতে হল খুব ছোটো, কিন্তু দেটা একটা কৌশল মাত্র। এবারকার জীবধাত্রার পালায় বিপুশতাকে করা হল বহুলতার পরিণত। মহাকায় জন্ত ছিল প্রকাণ্ড একলা, মাহৃষ হল দূরপ্রসারিত অনেক।

মান্থবের প্রধান লক্ষণ এই যে, মান্থব একলা নয়। প্রভাক মান্থব বহু মান্থবের দক্ষে যুক্ত, বহু মান্থবের হাতে তৈরি।

কখনো কখনো শোনা গেছে, বনের জন্ত মান্থবের শিশুকে চুরি করে নিমে গিয়ে পালন করেছে। কিছুকাল পরে লোকালয়ে যখন তাকে ফিরে পাওয়া গেছে তখন দেখা গেল জন্তর মতোই তার ব্যবহার। অথচ সিংহের বাচ্ছাকে জন্মকাল থেকে মান্থবের কাছে রেখে পুষলে লে নরসিংহু হয় না।

এর মানে, মান্থ থেকে বিচ্ছিন্ন হলে মানবসন্থান মান্থই হয় না, অথচ তখন তার জন্ধ হতে বাধা নেই। এর কারণ বহু বুগের বহু কোটি লোকের দেহ মন মিলিয়ে মান্থবের সন্তা। সেই বৃহৎ সন্তার সঙ্গে যে পরিমাণে সামশু ঘটে ব্যক্তিগত মান্থব সেই পরিমাণে যথার্থ মান্থব হয়ে ওঠে। সেই সন্তাকে নাম দেওয়া বেতে পারে মহামান্থব।

এই বৃহৎ সন্তার মধ্যে একটা অপেক্ষাক্সত ছোটো বিভাগ আছে। তাকে বলা বেতে পারে জাতিক সন্তা। ধারাবাহিক বহু কোটি লোক পুরুষপরস্পরায় মিলে এক-একটা সীমানায় বীধা পড়ে। এদের চেহারার একটা বিশেষত্ব আছে। এদের মনের গড়নটাও কিছু বিশেষ ধরণের। এই বিশেষত্বের লক্ষণ অনুসারে দলের লোক পরস্পরকে বিশেষ আত্মীয় বলে অনুভব করে। মানুষ আপনাকে সভ্য বলে পায় এই আত্মীয়ভার স্বত্তে গাঁথা বহুদ্রবাাপী বৃহৎ একাজালে।

মাম্বকে মাম্ব করে তোলবার ভার এই জাতিক সন্তার উপরে। সেইজ্ঞে
মাম্বের সবচেয়ে বড়ো আত্মরক্ষা এই জাতিক সন্তাকে রক্ষা করা। এই তার বৃহৎ দেহ,
ভার বৃহৎ আত্মা। এই আত্মিক ঐক্যবোধ যাদের মধ্যে চুবল, সম্পূর্ণ মাম্ব হয়ে ওঠবার
শক্তি তাদের ক্ষীণ। জাতির নিবিড় সম্মিলিত শক্তি তাদের পোষণ করে না, রক্ষা করে
না। ভারা পরম্পর বিশ্লিষ্ট হয়ে থাকে, এই বিশ্লিষ্টভা মানবধর্মের বিরোধী। বিশ্লিষ্ট
মাম্ব্র পদে পদে পরাভৃত হয়, কেননা তারা সম্পূর্ণ মাম্বর নয়।

বেছেতু মান্ত্ৰ সন্মিলিত জীব এইজন্তে শিশুকাল থেকে মান্ত্ৰের সবচেয়ে প্রধান শিক্ষা— পরস্পর মেলবার পথে চলবার সাধনা। ধেখানে তার মধ্যে জল্পর ধর্ম প্রবল সেখানে স্বেচ্ছা এবং স্বার্থের টানে তাকে স্বতন্ত্র করে, ভালোমত মিলতে দের বাধা; তথন সমষ্টির মধ্যে যে ইচ্ছা, যে শিক্ষা, যে প্রবর্তনা দীর্ঘকাল ধরে জ্ঞান আছে সে জ্ঞার ক'রে বলে, 'ভোমাকে মান্ত্র্য হতে হবে কট ক'রে; ভোমার জ্ঞাধর্মের উণ্টো পথে গিয়ে।' জাতিক সন্তার অন্তর্গত প্রত্যেকের মধ্যে নিয়ত এই ক্রিমা চলচ্ছে ব'লে একটা বৃহৎ সীমানার মধ্যে একটা বিশেষ ছাঁদের মহয়সংঘ তৈরি হয়ে উঠছে। একটা বিশেষ জাতিক নামের ঐক্যে তারা পরস্পার পরস্পারকে চেনে, ভারা পরস্পারের কাছ থেকে বিশেষ অবস্থায় বিশেষ আচরণ নিশ্চিন্ত মনে প্রত্যাশা করতে পারে। মান্ত্র্য জ্ঞায় জ্ঞান্ত হয়ে, কিন্তু এই সংঘ্রম্ব ব্যবস্থার মধ্যে অনক ত্বংশ করে সে মান্ত্র্য হয়ে ওঠে।

এই-যে বহুকালক্রমাগত ব্যবস্থা যাকে আমরা সমাঞ্জ নাম দিয়ে পাকি, যা মন্ত্র্যুদ্ধের প্রেরয়িতা, তাকেও সৃষ্টি করে চলেছে মান্ত্রয় প্রতিনিয়ত— প্রাণ দিয়ে, ত্যাগ দিয়ে, চিস্কা দিয়ে, নব নব অভিজ্ঞতা দিয়ে, কালে কালে তার শংস্কার ক'রে। এই অবিশ্রাম দেওয়া-নেওয়ার ঘারাই সে প্রাণবান হয়ে ওঠে, নইলে সে ক্রড্যুন্ত হয়ে থাকত এবং তার ঘারা পালিত এবং চালিত মান্ত্রয় হত কলের পুতৃলের মতো; সেই-স্ব যান্ত্রিক নিয়মে বাঁধা মান্তবের মধ্যে নতুন উদ্ভাবনা থাকত না, তালের মধ্যে অগ্রস্কাতি হত অবক্ষয়।

সমাজ এবং সমাজের লোকদের মধ্যে এই প্রাণগত মনোগত মিলনের ও আদানপ্রদানের উপায়স্বরূপে মাছ্যের স্বচেয়ে প্রেষ্ঠ যে স্পৃষ্ট সে হচ্ছে তার ভাষা। এই ভাষার নিরম্ভর ক্রিয়ায় সমস্ত জাতকে এক করে তুলেছে; নইলে মাছ্য বিচ্ছিয় হয়ে মানবধর্ম থেকে বঞ্চিত হত।

জ্যোতিরিজ্ঞানী বলেন, এমন-সব নক্ষত্র আছে যারা দীপ্তিহারা, তাদের প্রকাশ নেই, জ্যোতিক্মগুলীর মধ্যে তারা অখ্যাত। জীবন্ধগতে মাহ্য জ্যোতিক্জাতীয়। মাহ্য দীপ্ত নক্ষত্রের মতো কেবলই আপন প্রকাশশক্তি বিকীর্ণ করছে। এই শক্তি তার ভাষার মধ্যে।

জ্যোতিছনক্ষত্রের মধ্যে পরিচয়ের বৈচিত্রা আছে; কারও দীপ্তি বেশি, কারও দীপ্তি মান, কারও দীপ্তি বাধাগ্রন্ত। মানবলোকেও তাই। কোথাও ভাষার উচ্ছলতা আছে, কোথাও নেই। এই প্রকাশবান নানা জাতির মাহ্ব ইতিহাসের আকাশে আলোক বিস্তীর্ণ করে আছে। মাবার কাদেরও বা আলো নিবে গিয়েছে, আজ ভাদের ভাষা লুপ্ত।

ভাতিক সন্তার সংক্ষ সংক্ষ এই-যে ভাষা অভিবাক্ত হয়ে উঠেছে এ এতই আমাদের অন্তরক্ষ যে, এ আমাদের বিশ্বিত করে না, ষেমন বিশ্বিত করে না আমাদের চোথের দৃষ্টিশক্তি— যে চোথের বার দিয়ে নিত্যানিয়ত আমাদের পরিচয় চলছে বিশ্বপ্রকৃতির সংক্ষ। কিন্তু একদিন ভাষার স্কষ্টিশক্তিকে মানুষ দৈবশক্তি বলে অনুভব করেছে সে কথা আমর। ব্যতে পারি যথন দেখি যিছদি পুরাণে বলেছে, স্ক্টের আদিতে ছিল বাকা; যথন শুনি ঋষেদে বাগ্দেবতা আপন নহিমা ঘোষণা ক'রে বলছেন—

আনি রাজী। সামার উপাসকদের আমি ধনসমূহ দিয়ে থাকি।
পূজনীয়াদের মধ্যে আমি প্রথমা। দেবতারা আমাকে বহু স্থানে প্রবেশ করতে
দিয়েছেন।

প্রত্যেক মাসুষ, যার পৃষ্টি আছে, প্রাণ আছে, স্র্রুতি আছে, আমার কাছ থেকেই সে অর গ্রহণ করে। যারা আমাকে জানে না ভারা ক্ষীণ হয়ে যায়।

আমি স্বয়ং বা বলে থাকি তা দেবতা এবং মাত্র্যনের বারা সেবিত। আমি বাকে কামনা করি তাকে বলবান করি, স্বষ্টকর্তা করি, শ্ববি করি, প্রজ্ঞাবান করি।

2

কোঠাবাড়ির প্রধান মদলা ইট, তার পরে চুন-স্তব্কির নানা বাধন। ধ্বনি দিয়ে আঁটবাঁধা শব্দই ভাবার ইট, বাংলায় তাকে বলি কথা। নানারকম শব্দিছের গ্রন্থি দিয়ে এই কথাগুলোকে গেঁথে গেঁথে হয় ভাবা।

মাটির তাল নিয়ে চাকে ঘ্রিয়ে ঘ্রিয়ে কুমোর গ'ড়ে তোলে হাঁড়িকুঁড়ি, নানা থেলনা, নানা মৃতি। মাহুব সেইরকম গলার আঞ্জান্তটাকে ঠোঁটে গাঁতে জিডে টাকরায় নাকের গর্তে খুরিয়ে ধ্বনির পুঞ্চ গড়ে তুলেছে; মাহবের মনের কোঁক, জদরের আবেগ সেইগুলোকে ঠেলা দিয়ে দিয়ে নানা আকার দিছে।

দোম্বেল-কোকিলরাও ধ্বনি দিয়ে ভাব প্রকাশ করে। মাহুষের ভাষার ধ্বনি তেমন সহজ নয়। মাহুষের অক্ত নানা আচরণের মতো প্রভাকে শিশুকে নতুন ক'রে শুরু করতে হয়েছে ভাষার অভ্যেস, জাগিয়ে রাখতে হয়েছে এর কৌশল। সেইজজে মাহুষের ভাষা বাধা পড়ে যায় না একই অচল ঠাটে।

আত্তে আত্তে বদল তার চলেইছে, ছ-তিন শে। বছর আগোকার ভাষার সঙ্গে পরের ভাষার তফাত ঘটে আসছেই। তবু বিশেষ দাতের ভাষার মূল স্বভাবটা থেকে যায়, কেবল তার আচারের কিছু কিছু বদল হয়ে চলে। সেইদ্রক্তেই প্রচীন বাংলাভাষ। বদল হতে হতে আধুনিক বাংলায় এসে দাড়িয়েছে, অমিল আছে যথেই, তবু তার স্বভাবের কাঠামোটাকে নিয়ে আছে তার ঐক্য।

ভাষাবিজ্ঞানীরা এই কাঠামোর বিচার ক'রে ভাষার জাত নিণ্য করেন।

সংস্কৃত ব্যাকরণে সমন্ত শব্দেরই এক-একটা মূল ধাতু আন্দান্ধ করা হয়েছে। সব আন্দান্ধগুলিই সম্পূর্ণ সন্ত্য হোক বা না হোক, এর গোড়াকার তবটাকে মানি। প্রাণক্তগতে প্রাণীস্টের আরম্ভে দেখা দেয় একটি একটি ক'রে জাবকোষ, তার পরে তাদেরই সমবায়ে ক্রমে পরিস্কৃট হয়ে উঠতে থাকে অব্যবধারা জাব। এক-একটি জীব এক-একটি বিশেষ কাঠামো নিয়ে তাদের স্বাতদ্বোর ইতিহাস অন্থ্যরণ করে। জাববিজ্ঞানীরা তাদের সেই কাঠামোর একা থেকে নানা পরিবর্তনের ভিতরেও তাদের শ্রেণী নির্ণয় করেন।

ভারতবর্ধের কতকগুলি বিশেষ ভাষাকে ভাষাবিজ্ঞানী গৌড়ীয় ভাষা নাম দিয়ে তাদের নেলবন্ধন করেছেন। আমি বাঙালী, মারাঠি ভাষা ভনলে তার অর্থ ব্যতে পারি নে; কিন্ত ছটো ভাষাই যে এক জাতের, ভাষাবিজ্ঞানীর; সেটা ধরতে পেরেছেন তাদের কাঠামো থেকে। পূষ্তু ভাষায় কথা কয় পাঠানেরা, ভারতবর্ধের পশ্চিম সীমানা পেরিয়ে; পূর্ব সীমানায় আমরা বলি বাংলা। কিন্তু ছই ভাষারই কন্ধাল-সংস্থানের মধ্যে যে একা আছে তার থেকে বোঝা যায় এরা আছ্মীয়। এই ছই ভাষাতেই বহুসংখ্যক ধ্বনি গড়ে উঠেছে শব্দ হয়ে। একটা মূলস্বভাষ তাদের একা দিয়েছে। শব্দগুলো বিশ্লেষণ ক'রে দেখলে সেই স্বভাষটা ধরা পড়ে। এর থেকে বোঝা যায়, এক-এক জাতির ভাষা তার স্বতন্ত থেরালের স্পষ্টি নয়। কতকগুলি মূল ধ্বনিসংকেত নিয়ে যারা ভাষার কারবার আরম্ভ করেছিল, তারা ছড়িয়ে পড়েছে নানা দেশে। কিন্তু ধ্বনিসংকেতের আত্মীয়তা ধরা পড়ে উটাদের কাছে, ভাষাদৃষ্টির অভিক্রতা

যাঁদের আছে। প্রাচীন যুগের ঘোড়া আর এখনকার ঘোড়ায় প্রভেদ আছে বিশ্বর, কিন্তু তাদের ক্যালের ছাঁদ দেখলে বোঝা যায়, তারা এক বংশের। ভাষার মধ্যেও সেই ক্যালের ছাঁদের মিল পেলেই তাদের একজাতীয়তা ধরা পড়ে।

ভাষা বানিষ্ণেছে মাতৃষ, এ কথা কিছু সত্য আবার অনেকথানি সভ্য নয়। ভাষা যদি ব্যক্তিগত কোনো মাছুষের বা দলের কুতকার্য হত তা হলে তাকে বানানো বল্ডুম; কিন্তু ভাষা একটা সমগ্র জাতের লোকের মন থেকে, মুখ থেকে, ক্রমশই গড়ে উঠেছে। ভিন্ন ভিন্ন শ্রেণীর ক্রমিতে ভিন্ন ভিন্ন রক্ষমের গাছপালা বেমন অভিব্যক্ত হয়ে ওঠে, ভাষার মূলপ্রকৃতিও তেমনি। মান্তবের বাগ্যন্ত বদিও লব জাতের মধ্যেই একই ছালের তবু তালের চেহারায় তফাত আছে, এও তেমনি। বাগধন্তের একটা-किह राम एक चार्क, लाएकरे प्रकारत्पत्र शक्न याप वनत्न । जिन्न जिन्न कारकर मृत्य স্বরবর্ণ-ব্যঞ্জনবর্ণের মিশ্রণ ঘটবার রান্তায় তফাত দেখতে পাওয়া বায়। তার পরে তাদের চিম্বার আছে ভিন্ন ভিন্ন ভাঁচ, ভাতে শব্দ ফোডবার ধরণ ও ভাষার প্রকৃতি व्यानामा क'दर रमग्र। 'डामा श्राथरम व्यावस रम मानावकम रेमवार अस्मारपार्ड, छाद भरत মামুখের দেহমনের শভাব অহুসরণ করে দেই-সব সংকেতের ধারায় সে ভরে উঠতে थाक । अथशैन मार्टित मर्था सिर्व यथन अक्सन वा प्र-ठात्रसन मास्य कार्ता-अक সময়ে চলে গেছে, তথন ভাষের পায়ের চাপে মাটি ও ঘান চাপা প'ডে একটা আকস্মিক সংকেত তৈরি হয়েছে। পরবর্তী পথিকেরা পায়ের তলায় তারই আহ্বান পায়। এমনি করে পদক্ষেপের প্রবাহে এ পথ চিহ্নিত হতে থাকে। যদি পরিশ্রম বাঁচাবার অন্তে মাহুৰ এ পথ বানাতে বিশেষ চেষ্টা করত তা হলে রাস্তা হত সিধে; কিন্তু प्रभट भारे, प्रारो भथ हत्नाह विक्राहत । তाতে द्वारा मोर्च हत्वाह कि ना म क्या কেউ বিচার করে নি।

ভাষার আক্ষিক সংকেত এমনি ক'রে অলক্ষ্যে টেনে নিয়ে চলেছে যে পথে সেটা আকাৰাকা পথ। হিসেব ক'রে তৈরি হয় নি, হয়েছে ইশারা থেকে ইশারায়। প্রোনো রাস্তা কিছু কিছু জীর্ণ হয়েছে, আবার ভার উপরে নতুন সংখ্যারেরও হাত পড়েছে। অনেক প্ত আছে ভার মধ্যে, নানা স্থানেই সে যুক্তিসংগত নয়। না হোক, তবু সে প্রাণের জিনিস, সমন্ত জাতের প্রাণমনের সঙ্গে সে গেছে এক হয়ে।

9

মাছবের একটা গুণ এই বে সে প্রতিমৃতি গড়ে; তা সে পটে ছোক, পাধরে হোক, মাটিতে ধাছুতে হোক। অর্থাৎ একটি বস্তুর অন্তরূপে আর-একটিকে বানাতে সে আনন্দ পায়। তার আর-একটি গুণ প্রতীক তৈরি করা, খেলার আনন্দে বা কাজের স্থবিধের জন্তে। প্রতীক কোনো-কিছুর অন্থরপ হবে, এমন কথা নেই। মুখোষ প'রে বড়োলাটসাহেবের পক্ষে অবিকল রাজার চেহারার নকল করা অনাবক্ষক। তারতবর্বের গদিতে তিনি রাজার স্থান দখল করে কাজ চালান— তিনি রাজার প্রতীক বা প্রতিনিধি। প্রতীকটা মেনে নেওয়ার ব্যাপার। ছেলেবেলায় মাস্টারি খেলা খেলবার সময় মেনে নিয়েছিল্ম বারান্দার রেলিংগুলো আমার ছাত্র। মাস্টারি খালনের নিষ্ট্র গৌরব অন্থত্তব করবার জন্তে স্তিকার ছেলে সংগ্রহ করবার দরকার হয় নি। এক টুকরো কাগজের সঙ্গে দল টাকার চেহারার কোনো মিল নেই, কিন্তু সবাই মিলে মেনে নিয়েছে দল টাকা তার দাম, দল টাকার সে প্রতীক। এতে দলের লোকের দেনাপাওনাকে সোন্ধা ক'রে দেওয়া হল।

ভাষা নিয়ে মায়্রবের প্রতীকের কারবার। বাঘের থবর আলোচনা করবার উপলক্ষ্যে বাঘে হাজির করা সহজ্ঞও নয়, নিরাপদও নয়। বাঘে মায়্রমকে থায়, এই সংবাদটাকে প্রত্যক্ষ করানোর চেষ্টা নানা কারণেই অসংগত। 'বাঘ' ব'লে একটা শব্দকে মায়্রব বানিয়েছে বাঘ জন্তুর প্রতীক। বাঘের চরিত্রে জানবার বিষয় থাকতে পারে বিস্তর, সে-সমস্তই ব্যবহার করা এবং জমা করা যায় ভাষার প্রতীক দিয়ে। মায়্রবের জ্ঞানের সঙ্গে ভাবের সঙ্গে অভিবাক্ত হয়ে চলেছে এই তাম একটি বিরাট প্রতীকের জগং। এই প্রতীকের জালে জল ম্বল আকাশ থেকে অসংখ্য সভ্য সে আকর্ষণ করছে, এবং সঞ্চারণ করতে পারছে দ্রু দেশে ও দূর কালে। ভাষা গড়ে ভোলা মাম্রবের পক্ষে সহজ্ঞ হয়েছে যে প্রতীকরচনার শক্তিতে, প্রকৃতির কাছ থেকে সেই দানটাই মান্থবের সকল দানের সেরা।

ধ্বনিতে গড়া বিশেষ বিশেষ প্রতীক কেবল যে বিশেষ বিশেষ বস্তুর নামধারী হয়ে কাচ্চ চালাচ্ছে তা নয়, আরও অনেক হন্দ্র তার কাচ্চ। ভাষাকে তাল রেখে চলতে হয় মনের গঙ্গে। সেই মনের গঙি কেবল তো চোখের দেখার সীমানার মধ্যে সংকীর্ণ নয়। যাদের দেখা যায় না, ছোওয়া যায় না, কেবলমাত্র ভাষা যায়, মান্তবের স্বচেয়ে বড়ো দেনাপাওনা তাদেরই নিয়ে। খুব একটা সামান্ত দৃষ্টান্ত দেওয়া যাক।

বলতে চাই, তিনটে সাদা গোক। ঐ 'তিন' শ্বটা সহন্ধ নয়, আর 'সাদা' শ্বটাও বে থ্ব সাদা অর্থাৎ সরল তা বলতে পারি নে। পৃথিবীতে তিন-জ্বন মান্ত্ব, তিন-তলা বাড়ি, তিন-সের হুধ প্রভৃতি তিনের পরিমাণগুমালা জিনিস বিশ্বর আছে, কিন্তু জিনিসমাত্রই নেই অথচ তিন ব'লে একটা সংখ্যা আছে এ অসম্ভব। এ যদি ভাবতে যাই তা হলে হয়তো তিন সংখ্যার একটা অক্ষর ভাবি, সেই অক্ষরটাকে মূখে বলি তিন; কিছ অক্ষর তো তিন নয়। ঐ তিন অক্ষর এবং তিন শব্দের মধ্যে নিঃশব্দে লুকোনো রয়েছে অগণা তিন-সংখ্যক জিনিসের নির্দেশ। তাদের নাম করতে হয় না। ভাষার এই স্থবিধা নিয়ে মাছ্য সংখ্যা বোঝাবার শব্দ বানিয়েছে বিশুর। তিনটে তিন সংখ্যার গোক একজ করলে নটা গোক হয়, এ কথা শ্বরণ করাবার জন্তে গোয়ালঘরে টেনে নিয়ে যেতে হয় না। গোক প্রভৃতি সব-কিছু বাদ দিয়ে মাছ্য ভাষার একটা কৌশল বানিয়ে দিলে, বললে তিন-ত্রিক্ষে নয়। ও একটা ফাদ। তাতে ধরা পড়তে লাগল কেবল গোক্ষ নয় তিন-সংখ্যা-বাধা যে-কোনো তিন জিনিসের পরিমাপ। ভাষা যার নেই এই সহজ কথাটা ধরে রাখবার উপায় তার হাতে নেই।

এই উপলক্ষ্যে একটা ঘটনা আমার মনে পড়ল। ইস্থলে-পড়া একটি ছোটো মেয়ের কাচে আমার নামতার অজ্ঞতা প্রমাণ করবার জন্তে পরিহাদ ক'রে বলেছিলুম, তিন-পাঁচে পঁচিল।

চোগছটো এত বড়ো ক'রে সে বললে, 'আপনি কি জানেন না তিন-পাঁচে পনেরো?' আমি বললুম, 'কেমন করে জানব বলো, সব তিনই কি এক মাপের। তিনটে হাতিকে পাঁচগুণ করলেও পনেরো, তিনটে টিকটিকিকেও?' শুনে তার মনে বিষম ধিকার উপস্থিত হল, বললে, 'তিন যে তিনটে একক, হাতি-টিকটিকির কথা তোলেন কেন।' শুনে আমার আশ্বর্ণ বোধ হল। যে একক সকও নয় মোটাও নয়, ভারিও নয় হাজাও নয়, যে আছে কেবল ভাষা আঁকড়িয়ে, সেই নিশ্বণ একক ওয় কাছে এত সহজ হয়ে গেছে যে, আন্ত হাতি-টিকটিকিকেও বাদ দিয়ে ফেলতে তার বাধে না। এই তো ভাষার গুণ।

'সাদা' কথাটাও এইরকম স্বাষ্টিছাড়া। সে একটা বিশেষণ, বিশেষ নইলে একেবারে নিরর্থক। সাদা বন্ধ থেকে তাকে ছাড়িয়ে নিলে স্থগতে কোথাও তাকে রাথবার হ্লায়গা পাওয়া হায় না, এক ঐ ভাষার শস্কটাতে ছাড়া। এই তো গেল গুণের কথা, এখন বন্ধর কথা।

মনে আছে আমার বয়স যখন আর আমার একজন মাস্টার বলেছিলেন, এই টেবিলের গুণগুলি সব বাদ দিলে হয়ে যাবে শৃষ্ণ। গুনে মন মানভেই চাইল না। টেবিলের গায়ে যেমন বানিশ লাগানো হয় ভেমনি টেবিলের সঙ্গে তার গুণগুলে! লেগে থাকে, এই রক্মের একটা ধারণা বােধ করি আমার মনে ছিল। যেন টেবিলটাকে বাদ দিতে গালে মুটে ডাকার দরকার, কিন্তু গুণগুলা ধুয়ে মুছে ফেলা সহজ। সেদিন এই কথা নিয়ে হা করে অনেকক্ষণ ভেবেছিলুম। অথচ মায়্রবের ভাবা গুণহীনকে নিয়ে অনেক বড়ো বড়ো কারবার করেছে। একটা দৃষ্টাক্ত দিই।

আমাদের ভাষায় একটা সরকারি শব্দ আছে, 'পদার্থ'। বলা বাছলা, জগতে পদার্থ ব'লে কোনো জিনিস নেই; জল মাটি পাধর লোহা আছে। এমনভরো অনির্দিষ্ট ভাবনাকে মাহুষ ভার ভাষায় বাঁধে কেন। জকরি দরকার আছে বলেই বাঁধে।

বিজ্ঞানের গোড়াতেই এ কথাটা বলা চাই যে, পদার্থ মাত্রই কিছু না কিছু জায়গা জ্বোড়ে। ঐ একটা শব্দ দিয়ে কোটি কোটি শব্দ বাঁচানো গেল। অভ্যাস হয়ে গেছে ব'লে এ স্বান্টির মূল্য ভূলে আছি। কিন্তু ভাষার মধ্যে এই-সব অভাবনীয়কে ধরা মাহ্যযের একটা মন্ত কীতি।

বোঝা-হাছা-করা এই-সব সরকারি শব্দ দিয়ে বিজ্ঞান দর্শন ভরা। সাহিতোও তার কমতি নেই। এই মনে করো, 'হৃদয়' শব্দটা বলি অভান্ত সহছেই। কারও হৃদয় আছে বা হৃদয় নেই, যত সহছে বলি তত সহকে বাাখা। করতে পারি নে। কারও 'মস্থাত্ব' আছে বলতে কী আছে তা সমস্তটা ম্পাই করে বলা অসাধা। এ কেতে ধানির প্রতীক না দিয়ে অভারকম প্রতীকও দেওয়া যেতে পারে। মন্থাত্ব ব'লে একটা আকারহীন পদার্থকে কোনো-একটা মৃতি দিয়ে বলাও চলে। কিছু মৃতিতে জায়গা জোড়ে, তার ভার আছে, তাকে বয়ে নিয়ে য়েতে হয়। ত৷ ছাড়া তাকে বৈচিত্রা দেওয়া যায় না। শব্দের প্রতীক আমাদের মনের সঙ্গে মিলিয়ে থাকে, অভিজ্ঞতার সক্ষে তার অর্থের বিস্তার হতেও বাধা ঘটে না।

এ কথাটা ছেনে রাগা ভালো যে, এই-সব ভার-লাঘব-করা সরকারি অর্থের পদগুলিকে ইংরেজিতে বলে আাব্দুটার্ক্ট, শন্ধ। বাংলায়, এর একটা নতুন প্রতিশব্দের দরকার। বােধ করি 'নিবন্ধক' বললে কাজ চলতে পারে। বস্তু থেকে গুণকে নিক্রান্ত করে নেওয়া যে ভাবমাত্র তাকে বলবার ও বােঝাবার জত্যে নির্বন্তক শন্ধটা হয়তো বাবহারের যােগা। এই আাব্টুটার্ক্ট, শন্ধানোকে আপ্রান্ত করে মান্তবের মন এত দ্রে চলে বেতে পেরেছে বত দ্রে তার ইন্দ্রিয়শক্তি থেতে পারে না, যত দ্রে তার কোনাে যানবাহন পৌছয় না।

8

মাহব বেষন জানবার জিনিস ভাষা দিয়ে জানায় তেমনি তাকে জানাতে হয় সুখহুংখ, তালো লাগা - মন্দ লাগা, নিন্দা-প্রশংসার সংবাদ। ভাবে ভলীতে, ভাষাহীন
জাওয়াজে, চাহনিতে, হাসিতে, চোথের জলে এই-সব অস্থৃতির জনেকথানি বোঝানো
বেতে পারে। এইগুলি হল মাহবের প্রকৃতিদন্ত বোবার ভাষা, এ ভাষায় মাহবের
ভাবপ্রকাশ প্রত্যক। কিন্তু সুখ তুংখ ভালোবাসার বোধ জনেক সুক্ষে যায়, উর্কেষ হায়;

ভখন ভাকে ইশারায় আনা যায় না, বর্ণনায় পাওয়া বায় না, কেবল ভাষায় নৈপ্লে বড দ্র সম্ভব নানা ইলিতে বৃকিয়ে দেওয়া যেতে পারে। ভাষা স্বন্ধরোধের গভীরে নিয়ে বেতে পেরেছে বলেই মাস্থ্যের স্বন্ধারেগের উপলব্ধি উৎকর্ম লাভ করেছে। সংস্কৃতিমানদের বোধশক্তির রুচ্তা যায় ক্ষয় হয়ে, তাঁদের অহভূতির মধ্যে ক্ষয় হয়্ময় ভাবের প্রবেশ ঘটে সহজে। গোঁয়ায় স্বন্ধয় হচছে অশিক্ষিত স্বন্ধ। অবস্থা সভাবদোষে কচি ও অহভূতির পক্ষতা যাদের মজ্জাগত ভাদের আশা হেড়ে দিতে হয়। জ্ঞানের শক্তি নিয়েও এ কথা গাটে। স্বাভাবিক মৃত্তা যাদের ছভেঁগ, জ্ঞানবিজ্ঞানের চর্চায় ভাদের বৃদ্ধিকে বেশি দ্র পর্যন্ত সাথকতা দিতে পারে না।

মান্ধবের বৃদ্ধিশাধনার ভাষা আপন পূর্ণতা দেখিয়েছে দর্শনে বিজ্ঞানে। হৃদয়রৃত্তির চূড়ান্থ প্রকাশ কাবো। তৃইয়ের ভাষায় অনেক তকাত। জ্ঞানের ভাষা যত দূর সম্ভব পরিষ্কার হওয়া চাই; তাতে ঠিক কথাটার ঠিক মানে থাকা দরকার, সাজসক্ষার বাছলো সে যেন আচ্চর না হয়। কিছু ভাবের ভাষা কিছু য়ি অসপই থাকে, য়ি সোঞা ক'রে না বলা হয়, য়ি তাতে অলংকার থাকে উপয়ুক্তমত, তাতেই কাল দেয় বেশি। জ্ঞানের ভাষায় চাই স্পাই অর্থ; ভাবের ভাষায় চাই ইশারা, হয়তো অর্থ বাকা ক'রে দিয়ে।

ভালো লাগা বোঝাতে কবি বললেন, 'পাষাণ মিলায়ে যায় গায়ের বাভাদে'। বললেন, 'ওল চল কাঁচা অন্তের লাবণি অবনি বহিয়া যায়'। এখানে কথাগুলোর ঠিক মানে নিলে পাগলামি হয়ে দাঁড়াবে। কথাগুলো যদি বিজ্ঞানের বইয়ে থাকত তা হলে ব্যক্তম, বিজ্ঞানী নতুন আবিদ্ধার করেছেন এমন একটি দৈহিক হাওয়া যার রাগায়নিক ক্রিয়ার পাথর কঠিন থাকতে পারে না, গাাস রূপে হয় অদৃশ্র। কিংবা কোনো মাছাবের শরারে এমন একটি রশ্মি পাওয়া গেছে যার নাম দেওয়া হয়েছে লাবণি, পৃথিবীর টানে যার বিকিরণ মাটির উপর দিয়ে ছড়িয়ে যেতে থাকে। শব্দের অথকে একাল বিশ্বাস করলে এইরকম একটা ব্যাখাা ছাড়া উপায় থাকে না। কিন্তু এ-যে প্রাকৃত ঘটনার কথা নয়, এ-যে মনে-হয়-যেন'র কথা। শব্দ তৈরি হয়েছে ঠিকটা-কী জানাবার ফল্ডে; সেইজন্তে ঠিক-যেন-কী বলতে গেলে তার অর্থকে বাড়াতে হয়, বাকাতে হয়। ঠিক-যেন-কী বভাবি কেবল নায় কবিছ। বন্ধত কবিছ এত বড়ো আয়গা পেয়েছে তার প্রথান কারণ, ভাষার শব্দ কেবল আপন সাদা অর্থ দিয়ে সব ভাব প্রকাশ করতে পারে না। তাই কবি লাবণা শব্দের বথার্থ সংক্রা ত্যাগ ক'রে বানিয়ে বললেন, যেন লাবণ্য একটা বরনা, শরীর থেকে ক'রে পড়ে মাটিতে। কথার বানিয়ে বললেন, যেন লাবণ্য একটা বরনা, শরীর থেকে ক'রে পড়ে মাটিতে। কথার

অর্থ টাকে সম্পূর্ণ নই ক'রে দিয়ে এ হল ব্যাকুলতা; এতে বলার সন্দে সন্দেই বলা হচ্ছে 'বলতে পারছি নে'। এই অনিব্চনীয়তার অধােগ নিয়ে নানা কবি নানারকম অত্যুক্তির চেঠা করে। অযোগ নয় তো কী; যাকে বলা যায় না তাকে বলবার অধােগই কবির সৌভাগ্য। এই অযোগেই কেউ লাবণাকে ফ্লের গন্ধের সঙ্গে ভূলনা করতে পারে, কেউ বা নিংশন্ধ বীণাধ্বনির সঙ্গে— অসংগতিকে আরও বহু দ্রে টেনে নিয়ে গিয়ে। লাবণ্যকে কবি যে লাবণি বলেছেন সেও একটা অধীরতা। প্রচলিত শন্ধকে অপ্রচলিতের চেহারা দিয়ে ভাষার আভিধানিক সীমানাকে অনিদিষ্ট ভাবে বাড়িয়ে দেওয়া হল।

হাদয়াবেগে যার সীমা পাওয়া যায় না তাকে প্রকাশ করতে গেলে সীমাবছ ভাষার বেড়া ভেঙে দিতে হয়। কবিছে আছে সেই বেড়া ভাঙার কাজ। এইজন্তেই মা তার সন্থানকে যা নয় তাই ব'লে এককে আর ক'রে জানার। বলে চাঁদ, বলে মানিক, বলে সোনা। এক দিকে ভাষা স্পষ্ট কথার বাছন, আর-এক দিকে অস্পষ্ট কথারও। এক দিকে বিজ্ঞান চলেছে ভাষার সিঁড়ি বেয়ে ভাষাসীমার প্রত্যন্তে, ঠেকেছে গিয়ে ভাষাতীত সংকেতচিকে; আর-এক দিকে কাব্যও ভাষার ধাপে ধাপে ভাবনার দ্রপ্রান্তে পৌছিয়ে অবশেষে আপন বাঁধা অর্থের অন্তথা করেই ভাবের ইশারা তৈরি করতে বসেছে।

Q

জানার কথাকে জানানো আর হার্মের কথাকে বোগে জাগানো, এ ছাড়া ভাষার আর-একটা খুব বড়ো কাজ আছে। দে হচ্ছে কল্পনাকে রূপ দেওয়া। এক দিকে এইটেই স্বচেয়ে অনরকারি কাজ, আর-এক দিকে এইটেডেই মাছ্বের স্বচেয়ে আনন্দ। প্রাণলোকে স্ক্রেরাপারে জীবিকার প্রয়োজন যত বড়ো জায়গাই নিক-না, অলংকরণের আয়োজন বড়ো কম নয়। গাছপালা থেকে আরম্ভ ক'রে পশুপক্ষী পর্যন্ত রঙে রেখায় প্রসাধনের বিভাগ একটা মন্ত বিভাগ। পাশ্চাত্য মহাদেশে যে ধর্মনীতি প্রচলিত, পশুরা তাতে অস্মানের জায়গা পেয়েছে। আমার বিশাস, সেই কায়ণেই মুরোপের বিজ্ঞানীবৃদ্ধি জীবমহলে সৌন্দর্যকে একাল্ডই কেন্ডো আদর্শে বিচার করে এসেছে। প্রকৃতিদন্ত সাজে সক্ষায় ওনের বোগশক্তি প্রাণিক প্রয়োজনের বেশি দ্বেয় যেয়ায়, এ কথা মুরোপে সহজে স্বীকার করতে চায় না। কিন্তু সৌন্দর্য একমান্ত মাছুবের কাছেই প্রয়োজনের অত্যীত আনন্দের দৃত হয়ে এসেছে আর পশুপক্ষীর স্বথবোধ

একাস্কভাবে কেবল প্রাণধারণের ব্যবসায়ে সীমাবদ্ধ, এমন কথা মানতেই হবে তার কোনো কারণ নেই।

যাই হোক, সৌন্দর্থকে মান্থর অহৈতুক বলে মেনে নিয়েছে। কুধা তৃষ্ণা মান্থরকে টানে প্রাণযাত্রার গরতে; সৌন্দর্থও টানে, কিছ তাতে প্রয়োজনের তাগিদ নেই। প্রয়োজনের সামগ্রীর সক্ষে আমরা সৌন্দর্থক জড়িরে রাখি, সে কেবল প্রয়োজনের একান্ত ভারাকর্থণ থেকে মনকে উপরে তোলবার জন্তে। প্রাণিক শাসনক্ষেত্রর মাঝবানে সৌন্দর্থের একটি মহল আছে যেখানে মান্থর মৃক্ত, তাই সেখানেই মান্থর পার বিশ্বছ আনন্দ।

মাহ্ব নির্মাণ করে প্রয়োজনে, স্পষ্ট করে আনন্দে। তাই ভাষার কাজে মাহ্বের ছটো বিভাগ আছে— একটা তার গরজের; আর-একটা তার খুনির, তার খেয়ালের। আকর্বের কথা এই বে, ভাষার জগতে এই খুনির এলেকায় মাহ্বের যত সম্পদ স্যত্তে গঞ্চিত এমন আর-কোনো অংশে নয়। এইখানে মাহ্ব স্পষ্টকর্তার গৌরব অহ্বত্ব করেছে, সে পেয়েছে দেবতার আসন।

रुष्ठि वनट्ड दावाब राहे ब्रह्मा बाद मुशा উष्ट्रिक ध्वकान । मासूब वृद्धित পরিচয দেয় জানের বিষয়ে, বোগ্যতার পরিচয় দেয় কৃতিত্বে, আপনারই পরিচয় দেয় স্পষ্টতে। বিশে বখন আমরা এমন-কিছুকে পাই যা রূপে রুসে নিরতিশয়ভাবে তার সন্তাকে আমাদের চেতনার কাছে উচ্ছণ করে ভোলে, যাকে আমহা স্বীকার না করে থাকতে পারি নে, যার কাছ থেকে অন্ত কোনো লাভ আমরা প্রত্যালাই করি নে. আপন আনন্দের বারা তাকেই আমরা আত্মপ্রকাশের চরম মূলা দিই। ভাষায় মামুষের স্বচেরে বড়ো স্বান্ট সাহিত্য। এই স্বান্টিডে বেটি প্রকাশ পেরেছে তাকে বধন চরম বলেই মেনে নিই তখন দে হয় স্বামার কাছে তেমনি সতা বেমন সতা ঐ বটগাছ। সে যদি এমন-কিছু হয় স্চরাচরের সঙ্গে যার মিল না থাকে, অথচ যাকে নিশ্চিত প্রতীতির সঙ্গে খীকার করে নিষে বলি 'এই যে তুমি', তা হলে সেও সভা হয়েই সাহিত্যে স্থান পায়, প্রাকৃত জগতে যেমন সভ্যরূপে স্থান পেয়েছে পর্বত নদী। মহাভারতের অনেক-কিছুই খামার কাছে সভা; ভার সভাভা সহছে ঐতিহাসিক, এমন-কি প্রাঞ্জিক কোনো প্রমাণ না থাকতে পারে, এবং কোনো প্রমাণ মামি তলব করতেই চাই নে, তাকে সভা ব'লে অমুন্তব করেছি এই বধেষ্ট। আমরা বধন নতুন আয়গার প্রমণ করতে বেরোই তধন **गिर्शात निज बलात बाबात्य ठेउँ मिन स्व नि वत्यर ग्रिशनका**त बि শাধারণ দৃশ্ত সহজেও আমাধের অহত্তি লাই থাকে; এই লাই অহত্তিতে যা দেখি ভার সভ্যতা উজ্জল, ভাই সে আমাদের আনন্দ দেব। তেখনি সেই সাহিত্যকেই

আমরা শ্রেষ্ঠ বলি বা রসজ্ঞানের অন্থভূতির কাছে আপন রচিত রসকে রূপকে অবক্সবীকার্য করে তোলে। এমনি করে ভাষার জিনিসকে মান্তবের মনের কাছে সভ্য করে ভোলবার নৈপুণা যে কী, তা রচয়িতা স্বয়ং হয়তো বলতে পারেন না।

প্রাকৃতিক জগতে অনেক-কিছুই আছে যা অকিঞ্চিৎকর বলে আমাদের চোধ এড়িয়ে যায়। কিন্তু অনেক আছে যা বিশেষভাবে ফুলর, যা মহীয়ান, যা বিশেষ কোনো ভাবস্থতির গঙ্গে অড়িত। লক্ষ্ণ ক্ষিনিগের মধ্যে তাই সে বাস্তবক্তপে বিশেষভাবে আমাদের মনকে টেনে নেয়। মাস্থবের রচিত গাহিত্যজগতে সেই বাস্তবের বাছাই করা হতে থাকে। মাস্থবের মন যাকে বরণ করে নেয় গব-কিছুর মধ্যে থেকে সেই গত্যের স্পন্ত চলছে গাহিত্যে; অনেক নই হচ্ছে, অনেক থেকে যাছে। এই গাহিত্য মাস্থবের আনন্দলোক, তার বাস্তব জগং। বাস্তব বলছি এই অর্থে যে, গত্য এখানে আছে বলেই সত্য নয়, অর্থাৎ এ বৈজ্ঞানিক গত্য নয়— গাহিত্যের সত্যকে মাস্থবের মন নিশ্চিত মেনে নিয়েছে বলেই সে গত্য।

মাহ্য জানে, জানায়; মাহ্য বোধ করে, বোধ জাগায়। মাহ্যবের মন করজগতে সঞ্চরণ করে, স্পষ্ট করে কর্মরূপ: এই কাজে ভাষা তার যত সহায়তা করে ততই উত্তরোত্তর তেজপী হয়ে উঠতে থাকে।

সাহিত্যে যে স্বভঃপ্রকাশ সে আমাদের নিজের স্বভাবের। তার মধ্যে মাহুষের অস্তরতর পরিচয় আপনিই প্রতিফলিত হয়। কেন হয় তার একটু আলোচনা করা বেতে পারে।

বে সত্য আমাদের তালো লাগা - মন্দ্র লাগার অপেক্ষা করে না, অন্তিই ছাড়া যার অন্ত কোনো মূল্য নেই, সে হল বৈজ্ঞানিক সত্য। কিছু যা-কিছু আমাদের স্বর্থ-বিদনার স্বাক্ষরে চিহ্নিত, যা আমাদের করনার দৃষ্টিতে স্প্রপ্রত্যক্ষ, আমাদের কাছে তাই বান্তব। কোন্টা আমাদের অন্তভূতিতে প্রবল করে সাড়া দেবে, আমাদের কাছে দেখা দেবে নিশ্চিত রূপ ধরে, সেটা নির্ভর করে আমাদের শিক্ষাদীক্ষার, আমাদের স্বভাবের, আমাদের অবস্থার বিশেবদ্বের উপরে। আমরা যাকে বান্তব বলে গ্রহণ করি সেইটেতেই আমাদের যথার্থ পরিচয়। এই বান্তবের অগৎ কারও প্রশন্ত, কারও সংকীর্ণ। কারও দৃষ্টিতে এমন একটা সচেতন সজীবতা আছে, বিশের ছোটো বড়ো অনেক-কিছুই তার অন্তরে সহজে প্রবেশ করে। বিধাতা তার চোবে লাগিয়ে রেখেছেন বেদনার স্বাভাবিক দ্রবীক্ষণ অন্বীক্ষণ -শক্তি। আবার কারও কারও অগতে আন্তরিক কারণে বা বাহিরের অবস্থাবশত বেশি ক'রে আলো পড়ে বিশেষ কোনো সংকীর্ণ, পরিধিয় -মধ্যে। তাই মান্তবের বান্তব্রেধ্যের বিশেষক ও

শারতনেই বর্থার্থ তার পরিচয়। সে বদি কবি হয় তবে তার কাব্যে ধরা পড়ে তার
মন এবং তার মনের দেখা বিশ্ব। বৃদ্ধের পূর্বে ও পরে ইংরেজ কবিদের দৃষ্টিক্ষেত্রের
শালো বদল হয়ে গেছে, এ কথা সকলেই জানে। প্রবল আঘাতে তাদের মানসিক
পথযাত্রার রথ পূর্বকার বাঁধা লাইন থেকে স্ত্রাই হয়ে পড়েছে। তার পর থেকে পথ
চলেছে অন্ত দিকে।

এই প্রসংক আমাদের পুরোনো গাহিত্য থেকে একটি দৃষ্টাক্তের আলোচনা করা বেতে পারে।

মশ্বনাব্যের ভূমিকাতেই দেখি, কবি চলেছেন দেশ ছেড়ে। রাজ্যে কোনো বাবহা নেই, শাসনকর্তারা ধবেছাচারী। নিজের জীবনে মৃকুশরাম রাষ্ট্রশক্তির বে পরিচয় পেয়েছেন তাতে তিনি সবচেয়ে প্রবল করে অস্কৃতব করেছেন অপ্তায়ের উচ্চুখলতা; বিদেশে উপবাসের পর লান করে তিনি ধখন ঘুমোলেন, দেবী স্বপ্নে তাকে আদেশ করলেন দেবীর মহিমাগান রচনা করবার জন্তে। সেই মহিমাকার্তন ক্মাহীন লায়ধর্মহান দ্বাপরায়ণ ক্রুরতার জয়কীর্তন। কাব্যে জানালেন, যে শিবকে কল্যাণময় বলে ভক্তি করা যায় তিনি নিশ্চেই, তাঁর ভক্তদের পদে পদে পরাভব। ভক্তের অপমানের বিষয় এই বে, অক্তায়কারিণী শক্তির কাছে সে ভয়ে মাথা করেছে নত, সেই সঙ্গে নিজের আরাধ্য দেবতাকে করেছে অপ্রজ্যে। শিবশক্তিকে সে মেনে নিয়েছে অপজ্যিক বলেই।

মনসামশশের মধ্যেও এই একই কথা। দেবতা নিষ্ঠ্র, ভাষধর্মের দোহাই মানে না, নিজের পূজা-প্রচারের অহংকারে সব ভ্রুমই সে করতে পারে। নির্মম দেবতার কাছে নিজেকে হীন ক'রে, ধর্মকে অহীকার ক'রে, তবেই ভীক্ষর পরিত্রাণ, বিখের এই বিধানই কবির কাছে ছিল প্রবেশভাবে বাস্তব।

অপর দিকে আমাদের পুরাণকথাসাহিত্যে দেখো প্রহলাদচরিত্র। যারা এই চরিত্রকে রপ দিরেছেন তারা উৎপীড়নের কাছে মান্থবের আত্মপরাভবকেই বাত্তব ব'লে মানেন নি। সংসারে সচরাচর ঘটে সেই দীনতাই, কিন্তু সংখ্যা গণনা করে তারা মানবসতাকে বিচার করেন নি। মান্থবের চরিত্রে বেটা সত্য হওয়া উচিত তাদের কাছে সেইটেই হরেছে প্রত্যক্ষ বাত্তব, বেটা সর্বদাই ঘটে এর কাছে সেটা ছায়া। বে কালের মন থেকে এ রচনা জেগেছিল সে কালের কাছে বীর্ণবান দৃচ্চিত্রতার মূল্য বে কতখানি, এই সাহিত্য থেকে তারই পরিচর পাওয়া বায়।

আর-এক কবিকে দেখো, শেলি। তাঁর কাব্যে অভ্যাচারী দেবতার কাছে শাহব বন্দী। কিন্তু পরান্তব এর পরিণাম নয়। অসহ শীভনের তাড়নাতেও অস্তায় শক্তির

কাছে মাহ্নৰ অভিভূত হয় নি। এই কবির কাছে অত্যাচারীর পীড়নশক্তির হর্জয়তাই সবচেয়ে বড়ো সত্য হয়ে প্রকাশ পায় না, তাঁর কাছে তার চেয়ে বাস্তব সত্য হচ্ছে অত্যাচারিতের অপরাজিত বীধ।

শাহিত্যের জগংকে আমি বলছি বান্তবের জগং, এই কথাটার তাৎপর্ব আরও একটু ভালো করে বুঝে দেখা দরকার। এ তর্ক প্রায় মাঝে মাঝে উঠেছে বে, প্রাকৃত জগতে যা অপ্রিয় যা হঃখজনক, যাকে আমরা বর্জন করতে ইচ্ছা করি, সাহিত্যে তাকে কেন আদর করে স্থান দেওয়া হয়, এমন-কি বিরহাস্থক নাটক কেন মিশনাস্তক নাটকের চেয়ে বেশি মূল্য পেয়ে থাকে।

যা আমাদের মনে জােরে ছাপ দেয়, বাস্তবভার হিসাবে ভারই প্রভাব আমাদের कार्फ अवन । जः स्थेत शकाश यामहा अक है । जिनानीन शाकरण शाहि न । ज कथा সভা হলেও তর্ক উঠবে, হাথ ধবন অপ্রিয় তথন সাহিত্যে তাকে উপভোগ্য বলে স্বীকার করি কেন। এর সহন্ধ উত্তর এই— হংব অপ্রিয় নব, সাহিত্যেই তার প্রমাণ। যা-কিছু আমরা বিশেষ করে অমুভব করি তাতে আমরা বিশেষ করে আপনাকেই পাই। সেই পাওয়াতে আনন। চার দিকে আমাদের অমুভবের বিষয় যদি কিছু না থাকে তা হলে সে আমাদের পক্ষে মৃত্যু; কিংবা যদি কেবলমাত্র তাই থাকে যাতে স্থভাবত আমাদের ঔৎস্থকোর অভাব বা ক্ষীণতা তা হলে মনে অবসাদ মাসে, কেননা ভাতে করে আমাদের আপনাকে অমুভব করাটা সচেতন হবে ওঠে না। তঃখের অমুভৃতি আমাদেরকে সবচেয়ে বেশি চেতিয়ে রাখে; কিন্তু সংসারে হুংখের সঙ্গে ক্ষতি এবং আঘাত ছড়িয়ে থাকে, সেইজন্তে আমাদের প্রাণপুরুষ হুংখের সম্ভাবনায় কৃষ্টিত হয়। জীবনযাত্রার আঘাত বা কতি সাহিতো নেই বলেই বিভ**ৎ অহ**ভবটুকু ভোগ করতে পারি। গল্পে ভৃতের ভয়ের অমুভৃতিতে ছেলের। পুলকিত হর, কেননা ভালের মন এই অমৃভৃতির অভিক্রতা পায় বিনা হৃংখের মূলো। কাল্লনিক ভরের আঘাতে ভূত তাদের কাছে নিবিড়ভাবে বাত্তব হয়ে ওঠে, স্মার এই বাত্তবের অনুভূতি ভরের যোগেই আনন্দজনক। যারা সাহসী তারা বিপদের সম্ভাবনাকে বেচে ভেকে আনে. ভয়ানকে আনন্দ আছে বলেই। তারা এভারেস্টের চূড়া লজ্জন করতে বার অকারণে। **जारित मर्न ज्य त्नहे वर्णहे ज्यद कांत्र-महायनाव जारित निविद्ध भानमः। भागात** মনে ভয় আছে, তাই আমি ছুর্গম পর্বন্তে চড়তে বাই নে, কিছ ছুর্গমনাঞীদের বিবরণ ঘরে বসে পড়তে ভালোবাসি ; কেননা তাতে বিপদের বাদ পাই অধচ বিপদের আশহা থাকে না। যে অমণবুভাক্তে বিপদ যথেই ভীবণ নয় তা পদ্ধতে তত ভালো লাগে না। বস্তুত প্রবল অমূভূতি মাত্রই আনন্দজনক, কেননা সেই অমূভি-যারা প্রবলয়ণে

আমরা আপনাকে জানি। সাহিত্য বহু বিচিত্রভাবে আমাদের আপনাকে জানার অগৎ, অধচ সে অগতে আমাদের কোনো দারিত্ব নেই।

শাহিত্যে মান্তবের আত্মপরিচরের হাজার হাজার ব্যরনা ববে চলেছে— কোনোটা পদিল, কোনোটা আছ, কোনোটা জীন, কোনোটা পরিপূর্ণপ্রায়। কোনোটা মান্তবের মরবার সময়ের লক্ষণ জানায়, কোনোটা জানায় তার নবজাগরণের।

विठात करान एको बाब, साप्टरिक नाहिजात्रकना जात करों। भार्ष निरंब। अक হচ্ছে বা ভার চোখে অত্যন্ত করে পড়েছে, বিশেষ করে মনে ছাপ দিয়েছে। তা হাপ্তকর হতে পারে, অন্তত হতে পারে, সাংসারিক আবশ্রকতা অমুসারে অকিঞ্চিংকর ছতে পারে। তার মূল্য এই যে, তাকে মনে এনেছি একটা স্থপট ছবিরূপে, ঘটনারপে; অর্থাং সে আমাদের অমুভৃতিকে অধিকার করেছে বিশেষ ক'বে, ছিনিয়ে নিয়ে চেতনার কীণতা থেকে। সে হয়তো অবজা বা ক্রোধ উত্তেক করে, কিন্তু সে ম্পট্ট। থেমন মছরা বা উাড়ুদত্ত। দৈনিক ব্যবহারে তার সঙ্গ আমরা বর্জন করে থাকি। কিছু সাহিত্যে বখন তার ছবি দেবি তখন হেলে কিংবা কোনো রক্ষে উল্ভেক্তি ছ'মে व'লে উঠি, 'ঠিক বটে !' এইরকম কোনো চরিত্রকে বা ঘটনাকে নিশ্চিত স্বীকার করাতে আমানের আনন্দ আছে। নিয়তই বহু লক্ষ পদার্থ এবং অসংখ্য ব্যাপার যা আমাদের জীবনমনের ক্ষেত্র দিয়ে চলেচে তা প্রবলমণে আমাদের অভিজ্ঞতার বিষয় হয় না। কিন্তু যা-কিছু স্বভাবত কিংবা বিশেষ কারণে আমাদের চৈতক্তকে উদ্রিক্ত ক'রে আলোভিত করে সেই-সব অভিজ্ঞতার উপকরণ আযাদের মনের ভাতারে দ্বমা হতে থাকে, তারা বিচিত্রভাবে আমাদের স্বভাবকে পূর্ণ করে। মায়বের সাহিত্য মায়বের সেই সম্ভাবিত, সম্ভবপর, অসংখ্য অভিজ্ঞভার পরিপূর্ণ। षाভाতে দেখে এলুম षान्धर्व नृভाकोनमात्र महत्र इञ्चात इञ्चलिए नृভाहस्त्र নাট্যাভিনয়। এই তুই পৌরাণিক চরিত্র এমন অন্তরমভাবে তামের অভিজ্ঞভার জিনিস হয়ে উঠেছে যে, চার দিকের মনেক পরিচিত মাছবের এবং প্রত্যক্ষ ব্যাপারের চেয়ে এদের সভা এবং মাচরণ ভাদের কাছে প্রবশতরক্ষপে স্থনিশ্চিত হয়ে গেছে। এই স্থনিভিত অভিক্রতার আন্ত্র প্রকাশ পাক্ষে তাদের নাচে গানে।

गाहिত্যের আর-একটা কাল্ক হচ্ছে, মাল্লব বা অত্যস্ত ইচ্ছা করে সাহিত্য তাকে রপ দেয়। এমন করে দেয় যাতে সে আমাদের মনের কাছে প্রভাক হয়ে ওঠে। সংসার অসম্পূর্ব; তার ভালোর সঙ্গে মন্দ্র জড়ানো, সেখানে আমাদের আকাক্রা ভরপুর মেটে না। সাহিত্যে মাল্লব আপনার সেই আকাক্রা-পূর্ণভার জগৎস্থি করে চলেছে। তার ইচ্ছার আদর্শে বা ছওয়া উচিত ছিল, বা হয় নি, ভাকে সৃতিমান ক'রে মেটাচ্ছে সে ্ আপন ক্ষোত। সেই রচনার প্রভাব ফিরে এসে তার নিজের সংসাররচনার চরিজরচনার কাজ করছে। যাছবের বড়ো ইচ্ছাকে বে সাহিত্য আকার দিয়েছে, এবং আকার দেওয়ার ছারা মাছবের মনকে ভিতরে ভিতরে বড়ো ক'রে তুলছে, তাকে মাছব যুগে মুখে স্মান দিয়ে এসেছে।

এইসঙ্গে একটা কথা মনে রাধতে হবে, সাহিত্যে মান্থবের চারিত্রিক আদর্শের ভালো মন্দ দেখা দেয় ঐতিহাসিক নানা অবস্থাতেদে। কখনো কখনো নানা কারণে ক্লান্ত হয় ভার ভারবৃদ্ধি, যে বিশাসের প্রেরণায় তাকে আত্মান্তরের শক্তি দেয় তার প্রতি নির্ভর শিথিল হয়, কল্বিত প্রবৃত্তির স্পর্ধায় ভার ক্লচি বিক্বত হতে থাকে, শৃথালিত পশুর শৃথাল যায় খুলে, রোগন্ধর্জর অভাবের বিষাক্ত প্রভাব হয়ে ওঠে সাংঘাতিক, ব্যাধির সংক্রামকতা বাতাসে বাতাসে ছড়াতে থাকে দ্রে দ্রে দ্রে। অথচ মৃত্যুর ছোঁমাচলেগে তার মধ্যে কখনো কখনো দেখা দেয় শিল্পকলার আশ্বর্ধ নৈপুণা। শুক্তির মধ্যে মুক্তা দেখা দেয় তার ব্যাধিরপে। শীতের দেশে শরংকালের বনভূমিতে যখন মৃত্যুর হাওয়া লাগে তখন পাতায় পাতায় রিউন তার বিকাশ বিচিত্র হয়ে ওঠে, সে তাদের বিনাশের উপক্রমণিকা। সেইরকম কোনো আভির চরিত্রকে যখন আত্মঘাতী রিপুর ভ্রেসতায় ছড়িয়ে ধরে তখন তার সাহিত্যে, তার শিল্পে, কখনো কখনো মোহনীয়তা দেখা দিতে পারে। তারই প্রতি বিশেষ লক্ষ নির্দেশ ক'রে যে রসবিলাসীরা অহংকার করে তারা মান্থবের শক্ত। কেননা সাহিত্যকে শিল্পকলাকে সমগ্র মন্থ্যত্ব থেকে শুত্রা করতে থাকলে ক্রমে স্থাপন শৈল্পিক উৎকর্বের আদর্শকৈও বিকৃত করে ভোলে।

মান্থব বে কেবল ভোগরণের সমন্ধার হরে আখালাখা করে বেড়াবে তা নর; তাকে পরিপূর্ণ করে বাঁচতে হবে, অপ্রমন্ত পৌশবে বীর্ধবান হয়ে সকলপ্রকার অমন্ধলের সম্বেল লড়াই করবার জন্তে প্রস্তুত হতে হবে। স্বন্ধাতির সমাধির উপরে ফুলবাগান নাহ্য নাই তৈরি হল।

U

সমূত্রের মধ্যে হাজার হাজার প্রবাদ আপন দেহের, আবরণ মোচন করতে করতে কথন এক সমরে বীপ বানিষে তোলে। তেমনি বহুসংখ্যক মন আপনার অংশ দিয়ে দিয়ে গড়ে তুলেছে আপনার ভাষাধীপ।

মাহ্য বানিয়েছে আপনার গায়ের কাপড়। বরস বাড়তে বাড়তে তার দেহের মাপের বদশ হয়। বারবার পুরোনো কাপড় ফেলে দিয়ে নতুন কাপড় না বানালে তার চলে না। জাতির মন কবনো বাড়ে, আবার কটি উপ্বাদীর বেরক্ষ দশা হয় তেমনি কথনো বা লে কমেও বটে। কিছ পুরোনো জামার মতো ভাষাটাকে ফেলে দিয়ে দর্জির দোকানে নতুন ভাষার করমাশ দিতে হয় না। মনের গড়নের পকেই চলেছে তার গড়ন, মনের বাড়নের সন্দেই ভার বাড়। আমার এই প্রায় আশি বছর বরসে নিজেরই ভিতর থেকে দেখতে পাই, সম্ভৱ বছর পূর্বের বাঙালির মন আর এখনকার মনে তফাত বিশ্বর। দেখতে পাল্কি এই তার মনের বদল ভাষার মধ্যেও ভিতরে-ভিতরে কাল করছে। সম্ভব বছর আগেকার ভাষা এখন নেই। এর উপরে লেগেছে অনেক মনের নব নব স্পর্ন ও প্রবর্তনা। কিন্তু সে কথাও সম্পূর্ণ সত্য নয়। নতুন যুগের জোয়ার আসে क्लात्ना अक-अकस्यन विराय मनीयोव मरन । नकून वागीव भाग वहन करव स्थारन । ममछ দেশের মন জেগে ওঠে চিরাভান্ত জড়তা থেকে; দেখতে দেখতে তার বাণীর বদল হয়ে যায়। বাংলাদেশে তার মন্ত দুটান্ত বহিষ্যক্ত। তাঁর আগে ভাষার মধ্যে অসাড়ভা हिन ; जिनि षांत्रिय मध्यार जात रान न्नर्नादाध रान वर्ष । नजून कारनत्र नाना আহ্বানে দে সাড়া দিতে ওক করলে। অল্পকালের মধ্যেই আপন শক্তি সহত্তে সে गटाउन रहा केरेन । वक्षतर्नातन भूवंकात कावा स्वात भहतत्र कावा कुमना करत प्रथान বোঝা যাবে, এক প্রান্তে একটা বড়ো মনের নাড়া খেলে দেশের সমস্ত মনে চেউ খেলিয়ে বায় কত জত বেগে, আর তথনি তথনি তার ভাষা কেমন করে নৃতন নৃতন প্রণালীর मत्था जालन लथ इंदिय नित्य हता।

9

আমরা যাকে দেশ বলি, বাইরে থেকে দেখতে সে ভূগোলের এক অংশ। কিন্তু তা নয়। পৃথিবীর উপরিভাগে বেমন আছে তার বায়্মগুল, বেখানে বয় তার প্রাণের নিশাস, বেখানে গুঠে তার গানের ধ্বনি, যার মধ্যে দিয়ে আসে তার আকাশের আলো, তেমনি একটা মনোমগুল তারে তারে এই ভূভাগকে অদুত্ত আবেইনে বিরে কেলেছে— সমত দেশকে সেই দেয় অন্তরের ঐক্য।

পৃথিবীর আবহ-আন্তরণের মতোই তার সব কাম সব দান সকলকে নিরে। বা ভূবও এ তাকেই করে তুলেছে দেশ। ধারাবাহিক বৃহৎ আন্তরিভার ঐক্যবেষ্টনে প্রাকৃতিককে আছের করে দিয়ে তাকে করেছে মানবিক। এই সীমার মধ্যে অনেক বৃগের মা তার ছেলেমেরেদের ঘূম পাড়িয়েছে একই ভাষার গান গেয়ে, সছেবেলার ভাদের কোলে টেনে এনে বলেছে রূপকথা একই ভাষার। পূমা করেছে এরা এক ভাষার মত্তে, ত্রী পূক্ষ একই ভাষার পরস্পার ভালোবাসার আলাপ করেছে; তার ভাষা অভিবিক্ত হরে স্থেছে প্রাণের রসে। বাবে মাঝে বড়ো বড়ো ভূলচুক হয়েছে, শয়ভানি বৃদ্ধি পরস্পরের মধ্যে বিচ্ছেদ এনেছে, হানাহানি বাধিয়েছে, সমন্ত দলের বিশ্বকে বিশ্বাস্থাতকতা খুঁচিয়ে তুলেছে। কিন্তু সেটাই সমন্ত দেশের প্রকৃতিতে স্বচেরে সত্য আকার ধরে মৃথ্য হান নেয় নি, তাই দেশের লোক দেশকে বলেছে মাতৃভূমি। এখানে উল্লেখিত হয়েছে এমন একটা মানবিকভার নিবিড় ঐক্য যা সমন্ত জাভকে রক্ষা করে, প্রবল করে, জ্ঞান দেয়, আনন্দিত করে সৌন্দর্বক্ষিতে। বি দেশে এইরকম ঐক্যের মহংরপ অপূর্ণতা থেকে ক্রমে পূর্ণ হয়ে উঠেছে, বারবার উদ্ধার করেছে সমন্ত আতকে বিশ্ববিপদ থেকে বীর্ষ ও ভাতৃত্বির জোরে, সেই দেশকেই মাতৃত্ব একাস্কভাবে আপনার মধ্যে পেয়েছে, ভালোবেসছে, সভ্যি করে তাকে বলতে পেরেছে, মাতৃভূমি।

এ কথা হয়তো আমরা অনেকে জানি নে যে, বাংলাদেশের বা ভারতবর্ষের মাতৃত্বনি নাম আমাদের দেওয়া নয়। ঐ শব্দটিকে আমরা তর্জনা করে নিয়েছি ইংরেজি মাদারলাাও থেকে। আমার বিশ্বাস এক সময়ে ভারতবর্ষে একটি উদ্বোধনের বিশেষ যুগ এসেছিল যখন ভরতরাজবংশকে স্বতির কেন্দ্রন্থলে রেখে ভারতের আর্থজাতীয়ের। নিজের ঐক্য উপলব্ধির সাধনায় প্রবৃত্ত হয়েছিলেন। সেই যুগেই বেদ পুরাণ দর্শনশাস্ক, লোকপ্রচলিত কথা ও কাহিনী, সংগ্রহ করবার উল্লোগ এ নেশে জেগে উঠেছিল। সে অনেক দিনের কথা।

কিন্তু স্বাক্তাতিক ঐক্য স্থান্ত হয়ে গড়ে উঠতে পারে নি। বহুধাবিভক্ত ভারত ছোটো ছোটো রাজ্যে উপরাক্ষাে পরস্পার কেবলই কাড়াকাড়ি হানাহানি করেছে, সাধারণ শক্র হথন ছারে এসেছে সকলে এক হয়ে বিদেশীর স্বাক্রমণ ঠেকাতে পারে নি।

এই শোচনীয় আহাবিচ্ছেদ ও বহিবিপ্লবের সময়ে ভারতবর্ধে একটিমাত্র ঐক্যের
মহাকর্ষপক্তি ছিল, সে তার সংস্কৃতভাষা। এই ভাষাই ধর্মে কর্মে কার্য-ইতিহাস-পূরাণচর্চায় তার সভাতাকে রেখেছিল বাঁদ বেঁদে। এই ভাষাই পিতৃপুক্ষের চিত্তপক্তি দিয়ে
সমন্ত দেশের দেহে ব্যাপ্ত করেছিল ঐক্যবোধের নাড়ির জাল। দেশের যে মাতৃপক্তি
ক্রদয়ের আত্মীয়তায় দেশের নানা জাতিকে এক সম্ভতিপত্তে বাঁদতে পারত তার উৎস
ছিল না এর নাটিতে। বিস্ত যে পিতৃপক্তি চিস্তোৎকর্ষের পথ দিয়ে ভাষী বংশকে
জানসম্পদে সম্মানিত করেছে তা আমরা পেয়েছি একটি আশ্বর্ষ ভাষার দৌতা হতে।

ভারতবর্বের নাম মাতার নাম নয়, কেননা ভারতবর্ব বর্ণার্থ ই পিতৃভূমি। ভাই ভারতবর্বের দেশ জুড়ে ব্যাপ্ত গুরিদের নাম, আর রামচন্দ্র শ্রীকৃষ্ণ বৃদ্ধ প্রভৃতি মহাপুরুষদের চরিত-বৃত্তান্ত। তাই পরকালে পিতৃলোকের পথকে স্ক্রতির পথ বলে জানি।

এ কথা বনে রাখা উচিত বে, দেশবাসী সকলকে আমরা এক নাম বিষ্ণে পরিচিড

করি নি। মহাভারতে আমরা কালী কাঞ্চি মগধ কোশল প্রভৃতি প্রদেশের কথা তনেছি, কিছু তাদের সমস্তকে নিয়ে এক দেশের কথা তনি নি। আন আমরা যে হিন্দু নাম দিয়ে নিজেদের ধর্ম ও আচার -গত একটা বিশেষ ঐক্যের পরিচয় দিয়ে থাকি, সে নামকরণ আমাদের নিজক্ত নয়। বাইরে থেকে মুসলমান আমাদের এই নাম দিয়েছিল। হিন্দুছান নাম মুসলমানদের কাছ থেকে পাওয়া। আর যে একটি নামে আমাদের দেশ অগতের কাছে এক দেশ বলে খ্যাত সে হচ্ছে ইতিয়া, সে নামও বিদেশী। বস্তুত ভারতবাসী বোঝাবার কোনো নামকে যদি যথার্থ ক্তাশনাল বলা যার, অর্থাৎ যে নামে ভারতের সকল জাতিকে বর্ণধর্ম-আচার-নিবিশেষে এক ব'লে ধরা হয়েছে, সে ইতিয়ান। আমাদের ভাষায় আমাদের খাদেশিক নাম নেই।

বাংলাদেশের ইতিহাস পণ্ডতার ইতিহাস। পূর্ববন্ধ পশ্চিমবন্ধ, রাঢ় বারেক্রের ভাগ কেবল ভূগোলের ভাগ নয়; অন্তরের ভাগও ছিল তার সঙ্গে অড়িয়ে, সমাজেরও মিল ছিল না। তবু এর মধ্যে বে ঐক্যের ধারা চলে এসেছে সে ভাষার ঐক্য নিয়ে। এডকাল আমাদের যে বাঙালি বলা হয়েছে তার, সংজ্ঞা হচ্চে, আমরা বাংলা বলে থাকি। শাসনকর্তারা বাংলাপ্রদেশের অংশ-প্রতাংশ অন্ত প্রদেশে জুড়ে দিয়েছেন, কিছু সরকারী দক্ষতরের কাঁচিতে তার ভাষাটাকে ছেঁটে কেলতে পারেন নি।

ইতিমধ্যে স্বাদেশিক ঐক্যের মাহাত্মা স্থামরা ইংরেন্ডের কাছে শিথেছি। জ্বনেছি এর শক্তি, এর গৌরব। দেখেছি এই সম্পর্কে এদের প্রেম, স্বাস্থ্যত্যাগ, জনহিতত্তত। ইংরেন্ডের এই দৃষ্টাস্থ আমাদের হৃদরে প্রবেশ করেছে, স্বধিকার করেছে স্থামাদের সাহিত্যকে। আছু আমরা দেশের নামে গৌরব স্থাপন করতে চাই মান্থবের ইতিহাসে।

এই-বে আমাদের দেশ আন্ধ আমাদের মনকে টানছে, এর সঙ্গে সংক্রই জেগেছে আমাদের ভাষার প্রতি টান। মাতৃভাষা নামটা আক্রকাল আমরা ব্যবহার করে থাকি, এ নামও পেরেছি আমাদের নতুন শিক্ষা থেকে। ইংরেজিতে আপন ভাষাকে বলে মাদার টাক, মাতৃভাষা তারই তর্জমা। এমন দিন ছিল ধখন বাঙালি বিদেশে গিয়ে আপন ভাষাকে অনায়াসেই পুরোনো কাপড়ের মভো ছেড়ে ফেলতে পারত; বিলেতে গিয়ে ভাষাকে সে দিয়ে আগত সমুত্রে জলাঞ্জনি, ইংরেজভাষিণী অন্ত্চরীদের সঙ্গে রেখে ছেলেবেয়েদের মুখে বাংলা চাপা দিয়ে তার উপরে ইংরেজির জয়পভাষা দিন্ত সগর্বে উড়িয়ে। আন্ধ আমাদের ভাষা এই অপমান থেকে উদ্ধার পেয়েছে, তার গৌরব আন্ধ সমন্ত বাংলাভাষীকে মাহাত্মা দিয়েছে। বংসরে বংসরে জেলার জেলার গোইতাসভ্যেনন বাঙালির একটা পার্বন হয়ে দাড়িয়েছে; এ নিয়ে তাকে চেতিয়ে তুলতে হয় নি, হয়েছে স্কাবিতই।

1

বাংলাভাষা ভারতবর্ষের প্রায় পাঁচ কোট লোকের ভাষা। হিন্দি বা হিন্দুখানি বাদের ধথার্থ ঘরের ভাষা, শিক্ষা-করা ভাষা নয়, য়নীভিকুমার দেখিয়েছেন, তাদের সংখ্যা চার কোট বারো লক্ষের কাছাকাছি। এর উপরে আছে আট কোটি আটাশি লক্ষ লোক ধারা তাদের থাটি মাতৃভাষা বর্জন ক'রে সাহিত্যে সভাসমিভিতে ইম্বলে আদালতে হিন্দুখানির শরণাপর হয়। তাই হিন্দুখানিকে ভারতের রাষ্ট্রীয় ব্যবহারের জন্তে এক ভাষা বলে গণ্য করা থেতে পারে। ভার মানে, বিশেষ কাক্ষের প্রয়োজনে কোনো বিশেষ ভাষাকে কৃত্রিম উপায়ে খীকার করা চলে, হেমন আমরা ইংরেজি ভাষাকে স্বীকার করেছি। কিন্তু ভাষার একটা অকৃত্রিম প্রয়োজন আছে; সে প্রয়োজন কোনো কাজ চালাবার জন্তে নয়, আর্থ্যপ্রাশের জন্তে।

রাষ্ট্রক কাজের স্থবিধা করা চাই বই-কি, কিন্তু তার চেয়ে বড়ে। কাজ দেশের চিন্তকে সরস সফল ও সমুজ্জন করা। সে কাজ আপন ভাষা নইলে হয় না। দেউড়িতে একটা সরকারি প্রদীপ জালানো চলে, কিন্তু একমাত্র তারই তেল জোগাবার খাতিরে ঘরে ঘরে প্রদীপ নেবানো চলে না।

এই প্রসংশ রুরোপের দৃষ্টান্ত দেওয়া যাক। সেধানে দেশে দেশে ভিন্ন ভিন্ন ভাষা,
অথচ এক সংস্কৃতির ঐক্য সমস্ত মহাদেশে। সেধানে বৈষয়িক অনৈক্যে যারা হানাহানি
করে এক সংস্কৃতির ঐক্যে ভারা মনের সম্পদ নিমন্তই অদশ বদশ করছে।
ভিন্ন ভিন্ন ভাষার ধারায় বয়ে নিয়ে আসা পণ্যে সমৃদ্দিশালী, যুরোপীয় চিত্ত জ্বনী হয়েছে
সমস্ত পৃথিবীতে।

তেমনি ভারতবর্ষেও ভিন্ন ভিন্ন ভাষার উৎকর্ষ-সাধনে বিধা করলে চলবে না।
মধার্গে যুরোপে সংস্কৃতির এক ভাষা ছিল লাটিন। সেই ঐক্যের বেড়া ভেদ করেই
যুরোপের ভিন্ন ভাষা থেদিন আপন আপন শক্তি নিবে প্রকাশ পেলে সেই দিন
যুরোপের বড়োদিন। আমাদের দেশেও সেই বড়োদিনের অপেক্ষা করব— সব ভাষা
একাকার করার বারা নম্ব, সব ভাষার আপন আপন বিশেষ পরিণতির বারা।

≥

বাংশাভাষাকে চিনতে হবে ভাশো ক'রে; কোখার ভার শক্তি, কোখার ভার ছুর্বলভা, দুইই আমাদের জানা চাই।

রপকথায় বলে, এক-বে ছিল রাজা, তার হুই ছিল রানী, ক্রোরানী আর সুরোরানী। তেমনি বাংলাবা্ক্যাধীপেরও আছে হুই রানী— একটাকে আলর করে নাম দেওৱা হয়েছে সাধু ভাষা; আর-একটাকে কথা ভাষা, কেউ বলে চল্ভি ভাষা, আমার কোনো কোনো লেখায় আমি বলেছি প্রাক্ত বাংলা। সাধু ভাষা মাজাঘ্যা, সংস্কৃত ব্যাকরণ অভিধান থেকে ধার করা অলংকারে সাজিরে ভোলা। চলভি ভাষার আটপোরে সাজ নিজের চরকায় কাটা হতো দিরে বোনা। অলংকারের কথা যদি জিজাসা কর কালিদাসের একটা লাইন তুলে দিলে ভার জবাব হবে; কবি বলেন: কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকুভীনাম্। বার মাধুর্ব আছে সে বা পরে ভাতেই ভার শোভা। রূপকথায় ভনেছি হয়োরানী ঠাই দের হয়োরানীকৈ গোয়ালঘরে। কিন্তু গল্পের পরিণামের দিকে দেখি হয়োরানী বাহ নির্বাসনে, টিকে থাকে একলা হয়োরানী রানীর পদে। বাংলার চলভি ভাষা বহু কাল ধরে জারগা পেরেছে সাধারণ মাটির ঘরে, ইেশেলের সঙ্গে, গোয়ালের ধারে, গোবর-নিকোনো আভিনার পালে থেখানে সন্ধেবেলায় প্রদীপ আলানো হয় তুলসীভলায় আর বোইনী এসে নাম ভনিয়ে যায় ভোরবেলাভে। গল্পের লেষ অংশটা এবনো সম্পূর্ণ আসে নি, কিন্তু আমার বিশ্বাস হয়োরানী নেবেন বিদায় আর একলা ভ্যোরানী বস্বেন রাজাসনে।

চলতি ভাষার চশার বিরাম নেই, তার চলবার শক্তি আড়ুই হবার সময় পায় না। আমাদের মুখরিত দিনরাত্মির সব কথা করে পড়ছে তার মাটিতে, তার সঞ্চে মিশিয়ে গিয়ে তার প্রকাশের শক্তিকে করছে উর্বরা।

তব্ একটা কথা মানতে হবে বে, মাছবের বলবার কথা সবই বে সহন্ধ তা নয়;
এমন কথা আছে যা ভালো করে এটে না বললে বলাই হয় না। সেই-সব বিচার-করা
কথা কিংবা সাজিয়ে-বলা কথা চলে না দিনরাত্তির বাবহারে, যেমন চলে না দরবারি
পোশাক কিংবা বেনারসি শাড়ি। আমরা সর্বদা মুখের কথার বিজ্ঞান আওড়াই নে।
ভত্তকথাও পণ্ডিতসভার, তার আলোচনায় বিশেষ বিদ্ধার দরকার করে। তাই তর্ক
ওঠে, এদের জল্পে চলতি ভাবার বাইরে একটা পাকা গাঁখুনির ভাষা বানানো নেহাভ
দরকার; সাধু ভাবায় এরকন মহলের পত্তন সহন্দ, কেননা, ও ভাষাটাই বানানো।

কথাটা একটু বিচার করে বেখা বাক। আমরা শিধিবে-পড়িবের দলে চলতি ভাবাকে অনেক কাল থেকে আডে ঠেলেছি। সাহিত্যের আগরে তাকে পা বাড়াতে দেখলেই দরোয়ান এসেছে ভাড়া করে। সেইম্বস্তেই বিড়কির দরকায় পথ চলার অভ্যাসটাই ওর হবে গেছে বাভাবিক। অম্বর্মহলে বে মেদেরা অভ্যাত ভাদের বাবহার সহজ্ঞ হয় পরিচিত আত্মীয়দের মধ্যেই, বাইরের লোকদের সামনে তাদের মুখ দিবে কথা সরে না। ভার কারণ এ নর বে তালের শক্তি নেই, কিন্তু সংকৃতিত হবেছে ভালের শক্তি। পাশ্চাত্য আতিদের ভাষায় এই সদর-মন্দরের বিচার নেই। ডাই সেখানে গাছিতা পেয়েছে চলনশীল প্রাণ, আর চলতি ভাষা পেয়েছে মননশীলভার ঐশর্ব। আমাদের ঘোমটা টানার দেশে সেটা তেমন করে প্রচলিত হয় নি; কিছ হ্বার বাধা বাইরের শাসনে, স্বভাবের মধ্যে নয়।

সে অনেক দিনের কথা। তথন রামচন্দ্র মিত্র ছিলেন প্রেসিডেন্সি কলেন্দ্রে বাংলার অধ্যাপক। তাঁর একজন ছাত্রের কাছে শুনেছি, পরীক্ষা দিতে ধাবার পূর্বে বাংলা রচনা সম্বন্ধে তিনি উপদেশ দিয়ে বলেছিলেন, 'বাবা, স্থনীতলসমীরণ লিখডে গিরে বত্বে পত্বে কিংবা হ্রম্ম দীর্ঘ মরে যদি খাধা লাগিয়ে দেয় তা হলে লিখে দিয়ো 'ঠাণ্ডা হাওয়া'।' সেদিনকার দিনে এটি সোজা কথা ছিল না। তথনকার সাধু বাংলা ঠাণ্ডা হাওয়া কিছুতেই সইতে পারত না, তথনকার ক্ষীরা দেমন ঠাণ্ডা জল খেতে পেত না তৃক্ষায় ছাতি ফেটে গেলেও।

নাধু ভাষার সঙ্গে চলতি ভাষার প্রধান তফাতটা ক্রিয়াপদের চেহারার তফাত নিয়ে। 'হচ্ছে' 'করছে'কে যদি জলচল করে নেওয়া যায় তা হলে জাতঠেলাঠেলি অনেকটা পরিমাণে ঘোচে। উত্তরের গুরুলকিণা আনবার সময় তক্ষ্ণ বিদ্ন ঘটিয়েছিল, এইটে থেকেই সর্পবংশধ্বংসের উৎপত্তি: এর ক্রিয়াক'টাকে অল্প একটু মোচড় দিয়ে সাধু ভাষার ভঙ্গী নিলেই কালীসিংহের মহাভারতের সঙ্গে একাকার হয়ে যায়। তার কাজে ও কথায় অসংগতি: মুখের ভাষাতেও এটা বলা চলে, আবার এও বলা যায় 'তার কাজে কথায় মিল নেই'। 'বাস্থিকি ভীমকে আলিগন কয়লেন' এ কথাটা মুখের ভাষায় অভচি হয় না, আবার 'বাস্থিকি ভীমকে আলিগন কয়লেন' এটাতেও বোধ হয় নিন্দের কারণ ঘটে না। বিজ্ঞানে মুর্বেষ তথ্য আছে, কিল্ক তা নিম্নে আমাদের সাধু ভাষাও গলদ্বর্ম হয়, আবার চলতি ভাষারও চোবে অল্কার ঠেকে। বিজ্ঞানের চর্চা আমাদের দেশে যখন ছড়িয়ে পড়বে তথন উভয় ভাষাতেই তার পথ প্রশন্ত হতে থাকবে। নতুন-বানানো পারিভাষিকে উভয় পক্ষেরই হবে সমান সম্ব।

30

এইখানে এ কথা স্বীকার করতেই হবে, সংস্কৃতের আশ্রয় না নিলে বাংলা ভাষা অচল। কী জানের কী ভাবের বিষয়ে বাংলা দাহিত্যের ঘতই বিভার হচ্ছে ততই সংস্কৃতের ভাতার থেকে শব্দ এবং শব্দ বানাবার উপায় সংগ্রহ করতে হচ্ছে। পাশ্চাত্য ভাষাগুলিকেও এমনি করেই গ্রীক-লাটিনের বশ মানতে হয়। তার পারিভাষিক শব্দগুলো গ্রীক লাটিন থেকে ধার নেওয়া কিংবা তারই উপাদান নিয়ে ভারই ছাঁচে

ঢালা। ইংরেন্ধি দ্রাষায় দেখা বায়, তার পুরাতন পরিচিত ত্রব্যের নামগুলি ত্রাক্সন এবং কেন্ট্। এগুলি সব আদিম আতির আদিম অবস্থার সম্পত্তি। সেই পুরাতন কাল থেকে বতই পুরে চলে এসেছে ততই তার ভাষাকে অধিকার করেছে এীক ও লাটিন। আমাদেরও সেই দশা। খাঁটি বাংলা ছিল আদিম কালের, সে বাংলা নিয়ে এখনকার কাল যোলো-আনা চলা অসম্ভব।

অভিধান দেখলে টের পাওয়া বাবে ইংরেজি ভাষার অনেকথানিই গ্রীক-লাটিনে গড়া। বস্তুত তার হাড়ে মাদ লেগেছে ঐ ভাষার। কোনো বিশেব লেখার রচনারীতি হয়তো গ্রীক-লাটিন-ঘেঁবা, কোনোটার বা অ্যাংলো-স্তাক্দনের ছাঁদ। তাই বলে ইংরেজি ভাষা হটো দল পাকিয়ে তোলে নি। কুজিম ছাঁচে ঢালাই করা একটা বতত্র দাহিত্যিক ভাষা থাড়া ক'রে তাই নিয়ে কোনো সম্প্রদায় কৌলীক্তের বড়াই করে না। নানা বন্দর থেকে নানা শব্দসম্পদের আমদানি ক'রে কথার ও লেখার একই তহবিল তারা ভর্তি করে তুলেছে। ওদের ভাষার বিড়কির দরজায় একতারা-বাজিয়ের আর সদর দরজায় বীণার ওন্তাদের ভিড় হয় না।

श्रामात्मत्र ভाষাও সেই এক বড়ো রাম্বার পথেই চলেছে। কথার ভাষার বদল চলছে লেখার ভাষার মাপে। পঞ্চাশ বছর পূর্বে চলতি ভাষায় যে-সব কথা ব্যবহার করলে হাসির রোল উঠত, আজ মুখের বাকো তাদের চলাকেরা চলছে অনায়াসেই। মনে তো আছে, আমার আর বয়সে বাডির কোনো চাকর থখন এগে জানালে 'একজন বাবু অনেকক্ষণ অপেক্ষা করছেন', মনিবদের আগরে চার দিক থেকে হাসি ছিটকে পড়ল। यदि সে বলত 'অপিকে' তা হলে সেটা মাননগই হ'ত। আবার অল্পকিছুদিন খাগে খামার কোনো ভূতা মাংসের তুলনায় মাচ খাওয়ার অপদার্থতা জানিয়ে যখন আমাকে বললে 'মাছের দেহে সামর্থা কডটুকুই বা আছে', আমার সম্পেহ হয় नि य त्म ऐक शाहेमादि चत्न भदीका भान करत्रक। आंक मुमास्कद उभद्रक्ताव নীচের তলায় ভাষাব্যবহারে আর্থ-জনার্থের মিশোল চলেছে। মনে করো সাধারণ **শালাপে আন্ধ** বদি এমন কথা কেউ বলে বে 'সভ্যন্তপতে অর্থনীতির সবে গ্রন্থি भाक्ति ताहेनोजित कण्मिण युष्टे त्वाफ जेठाइ भासित मुखावना वात्क पृत्त', जा क्रा **धरे माज गत्मह करव, लाकी। वांश्नाद गत्म हेश्तिम त्रमावाद विकृत्य। किन्छ धरे** वाकारक श्रह्मात जेन्द्रक क्रवांत्र स्थाना वर्ण क्रिके मत्न क्रव्रत्व ना । निःगरम्बर ध्व শব্দুলো হয়ে উঠেছে সাহিত্যিক, কেননা বিষয়টাই তাই। পঞ্চাশ বছর আগে अवक्र विवय निर्व परवाश चारमाठना इक ना, अधन का इरह थारक, कारकहे ক্থা ও লেখার সীমানার ভেদ থাকছে না। সাহিত্যিক দওনীতির ধারা থেকে

গুক্চগুলী অপরাধের কোঠা উঠেই গেছে।

এটা হতে পেরেছে তার কারণ, সীমাসরহদ নিষে মামলা করে না চলতি ভাষা। 
স্বাধনী বিদেশী হাজা ভারী সব শন্ত তেঁবাহেঁবি করতে পারে তার আঙিনার।
সাধু ভাষার তাদের পাসপোর্ট, মেলা শক্ত। পার্দি আরবি কথা চলতি ভাষা বহল
পরিমাণে অসংকোচে হজম করে নিয়েছে। তারা এমন আতিথা পেয়েছে যে তারা
বে ঘরের নয় সে কথা ভূলেই গেছি। 'বিদার' কথাটা সংস্কৃতসাহিত্যে কোথাও মেলে
না। সেটা আরবি ভাষা থেকে এসে দিব্যি সংস্কৃত পোশাক প'রে বসেছে। 'হয়রান
করে দিয়েছে' বললে ক্লান্তি ও অসম্বতা মিশিয়ে যে ভাষটা মানে আসে কোনো
সংস্কৃতের আমলানি শব্দে তা হয় না। অমুকের কঠে গানে 'দয়দ' লাগে না, বললে
ঠিক কথাটি বলা হয়, ও ছাড়া আর-কোনো কথাই নেই। গুরুচগুলীর শাসনকর্তা
যদি দয়দের বদলে 'সংবেদনা' শব্দ চালাবার হকুম করেন তবে সে হকুম অমান্ত করলে
অপরাধ হবে না।

ভাষার অবিমিশ্র কৌশীন্ত নিয়ে খুঁংখুঁং করেন এমন গোঁড়া লোক আছও আছেন। কিন্তু ভাষাকে ছুইমুখো ক'রে ভার ছুই বাণী বাঁচিয়ে চলার চেটাকে অসাধু বলাই উচিত। ভাষায় এরকম কুজিম বিচ্ছেদ জাগিয়ে রেখে আচারের শুচিতা বানিয়ে ভোলা পুণাকর্ম নয়, এখন আর এটা সম্ভবও হবে না।

স্থনীতিকুমার বলেন খৃণ্টীর দশম শতকের কোনো-এক সময়ে পুরাতন বাংলার জয়। কিন্তু ভাষার সম্বন্ধে এই 'জয়' কথাটা খাটে না। বে জিনিস অনতিব্যক্ত অবস্থা থেকে ক্রমশ ব্যক্ত হয়েছে তার আরম্ভগীমা নির্দেশ কয়া কঠিন। দশম শতকের বাংলাকে বিংশ শতকের বাঙালি আপন ভাষা বলে চিনতে পারবে কি না সন্দেহ। শতকে শতকে ভাষা ক্রমশ স্থাটে উঠেছে, আধুনিক কালেও চলছে তার পরিণতি। নতুন নতুন জ্ঞানের সঙ্গে, ভাবের সঙ্গে, রীতির সঙ্গে, আমাদের পরিচন্ধ হত বেড়ে চলেছে, আমাদের ভাষার প্রকাশ ততই হচ্ছে ব্যাপক। গত বাট বছরে যা ঘটেছে ত্ব-ভিন শতকেও ভা ঘটে নি।

বাংলা ভাষার কাঁচা অবস্থায় বেটা সবচেয়ে আমাদের চোথে পড়ে সে হচ্ছে ক্রিয়াব্যবহার সম্বন্ধ ভাষার সংকোচ। সন্ধ-ভিন-ভাঙা পাধির বাচ্ছার দেখা বার ভানার
ক্ষীণতা। ক্রিয়াপদের মধ্যেই থাকে ভাষার চলবার শক্তি। রূপগোস্থামীর লেখা
কারিকা থেকে পুরোনো বাংলা গল্ডের একটু নমুনা দেখলেই এ কথ। বুরতে পারা
বাবে—

धापम विकृष का निर्मत । पहला अवका जाका प्रमुख पाईका वह गीहका। वह शक्का विपक्ष

রাণিকাভেও বনে।··· পূর্বারাগের মূল ছুই হটাৎ প্রকা অকসাৎ প্রকা। '

ক্রিয়াপদ-ব্যবহার যদি পাকা হত, তা হলে উড়ে চলার বদলে ভাষার এরক্ষ লাফ দিয়ে দিয়ে চলা সন্তব হত না। সেই সময়কেই বাংলা ভাষার পরিণতির বৃগ বলব হথন থেকে তার ক্রিয়াপদের যথোচিত প্রাচুর্য এবং বৈচিত্র্য ঘটেছে। পুরাতন গভের বিভ্তত নমুনা যদি পাওয়া বেত তা হলে ক্রিয়াপদ-অভিব্যক্তির সঙ্গে সঙ্গে ভাষার অভিব্যক্তির ধারা নির্ণয় করা সহজ হত।

রামমোহন রায় বধন গছ লিখতে বসেছিলেন তথন তাঁকে নিয়ম হেঁকে হেঁকে, কোনাল হাতে, রাজা বানাতে হয়েছিল। ঈশর গুপ্তের আমলে বহিমের কলমে বে গছ দেখা দিয়েছিল তাতে বতটা ছিল পিগুতা, আকৃতি ততটা ছিল না। বেন ময়দা নিয়ে তাল পাকানো হচ্ছিল, লুচি বেলা হয় নি।

गवनीकाश्व मारगद श्रवह त्यरक जाद अकरे। नमूना मिरे-

সগনবওলে বিরাজিত। কাদখিনী উপরে কল্পায়নানা পশা সভাপ কবিক জীবনের অভিনয় প্রিয় হওত মূচ্ মানবনওলী অহারহা বিষয় বিষয়িবে নিমজ্জিত বহিহাছে। পরবেশ প্রেয় পরিহার পুরাসর প্রতিক্ষণ প্রমণ। প্রেমে প্রবন্ধ সহিয়াছে। অসুবিস্থার জীবনে চক্রার্ক সমূপ চিরহায়ী জানে বিবিধ আনন্দোৎস্ব করিভেছে, কিন্ত প্রমেও ভাষনা করে না বে সেস্ব উৎস্ব পর হইলে কি হইবে। <sup>১</sup>

তার পরে বিদ্যাশাগর এই কাঁচা ভাষার চেহারার 🖻 কুটিয়ে তুললেন। আমার মনে হয় তথন থেকে বাংলা গছডাবায় রূপের আবিষ্ঠাব হল।

আশ্চর্বের বিষয় এই যে, যিনি ঈশর শুপ্তের আসরে প্রথম হাত পাকাচ্ছিলেন অভ্যস্ত আড়েট বাংলা ভাষার, সেই ভাষারই বন্ধন মোচন করেছিলেন সেই বন্ধিম। তিনিই ভাকে দিয়েছিলেন চলবার স্বাধীনভা।

শামরা পুরাতন সাহিত্যে পেরেছি পছ, সেইটেই বনেদি। কিন্তু এ কথা বলা ঠিক হবে না, সাধু ভাষার আদর্শ ছিল তার মধ্যে। ভাষাকে ছন্দে-ওজন-করা পদে বিভক্ত করতে গেলে তার মধ্যে খাভাবিক কথা বলার নিমম খাটে না, ক্রমে তার একটা বিশেষ রীতি বেঁধে বার। প্রথমত কর্তা-কর্ম-ক্রিয়াপদের সহজ্ব পর্বার রক্ষা হতেই পারে না। তার পরে তার মধ্যে কতকত্তিল পুরোনো শব্দ ও রীতি থেকে বার, ছন্দের আশ্রম পেরে বারা কালের বদল মানে না। চারটে লাইন পদ্ধ বানিয়ে তার দৃষ্টান্ত

<sup>&</sup>gt; সাহিত্যপরিক-পত্রিকার শ্রীবৃক্ত সঞ্জনীকান্ত বাস -লিখিত 'বাংলা গড়ের এবৰ বুগ' এবছ বেকে ভূলে বেওয়া হল। —সাহিত্য পরিবং পত্রিকা, এবল বর্ষ্ ১ম সংখ্যা, ১৩৫৫, পৃ ৪৬

২ সংবাদপ্রভাকর, ২০ এপ্রিল, ১৮৫২। —বছিবচজ্রের রচনাবলীয় বলীর সাহিত্যপরিবং কর্তৃক একানিত বছিব-শতবার্থিক সংস্করণ, বিবিধ বঙ্গ, পু ৬৮

দেখানো যাক--

কার সনে নাছি জানি করে বসি কানাকানি, সাঁঝবেলা দিগ্বধু কাননে মর্মরে। আঁচলে কুড়ায়ে ভারা কী লাগি আপনহারা, মানিকের বরমালা গাঁথে কার ভরে।

এই কটা লাইনকে সাধুভাষায় ঢালাই করতে গেলে হবে এইরকম— সন্ধ্যাকালে দিয়ধ্ অরণ্যমর্থরধনিতে কাহার সহিত বিশ্রস্তালাপে প্রবৃত্ত তাহা জানি না। জানি না को কারণে ও কাহার জন্ত আত্মবিজ্ঞল অবস্থায় সে আপন বস্থাঞ্চলে নক্ষত্রসংগ্রহপূর্বক মাণিকোর বরমাল্য গ্রন্থন করিতেছে।

'গনে' কথাটা এখন আর বলি নে, প্রাচীন পদাবলীতে ঐ অর্থে 'গঙে' কথা সর্বদা পাওয়া যায়। 'নাহি জানি' কথাটার 'নাহি' শব্দটা এখনকার নিয়মে 'জানি'র সঙ্গে মিলতে পারে না। 'নাহি' শব্দের সংস্কৃত প্রতিশব্দ 'নান্তি', চলিত কথায় 'নেই'। 'জানি'র সঙ্গে 'নেই' জোড়া যায় না, বলি 'জানি নে'। 'সাঁঝবেলা' গ্রামাভাষায় এখনো চলে, কিন্তু যাদের জন্তে ঐ লোকটা লেখা তাদের সঙ্গে আলাপে 'সাঝবেলা' শব্দটা বেখাপ। 'বিসিয়া'র জায়গায় 'বিসি' আমরা বলি নে। যে শ্রেণীর লোকের ভাষায় 'লেগে' শব্দের ব্যবহার চলে তাদের খুলি করবার জন্তে দিয়ধু কখনো তারার মালা গাঁথেই না। 'জন্তে'র পরিবর্তে 'লাগি' বা 'লাগিয়া' কিংবা 'তরে' শব্দটা ছন্দের মধ্যস্থতায় ছাড়া ভক্রনামধারীদের রসনায় প্রবেশ পায় না। যেমতি ভেমতি নেহারো উড়িলা হেরো মোরে পানে যবে হেথা সেথা নারে তারে প্রভৃতি শব্দ পড়ের ফরমাণি।

যদি বর্ধার দিনে বন্ধু এসে কথা জুড়ে দেয় 'হেরো ঐ পুব দিকের পানে, রহি রহি বিজুলি চমক দেয়, মোর ভর লাগে, নাহি জানি কী লাগি সাধ যায় তোমা সনে একা বসি মনের কথা করি কানাকানি', তবে এটাকে মধুরালাপের ভূমিকা বলে কেউ মনে করবে না, বন্ধুর জন্তে উদ্বিশ্ন হবে।

তব্ মন ভোলাবার ব্যবসায়ে পদ্ম যদি সাদা ভাষার বাব্দে মালমণলা মেশায় তবে তাকে মাপ করা যায়, কিন্তু চলতি ব্যবহারে গাছ যদি হঠাৎ সাধু হয়ে ওঠে তবে মহাপণ্ডিভেরাও মনে করবে, বিজ্ঞাপ করা হচ্ছে। কারও মাসির 'পরে বিশেষ সন্মান দেখাবার জন্তে কেউ যদি বিশুদ্ধ সাধু ভাষায় বলে 'আপনকার মাতৃষ্কা আশা করি ছংসাধ্য অভিসার ব্যাধি হইতে আরোগ্যলাভ করিয়াছেন', তবে বোনপো ইংরেজের মুখে শুনলে মনে মনে হাসবে, বাঙালির মুখে শুনলে উদ্ধৃহাত ক'রে উঠবে।

তর্ক ওঠে, বাংলাদেশে কোন্ প্রদেশের ভাষাকে সাহিত্যিক কথ্যভাষা বলে মেনে নেব। উত্তর এই বে, কোনো বিশেব কারণে বিশেব প্রদেশের ভাষা অতই সর্বজনীনতার মর্বাদা পায়। বে-সকল সৌভাগ্যবান দেশে কোনো একমাত্র ভাষা বিনা তর্কে সর্বদেশের বাণীরূপে স্বীকৃত হয়েছে, সেখানেও নানা প্রাদেশিক উপভাষা আছে। বিশেব কারণে টস্কানি প্রদেশের উপভাষা সমস্ত ইটালির এক ভাষা বলে গণ্য হয়েছে। তেমনি কলকাতা শহরের নিকটবর্তী চার দিকের ভাষা অভাবতই বাংলাদেশের সকলদেশী ভাষা বলে গণ্য হয়েছে। এই এক ভাষার সর্বজনীনতা বাংলাদেশের কল্যাণের বিষয় বলেই মনে করা উচিত। এই ভাষায় ক্রমে পূর্ববঙ্গেরও হাত পড়তে আরম্ভ হয়েছে, তার একটা প্রমাণ এই বে, আমরা দক্ষিণের লোকেরা 'সাথে' শক্ষটা কবিতায় ছাড়া সাহিত্যে বা মুখের আলাপে ব্যবহার করি নে। আমরা বলি 'সঙ্গে'। কিছু দেখা যাচছে, কানে যেমনি লাগুক, 'সঙ্গে' কথাটা 'সাথে'র কাছে হার মেনে আসছে। আরও একটা দৃষ্টাস্ক মনে পড়ছে। মাত্র চারজন লোক: এমন প্রয়োগ আছকাল প্রায় শুনি। বরাবর বলে এসেছি 'চারজনমাত্র লোক', অর্থাৎ চারজনের বারা মাত্রা-পাওয়া, পরিমিত-হওয়া লোক। অবশ্র 'মাত্র' শব্দ গোড়ায় বসলে কথাটাতে জোর দেবার স্থিবধে হয়। ভাষা সব সময়ে যুক্তি মানে না।

যা হোক, যে দক্ষিণী বাংলা লোকমূবে এবং সাহিত্যে চলে যাচ্ছে তাকেই আমরা বাংলা ভাষা বলে গণ্য করব। এবং আশা করব, সাধু ভাষা তাকেই আসন হেড়ে দিয়ে ঐতিহাসিক কররস্থানে বিশ্রামলাভ করবে। সেই কররস্থান তীর্থস্থান হবে, এবং অলংকৃত হবে তার স্থৃতিশিলাপট।

#### 22

মাছবের উদ্ভাবনী প্রতিভার একটা কীর্তি হল চাকা বানানো। চাকার সঙ্গে একটা নতুন চলংশক্তি এল তার সংসারে। বস্তুর বোঝা সহক্তে নড়ে না, তাকে পরস্পরের মধ্যে চালাচালি করতে হুংখ পেতে হয়। চাকা সেই ক্ষড়ত্বের মধ্যে প্রাণ এনে দিলে। আদানপ্রদানের কাক্ষ চলল বেগে।

ভাষার দেশে সেই চাকা এসেছে ছন্দের রূপে। সহত্ত হল মোট-বাঁধা কথাগুলিকে চালিয়ে দেওয়া। মূখে মূখে চলল ভাষার দেনা-পাওনা।

কবিতার বিশেষৰ হচ্ছে তার গতিশীলতা। সে শেষ হয়েও শেষ হয় না। গছে যখন বলি 'একদিন আবণের রাত্রে বৃষ্টি পড়েছিল', তখন এই বলার মধ্যে এই খবরটা ২৬।২৬

ফুরিয়ে বাষ। কিন্তু কবি যখন বললেন—

ক্রনী শাধনখন খন দেছাগরুদ্ধন
দ্বিদ্ধিন্দ্ধন বর্বে—

তথন কথা থেমে গেলেও বলা থামে না।

এ বৃষ্টি যেন নিত্যকালের বৃষ্টি, পঞ্চিকা-ন্দান্ত্রিত কোনো দিনক্ষণের মধ্যে বন্ধ হয়ে এ বৃষ্টি শুদ্ধ হয়ে যায় নি। এই ধবর্যির উপর ছন্দ যে দোলা স্বৃষ্টি করে দেয় সে দোলা ঐ ধবর্যিকে প্রবহ্মান করে রাখে।

অণু পরমাণু থেকে আরম্ভ করে নক্ষত্রশোক পর্বন্ত সর্বত্রই নিরস্তর গতিবেগের মধ্যে ছন্দ রয়েছে। বস্তুত এই ছন্দই রূপ। উপাদানকে ছন্দের মধ্যে তরন্ধিত করলেই সৃষ্টি রূপ ধারণ করে। ছন্দের বৈচিত্র্যাই রূপের বৈচিত্র্যা। বাতাস বখন ছন্দে কাঁপে তথনি সে হার হয়ে ওঠে। ভাবকে কথাকে ছন্দের মধ্যে জাগিয়ে তুললেই তা কবিতা হয়। সেই ছন্দ থেকে ছাড়িয়ে নিলেই সে হয় সংবাদ; সেই সংবাদে প্রাণ নেই, নিভাতা নেই।

মেঘদুতের কথা ভেবে দেখো। মনিব একজন চাকরকে বাড়ি থেকে বের করে দিলে, গণ্ডে এই খবরের মতো এমন খবর তো সর্বদা শুনছি। কেবল তদাত এই বে, রামগিরি অলকার বদলে হয়তো আমরা আধুনিক রামপুরহাট হাটখোলার নাম পাচ্ছি। কিছু মেঘদুত কেন লোকে বছর বছর ধরে পড়ছে। কারণ, মেঘদুতের মন্দাক্রাম্ভা ছন্দের মধ্যে বিশের গতি নৃত্য করছে। তাই এই কাব্য চিরকালের সদ্ধীব বস্তু। গতিচাঞ্চল্যের ভিতরকার কথা হচ্ছে, 'আমি আছি' এই সত্যাটর বিচিত্র ক্ষমভূতি। 'আমি আছি' এই অফভূতিটা তো বদ্ধ নয়, এ-বে সহন্দ্র রূপে চলায় কেরায় আপনাকে জানা। যতদিন পর্বন্ধ আমার সন্তা স্পন্দিত নন্দিত হচ্ছে ততদিন 'আমি আছি'র বেগের সঙ্গে স্বাটি কেবলই প্রকাশিত নন্দিত হচ্ছে ততদিন 'আমি আছি।' 'আমি আছি' এই সত্যাট কেবলই প্রকাশিত হচ্ছে 'আমি চলছি'র ঘারা। চলাটি যখন বাধাহীন হয়, চার দিকের সঙ্গে বখন স্বসংগত হয়, স্ক্ষের হয়, তখনি আনন্দ। ছন্দোময় চলমানতার মধ্যেই সত্যের আনন্দরপ। আটে কাব্যে গানে প্রকাশের সেই আনন্দমূর্তি ছন্দের ঘারা ব্যক্ত হয়।

একদা ছিল না ছাপাধানা, অক্সরের ব্যবহার হয় ছিল না নর ছিল আয়। অধচ মাহ্য বে-সব কথা সকলকে জানাবার বোগ্য মনে করেছে দলের প্রতি শ্রদ্ধার, তাকে বেঁধে রাথতে চেরেছে এবং চালিয়ে দিতে চেয়েছে পরস্পরের কাছে।

এক শ্রেণীর কথা ছিল রেগুলো নামাজিক উপদেশ। আর ছিল চাববানের পরামর্শ,

ওভ-অন্তভের লক্ষণ, লগ্নের ভালোমন্দ কস। এই-সমন্ত পরীক্ষিত এবং করিত কথাগুলোকে সংক্ষেপ করে বলতে হয়েছে, ছন্দে বাঁধতে হয়েছে, হায়িছ দেবার জন্তে। দেবতার স্ততি, পৌরাণিক আখ্যান বহন করেছে হন্দ। ছন্দ তাদের রক্ষা করেছে যেন পেটিকার মধ্যে। সাহিত্যের প্রথম পর্বে ছন্দ মাহুবের শুধু থেয়ালের নয়, প্রযোজনের একটা বড়ো স্বান্ট; আধুনিক কালে বেমন স্বান্ট তার ছাপাধানা। ছন্দ তার সংস্কৃতির ধাত্রী, ছন্দ তার স্থাতির ভাগারী।

চলতি ভাষার স্বভাব রক্ষা ক'রে বাংলা ছন্দে কবিত। যা লেখা হয়েছে লে আমাদের লোকগাথায়, বাউলের গানে, ছেলে ভোলাবার ও স্থু পাড়াবার ছড়ায়, ব্রভক্থায়। লাধুভাষী লাহিত্যমহলের বাইরে তাদের বস্তি। ভারা বে লমন্তই প্রাচীন তা নয়। লক্ষণ দেখে স্পষ্ট বোঝা যায়, তাদের অনেক আছে যারা আমাদের লমান বয়লেরই আধুনিক, এমন-কি ছন্দে মিলে ভাবে আমাদেরই শাক্রেদি লন্দেহ করি। একটা দৃষ্টাস্ত দেখাই—

আচীৰ ডাকে নদীর বাঁকে

ডাক বে লোনা বার।

আকুল পাড়ি, পামতে নারি,

সদাই ধারা ধার।

ধারার টাবে তরী চলে,

ডাকের চোটে মন বে টলে,

টানাটানি বুচাও জনার

হল বিষম দার।

এর মিল, এর মাজাঘরা ছাঁদ ও শব্দবিক্তাস আধুনিক। তর্ও যেটা লক্ষ্য করবার বিষয় সে হচ্ছে এর চলতি ভাষা। চলতি ভাষার কবিতা বাংলা শব্দের স্বাভাবিক হসস্করপ বেনে নিয়েছে। হসস্ত শব্দ স্বরবর্ণের বাধা না পাওয়াতে পরস্পর জুড়ে যায়, তাতে যুক্তবর্ণের ধ্বনি কানে লাগে। চলতি ভাষার ছন্দ সেই যুক্তবর্ণের ছন্দ। উপরের ঐ কবিতাকে সাধু ভাষার ছন্দে ঢালাই করলে তার চেহারা হয় নিয়লিখিত-মতো—

অচিনের ডাকে নদীটর বাঁকে ডাক বেন শোনা বার। কুনহীন পাড়ি, থারিতে না পারি, নিশিবিদ বারা বার। সে ধারার টালে ভরীধানি চলে সেই ডাক গুলে মন মোর টলে, এই টানাটানি ঘুচাও জগার হয়েছে বিবস দার।

ষ্দি উচ্চারণ মেনে বানান করা যেত তা হলে বাউলের গানের চেহারা হত—

অচিপ্রাকে নদীব নিক ভাক্বে লোনা বার।

সাধু ভাষার কবিতায় বাংলা শব্দের হসম্ভরীতি যে মানা হয় নি তা নয়, কিছ তাদের পরস্পরকে ঠোকাঠুকি ঘেঁষাঘেঁষি করতে দেওয়া হয় না। বাউলের গানে আছে 'ডাকের চোটে মন যে টলে'। এখানে 'ডাকের' আর 'চোটে', 'মন' আর 'যে', এদের মধ্যে উচ্চারণের কোনো ফাঁক থাকে না। কিছু সাধু ভাষার গানে 'মন' আর 'মোর' হসন্ত শব্দ হলেও হসন্ত শব্দের সভাব রক্ষা করে না, সন্ধির নিয়মে পরস্পর এটে যায় না।

বাংলা ভাষার স্বচেয়ে পুরোনো ছন্দ পরারের ছাঁদের, অর্থাৎ ছুই সংখ্যার ওজনে। বেমন—

> খনা ডেকে ব'লে বান রোদে খান ছায়ায় পান। দিনে রোদ রাতে জল ভাতে বাড়ে খানের বল।

এমনি ক'রে হতে হতে ছন্দের মধ্যে এসে পড়ে ভিনের মাজা। বেমন—
আনহি বসত আনহি চাব,
বলে ভাক ভাষার বিনাল।

কিংবা---

আবাঢ়ে কাড়ান নাহকে, প্রাবণে কাড়ান ধানকে, ভাগরে কাড়ান নিবকে, আবিনে কাড়ান কিসকে।

এর অর্থ বোঝাবার দায়িত্ব নিতে পারব না।

ছই মাত্রার ছড়ার ছন্দ পরিণত রূপ নিষেছে পরারে। বাঙালি বহুকাল ধরে এই ছন্দে গেরে এসেছে রামায়ণ মহাভারত একটানা স্থরে। এই ছন্দে প্রবাহিত প্রাণেশিক প্রাণকাহিনী রভিয়েছে বাঙালির হুদরকে। দারিত্র্য ছিল ভার জীবন-বাত্রায়, তার ভাগ্যদেবতা ছিল অভ্যাচারপরায়ণ, সে এমন নৌকোর ভাসছিল ধার ছাল

ছিল না তার নিজের হাতে: বধন তার আকাশ থাকত শাস্ত তধন গ্রামের এ ঘাটে ও ঘাটে চলত তার আনাগোনা সামান্ত কারবার নিয়ে, কথনো বা দিনের পর দিন দুৰ্বোগ লেগেই থাকড, ভাগ্যের অনিশ্চরভার হঠাৎ কে কোধার পৌছর ভার ঠিক ছিল না, হঠাৎ নৌকোক্সৰ হত ভরাভূবি। এরা ছড়া বাঁধে নি নিজের কোনো শ্বরণীয় ইতিহাস নিয়ে। এরা গান বাঁধে নি ব্যক্তিগত দীবনের স্বধনুংধবেদনায়। अहा निःगत्महरे छात्माद्वरम्हरू. किन्दु नित्मह सर्वानिए क्षेत्राम करत् नि छोत्र হাসিকালা। দেবতার চরিত-বুদ্ধান্তে এরা ঢেলেছে এদের অন্তরের আবেগ; হরপার্বতীর লীলার এরা নিজের গৃহস্থালির রূপ ফুটিরেছে, রাধারুক্ষের প্রেমের গানে এরা নেই প্রেমের করনাকে মনের মধ্যে তেউ লাগিরেছে যে প্রেম সমাজবন্ধনে বন্দী নয়, বে প্রেম ब्बिसार्वि-विচादित वाहेदा । धक्यां काहिनी हिम त्रामायन-महाजात्रज्द व्यवमधन করে যা মানবচরিত্তের নতোমতকে নিয়ে হিমালয়ের মতো ছিল দিক থেকে দিগন্তরে প্রদারিত। কিন্তু সে হিমালয় বাংলাদেশের উত্তরতম সীমার দুর গিরিমালার মতোই; তার অভ্রভেদী মহন্তের কঠিন মৃতি সৰ্ভল বাংলার রসাতিশব্যের সঙ্গে নেলে না। তা বিশেষভাবে বাংলার নয়, তা স্নাতন ভারতের। অন্নদামশ্লের স্থে, ক্বিক্সণের স্তে, রামায়ণ-মহাভারতের তুলনা করলে উভয়ের পার্থকা বোঝা বাবে। অরদানঞ্জ চত্তীমকল বাংলার; ভাতে মহন্তত্তের বীর্ণ প্রকাশ পায় নি, প্রকাশ পেয়েছে অকিঞিংকর প্রাভাহিকভার অমুজ্জন জীবনধাতা।

এই কাব্যের পণ্য ভেসেছিল পদ্মর ছন্দে। ভাঙাচোরা ছিল এর পদবিক্সাস। গানের হ্বর দিয়ে এর অসমানতা মিলিরে দেওয়া হত, দরকার হত না অক্ষর সাজাবার কালে সভর্ক হ্বার। পুরানো কাব্যের পুঁথি দেখলেই তা টের পাওয়া যায়। অত্যন্ত উচ্নিচ্ তার পথ। ভারতচন্তই প্রথম ছন্দকে সৌবম্যের নির্মে বেঁখেছিলেন। তিনি ছিলেন সংস্কৃত ও পারসিক ভাষায় পত্তিত। ভাষাবিক্সাসে ছন্দে প্রাদেশিকতার শৈথিলা তিনি মানতে পারেন নি।

পরার ছন্দের একেশরণ ছাড়িয়ে গিয়ে বিচিত্র ছয়েছে ছন্দ বৈক্ষব পদাবলীতে।
তার একটা কারণ, এগুলি একটানা গল্প নয়। এই পদগুলিতে বিচিত্র হদয়াবেগের
সংঘাত লেগেছে। দোলায়িত ছয়েছে সেই আবেগ তিনমাত্রার ছন্দে। বৈমাত্রিক
এবং ত্রৈমাত্রিক ছন্দে বাংলা কাব্যের আরম্ভ। এখনো পর্যন্ত এই জাতের মাত্রাকে
নানা প্রকারে সাজিয়ে বাংলার ছন্দের লীলা চলছে। আর আছে ছই এবং তিনের
জোড় বিজ্ঞান্ত সংখ্যা মিলিয়ে পাঁচ কিংবা নয়ের অলম মাত্রার ছন্দ।

बांठे कथा वना वात्र, इहे अवर जिन मरशाहे बारनात मकन इत्मत मृतन। जात

রূপের বৈচিত্ত্য ঘটে যতিবিভাগের বৈচিত্ত্যে, এবং নানা ওজনের পংক্তিবিস্থাসে। এই-রকম বিভিন্ন বিভাগের যতি ও পংক্তি নিয়ে বাংলায় হন্দ কেবলই বেড়ে চলেছে।

এক সময়ে শ্রেণীবদ্ধ নাত্রা গুণে ছন্দ নির্ণয় হত। বালকবয়সে একদিন সেই
চৌদ অক্ষর মিলিয়ে ছেলেমাছ্যি পয়ার রচনা ক'রে নিজের রুতিত্বে বিশ্বিত
হয়েছিলুম। তার পরে দেখা গেল, কেবল অক্ষর গণনা ক'রে যে ছন্দ তৈরি হয়
তার শিল্পকলা আদিম জাতের। পদের নানা ভাগ আর মাত্রার নানা সংখ্যা দিয়ে
ছন্দের বিচিত্র অলংক্তি। অনেক সময়ে ছন্দের নৈপুণ্য কাব্যের মর্বাদা ছাড়িয়ে
যায়।

চলতি ভাষার কাষ্য, যাকে বলে ছড়া, তাতে বাংলার হসস্কর্সংঘাতের স্বাভাবিক ধ্বনিকে স্বীকার করেছে। সেটা পয়ার হলেও অক্ষর-গোনা পয়ার হবে না, সে হবে মাত্রা-গোনা পয়ার। কিন্তু কথাটা ঠিক হল না, বস্তুত সাধু ভাষার পয়ারও মাত্রা-গোনা। সাহিত্যিক কর্লতি পত্রে সাধু ভাষায় অক্ষর এবং মাত্রা এক পরিমাণের বলে গণ্য হয়েছে। এইমাত্র রফা হয়েছে যে সাধু ভাষার পখ্য-উচ্চারণকালে হসস্কের টানে শক্ষপ্রলি গায়ে গায়ে লেগে যাবে না; অর্থাৎ বাংলার স্বাভাবিক ধ্বনির নিয়ম এড়িয়ে চলতে হবে।—

সতত হে নদ তুমি পড়ো মোর মনে, জুড়াই এ কান আমি আবির ছলনে।

চলতি বাংলায় 'নদ' আর 'তুমি', 'মোর' আর 'মনে' হসন্তের বাঁধনে বাঁধা। এই পয়ারে ঐ শব্দগুলিকে হসন্ত বলে বে মানা হয় নি ভা নয়, কিন্ত ওর বাঁধন আলগা করে দেওয়া হয়েছে। 'কান' আর 'আমি', 'ল্রান্ডির' আর 'ছলনে' হসন্তের রীতিতে হওয়া উচিত ছিল যুক্ত শব্দ; কিন্ত সাধু ছম্পের নিয়মে ওদের জ্যোড় বাঁধতে বাধা দেওয়া হয়েছে।

একটা থাঁটি ছড়ার নমুনা দেখা ধাক-

এ পার গলা ও পার গলা সংঘাদনে চর, ভারই মধ্যে বসে আছেন নিবু সদাগর।

এটা পথার কিন্তু চোদ্দ ক্ষরের সীমানা পেরিয়ে পেছে। তব্ উচ্চারণ মিলিয়ে বানান করলে চোদ্ ক্ষরের বেশি হবে না—

> এপার্গনা গুণার্গনা মধ্যিখানে চর, ভারি মধ্যে কসে আছেলিবু সদাপর।

ছড়ার প্রায় দেখা বায় মাত্রার ঘনতা কোথাও কম, কোথাও বেশি। আরুত্তিকারের

উপর ছন্দ মিলিরে নেবার বরাত দেওরা আছে। ছন্দের নিজের মধ্যে বে কোঁক আছে তার তাড়ার কণ্ঠ আপনি প্রয়োজনমত শ্বর বাড়ার কমায়।—

निवू र्राक्रवर विश्व हरन जिम करछ गाम।

এখানে 'বিষে হবে' শব্দে মাজা ঢিলে হবে গেছে। বদি খাকত 'শিব্ ঠাকুরের বিষের সভাষ তিন কল্পে দান', তা হলে মাজা পুরো হত। কিন্তু বাংলাদেশে ছেলে বুড়ো এমন কেউ নেই বে আপনিই 'বিষ্—ে হবে—' শ্বরে টান না দেয়।

বৰ ধৰো, বহু ধৰো, ধৰো বাজহংগ, ভাহার অধিক ধৰো কলে ভোহার হাভের শুখু ৷

ছটো লাইনের মাত্রার কমি-বেশি শ্পষ্ট; কিন্তু ভরের কার্ণ নেই, শ্বভই আর্ত্তির টানে ছটো লাইনের ওলন মিলে বায়। ছলে চলতি ভাবা আইন জারি না করেও আইন মানিরে নিতে পারে।

ছেলে ভোলাবার ছড়া শুনলে একটা কথা স্পাই বোঝা বায়, এতে অর্থের সংগতির দিকে একট্র দৃষ্টি নেই, দৃষ্টি দেবার দরকার বোধ করা হয় নি। যুক্তিবাধন-ছেড়া ছবিগুলো ছন্দের টেউরের উপর টগ্বগ্ করে ভেসে উঠছে, ভেসে বাছে। স্বপ্নের মতো একটা আক্ষিক ছবি আর-একটা ছবিকে ক্টিয়ে আনছে। একটা শন্দের অহপ্রাসে হোক বা আর-কোনো অনির্দিষ্ট কারণে হোক, আর-একটা শন্দ রবাহুত এসে পড়ছে। আধুনিক যুরোপীয় কাব্যে অবচেতন চিত্তের এই-সমন্ত স্বপ্নের দীলাকে স্থান দেবার একটা প্রেবণা দেখা বায়। আধুনিক মনন্তব্যে মাহুবের মাইচেতন্তের সক্রিয়তার উপর বিশেষ দৃষ্টি পড়েছে। চৈতন্তের সক্রেতা বেকে মৃক্তি দিয়ে স্বপ্নলোকের অসংলয় হুতাস্টেকে কাব্যে উনার ক'রে আনবার একটা প্রয়াস দেখতে পাই। নীচের ছড়াটির মতো এই ভাতের রচনা কোনো আধুনিক কবির হাত দিয়ে বেরিয়েছে কি না জানি নে। ধবর বা পেরেছি ভাতে জানা বায়, এর চেরে অসংলয় কাব্যের অভ্যাবর হয়েছে।—

নোটন নোটন পাররাশ্বলি খোটন রেখেছে,
কটো নাবেরের বিবিশ্বলি নাইতে এনেছে।
ছ পারে ছই কই কাংলা ভেনে উঠেছে,
হাহার হাতে কলম ছিল ছুঁছে নেরেছে।
ও পারেতে ছটি নেরে নাইতে নেরেছে।
বুলু বৃল্ব চুলগাহটি বাড়তে নেরেছে।
কে বেখেছে, কে বেখেছে, যাহা বেখেছ।
আন্ধ হারার দেবা কেলা, কাল যাহার বে।

দানা বাবে কোন্ধান দে, বক্লজনা দে।
বক্ল ফুল কুড়োতে কুড়োতে পেরে পেলুম মালা।
রামধচুকে বাদ্দি বালে নীতেনাধের খেলা।
নীতেনাধ বলে রে জাই, চালকড়াই খাব।
চালকড়াই খেতে খেতে গলা হল কাঠ,
হেখা হোখা জল পাব চিংপুরের মাঠ।
চিংপুরের মাঠেতে বালি চিক্চিক্ করে,
চালমুখে রোদ নেগে রক্ত কেটে পড়ে।

স্দ্র কাল থেকে আত্র পর্যন্ত কাব্য যারা আউড়িয়েছে এবং যারা ভনেছে ভারা একটা অর্থের অতীত রস পেয়েছে; ছন্দতে ছবিতে মিলে একটা মোহ এনেছে ভাদের মনের মধ্যে। সেইজন্তে অনেক নামজাদা কবিভার চেয়ে এর আয়ু বেড়ে চলেছে। এর ছন্দের চাকা ঘুরে চলেছে বছ শভান্ধীর রান্তা পেরিয়ে।

আদিম কালের মান্নব তার ভাষাকে ছন্দের দোল লাগিয়ে নিরর্থক নাচাতে কুঞ্চিত হয় নি। নাচের নেশা আছে তার রক্তে। বৃদ্ধি থখন তার চেতনায় একাধিপতা করতে আরম্ভ করেছে, তখনি সে নেশা কাটিয়ে উঠে মেনেছে শব্দের সঙ্গে অর্থের একাম্ভ বোগ। আদিম মান্ন্য মন্ত্র বানিয়েছে, সে মন্ত্রের শব্দে অর্থের শাসন নেই অথবা আছে সামান্ত। তার মন ছন্দে দোলায়িত ধ্বনির রহুক্তে ছিল অভিছৃত। তার মনে ধ্বনির এই-যে সন্মোহনপ্রভাব, দেবতার উপরে, প্রাঞ্জতিক শক্তির উপরেও তার ফিলা সে কল্পনা করত। তাই সাঁওতাল প্রভৃতি আদিম জাতির অনেক গানের শব্দে অর্থ হেছেে গৌণ; অর্থের যে আভাস আছে সে কেবল ধ্বনির গুণে মনের মধ্যে মাৃছ বিস্তার করে, অর্থাৎ কোনো স্পষ্ট বার্ডার জন্তে তার আদর ময়, বাঞ্জনার অনির্দেশ্রতাই তাকে প্রবল্জা দেয়। মা তার ছেলেকে নাচাচ্ছে—

ধেনা নাচন পেনা, বট পাকুড়ের কেনা। বলৰে থালো চিনা, হাগকে থালো বান, নোনার আছুর কল্পে বালে নাচ্বা কিনে খানু।

এর মধ্যে থানিকটা অর্থহীন ধ্বনি, থানিকটা অর্থবান ছবির টুকরো নিয়ে বে ছড়া বানানো হয়েছে তাতে আছে সেই নাচন বে নাচন স্বপ্নলোকে কিনতে পাওয়া হায়।

এই-বে ধ্বনিতে অর্থে মিলে মনের মধ্যে মোহাবেশ জাগিছে তোলা, এটা স্কল যুগের কবিতার মধ্য দিষেই কমবেশি প্রকাশ পায়; তাই অর্থের প্রবৈদ্যতা বেড়ে উঠলে কবিতার সংখ্যাহন বায় কমে। ধ্বনির ইশারা দিয়ে বা নিজেকে অভাবনীয় ক্লেপ সার্থক করে তোলে, শিক্ষকের ব্যাখ্যার হারা তা বখন সমর্থনের অপেকা করে তখন কবিতার মন্ত্রশক্তি হারায় তার গুল। ছন্দ আছে আছর কাজে, খেরাল গেলে বৃদ্ধিকে অগ্রাহ্য করতে সে সাহস করে।

সাহিত্যের মধ্যে কাঞ্চকান্ত, কাব্যে যার প্রাধান্ত, তার একটা দিক হচ্ছে শব্দের বাছাই-সান্ধাই করা। কালে কালে প্রয়োজনে অপ্রয়োজনে ভাবান্ত শব্দ অমে বার বিশুর। তার মধ্যে থেকে বেছে নিতে হর এমন শব্দ বা করনার ঠিক করমাশটি মানতে পারে পুরো পরিমাণে।

রামপ্রসাদ বলেছেন: আমি করি ছবের বড়াই। 'বড়াই'-বর্গের অনেক ভারী ভারী কথা ছিল: গর্ব করি, গৌরব করি, মাহাত্ম্য বোধ করি। কিন্তু 'হৃঃথকেই বড়ো ক'রে নিয়েছি' বলবার জন্তে অমন নিভান্ত সহজ্ঞ অর্থাৎ ঠিক কথাটি বাংলাভাষার আর নেই।

বেমন আছে শব্দের বাছাই তেমনি আছে ভাবপ্রকাশের বাছাইয়ের কান্ত। বাউল বলতে চেয়েছে, চার দিকে অচিম্বনীয় অপরিসীম রহজ, ভারই মধ্যে চলেছে জীবনযাত্রা। সে বললে—

পরান আবার শ্রোতের ধীরা
( আবার ভাসাইলা কোন্ থাটে ) ।
আসে আভার পাছে আভার, আভার নিপ্টং-ঢালা ।
আভারবাবে কেবল বাজে কচ্বেরই মালা ।
ভার ভলেতে কেবল চলে নিপ্টং- রাভের ধারা,
সাবের সাধি চলে বাভি, নাই সো কুলকিনারা ।

নানা বছকে একলা-দীবনের গতি, বেন চার দিকের নিস্থুং অন্ধকারে প্রোতেভাগানো প্রদীপের মতো— এমন সহক্ষ উপমা মিলবে কোথার। একটা শব্ধ-বাছাই লক্ষ্য করা বাক: লহরেবই মালা। উমি নর, তরজ নয়, তেউ নয়, শব্দ জাগাচেছ অলে ছোটো ছোটো চাঞ্চল্য, ইংরেজিতে বাকে বলে ripples। অন্ধকারের তলায় তলায় রাজির থারা চলেছে, এ ভাবটা মনে হয় বেন আধুনিক কবির ছোঁয়াচ-লাগা। রাজি তব্দ হয়ে আছে, এইটেই সাধারণত মুখে আসে। ভার প্রহরগুলি নিঃশব্দ নির্ণক্ষ্য প্রোতের মতো বব্দ চলেছে, এ উপমাটায় হালের টাকশালের ছাপ লেগেছে বলেই মনে হয়।

শব্দ-বাছাই ভাব-বাছাইবের শিল্পকান্ত চলেছে পৃথিবীর সাহিত্য কুড়ে। সঙ্গে সঙ্গে চলেছ থানির কান্ত। সেটা গভে চলে অলক্ষে, পথে চলে এভাকে।

মূখে মুখে প্রতিদিনের ব্যবহারের ভাষায় কলাকৌশলের প্রয়োজন হয় না। কিছ
মাহ্য দলবাধা জীব। একলার ব্যবহারে লে আটপৌরে, দলের ব্যবহারে স্থাক্জিত।
সকলের সঙ্গে আচরণে মাহ্যবের যে সৌজস্ত সেই তার ব্যবহারের শিল্পকার্য। তাতে
যত্তপূর্বক বাছাই সাজাই আছে। সর্বজনীন ব্যবহারে ব্যক্তিগত খেয়ালের যথেচ্ছাচার
নিন্দনীয়। এ কেত্রে মাহ্যব নিজেকে ও অস্তকে একটা চিরস্তন আদর্শের ছারা সমান
দেয়। সাহিত্যকে কদাচিৎ শুদ্রই সৌজক্তন্তই করায় প্রকাশ পায় সমাজের বিকৃতি,
প্রকাশ পায় কোনো সাময়িক বা মারাত্মক ব্যাধির লক্ষণ।

ভাষা অবতীর্ণ হয়েছে মাহ্মহকে মাহ্মযের সঙ্গে মেলাবার উদ্দেশ্তে। সাধারণত সে মিলন নিকটের এবং প্রভাহের। সাহিত্য এসেছে মাহ্মযের মনকে সকল কালের সকল দেশের মনের সঙ্গে মুখোমুখি করবার কাজে। প্রাকৃত জগং সকল কালের সকল ছানের সকল তথ্য নিয়ে, সাহিত্যজগং সকল কালের সকল দেশের সকল মাহ্মযের করনাপ্রবিণ মন নিয়ে। এই জগং-স্প্রতিতে যে-সকল বড়ো বড়ো রূপকার আপন বিশ্বজনীন প্রতিভা খাটিয়েছেন সেই-সব স্প্রতিক্তাদেরকে মাহ্ম চির্ম্মরণীয় বলে স্বীকার করেছে। বলেছে তারা অমর। পঞ্জিরার গণনা অহ্মারে অমর নয়। মাহেজ্বারোর ভ্যাবশেষ যখন দেখি তখন বোঝা যায়, তারই মতো এমন অনেক সভাতা মাটির তলায় লুপ্ত হয়ে গেছে। সেদিনকার বিলুপ্ত সভাতাকে বারা একদিন বাণীরূপ দিয়েছিলেন তাদের সেই বাণীও নেই, সেই স্থতিও নেই। কিন্তু যখন তারা বর্তমান ছিলেন তখন তাদের কীর্তির যে মূল্য ছিল সে কেবল উপস্থিত কালের নয়, সে নিত্যকালের। সকল কালের সকল মাহ্মষের চিত্তমিলনবেদিকায় উৎসর্গ করা তাদের দান সেদিন অমরতার স্বাক্ষর প্রেছেলি, আমরা সে সংবাদ জানি আর নাই জানি।

## 25

সাধু ভাষার সঙ্গে চলতি ভাষার প্রধান প্রভেদ ক্রিয়াপদের চেহারায়। বেমন সাধুভাষার 'করিতেছি' হয়েছে চলতি ভাষায় 'করছি'।

এরও মূল কথাটা হচ্ছে আমাদের ভাষাটা হসম্বর্ণের শক্ত মুঠোর আঁটবাধা। 'করিডেছি' এলানো শব্দ, পিও পাকিষে হয়েছে 'করছি'।

এই ভাষার একটা অভ্যেস দেখা বার, তিন বা ততোধিক অকর -ব্যাপী শব্দের বিতীয় বর্ণে হসন্ত লাগিরে শেব অক্ষরে একটা স্বর্থের জুড়ে শব্দটাকে ভাল পাকিরে দেবসা। বথা ক্রিয়াপদে: ছিট্কে পড়া, কাৎরে প্রঠা, বাৎলে দেবরা, গাঁৎরে বাওয়া, र्दन्हित्य हना, वर्तनिय त्रख्या, विश्कृत्य याख्या।

বিশেয়পদে: কাংলা ভেট্কি কাঁক্ড়া শাম্লা স্তাক্ড়া চাম্চে নিম্কি চিম্টে টুক্রি কুন্কে আখ্লা কাঁচ্কলা সক্ড়ি দেশ্লাই চাম্ডা মাট্কোঠা পাগ্লা পল্ভা চাল্ভে গাম্লা আম্লা।

বিশেষণ, যেমন : পুঁচ্কে বোট্কা আল্গা ছুট্কো হাল্কা বিধ্কুটে পাৎলা ভান্পিটে ভুটকো পান্সা চিম্সে ।

এই হসম্ভবর্ণের প্রভাবে স্থামাদের চলতি ভাষায় যুক্তবর্ণের ধ্বনিরই প্রাধান্ত ঘটেছে।

আরও গোড়ায় গেলে দেখতে পাই, এটা ঘটতে পেরেছে অকারের প্রতি ভাষার উপেক্ষাবশত।

সংস্কৃত ভাষার উচ্চারণের সঙ্গে বাংলা উচ্চারণ মিলিয়ে দেখলে প্রথমেই কানে ঠেকে অ বরবর্গ নিয়ে। সংস্কৃত আ বরের হস্তরপ সংস্কৃত আ। বাংলায় এই হস্ত আ অর্থাৎ অ আমাদের উচ্চারণে আ নাম নিয়েই আছে; যেমন: চালা কাঁচা রাজা। এ-সব আ এক মাত্রার চেয়ে প্রশন্ত নয়। সংস্কৃত আ'কারমুক্ত শব্দ আমরা হস্তমাত্রাতেই উচ্চারণ করি, যেমন 'কামনা'।

वाश्मा वर्ग्यामात च गश्चुक चत्रवर्णत कांग्रेश तारे। हेरदिक star मरचत्र a गश्चुक चा. हेरदिक stir मरचत्र i गश्चुक च। हेरदिक ball मरचत्र a वाश्मा च। वाश्माय 'यद्मगद्भ'त्र वानान याहे ह्याक, अत्र ठात्रहि वर्ष हे गश्चुक च ताहे। हिन्मिरक गश्चुक च चाहि, वाश्मा च ताहे। धहे निष्यहे हिन्मूचानि अञ्चापत्र वाङामि माक्रदिमत्रा उक्क चर्चित्र गश्चीरक वाश्मा कांग्रेशक चर्चित्र गश्चीरक वाश्मा कांग्रेशक चर्चित्र गश्चीरक वाश्मा कांग्रेशक चर्चित्र गश्चीरक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र गश्चीरक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र गश्चीरक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्चित्र वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्मा कांग्रेशक चर्चा वाश्मा कांग्रेशक चर्चा वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्मा वाश्मा कांग्रेशक चर्चित्र वाश्मा वाश्मा वाश्मा कांग्य वाश्मा वाश्मा

বাংলা অ যদিও বাংলাভাবার বিশেষ সম্পত্তি তব্ এ ভাবার তার অধিকার খুবই সংকীর্ণ। লব্দের আরভে যখন সে হান পার তথনি সে টি কে থাকতে পারে। 'কলম' লব্দের প্রথম বর্ণে অ আছে, বিতীয় বর্ণে সে ও' হরে গেছে, হৃতীয় বর্ণে সে একেবারে লুগু। ঐ আদিবর্ণের মর্বাদা যদি সে অব্যাঘাতে পেত তা হলেও চলত, কিন্তু পদে পদে আক্রমণ সইতে হয়, আর তথনি পরাত্ত হয়ে থাকে। 'কলম' বেই হল 'কল্মি', অমনি প্রথম বর্ণের অকার বিগড়িয়ে হল ও। শব্দের প্রথমন্থিত অকারের এই ক্ষতি বারে বারে নানা রূপেই ঘটছে, বধা: মন বন ধন্ত বক্ষ হয়ি মধু মহন। এই শব্দুলিতে আছ অকার 'ও' বরকে জারগা ছেড়ে বিষেছে। দেখা গেছে, ন বর্ণের পূর্বে তার এই ছ্র্যুতি, ক্ষ বা বা ফলার পূর্বেও ভাই। তা ছাড়া ছুটি বরবর্ণ আছে ওর শব্দ, ই আর উ। তারা পিছনে থেকে ঐ আছ অ'কে করে বের ও, বেমন: গতি ফণী বধু

यह। य कमात्र शृर्द् अकारत्रत धरे मना, रियमः कमा मछ भग वछ। यनि वमा यात्र धरेटेरे चार्जिक जा हरन आवात्र वनरू हव, ध चलावें। गर्वक्रीन नय। शृर्व्यक्त त्रमाय अकारत्र ध विभन पर्ट ना। जा हरनरे रमथा यात्रह, अकारत्र वाश्मा वर्षमानाय चौकात कर्य निर्म्य भरन जारक आर्थ्य कर्या हरमरू वाश्मारम्पत्र विस्त्र अश्मा मर्पात रम्पर हम् जारक शिर्मि हाह, मर्पात आर्या राज्य क्रिक्त पर्ट हम् जारक अकारत्र म्राव्य आर्या राज्य क्रिक्त धनाविभाग विश्व क्रिक्त विभाग विभाग विश्व क्रिक्त विभाग विश्व विभाग विभाग विश्व विश्

মধ্যবর্ণের অকার রক্ষা পায় য় বর্ণের পূর্বে, যথা: সময় মলয় আশয় বিষয়।

মধ্যবর্ণের অকার ওকার হয়, সে-যে কেবল হসন্ত শব্দে তা নয়। আকারান্ত এবং যুক্তবর্ণের পূর্বেও এই নিয়ম, যথা: বসন্ত আলগু লবক সহস্ত বিলম্ব অতত্র রচনা রটনা যোজনা কল্পনা বঞ্চনা।

ইকার আর উকার পদে পদে অকারকে অপদশ্ব করে থাকে তার আরও প্রমাণ আছে।

সংস্কৃত ভাষায় দ্বি প্রভাষের যোগে 'জ্বল' হয় 'জ্বলীয়'। চলতি বাংলায় ওবানে আনে উমা প্রভায় : জ্বল+উমা – জনুমা। এইটে হল প্রথম রুণ।

কিন্তু উ শ্বরবর্ণ শন্ধটাকে শ্বির থাকতে দেয় না। তার বাঁ দিকে আছে বাংলা অ, তান দিকে আছে আ, এই হুটোর সঙ্গে মিলে হুই দিকে হুই ওকার লাগিয়ে দিল, হুয়ে দাঁড়ালো 'জোলো'।

অকারে বা অষ্ক্ত বর্ণে বে-সব শব্দের শেষ সেই-সব শব্দের প্রান্তে অ বাসা পার
না, তার দৃইান্ত পূর্বে দিয়েছি। ব্যতিক্রম আছে ত প্রত্যের-ওয়ালা শব্দে, বেমন:
গত হত কত। আর কতকগুলি সর্বনাম ও অব্যর শব্দে, বেমন: যত তত কত বেন
কেন হেন। আর 'এক শো' অর্থের 'শত' শব্দে। কিছু এ কথাটাও ভূল হল। বানানের
ছলনা দেখে মনে হয় অন্ততে ঐ কটা জারগায় অ বৃদ্ধি টিকে আছে। কিছু সে ছাপার
অক্সরে আপনার মান বাঁচিয়ে মুখের উচ্চারণে ওকারের কাছে আত্মসমর্পণ করেছে,
হরেছে: নতো শতো গতো ক্যানো।

অকারের অভ্যন্ত অনাধর ঘটেছে বাংলার বিশেষণ শবে। বাংলাভাষার হুই

अक्टबर विस्तित मस शायहे बकाबाल हव ना, छात्मत स्तित बारक मार्काव अकाव वा धकात । धत वाष्ठिकम चिष्ठ चहरे। धाधाम गारे वाष्ठिकत्मत महोस वरुधनि मत्न शर्फ (मध्या शक् । बढ दांबांव ए शस्त्र, त्रमन : नान नीन छाम । चार বোঝার বে শব্দে, বেমন : টক বাল। সংখ্যাবাচক শব্দ : এক থেকে দশ ; ভার পরে, विन जिन ७ वर्षि । अहेशात्न अविष कथा वना चावक । अहेत्रकम गःशावाहक শব্দ কেবলমাত্র সমালে খাটে, ষেমন: একজন দশঘর তুইমুখো তিনহপ্তা। কিছ विलिश পদের সঙ্গে জোড়া না লাগিরে বাবহার করতে গেলেই ওদের সঙ্গে 'টি' বা 'টা', 'शाना' वा 'शानि' रवाग कवा वाय, अब चक्रवा हव ना । कथरना कथरना वा विरमव चर्रा ই প্রতায় জোড়া হয়, যেমন: একই লোক, তুইই বোকা। কিছ এই প্রতায় আর বেশি দুর চালাতে গেলে 'জন' শব্দের সহায়তা দরকার হয়, বেমন: পাঁচজনই मुनकरनहे। 'सन' ছाড़ा अस विराम करन ना; 'मांक मांकहे' 'मन कोकिहे' खरेवर, ওদের ব্যবহার করা দরকার হলে সংখ্যাশব্দের পরে টি টা খানি খানা ভূড়তে হবে, यथा : मनी (शाकरे, नींहशानि जरुनारे। अक बूरे - अब वर्ग हाज़ बाबल बृहि बूरे অক্ষরের সংখ্যাবাচক শব্দ আছে, বেমন: আধ এবং দেড়। কিন্তু এরাও বিশেয়শ্ব-महत्वात्त्र म्यारम हत्न, रहमन: व्याधरमान रम्प्रत्याच्या। मयाम हाष्ट्रा विरायम রূপ: দেড়া আধা। সমাসসংশ্লিষ্ট একটা শব্দের দুটান্ত দেখাই: জ্যোড়হাত। সমাস চাডালে হবে 'মোডা হাড'। 'ইেট' বিশেষণ শমটি ক্রিয়াপদের বোগে অথবা সমাসে हरण: देरेम्स, किःवा दर्रे-कदा, दरेरे-इस्वा। नाधादन विरम्यन व्यर्थ स्ट्रक वावशाद क्षि ता, विन ता 'दरें मासूय'। वस्रुष 'दरें इश्वरा' 'दरें क्या' खाड़ा कियानम, कुछ लगारे **উ**ठिछ । 'माय' नम्हों e এই चाट्य, दनि : मायगात मायमतिया । এ इन স্থান। আর বলি: নাঝ থেকে। এখানে 'থেকে' অপাদানের চিহ্ন, অতএব 'নাঝ-(थक् "मर्के क्षाफ़ा नम । विन त्न: माव लाक, माव पत्र। এই माव मस्के बीहि বিশেষণ রূপ নিলে হয় 'মেঝো'।

ছই অক্ষরের হসন্ত বাংলা বিশেষণের দৃষ্টান্ত ভেবে ভেবে আরও কিছু মনে আনা বেভে পারে, কিন্তু অনেকটা ভাবতে হয়। অপর পক্ষে বেলি যুঁজতে হয় না, বেমন : বড়ো ছোটো মেৰো গেলো ভালো কালো খলো রাঙা সাদা দিকে বাটো রোগা মোটা বেটে কুঁলো বাকা সিধে কানা খোঁড়া বোঁচা ছলো কাকা খাঁদা ট্যারা কটা গোটা ক্যাড়া খ্যাপা মিঠে ভাঁসা কয় খাসা ভোকা কাঁচা পাকা খাঁটি মেকি কড়া চোখা রোখা ভিলে হালা ভকো ভাঁড়ো বুড়ো ওঁচা খেলো ছাালা খুঁটো ভীতু উচু নিচু কালা হাবা বোকা ঢাাঙা বেঁটে ঠুঁটো খনো।

বাংলা বর্ণনালায় ই আর উ সবচেয়ে উদ্যমনীল স্বর্বণ। রাসায়নিক মহলে অক্সিজেন গ্যাস নানা পদার্থের সঙ্গে নানা বিকার ঘটিয়ে দিয়ে নিজেকে রূপান্তরিভ করে, ই স্বর্বণ টা সেইরকম। অন্তত আ'কে বিগড়িয়ে দেবার জন্তে তার খ্ব উচ্চম, বেমন: থলি+আ-থ'লে, করি+আ-ক'রে। ইআ প্রত্যায়ের ই পূর্ববর্তী একটা বর্ণকে ডিভিয়ে শব্দের আদি ও অন্তে বিকার ঘটায়, তার দৃষ্টান্ত: আল + ইআ – জেলে, বালি + ইআ – বেলে, নাটি + ইআ – নেটে, লাঠি + ইআ – লেঠেল।

পরে বেধানে আকার আছে ই সেধানে আ'এ হাত না দিয়ে নিজেকেই বদলে ফেলেছে, তার দৃষ্টাস্ত যথা: মিঠাই—মেঠাই, বিড়াল—বেড়াল, শিয়াল—শেয়াল, কিডাব—কেডাব, বিডাব—খেডাব।

আবার নিজেকে বজায় রেখে আকারটাকে বিগড়িয়ে দিয়েছে, তার দৃষ্টান্ত দেখো: হিসাব – হিসেব, নিশান – নিশেন, বিকাল – বিকেল, বিলাত – বিলেত। ই কোনো উৎপাত করে নি এমন দৃষ্টান্তও আছে, সে বেশি নয়, অক্লই, যেমন: বিচার নিবাস কুষাণ পিশাচ।

একদা বাংলা ক্রিরাপদে আ বরবর্ণের যথেষ্ট প্রতিপত্তি ছিল। করিলা চলিলা করিবা যাইবা: এইটেই নিয়ম ছিল। ইতিমধ্যে ই উপত্রব বাধিয়ে দিলে। নিরীহ আকারকে লে শান্তিতে থাকতে দেয় না; 'দিলা'কে করে তুলল 'দিলে', 'করিবা' ছল 'করবে'।

বাংলা ক্রিয়াপদের সভ-অতীতে ইল প্রতাবে বিকরে ও এবং এ লাগে, বেমন: করলো করলে। 'করিল' হয়েছে 'করলো', ইকারের সঙ্গে সম্বন্ধ ছির ক'রে। 'করিলা' থেকে 'করলে' হয়েছে ইকারের লাসন মেনেই, অর্থাৎ আ'কে নিকটে পেরে ই তার বোগে একটা এ ঘটিয়েছে। মনে করিয়ে দেওয়া ভালো, দক্ষিণবক্ষের কথা বাংলার কথা বলছি। এই ভাষার 'করিলাম' বলি 'করলেম' হয়ে থাকে সে তার স্বরবর্ণের প্রবৃত্তিবলত। এই কারণেই 'হইয়া' হয়েছে 'হয়ে'।

বাংলার উ বরবর্ণও ধ্ব চঞ্চল। ইকার টেনে আনে এ বরকে, আর ও বরকে টানে উকার : পট + উআ = পোটো। মাবের উ ভাইনে বাঁরে দিলে স্বর বদলিরে। শব্দের আভকরে বদি থাকে আ, তা হলে এই স্বাসাচী বাঁ দিকে লাগার এ, তান দিকে ও। 'মাঠ' শব্দে উআ প্রতার বোগে 'মাঠুআ', হরে গেল 'মেঠো'; 'কাঠুআ' থেকে 'কেঠো'। উকারের আন্ধবিসর্জনের বেমন নৃষ্টান্ত দেখলুম, তার আন্মপ্রতিষ্ঠারও দৃষ্টান্ত আছে, বেমন : কুড়াল = কুড়ুল, উনান – উছন। কোথাও বা আভকরের উকার পরবর্তী আকারকে ও ক'রে দিয়ে নিজে থাটি থাকে, বেমন : কুড়াল কুড়ো, গুড়া – গুড়ো,

পূজা – পূজো, হতা – হতো, ছুতার – ছুতোর, কুমার – কুষোর, উজাড় – উজোড়। উকারের পরবর্তী অকারকে অনেক হলেই উকার করে দেওবা হয়, বেষন: পূডল – পুতৃদ, পুথর – পুথুর, হকম – হকুম, উপড় – উপুড়।

একটা কথা বলে রাখি, ইকারে গলে উকারের একটা বোগদাবোদ আছে।
তিন অকরের কোনো শব্দের তৃতীয় বর্ণে বিদি ই থাকে তা হলে দে মধ্যবর্ণের আ'কে
তাড়িয়ে দেখানে বিনা বিচারে উ'এর আদন করে দেয়। কিছু প্রথমবর্ণে উ কিংবা
ই থাকা চাই, যেমন: উড়ানি — উড়ুনি, নিড়ানি — নিড়ুনি, পিটানি — পিটুনি। কিছু
'পেটানি'র বেলায় থাটে না; কারণ ওটা একার, ইকার নর। 'মাতানি'র বেলায়ও
এইরপ। 'থাটুনি' হয়, বেহেতু ট'এ আকারের দংশ্রব নেই। গাঁথুনি মাতুনি
রাধুনি'রও উকার এসেছে অকারকে সরিয়ে দিয়ে। দেই নিয়নে: এখুনি চিক্লনি।
'চালানি' শব্দে আকারকে মেরে উকার দধল পেলে না, কিছু 'চালনি' শব্দে অকারকে
ঠৈলে কেলে অনায়ানে হল 'চালুনি'।

উকারের ব্যবহার দেখলে মনে পড়ে কোকিলকে, সে বেখানে সেখানে পরের বাদার ভিম পেডে বার।

এও দেখা গেছে ইআ প্রভাষ-ওয়ালা শব্দে ই'কে ঠেলে উ অনধিকারে নিজে আসন ফুড়ে বসে, যেমন: জক্তল = জক্তিয়া = জকুলে, বাদল = বাদলিয়া = বাত্তে। এমনিতরো: নাটুকে মাতৃনে।

হাতৃড়ে কাঠুরে দাপুড়ে হাটুরে ধেখড়ে: এদের মধ্যে কোনো-একটা প্রতায় বোগে র বা ড় এদে ফুটেছে। লক্ষ্য করবার বিষয় এই যে, 'ঘেহড়ে'র ঘাদে লাগল একার, 'দাপুড়ে'র দাপ রইল নিবিকার। ভাষাকে প্রের করলে এক-এক দময়ে ভালো ক্ষবাব পাই, এক-এক দময় পাইও নে। চাব বে করে সে 'চাবুড়ে' হল না কেন।

আমার হিন্দিভাষী বন্ধু বলেন, বাংলায় 'সাপুড়ে'; হিন্দিতে : সঁপেরা = সাঁপ + হারা। বাংলা 'কাঠুরে' হিন্দিতে 'লকড়হারা', হিন্দিতে 'কাঠহারা' কথা নেই। হিন্দির এই 'হারা' ভবিত প্রত্যয়; অধিকার অর্থে এর প্রয়োগ, ক্রিয়া অর্থে নয়। বোধ করি সেই কারণে 'চাবুড়ে' শস্কটা সম্ভব হয় নি।

খরবিকারের আর-একটা অভ্ত দৃষ্টান্ত দেখো। ইন্দা প্রত্যন্ত বোগে একটা ধকার থামথা হয়ে গেল উ: গোবোর + ইন্না ভব্রে, কোঁলোল + ইনা = কুঁতুলে। 'কুঁদ্লে' হল না কেন সেও একটা প্রশ্ন। 'গোবোর' থেকে ওকারটাকে হসন্তের ঘারে তাঞ্চিরে দিলে। 'কোঁলোল' শব্দেও হসন্তকে আরগা না দিয়ে, নিক্লে বসল অমিরে।

অকারের প্রতি উপেকা সহছে আরও প্রমাণ দেওয়া বার। হাত বুলিয়ে সন্ধান

করাকে বলে 'হাৎড়ানো', অসমাপিকায় 'হাৎড়িয়ে'। এখানে 'হাড'এর ত থেকে ছেঁটে দেওয়া হল অকার। অথচ 'হাতুড়ে' শব্দের বেলায় নাহক একটা উকার এনে বুড়ে দিলে, তবু অকারকে কিছুতে আমল দিল না। 'বাদল' শব্দের উত্তর ইআ প্রত্যন্থ ধোগ ক'রে 'বাদ্লে' করলে না বটে, কিন্তু দিলে 'বাহলে' করে।

এই-সব দৃষ্টাস্ত থেকে ব্যতে পারি, অস্তত পশ্চিম ও দক্ষিণ বঙ্গের রসনার টান আছে উকারের দিকে। 'হাতড়ি' শব্দ তাই সহজেই হয়েছে 'হাতুড়ি'। তা ছাড়া দেখো: বাছুর তেঁতুদ বামূন মিশুক হিংহুক বিষ্যুৎবার।'

এই প্রদক্ষে আর-একটা দৃষ্টান্ত দেবার আছে। 'চিবোডে' 'ঘুমোডে' শব্দের স্থলে আজকাল 'চিবতে' 'ঘুমুতে' উচ্চারণ ও বানান চলেছে। আজকাল বলছি এই কল্পে ষে, আমার নিজের কাছে এই উচ্চারণ ছিল অপরিচিত ও অব্যবহৃত। 'চিবোতে' 'घुत्यात्ज' नत्यत्र मुमद्रभ : हिवाहेत्ज घुमाहेत्ज । वा+हे'त्क केंत्र कित्म निःमणकीय উ अरम दम्म । अरच अद अल निजद आरह । दिनानि - विश्नि, विश्नानि = विश्नि, পিটানি = পিটুনি শব্দে দেখা যাচেছ প্রথম বর্ণের ইকার ভার স্বর্ণ তৃতীয় বর্ণের 'পরে হস্তক্ষেপ করলে না, অথচ মধাবর্ণের আ'কে সরিয়ে দিয়ে তার ভায়গায় বদিয়ে দিলে উ। मन्त त्राथरा हत्व, व्यथम वर्तित हेकांत्र छात्र धहे वक्क छे'रक निमञ्चलित करा माधी। গোড়ার ঘেখানে ইকারের ইন্দিড নেই দেখানে উ পথ পায় না ঢুকভে। পূর্বেই ডার महोस्ड मिराइ । 'ठाडानि' इस ना 'ठंड नि', 'ठेकानि' इस ना 'ठेकूनि', 'वाकानि' इस ना 'বাকুনি'। 'চিবুভে' 'বুমুভে' উচ্চারণ স্বামার কানে ঠিক ব'লে ঠেকে না, সে যে নিভাস্ত কেবল অভ্যানের ক্ষপ্তে তা আমি মানতে পারি নে। বাংলা ভাষায় এ উচ্চারণ অনিবাৰ্ধ নয়। আমার বিশাস 'চিনাইতে' শব্দকে কেউ 'চিম্বতে' বলে না, অন্তত আমার তাই ধারণা। 'গুলাইতে' কেউ কি 'গুলুতে', কিংবা 'ছুটাইতে' 'ছুটুডে' বলে ? 'বুঝাইভে' বলতে 'বুঝুভে' কেউ বলে কিনা নিশ্চিত ন্নানি নে, আশা করি বলে না। 'পুরাইতে' বলতে 'পুরুতে' কিংবা 'ঠক।ইতে' বলতে 'ঠকুতে' শুনি নি। আমার নিশ্চিত বোধ হয় 'কান क्षृत्र' क्रिडे वरण ना, अवह 'चूमारेन' ও 'क्षृहेन' এकरे हाराव कथा। 'আমাকে দিয়ে তার ঘোড়াট। কিনাইল' বাকাটাকে চলতি ভাষায় যদি বলে 'আমাকে দিয়ে তার ঘোড়াটা কিমুল', স্বামার বোধ হয় সেটা বেলাড়া শোনাবে। এই 'শোনাবে' नवि 'कश्रद' रहत फेर्टफ ताथ रह वथरना विक्र बाह्य। बामवा वक कारन व-नव

> হিনিতে 'হাতৃড়ি' শব্দের প্রতিশন রীলিকে 'হতেড়ি'। বিহারীতে রীলিকে 'হতেড়ি'। উল্লা এবং উরা প্রতার বেকে উকারের প্রবেশ বাতাবিক। হিনিতেও তুব ওকারকে উকারের মতো বলবার ও লেববার প্রবৃত্তি আছে: বোলবাবা—বুলবানা, কোড়বানা — কুড়বানা, গোবর + এলা — প্রবিক্রা। উচ্চারণে অভ্যন্ত ছিলুম এখন তার অক্তথা দেখি, বেমন: পেতোল (পিতোল), ভেতোর (ভিতোর), তেতো (ভিতো), সোম্বোর (স্থম্বোর), ভাল দে (দিয়ে) মেখে খাওয়া, তার বে (বিয়ে) হয়ে গেল।

উকারের ধানি তার পরবর্তী অক্ষরেও প্রতিধানিত হতে পারে, এতে আকর্ষের কথা নেই, যেমন: মৃণ্ড্ কুণ্ড কর্ম কর্মর পৃত্ত্ম মুখ্র । তর্ 'কুগুল' ঠিক আছে, কিছ 'কুণ্ড্লি'তে লাগল উকার । 'কুন্মর' 'কুন্মরী'তে কোনো উৎপাত ঘটে নি। অথচ 'গণনা' শব্দে অনাহুত উকার এলে বানিয়ে দিলে 'গুনে'। 'লয়ন' থেকে হল 'গুরে', 'বয়ন' থেকে 'বুনে', 'চয়ন' থেকে 'চুনে'।

বাংলা অকারের প্রতি বাংলা ভাবার অনাদরের কথা পূর্বেই বলেছি। ইকারউকারের পূর্বে ভার বরূপ লোপ হরে ও হর। ঐ নিরীহ খরের প্রতি একারের
উপত্রবন্ধ কম নয়। উচ্চারণে ভার একটা অকার-ভাড়ানো র্নোক আছে। ভার
প্রমাণ পাওয়া বার সাধারণ লোকের মুখের উচ্চারণে। বাল্যকালে প্রলম্ব-ব্যাপারকে
'পেরায়' ব্যাপার বলতে ভনেছি মেয়েদের মুখে। সমাজের বিশেব ভরে আজন এর
চলন আছে, এবং আছে: পেরাম (প্রহলাম), পেরনাম (প্রদাম), পেরথম (প্রথম),
পেরধান (প্রধান), পেরজা (প্রজা), পেসোরো (প্রসম), পেরাম অবা পেরসাদ (প্রসাদ)।
'প্রভ্যালা' ও 'প্রভায়' শব্দের অপত্রংশে প্রথম বর্ণে হস্তক্ষেপ না ক'রে ঘিভীয় বর্ণে বিনা
কৈফিয়তে একার নিয়েছে বাসা, হয়েছে 'পিছেস', 'পিছেয়', কখনো হয় 'পেন্তয়'।
একারকে আয়গা ছেড়ে দিয়েছে ইকার এবং অকার, ভারন্ড দৃষ্টান্ধ আছে,
ফেমন: সেজা (সিছা), নেত্রো (নিভা বা নৃভা), কেটো (কিটো), শেকোল (শিক্ষণ),
বেরোদ (বৃহৎ), ধেস্টান (খুস্টান)। প্রথম বর্গকে ভিভিয়ে মারখানের বর্ণে একার
লাফ দিয়েছে সেও লক্ষা করবার বিষয়, য়েমন: নিখেল বিশেস, সরেস (সরস), নীরেস
দিশেন বিশেত বিকেশ অরেট।

यदवर्तत्र रथशात्मत्र ब्याद-अक्टे। मुडोक रम्शात्ना गांक ।---

'পিটানো' শব্দের প্রথম বর্ণের ইকার বদি অবিক্ষত থাকে তা হলে বিতীয় বর্ণের আকারকে দের ওকার করে, হয় 'পিটোনো'। ইকার বদি বিগড়ে গিয়ে একার হয় তা হলে আকার থাকে নিরাপদে, হয় 'পেটানো'। তেমনি: মিটোনো—মেটানো, বিলোনো—বেলানো, কিলোনো—কেলানো। ইকার একারে বেমন অদল-বদলের শব্দ তেমনি উকারে ওকারে। শব্দের প্রথম বর্ণে উ বদি খাটি থাকে তা হলে বিতীয় বর্ণের অকারকে পরাত্ত ক'রে করবে ওকার। বেমন 'জুলানো' হবে থাকে 'জুলোনো'। কিন্তু বদি ঐ উকারের খলন হত্তে হয় ওকার তা হলে আকারের ক্ষি

ছয় না, তখন হয় 'ভোলানো'। তেমনি: তুবোনো – ভোবানো, ছুটোনো – ছোটানো। কিছ 'ঘুমোনো' কখনোই হয় না 'ঘোমানো', 'কুলোনো' হয় না 'কোলানো' কেন। অকর্মক বলে কি ওয় স্বতম্ভ বিধান।

দেখা বাচ্ছে বাংলা উচ্চারণে ইকার এবং উকার খুব কর্মির্চ, একার এবং ওকার ওদের শরণাগত, বাংলা অকার এবং আকার উৎপাত সইতেই আছে।

শরবর্ণের কোঠায় আমরা ঝ'কে ঋণস্বরূপে নিয়েছি বর্ণমালায়, কিছ উচ্চারণ করি ব্যঞ্জন বর্ণের— রি। সেইজন্তে অনেক বাঙালি 'মাতৃভূমি'কে বলেন 'মাত্রিভূমি'। বে কবি তাঁর ছল্মে ঋকারকে শরবর্ণরূপে ব্যবহার করেন তাঁর ছল্মে ঐ বর্ণে অনেকের রসনা ঠোকর খায়।

সাধারণত বাংলায় অরের দীর্ঘ উচ্চারণ নেই। তবু কোনো কোনো ছলে অরের উচ্চারণ কিছু পরিমাণে বা সম্পূর্ণ পরিমাণে দীর্ঘ হয়ে থাকে। হসন্ত বর্ণের পূর্ববর্তী অরবর্ণের দিকে কান দিলে সেটা ধরা পড়ে, বেমন 'ব্রুল'। এখানে জ'এ যে অকার আছে তার দীর্ঘতা প্রমাণ হল 'জ্লা' শব্দের জ'এর সঙ্গে তুলনা করে দেখলে। 'হাত' আর 'হাতা'য় প্রথমটির হা দীর্ঘ, বিতীয়টির হ্রন্থ। 'পিঠ' আর 'পিঠে', 'ভূত' আর 'ভূতো', 'ঘোল' আর 'ঘোলা'— তুলনা করে দেখলে কথাটা ম্পান্ত হবে। সংস্কৃতে দীর্ঘপ্রের দীর্ঘতা সর্বত্তই, বাংলায় স্থানবিশেষে। কথায় ঝোক দেবার সময় বাংলা অরের উচ্চারণ সব জায়গাতেই দীর্ঘ হয়, বেমন: ভা—ির তো পণ্ডিত, কে—বা কার থোজ রাখে, আ—জই যাব, হল—ই বা, অবা—ক করলে, হাজা—রো লোক, কী—বে বকো, এক ধা—র পেকে লাগা—ও মার। যুক্তবর্ণের পূর্বে সংস্কৃতে অর দীর্ঘ হয়, বাংলায় তা হয় না।

বাংলায় একটা অতিরিক্ত বরবর্গ আছে যা সংস্কৃত ভাষায় নেই। বর্ণমালায় সে চ্চুকেছে একারের নামের ছাড়পত্র নিয়ে, তার জন্তে শতর আসন পাতা হয় নি। ইংরেজি bad লন্ধের এ তার সমন্ধাতীয়। বাংলায় তার বিশেষ বানান করবার সময় আমরা য কলায় আকার দিয়ে থাকি। বাংলায় আমরা ষেটাকে বলি অস্ক্যান্থ ব, চ বর্গের অ'এর সলে তার উচ্চারণের ভেল নেই। য'এর নীচে ফোটা দিরে আমরা আর-একটা অক্ষর বানিষেছি তাকে বলি ইয়। সেটাই সংস্কৃত অস্তান্থ ব। সংস্কৃত উচ্চারণ-মতে 'হম' লন্ধ 'হম'। কিন্তু ওটাতে 'জম' উচ্চারণের অকুহাতে হ'র ফোটা দিয়েছি সরিয়ে। 'নিয়ম' শন্ধের বেলায় য'র ফোটা রক্ষে করেছি, তার উচ্চারণেও সংস্কৃত বজার আছে। কিন্তু বফলা-আকারে (্যা) যু'কে দিয়েছি খেদিয়ে আর আ'টাকে দিয়েছি বাঁকা করে। সংস্কৃতে 'গ্রাস' শন্ধের উচ্চারণ 'নিয়াস', বাংলার

হল 11as। তার পর থেকে দরকার পড়লে ব ফলার চিহ্নটাকে ব্যবহার পরি আকারটাকে বাঁকিরে দেবার জন্তে। Paris শব্দকে বাংলার লিখি 'প্যারিস', সংস্কৃত বানানের নিয়ম অফ্সারে এর উচ্চারণ হওরা উচিত ছিল 'পিরারিস'। একদা 'প্রার্থ' শব্দটাকে বাংলায় 'নেরায়' লেখা হয়েছে দেখেছি।

অথচ 'স্তার' শক্ষকে বানানের ছলনায় আমরা তংসম শব্দ বলে চালাই। 'বম'কেও আমরা ভবে ভবে বলে থাকি বিশুদ্ধ সংস্কৃত শব্দ, অথচ রসনায় ওটা হবে দীড়ায় ভব্ব বাংলা।

সংশ্বত শব্দের একার বাংলায় খনেক স্থলেই স্বভাব পরিবর্তন করেছে, যেমন 'বেলা', বেমন 'এক'। জেলাভেলে এই একারের উচ্চারণ একেবারে বিপরীত হয়। তেল মেঘ পেট লেক— শব্দে তার প্রমাণ আছে।

পূর্বেই দেবিয়েছি আ এবং বাংলা আ অরবর্ণ সম্বন্ধে ইকার এবং উকারের ব্যবহার আধুনিক ধবরের কাগজের ভাষায় বাকে বলে চাঞ্চলাজনক, অর্থাৎ এরা সর্বদা অপসাড ঘটিয়ে থাকে। কিছু এদের অন্থগত একারের প্রতি এরা সদয়। 'এক' কিংবা 'একটা' শব্দের এ গেছে বেঁকে, কিছু উ ভাকে রক্ষা করেছে 'একুশ' শব্দে। রক্ষা করবার শক্তি আফারের নেই, ভার প্রমাণ 'এগারো' শব্দে। আমরা দেখিয়েছি ন'এর পূর্বে আ হয়ে বায় ও, 'বেমন' 'ধন' 'দব্দে। ঐ ন একারের বিকৃতি ঘটায় : ফেন সেন কেন বেন। ইকারের পক্ষপাত আছে একারের প্রতি, ভার প্রমাণ দিভে পারি। 'লিখন' থেকে হয়েছে 'লেখা'— বিশুছ এ— 'গিলন' থেকে 'গেলা'। অথচ 'দেখন' থেকে 'ভাখা', 'বেচন' থেকে 'ব্যাচা', 'হেলন' থেকে 'ফালা'। অসমাপিকা ক্রিয়ার মধ্যে এদের বিশেষ রপগ্রহণের মূল পাওয়া য়ায়, বেমন : লিখিয়া—লেখা ( পূর্ববঙ্গে 'ল্যাখা' ), গিলিয়া—গেলা। কিছু : খেলিয়া—খ্যালা, বেচিয়া—ব্যাচা। মিলন অর্থে আর-একটা শব্দ আছে 'নেলন', ভার থেকে হয়েছে 'ন্যালা', আর 'নিলন' থেকে হয়েছে 'নেলা' ( মিলিভ হওয়া )।

য ফলায় আকার না থাকলেও বাংলায় তার উচ্চারণ আকার, বেমন 'ব্যয়' শব্দে।
এটা হল আছকরে। অন্তত্র ব্যক্ষন বর্ণের ছিত্ব ঘটায়, বেমন 'সভ্য'। পূর্বে বলেছি
ইকারের প্রতি একারের টান। 'ব্যক্তি' শব্দের ইকার প্রথম বর্ণে দের একার বসিয়ে,
'ব্যক্তি' শব্দ হয়ে বায় 'বেক্তি'। হ'এর সঙ্গে ব কলা বুক্ত হলে কোখা থেকে অ'এ-ঝ'এ
আটলা ক'রে হয়ে বাড়ায় 'সোজ্রো'। অথচ 'সহ্য' শব্দটাকে বাঙালি তৎসম বলতে
কৃত্তিত হয় না। বানানের ছয়বেশ বৃচিয়ে বিলেই দেখা বাবে, বাংলায় তৎসম শব্দ নেই বললেই হয়। এমন-কি কোনো নতুন সংশ্বৃত্ত শব্দ আমদানি করলে বাংলার নিষ্মে তথনি সেটা প্রাকৃত রূপ ধরবে। ফলে হয়েছে, আমরা লিখি এক **আ**র পড়ি আর। অর্থাৎ আমরা লিখি সংস্কৃত ভাষায়, আর ঠিক সেইটেই পড়ি প্রাকৃত বাংলা ভাষায়।

য ফলার উচ্চারণ বাংলায় কোথাও সম্মানিত হয় নি, কিন্তু এক কালে বাংলার ক্রিয়াপদে পথ হারিয়ে সে স্থান পেয়েছিল। 'থাইল' 'আইল' শব্দের 'থালা' ক্রপ প্রাচীন বাংলায় দেখা গিয়েছে। ইকারটা শব্দের নাঝধান থেকে ভ্রষ্ট হয়ে শেষকালে গিয়ে পড়াতে এই ইঅ'র স্কটি হয়েছিল।

বাংলার অন্ত প্রেদেশে এই যফলা-আকারের অভাব নেই, যেমন 'মায়া মাছ্য'। বাংলা সাধু ভাষার অসমাপিকা ক্রিয়াপদে যফলা-আকার ছন্দ্রবেশে আছে, যেমন : হইয়া খাইয়া। প্রাচীন পুঁথিতে অনেক স্থলে তার বানান দেখা যায় : হয়া খায়া।

সম্প্রতি একটা প্রশ্ন আমার কাছে এসেছে। 'বাওয়া বাওয়া পাওয়া দেওয়া নেওয়া' ধাতু 'বেতে থেতে পেতে দিতে নিতে' আকার নিরে থাকে, কিছু 'গাওয়া বাওয়া চাওয়া কওয়া বওয়া' কেন তেমনভাবে হয় না 'গেতে বেতে চেতে ক'তে ব'তে'। এর বে উত্তর আমার মনে এসেছে সে হচ্ছে এই যে, যে ধাতুতে হ'এর প্রভাব আছে তার ই লোপ হয় না। 'গাওয়া'র হিন্দি প্রতিশব্দ 'গাহনা', 'চাওয়া'র চাহনা, 'কওয়া'র কহনা। কিছু 'ঝানা দেনা লেনা'র মধ্যে হ নেই। 'বাহন' থেকে 'বাওয়া', ম্তরাং তার সঙ্গে হ'এর সম্বন্ধ আছে। 'ছাদন' ও 'ছাওয়া'র মধ্যপথে বোধকরি 'ছাহন' ছিল, তাই 'ছাইতে'র জায়গায় 'ছেতে' হয় না।

সংস্কৃত উচ্চারণে যে নিয়ম চলেছিল প্রাকৃতে তা চলল না, আবার নানা প্রাকৃতে নানা উচ্চারণ। বাংলা ভাষা কয়েক লো বছর আগে বা ছিল এবন তা নেই। এক ভাষা ব'লে চেনাই শক্ত। আগে বলত 'পড়ই', এবন বলে 'পড়ে'; 'হোহ' হয়ে গেছে 'হও'; 'আমহি' হল 'আমি'; 'বাস্হন' হল 'বাস্ন'; এই বলল হওয়ার ঝোঁক বহু লোককে আশ্রয় ক'রে এমন স্বতোবেগে চলছে যেন এ সন্ধীব পদার্থ। হয়তো এই স্বুতেইই আমাদের উচ্চারণ তার কক্ষপথ থেকে অতি ধীরে ধীরে সরে বাছে। ফ হছে f, ভ হছে ব, চ হছে স, এখনো কানে স্পষ্ট ধরা পড়ছে না।

বে প্রাচীন প্রাক্তরে দক্ষে বাংশা প্রাক্তরে নিকটসম্বর তার রক্ত্মিতে আমাদের স্বর্বর্গগুলি অমান্তরে কী রকম লীলা করে এলেছে তার অন্তন্তরণ করে এলে অপস্রংশের কতকগুলি বাঁধা রীতি হয়তো পাওয়া মেতে পারে। কিন্তু সে পথের পবিক আমি নই। ববর নিতে হলে যেতে হবে স্নীতিকুমারের বারে।

কিন্তু এ সহছে রসনার প্রকৃতিগত কোনো সাধারণ নিষম বের করা কঠিন হবে। কেননা দেখা যাছে, পূর্ব উত্তর বন্ধে এবং দক্ষিণ পশ্চিম বন্ধে অনেক স্থলে কেবল যে উচ্চারণের পার্থক্য আছে তা নয়, বৈপরীতাও লক্ষিত হয়।

বাংলা ভাষার বরবর্ণের উচ্চারণবিকার নিয়ে আরও কিছু আলোচনা করেছি আমার বাংলা শব্দতত্ত্বে ।

ব্যবর্ণ সম্বন্ধ পালা শেষ করার পূর্বে একটা কথা বলে নিই। এর পরে প্রত্যার সম্বন্ধে বেধানে বিভারিত করে বলেছি সেধানটা পড়লে পাঠকরা জানতে পারবেন বাংলা ভাষাটা ভক্ষীওয়ালা ভাষা।

वाश्नांत्र थ ७ छ थे छिन्छ चत्रवर्ष क्वरण द चर्चना सम्बद्ध वानात्त्र कार्य मार्ग छा नत्र । त्र मार्य ग्रांत प्रक ह्द कि छ छ छ छित करत्र । 'हित' क्वय 'हर्त्त' विण किश्ता 'कांगे' कि विण के विण

বাংলা বর্ণমালায় কতকগুলো বর্ণ আছে বারা বেকার, আর কতকগুলো আছে বারা বেগার থাটে অর্থাৎ নিজের কর্তব্য ছেড়ে অন্তের কাজে লাগে। ক বর্গের অহ্নাসিক ও সাধু ভাষার যুক্তবর্ণ ছাড়া অন্তর আপন গৌরবে হান পার নি। বেধানে রসনায় তার উচ্চারণকে বীকার করেছে সেধানে লেখার উপেক্ষা করেছে তার স্বরপকে। 'রক্তবর্ণ' বলতে বোঝার বে শব্দ ভাকে লেখা হয়েছে 'রাজা', অর্থাৎ তথনকার ভ্রনোকেরা ভূল বানান করতে রাজি ছিলেন, ক্রিছ ও'র বৈধ দাবি কিছুতে মানতে

<sup>&</sup>gt; नव्यक्षः स्वीत्र-स्ट्रमावनीय वादन वध

চান নি । বানান-জগতে আমিই বাধ হয় সবপ্রথমে ও'র প্রতি দৃষ্টি দিয়েছিলেম, সেও বাধ করি ছন্দের প্রতি মমতাবশত। বেধানে 'ভালা' বানান ছলকে ভাতে সেধানে ভাজন রক্ষা করবার জন্তে ও'র শরণ নিয়ে লিখেছি 'ভাঙা'। কিন্তু চ বর্গের ঞ'র মথোচিত সদাতি করা যায় নি । এই ঞ জন্ত ব্যঞ্জনবর্গকে আঁকড়িয়ে টি কে থাকে, একক নিজের জোরে কোথাও ঠাই পায় না । ঐ 'ঠাই' কথাটা মনে করিয়ে দিলে বে, এক কালে ঞ ছিল ঐ শন্ধটার অবলম্বন । প্রাচীন সাহিত্যে অনেক শন্ধ পাওয়া যায় অন্তিমে যার এই ছিল আশ্রয়, বেমন : নাঞি মুঞি থাঞা হঞা । এই জাতীয় অসমাপিকা ক্রিয়া মাত্রেই ঞা'র প্রভূত্ব ছিল । আমার বিশ্বাস, এটা রাচ্দেশের লেখক ও লিপিকরদের অভ্যন্ত বাবহার । অমুনাসিক বর্জনের জন্তেই পূর্বক বিধ্যাত ।

বাংলা বর্ণমালায় আর-একটা বিভীবিকা আছে, মুর্যন্ত এবং দক্ষ্য ন'এ ভেদাভেদ-তর। বানানে ওদের ভেল, ব্যবহারে ওরা অভিন্ন। মুর্যন্ত গ'এর আলল উচ্চারণ বাঙালির জানা নেই। কেউ কেউ বলেন, ওটা মূলত ত্রাবিভি। ওড়িয়া ভাষায় এর প্রভাব দেখা যায়। ড'এ চন্দ্রবিন্দুর মতো ওর উচ্চারণ। খাঁড়া চাঁড়াল ভাঁড়ার প্রভৃতি শব্দে ওর পরিচ্য পাওয়া যায়।

ল কলকাতা অঞ্চলে অনেক স্থলে নকার গ্রহণ করে, থেমন: নেওয়া স্থন নের্, নিচ্ (ফল), নাল (লালা), নাগাল নেপ স্থাপা, নোয়া (সংবার হাতের), স্থাজ, নোড়া (লোট্র), স্থাংটা (উলক)। কাব্যের ভাষায়: করিম্থ চলিম্ব। গ্রামা ভাষায়: নাটি, স্থাকা (লেখা), নাল (লাল বর্ণ), নন্ধা ইত্যাদি।

এতে যদি ইকার যোগ করা যায় তাতে আর-একরকম ভদী এলে পড়ে। হলই বা, করলই বা: এর ভদীতে হরের বৈচিত্র্য অহুদারে ক্ষাও বোঝাতে পারে, স্পর্ধাও বোঝাতে পারে, উপেক্ষাও বোঝাতে পারে।

হল বৃঝি, করল বৃঝি, হল ব'লে, করল ব'লে: আসর অপ্রিয়ভার আশহা। হল যে, করল যে: উদ্বেগ।

হল তো, করলে তো: অপ্রত্যাশিতের সমম্ভে বিশ্বয়।

আবার ওকেই প্রশ্নের হুরে বদলিছে যদি বলা হয় 'হল ডো ?' তা হলে জানানো হয়: এখন তো আর কোনো নালিশ রইল না ?

হোক না, কক্ষক না, হোক্পে, কক্ষক্ণে, মক্ষক্ণে: উদাসীত।

हनहें वा, कदनहें वा, नारे वा हन, नाहब हन : न्मर्शाव छाया ।

हत्व वा, हत्व वा: विशा धवः चौकाव विनित्त ।

হবেই হবে, করবেই করবে: স্থনিশ্চিত প্রত্যাশা।

कतराज्ये रहत, रहाज्ये रहत, कताये हारे, रक्षाये हारे : रेक्शन स्थान धारान ।

हरनहे हन : व्यर्थार हम यनि **छ**द्द वाद-कारना एक्ट्रिय नदकाद ताहे ।

हाक्रा हारे, मक्क्रा हारे : श्रवन खेमाछ ।

### ২০

অব্যয়। বাংলা ভাষায় প্রশ্নস্থাক অব্যয় সম্বন্ধে পূর্বেই আলোচনা ক্ষরেছি। প্রশ্নস্থাক কি শব্দের অহ্মপ আর-একটি 'কি' আছে, ভাকে দীর্বদ্র দিয়ে লেখাই কর্তব্য। এ অব্যয় নয়, এ সর্বনাম। এ তার প্রকৃত অর্থের প্রয়োজন সেরে মাঝে শাবে থোঁচা দেবার কাজে লাগে, যেমন: কী ভোমার ছিরি, কী-বে ভোমার বুদ্ধি। তিনটি আছে বোজক অব্যৱ শব্দ: এবং আর ও। 'এবং' সংস্কৃত শব্দ। এর প্রকৃত অর্থ 'এইমতো'। ইংরেজি and শব্দের অর্থে কতদিন এর ব্যবহার চলেছে জানি নে। পুরোনো কাবাসাহিত্যে 'এবং' শব্দের দেখা পাই নি। আধুনিক কাবাসাহিত্যেও এর ব্যবহার নেই বললেই হয়। খাটি বাংলা বোজক শব্দ 'আর', হিন্দি 'ঔর'। সংস্কৃত 'অপর' শব্দ থেকে এর উত্তব। 'এবং' শব্দ তার অর্থের অসংগতি সংস্কৃত পুরাতন 'আর'কে সাধু ভাষা থেকে প্রায় তাড়িরে দিয়েছে। তাড়ানো সহজ হয়েছে তার প্রধান কারণ, স্বাভাবিক বাংলায় স্বন্ধসালেই বোজকের কান্ধ সারা হয়ে থাকে। আমরা বলি: হাতিযোড়া লোকসম্বর নিম্নে রাজা চলেছেন। আমরা বলি: চৌকিটেবিল আয়না-আলমারিতে ঘর ঠাসা। ইংরেজিতে উভর স্থলেই একটা and না বলিয়ে চলে না, যথা: The king marches with his elephants, horses and soldiers। The room is full of chairs, tables, clothes-racks and almirahs।

বাংলায় যদি বলি 'রান্ডা দিয়ে চলেছে হাতি আর ঘোড়া', তা হলে বোঝাবে বিশেষ করে ওরাই চলেছে।

'ঝার' শব্দের আরও করেকটি কান্ধ আছে, বেমন: আর কত থাবে: অর্থাং অতিরিক্ত আরও কত থাবে। আর তোমার সঙ্গে দেখা হবে না: অর্থাং পুনশ্চ দেখা হবে না।

তোমাকে জার চালাকি করতে হবে না: এ একটা ভঙ্গিওয়ালা কথা। এই শব্দ থেকে 'আর' শব্দটা বাদ দিলেও চলে, কিন্তু ভাতে কাঁচ্চ মরে বায়।

সাহিত্যে 'ও' শব্দটা 'এবং' শব্দের সমান পর্বাহে চলেছে। কিন্তু চলভি ভাষার 'ও' সংস্কৃত 'চ'এর মতো, বধা: আমি বাচ্ছি ভূমিও বাবে, আঙ বার ব্যাভ বার বল্পে বলে আমিও বাব।

এক কালে এই 'ও' ছিল 'হ' রূপে, বেষন : সেহ, এহ বাহ্ন, এহ তো মাত্রব নয়। এই হ অবিকৃত রূপে বাকি আছে সাধু তাবার 'কেহ' শব্দে। চলতি ভাষার 'কেও' থেকে ক্রমে 'কেউ' হয়েছে। পুরাতন সাহিত্যে 'কেহ' পাওয়া যায়, 'তেঁহ' শক্ষটা আজ হরেছে 'তিনি'। 'ওহ' নেই কিছু সাধু ভাষার 'উহা' আছে। 'বেহ' নেই, আছে 'বাহা'। এই শেষ ছুটি বিশেষণ অপ্রাণী সম্পর্কে।

বোজক 'ও'র উৎপত্তি ফার্সি উজ (জন্ধান্থ ব ) শব্দ থেকে, ত্তরাং and'এর প্রতিশব্দরপে এর ব্যবহার অবৈধ নর। কিন্তু তবু ভাষার ভালো করে মিশ খায় নি। তুমি ও আমি একসকেই বাব: এ খাঁটি বাংলা নর। আমরা সহজে বলি: তুমি আমি ২৬/২৯ একসক্ষেই বাব। কেউ কেউ যনে করেন 'অপি' থেকে 'ও' হয়েছে, কিন্তু স্বর্গবিকারের নিয়ম অসুসারে দেটা সন্তব কি না সম্পেহ করি।

রাজাও চলেছে সর্যাসীও চলেছে: এ খাঁট বাংলা। কিন্তু 'রাজা ও স্থ্যাসী চলেছে' কানে ঠিক লাগে না। সে এগোয়ও না পিছোয়ও না: 'ও' শব্দের এই ষ্থার্থ ব্যবহার। সে এগোয় না ও পিছোয় না: এ বাক্যটা ছুর্বল।

তুমিও বেমন, হবেও বা : এ-সব জারগার 'ও' ভাষাভঙ্গীর সহায়তা করে।

দেখা যায় 'এবং' শব্দীকে দিয়ে আমরা অনেক স্থানে and শব্দের অন্থকরণ করাই।
He has a party of enemies and they vilify him in the newspapers
এ বাকাটা ইংরেজি মতে শুল্ক, কিন্তু আমরা যথন গুলুই তর্জনা করে বলি 'তাঁর একদল
শক্ষ আছে এবং ওরা থবরের কাগজে তাঁর নিম্পে করে', তথন বোঝা উচিত এটা
বাংলারীতি নয়। আমরা এখানে 'এবং' বাদ দিই। He has enemies and
they are subsidised by the government এই বাকাটা তর্জনা করবার
সময় কর্ম করে বলা অসম্ভব নয় যে: তাঁর শক্ষ আছে এবং তারা সরকারের বেতনভোগী। কিন্তু ওটা ঠিক হবে না, 'এবং' পরিত্যাগ করতে হবে। বাকোর এক অংশে
'থাকা', আর-এক অংশে 'হওয়া', এমের মাঝখানে 'এবং' মধ্যস্থতা করবার অধিকার
রাখে না। তিনি হচ্ছেন পাকা জোজোর, এবং তিনি নোট জাল করেন: ইংরেজিতে
চলে, বাংলায় চলে না।

'নে দরিদ্র এবং সে মুর্থ' এ চলে, 'সে চরকা কাটে এবং ধান ভেনে বার' এও চলে। কারণ প্রথম বাক্যের তুই অংশই অন্তিম্ববাচক, শেষ বাক্যের তুই অংশই কণ্ড্যবাচক। কিন্তু 'সে দরিদ্র এবং সে ধান ভেনে বার' এ ভালো বাংলা নয়। আমরা বলি: সে দরিদ্র, ধান ভেনে বায়। ইংরেজিভে অনায়াসে বলা চলে: She is poor and lives by husking rice।

প্ররোগবিশেবে 'বে' সর্বনামশন্দ ধরে অবান্তরপ, বেমন: ছরি বে গেল না। 'বে' শন্দ 'গেল না' ব্যাপারটা নির্নিষ্ট করে দিল। তিনি বললেন বে, আজই তাঁকে যেতে হবে: 'তাঁকে বেতে হবে' বাকাটাকে 'বে' শন্দ যেন বের নিরে শত্ম করে দিলে। তর্গু উক্তি নন্ধ, ঘটনাবিশেযকেও নির্নিষ্ট করা তার কাজ, যেমন: মধু বে রোজ বিকেশে বেড়াতে যার আমি জানতুম না। মধু বিকেশে বেড়াতে বান, এই ব্যাপারটা 'বে' শব্দের ঘারা চিক্তিত হল।

আর-একটা অব্যয় শব্দ আছে 'ই'। 'ও' শব্দটা মিলন আনার, 'ই' শব্দ আনার বাজ্জা। 'ভূমিও বাবে', অর্থাৎ মিলিড হয়ে বাবে। 'ভূমিই বাবে', অর্থাৎ একলা বাবে। 'সে বাবেই ঠিক করেছে', অর্থাৎ তার বাওরাটাই একান্ত। 'ও' দের কুড়ে, 'ই' ছি'ড়ে আনে।

বজোন্ডির কান্ডেও 'ই'কে লাগানো হয়েছে: কী কাগুই করলে, কী বাদরামিই লিখেছ। 'কী শোভাই হয়েছে' ভালোভাবে বলা চলে, কিন্তু মন্দভাবে বলা আরও চলে। এর সলে 'টা' কুড়ে দিলে তীক্ষতা আরও বাড়ে, বেমন: কী ঠকানটাই ঠকিয়েছে। আমরা সোজা ভাষায় প্রশংসা করে থাকি: কী চমৎকার, কী কুন্দর। ওর সলে একটু-আর্থটু ভিদিনা কুড়ে দিলেই হয়ে দাঁড়ায় বিদ্রেপ।

'তা' শক্ষ্টা কোথাও সর্বনাম কোথাও অব্যয়। তুমি যে না বলে বাবে তা হবে না :
এবানে না বলে বাওয়ার প্রতিনিধি হচ্ছে তা, অতএব 'সর্বনাম'। তা, তুমি বরং গাড়ি
পাঠিয়ে দিয়ো: এই 'তা' অব্যয় এবং অর্থহীন, না থাকলেও চলে। তবু মনে হয়
একট্রখানি ঠেলা দেবার জন্তে বেন প্রয়োজন আছে। তা, এক কাজ করলে হয় :
একটা বিশেষ কাজের দিকটা ধরিয়ে দিল ঐ 'তা'।

'বৃঝি', সহজ অর্থ 'বোধ করি'। অবচ বাংলা ভাষায় 'বৃঝি' 'বোধ করি' 'বোধ হচ্ছে' বললে সংশয়ষ্ক অহমান বোঝায় : লোকটা বৃঝি কালা, তৃমি বৃঝি কলকাভায় যাবে। 'তৃমি কি বাবে' এই বাক্যে 'কি' অবায়ে স্কুলাই প্রন্ন। কিন্তু 'তৃমি বৃঝি বাবে' এই প্রশ্নে যাবে কি না সন্দেহ করা হচ্ছে। বাংলা ভাষায় 'বৃঝি' শব্দে বৃঝি ভারটাকে অনিশ্চিত করে রাখে। বৃঝির সঙ্গে 'বা' জুড়ে দিলে ভাতে অহমানের স্থরটা আরও প্রবল হয়।

যদি, যদি বা, যদিই বা, যদিও বা। যদি অস্তায় কর শান্তি পাবে: এটা একটা সাধারণ বাক্য। যদি বা অস্তায় ক'রে থাকি: এর মধ্যে একটু ফাঁক আছে, অর্থাৎ না করার সম্ভাবনা নেই-বে তা নয়। বদিই বা অস্তায় করে থাকি: অস্তায় করাটা নিশ্চিত বলে ধরে নিলেও আরও কিছু বলবার আছে। যদিও বা অস্তায় করে থাকি: অস্তায় সত্তেও স্পর্ধা আছে মনে।

'তো' অব্যয়শব্দে অনেক স্থলে 'তবু' বোঝার, বেমন : বেলার এলে তো খেলে না কেন। কিন্তু, তুমি তো বলেই খালাস, সে তো হেসেই অজ্ঞান, আমি তো ভালো মনে করেই তাকে ভেকেছিল্ম, তুমি তো বেল লোক, সে তো মন্ত পণ্ডিভ— এ-সব স্থলে 'তো' শব্দে একটু ভইসনার বা বিশ্বরের আভাস লাগে, হথা : তুমি ভো গেলে না, সে ভো বসেই রইল, তবে তো দেখছি মাটি হল।

'গো' শব্দের প্রয়োগ সংখাধনে 'ভূমি' বর্গের নাছব স্থত্ক, 'ভূই' বা 'আপনি' বর্গের নহ: কেন গো, মশার গো, কী গো, ওগো জনে বাও, হা গো ভোনার হল কী। সংস্কৃত 'ভোং' শব্দের মতো এর বছল ব্যবহার নেই। হাঁ গো, না গো: মৃথের কথার চলে; মেরেদের মৃথেই বেশি। ভর কিংবা ঘুণা -প্রকাশে 'মা গো'। 'বাবা গো' শুধূ ভর-প্রকাশে। 'শোনো' শব্দের প্রতি 'গো' যোগ দিয়ে অমুরোধে মিনভির মূর লাগানো যায়। 'কী গো' 'কেন গো' শব্দে বিদ্রুপ চলে: কেন গো, এত রাগ কেন; কেন গো, ভোমার বে দেখি গাছে কাঁঠাল গোঁকে তেল; কী গো, এত রাগ কেন গো মশায়; কী গো, হল কী ভোমার। ভয় বা ছংখ -প্রকাশে মেরেদের মৃথে 'কী হবে গো', কিংবা অমুনরে 'একা ফেলে বেয়ো না গো'। 'হাগা' 'কেনে গা' গ্রাম্য ভাষায়।

ভধু 'হে' শব্দ আহ্বান অর্থে সাহিত্যেই আছে। মুখের কথায় চলে 'ওছে'। কিংবা প্রশ্নের ভাবে: কে ছে, কেন ছে, কী ছে। অহুজ্ঞায় 'চলো ছে'। মাননীয়দের সম্বন্ধে এই 'ওছে'র ব্যবহার নেই। 'তুমি' 'তোমার' সঙ্গেই এর চল, 'আপনি' বা 'তুই' শব্দের সঙ্গে নয়।

'রে' শব্দ অসম্মানে কিংবা শ্লেহপ্রকাশে: হাঁ রে, কেন রে, ওরে বেটা ভূত, ওরে হতভাগা, ওরে সর্বনেশে। এর সহদ্ধ 'তুই' 'তোরা'র সঙ্গে।

'লো' 'লা' মেরেদের মূখের সম্বোধন। এও 'তুই' শব্দের যোগে। ভদ্রমহল থেকে ক্রমশ এর চলন গেছে উঠে।

व्यवार भन बाद ७ व्यत्नक बाह्ह, किन्न धेरेशात्नरे (भर करा गांक ।

## 43

ভাষার প্রকৃতির মধ্যে একটা গৃহিনীপনা আছে। নতুন শব্ধ বানাবার সময় অনেক হলেই একই শব্দে কিছু মালমসলা যোগ ক'রে কিংবা গুটো-তিনটে শব্দ পালাপালি আঁট করে দিয়ে তাদের বিশেষ ব্যবহারে লাগিয়ে দেয়, নইলে ভার ভাগ্রারে জারগা হত না। এই কাজে সংস্কৃত ভাষার নৈপুণা অসাধারণ। ব্যবস্থাবন্ধনের নিয়মে তার মতো সতর্কতা দেখা যায় না। বাংলা ভাষায় নিয়মের খবরদারি যথেষ্ট পাকা নয়, কিছু সেও কতকগুলো নির্মাণরীতি বানিয়েছে। তার মধ্যে অনেকগুলোকে সমাসের পর্বায়ে ফেলা বায়, বেমন: চটামেজাজ নাকিহুর ভোলাউহুন ভোলামন। একলো হল বিশেল-বিশেষণের জোড়। বিশেষণগুলোও ক্রিয়াপদকে প্রত্যায়ের শান দিয়ে বসানো। সেও একটা মিতবায়িতার কৌশল। বদমেজাজি ভালোমান্থবি তিনমহলা, এগারোহাতি (লাড়ি): এখানে জোড়া শব্দের শেষ আংশীদারের পিঠে ইকারের আকারের ছাপ লাগিয়ে দিয়ে ভাকে এক শ্রেণীর বিশেন্তে। অবশেষে সেই বিশেশ্রের

গোড়ার দিকে বিশেষণ বোগ ক'রে তাকে বিশেষৰ দিয়েছে। অবিকৃত বিশেষবিশেষণের মিলন ঘটানো হয়েছে সহজেই; তার দৃষ্টান্থ অনাবক্তক। বিশেষ্ডের সঙ্গে
বিশেষ গেঁথে সংস্কৃত বছরীছি মধ্যপদলোপী কর্মধারয়ের মতো এক-একটা বাক্যাংশকে
সংক্ষিপ্ত করা হয়েছে। যেমন 'প্রোবাড়ি', অর্থাং পুলো হছে যে বাড়িতে সেই বাড়ি।
কাঠকয়লা: কাঠ পুড়িয়ে বে কয়লা হয় সেই কয়লা। ইট্টেলল: ইট্ট পর্যন্ত পতীর
বে লল সেই লল। মাটকোঠা: মাটি দিয়ে তৈরি হয়েছে যে কোঠা। ছই বিশেবণের
ঘোগে বে সমাস তারও গ্রন্থি ছাড়িয়ে দিলে অর্থের ব্যাখ্যা বিকৃত হয়ে পড়ে; যেমন:
কাঁচামিঠে: কাঁচা তব্ও মিষ্টি। বাদশাহি-কুঁড়ে: বাদশার সমত্ন্য তার কুঁড়েমি।
সেয়ানা-বোকা: লোকটাকে বোকার মতো দেখায় কিন্ত আসলে সেয়ানা। বিশেষ
এবং ক্রিয়া থেকে বিশেষণ-করা শব্দের যোগ, যেমন: পটলচেরা: অর্থাৎ পটল চিরলে
যে গড়ন পাওয়া যায় সেই গড়নের। কাঠঠোকরা: কাঠে যে ঠোকর মারে। চুলচেরা:
চল চিরলে সে যত কুলা হয় তত কুলা।

কিন্তু শব্দরচনায় বাংলা ভাষার নিজের বিশেষত্ব আছে, তার আলোচনা করা যাব।

বাংলা ভরীওয়ালা ভাষা। ভাবপ্রকাশের এরকম সাহিত্যিক রীতি অস্ত কোনো ভাষায় আমার জানা নেই।

অর্থহীন ধ্বনিসমবায়ে শব্দরচনার দিকে এই ভাষায় যে কোঁক আছে ভার আলোচনা পূর্বেই করেছি। আমাদের বোধশক্তি যে শব্দার্থজালে ধরা দিতে চায় না বাংলা ভাষা ভাকে সেই অর্থের বন্ধন থেকে ছাড়া দিতে কৃষ্টিত হয় নি, আভিধানিক শাসনকে লক্ষন ক'রে সে বোবার প্রকাশ-প্রণাশীকেও অন্ধীকার করে নিরেছে।

ধরন্তাত্মক শবশুলিতে তার দুষ্টান্ত দেখিয়েছি। পোকা কিল্বিল্ করছে: এ বাক্যের তাবটা ছবিটা কোনো স্পষ্ট ভাষার বলা বায় না। 'বিট্বিটে' শব্দের প্রতিশব্দ ইংরেজিতে আছে irritable, peevish, pettish; কিন্তু 'বিট্বিটে' শব্দের মতো এমন তার জোর নেই। নেশায় চ্রচ্রু হওয়া, কট্মট্ ক'রে তাকানো, ধপাস্ ক'রে পড়া, পা টন্ টন্ করা, গা ঝাল্ ঝাজ্ করা: ঠিক এ-সব শব্দের ভাব বোঝানো য়াত্প্রতায়ওয়ালা ভাষার কর্ম নয়। ইংরেজিতে বলে creeping sensation, বাংলায় বলে 'গা ছম্ছম্ করা'; আমার তো মনে হয় বাংলারই জিত। গুটিকয়েক য়েঙের বোধকে ধানি দিয়ে প্রকাশ কয়ায় বাংলা ভাষার একটা আকৃতি দেখতে পাওয়া য়ায়: টুক্টুকে, টক্টকে, দগ্দগে লাল; ধব্ধবে, ফ্যাক্কেকে, ফ্যাট্ফেটে সামা; মিস্মিসে, কুচ্কুচে কালো।

বাংলার শব্দের বিদ্ব ঘটিয়ে যে ভাবপ্রকাশের রীতি আছে সেও একটা ইলারার ভন্দী, বেয়ন: টাটকা টাটকা গ্রয়-গ্রয় শীত-শীত মেঘ-মেঘ জর-জর যাব-যাব উঠি-উঠি। অর্থের অসংগতি, অত্যুক্তি, রূপক-ব্যবহার, তাতেও প্রকাশ হয় ভন্দীর চাঞ্চল্য; অস্ত ভারতেও আছে, কিন্তু বাংলায় আছে প্রচর পরিমাণে।

আকাশ থেকে পড়া, মাধার আকাশ ভেঙে পড়া, হাড় কালী করে দেওয়া, পিটিয়ে লম্বা করা, তেলে দেওয়া, গায়ে ফুঁ দিয়ে বেড়ানো, নাকে তেল দিয়ে খ্যোনো, তেলে বেগুনে জলা, পিত্তি জলে যাওয়া, হাড়ে হাড়ে বক্ষাতি, ঘেয়া পিত্তি, বৃদ্ধির ঢেঁকি, পাড়া মাথায় করা, ত্লো ধুনে দেওয়া, ঘোল খাইয়ে দেওয়া, হেলে কুলকেত্র, হালতে হালতে পেটের নাড়ি ছেঁড়া, কিল থেয়ে কিল চুরি, আদার কাঁচকলায়, আহলাদে আটখানা: এমন বিশ্বর আছে।

বাংলায় অনেক জোড়া শব্দ আছে যার এক অংশে অর্থ, অক্ত অংশে নিরর্থকতা। তাতে করে অর্থের চারি দিকে একটা ঝাপসা পরিমণ্ডল স্কটি করা হয়েছে; সেই জারগাটাতে যা তা কল্পনা করবার উপায় থাকে।

আমরা বলি 'ওর্ধপত্র'। 'ওর্ধ' বলতে কী বোঝার তা জানা আছে, কিন্তু 'পত্রটা' বে কী তার সংজ্ঞা নির্ণয় করা অসম্ভব। ওটুকু অব্যক্তই রেখে দেওরা হয়েছে, ফ্তরাং ওতে অনেক কিছুই বোঝাতে পারে। হয়তো ফীতার্মিক্সারের গঙ্গে মকরঞ্জ, ভাজারের প্রেস্ক্রিপ্শন, ধর্মনীটর, কুইনীনের বড়ি, হোমিয়োপ্যাধি ওর্ধের বাক্ষ। হয়তো তাও নয়। হয়তো কেবলমাত্র ত্ বোতল ডি-গুল্ড। এমনি 'মালপত্র' 'দলিল-পত্র' 'বিছানাপত্র' প্রভৃতি শব্দে ব্যক্ত অব্যক্তের বুগ্লম্মিলন।

আর-একরকম জোড়মেলানো শব্দ আছে বেধানে ছই ভাগেরই এক মানে, কিংবা প্রায় সমান মানে; যেমন 'লোকলবর'। এই 'লব্বর' শব্দে সব আয়গাড়েই বে ফৌজ বোঝাবেই তা নয়; প্রায় গুড়ে 'লোক' শব্দের অর্থের সঙ্গে অনির্দিষ্ট লোকসক্রের ব্যাপকতা বোঝায়। অন্তর্রকম করে বলতে গোলে হয়তো বলতুম, হাজার হাজার লোক চলেছে; অথচ গুণে দেখলে হয়তো আড়াইলো'র বেশি লোক পাওরা থেন্ড না।

খ্ব 'চড়চাপড়' লাগালে: ওর মধ্যে চড়টা স্থনিন্দিত, চাপড়টা অনিন্দিত। ওটা কি তবে একবার গালে চড়, একবার পিঠে চাপড়। খ্ব সম্ভব তা নয়। তবে কি অনেকগুলো চড়। হতেও পারে।

মারাধরা নারধোর: বর্ণিত ঘটনার ওধু হরতো মারাই হরেছিল কিছ ধরা হয় নি। কিছ 'মারধোর' শব্দের ধারা মারটাকে স্থনির্দিষ্ট দীমার বাইরে ব্যাপ্ত করা হল। যে উৎপাতটা ঘটেছিল ভার ক্ত ক্ত অংশগুলো এই শব্দে ইক্তির মধ্যে সেরে দেওর। হরেছে।

'কালিকিট্র' এটা একটা ভলী ওবালা কথা। শুধু 'কালো' বলে বথন মনে ভৃথি হয় না তথন তার সলে 'কিট্র' বোগ করে কালিমাকে আরও অবজ্ঞায় ঘনিষে ভোলা হয়।

ভাবনাচিন্তা আপদবিপদ কটি। ছাঁটা হাঁকডাক শব্দে অর্থের বিস্তার করে। তথু 'চিন্তা' তঃখন্তনক, কিন্তু 'ভাবনাচিন্তা' বিচিত্ত এবং দীর্ঘায়িত।

শতর শব্দে 'আপদ' কিংবা 'বিপদ' বলতে বে বিশেষ ঘটনা বোঝায়, যুক্ত শব্দে ঠিক তা বোঝায় না। 'আপদবিপদ' সমষ্টিগত, ওর মধ্যে অনির্দিষ্টভাবে নানাপ্রকার ছর্বোগের সম্ভাবনার সংকেত আছে।

'ধারধোর' শব্দে ধার করার উপরেও আর কিছু অস্পষ্টভাবে উদ্বৃত্ত থাকে। হয়তো, কাউকে ধ'রে পড়া। রূপক অর্থে ওধু 'ছাই' শব্দে কুছতা বোঝার যথেষ্ট, এই অর্থে 'ছাই' শব্দের ব্যবহার হয়ে থাকে, যেমন: কী ছাই বকছ। কিছু 'ছাইভক্ষ কী যে বক্ছ', এতে প্রধাপের বহর যেন বড়ো করে দেখানো হয়।

'হাড়িকুঁড়ি' শব্দ সংক্ষেপে পাকশালার বছবিধ আরোজনের ছবি এনে দেয়।
এরকম স্থলে ভরতর বর্ণনার চেয়ে অম্পষ্ট বর্ণনার প্রভাব বেশি। 'মামলা-মকদ্মা'
শব্দী রিটিশ আদালভের দীর্ঘপ্রশিষ্টিত বিপস্তির বিপদী প্রতীক। এইস্বাভীয় শব্দের
কতকগুলি নমূনা দেওয়া গেল: মাধামুপু মালমললা গোনাগুলি চালচলন বাঁধাছাঁদা
হাসিভামাশা বিয়েথাওয়া দেওয়াথোওয়া বেটেখাটো পাকাপোক্ত মায়াদয়া ছুটোছাটা
কুটোকাটা কাঁটাথোঁচা ঘোরাক্ষেরা নাচাকোঁদা ভাকস্কমক গড়াপেটা ভানাশোনা
চাবাভূবো দাবিদাওয়া অনলবন্দল ছেলেপুলে নাভিপুতি।

# २२

চলতি বাংলার আর-একটি বিলেষত জানিরে দিয়ে এ বই শেব করি। থারা শাধু ভাষার গন্ধশাহিত্যকে রূপ দিয়েছিলেন স্বভাবতই তাঁদের হাতে বাক্যবিদ্যালের একটা ধারা বাধা হয়েছিল।

ভার প্রয়োজন নিয়ে ভর্ক নেই। স্থামার ব্রক্তব্য এই বে, এ বাঁধাবাঁধি বাংলা চলভি ভাষার নর।

কোথায় গোলেন ভোমার দাদা, ভোমার দাদা কোথায় গোলেন, গোলেন কোথায় ভোমার দাদা, দাদা ভোমার গোলেন কোথায়, কোথায় গোলেন দাদা ভোমার: প্রথম পাঁচটি বাক্যে 'গেলেন' ক্রিয়াপদের উপর এবং শেষের বাক্যটিতে 'কোথায়' শব্দের উপর কোঁক দিয়ে এই স্বকটা প্রয়োগই চলে। আশ্রুর ভোমার সাহস, কিংবা, রেখে দাও ভোমার চালাকি, একেবারে ভাসিয়ে দিলে কেঁদে: সাধু ভাষার ছাঁদের চেরে এতে আরও বেশি জার পৌছর। যা থাকে অদৃষ্টে, যা করেন ভগবান, সে প'ড়ে আছে পিছনে: এ আমরা কেবল-বে বলি তা নয়, এইটেই বলি সহজে।

বাংলা ভাষার একটা বিপদ ভার ক্রিয়াপদ নিয়ে; 'ইল' 'ভেছে' 'ছিল' -মোণে বিশেষ বিশেষ কালবাচক ক্রিয়ার সমাপ্তি। ক্রিয়াপদের এই একঘেরে পুনরার্ত্তি এড়াবার ক্রেন্তে লেখকদের সভর্ক থাকতে হয়। বাংলা বাক্যবিষ্ণানে যদি স্বাধীনভা না থাকত ভা হলে উপায় থাকত না। এই স্বাধীনভা আছে বটে, কিন্তু ভাই বলে স্বৈরাচার নেই। 'ভাসিয়ে একেবারে দিলে ক্রেন্তে' কিংবা 'ভাসিয়ে দিলে একেবারে কেঁলে' বলি নে। 'সে প'ড়ে স্বার আছে পিছনে' কিংবা 'রেখে চালাকি দাও ভোমার' হ্বার জো নেই। ভার কারণ জ্বোড়া ক্রিয়ার জ্বোড় ভাঙা অবৈধ।

চলতি গণ্ডের একটা নম্না দেওয়া যাক। এতে সাধু গভাবার বাক্যপন্ধতি অনেকটা ভেঙে দেওয়া হয়েছে—

कुक्षवाद क्लालन मथुताय। जात छारे मुकून वादव क्लिनन भर्वछ। देवस् मार्रायान চলেছে মাঠাকরুনের পান্ধির পাশে পাশে, नमा वाला गाँउ হাতে, ছিটের মের্জাই গামে, গলায় কমাক্ষের মালা। ঘর সামলাবার জন্তে রয়ে গেছে ভক্ন স্পার। টেমি কুকুরটা ঘুমোচ্ছিল সিমেন্টের বস্তার উপর न्यास्य माथा छ देव, शानमान उत्त हुत्वे धन धक नात्म। ये अत्रा वात्रन করে ততই কেঁই-কেঁই ঘেউ-ঘেউ রবে মিনতি জানায়, ঘন ঘন নাডে বোঁচা লাজ্টা। রেল লাইন থেকে শোনা যাক্তে মালগাড়ি আলার শন্ত। ডাকগাড়ি আসতে বাকি আছে বিশ মিনিট মাত্র। বিষম ব্যস্ত হয়ে পড়ল মুকুন ; সে याद कमकाजात पितक, आख त्मशात्न त्माहनवाशात्मद माह। ये वृक्षि त्मशा গেল সিগ্নাল-ডাউন। এ দিকে নামল ঝমাঝম বৃষ্টি, তার সঙ্গে জোর ছাওয়া। विश्रास्ता शांकि नामाला व्यनथञ्जाह। हो। धक्कि फिक्कि त्याह ছুটে এনে বললে, 'नत्रका थाला मा, একবার মুখখানি দেবে নিই।' দরজা युर्ण চমকে উঠলেন গিরিঠাককন, 'ওমা, ও কে গো! आমাদের বিনোদিনী त ! त्क कंतरण अत्र व नणा !' कूक्तिण अत्क जारिक कोर्कन, अत्र बृत्क ছই পা ছুলে কাই-কাই করতে লাগল আনন্দে। বিনোদিনী একবার তার গলা অভিয়ে ধরল ছই হাতে, তার পরেই গুকে পরিবে দিল, জোরে

ঠেলা দিৰে। গোলেষালে কোথাৰ বেৰেটি পালালো বড়ের আড়ালে, দেখা গোল না। চারি দিকে সন্ধানে ছুটল লোকজন। বড়োবাবু স্ববং হাঁকতে থাকলেন 'বিছ বিছ', মিলল না কোনো সাড়া। মুকুল রইল তার সেকেও ক্লাসের গাড়িতে, ক্লমালে মুখ পুকিরে একেবারে চুপ। মেলগাড়ি কথন্ গেল বেরিরে। বুটীর বিরাম নেই।

## 20

আমাদের দেহের মধ্যে নানাপ্রকার শরীরবত্তে মিলে বিচিত্র কর্মপ্রণালীর বোগে শক্তি পাছের প্রাণ সমগ্রভাবে। আমরা ভাদের বহন করে চলেছি কিছুই চিস্তা না করে। ভাদের কোনো জারগায় বিকার ঘটলে ভবেই ভার হঃখবোধে দেহব্যবস্থা সম্বন্ধে বিশেষ করে চেভনা জেগে ওঠে।

আমাদের ভাষাকেও আমরা তেমনি দিনরাত্রি বছন করে নিয়ে চলেছি। শব্দপুঞ্চে বিশেরে বিশেষণে সর্বনামে বচনে লিকে সন্ধিপ্রভাৱে এই ভাষা অভ্যন্ত বিপূল এবং ছটিল। অথচ তার কোনো ভার নেই আমাদের মনে, বিশেষ কোনো চিম্বা নেই। তার নিয়মগুলো কোথাও সংগত কোথাও অসংগত, তা নিয়ে পদে পদে বিচার ক'রে চলতে হয় না।

আমাদের প্রাণশক্তি বেমন প্রতিনিম্বত বর্ণে গছে রূপে রঙ্গে বোধের জাল বিস্তার করে চলেছে, আমাদের ভাষাও তেমনি স্বষ্টি করছে কত ছবি, কত রস— তার ছল্ফে, তার শব্দে। কত রকমের তার জাত্রশক্তি। মাহ্রব বখন কালের নেপথ্যে অন্তর্ধান করে তখনো তার বাণীর লীলা সঞ্জীব হয়ে থাকে ইতিহাসের রক্ষভূমিতে। আলোকের রক্ষণালার গ্রহতারার নাট্য চলেছে অনাদিকাল থেকে। তা নিয়ে বিজ্ঞানীর বিশ্বরের অন্ত নেই। দেশকালে মাহ্যবের ভাষারক্ষের সীমা তার চেয়ে অনেক সংকীর্ণ, কিন্তু বাণীলোকের রহজের বিশ্বরক্ষতা এই নক্ষত্রলোকের চেয়ে অনেক গভীর ও অভাবনীয়। নক্ষত্রলোকের তেন্ত বহু লক্ষ তারা চলার পথ পেরিয়ে আন্ধ আমাদের চোথে এসে গৌছল; কিন্তু তার চেয়ে আরও অনেক বেশি আন্তর্ণ যে, আমাদের ভাষা নীহারিকাচকে ঘূর্ণামান সেই নক্ষত্রলোককে শর্শে করতে পেরছে।

# त्रवीख-त्रह्मावनी

আমাকে কোনো ভাষাতাত্ত্বিক অন্থরোধ করেছিলেন আমার এই প্রকাশোমুধ বইখানিতে আমি বেন ভাষাবিজ্ঞানের ভূমিকা করে কান্ধ আরম্ভ করি। তার বে উন্তর্ম দিয়েছিল্ম নিম্নে তা উদ্ধৃত করে দিই। সেটা পড়লে পাঠকেরা ব্যুবেন আমার বইখানি তত্ত্বের পরিচয় নিম্নে নমু, ক্লপের পরিচয় নিম্নে।—

আমার পক্ষে যা সবচেরে হুংসাধ্য তাই তুমি আমাকে ফরমাশ করেছ।
অর্থাৎ মাছবের মৃতির ব্যাখ্যা করবার ভার বে নিরেছে তাকে তুমি মাছবের
শরীরবিজ্ঞানের উপদেষ্টার মঞ্চে চড়াতে চাও। অহংকারে মাছবকে নিজের
ক্ষমতা সহজে অন্ধ করে— মধূসদনের কাছে আমার প্রার্থনা এই বে, দর্পহরণ
করবার প্রয়োজন ঘটবার পূর্বেই তিনি আমাকে যেন কুপা করেন। আমার
এ গ্রন্থে ব্যাকরণের বন্ধুর পথ একেবারেই এড়াতে পারি নি, প্রতি মৃহুর্তে
পদত্মলনের আশহায় কম্পান্থিত আছি। ভয় আছে, পাছে আমার স্পর্ধা দেখে
তাত্তিকেরা 'হায় কৃষ্টি' 'হায় কৃষ্টি' ব'লে বক্ষে করাঘাত করতে থাকেন।
কোনো কোনো বিখ্যাত রূপনিল্লী শারীরতত্মের যাথাতথ্যে ভূল করেও
চিত্রকলায় প্রশংসিত হয়েছেন, আমার বইখানি যদি সেই সৌভাগ্য লাভ
করে তা হলেই ধন্ত হব। ১৬।১১।৩৮

# পথের সঞ্চয়

# न(थर्व ज्ञक्ष्य

# যাত্রার পূর্বপত্র

মাঠের মাঝখানে এই আমাদের আশ্রমের বিদ্যালয়। এখানে আমরা বড়োয় ছোটোয় একসকে থাকি, ছাত্র ও শিক্ষকে এক ঘরে শয়ন করি, তেমনি এখানে আরও আমাদের দকী আছে; আকাশ আলোক এবং বাতাদের দক্তে আমরা কোনো আড়ালের দক্ষি বাবি নাই। এখানে ভোরের আলো একেবারে আমাদের চোথের উপর আদিয়া পড়ে, আকাশের তারা একেবারে আমাদের ম্থের উপর তাকাইয়া থাকে। বড় ধখন আলে সে একেবারে দিক্প্রান্তে ধ্লার উত্তরীয় ভূলাইয়া বছ দ্র হইতে আমাদের খবর দিতে থাকে। কোনো ঝতু বখন আদার হয় তখন তাহার প্রথম সংবাদটি আমাদের গাছের পত্রে পত্রে প্রকাশিত হয়। বিশ্বপ্রকৃতিকে এক মৃতুর্ত আমাদের বাহের বাহিরে অপেকা করিতে হয় না।

আমাদের ইচ্ছা পৃথিবীর মান্তবের স্কেও আমাদের এমনি একটা বোগ থাকে।
সর্বমাহবের ইতিহাসে বে-সমন্ত অতু আসে-বায়, স্থর্বের বে উদয়ান্ত ঘটে, বড়-বাদলের
যে মাতামাতি চলে, সমন্তকেই বেন আমরা স্পান্ত করিয়া এবং বড়ো আকালের মধ্যে
বড়ো করিয়া দেখিতে পাই, ইহাই আমাদের মনের বাসনা। আমরা লোকালয় হইতে
দ্রে আছি বলিয়াই আমাদের এই স্থ্যোগ আছে। পৃথিবীর সমন্ত সংবাদ এখানে
কোনো একটি ছাঁচের মধ্যে আসিয়া পড়িতে পায় না, আমরা ইচ্ছা করিলে তাহাকে
অবাধে বিশুদ্ধ রূপে গ্রহণ করিতে পারি।

মান্তবের জগতের গলে আমাদের এই মাঠের বিভালন্তের সম্বাচিকে অবারিত করিবার জন্ত পৃথিবী প্রদক্ষিণ করিবার প্রয়োজন অন্তত্ত করি। আমরা গেই বড়ো পৃথিবীর নিমন্ত্রণের পত্ত পাইয়াছি। কিছ, সেই নিমন্ত্রণ তো বিভালন্তের হুই শো ছাত্র মিলিয়া রক্ষা করিতে বাইতে পারিব না। তাই দ্বির করিয়াছিলাম, ভোমাদের হুইয়া আমি একলাই এই নিমন্ত্রণ রক্ষা করিয়া আসিব। আমার একলার মধ্যেই তোমাদের সকলের অমণ গারিয়া লাইব। বখন আবার তোমাদের আশ্রেমে ফিরিয়া আসিব তখন বাহিরের পৃথিবীটাকে আমার জীবনের মধ্যে অনেকটা পরিমাণে ভরিয়া আনিতে পারিব।

ষধন ফিরিব তথন অবকাশমত অনেক কথা হইবে, এখন বিদায়ের সময় ছুই-একটা কথা পরিষার করিয়া বাইতে চাই।

আমাকে অনেকেই প্রশ্ন জিজ্ঞাসা করেন, 'তুমি যুরোপে এমণ করিতে বাইতেছ কেন।' এ কথার কী জবাব দিব ভাবিয়া পাই না। এমণ করাই এমণ করিতে বাইবার উদ্দেশ্ত, এমন একটা সরল উত্তর যদি দিই তবে প্রশ্নকর্তারা নিশ্চয় মনে করিবেন, কথাটাকে নিভান্ত হাজারকম করিয়া উড়াইয়া দিলাম। ফলাফল বিচার করিয়া লাভ-লোকসানের হিসাব না ধরিয়া দিতে পারিলে, মাহাযকে ঠাণ্ডা করা যায় না।

প্রয়েজন না থাকিলে মাছ্র অকস্থাৎ কেন বাহিরে ঘাইবে, এ প্রশ্নটা আমাদের দেশেই সম্ভব। বাহিরে ঘাইবার ইচ্ছাটাই যে মাহ্রের স্বভাবসিদ্ধ, এ কথাটা আমরা একেবারে ভূলিয়া গিয়াছি। কেবলমাত্র ঘর আমাদিগকে এত বাধনে এমন করিয়া বাধিয়াছে, চৌকাঠের বাহিরে পা বাড়াইবার সময় আমাদের এত অবাত্রা, এত অবেলা, এত ইচি টিক্টিকি, এত অস্পাত যে, বাহির আমাদের পক্ষে অভান্তই বাহির হইয়া পড়িয়াছে; ঘরের সঙ্গে তাহার সম্ভ অভান্ত বিচ্ছিন্ন হইয়াছে। আস্মীয়মগুলী আমাদের দেশে এত নীর্দ্ধ নিবিড় যে, পরের মতো পর আমাদের কাছে আর-কিছুই নাই। এইজন্তই অন্ধ সময়ের জন্তও বাহির হইতে হইলেও সকলের কাছে আমাদের এত বেশি জবাবদিহি করিতে হয়। বাধা থাকিয়া থাকিয়া আমাদের ভানা এমনি বন্ধ হইয়া গিয়াছে যে, উড়িবার আনন্দ যে একটা আনন্দ, এ কথাটা আমাদের দেশে বিশাসধায়া নহে।

অব্ধ বয়দে ধখন বিদেশে গিয়াছিলাম তখন তাহার মধ্যে একটা আর্থিক উদ্দেশ্ত ছিল, সিভিল সার্ভিদে প্রবেশের বা বারিস্টার হওয়ার চেষ্টা একটা ভালো কৈফিয়ত কিন্তু, বাহার বংসর বয়সে সে কৈফিয়ত বাটে না, এখন কোনো পারমার্থিক উদ্দেশ্তের দোহাই দিতে হইবে।

আধ্যাত্মিক উন্নতির ক্ষা শ্রমণের প্রবােজন আছে, এ কথাটা আনাদের দেশের লোকেরা মানিয়া থাকে। সেইক্ষা কেছ কেছ কল্পনা করিতেছেন, এ বয়সে আমার যাত্রার উদ্দেশ্য তাহাই। এইক্ষা তাঁহারা আন্তর্গ হইতেছেন, সে উদ্দেশ্য ব্রোপে সাধিত হইবে কী করিয়া। এই ভারভবর্বের তীর্ধে ঘুরিয়া এধানকার সাধু-সাধকদের সক্ষ লাভ করাই একনাত্র মুক্তির উপায়।

আমি গোড়াতেই বলিয়া রাখিতেছি, কেবলমাত্র বাহির হইরা পড়াই আমার উদ্বেশ্ত। ভাগ্যক্রমে পৃথিবীতে আসিরাছি, পৃথিবীর সঙ্গে পরিচয় ব্যাস্তব সংসূর্থ করিবা বাইব, ইহাই আমার পক্ষে বথেষ্ট। তুইটা চন্দু পাইরাছি, সেই তুটা চন্দু विवार्गे एक पिक पिवा वर्ज विकित कविवा प्रिथित छठहे गार्थक हरेता !

ভবু এ কথাও আমাকে স্বীকার করিতে হইবে বে, সাভের প্রতিও আমার সোভ আছে; কেবল হব নহে, এই অমণের সংকরের মধ্যে প্ররোজনসাধনেরও একটা ইচ্ছা গভীরভাবে সুকানো রহিরাছে।

আমি মনে করি, যুরোপের কেছ যদি যথার্থ শ্রদ্ধা লইরা ভারতবর্ব শ্রমণ করিয়া যাইতে পারেন তবে তাঁছারা তীর্থশ্রমণের ফলপাভ করেন। তেমন যুরোপীয়ের সঙ্গে আমার দেখা হইয়াছে, আমি তাঁছাদিগকে ভক্তি করি।

সে ভক্তির কারণ ইহা নহে বে, আমাদের ভারতবর্ষের মাহাত্ম্য তাঁহাদের প্রদার মধ্য দিয়া প্রতিফলিত হইয়া আমাদের কাছে উজ্জল হইয়া দেখা দেয়। তাঁহাদেরই হৃদয়ের শক্তি দেখিয়া আমার মন প্রণত হয়। অপরিচয়ের বাধা ভেদ করিয়া সত্যকে খীকার ও কল্যাণকে গ্রহণ করিবার ক্ষমতা সর্বদা দেখিতে পাই না। পরের দেশে না গেলে সত্যের মধ্যে সহজে সঞ্চরণ করিবার শক্তির পরিচয় পাওয়া যায় না। যাহা অভাত্ম তাহাকেই বড়ো সত্য বলিয়া মানা ও বাহা অনভাত্ম তাহাকেই তুচ্ছ বা মিথা। বলিয়া বর্জন করা, ইহাই দীনাআর লক্ষণ।

অনভাবের মন্দিরের কপাট ঠেলিরা বধন আমরা সতাকে পৃঞ্চা দিয়া আসিতে পারি, তধন সত্যের প্রতি ভক্তিকে আমরা বিশেবভাবে উপল্ িকরিতে পারি। আমাদের সেই পূজা খাধীন; আমাদের সেই ভক্তি প্রধার ধারা অভ্তাবে চালিত নছে।

ৰুরোপে গিরা সংস্বারম্ক দৃষ্টিতে আমরা সভাকে প্রভাক করিব, এই শ্রদাটি লইয়া যদি আমরা সেগানে যাত্রা করি ভবে ভারভবাসীর পক্ষে এমন ভীর্থ পৃথিবীতে কোধায় মিলিবে। ভারভবর্বে আমি শ্রদাপরারণ বে বুরোপীয় ভীর্থবাত্রীদিগকে দেখিয়াছি আমাদের ফুর্গতি বে ভাঁহাদের চোখে পড়ে নাই ভাহা নহে, কিন্তু সেই ধূলার ভাঁহাদিগকে অন্ধ করিতে পারে নাই; জীর্ণ আবরণের আড়ালেও ভারভবর্বের সম্বর্জন সভাকে ভাঁহারা দেখিয়াছেন।

যুরোপেও যে সভ্যের কোনো আবরণ নাই তাহা নহে। সে আবরণ জীর্ণ নহে, তাহা সমূজ্যন। এইজ্জাই সেধানকার অন্তর্গুড়ার সভ্যাতিক দেখিতে পাওয়া হয়তো আরও কঠিন। বীর প্রহরীদের ছারা রক্ষিত, বণিমুক্তার ঝালরের ছারা থচিত, সেই পর্লাটাকেই সেধানকার সকলের চেরে মূল্যবান পদার্থ মনে করিয়া আমরা আন্তর্গ হইয়া কিরিয়া আসিতে পারি— তাহার পিছনে যে দেবতা বসিয়া আছেন তাহাকে হয়তো প্রশাম করিয়া আসা ঘটিয়া উঠে না।

সেই পর্দাটাই আছে আর তিনি নাই, এমন একটা সভুত অশ্রদ্ধা দইরা বদি সেধানে যাই তবে এই পথ-ধরচাটার মতো এতবড়ো অপব্যয় আর কিছুই হইতে পারে না।

র্রোপীয় সভ্যতা বন্ধগত, তাহার মধ্যে আধ্যাত্মিকতা নাই, এই একটা বৃদি চারি
দিকে প্রচলিত হইয়াছে। যে কারণেই হউক, এইরপ জন≖তি যথন প্রচার লাভ
করিতে আরম্ভ করে তথন তাহার আর সভ্য হওয়ার প্রয়োজন থাকে না। পাঁচজনে
যাহা বলে ষষ্ঠ ব্যক্তির তাহা উচ্চারণ করিতে বাধে না এবং নানা কঠের আর্ভিই তথন
মৃক্তির স্থান গ্রহণ করিয়া বসে।

এ কথা গোড়াতেই মনে রাখা দরকার, মানবসমাজে বেখানেই আমরা থে-কোনো
মন্ত্রল দেখি-না কেন, তাহার গোড়াতেই আধ্যাত্মিক শক্তি আছে। অর্থাৎ, মাত্মব
কখনোই সভাকে কল দিয়া পাইতে পারে না, তাহাকে আরা দিয়াই লাভ করিতে
হয়। যুরোপে যদি আমরা মাত্মবের কোনো উন্নতি দেখি তবে নিশ্চয়ই জানিতে
হইবে, লে উন্নতির মূলে মাত্মবের আত্মা আছে— কখনোই ভাহা অড়ের স্থি নহে।
বাহিরের বিকাশে আত্মারই শক্তির পরিচয় পাওয়া বায়।

যুরোপে মান্ন্য মানবাত্মাকে প্রকাশ করিতেছে না, কেবল জড়ব্সকেই তুপাকার করিতেছে, এ কথাও যা আর যদি বলি 'বনম্পতি কেবল শুকনো পাতা ঝরাইয়া মাটি ছাইয়া ফেলে, সে আপনার জীবনকে প্রকাশ করে না'— তবে সেও তেমনি। বস্তুত, বনম্পতির প্রবল প্রাণশক্তিই প্রচুর পল্লব বর্ষণ করে, অবিশ্রাম পরিত্যক্ত মৃত পত্রে তাহার মৃত্যু প্রমাণ করে না। জীবনই প্রতি মৃহুর্তে মরিতে পারে— মৃত্যু যখন বছ ছইয়া য়য় তথনই যথার্থ মৃত্যু।

যুরোপে দেখিতেছি, মামুষ নব নব পরীকা ও নব নব পরিবর্তনের পথে চলিতেছে—
আদ বাহাকে গ্রহণ করিতেছে কাল তাহাকে সে ত্যাগ করিতেছে। সে কোধাও
চুপ করিয়া থাকিতেছে না। অনেকে বলিয়া থাকেন, ইহাতেই ভাহার আধ্যান্মিকভার
অভাব প্রমাণ করে।

বিশ্বন্ধগতেও আমরা কেবলই পরিবর্তন ও মৃত্যু দেখিতেছি। তবু কি এই বিশ্ব সম্বন্ধেই ক্ষবিরা বলেন নাই যে, আনন্দ হইতেই এই সমন্ত-কিছু উৎপন্ন হইতেছে। অমৃতই কি আপনাকে মৃত্যু-উৎসের ভিতর দিয়া নিরম্বর উৎসারিত করিতেছে না।

বাহিরকেই চরম করিয়া দেখিলে ভিতরকে দেখা হয় না এবং বাহিরকেও স্ত্যুক্তণে গ্রহণ করা অসম্ভব হয়। যুরোপেরও একটা ভিতর আছে, তাহারও একটা আত্মা আছে, গ্রবং লে আত্মা তুর্বল নহে। হ্রোপের সেই আধ্যাত্মিকতাকে বধন দেখিব তথনই তাহার সভাকে দেখিতে পাইব— তথনই এমন একটি পদার্থকে জানিতে পারিব বাহাকে আত্মার মধ্যে এহণ করা বার, বাহা কেবল বন্ধ নহে, বাহা কেবল বিভা নহে, বাহা আনন্দ।

বে কথাটা আমি বলিবার চেটা করিছেছি ভাষা সহক্ষে ব্রিবার মতো একটা ঘটনা সম্প্রতি ঘটরাছে। ছই হাজার যাত্রী লইয়া আইলান্টিক সমূত্রে এক জাহাজ পাড়ি দিভেছিল; সেই আহাজ অর্ধরাত্রে চলমান হিমলৈনে ঠেকিয়া বখন ভূবিবার উপক্রম করিল তখন অধিকাংশ রুরোপীর ও আমেরিকান যাত্রী নিজের জীবন-রক্ষার প্রতি ব্যাক্ষ্ণতা প্রকাশ না করিয়া স্বীলোক ও বালকদিগকে উদ্ধার করিবার চেটা করিয়াছে। এই প্রকাশ্ত অপমৃত্যুর অভিবাতে রুরোপের বাহিরের আবরণ সরিয়া যাওয়াতে আমরা এক মৃহুর্তে তাহার অন্তর্গতর মানবাত্মার একটি সভ্য মৃতি দেখিতে পাইয়াছি।

বেষনি দেখিরাছি অমনি তাহার কাছে মাধা প্রণত করিতে আমাদের আর কক্ষা হয় নাই। অমনি আত্মার পরিচয়ে আত্মার আনন্দ উদারভাবে প্রকাশ পাইয়াছে।

এই ঘটনার জনতিকালের মধ্যে জাষাদের কয়েকজন বন্ধু ঢাকা ছইতে স্টিমারে করিয়া ফিরিডেছিলেন। স্টিমারের জাঘাতে পদ্মার মাঝখানে একটা নৌকা তুরিয়া গেল, তাহার তিনজন জারোহী জলের মধ্যে পড়িল। জনতিদ্রে পাল দিয়া জার-একখানা নৌকা চলিয়া ঘাইতেছিল— ঝাহাজের সকল লোকে মিলিয়া চীৎকার করিয়া উদ্ধারের জল্প তাহার মাঝিকে বিশ্বর ভাকাভাকি করিল, সে কর্ণপাত মাত্র না করিয়া চলিয়া গেল; বিপদের কোনো আশহা ছিল না, নিকটেও সে ছিল, কাজটাকে কোনো-মতেই ছুঃসাধ্য বলা চলে না।

আমার আর-একদিনের কথা বনে পড়িল। রাত্তে প্রবল বড় হইবা গিয়াছে।
স্কালবেলা বাতাসের বেগ কবিয়া গেছে, কিন্তু নদী চঞ্চল। গোরাই নদীর তীরে
আমার বোট বাঁধা; হঠাৎ বনে হইল, নদীর বাবখান দিরা স্ত্রীলোকের হেছ ভাসিয়া
চলিয়াছে, জলের উপরে চুল এলাইরা পড়িয়াছে, আর কিছুই দেখা বার না। বাটের
কাছে বাহারা ছিল আবি সকলকেই ভাকিয়া বলিলান, 'আমার ছোটো লাইফ-বোটটি
বাহিয়া উহাকে উদ্ধার করিয়া আনো, কী আনি হহতো বাঁচিয়া আছে।' কেহই অগ্রসর
হইল না। আবি বলিলান, 'বে-কেহ বাইবে প্রত্যেককে আবি পাঁচ টাকা প্রভার
দিব।' তথনি করেকজন লোক নৌকা ভাসাইরা দিরা তাহাকে তুলিরা আনিল, এবং
মূর্ছিভ স্থীলোকটি ক্রমণ চেতনা লাভ করিল। প্রভারের আশা না থাকিলে কেহই
বাইড না।

আর-একদিন আমি বোটে করিয়া একটা বড়ো বিল দিয়া আসিতেছিলান। বিলের বল বেখানে নদীতে আসিয়া পড়ে সেখানে মাছ ধরিবার ক্রিথা করিবার অন্ধ্য জেলেরা বড়ো বড়ো খোঁটা পুঁতিরা জলের নির্গমনপথকে সংকীর্ণ করিয়া দেয়, ভাহাতে জলধারার বেগ অত্যন্ত প্রবল হইয়া উঠে; এইরপ স্থানে অনেক বোঝাই নৌকাকে বিপন্ন হইডে দেখিয়াছি। এই সংকীর্ণ পথ পার হইবার কালে আমার বোট কোনোমতে খোঁটার আঘাত বাঁচাইতে গিয়া ভারি একটি সংকটের জায়গায় আটকাইয়া পড়িল। আট-দশ হাত দ্রেই জেলেরা মাছ ধরিতেছিল। আমাদের সাহায়্য করিবার জন্ত ভাহাদিগকে ভাকাভাকি করা গেল, ভাহারা ভাকাইয়াও দেখিল না। বোটের মাঝি পুরস্থার কর্ল করিল। ভাহারা ভাক বাড়াইবার প্রভ্যাশায় বিধিরভার ভাণ করিল। ভাক বাড়িয়া যথন বেশ একটা মোটা অবে উঠিয়াছে তখন জেলেদের শ্রবণশক্তির বাধা হঠাৎ সম্পূর্ণ দ্র হইয়া গেল। অথচ ভাহাদেরই কৃতকর্মের ফল আমরা ভোগ করিতে বিদ্যাছিলাম; আমাদের দেশের কোনো পাঠককে এ কথা বলা বাছল্য, যদি হাকিনের বোট হইত ভাহা হইলে ইছাদের শ্রুভিশক্তির পরীক্ষায় অন্তর্গ ফল দেখা যাইড।

বোলপুরের বান্ধারে একটা দোকানে বধন আগুন লাগিয়াছিল তথন তোমাদের মনে আছে, আগুন নিবাইবার কান্ধে চারন্ধন বিদেশী কাবুলি তোমাদের সাহায় করিয়াছে; পাড়ার লোককে ডাকিয়া সাড়া পাও নাই। মনে আছে, যাহাদের নিকট কলসী চাহিতে গিয়াছিলে তাহারা, পাছে তাহাদের কলস অপবিত্র হইয়া নই হয়, এচন্দ্র দিতে চাহিল না।

আমরা আমাদের চারি দিকে এই-বে আত্মত্যাগের কার্পণ্য দেখিতে পাই, দৃষ্টাস্ত-বাহুল্যের ঘারা তাহা প্রমাণ করিবার চেষ্টা করিতে হইবে না। কেননা, আমরা মুখে বে যাহাই বলি-না কেন, অন্তত মনে মনে আমাদের চরিত্রের এই দৈশু সকলেই স্বীকার করিয়া থাকি।

আত্মতাগের সব্দে আধ্যাত্মিকতার কি কোনো বোগ নাই। এটা কি ধর্মবলেরই একটা লক্ষ্ণ নহে। আধ্যাত্মিকতা কি কেবল জনসন্ধ বর্জন করিয়া শুচি হইয়া থাকে এবং নাম জপ করে। আধ্যাত্মিক শক্তিই কি মান্তবকে বীর্ধ দান করে না।

টাইটানিক জাহাজ ভোবার ঘটনার আমরা এক মৃহুর্তে অনেকগুলি মাহ্বকে মৃত্যুর সম্পুরে উচ্ছাল আলোকে দেখিতে পাইয়াছি। ইহাতে কোনো-একজন মাত্র মাহুবের অসামাগ্রতা প্রকাশ হইয়াছে এমন নহে। সকলের চেয়ে আশুর্ব এই বে, যাহারা

<sup>&</sup>gt; 'हेरिहोनिक'-छ्रि : ३४ अधिन ३३३३

শন্ধীর ক্রোড়ে লালিত ক্রোড়পতি, বাহারা টাকার বোরে চিরকাল নিক্রেকে অপ্ত-সকলের চেবে বেশি বলিয়াই মনে করিয়া আসিয়াছে, ভোগে বাহারা বাধা পার নাই এবং রোগে বিপদে বাহারা আপনাকে বাঁচাইবার হবোগ অপ্ত-সকলের চেবে সহকে লাভ করিয়া আসিয়াছে, তাহারা ইচ্ছা করিয়া তুর্বলকে অক্ষমকে বাঁচিবার পথ ছাড়িয়া দিয়া মৃত্যুকে বরণ করিয়াছে। এরপ ক্রোড়পতি এ জাহাকে কেবল এক-আধ্জন মাত্র ছিল না।

আকৃষ্ণিক উৎপাতে মান্নবের আদিম প্রবৃত্তিই সভ্য সমাজের সংখ্য ছিন্ন করিয়া দেখা দিতে চায়, ভাবিবার সময় হাতে পাইলে মান্নব আত্মসন্থরণ করিতে পারে। টাইটানিক জাহাজে অন্ধকার রাজে কেহ বা নিপ্রার মধ্যে হঠাৎ জাগিয়া, কেহ বা আমোদ প্রমোদের মধ্য হইতে হঠাৎ বাহির হইয়া, সন্মুখে অপঘাতসূত্যুর কালো মৃতি দেখিতে পাইল। তখন যদি ইহাই দেখা যায়, মান্নব পাগলের মতো হইয়া অক্মকে ঠেলিয়া ফেলিয়া আপনাকে বাঁচাইবার চেষ্টা করিতেছে না, তবে ব্বিতে হইবে, এই বীরত্ব আকৃষ্ণিক নয়, বাক্তিগত নয়; সমন্ত জাতির বহদিনের তপস্থার সহিত আধ্যাত্মিক শক্তি ভীষণ পরীক্ষায় মৃত্যুর উপরে জয়লাভ করিল।

এই বাহাকত্বিতে একসংশ নিবিড় করিয়া বে শক্তিকে দেখিয়াছি, যুরোপে সেই শক্তিকেই কি নানা দিকে নানা আকারে দেখি নাই। দেশহিতের ও লোকহিতের জন্ত সর্বস্বত্যাগ ও প্রাণবিশর্জনের দৃষ্টাম্ভ কি সেখানে প্রত্যাহই হাজার হাজার দেখা বায় না। সেই অজ্প্রস্থিত প্রীভৃত ত্যাগের বারাই কি যুরোপীয় সভ্যতা প্রবাল-বীপের মতো মাধা তুলিয়া উঠে নাই।

কোনো সমাজে যথার্থ কোনো উন্নতিই হইতে পারে না বাহার ভিত্তি হৃংথের উপর
প্রতিষ্ঠিত নহে। এই হৃঃখকে তাহারাই বরণ করিতে পারে না বাহারা নেটেরিয়ালিন্ট,
বাহারা জড়বস্তর দাস। বন্ধতেই বাহাদের চরম আনন্দ, বস্তকে তাহারা ত্যাগ করিবে
কেন। কল্যাণকে তাহারা আপনার প্রাণের চেয়ে কেন বড়ো করিয়া স্বীকার করিবে।
শাহ্রবিহিত যে পুণ্যকে মাহ্রব পারগৌকিক বিষয়সম্পত্তির মতোই আনে সেই স্বার্থপর
পুণ্যের জন্মও সে হৃঃখরীকার করিতে পারে— কিছু বে পুণ্য শাহ্রবিধির সামগ্রী নহে,
বাহা তীর্থবাজার হৃঃখ নহে, বাহা ভুডনক্ষজ্ববোগের দান নহে, বাহা হৃদয়ের স্বাধীন
প্ররোচনা, সেই হৃঃখ, সেই মৃত্যুকে কি কধনো কোনো বন্ধ-উপাসক গ্রহণ করিতে
পারে।

র্রোপে দেশের অন্ত, বাহুবের অন্ত, জানের অন্ত, প্রেমের অন্ত, হনরের স্বাধীন আবেগে, সেই ফুখকে, সেই মুত্যুকে আবরা প্রতিধিনই বরণ করিতে দেখিয়াছি। ইহার মধ্যে সমস্তটাই খাঁটি নহে, ইহার মধ্যে অনেকটা আছে বাহা বাহাছরি, কিন্তু সেই অপবাদ দিয়া সভ্যকে ধর্ব করিবার চেন্তা করা উচিত নহে। কোনো কোনো রাত্রে চল্লের চারি দিকে একটা জ্যোতির চক্র দেখা যায়। আমরা জানি, তাহা চন্দ্র নহে, তাহা ছায়া, তাহা মিখা। কিন্তু, চন্দ্র মাঝখানে না থাকিলে সেই চল্লের ভাণটুকুও থাকিতে পারে না। সকল সমাজেই যেটি শ্রেণ্ঠ পদার্থ তাহাকে খিরিয়া, তাহার আলোক ধার করিয়া লইয়া, একটা ভাণের মণ্ডল স্থাজিত হইরা থাকে। কিন্তু, সেই নকলটা আসলের প্রতিবাদ করে না, তাহারই সমর্থন করে। ভণ্ড স্বয়াসীকে দেখিয়া আমাদের দেশের সাধুসন্ন্যাসীকে অবিশাদ করিয়া বিসলে ঠকিতে হইবে।

যুরোপের বাঁছারা অসামান্ত লাক তাঁহাদের কথা আমরা বইয়ে পড়িয়াছি, তাঁহাদিগকে কাছে দেখি নাই। কাছে বে ছই-একজনকে দেখিয়াছি যুরোপের জ্যোতিজমণ্ডলীর মধ্যে তাঁহারা স্থান পান নাই। অনেক দিন ছইল একটি স্ইডেনের মাহ্মকে দেখিয়াছিলাম, তাঁহার নাম হামার্থ্রেন'। তিনি সেই দ্রদেশে বিদ্যা দৈবক্রমে রামমোহন রায়ের কি একটুকু পরিচয় কোনো একটা বইয়ে পাইয়াছিলেন। ইহাতে তাঁহার মনে এমন একটি ভক্তি আগ্রত হইয়া উঠয়াছিল য়ে, তাঁহার দারিদ্রা সত্তেও দেশ ছাড়িয়া তিনি বহু কটে সমুস্ত পার হইয়া এই বাংলাদেশে আসিয়া উপদ্বিত হইলেন। এখানকার ভাষা জানিতেন না, মাহ্মকে চিনিতেন না, তব্ বাঙালির বাড়িতেই আশ্রম লইয়া এই রামমোহন রায়ের দেশকেই তিনি বরণ করিয়া লইলেন। যে অয় কয়দিন বাঁচিয়াছিলেন, কী হংসহ কেশ সম্ভ করিয়া, কী নিঠা ও অধ্যবলায়ের সঙ্গে, অথচ কী সম্পূর্ণ নম্রতার মধ্যে নিজেকে প্রজের রাখিয়া, তিনি এই দেশের হিতের জন্তা নিজের প্রাণ উৎসর্গ করিয়াছিলেন, তাহা বাঁহারা দেখিয়াছেন তাঁহারা কথনোই ভূলিতে পারিবেন না। নিমতলার ঘাটে তাঁহার মৃতদেহ দাহ করা হইয়াছিল; তত্বপলক্ষে, হিন্দুর শ্রশান কল্বিত করা হইল বলিয়া, আমাদের কোনো সাপ্তাছিক পত্র ক্ষোভ প্রকাশ করিয়াছিল।

ভগিনী নিবেদিত। খানী বিবেকানক্ষের প্রতি ভক্তি বহন করিয়া কিন্তুপ অনুত আত্মতাগের ঘারা ভারতবর্বের নিকট আপনাকে উৎসূর্গ করিরাছিলেন, ভাছা কাহায়ও অবিদিত নাই।

जहेरा : तरील-तरुमायमीत यापन चट्ड 'स्तिम्बेत चाकिय तथः तम्बेद काकिया'

२ अहेवा : बबीज-बावनीय च्होबन बर्फ 'कविनी निर्दारका'

এই ছই ষ্ঠান্ডেই আৰৱা দেখিয়াছি, এই ছটি ভক্ত এবন ছানে এবন অবস্থার
মধ্যে আন্ধান করিয়াছেন বেখানে তাঁহাদের জীবনের কোনো প্র্যাভান্ত সহজ পথ
তাঁহাদের সন্থ্যে ছিল না; বেখানে তাঁহাদের হৃদবসনের আজন্মকালের সংবার পদে
পদে কঠোর বাধা পাইরাছে; বেখানে কেবল দে তাঁহারা আন্ধোৎসর্গ করিয়াছেন তাহা
নহে, পদে পদে আন্ধোৎসর্গের পথ তাঁহাদের নিজেকে খনন করিয়া চলিতে হইয়াছে—
কেননা, তাঁহাদের প্রবেশ চারি দিকেই অবক্ষম।

সভাকে ভক্তি করিবার এই ক্ষমভা, এবং সভ্যের জন্ত তুর্গম বাধা লব্জন করিয়া দিনের পর দিন আপনাকে অকৃতিভভাবে নিমশেবে দান করিবার এই শক্তি, এ বে ভাঁছাদের জাভীর সাধনা হইতেই ভাঁহারা পাইয়ছিলেন। এই আন্দর্গ শক্তি কি বস্তু-উপাসনার সাধনা হইতে কেহ কোনোদিন লাভ করিতে পারে। ইহা কি বথার্থ ই আধ্যাত্মিক নহে। এবং জিজ্ঞাসা করি, এই শক্তি কি আমাদের দেশে বথেষ্ট পরিমাণে দেখিতে পাই।

কিছ, তাই বলিয়া আমাদের দেশে কি আধ্যাত্মিকতা নাই। আমি তাহা বলি
না। এথানেও আধ্যাত্মিকতার একটা দিক প্রকাশ পাইয়াছে। আমাদের দেশের
বাহারা সাধক তাঁহারা কেই বা জানে, কেই বা ভক্তিতে অধগুল্বহুপকে সমস্ত ধণ্ডপদার্থের মধ্যে সহজেই স্বীকার করিতে পারেন। এইখানে জানের দিকে এবং ভাবের
দিকে, অনেক কালের চিন্তায় এবং সাধনায়, তাঁহাদের বাধা অনেক পরিমাণে ক্ষয়
হইয়া আসিয়াছে। এইজক্ত আমাদের দেশের বাঁহারা সাধৃপুক্ষ তাঁহারা চিৎলোকে বা
হুল্যধানে অনন্তের সঙ্গে বাগে উপলব্ধি করিতে পারেন।

আমাদের দেশের মানবপ্রকৃতিতে এই শক্তিটি দেখিবার হৃষ্ণ বদি কোনো বিদেশী শ্রহা ও দৃষ্টিশক্তি দইয়া আসেন তবে নিশ্চয়ই তিনি কৃতার্থ হইবেন, এবং সম্ভবত তিনি আপনার প্রকৃতির ভিতরকার একটা অভাব পূরণ করিয়া দইয়া যাইতে পারিবেন।

আমার বলিবার কথা এই বে, আমাদের মধ্যেও তেমনি পূরণ করিবার মতো একটা অভাব আছে, এবং সেই অভাবই আমাদিগকে ধূর্বলভার অবসাদের মধ্যে বছদিন হইতে আকর্বণ করিতেছে।

এ কথা গুনিলেই আমাদের দুশাভিমানীরা বলিরা উঠেন, হাঁ, অভাব আছে বটে, কিছ তাহা আধ্যাত্মিকতার নহে, তাহা বল্লজানের, তাহা বিষয়বৃদ্ধির— রুরোপ তাহারই জোরে পৃথিবীর অন্ত-সকলকে ছাড়াইয়া উঠিয়াছে।

আৰি পূৰ্বেই বলিয়াছি, ভাহা কোনোমডেই হইতে পারে না। কেবল বস্তস্থারের উপরে কোনো আভিয়ই উন্নতি গাড়াইতে পারে না এবং কেবল বিষয়বৃদ্ধির জোরে কোনো ছাতিই বলনাভ করে না। প্রানীপে অজস্র তেল ঢালিতে পারিলেও দীপ অলে না এবং সলিতা পাকাইবার নৈপুণো স্থদক হইয়া উঠিলেও দীপ অলে না— বেষন করিয়াই হউক, আগুন ধরাইতেই হইবে।

আত্র পৃথিবীকে মুরোপ শাসন করিতেছে বস্তর জোরে, ইহা অবিশাসী নাতিকের কথা। তাহার শাসনের মৃশ শক্তি নিঃসম্পেহই ধর্মের জোর, তাহা ছাড়া আর কিছু হইতেই পারে না।

বৌদ্ধর্ম বিষয়াসন্ধির ধর্ম নহে, এ কথা সকলকেই স্বীকার করিতে হইবে। অথচ ভারতবর্বে বৌদ্ধর্মের অভ্যুদয়কালে এবং তৎপরবর্তী যুগে সেই বৌদ্ধসভাতার প্রভাবে এ দেশে শিল্প বিজ্ঞান বাণিক্য এবং সাম্রাক্তাশক্তির বেমন বিস্তার হইয়াছিল এমন আর কোনো কালে হয় নাই।

তাহার কারণ এই, মাহবের আত্মা বর্ধন অভ্যন্তের বছন হইতে মুক্ত হয় তথনি আনন্দে তাহার সকল শক্তিই পূর্ণ বিকাশের দিকে উদ্ধন লাভ করে। আধ্যাত্মিকতাই মাহবের সকল শক্তির কেন্দ্রনা তাহা আত্মারই শক্তি। পরিপূর্ণতাই তাহার স্থভাব। তাহা অন্তর বাহির কোনো দিকেই মাহবেকে ধর্ব করিয়া আপনাকে আঘাত করিতে চাহে না।

মূরোপের বে শক্তি, তাহার বাহ্মরূপ যাহাই হউক-না কেন, তাহার আম্বর রূপ যে ধর্মবল সে সম্বন্ধে আমার মূনে সন্দেহমাত্র নাই।

এই তাহার ধর্মবল অতাস্ক সচেতন। ভাষা মাছবের কোনো হংশ কোনো অভাবকেই উদাসীনভাবে পাশে ঠেলিয়া রাখিতে পারে না। মাছবের সর্বপ্রকার হুর্গতি মোচন করিবার জন্ত নিতানিরতই তাহা হুংসাধ্য চেষ্টার নিযুক্ত রহিরাছে। এই চেষ্টার কেন্দ্রছলে বে একটি স্বাধীন শুভবুদ্ধি আছে, বে বুদ্ধি মাছমকে স্বার্থভাগে করাইভেছে, আরাম হইতে টানিয়া বাহির করিভেছে এবং অকৃষ্টিত মৃত্যুর মুখে ভাক দিভেছে, ভাহাকে শক্তি জোগাইভেছে কে। কোপায় সেই অমৃত আছে যাহা এই উদার মন্দ্রকামনাকে এমন করিয়া সভেজ রাধিয়াছে।

খৃস্টের জীবনবৃক্ষ ইইতে বে ধর্মবীন্ধ ব্রোপের চিন্তক্ষেত্রে পড়িয়াছে ভাহাই সেধানে এমন করিয়া ফলবান হইরা উঠিয়াছে। সেই বীজের মধ্যে বে জীবনীশক্তি আছে, সেটি কী। সেটি জ্বংকে পরম ধন বলিয়া গ্রহণ করা।

স্বর্গের দরা যে নাস্থবের প্রেমে নাস্থবের সমস্ত জ্বাকে আপনার করিবা লব, এই কথাট আন্ত বহু শত বংসর ধরিরা নানা মত্রে অস্কুচানে সংগীতে বুরোপ শুনিরা আসিতেছে। শুনিতে শুনিতে এই আইডিয়াটি ভাহার এমন একটি গুলীর বর্মস্থানকে অধিকার করিরা বিশিরাছে বাছা চেতনারও অস্তরাসবর্তী অতিচেতনার দেশ— সেইখানকার গোপন নিতৰভার মধ্য হইতে মাহুবের সমস্ত বীক্ষ অন্থরিত হইয়া উঠে— সেই অগোচর গভীরভার মধ্যেই মাহুবের সমস্ত ঐশ্বর্বের ভিত্তি স্থাপিত হয়।

সেইবাস আৰু মুরোপে সর্বলা এই একটা আশুর্ব ঘটনা দেখিতে পাই, বাহারা মূখে পৃত্তধর্মকৈ অমাস্ত করে এবং অভ্যাদের হল ঘোষণা করিয়া বেড়ার তাহারাও সময় উপস্থিত হইলে ধনে প্রাণে আপনাকে এমন করিয়া ত্যাগ করে, নিম্পাকে ছঃখকে এমন বীরের মতো বহন করে বে, তখনি বুবা বার, তাহারা নিজের অজ্ঞাতসারেও মৃত্যুর উপরে অমৃতকে স্বীকার করে এবং স্থের উপরে মঙ্গলকেই সত্য বলিয়া মানে।

টাইটানিক লাহালে বাঁহার। নিজের প্রাণকে নিশ্চিতভাবে অবজ্ঞা করিয়া পরের প্রাণকে রক্ষার চেটা করিরাছেন উাঁহার। সকলেই বে নির্চাবান ও উপাসনারত খুন্টান ভাহানহে। এমন-কি উাঁহাদের মধ্যে নাজিক বা আজেরিকও কেই কেই থাকিতে পারেন, কিছু তাঁহারা কেবলমাত্র মভান্তরগ্রহণের হারা সমস্ত লাভির ধর্মসাধনা হইতে নিজেকে একেবারে বিচ্ছিন্ন করিবেন কী করিয়া। কোনো লাভির মধ্যে বাঁহারা ভাপস তাঁহারা সে আভির সকলের হইয়া ভপতা করেন। এই ক্ষা লেই জাভির পনেরোজানা মৃত্ত বদি সেই ভাপসদের গারে ধুলা দের ভখাপি ভাহারাও ভপতার ফল হইতে একেবারে বঞ্চিত হয় না।

ভগবানের প্রেমে মাস্থবের ছোটো বড়ো সমন্ত ছংগ নিজে বছন করিবার শক্তি ও সাধনা আমাদের দেশে পরিব্যাপ্তভাবে দেখিতে পাই না, এ কথা বড়ই অপ্রিম্ন হউক, তথাপি ইছা আমাদিগকে স্বীকার করিভেই হইবে। প্রেমভক্তির মধ্যে বে ভাবের আবেগ, বে রসের দীলা, ভাহা আমাদের ববেট আছে; কিন্ধ প্রেমের মধ্যে বে ছংগরীকার, বে আত্মভাগ, বে নেবার আকাজ্মা আছে, বাহা বীর্বের বারাই সাধ্য, ভাহা আমাদের মধ্যে দীব। আমরা বাহাকে ঠাকুরের সেবা বলি ভাহা ছংগণীড়িত মাস্থবের মধ্যে ভগবানের সেবা নছে। আমরা প্রেমের রসদীলাকেই একাডভাবে গ্রহণ করিয়াছি, প্রেমের ছংগলীলাকে স্বীকার করি নাই।

তুংথকে লাভের বিক বিরা স্থীকার করার মধ্যে স্বাধ্যান্মিকতা নাই; তুংথকে প্রেমের বিক বিরা স্থীকার করাই স্বাধ্যান্মিকতা। কুপণ ধনসঞ্চরের বে তুংগ ভোগ করে, পারলৌকিক সম্পতির লোভে পুণ্যকামী বে তুংগরুত গ্রহণ করে, মৃক্তিলোলুপ মৃক্তির অন্ত বে তুংগলান করে এবং ভোগী ভোগের অন্ত বে তুংগকে বরণ করে তাহা কোনোমভেই পরিপূর্ণতার সাধনা নহে। ভাষাতে স্বান্ধার স্বভাবকেই দৈন্তকেই

প্রকাশ করে। প্রেমের জন্ত হে ছাব ভাছাই বধার্থ ভ্যাগের ঐশর্ব; ভাহাতেই মাছব মৃত্যুকে অব করে ও আত্মার্র শক্তিকে ও আনন্দকে সকলের উর্বে মহীবান করিয়া ভূলে।

এই ছংগলীলার কেত্রেই আমরা আপনাকে ছাড়িয়া বিশ্বকে সভ্যভাবে গ্রহণ করিতে পারি। সভ্যের মূল্যই এই ছংখ। এই ছংগসম্পদই মানবান্ধার প্রধান ঐশর্ব। এই ছংগর বারাই ভাহার বল প্রকাশ হয় এবং এই ছংগ্রের বারাই সে আপনাকে এবং অন্তক্ত লাভ করে। তাই শাস্ত্রে বলে, নারবান্ধা বলহীনেন লভাঃ। অর্থাৎ, ছংগলীকার করিবার বল যাহার নাই সে আপনাকে সভ্যভাবে উপলব্ধি করিতে পারে না।

ইহার একটা প্রমাণ এই, আমরা নিজের দেশকে নিজে লাভ করিতে পারি নাই। আমাদের দেশের লোক কেহ কাহারও আপন হইল না, দেশ বাহাকে চায় সে লাভা দেয় না। এখানকার জনসংখ্যা বড়ো কর নয়, কিন্তু সেই সংখ্যাবহলতার ভাহার শক্তিপ্রকাশ না করিয়া ভাহার হুর্বলভাই ব্যক্ত করে।

তাহার প্রধান কারণ এই, আমরা হৃংখের বারা পরস্পরকে আপন করিতে পারি নাই। আমরা দেশের মাহ্মবকে কোনো মূল্য দিই নাই— মূল্য না দিয়া পাইব কী করিয়া। মা আপন গর্ভের সন্তানকেও অহরহ সেবাহৃংখের মূল্য দিয়া লাভ করেন। যাহাকেই আমরা সত্য বলিয়া মনের মধ্যে শ্রহা করি তাহাকেই এই মূল্য আমরা শ্বভাবতই দিয়া থাকি, কাহাকেও তাগিদ করিতে হয় না। চারি দিকের মাহ্মবকে আমরা অন্তরের সহিত সত্য বলিয়া গ্রহণ করিতে পারি নাই, তাই আপনাকে আনন্দের সহিত ত্যাগ করিতেও পারিলাম না।

মাহ্বকে এইরপ সত্য বলিরা দেখা, ইহা আত্মার সত্যদৃষ্টি অর্থাৎ প্রেমের ধারাই ঘটে। তত্তজান ধবন বলে 'সর্বভৃতই এক', সে একটা বাকামাত্র; সেই তত্তকথার ধারা সর্বভৃতকে আত্মবৎ করা বার না। প্রেম-নামক আত্মার বে চরম শক্তি, বাহার ধৈর্ব অসীম, আপনাকে ত্যাপ করাতেই বাহার আভাবিক আনন্দ, সেই সেবাতৎপর প্রেম নহিলে আর-কিছুতেই পরকে আপন করা বার না; এই শক্তির ধারাই দেশপ্রেমিক পরমাত্মাকে সমত্ত দেশের মধ্যে উপলব্ধি করেন, মানব্রেমিক পরমাত্মাকে সমত্ত মানবের মধ্যে লাভ করেন।

বুরোপের ধর্ম বুরোপকে সেই দ্বংগপ্রীপ্ত সেবাপরারণ প্রেমের দীকা দিরাছে। ইহার জারেই সেখানে নাম্বের সকে নাম্বের মিলন সহক্ষ হইরাছে। ইহার জোরেই সেখানে দ্বংগভপতার হোরারি নিবিভেছে না এবং জীবনের সকল বিভাগেই শভ শভ ভাপস আন্থাহিতির বন্ধ করিবা সকরে দেশের চিত্তে অহরহ ভেজ স্কার করিভেছেন। সেই হঃসহ বজহতাশন হইতে বে অন্বতের উত্তব হইতেছে তাহার বারাই সেখানে শিল্প বিজ্ঞান সাহিত্য বাণিজ্য রাষ্ট্রনীতির এমন বিরাট বিজ্ঞার হুইতেছে; ইহা কোনো কারখানাখরে লোহার বত্তে তৈরি হইতেই পারে না; ইহা তপভার ক্ষি, এবং সেই তপভার অন্নিই মান্তবের আধ্যান্ত্রিক শক্তি, বালুবের ধর্মবল।

সেইবন্ধ দেখিতে পাই, বৌদ্ধবূপে ভারতবর্ব বধন প্রেমের সেই ভাগেধর্মকে বরণ করিয়া লইয়াছিল তথনি সমাজে ভাতার এমন একটি বিকাশ ঘটিয়াছিল বাহা বুরোপে সম্প্রতি দেখিতেতি। রোগীদের জন্ত ঔবধপধ্যের বাবস্থা, এনন-কি পশুদের কন্তও চিকিৎদালয় এখানে স্থাপিত হুইয়াছিল, এবং জীবের ছঃখ-নিবারণের চেটা নানা আকার धार्य करिया दिया दिया हिन ; छथन नित्कर धाव ও बाताम छुट्ट करिया धर्माठार्यम् দুর্গম পথ উদ্ধীর্ণ হটরা পরকেন্দ্রই ও বর্বরজাতীরদের সক্ষতির জন্ত দলে বলে এবং অকাতরে জ্বর্থ বছন করিরাছেন। ভারতবর্বে বেদিন প্রেম আপনার জ্বরপকে বিকাশ করিবাই ভক্তগণকে বীর্ববান মহৎ মহান্তবের খীক্ষা দান করিবাছিল। সেইজন্তই ভারতবর্ব সেদিন ধর্মের খারা কেবল আপনার আত্মা নছে, পৃথিবীকে জর করিতে পারিয়াচিল এবং আধ্যাত্মিকভার ভেলে ঐতিক পারত্রিক উন্নতিকে একত্ত সন্মিলিভ করিবাছিল। তথন বুরোপের পুন্টান সভাভা বপ্লের মতীত ছিল। ভারতবর্বের সেই ভাষত্রত আত্মত্যাগপরারণ প্রেমের উজ্জল দীখ্যি ক্রত্তিৰতা ও ভাবরসাবেশের খারা আচ্চন্ন হইনাছে, কিছ ভাষা কি নিৰ্বাপিত হইনাছে। বাছিরে বদি কোথাও ভাষার উদবোধন দেখিতে পায় তবে স্বাপনাকে কি ভাহায় স্বাবার স্বাপনি মনে পড়িবে না। আৰু বাহা পরের ঘরে বিরাজ করিতেছে ভাহাকেই কি ভাহার আপনার সামগ্রী यिनश किलना इटेरव ना। मिलन जानन स्वादन क्षेत्रज्ञ शतियादन ज्ञान त्रथातन ছাইভন্মও প্রভূত হইয়া উঠে, এ কথা মনে রাখিতে হইবে। নির্মীবভার উত্তাপ অন্ন, তাহার দার সামার, তাহার ফুর্গতির মৃতিও অতি প্রশান্ত। অশান্তির কোভ এবং পাপের প্রচণ্ডতা বরোপীর স্বাব্দে বেষন প্রভাক্ষ হর এষন আযাদের দেশে নহে, এ কথা श्रीकाव कविएक इहेरत ।

কিন্ধ, তাহাকে তাহারা উদাসীনতাবে বানিয়া পর নাই। তাহা তাহাদের চিন্তকে অভিকৃত করে নাই, বরঞ্চ নিরতই জাগ্রত করিয়া রাখিয়াছে। ম্যালেরিয়ার বাহন মশা হইতে আরম্ভ করিয়া সমাজের ভিতরকার পাপ পর্বন্ধ সকল অহ্বরের সম্বেই সেখানে হাতাহাতি লড়াই চলিতেছে, অদৃটের উপর বরাত বিয়া কেহ বসিয়া নাই; নিজের প্রাণকেও সংকটাপর করিয়া বীরের ংল সংগ্রাম করিতেছে। সভ্রতি London Police Courts নামক একটি আন্দর্ব বই পড়িতেছিলান। সেই গ্রহে

লগুন-রাজধানীর নীচের অন্ধনার তলার দারিজ্যের মালিক্স ও পাপের পদিলতা উদ্বাটিত হইয়া বর্ণিত হইয়াছে। এই চিত্র বতই নিদারণ হউক, খুন্টান তাপসের অন্ধৃত ধৈর্ব বীর্থ ও করণাপরায়ণ প্রেম সমন্ত বীভংসতাকে ছাড়াইয়া উঠিয়া উজ্জল দীপ্তিতে প্রকাশ পাইয়াছে। গীতার একটি আশার বাণী আছে, স্বর্নপরিমাণ ধর্মও মহৎ ভয় হইতে ত্রাণ করে। কোনো সমাজে সেই ধর্মকে বভক্ষণ সন্ধীব দেখা বায় ততক্ষণ সেধানকার ভ্রিপরিমাণ হুর্গতির অপেক্ষাও তাহাকে বড়ো করিয়া জানিছে হইবে।

मुर्त्तार्ल पूर्वन कांचित्र श्रीष्ठ श्राप्तर्भत्र वाकिठात एका गारेरप्टर ना अपन नरह. किंक जाशहे अकास हरेशा नारे। त्यहे मदक्टे त्यहे निर्हेत वनमुख मुक्कांत्र मधा হইতেই ধিকার ও ভ<্দনা উচ্ছদিত হইতেছে। প্রবদের অক্সামের প্রতিবাদ করিতে পারেন এবং প্রতিকার করিতে চাহেন এমন সাহসিক বীরও সেধানে অনেক আছেন। দুরবর্তী পরজাতির পক্ষ অবলম্বন করিয়া নির্বাতন সম্ব করিতে কুষ্টিত নহেন, এমন দুর্চনিষ্ঠ সাধ্বাক্তির সেধানে অভাব নাই। ভারতবাসীরা খদেশের রাজ্যশাসনে প্রশস্ত অধিকার লাভ করেন, সেই চেষ্টায় প্রবৃত্ত গুটিকয়েক ভারতবর্ষীয় আমাদের দেশে चाट्छन- किन मौका छाँछाता काहारमत काट्ड भारेग्राह्डन এवर यथार्थ महाग्र छाँहारमत কে। যাঁহারা আত্মীয়দের বিদ্রূপ ও প্রতিকূলতা সীকার করিয়া অঞ্চাতির স্বার্থপরতার ক্ষেত্রকে সংকীর্ণ করিবার জন্ত দেশের লোককে ধর্মের দোহাই দিতেছেন, তাঁহারা কোন দেশের মাহায়। তাঁহারা সংখ্যায় অল্প কিন্তু সভ্যদৃষ্টিতে দেখিলে দেখা ঘাইবে, তাঁহারা गःथाय यह नत्वन । त्कनना, जीशास्त्र मत्भारे जीशास्त्र त्नय नत्व। त्मत्नव मत्था গোচর এবং অগোচর তাঁহাদের একটি পরস্বরা আছে; তাঁহারা সকলেই এক কাৰ করিতেছেন বা এক সময়ে আছেন তাহা নছে, কিন্তু তাঁহারাই সমান্তের ভিতরকার ক্তায়শক্তি। তাঁহারাই ক্ষত্রিয় ; পৃথিবীর সমন্ত পুর্বলকে ক্ষয় হইতে আন করিবার অক্ত তাঁহারা সহন্দ্র কবচ ধারণ করিরাছেন। হংব হইতে মাহনকে উদ্ধার করিবার জয় यिनि कृत्थ वहन कविशाहित्तन, मुक्रा हरेएछ माध्रवत्क व्ययुख्तात्क नहेशा शहेवात वश्र যিনি মৃত্যু বীকার করিয়াছেন, সেই তাঁহাদের বর্গীর গুলর অপনানিত রক্তাক তুর্গন পথে তাঁহারা সারি সারি চলিয়াছেন। সমত জাতির চিত্তপ্রান্তরের মারখান দিয়া ভাঁচারাই অমত্যনাকিনীর ধারা।

আমরা সর্বদাই নিজেকে এই বলিয়া সাম্বনা দিয়া থাকি বে, আমরা ধর্মপ্রাণ আধ্যান্ত্রিক আভি, বাহিরের বিষয়ে আমাদের মনোবোগ নাই; এইজন্তই বহিবিবরেই আমরা ধুর্বল হইরাছি। বাহিরের দৈয় সম্বন্ধে আমাদের সম্প্রাক্ত এমনি করিয়া আমরা

থবঁ করিতে চাই। আমাদের অনেকেই মূবে আফালন করিবা বলিবা থাকেন, দারিত্যই আমাদের ভূবে।

ঐশর্বকে অধিকার করিবার শক্তি বাহাদের আছে দারিপ্রা তাহাদেরই ভূষণ। বে ভূষণের কোনো মূল্য নাই তাহা ভূষণই নহে। এইজন্ম ত্যাগের দারিপ্রাই ভূষণ, অভাবের দারিপ্রা ভূষণ নহে; শিবের দারিপ্রাই ভূষণ, অলম্মীর দারিপ্রা কর্মব। বাহারা পেট ভরিরা খাইতে পার না বলিরা নিরত অবসাদে মলিন, বাহারা কোনোমতে প্রাণ বাঁচাইতে চার অথচ প্রাণ বাঁচাইবার কঠিন উপার গ্রহণ করিবার শক্তি নাই বলিয়া বাহারা বারবার ধূলার দূটাইয়া পড়ে, মরিপ্র বলিয়াই বাহারা অবাগে পাইলে অন্ত দরিপ্রকে শোষণ করে এবং অক্ষম বলিয়াই ক্ষমতা পাইলে বাহারা অক্ত অক্ষমকে আঘাত করে, কথনোই দারিপ্রা ভাহাদের ভূষণ নহে।

আমাদের এই-বে ছুগু দারিস্তা অপমান ইহাকে কোনোমতেই আমাদের ধর্মপ্রাণতার প্রভার বলিয়া আমরা আধাদ্বিক্তার ক্ষেত্রকে প্রসারিত করিতে পারি নাই; তাহাকে ব্যক্তিগত ভক্তিসাধনার মধ্যে বন্ধ করিয়াছি, তাহার আহ্বানে সমস্ত মাহ্বকে একত্র করি নাই; বেখানে সমাজ্ঞশাসনের অন্ধ উৎপাতের ছারা বিধিবিধানের পাথরের জাতায় মাহ্ববের বিচারশক্তি ও বাধীন নক্পবৃদ্ধিকে পিবিয়া সমস্তকে একাকার করিয়াছি সেইখানেই ধর্মবোধের সংকীর্ণতা ও অচেতনতাই আমাদিগকে জড়পিও করিয়া দাসন্থের উপবোধী করিয়া ভূলিরাছে। আমরা এখনো মনে করিতেছি, আইনের ছারা আমাদের ছর্গতির প্রতিকার হইবে, রাষ্ট্রশাসনসভার আসন লাভ করিলে আমরা মাহ্বব হইরা উঠিক— কিন্ধ জাতীয় সদ্গতি কলের সামগ্রী নহে, এবং মাহ্ববের আত্মা বড়ক্কপ আপনার ভিতর হইতে তাহার পুরা মূল্য চুকাইয়া দিবার ক্ষম্ব প্রস্তুত্বতি না পারিবে তড়ক্কপ, নান্তঃ পত্বা বিভাতে অহনায়।

তাই বলিভেছিলান, তীর্থবাজার নানস করিবাই বদি বুরোপে বাইতে হয় তবে তাহা নিম্পন হইবে না। সেধানেও আমাদের শুরু আছেন; সে শুরু সেধানকার নানবসনাজের অন্তর্জন দিবাশজি। সর্বজ্ঞই শুরুকে শ্রহার শুনে সভান করিবা লইতে হয়; চোধ বেলিলেই তাঁহাকে দেখা বার না। সেধানেও স্মাজের বিনি প্রাণসূক্ষ, অন্তর্জা ও অহংকার ন্থাও তাঁহাকে না দেখিয়া ফিরিবা আসা অসম্ভব নছে; এবং এমন একটা অনুভ ধারণা লইবা আসাও আশুর্ব নছে বে— ইংল্ডের প্রভাণ পার্লামেন্টের বারা স্ট হইভেছে— বুরোপের ঐশ্বর্থ কারখানাকরে প্রস্তুত হইভেছে এবং পাশ্চাত্য মহাদেশের সমন্ত নাহাক্ষ্য বুদ্ধের অন্ত, বাণিজ্যের আহাক এবং বাহ্ববন্ধপ্রের বারা সংঘটিত। নিজের মধ্যে শক্তির সভ্য অন্তর্ভুতি বাহার নাই অভি সহবেই সে মনে

করিয়া বলে, শক্তি বাহিরেই আছে এবং যদি কোনো স্থবোগে আমরাও কেবলমাত্র ঐ क्रिनिमक्षमा मधम क्रिए भारि छाहा इट्टेंग्ट्रे यागाएमत यहारभूत्व हम । क्रिस, रानाहः नाम्छ। जाम किमहः एटन कृशम- ध कथारि स्रतारभन्न पारतन कथा। ब्रांशिश निकारे बार्स, ताल टिनिशास करन कात्रशानाव त्न बर्फा नर्दा। धरेषकरे ৰুরোপ বীরের ক্সার স্তাত্তত গ্রহণ করিয়াছে ; বীরের ক্সার সত্যের জন্ত ধনপ্রাণ উৎসর্গ ক্রিতেছে; এবং বৃত্তই ভূদ ক্রিতেছে, বৃত্তই বার্থ হইতেছে, তৃত্তই বিশ্বণতর উৎসাহের স্থিত নুতন করিয়া উদ্যোগ আরম্ভ করিতেছে— কিছুতেই হাল ছাড়িয়া দিতেছে না। মাৰে মাৰে অমন্ত্ৰল দেখা দিতেছে, সংঘাতে সংঘৰ্ষে বহিং জলিয়া উঠিতেছে, সমূত্ৰমন্থনে मात्व मात्व विवेश छेनतीर्थ इटेराज्यक, किंच मन्यत्क छाहात्रा कारनामराज्ये मानिया লইতেছে না। অন্ত তাহাদের প্রস্তুত, সৈন্তদল তাহাদের নিভীক, এবং সত্যের দীকার তাহার। মৃত্যুক্তরী বল লাভ করিয়াছে। শতোর সমুখীন হইতে আমরা আলভ করিয়াছি, সভ্যের সাধনায় আমরা উদাসীন, আমরা ঘরগড়া বাঁধা-বাঁধনের মধ্যে আপাদমন্তক আপনাকে জড়াইয়া ভাষাকেই সভা আত্রর বলিয়া করনা করিয়াছি। সেইজন্ম বিপদের দিন ধ্থন আশার হয়, সভা পদা বাভীত ধ্ধন আমাদের আর গতি নাই, তথন আমরা কিছতেই আপনাকে লাগ্রত করিতে পারি না, আপনাকে ত্যাপ করিতে পারি না। তথনো খেলা করাকেই কাল করা মনে করি, নকল করিয়াই আস্লের ফল প্রত্যাশ। করি, কুত্রিম উৎসাহকে উদ্বাস্ত রাখিতে পারি না, সার্ভ কর্মকে শেব করিতে পারি না এবং ভূরিপরিমাণ তাত্ত্বিকতা ও ভারুকভার স্বালে স্বভিড হুইয়া বার্মার বার্থ হুইতে থাকি। সেইবান্ত সভাের দায়িদকে বীরের কার সর্বাক্তাকরনে শ্বীকার করিবার দীক্ষা, সেই সভাের প্রতি অবিচালত প্রাণাত্তিক নিষ্ঠা, জীবনের সম্বত্ত त्विष्ठे गण्णनरक व्यानभन इःस्थ्य मृन्य निशा व्यर्कन कविवाद गांधना, अवः वृद्धि कृत्य ' कर्द गकन दिक दिवा साक्ष्यक कन्यानगाधन ७ साक्ष्यक श्रीक सद्धा बाबा कन्यात्मक क्रामधा সেবারত গ্রহণ করিবার কম্ম তীর্থবাত্তীর পক্ষে বুরোপে বাত্তা কথনোই নিম্নশ হইতে পারে না। অবস্ত, যদি তাহার মনে প্রদা থাকে এবং সর্বাদীণ মহস্তাদের পরিপূর্ণভাকেই ষদি সে আধ্যাত্মিক সাফলোর সভা পরিচয় বলিরা বিদ্যাস করে।

ইহার উন্টা দিকটাও দেখো। মাছবের প্রবোজনের ইচ্ছা, অর্থাৎ সীমাবদ্ধ সাংসারিক ইচ্ছা যথন সার্থের ক্ষেত্র ত্যাগ করিরা পরমার্থের ক্ষেত্র প্রবেশ করে তথন সেও বড়ো কুংসিও। তথন সে কেবলই পুণোর হিসাব রাখিতে থাকে। বাহা পূর্ণ-আনন্দ, বাহা সকল ফলাফলের অতীত, তাহাকে ফলাফলের আমে ওণভাগ করিরা গণনা করিতে থাকে। এবং সেই গণনার উপর নির্ভর করিরা মাছব আহংকত হইরা উঠে, কেবলই বাহিকতার আলে অভাইরা পড়ে এবং বার্থপর শুচিতাকে ক্লণের

ধনের মতো সংকীর্ণ গণ্ডির মধ্যে অত্যন্ত সাবধানে জমা করিয়া তুলিতে থাকে। তথন সে ভূমার ক্ষেত্রে বিজ্ঞ সাংসারিকের মতো নিজের একটা বেড়া তুলিরা দিয়া বৈবিষকতার স্কৃষ্টি করে। ইহাও পাপের আর-এক মূর্তি। ইহা আধ্যাত্মিককে বাহ্দিক ও পরমার্থকে আর্থি করিয়া তোলা।

মান্তবের মনে এই-যে একটা পাপের বোধ আসে সে জিনিসটা কী ভাছা ভাবিদ্ধা দেখিলে দেখা বার বে, আমাদের যে মহতী ইচ্ছা আমাদিরকৈ ভূমার দিকে লইরা বাইবে ভাছাকে ঠিক বিপরীত পথে কৃত্র অহমের অভিমুখে টানিয়া আনিলে কেবল যে ত্বংব ঘটে ভাছা নহে— এমন-কি, স্থলবিশেষে ত্বংব না ঘটিভেও পারে— ভাছাতে আমরা ভূমাকে হারাই। আমাদের বড়োর দিক, আমাদের সভ্যের দিক, নই হইয়া বায়; জন্তর পক্ষে ভাছাতে কিছুই আসে বায় না, কিন্ত মান্তবের পক্ষে তেমন বিনাশ আর-কিছু নাই। এই বিনাশের বোধ সকলের চিত্তে সমান নহে, এমন-কি কারও কারও চিত্তে অভ্যন্ত কীণ। কিন্তু, মোটের উপর সমগ্র মানবের মনে এই পাপের বোধ হ্বংব-বোধের চেয়ে অনেক বড়ো হইয়া আছে। এতই বড়ো যে বছ হ্বংবের বারা মাহ্রুর এই পাপকে কয় করিতে চায়। পাপ-নামক শব্দের বারা মাহ্রুর বিভের যে-একটি গভীরতম ত্র্গিভিকে ভাষায় ব্যক্ত করিয়াছে, ইছার বারাই মাহ্রুর আপনার সভ্যতম পরিচম দিয়াছে।

সে পরিচয়টি এই বে, সীমাবদ্ধ প্রকৃতির মধ্যে মান্তবের খাভাবিক বিহারক্ষেত্র নহে, অনন্তের মধ্যেই মান্তবের আনন্দ; অহমের দিকই মান্তবের চরম সভাের দিক নহে, বন্ধের দিকেই ভাহার সভা। মান্তব আপনার মধ্যে বে-একটি পরম ইচ্ছাকে পাইয়াছে, যে ইচ্ছা কোনােমভেই অলকে মানিভে চায় না, ভাহা হুংসহ ভপক্তার মধ্য দিয়া জানে বিজ্ঞানে শিল্পে সাহিত্যে মান্তবের চিন্তকে আনন্দময় মুক্তির অভিমুখে কেবলই প্রবাহিত করিয়া চলিয়াছে এবং ভাহা প্রেমভক্তি ও পবিজ্ঞভায় মান্তবের সমন্ত চেতনাখারাকে এক অপরিসীম অভলম্পর্ণ অমুভপারাবারের মধ্যে উত্তীর্ণ করিয়া দিভেছে। মান্তবের সেই পরম গভিকে বাছা-কিছু বাধা দেয়, বাহা ভাহাকে বিপরীভ দিকে টানে, ভাহাই পাপ, ভাহাই তুর্গতি, ভাহাই ভাহার মহন্তী বিনষ্টি।

লোছিড সমূত্র ২৩ জাৈচ, বুধবার, ১৩১৯

### অন্তর বাহির

ভোরে ক্যাবিনে বিছানার যখন প্রথম ঘুম ভাঙিরা গেল গবাক্ষের ভিতর দিয়া দেখিলাম, সমৃত্তে আত্র তেউ দিয়াছে; পশ্চিম দিক হইতে বেগে বাতাস বহিতেছে। কান পাতিয়া ভরকের কলশন ভনিতে ভনিতে এক সময় মনে হইল, কোন্-একটা অদৃশ্রুষয়ে গান বাজিয়া উঠিভেছে। সে গানের শব্দ যে মেঘগর্জনের মতো প্রবল ভাহা নহে, তাহা গভীর এবং বিলম্বিভ; কিন্তু, যেমন মৃদক্ষ-করতালের বলবান শব্দের ঘটার মধ্যে বেহালার একটি তারের একটানা ভান সকলকে ছাপাইয়া বুকের ভিতরে বাজিতে থাকে, তেমনি সেই ধীর গন্তীর স্থরের অবিরাম ধারা সমন্ত আকাশের মর্মন্থলকে পূর্ণ করিয়া উচ্ছলিত হইতেছিল। শেষকালে এমন হইল, আমার মনের মধ্যে যে হার ভনিতেছিলাম তাহাই কঠে আনিবার চেটা করিতে লাগিলাম। কিন্তু, এরূপ চেটা একটা দৌরাত্মা; ইহাতে সেই বড়ো স্থরটির শান্ধি নট্ট করিয়া দের; ভাই আমি চুপ করিলাম।

একটা কথা আমার মনে হইল, প্রভাতে মহাসমূত্র আমার মনের বন্ধে এই-বে গান জাগাইল তাহা তো বাতালের গর্জন ও তরকের কলধ্বনির প্রতিধ্বনি নহে। তাহাকে কিছুতেই এই আকাশবাণী জলবাতালের শব্দের অমুকরণ বলিতে পারি না। তাহা সম্পূর্ণ স্বতম্ব; তাহা একটি গান; তাহাতে স্বরগুলি ফুলের পাপড়ির মতো একটির পরে আর-একটি ধীরে ধীরে স্বরে উদ্বাটিত হইতেছিল।

অথচ আমার মনে হইতেছিল, তাহা বত্ত কিছুই নহে, তাহা এই সম্জের বিপূল শব্দাচ্ছাসেরই অন্তরতর ধরনি; এই গানই পূজামন্দিরের স্থগছি ধূপের ধূমের মতো আকাশকে রছে রছে পূর্ণ করিয়া কেবলই উপরে উঠিতেছে। সমূজের নিবাসে নিবাসে বাহা উচ্ছুসিত হইতেছে তাহার বাহিরে শব্দ, তাহার অন্তরে গান।

বাহিরের সঙ্গে ভিতরের একটা বোগ আছে বটে, কিন্তু সে বোগ অন্তর্মণতার বোগ
নহে; বরঞ্চ দেখিতে পাই, সে বোগ সম্পূর্ণ বৈসাদৃষ্টের বোগ। তৃই মিলিয়া আছে,
কিন্তু তুইয়ের মধ্যে মিল যে কোন্ধানে তাহা ধরিবার জো নাই। তাহা অনিবচনীয়
মিল; তাহা প্রত্যক্ষ প্রমাশযোগ্য মিল নহে।

চোথে লাগিতেছে স্পদ্দনের আঘাত, আর মনে দেবিতেছি আলো; দেছে ঠেকিতেছে বন্ধ, আর চিত্তে জাগিতেছে গৌন্দর্য; বাহিরে ঘটিতেছে ঘটনা, আর অন্তরে তেউ খেলাইয়া উঠিতেছে স্থক্ষে। একটার আয়তন আছে, তাহাকে বিশ্লেষণ করা যায়; আর-একটার আয়তন নাই, তাহা অথগু। এই-বে 'আমি' বলিতে বাহাকে বৃঝি তাহা বাহিরের দিকে কত শব্দ গদ শ্বর্ণ, কত মুহুর্তের চিদ্ধা ও অফুড্তি, অওচ এই-সমন্তেরই ভিতর দিয়া বে-একটি জিনিস আগন সমগ্রতার প্রকাশ পাইতেছে তাহাই আমি এবং তাহা তাহার বাহিরের রূপের প্রভিত্রপ মাত্র নহে, বরঞ্চ বাহিরের বৈপরীত্যের হারাই সে ব্যক্ত হইতেছে।

বিশ্বরপের অন্তর্য এই অপর্কণকে প্রকাশ করিবার অন্তই শিরীদের গুণীদের এত ব্যাকৃলতা। এই জন্ম তাঁহাদের সেই চেটা অন্তর্নরপের ভিতর দিরা কথনোই সকল হইতে পারে না। অনেক সময়ে অভ্যাসের মোহে আমাদের বোধের মধ্যে অভ্যাসের মোহে আমাদের বোধের মধ্যে অভ্যাসের মানে। তথন, আমরা বাহাকে দেবিতেছি কেবলমাত্র তাহাকেই দেখি। প্রত্যাক্ত রূপ বখন নিজেকেই চরম বলিয়া আমাদের কাছে আত্মপরিচয় দেয় তখন বদি সেই পরিচয়টাকেই মানিয়া লই তবে সেই জড় পরিচয়ে আমাদের চিন্ত জাপে না। তখন পৃথিবীতে আমরা চলি, ফিরি, কাজ করি, কিন্তু পৃথিবীকে আমরা চিন্তধারা গ্রহণ করি না। কারণ, এই পৃথিবীর অন্তর্গতর অপরপ্রতাই আমাদের চিন্তের সামগ্রী। অভ্যাসের আবরণ মোচন করিয়া সেই অপরপ্রতাকে উদ্যাটিত করিবার কাজেই কবিরা গুণীরা নিযুক্ত।

এই ব্রুপ্ত তাঁহারা আমাদের অভ্যন্ত রূপটির অহুসরণ না করিয়া তাহাকে খ্ব একটা নাড়া দিয়া দেন। তাঁহারা এক রূপকে আর-এক রূপের মধ্যে লইয়া গিয়া তাহার চরমতার দাবিকে অগ্রাহ্ম করিয়া দেন। চোখে দেখার সামগ্রীকে তাঁহারা কানে শোনার জায়গায় দাড় করান, কানে শোনার সামগ্রীকে তাঁহারা চোখে দেখার রেখার মধ্যে রূপান্তরিত করিয়া ধরেন। এমনি করিয়া তাঁহারা দেখাইয়াছেন জগতে রূপ জিনিসটা ক্রব সত্যে নহে, তাহা রূপক্ষাত্র; তাহার অক্সরের মধ্যে প্রবিত্তাণ।

আমাদের গুণীরা ভৈরোঁতে টোড়িতে হ্বর বাঁধিরা বলিলেন, ইহা সকালবেলাকার গান। কিন্তু, ভাহার মধ্যে সকালবেলার নবজাগ্রভ সংসারের নানাবিধ ধানির কি কোনো নকল দেখিতে পাওরা বার। কিছুমান্ত না। ভবে ভৈরোঁকে টোড়িকে সকালবেলার রাগিণী বলিবার কী মানে হইল। ভাহার মানে এই, সকালবেলাকার সমস্ত শস্থ ও নিঃশস্বভার অন্তর্গ্রভর সংগীভটিকে গুণীরা ভাঁহাদের অন্তঃকরণ দিয়া ভনিয়াছেন। সকালবেলাকার কোনো বহিরদের সঙ্গে এই সংগীতকে মিলাইবার চেটা করিতে গোলে সে চেটা বার্থ হইবে।

আমাদের দেশের সংগীতের এই বিশেষদ্বটি আমার কাছে বড়ো ভালো লাগে। আমাদের দেশে প্রভাত মধ্যাক্ অপরাহু সায়াক্ অর্থরাত্তি ও বর্ষাবসন্তের রাগিনী রচিত হইরাছে। সে রাগিণীর সবগুলি সকলের কাছে ঠিক লাগিবে কি না জানি না। অস্তত আমি সারও রাগকে মধ্যাক্ষণালের হুর বলিয়া হৃদয়ের মধ্যে অক্ষত্তব করি না। তা হউক, কিন্তু বিশেশরের থাসমহলের গোপন নহবতথানায় বে কালে কালে অতুতে কতুতে নব নব রাগিণী বাজিতেছে, আমাদের গুণীদের অস্তঃকর্পে তাহা প্রবেশ করিয়াছে। বাহিরের প্রকাশের অস্তরালে য়ে-একটি গভীরতর অস্তরের প্রকাশ আছে আমাদের দেশের টোড়ি কানাড়া তাহাই জানাইতেছে।

যুরোপের বড়ো বড়ো সংশীতরচয়িতারা নিশ্চয়ই কোনো না কোনো দিক দিয়া তাঁহাদের গানে বিশের সেই অস্তরের বার্তাই প্রকাশের চেষ্টা করিয়াছেন; তাঁহাদের রচনার সঙ্গে যদি তেমন করিয়া পরিচয় হয় তবে সে সম্বন্ধে আলোচনা করা যাইবে। আপাতত মুরোপীয় সংশীতসভার বাহির-দেউড়িতে বাজে লোকের ভিড়ের মধ্যে যেটুকু শোনা যায় তাহার সম্বন্ধে তুই-একটা কথা আমার মনে উঠিয়াছে।

আনাদের জাহাজের যাত্রীদের মধ্যে কেছ কেছ সন্ধার সময় গান-বাজনা করিয়া থাকেন। যথনি সেরপ বৈঠক বসে আমিও সেই ঘরের এক কোণে গিয়া বসি। বিলাতি গান আমার স্থভাবত ভালো লাগে বলিয়াই যে আমাকে টানিয়া আনে তাহা নহে। কিন্তু, আমি নিশ্চয় জানি, ভালো জিনিস ভালো লাগার একটা সাধনা আছে। বিনা সাধনায় যাহা আমাদিগকে মুখ্য করে তাহা অনেক সময়েই মোহ এবং যাহা নির্থ্য করে তাহাই যথার্থ উপাদেয়। সেইজন্ম মুরোপীয় সংগীত জামি শুনিবার অভ্যাস করি। যথন আমার ভালো না লাগে তথনো তাহাকে অপ্রভা করিয়া চুকাইয়া দিই না।

এ জাহাজে একজন যুবক ও তুই-একজন মহিলা আছেন, তাঁহারা বোধ হয় মন্দ গান করেন না। দেখিতে পাই, শ্রোতারা তাঁহামের গানে বিশেষ আনন্দ প্রকাশ করেন। যেদিন সভা বিশেষ জ্ঞানে শ্রমিয়া উঠে সেদিন একটির পর একটি করিয়া অনেকগুলি গান চলিতে থাকে। কোনো গান বা ইংলত্তের গৌরবগর্ব, কোনো গান বা হতাশ প্রণমিনীর বিদায়সংগীত, কোনো গান বা প্রেমিকের প্রেমনিবেদন। সবগুলির মধ্যে একটা বিশেষত্ব আমি এই দেখি, গানের হুরে এবং গায়কের কঠে পদে পদে খুব একটা জ্যোর দিবার চেষ্টা। সে জ্যোর সংগীতের ভিতরকায় শক্তি নহে, তাহা বেন বাহিরের দিক হইতে প্রয়ান। অর্থাৎ, হুদয়াবেগের উত্থানপতনকে হুরের ও কঠবরের রোক দিয়া খুব করিয়া প্রত্যক্ষ করিয়া দিবার চেষ্টা।

ইহাই স্বাভাবিক। স্থানাদের ক্রম্যাক্সানের সঙ্গে সঙ্গে সভাবতই আমাদের কর্তব্যের বেগ কথনো মুহ কথনো প্রবেদ হইয়া উঠে। কিন্তু, গান তো স্বভাবের নকল নহে; কেননা, গান আর স্বভিনয় তো এক জিনিস নয়। স্বভিনয়কে যদি গানের

সংশ মিলিত করি তবে গানের বিশ্বদ্ধ শক্তিকে আচ্ছর করিয়া দেওয়া হয়। তাই আহাজের সেপুনে বসিরা বধন ইহাদের গান শুনি তখন আমার কেবলই মনে হইতে থাকে, হৃদয়ের ভাবটাকে ইহারা বেন ঠেলা দিরা, চোখে আভুল দিরা দেখাইয়া দিতে চায়।

কিন্তু, সংগীতে তো আমরা তেমন করিয়া বাহিরের দিক দিয়া দেখিতে চাই না। প্রেমিক ঠিকটি কেমন করিয়া অহন্ডব করিতেছে তাহা তো আমার আনিবার বিষয় নহে। সেই অহন্ডতির অন্তরে অন্তরে বে সংগীতটি বাজিতেছে তাহাই আমরা গানে আনিতে চাই। বাহিরের প্রকাশের সঙ্গে এই অন্তরের প্রকাশ একেবারে ভিরজাতীয়। কারণ, বাহিরের দিকে ধাহা আবেগ, অন্তরের দিকে তাহাই সৌমর্ব। ঈথরের স্পদ্দন ও আলোকের প্রকাশ যেমন স্বতন্তর, ইহাও তেমনি স্বত্ত্য।

আমরা অক্রবর্ষণ করিয়া কাঁদি ও হাস্ত করিয়া আনন্দ প্রকাশ করি, ইহাই আভাবিক। কিন্ধ, জংধের গানে গারক বদি সেই অক্রপাডের ও ক্থের গানে হাস্ত-ধ্বনির সহায়তা গ্রহণ করে, তবে তাহাতে সংগীতের সরস্বতীর অবমাননা করা হয় সন্দেহ নাই। বস্তুত বেখানে অক্রর ভিতরকার অক্রটি করিয়া পড়ে না এবং হাস্তের ভিতরকার হাস্তটি ধ্বনিয়া উঠে না, সেইখানেই সংগীতের প্রভাব। সেইখানে মাস্থবের হাসিকায়ার ভিতর দিয়া এখন একটা অসীমের মধ্যে চেডনা পরিব্যাপ্ত হয় বেখানে আমাদের ক্থল্থেবর ক্ষরে সমন্ত গাছপালা নদীনির্করের বাণী ব্যক্ত হইয়া উঠে এবং আমাদের ক্ষরের তর্দকে বিশ্বস্থাব্যর্থই লীলা বুলিয়া বুলিতে পারি।

কিন্ত, স্বরে ও কঠে জার দিয়া, রোঁক দিয়া, হৃদয়াবেগের নকল করিতে গেলে সংগীতের সেই গভীরতাকে বাধা দেওয়া হয়। সমূত্রের জোয়ার-ভাঁটার মতো সংগীতের নিজের একটা গুঠানারা আছে, কিন্তু সে তাহার নিজেরই জিনিস; কবিতার ছন্দের মতো সে তাহার সৌন্দর্বনৃত্যের পাদবিক্ষেপ; তাহা আমাদের ক্ষয়াবেগের পুতৃসনাচের ধেলা নচে।

অভিনয়-জিনিসটা বদিও মোটের উপর অক্সান্ত কলাবিছার চেয়ে নকলের দিকে বেলি কোঁক দেয়, তব্ তাহা একেবারে হরবোলার কাও নহে। তাহাও বাভাবিকের পর্দা ফাক করিয়া তাহার ভিতর দিকের লীলা দেখাইবার ভার লইয়াছে। স্বাভাবিকের দিকে বেলি কোঁক দিতে গেলেই সেই ভিতরের দিকটাকে আছের করিয়া দেওয়া হয়। রক্ষমঞ্চে প্রায়ই দেখা যায়, বাছবের ক্ষরাবেগকে অভ্যন্ত বৃহৎ করিয়া দেখাইবার জন্ত অভিনেতারা কর্তব্যে ও অক্তকে অববৃদ্ধি প্রয়োগ করিয়া থাকে। তাহার কারণ এই বে, বে ব্যক্তি সত্যকে প্রকাশ না করিয়া সত্যকে নকল করিতে চার সে বিখ্যা-

সাক্ষ্যদাতার মতো বাড়াইরা বলে। সংবম আশ্রম করিতে তাহার সাহস হয় না।
আমাদের দেশের রক্ষমঞ্চ প্রত্যাহই মিথ্যাসাক্ষীর সেই গলদ্ধর্ম বারাম দেখা বার।
কিন্তু, এ সক্ষমে চূড়ান্ত দৃষ্টান্ত দেখিয়াছিলাম বিলাতে। সেধানে বিখ্যাত অভিনেতা অভিত্যের হাম্লেট ও রাইড অফ লামার্ম্র দেখিতে গিয়ছিলাম। আভিত্যের প্রচণ্ড অভিনয় দেখিয়া আমি হতবৃদ্ধি হইয়া গেলাম। এরপ অসংবত আভিশয়ে অভিনেতব্য বিষয়ের অহতা একেবারে নই করিয়া ফেলে; তাহাতে কেবল বাহিরের দিকেই দোলা দেয়, গভীরতার মধ্যে প্রবেশ করিবার এমন বাধা তো আমি আর কখনো দেখি নাই।

আট-জিনিসটাতে সংখ্যের প্রয়োজন সকলের চেয়ে বেলি। কারণ, সংখ্যই অস্তরলোকে প্রবেশের সিংহ্ছার। মানবজীবনের সাধনাতেও, গাঁহারা আধ্যাব্যিক সভ্যকে উপলব্ধি করিতে চান ভাঁহারাও বাহ্ছ উপকরণকে সংক্ষিপ্ত করিয়া সংখ্যকে আশ্রম করেন। এইজন্ম আন্মার সাধনায় এমন একটি অভুত কথা বলা হইয়াছে: ভ্যক্তেন ভূজীখা:। ভ্যাগের দ্বারা ভোগ করিবে। আটেরও চরম সাধনা ভূমার সাধনা। এইজন্ম প্রবল আঘাতের দ্বারা হ্রম্যকে মাদকভার দোলা দেওরা আটের সভ্য ব্যবসায় নহে। সংখ্যের দ্বারা ভাহা আমাদিগকে অস্তরের গভীরভার মধ্যে লইয়া ঘাইবে, এই ভাহার সভ্য লক্ষ্য। বাহা চোখে দেখিভেছি ভাহাকেই নকল করিবে না, কিছা ভাহারই উপর ব্ব মোটা ভূলির দাগা ব্লাইয়া ভাহাকেই অভিনয় করিয়া ভূলিয়া আমাদিগকে ছেলে-ভূলাইবে না।

এই প্রবলতার কোঁক দিয়া আমাদের মনকে কেবলই ধান্ধা মারিবার চেটা মুরোপীয় আর্টের ক্ষেত্রে সাধারণত দেখিতে পাওরা বায়। মোটের উপর বুরোপ বাত্তবকে ঠিক বাত্তবের মতো করিয়া দেখিতে চায়। এইজন্ম বেখানে ভক্তির ছবি জাঁকা দেখি সেখানে দেখিতে পাই, হাত হুখানি জাড় করিয়া মাধা আকাশে তুলিয়া চোখের তারা ছটি উল্টাইয়া ভক্তির বাহু ভলিমা নিরতিশয় পরিক্ট করিয়া জাকা। আমাদের দেশে বে-সকল ছাত্র বিলাভি আর্টের নকল করিতে বাহু তাহারা এইপ্রকার ভলিমার পদার ছটিয়াছে। তাহারা মনে করে, বাত্তবের উপর জোরের সঙ্গে কোঁক দিলেই বেন আর্টের কাত্র হুলিছ হয়। এইজন্ম নারদকে জাঁকিতে গেলে তাহারা বাত্রার দলের নারদকে জাঁকিয়া বলে— কারণ, ধ্যানের কৃষ্টিতে দেখা তো তাহাদের সাধনা নহে; বাত্রার ঘলে ছাড়া আর তো কোথাও তাহারা নারদকে দেখে নাই।

আবাদের দেশে বৌদ্ধুগে এককা আঁক শিল্পীরা ভাগন বুদ্ধের মূর্তি গঞ্জিরাছিল। ভাকা উপবাসন্ধীর্ণ শরীরের বধায়ধ প্রতিরূপ; ভাকাতে সাম্বরের প্রত্যেক হাম্কটির হিশাব গণিয়া পাওয়া বার। ভারতবর্ষীর শিল্পীও তাপস ব্বের মৃতি গড়িয়াছিল, কিন্তু তাহাতে উপবাসের বান্তব ইতিহাস নাই। তাপসের আন্তর মৃতির মধ্যে হাড়গোড়ের হিসাব নাই। তাহা ভান্তারের সার্টিফিকেট লইবার জন্ত নহে। তাহা বান্তবকে কিছুমাত্র আমল দের নাই বলিয়াই সভ্যকে প্রকাশ করিতে পারিয়াছে। ব্যবসায়ী আর্টিস্ট্ বান্তবের সাক্ষী, আর গুনী আর্টিস্ট্ সভ্যের সাক্ষী। বান্তবকে চোধ দিয়া দেখি আর সভ্যকে মন দিয়া ছাড়া দেখিবার জো নাই। মন দিয়া দেখিতে গেলেই চোধের সামগ্রীর দৌরান্ত্যকে ধর্ব করিতেই হইবে; বাহিরের রূপটাকে সাহসের সক্ষে বলিতেই হইবে, 'ভূমি চরম নও, ভূমি পরম নও, ভূমি লক্ষ্য নও, ভূমি সামান্ত উপলক্ষ্যাত্র।'

भावर-ममूज २६ कार्ह ১०১৯

### খেলা ও কাজ

ভূমধ্য-সাগরের প্রথম ঘাট পোর্ট-সৈরদ। এইখান হইতে আমাদিগকে যুরোপের পারে পাড়ি দিতে হইবে। সন্ধার সময় আমরা বন্দরে পৌছিলাম। শহরের বাতায়নগুলিতে তথন আলো অলিয়াছে। আরোহীদিগকে ভাঙায় পৌছাইয়া দিবার অস্ত ছোটো ছোটো নৌকা এবং মোটর-বোট ঝাঁকে ঝাঁকে চারি দিকে আসিয়া আমাদের আহাজ ঘিরিয়াছে। পোর্ট-সৈয়দের দোকান-বাজার ঘ্রিবার অস্ত অনেকেই সেখানে নামিলেন। আমি সেই ভিড়ের মধ্যে নামিলাম না। আহাজের রেলিঙ ধরিয়া দিছিইয়া দেখিতে লাগিলাম। অন্ধার সমূজ এবং অন্ধার আকাশ— ভূইয়ের সংগ্রন্থলে অয় একটুখানি আয়গায় মাছ্র্য আপনার আলো কয়টি আলাইয়া রাত্তিকে একেবারে অস্বীকার করিয়া বিলিয়াছে।

পোর্ট-সৈরদে অনেক ওলি নৃতন আরোহী উঠিবার কথা। পুরাতনের দল এই সংবাদে বিশেব ক্ষ হইবা উঠিয়াছে। আর-সমন্ত নৃতনকে মাহ্ব খুঁজিয়া বাহির করে, কিন্তু নৃতন মাহ্ব। এমন উদ্বেগের বিবহু আর-কিছুই নাই। সে কাছে আদিলে তাহার সন্দে ভিতরে বাহিরে বোঝাপড়া করিয়া লইভেই হইবে। সে তো কেবলমাত্র কৌতৃহলের বিবহু নহে। ভাছাহু মন লইহা সে অঞ্জের মনকে ঠেলাঠেলি করে। মাহ্বের ভিড়ের মতো এমন ভিড় আরু নাই।

পোর্ট-সৈয়দে বাহার। জাহাজে চড়িল তাহারা প্রায় সকলেই ফরালি। আমাদের ডেক এখন মাছবে মাছবে ভরিষা গিয়াছে। এখন পরস্পরের দেহতরী বাঁচাইয়া চলিতে হইলে রীতিমত মাঝিগিরির প্রয়োজন হয়।

সকাল হইতে রাজি দশটা পর্বন্ধ ডেকের উপর যুরোপীয় নরনারীদের প্রতিধিনের কাল্যাপন আমি আরও কয়েকবার য়েধিয়াছি, এবারও দেখিডেছি। প্রথমটাই চোপে পড়ে, ইছারা সর্বদাই চঞ্চল হইরা আছে। এতটা চাঞ্চল্য আমাদের অভ্যন্ত নহে। আমাদের গরম দেশে আমরা কোনোমতে ঠাগু থাকিতে চাই— চোথের সামনে অন্ত কেহ অন্থিরতা প্রকাশ করিলেও আমাদের গরম বোধ হয়। 'চুপ করো, হির থাকো, মিছামিছি কান্ধ বাড়াইয়ো না' ইছাই আমাদের সমন্ত দেশের অম্পাসন । আর, ইছারা কেবলই বলে, 'একটা-কিছু করা যাক।' এইজন্ত ইছারা ছেলে বুড়া সকলে মিলিয়া কেবলই দাপাদাপি করিতেছে। হাসি গরা খেলা আমোদের বিরাম নাই, অবসান নাই।

অভ্যাদের বাধা সরাইয়া দিয়া আমি বখন এই দৃষ্ঠ দেখি আমার মনে হয়, আমি যেন বাফ প্রকৃতির একটা দীলা দেখিতেছি। যেন ঝরনা ঝরিতেছে, যেন নদী চলিতেছে, যেন গাছপালা বাতাসে মাভামাতি করিতেছে। আপনার সমস্ত প্রয়োজন সারিয়াও প্রাণের বেগ আপনাকে নিঃশেষ করিতে পারিতেছে না; তখন সে আপনার সেই উদ্বত্ত প্রাচূর্ণের বারা আপনাকেই আপনি প্রকাশ করিতেছে।

আমরা যখন ছোটো ছেলেকে কোখাও সংক করিয়া সাইয়া যাই তখন কিছু থেলনার আয়োলন রাখি; নহিলে তাহাকে শান্ত রাখা শব্দ হয়। কেননা, তাহার প্রাণের স্রোত তাহার প্রয়োলনের সীমাকে ছাপাইয়া চলিয়াছে। সেই উচ্ছলিড প্রাণের বেগ আপনার দীলার উপকরণ না পাইলে অধীর হইয়া উঠে। এইজ্পুই ছেলেদের বিনা কারণে ছুটাছুটি করিতে হয়, তাহারা বে চেঁচামেচি করে ছাহার কোনো অর্থই নাই এবং ভাহাদের বেলা দেখিলে বিজ্ঞ ব্যক্তির হাসি আলে এবং কাহারও কাহারও বিরক্তি বোধ হয়। কিছ, তাহাদের এই বেলার উৎপাত আমাদের পক্ষে বত বড়ো উপত্রব হউক, বেলা বছ করিলে উপত্রব আরও গুরুতর হইয়া উঠে সক্ষেহ নাই।

এই-বে বুরোপীর বাজীরা জাহাজে চড়িয়াছে, ইহাদের জগুও কডরকম খেলার আরোজন রাখিতে হইরাছে তাহার আর সংখ্যা নাই। আমাদের বদি জাহাল থাকিড ভাহা হইলে তাস পাশা প্রভৃতি অভান্ত ঠাপ্তা খেলা ছাড়া এ-সমন্ত নৌড়ধাপের খেলার ব্যবস্থা করার দিকে আমরা দূক্পাতমাত্র করিতাম না। বিশেষত কর দিনের জল্প প্র চলার মূখে এ-সমন্ত অনাবস্তক বোঝা নিশ্চয়ই বর্জন করিতান এবং কেছ তাহাতে কিছু মনেও করিত না।

কিন্তু, বুরোপীর বাজীদিগকে ঠাণ্ডা রাখিবার জন্ম খেলা চাই। তাহাদের প্রাণের বেগের মথ্যে প্রাভাহিক ব্যবহারের অভিরিক্ত মন্ত একটা পরিশিষ্ট ভাগ আছে, তাহাকে চুপ করিয়া বসাইয়া রাখিবে কে। তাহাকে নিরত ব্যাপৃত রাখা চাই। এইজন্ত খেলনার পর খেলনা জোগাইতে হর এবং খেলার পর খেলা স্ফ্রী করিয়া তাহাকে ভূলাইয়া রাখার প্রয়োজন।

তাই দেখি, ইছারা ছেলেবুড়ো কেবলই ছট্ফট্ এবং মাতামাতি করিতেছে। সেটা আমাদের পক্ষে একেবারেই অনাবস্তুক বলিয়া প্রথমটা কেমন অন্তুত ঠেকে। মনে ভাবি, বয়র লোকের পক্ষে এ-সমন্ত ছেলেমাস্থবি নির্থক অসংধ্যের পরিচয়মাত্র। ছেলেদের খেলার বয়স বলিয়াই খেলা ভাহাদিগকে শোভা পায়; কাজের বয়সে এভটা খেলার উৎসাহ অত্যন্ত অসংগত।

কিন্ধ, বধন নিশ্চর ব্রিতে পারি র্রোপীরের পক্ষে এই চাঞ্চলা এবং খেলার উন্থম নিভান্তই স্বভাবসংগভ, তখন ইহার একটি শোভনতা দেখিতে পাই। ইহা বেন বসন্ত-কালের অনাবশ্রক প্রাচূর্বের মতো। বত ফল ধরিবে তাহার চেয়ে অনেক বেশি মুকুল ধরিয়াছে। কিন্ধ, এই অনাবশ্রক ঐশ্বর্থ না থাকিলে আবশ্রকে পদে পদে রুপণতা ঘটিত।

ইহাদের খেলার মধ্যে কিছুমাত্র লক্ষার বিষয় নাই। কেননা, এই খেলা অলসের ফাল্যাপন নছে; ফেননা, আমরা দেখিয়াছি, ইহাদের প্রাণের শক্তি কেবলমাত্র খেলা করে না। কর্মকেত্রে এই শক্তির নির্লস উন্তম, ইহার অপ্রতিহত প্রভাব। কী আশ্চর্ম ক্ষতার সক্ষে ইহারা সমগ্ত পৃথিবী অভিয়া বিপুল কর্মজাল বিস্তার করিয়াছে ভাহা ভাবিয়া দেখিলে শুন্তিত হইতে হয়। ভাহার পশ্চাতে শরীর ও মনের কী অপরিষিত অধ্যবসায় নিযুক্ত। সেধানে কোথাও কিছুমাত্র জড়ত্ব নাই, শৈথিলা নাই; সভর্কতা স্বলা জাগ্রত; স্ববোগের ভিলমাত্র অপবার দেখা বার না।

বে শক্তি কর্মের উন্ভোগে আপনাকে সর্বদা প্রবাহিত করিতেছে সেই শক্তিই খেলার চাঞ্চল্যে আপনাকে তর্ননিত করিতেছে। শক্তির এই প্রাচ্বিকে বিজের মতো অবজ্ঞা করিতে পারি না। ইছাই নাম্বরের ঐশ্বর্ণকে নব নব স্পষ্টর মধ্যে বিস্তার করিয়া চলিয়াছে। ইছা নিজেকে বিকে দিকে অনায়াসে অবস্তু ত্যাগ করিতেছে, সেইজক্তই নিজেকে বহন্তণে ফিরিয়া পাইতেছে। ইছাই সামাজ্যে বাণিজ্যে বিজ্ঞানে সাহিত্যে কোথাও কোনো সীমা মানিতেছে না, তুর্লজ্বের কছ বারে অহোরাত্র প্রবল বেগে আঘাত করিতেছে।

এই-বে উন্নত শক্তি, বাহার এক দিকে ক্রীড়া ও অন্ত দিকে কর্ম, ইহাই বথার্থ স্থান । রমণীর মধ্যে বেখানে আমরা লক্ষ্মীর প্রকাশ দেখিতে পাই সেখানে আমরা এক দিকে দেখি সাজসক্ষা লীলামাধূর্ব, আর-এক দিকে দেখি অক্লান্ত কর্মপরতা ও সেবানৈপূণ্য। এই উভরের বিচ্ছেদ্ধই কৃষ্মী। বস্তুত, শক্তিই সৌন্দর্বরূপে আপনাকে প্রকাশ করে, আর শক্তিহীনতাই শৈথিলা ও অব্যবহার মধ্য দিয়া কেবলই কদর্বতার পক্রের মধ্যে আপনাকে নিময় করে। কদর্বতাই মান্তবের শক্তির পরাভব; এইখানেই অবাস্থ্য, দারিত্র্য, অন্ধ সংস্কার; এইখানেই মান্তবের শক্তির পরাভব; এইখানেই অবাস্থ্য, দারিত্র্য, অন্ধ সংস্কার; এইখানেই মান্তবের শক্তির পরাভব; এইখানেই অবাস্থ্য, দারিত্র্য, অন্ধ সংস্কার; এইখানেই সান্তবের কেবল বিচ্ছেদ্ ঘটে, আরন্ধ কর্ম শেব হয় না, এবং বাহাই গড়িয়া তুলিতে চাই তাহাই বিশ্লিষ্ট হইয়া পড়ে। শক্তিহীনতাই বর্থার্থ প্রিছীনতা।

আমি জাহাজের ডেকের উপরে ইহাদের প্রচুর আমোদ-আফ্রাদের মধ্যেও ইহাই দেখিতে পাই। ইহাদের সমস্ত খেলাধূলার ভিতরে ভিতরে স্বভাবতই একটি বিধান দেখা দেয়। এইজন্ত ইহাদের আমোদ-প্রমোদও কোনোমতে বিশৃত্বল হইয়া উঠে না। যথাসময়ে যথাবিহিত ভদ্রবেশ প্রত্যেককেই পরিয়া আসিতে হয়। পরস্পরের সঙ্গে আলাপ-পরিচয়ের ভিতরে ভিতরে নিয়ম প্রচ্ছের আছে; সেই নিয়মের সীমা লক্ষ্মন করিবার জো নাই। বিধানের উপরে নির্ভর করিয়া থাকে বলিয়াই ইহাদের আমোদ-আফ্রাদ এমন উচ্চুসিত প্রবল বেগে বিপক্তি বাঁচাইয়া প্রবাহিত হইতে পারে।

এই ভেকের উপরে স্বার কেছ নহে, কেবল স্বামাদের দেশের লোকে বিশিত ছইয়াছে, লে দৃশ্ব স্বামি মনে মনে করনা না করিয়া থাকিতে পারি না। প্রথমেই দেখা যাইড, কোনো একই ব্যবস্থা ছইজনের মধ্যে থাটিড না। স্বামাদের স্বভাগ ও স্বাচরণ পরস্পরের গলে স্বাপনার মিল করিতে জানে না। যুরোপীয়দের মধ্যে একটা জারগা আছে বেখানে ইছারা বভ্রু, স্বার-একটা জারগা আছে বেখানে ইছারা সকলের। বেখানে ইছারা বভ্রু, স্বার-একটা জারগা আছে বেখানে ইছারা সকলের। বেখানে ইছারা বভ্রু লে জারগাটা ইছাদের প্রাইভেট। সেখানটা প্রভ্রেয়। সেখানে সকলের স্বারিত স্বাধিকার নাই এবং সেই স্বাধিকারকে সন্ধলেই সহজেই মানিয়া চলে। সেখানে ভাছারা নিজের ইচ্ছা ও স্বভ্রাস স্বস্থ্যারে আপনার ব্যক্তিগত জীবন বছন করে। কিন্তু, বখনই সেখান ছইডে ভাছারা বাছির ছইয়া আলে ভখনই সকলের বিধানের মধ্যে ধরা দেয়— সে জারগার কোনোনতেই ভাছারা আপনার প্রাইভেট্কেটানিয়া আনে না। এই ছই বিভাগ স্ক্রান্ত থাকাতেই প্রস্বান্ত মেলামেশা ইছালের পক্ষে এত সহজ ও স্বশুন্ধল। আমাদের মধ্যে এই বিভাগ নাই বিদিয়া সমস্ত এলোমেলো ছইয়া বায়, কেছ কোনোখানে দীয়া মানিতে চায় না। আমারা এই ভেন্থ পাইলে নিজের

প্রবোজন-মত চলিতাম। পৌটলা-পুটলি বেখানে স্থোনে ছড়াইয়া রাখিতাম। কেছ বা দাতন করিতান, কেছ বা বেখানে খুলি বিছানা পাতিরা পথ রোধ করিবা নিজা দিতাম, কেই বা হঁকার জল কিয়াইতাম ও কলিকাটা উপুড় করিয়া ছাই ও পোভা ভাষাক বেখানে হোক একটা আৱগায় ঢালিয়া দিতাম, কেচ বা চাকরকে দিয়া শরীর দলাইরা সশব্দে ডেল বাখিতে থাকিতার। ঘটিবাটি জিনিলপত্ত কোখায় কী পঞ্জিয়া থাকিত ভাষার ঠিকানা পাওয়া ঘাইত না, এবং ভাকাভাকি হাঁকাহাঁকির অভ থাকিত না। ইহার মধ্যে বদি কেহ নিয়ম ও শুখলা আনিতে চেটামাত্র করিত তাহা হইলে অতাত্ত অপমান বোধ করিতাম এবং মহা রাগারাগির পালা পড়িয়া যাইত। ভাহার পরে অন্ত লোকের বে লেখাপড়া কালকর্ম থাকিছে পারে. কিছা মাত্রে মাত্রে নে তাহার অবনর ইচ্চা করিতে পারে, নে সম্বদ্ধে কাহারও চিন্তামাত্র থাকিত না-क्ठां रामा बारेल, त वरेता लिएएकिनाम लोता चात-धक्वन तिना नरेशा পড়িতেছে; আমার দুরবীনটা পাঁচ জনের হাতে হাতে ফিরিতেছে, গেটা আমার হাতে ফিরাইয়া দিবার কোনো তাগিদ নাই; অনায়াসেই আমার টেবিলের উপর इट्रेंट बामाद बाखाँग नहेता एक गिनिश क्षिएक्ट, दिना बाझ्यारन परवद मरधा क्षादान कविया शक्क किछा निराजाक, अवर दिनक वाकि नमस अनमस विठात ना कविया উচ্চৈখ্বরে গান গাহিতেছে, কঠে খরমাধূর্বের অভাব থাকিলেও কিছুমাত্র সংকোচ বোধ করিতেচে না। বেধানে বেটা পড়িত দেখানে দেটা পড়িয়াই থাকিত। যদি কল ধাইতাম তবে তাহার খোগা ও বিচি ভেকের উপরেই হুডানো থাকিত, এবং ঘটিবাটি চাৰর মোজা গুলাবন্দ হাজার বার করিয়া গোজাপুঁজি করিতে করিতেই দিন কাটিয়া যাইত।

ইহাতে বে কেবল পরস্পরের অন্তবিধা ঘটিত তাহা নহে, স্থ খাদ্য ও সৌন্ধর্ব চারি দিক হইতে অন্তর্ধান করিত। ইহাতে আনোদ-আহলাদও অব্যাহত হইত না এবং কাজকর্মের তো কথাই নাই। বে শক্তি কর্মের মধ্যে নিয়মকে মানিয়া সমল হয় সেই শক্তিই আনোদ-আহলাদের মধ্যে নিয়মকে রক্ষা করিয়া তাহাকে সরুস ও স্থার করিয়া তোলে। বোদা বেমন খভাবতই আপনার তলোয়ারকে ভালোবাসিয়া ধারণ করে, শক্তিমান তেমনি খভাবতই নিরমকে আন্তরিক প্রীতির সহিত রক্ষা করে। কারণ, ইহাই ভাহার অন্তর্গ শক্তি বহি নিরমকে না মানে তবে আপনাকেই বার্থ করে।

শক্তি এই-বে নিয়নকে বানে সে কেবল নিয়নকে বানিবার জন্ত নহে, আপনাকেই বানিবার জন্ত। আর, শক্তিহীনতা হবন নিয়মকে বানে তখন সে নিয়মকেই বানে; তান সে তাৰে হোক, লোভে হোক, বা কেবলয়াত চিরান্ড্যানের জড়ত বশত হোক,

নিষমকে নতজাত্ব ইইয়া শিরোধার্য করিয়া লয়। কিন্তু, বেখানে সে বাধা নয়, বেখানে কেবল নিজের থাতিরেই নিয়ম স্বীকার করিতে হয়, ত্র্বলতা সেইখানেই নিয়মকে কাঁকি দিয়া নিজেকে ফাঁকি দেয়। সেখানেই তাহার সমস্ত কুঞ্জী ও বদুজারুত।

বে দেশে মাছ্যকে বাহিরের শাসন চাসনা করিয়া আসিয়াছে, বেখানেই মাছ্যকের বাধীন শক্তিকে মাছ্য শ্রহা করে নাই এবং রাজা গুরু ও শাস্ত্র বিনা যুক্তিতে মাছ্যকে তাহার হিতসাধনে বলপূর্বক প্রবৃত্ত করিয়াছে, সেধানেই মাছ্যর আত্মাক্তির আনম্দে নিয়মপালনের বাভাবিক প্রবৃত্তি হইতে বঞ্চিত হইয়াছে। মাছ্যকে বাধিয়া কাজ করানো একবার অভাগে করাইলেই, বাধন কাটিয়া আর তাহার কাছে কাজ পাওয়া যায় না। এইজন্ত বেখানে আমরা নিয়ম মানি সেখানে দাসের মতো মানি, বেখানে মানি না সেখানে দাসের মতোই ফাঁকি দিই। সেইজন্ত যথন আমাদের সমাজের শাসন ছিল তখন জলাশয়ে জল, চতুপাঠীতে শিক্ষা, পাছশালায় আপ্রয় সহজে মিলিত; যথন সামাজিক বাহ্য শাসন শিথিল হইয়াছে তখন আমাদের রাজা নাই, ঘাট নাই, জলাশয়ে জল নাই, সাধারণের অভাব দূর ও লোকের হিতসাধন করিবার কোনো বাভাবিক শক্তি কোথাও উদ্বোধিত হইয়া কাজ করিতেছে না। হয় আমরা দৈবকে নিন্দা করিতেছি নয় সরকার-বাহাত্রের মুখ চাহিয়া আছি।

করে, এ-সকল বিবরে কোন্টা বে কার্য এবং কোন্টা কারণ তাহা ঠাহর করিছা বলা শক্ত। বাহারা বাহিরে নিয়মকে অবাধে শৃথল করিছা পরে বাহিরের নিয়ম তাহাদিগকেই বাঁধে; বাহারা নিজের শক্তির প্রাবদ্যে লে নিয়মকে কোনোমন্তেই অন্ধভাবে খীকার করিতে পারে না ভাহারাই আপনার মানম্যে আপনার নিয়মকে উদ্ভাবিত করিবার অধিকার লাভ করে। নতুবা, এই অধিকারকে হাতে তুলিয়া দিলেই ইহাকে ব্যবহার করা বায় না। স্বাধীনতা বাহিরের জিনিস নক্ষে ভিতরের জিনিস, স্তরাং তাহা কাহারও কাছ হইতে চাহিয়া পাইবার জো নাই। বতম্ব নিজের স্বাভাবিক শক্তির বারা আমরা সেই স্বাধীনতাকে লাভ না করি ওতম্ব নানা আকারে বাহিরের শাসন আমাদের চোঝে ঠুলি দিয়া ও গলায় মড়ি বাধিয়া চালনা করিবেই। ততম্ব আমরা ম্বে বাহাই বলি, কাজের বেলায় আপনি আপনা হইতেই বেধানে স্বাোগ পাইব সেবানেই অন্তের প্রতি অন্ধ্বাসন প্রবর্তিত করিতে চাহিম। রাষ্ট্রনৈতিক অধিকার-লাভের বেলায় ব্রোপীয় ইতিহাসের বচন আওড়াইব, আর সমাজনৈতিক গৃহনৈতিক ক্ষেত্রে কেবলই জ্যের্চ বিনি তিনি কনিঠের ও প্রবল বিনি তিনি ত্র্বিরের অধিকারকে সংকৃচিত করিতে থাকিব। আমরা বধন কাহারও ভালো করিতে চাহিব সে আমারই নিজের মতে, আমারই নিজের নির্বনে, বাহায় ভালো

করিতে চাই ভাহাকে ভাহার নিকের নির্দেশ ভালো হইতে দিতে আমরা গাহস করি না। এমনি করিবা হুর্বলভাকে আমরা অন্থিমজ্ঞার মধ্যে পোবণ করিতে থাকি, অবচ সবলের অধিকারকে আমরা বাহিরের দিক হইতে কপ্ললম্ভ দৈবসম্পান্তির মতো লাভ করিতে চাই।

এই বছর পরম বেদনার সহিত দেখিতেছি, বেখানেই আমরা সম্পিতিত হইরা কোনো কাল করিতে পিরাছি, বেখানেই নিজেদের নির্মের খারা নিজেদের কোনো প্রতিষ্ঠানকে চালনা করিবার হয়োগ পাইয়াছি, সেখানেই পদে পদে বিজেদে ও শৈথিলা প্রবেশ করিয়া সমস্ত ছারখার করিয়া দিতেছে। বাছিয়ের কোনো শত্রুর হাত হইতে নহে, কিছু অন্তরের এই শক্তিহীনতা শ্রীহীনতা হইতে আপনাদিগকে রক্ষা করা, ইহাই আমাদের একটিমাত্র সমস্তা। বে নিরম মাছবের পলার হার তাহাকে পারের বেড়ি করিয়া পরিব না, এই কথা একদিন আমাদিগকে সমস্ত মনের সদে বলিতে হইবে। এই কথা শপষ্ট করিয়া জানিতে হইবে ধে, সত্যকে বেমন করিয়া হউক মানিতেই হইবে— কিছু সত্যকে বখন অন্তরের মধ্যে মানি তথনি তাহা আনন্দ, বাছিরে বখন মানি তথনি তাহা গুঃখ। অন্তরে সভ্যকে মানিবার শক্তি বখন না থাকে তথনি বাহিরে তাহার শাসন প্রবেশ হইয়া উঠে। সেজস্ত বেন বাছিরকেই ধিকার দিয়া নিজেকে অপরাধ হইতে নিয়্তি দিবার চেষ্টা না করি।

#### नथ्र

সমূত্রের পালা শেষ ছইল। শেষ ছই দিন প্রবল বেগে বাতাস উঠিল; তাহাতে সমূত্রের আন্দোলনের সমতালে আমাদের আভ্যম্বরিক আলোড়ন চলিতে লাগিল। আমি ভাবিরা দেখিলাম, ইহাতে সমূত্রের অপরাধ নাই, কাষ্টেনেরই দোব। বেদিন পৌছিবার কথা ছিল ভাহার ছই দিন পরে পৌছিবাছি। বন্ধদেব নিশ্রেই এই ছুর্বলান্তঃকরণ বাত্রীটির অন্ত ঠিকমত হিসাব করিয়া বড়-বাতাসের ব্যবস্থা করিয়া রাখিরাছিলেন— কিন্তু, মাছবের হিসাব ঠিক রহিল না।

ষার্নেপৃস্ হইতে এক কৌড়ে পারিসে আসিরা এক দিনের বতো হাঁপ ছাড়িলাম।
শরীর হইতে সমূত্রের নিমক সাক করিয়া কেলিয়া ভাঙার হাতে আত্মসমর্পণ করিলাম।
আনাহারের পর একটা বোটর-গাড়িতে চড়িয়া পারিসের রাভায় রাভায় একবার হহ
ক্রিয়া মুরিয়া আসিলান।

বাহির হইতে দৈখিলে মনে হয়, পারিস সমস্ত মুরোপের খেলাঘর। এখানে রক্ণালার প্রদীপ আর নেবে না। চারি দিকে আমোদ-আহলাদের বিরাট আয়োজন। মাহ্বকে খুশি করিবার জন্ত হৃদ্দরী পারিস-নগরীর কতই সাজসক্ষা। এই কথাই কেবল মনে হয়, মাহ্বকে খুশি করাটা সহজে সারিবার কোনো চেটা নাই।

ষধন পৃথিবীতে রাঝাদের একাধিপত্যের দিন ছিল তথন প্রমোদের চূড়াস্ক ছিল কেবল রাঝারই ঘরে। এখন সমস্ত মাছ্য রাঝা। এই সমগ্র মাছ্যরে বিলাসভবনটি কী প্রকাণ্ড ব্যাপার। ইহার জন্ত কত লাস বে অহোরাত্র থাটিয়া মরিতেছে তাহার সীমা নাই। ইহার জন্ত প্রতাহ কত জাহাত্র, কত রেলগাড়ি বোঝাই করিয়া পৃথিবীর কত তুর্গম দেশ হইতে উপকরণ আসিতেছে তাহার ঠিকানা কে রাখে।

এই মান্ত্ৰ-রাজার আমোদ এমন প্রকাণ, এমন বিচিত্র হইয়া উঠিয়াছে বে, ইহাকে অলস বিলাসীর প্রমোদের সব্দে তুলনা করিতে প্রবৃত্তি হয় না। ইহা প্রবল চিন্তের প্রবল আমোদ; বে সহজে সম্ভাই হইতে চায় না ভাহাকে খুলি করিবার ছংসাধ্য সাধন। বহু লোক ভোগ করিতে করিতে এবং বহু লোক ভোগ জোগাইতে জোগাইতে এই প্রমোদ-পারাবারের মধ্যে তলাইয়া মরিতেছে, কিছু তবুও মোটের উপরে ইহার ভিতর হইতে মাহ্রবের বে একটা বিজ্ঞানী শক্তির মৃতি দেখা বাইতেছে ভাহাকে অবজ্ঞা করিতে পারি না।

রবিবারের দিন ক্যালে ইইতে সমুদ্রে পাড়ি দিয়া ভোভারে পৌছিলাম। সেখানে ইংরেজ যাত্রীর সঙ্গে বধন রেলগাড়িতে চড়িয়া বসিলাম ওখন মনের মধ্যে ভারি একটি আরাম বোধ হইল। মনে হইল, আত্মীয়দের মধ্যে আসিয়াছি। ইংরেজের বে ভাষা জানি। মাসুবের ভাষা বে আলার মভো। এই ভাষা বত দ্র ছড়ায় তত দ্র মাসুবের হৃদয় আপনি আপনাকে প্রকাশ করিয়া চলে। ইংরেজের ভাষা বধনি পাইয়াছি ভখনি ইংরেজের মন পাইয়াছি। বাহা জানা বায় ভাছাভেই আনন্দ। ফ্রান্সে আমার পক্ষে কেবল চোধের জানা ছিল, কিন্তু ক্রমবের জানা হইতে বঞ্চিত্ত ছিলাম—সেইজেস্ত আনন্দের বাাঘাত হইতেছিল। ভোভারে পা দিতেই আমার মনে হইল, সেই ব্যাঘাত আমার কাটিয়া গেল; বেখানে মাড়াইলাম সেখানে কেবল বে মাটিয় উলয় দিড়াইলাম তাহা নহে, মাসুবের হৃদয়ের মধ্যে প্রবেশ করিলাম।

অনেক কাল পরে লগুনে আদিলার। তথনো লগুনের রান্তার বথেট ভিড় দেখিরাছি, কিন্তু এখন মোটর-গাড়ির একটা নৃতন উপদর্গ জুটিরাছে। ভাহাতে লহরের ব্যস্ততা আরও প্রবলভাবে মৃতিমান হইয়া উটিরাছে। মোটর-রখ, মোটর-বিশ্বহহ (অরিবাস), মোটর-মালগাড়ি লগুনের নাডীতে নাড়ীতে লভধারার ছটিরা চলিতেছে। সামি ভাবি, লগুনের সমন্ত রাতার ভিতর দিরা কেবলমাত্র এই চলিবার বেগ পরিমাণে কী ভরানক প্রকাশত! বে মনের বেগের ইহা বাহুমূর্ভি ভাহাই বা কী ভীষণ! দেশ-কালকে লইরা কী প্রচণ্ড বলে ইহারা টানাটানি করিভেছে। পথ দিরা পদাভিক যাহারা চলিতেছে প্রভিদিন ভাহাদের সতর্কভা ভীরতর হইরা উঠিতেছে। মন অন্ত বে-কোনো ভাবনাই ভাব্ক-না কেন, ভাহার সদে সদে বাহিরের এই বিচিত্র গভিবিধির সন্দে ভাহাকে প্রভিনিয়ন্ত আপোষ করিয়া চলিতে হইবে। হিসাবের ভূল হইলেই বিপন। হিংল্ল পভর হাত হইতে পরিত্রাণ পাইবার প্রয়ানে হরিণের সভর্কভারুত্তি বেমন প্রথম হইয়া উঠিয়াছে, চারি দিকে বাত্তভার ভাড়া বাইয়া থাইয়া এবানকার মাহ্যবের সাবধানভা ভেমনি অসামান্ত ভীক্বভা লাভ করিভেছে। ফ্রন্ড দেখা, ফ্রন্ড লোনা ও ফ্রন্ড চিন্তা করিয়া কর্তব্য দ্বির করিবার শক্তি কেবলই বাড়িয়া উঠিভেছে। দেখিতে ভনিতে ও ভাবিতে বাহার সমন্ত্র লাগে সেই এখানে হঠিয়া বাইবে।

ক্রমে বন্ধুদের সঙ্গে দেখাসাক্ষাৎ ঘটিতেছে। বে ষদ্ধ ও প্রীতি পাইতেছি তাহা বিদেশীর হাত হইতে পাইতেছি বলিয়া আমার কাছে বিশুপ মূল্যবান হইয়া উঠিতেছে; মাহ্ম যে মাহ্মবের কত নিকটের তাহা দ্রতের মধ্য দিয়াই নিবিড়তর করিয়া অহ্নতব করা যায়।

ইতিমধ্যে একদিন আমি 'নেশন' পজের মধ্যাহনভাকে আহুত হইয়াছিলাম। নেশন এবানকার উদারপদ্বীদের প্রধান সাপ্তাহিক পজ। ইংলণ্ডে যে-সকল মহাত্মা ত্মশে ও বিদেশ, ত্মভাতি ও পরজাতিকে ত্মার্থপরতার কুঁটা বাটধারার মাপিয়া বিচার করেন না, অক্সায়কে বাহারা কোনো ছুভার কোথাও আল্লয় দিতে চান না, বাহারা সমন্ত মানবের অক্সজিম বন্ধু, নেশন ভাহাদেরই বাণী বহন করিবার ক্ষম্য নিবৃক্ত।

নেশন পত্তের সম্পাদক ও লেখকেরা সপ্তাহে একদিন মধ্যাহ্নভোক্তে একজ হন।
এখানে তাঁহারা আহার করিতে করিতে আলাপ করেন ও আহারাস্তে আগানী সপ্তাহের
প্রবিদ্ধর বিষয় লইয়া আলোচনা করিবা থাকেন। বলা বাহল্য, এরপ প্রথম শ্রেণীর
সংবাদপত্তের লেখকেরা সকলেই পান্তিত্যে ও দক্ষতার অসামান্ত ব্যক্তি। সেদিন ইহাদের
আলোচনা-ভোকে স্থান পাইরা আমি বড়োই আনন্দ লাভ করিবাছি।

ইহাদের মধ্যে বিদিয়া আমার বার্ষার কেবল এই কথাই মনে হইতে লাগিল বে, ইহারা সকলেই আনেন ইহাদের প্রভ্যোকেরই একটি সভ্যকার লাগ্নিক আছে। ইহারা কেবল বাক্য রচনা করিভেছেন না, ইহাদের প্রভ্যেক প্রবন্ধ ব্রিটিশ সাম্রাজ্যভরীর হালটাকে ভাইনে বা বাঁবে কিছু-না-কিছু টান হিভেছেই। এবন অবছার শেশক লেখার মধ্যে আপনার সমন্ত চিন্তকে প্রয়োগ না করিয়া থাকিতে পারেন না। আমাদের দেশে থবরের কাগন্ধে তাহার কোনো প্রয়োজন নাই; আমরা লেখকের কাছে কোনো দান্ত্রিছ্র দাবি করি না, এই কারনে লেখকের শক্তি সম্পূর্ণ আলক্ত ত্যাগ করে না ও ফাকি দিয়া কাজ সারিয়া দেব। এইজন্ত আমাদের সম্পাদকেরা লেখকদের শিক্ষা ও সতর্কতার কোনো প্রয়োজন দেখেন না, বে-সে লোক বাহা-তাহা লেখেন এবং পাঠকেরা তাহা নির্বিচারে পড়িয়া যান। আমরা সত্যক্ষেত্রে চাব করিতেছি না বলিয়াই আমাদের মন্তরীতে শক্ত-অংশ অতি সামান্ত দেখা যায়— মনের থাত প্রাপ্রিছিরিতেছে না।

আমাদের দেশে রাজ্যনৈতিক ও অক্সান্ত বিবরে আলোচনাসভা আমি দেখিয়ছি; তাহাতে কথার চেমে কঠের জাের কত বেশি! এখানে কিরুপ প্রশান্ত ভাবে এবং কিরুপ প্রশিখানের সক্ষে তর্কবিতর্ক চলিতে লাগিল। মতের অনৈক্যের বারা বিবয়কে বাধা না দিয়া তাহাকে অগ্রসরই করিয়া দিল। অনেকে মিলিয়া কাফ করিবার অভ্যাস ইহাদের মধ্যে কত সহজ হইয়াছে তাহা এই কণকালের মধ্যে বৃথিতে পারিলাম। ইহাদের কাজ গুরুতর, অথচ কাজের প্রশালীর মধ্যে অনাবশ্রক সংঘর্ষ ও অপবার লেশমাত্র নাই। ইহাদের রথ প্রকাণ্ড, তাহার গতিও ক্রুত, কিন্তু তাহার চাকা অনায়াসে ঘোরে এবং কিছুমাত্র শক্ষ করে না।

#### বন্ধু

লগুনে আসিয়া একটা হোটেলে আশ্রয় লইলাম; মনে হইল, এখানকার লোকালরের দেউড়িতে আনাগোনার পথে আসিয়া বিসলাম। ভিতরে কী হইতেছে খবর পাই না, লোকের সক্তে আলাপ-পরিচয়ও হয় না— কেবল দেখি, মায়য় বাইতেছে আয় আসিতেছে। এইটুকুই চোথে পড়ে, মায়য়ের বাস্ততার সীমা পরিসীমা নাই; এড অতাম্ব বেলি দরকার কিসের তাহা আময়া বৃদ্ধিতে পারি না। এই প্রচণ্ড বাস্ততার ধান্ধাটা কোন্থানে গিয়া লাগিতেছে, তাহাতে কভি করিতেছে কি বৃদ্ধি করিতেছে তাহার কোনো হিসাব কেহ রাখিতেছে কি না কিছুই জানি না। চং চং করিয়া ঘন্টা বাজে, আহারের স্থানে গিয়া দেখি— এক-একটা ছোটো টেবিল ঘেরিয়া ছইভিনটি করিয়া স্ত্রীপুক্ষ নিঃশব্দে আহার করিতেছে; পাত্র হাতে দ্বীর্বকার পরিবেশক সন্ত্রীরমূথে ক্রভপদে ক্রিপ্রহত্তে পরিবেশক করিয়া চলিয়াছে; কেহ কেহ বা থাইতে খাইতেই খবরের কাগজ পড়া সারিয়া লইতেছে; ভাহার পরে ছড়িটা খুলিয়া একবার

ভাকাইয়া, টুপিটা য়াথার চাপিয়া বিয়া, হন্ হন্ করিয়া চলিয়া বাইতেছে; ঘর শৃষ্ঠ হইতেছে। কেবল আহারের সময় বারকরেক করেকজন নায়্র একঅ হয়, তাহার পরে কে কোথায় বায় কেহ তাহার ঠিকানা রাখে না। আমার কোনো প্রয়োজন নাৣই; সকলের দেখাদেখি মিথা। এক-একবার ঘড়ি খুলিয়া দেখি, আবার ঘড়ি বছ করিয়া পকেটে রাখি। যথন আহারেরও সময় নয়, নিজারও সময় নয়ে, ভখন হোটেল যেন ভাঙায় বাধা নৌকায় মতো— তথন বদি সেধানে থাকিতে হয় তবে কেন বে আছি তাহায় কোনো কৈফিয়ত ভাবিয়া পাওয়া বায় না। বায়ায়ের বাসয়ান নাই, কেবল কর্ময়ানই আছে, তায়াদেরই পক্ষে হোটেল মানায়। বায়ায়া আমার মতো নিভাম্ব আনায়ার গোলে তায়াদের পক্ষে বাসেয় আরোজনটা এমনতরো পাইকারি য়বনেম হইলে পোয়ায় না। জানলা খুলিয়া দেখি, জনল্রোত নানা দিকে ছুটিয়া চলিয়াছে। মনে মনে ভাবি, ইয়ায়া যেন কোন্-এক অদৃষ্ঠ কারিগরের হাতুড়ি। যে জিনিসটা গড়িয়া উঠিতেছে সেটাও মোটের উপর অদৃষ্ঠ; মন্ত একটা ইতিয়াসের কারখানা; লক্ষ্ণ লক্ষ্ হাতুড়ি ক্রত প্রবল বেগে লক্ষ্ লক্ষ আয়গায় আসিয়া পড়িতেছে। আমি সেই এজনের বাছিরে দাড়াইয়া চাছিয়া থাকি— ক্ষ্থায় দ্টানে চালিত সজীব হাতুড়িগুলাছ মুনিবায় বেগে ছুটিতেছে, ইয়াই দেখিতে পাই।

যাহারা বিদেশী, প্রথম এধানে আসিয়া এধানকার ইতিহাসবিধাতার এই অতি-বিপূদ মাত্ম-কলের চেহারাটাই ভাহাদের চোধে পড়ে। কী দাহ, কী শম, কী চাকার ঘূর্ণি। এই লগুন শহরের সমন্ত গতি, সমন্ত কর্মকে একবার চোধ বুজিয়া ভাবিয়া দেখিতে চেঠা করি— কী ভয়ন্বর অধ্যবসায়। এই অবিশ্রাম বেগ কোন্ লক্ষ্যের অভিমূধে আঘাত করিতেছে এবং কোন্ অব্যক্তকে প্রকাশের অভিমূধে জাগাইয়া ভূলিতেছে।

কিছ, মাহ্বকে কেবল এই ব্যের দিক হইতে দেখিরা তো দিন কাটে না। বেধানে সে মাহ্ব সেধানে তাহার পরিচর না পাইলে কী করিতে আসিলাম! কিছ, মাহ্ব বেধানে কল সেধানে দৃষ্টি পড়া বত সহজ, মাহ্ব বেধানে মাহ্ব সেধানে তত সহজ নহে। ভিতরকার মাহ্ব আপনি আসিয়া সেধানে ভাকিয়া না লইয়া গেলে প্রবেশ পাওয়া বায় না। কিছ, সে তো থিয়েটারেয় টিকিট কেনার মতো নহে; সে দাম দিয়া মেলে না, সে বিনা মূল্যের জিনিস।

আমার গৌভাগ্যক্রমে একটি জ্যোগ ঘটরা গেল— আমি একজন বছু হ দেখা

<sup>&</sup>gt; देशित्रव (बार्डन्केर्ड्य ( William Rothenstein )

পাইলাম। বাগানের মধ্যে গোলাপ ষেমন একটি বিশেষ জাতের ফুল, বদ্ধু তেমনি একটি বিশেষ জাতের মাহয়। এক-একটি লোক জাছেন পৃথিবীতে তাঁহারা বদ্ধু হইরাই জ্মগ্রহণ করেন। মাহ্যকে সলদান করিবার শক্তি তাঁহাদের জ্যামান্ত এবং জাভাবিক। জামরা সকলেই পৃথিবীতে কাহাকেও না কাহাকেও ভালোবাসি, কিছ্ক ভালোবাসিলেও বদ্ধু হইবার শক্তি আমাদের সকলের নাই। বদ্ধু হইতে গেলে সক্ষান করিতে হয়। অক্যান্ত সকল দানের মতো এ দানেরও একটা তহবিল দরকার, কেবলমাত্র ইজ্ঞাই বথেই নহে। রন্ধু হইতে জ্যোতি ঘেমন সহজেই ঠিকরিয়া পড়ে তেমনি বিশেষ ক্ষমতাশালী মাহ্যবের জীবন হইতে সন্ধু আপনি বিদ্ধুরিত হইতে থাকে। প্রীতিতে প্রসম্মতাতে সেবাতে শুভ-ইচ্ছাতে এবং কন্ধ্যাপূর্ণ অন্তর্বন্ধীতে জড়িত এই-বে সহজ্ব সন্ধু, ইহার মতো ত্র্লভ সামগ্রী পৃথিবীতে অতি অন্তর্হ আছে। কবি যেমন আপনার আনন্দকে ভাবার প্রকাশ করেন, তেমনি বাহারা বভাবেদ্ধু তাঁহারা মাহ্যবের মধ্যে আপন আনন্দকে প্রতিদিনের জীবনে প্রকাশ করিয়া থাকেন।

আমি এখানে বে বন্ধৃটিকে পাইলাম ওাঁহার মধ্যে এই আনন্দ পাওয়া এবং আনন্দ দেওয়ার অবারিত ক্ষমতা আছে। এইরপ বন্ধুস্থনে ধনী লোককে লাভ করীর স্থবিধা এই বে, একজনকে পাইলেই অনেককে পাওয়া বাছ। কেননা, ইহাদের জীবনের সকলের চেয়ে প্রধান সঞ্চয় মনের মতো মাস্ক্য -সঞ্চয়।

ইনি একজন স্বিখ্যাত চিত্রকর; ইনি জন্নকাল পূর্বে জন্নদিনের জন্ম ভারতবর্বে গিয়াছিলেন। সেই জন্নকালের মধ্যে ইনি ভারতবর্বের মর্মনাট দেখিরা লইয়াছেন। হাদর দিয়া দেখা চোখে দেখারই মডো— ইহা বিলেবণের ব্যাপার নহে, ক্তরাং ইহাডে বেশি সময় লাগে না। হাদরদৃষ্টি সম্বন্ধ কত জন্মান্ধ ভারতবর্বে জীবন কাটাইরা দিতেছে; ভাহারা আমাদের দেশের সেই আলোকটিকেই দেখিল না বাহাকে দেখিলে আর সমস্তকেই অনায়াসে দেখা বার। বাহাদের দেখিবার চোখ আছে ভাহাদের জন্মধালের পরিচয় অন্ধের চিরজীবনের পরিচয়ের চেয়ে বেশি।

ভারতবর্বে ইহার সবে আনার ক্ষাকালের অন্ত আলাল হইরাছিল। ইহার সন্তবহতা সর্বদাই এমন অবাধে প্রকাশ পায় বে তথনি আনার চিচ্চ ইহার প্রতি বিশেষ ভাবে আরুট হইরাছিল। ইহার সবে ঘনিষ্ঠভাবে পরিচিত হইতে পারিব এই লোভটি যুরোলে বাজার সময় আমাকে সকলের চেয়ে টানিরাছিল।

ইহার সব্দে সাক্ষাং ঘটিবা নাজ এক মুহুর্তে হোটেলের নেউড়ি পার হইরা গেলাম— কেছ আর বাধা দিবার রহিল না ি ডিড়ের ঠেলাঠেলিডে বেধানে ভারাসা ভালো করিবা দেখা বাব না, দেখানে বাপ বেবন ছোটো ছেলেকে নিজের কাঁথের উপর চড়িরা বিসিবার জারণা করিবা দেন, তেমনি লগুন শহর ছুই-এক জারপার আপনার উচ্চ কাঁথের উপর ফাঁকা জারগা রাখিবা দিয়াছে; ভাহার বে-সব ছেলেরা ভিড়ের লোকের মাথা ছাড়াইয়া আরও দ্রের বিকে দৃষ্টি প্রসারিত করিতে চার ভাহাদের পক্ষে এই জারগাগুলির বিশেব প্রবোজন আছে। লগুনের হাম্পান্টেড্-হীখ্ সেই জাতের একটি উচ্চ পাহাড়ে প্রাক্তর; লগুন এইখানে আপনার হইতে আপনাকে বেন তুলিয়া ধরিয়াছে। এখানে শহরের পাষাণক্ষদেরের একটি প্রাক্ত এখনো নবীন ও স্তামল আছে, এবং ভাহার ভয়ংকর আপিসের ভিড়ের মধ্যে এই জারগাটিতে এখনো ভাহার খোলা আকাশের জানলার খারে একলা বসিবার আসন পাতা আছে।

আমার বন্ধর বাড়িটির পিছন দিকে ঢালু পাহাড়ের পাবে ছোটো একটুক্রা বাগান পাছে। ঐটুকু বাগান পানন্দিত ছোটো ছেলের খাঁচলটির মতো ফুলের সৌন্দর্মে ভরিয়া উঠিয়াছে। সেই বাগানের দিকে মুখ করিয়া জাহাদের বৈঠকখানা-ঘরের সংলগ্ন একটি লখা বারান্য অপর্বাপ্ত ফুলের স্তবকে আমোদিত গোলাপের লভার অর্ধপ্রচ্ছর इरेशा चारह । और वात्रामाय । चानि वसन धूनि अक्थाना वरे हारछ कतिया विन, ভাহার পরে আর বই পড়িবার কোনো প্ররোজন বোধ করি না। ইহার ছটি ছোটো ছেলে ও ছোটো মেষের মধ্যে বাদ্যবন্ধসের চিরানন্দমন্ব নবীনভার উচ্ছাস দেখিতে আমার ভারি ভালো লাগে। আমাদের দেশের ছেলেদের গঙ্গে ইছাদের আমি একটা গভীর প্রভেদ দেখিতে পাই। আমার মনে হয়, যেন আমরা অভান্ত পুরাতন বুগের মাহব; আমাদের বেশের শিশুরাও বেন কোখা হইতে সেই পুরাতনদের বোঝা পিঠে করিয়া এই পুধিবীতে আসিয়া উপস্থিত হয়। ভাহারা ভালোমান্তব, ভাহাদের গভিবিধি সংবত, ভাহাদের বড়ো বড়ো কালো চোধছটি কম্ব- তাহারা বেশি প্রশ্ন বিজ্ঞানা করে না, আপনার মনেই বেন ভাহার বীবাংনা করিতে থাকে। আর এই-সব ছেলেরা পৃথিবীর নবীনযুগের বছলে অন্মিরাছে; ভাছারা জীবনের নবীনতার আখাদে নাতিয়া উঠিয়াছে; ভাহাদের সমস্তই ভাবিয়া-চিন্তিয়া করিবা-কর্মিবা লইতে হইবে, এইজভ সৰ জারগাতেই ভাহাবের চঞ্চল পা ছটিভে চার ध्यः गक्न विनित्रहे छाहात्मत ठक्न हाछ निहा नए । वाबात्मत तर्मत हिलासम्ब **এक**हे। पाछाविक हक्काछा चाह्य गरमह नाँहे, कि**छ** छाहात गरम गरमहे धक्छे। षठक्रणात छात्राकर्वन छाहाटक नर्वनाहे एक षटनकरे। भतिमारन चित्र कतिहा वाधिवारकः। देशास्त्र नरशा त्यदे चमुक्त छात्रका नारे यनिवा देशास्त्र चीयन जन्म ব্যনার বড়ো কলববে নুভা করিছে করিছে ক্ষেত্রই বেন বিক্ষিক করিব। উঠিতেছে।

আমাদের বদ্ধর গৃহিণীও বদ্ধবংসলা। উহার খামীর বিশ্বত বদ্ধওলী সখকে 
উহাকে খ্রীর কর্তব্য পালন করিতে হয়। তাহাদের সেবা বদ্ধ করা, তাহাদের সম্পে
আত্মীরতার সম্প্রকে স্বাংশে স্থলররপে হন্দ করিয়া তোলা, রোগে শোকে তাহাদের
সংবাদ লওয়া ও সান্ধনা করা, ইহা উাহার সাংসারিক কর্তবার একটা প্রধান আদ।
ইহা তো কেবল খন্দনসমাজের আত্মীয়তা নহে, ইহা বদ্ধসমাজের আত্মীয়তা— এই
বৃহৎ আত্মীয়তার মর্মস্থলে সাধনী খ্রীর বে আসন তাহা এ দেশে শুন্ত নাই।

পূর্বেই বলিয়াছি, আমার বন্ধৃটি সভাববন্ধু— তাঁহার বন্ধুছের প্রতিভা অগামান্ত।
ইহার পক্ষে বন্ধুছ জিনিসটি সভ্য বলিয়াই ইহাকে বিশেষ বন্ধে বন্ধু বাছিয়া লইতে হয়।
বে লোক খাঁটি আর্টিস্ট্ নয় সে বেমন কেবলমাত্র লক্তর রক্ষার জন্ত ঘর সাজাইবার
উপলক্ষা বেমন-তেমন ছবি বাঁধাইয়া বেয়ালে টাভাইয়া কোনোমতে শৃষ্ঠ স্থান পূর্ব
করিতে পারে কিন্তু যে লোক খাঁটি আর্টিস্ট্, ছবি যাহার পক্ষে সভাবন্ত, সে শভাবভই
বাজে ছবি দিয়া ঘর ভরিতে পারে না, সে আপনায় শ্বাভাবিক বিচারবৃদ্ধিয় ঘায়া ছবি
বাছিয়া লয়— ইনিও তেমনি কেবলমাত্র বাজে পরিচিতবর্গের সামাজিক ভাবের ঘায়া
আপনাকে আক্রান্ত করেন নাই। ইহার সঙ্গে থাহাদের সম্বন্ধ আছে সকলেই ইহার
বন্ধু এবং সকলেই গুণী এবং বিশেষভাবে সমাদরের যোগ্য।

এমনতরো বরেণ্য বদ্ধুমগুলীকে বিনি আপনার চার দিকে ধরিয়া রাখিতে পারেন তাঁহার যে বিশেষ গুণের দরকার সে কথা বলাই বাহলা। ইনি রস্ঞা। বৌমাছি বেমন ফুলের মধুকোষের গোপন রাস্তাটি অনায়াসে বাহির করিতে পারে ইনিও তেমনি রসের পথে অনায়াসে প্রবেশ করেন; ভালো জিনিসকে একেবারেই দিধাবিহীন জােরের সক্ষে ধরিতে পারেন। ভালো লাগা এবং ভালো বলার সম্বন্ধে অনেক লােকেরই একটা ভীকতা আছে, 'পাছে ভুগ করিয়া অপদস্থ হই' এ ভর ভাহারা ছাড়িতে পারে না। এইজন্ত ভালােকে অভ্যর্থনা করিয়া লইবার বেলায় ভাহারা বয়াবয় অভ্য লােকের পিছনে পড়িয়া য়ায়। ইহার বােধশক্তির মধ্যে একটি বধার্থ প্রবন্ধতা আছে বলিয়াই ইহার সেই ভয় নাই। এমনি করিয়া ভিনি বে নৌমাছিয় মজাে কেবলাত্র মধুনরসটিকেই আহরণ করিছে আনেন ভাহা নছে, সেই সক্ষে ফুলটিকেও ভালােবাসিবার ক্ষমতা তাঁহার আছে। তিনি ভানী নহেন, তিনি প্রেষিক। এইজন্ত ভিনি গ্রহণও করেন, তিনি লানও করেন।

অপরিচর হইতে পরিচরের পথ অতি রীর্ষ। সেই হুংসাধ্য পথ অতিক্রম করিবার নতো সময় আমার ছিল না। আমার শক্তিও অন্ধ। বরাবর কোণে থাকা অন্ত্যাস বলিয়া নিজের জোরে ভিদ্ধ ঠেলিয়া-ঠুলিয়া ইচ্ছিড আরগাটিডে পৌছানোর চেটা #'<sub>\*</sub>

করিতেও আনি পারি না। তা ছাড়া ইংরেজি ভাষার সদর দরজার চাবিটা আমার হাতে নাই; আমাকে কেবলই বেড়া ডিগ্রাইরা চলিতে হর— তেমন করিরা পথ চলা একটা ব্যায়াম, তেমনভাবে আপনার শভাবকে রক্ষা করিরা চলা বার না। নিজেকে অবাধে পরিচিত করিবার শক্তি না থাকিলে অন্তের সহজ পরিচয় পাওরা সন্তবপর হয় না। হতরাং কিছুকাল এখানকার বোটর-পাড়ির মানবরপের চাকা বাঁচাইবার চেটায় প্রান্ত হইয়া অবশেবে এখানকার পথ হইতেই ফিরিভাম, আমার সেই নদী-বাহপাশেবেরা বাংলাদেশের শরৎরোজালোকিত আমন-খানের খেতের ধারে। এমন সমর প্রকেশ করিলেন বন্ধু, পর্দা ভূলিয়া দিলেন। দেখিলাম আসন পাতা, দেখিলাম আলো অলিতেছে; বিদেশীর অপরিচয়ের মন্ত বোঝাটা বাহিরে রাখিয়া, পথিকের ব্লিলিগ্র বেশ ছাড়িয়া ফেলিয়া, এক মৃহুর্ভেই ভিড়ের মধ্য হইতে নিভ্তে আসিয়া প্রবেশ করিলাম।

# কবি য়েট্স্

ভিড়ের মাঝবানেও কবি রেট্স্' চাপা পড়েন না, তাঁহাকে একজন বিশেষ কেহ বলিয়া চেনা বায়। বেমন ভিনি তাঁহার দীর্ঘ শরীর সইয়া মাধায় প্রায় সকলকে ছাড়াইয়া গিয়াছেন, তেমনি তাঁহাকে দেখিলে মনে হয়, ইহার যেন সকল বিবয়ে একটা প্রাচূর্য আছে, এক জারগায় স্ক্রিকর্ভার স্ক্রমনশক্তির বেগ প্রবল হইয়া ইহাকে বেন ফোরারার মডো চারি দিকের সমন্তলভা হইভে বিপুলভাবে উচ্ছ্সিভ করিয়া ভূলিয়াছে। সেইজস্ত দেহে মনে প্রাণে ইহাকে এমন অজল বলিয়া বোধ হয়।

ইংলত্তের বর্তমান কালের কবিষের কাব্য যখন পড়িরা মেখি তখন ইহাদের অনেক-কেই আমার মনে হর, ইহারা বিশ্বজগতের কবি নহেন। ইহারা সাহিত্যজগতের কবি। এ দেশে অনেক দিন হইতে কাব্যসাহিত্যের স্কট চলিতেছে, হইতে হইতে কাব্যের ভাষা উপমা অলংকার ভকী বিশুর অবিরা উঠিয়াছে। শেষকালে এমন হইরা উঠিয়াছে বে, কবিষের জন্ম কাব্যের মূল প্রশ্রবদে মাছ্যের না গেলেও চলে। কবিরা বেন ওতাদ হইরা উঠিয়াছে; অর্থাৎ, প্রাণ হইতে গান করিবার প্রয়োজনবোধই তাহাদের চলিরা গিয়াছে, এখন কেবল গান হইতেই গানের উৎপত্তি চলিতেছে। বখন বাথা হইতে কথা আব্যে না, কথা হইতেই হুখা আব্যে, তখন কথার কারকার্য ক্রমণ

<sup>&</sup>gt; **४५ विके. वि. ता**केन् ( W. B. Yoats )

জটিল ও নিপুণতর হইয়া উঠিতে থাকে; আবেগ তখন প্রত্যক্ষ ও গভীর ভাবে হ্রম্বের সামগ্রী না হওয়াতে লে সরল হয় না; লে আপনাকে আপনি বিখাস করে না বলিয়াই বলপূর্বক অভিশয়ের দিকে চুটিতে থাকে; নবীনতা তাহার পক্ষে সহন্ধ নহে বলিয়াই আপনার অপূর্বতা-প্রথাণের জন্ত কেবলই তাহাকে অন্তত্তের সন্ধানে ফিরিতে হয়।

ওয়ার্ড্স্ওয়ার্থের সব্দে স্থইন্বর্নের তুলনা করিয়া দেখিলেই আমার কথাটা বোঝা সহত্ব হইবে। বাঁহারা জগতের কবি নহেন, কবিজের কবি, স্থইন্কর্ন্ তাঁহাদের মধ্যে প্রতিভাষ অগ্রগণ্য। কথার নৃত্যলীলাই ইহার এমন অসাধারণ নৈপুণ্য বে, তাহারই আনন্দ তাঁহাকে মাতোয়ারা করিয়াছে। ধ্বনি-প্রতিধ্বনির নানাবিধ রঙিন স্থতায় তিনি চিত্রবিচিত্র করিয়া ঘোরতর টক্টকে রঙের ছবি গাঁথিয়াছেন; সে-সমন্ত আন্চর্ম কীর্তি, কিন্তু বিশের উপর তাহার প্রশন্ত প্রতিষ্ঠা নহে।

বিশের সঙ্গে হদযের প্রভাক্ষ সংঘাতে ওরার্ড্স্ওরার্থের কাব্যসংগীত বাজিয়া উঠিয়াছিল। এইজন্ত তাহা এমন সরল। সরল বলিয়া সহজ নহে। পাঠকেরা সহজে তাহা গ্রহণ করে নাই। কবি বেধানে প্রভাক্ষ অমুভূতি হইতে কাব্য লেখেন সেধানে ভাঁহার লেখা গাছের ফুলফলের মতো আপনি সম্পূর্ণ হইয়া বিকাশ পায়। সে আপনাকে ব্যাখ্যা করে না; অথবা নিজেকে মনোরম বা হদয়সম করিয়া ভূলিবার জক্ত সে নিজের প্রতি কোনো জবর্দন্তি করিতে পারে না। সে বাহা সে ভাহা হইয়াই দেখা দেয়; তাহাকে গ্রহণ করা, তাহাকে ভাগ করা পাঠকেরই গরজ।

নিজের অহুভৃতি ও সেই অহুজ্তির বিষরের মারখানে কোনো মধ্যস্থ-পদার্থের প্রয়োজন ও ব্যবধান না রাখিয়া কোনো কোনো মাহুষ জন্মগ্রহণ করেন, বিশ্বজ্ঞগং ও মানবজীবনের রুসকে তাঁহারা নিঃসংশব্ধ ভরুসার সহিত নিজের স্কুদরের ভাষার প্রকাশ করিতে পারেন; তাঁহারাই নিজের সমসামন্ত্রিক কাব্যসাহিত্যের সমস্ত কুল্লিমতাকে সাহসের সঙ্গে অভিক্রম করিয়া থাকেন।

একদিন ইংরেজি সাহিত্যের রুজিনতার বুগে বারন্স্ জারিরাছিলেন। তিনি তাঁহার সমগ্র হালর দিরা অঞ্জব করিরাছিলেন ও প্রকাশ করিরাছিলেন। এইজন্ত তথ্নকার বাধা দন্তরের বেড়া কেন করিরা কোথা হইতে বেন স্ক্টলণ্ডের অবারিত হালর কাব্যসাহিত্যের মাঝখানে আসিরা অসংকোচে আসন গ্রহণ করিল।

এখনকার কাব্যসাহিত্যের বৃগে কৰি রেট্স্ বে বিশেষ স্বাহর লাভ করিরাছেন, ভাহারও গোড়াকার কথাটা ঐ। তাঁহার কবিডা তাঁহার স্মসামরিক কাব্যের প্রতিধানির পদার না গিরা কবির নিজের স্বায়কে প্রকাশ করিরাছে। ঐ-বে 'নিজের ক্ষর' বলিলাম ও কথাকে একটু বৃবিরা লইতে হইবে। হীরার টুকরা বেমন আকাশের

আলোককে প্রকাশ করার খারাই আপনাকে প্রকাশ করে তেমনি মাছবের দ্বন্ধ কেবলমাত্র নিজের ব্যক্তিগত সভার প্রকাশই পার না, সেখানে সে অভকার। বখনি সে আপনাকে দিয়া আপনার চেরে বড়োকে প্রতিক্লিত করিতে পারে তথনি সেই আলোকে সে প্রকাশ পার ও সেই আলোককে সে প্রকাশ করে। কবি রেইসের কাব্যে আয়র্গতের হারর বাক্ত হইরাছে।

এ কথাটাকেও আর-একটু পরিভার করিয়া বলা উচিত। একট পূর্বের আলো নানা মেঘের উপর পড়িরাছে কিন্তু মেঘধওওলির অবস্থাও অবস্থান অস্থপারে তাহাতে ভিন্ন ভিন্ন রঙ ফলিয়া উঠিয়াছে। কিন্তু, এই রভের ভিন্নতা পরস্পারের বিকল্প নহে; তাহারা আপন আপন বৈচিত্রোর বারাই সকলের সঙ্গে সকলে মিলিতে পারিতেছে। রঙ-করা তুলা প্রাণপানে মেঘের নকল করিয়াও মিলিতে পারিত না।

তেমনি পায়র্লগুই বলো, ষট্লগুই বলো, বা পদ্ধ যে-কোনো দেশই বলো, সেখানকার জনসাধারণের চিন্তে বিশ্বজগতের পালো এমন করিয়া পড়ে বাহাতে সে একটা বিশেব রঙ ফলাইয়া ভূলে। বিশ্বমানবের চিদাকাশ এমনি করিয়াই বর্ণ বৈচিত্ত্যে স্বন্দর হইয়া উঠিতেছে।

কৰি ভাবের আলোককে কেবল প্রকাশ করেন তাহা নছে, তিনি যে দেশের মান্ত্র্য সেই দেশের শ্বদরের রঙ দিয়া তাহাকে একটু বিশেষ ভাবে স্ক্রুর করিয়া প্রকাশ করেন। সকলেই যে করিতে পারেন ভাহা বলি না, কিন্ধ বিনি পারেন তিনি ধন্তু। আমাদের দেশে বৈক্ষর-পদাবলি বাঙালি-কাব্য রূপেই বিশ্বকাব্য। তাহা বিশের জিনিস বিশকে দিতেছে, কিন্ধ তাহারই মধ্যে নিক্ষের একটা রস যোগ করিয়া দিতেছে; নিজের একটি রূপের পারে তাহাকে ভরিয়া দিতেছে।

সংসারের রপক্ষেত্রে লড়াই করা বাহার ব্যবসায় তাহাকে কবচ পরিতে হব; তাহাকে সংসারের সমস্ত আবরণ আজ্ঞাদন গ্রহণ করিতে হয়; নহিলে পদে পদে চারি বিক হইতে তাহাকে আঘাত লাগে। কিন্তু, আগনাকে সম্পূর্ণরূপে প্রকাশ করা বাহার কাল্ল, আবরণের অভাবই তাহার বর্ধার্থ সজ্জা। কবি রেটুসের সঙ্গে আলাপ করিবা আমার ঐ কথাই মনে হইতেছিল। এই একটি মাহ্মব, ইনি নিজের চিন্তের অবারিত ম্পূর্ণনিক্তি বিরা অগথকে গ্রহণ করিতেছেন। মাহ্মব, নানা শিক্ষার ভিতর বিরা, অভাবের ভিতর বিরা, বেমন করিবা চারি বিককে দেখে এ দেখা তেমন দেখা নহে।

বধনি কোনো ৰাহ্যৰ এইপ্ৰকার অব্যবহিত জাঁবে অগ্যকে দেখে ও ভাহার খবর বেষ তথন বেষিতে গাই ৰাহ্যবের পুৰাতন অভিজ্ঞার সম্যে ভাহার একটা মিল আছে ;

তাহা বাপছাড়া নহে। যাহারা সরল চক্ষে বেধিরাছে সকলেই এমনি করিরা मिश्राह्म। दिनिक करितां अलग चला खागरक मिश्राह्म, क्षत्ररक मिश्राह्म। ्नती त्रव छेवा चत्रि वर्फ, देवळानिक गठावरण नरह, हेम्हानव मृडिकरण ठाँशासव कारक আত্মপ্রকাশ করিয়াছে। মানুষের জীবনের মধ্যে সুখদুঃখের যে অভিক্রতা প্রকাশ পায় ভাছাই বেন নানা অপত্রপ ছল্পবেশে ভূলোকে ও ত্বালোকে আপন দীলা বিভার ক্রিয়াছে। বেমন আমাদের চিত্তে তেমনি সমন্ত প্রকৃতিতে। হাসিকালার বেদনা. চাওয়া পাওয়া এবং হারানোর বেলা, বেমন আমালের এই ছোটো ফলয়টিতে তেমনি তাহাই ধুব প্রকাও করিয়া এই মহাকাশের আলোক-অন্ধকারের রলমঞে। ভাহা এত বৃহৎ যে তাহাকে আমরা একসঙ্গে দেখিতে পাই না বলিয়া আমরা কল দেখি, মাটি দেখি, কিন্তু সমন্তটার ভিতরকার বিপুল খেলাটাকে দেখিতে পাই না। কিন্তু, मायुर यथन निका ७ जलारगढ़ ईनिड लिखड़ दिया स्टर्थ ना, यथन रम जाननाड ममछ क्रमग्र मन जीवन मिश्रा एएटथे, जथन ट्रा ध्यमन ध्यक्ती विष्नात नीमाटक गव कांग्रेगाएउटे অমুভব করে বে, তাহাকে গল্পের মধ্য দিয়া, রূপকের মধ্য দিয়া ছাড়া প্রকাশ করিতে পারে না । মামুষ যখন জাগতিক ব্যাপারের মধ্যে আপনারই খুব একটা বড়ো পরিচয় পাইতেছিল— এইটে একরকম করিয়া বুরিতেছিল যে, সমস্ত লগতের মধ্যে ধাচা নাই তালা তালার নিজের মধ্যেও নাই, বালা তালার মধ্যে আছে তালাই বিপুল व्याकाद्य विद्युत मध्य व्याह्म- छथनि त्य कवित्र मुष्टि व्यर्थार कारवद मुष्टि कीवत्नत দৃষ্টিতে সমন্তকে দেখিতে পাইয়াছিল; তাহা অব্দিগোলক ও স্বায়ুলিয়া ও মন্তিকের দৃষ্টি নতে। তাহার সভাতা তথাগত নতে; তাহা ভাবগত, বেদনাগত। তাহার ভাবাও সেইরপ; তাহা স্থরের ভাষা, রূপের ভাষা। এই ভাষাই মানবসাছিতো সকলের চেবে পুরাতন ভাষা। অবচ, আত্রও যখন কোনো কবি বিশক্তে আপনার বেদনা দিয়া অনুভব করেন তথন তাঁহার ভাষার দকে মান্তবের পুরাতন ভাষার মিল পাওয়া বায়। এই कांत्रत देवळानिक यूर्ण मास्ट्राय शोत्राणिक काहिनी स्वात-त्कातन काटस नार्ण नाः কেবল কবির ব্যবহারের পক্ষে ভাহা পুরাতন হইল না। মাহবের নবীন বিখাছভূতি ঐ কাহিনীর পথ দিয়া আনাগোনা করিয়া ঐবানে আপন চিচ্ছ রাখিয়া গিয়াছে। অম্ভৃতির সেই নবীনভা বাহার চিত্তকে উদ্বোধিত করে সে ঐ পুরাতন পথটাকে শভাবতই ব্যবহার করিতে প্রবৃত্ত হয়।

কৰি বেট্স্ আয়ৰ্গণ্ডের সেই পৌরাণিক পথ দিয়া নিজের কাব্যধারাকে প্রবাহিত করিরাছেন। ইহা তাঁহার পক্ষে সম্পূর্ণ আভাবিক হইয়াছিল বলিয়াই এই পথে তিনি এবন অসাবান্ত খ্যাতি উপার্জন করিতে পারিয়াছেন। তিনি তাঁহার জীবনের মারা এই অগৎকে শার্ন করিতেছেন; চোখের বারা আনের বারা নছে। এই অন্ত অগৎকে তিনি কেবল বল্পগৎ রূপে দেখেন না; ইহার পর্বতে প্রান্তরে ইনি এনন একটি লীলামর সন্তাকে অস্তত্তক করেন বাহা থানের বারাই প্রয়। আধুনিক সাহিত্যে অভ্যক্ত প্রণালীর মধ্য বিরা ভাহাকে প্রকাশ করিতে গেলে ভাহার রুস ও প্রাণ নই হইয়া বায়; কারণ, আধুনিকতা জিনিসটা আসলে নবীন নহে, ভাহা জীর্ণ; সর্বলা বাবহারে ভাহাতে কড়া পড়িরা গেছে, সর্বত্ত ভাহা সাড়া দের না; ভাহা ছাই-চাপা আন্তনের মডো। এই আন্তন জিনিসটা ছাইরের চেরে প্রাতন অবচ ভাহা নবীন; ছাইটা আধুনিক বটে কিছ ভাহাই জরা। এইজন্ত সর্বত্তই দেখিতে পাই, কাব্য আধুনিক ভাবাকে পাশ কাটাইয়া চলিতে চায়।

সকলেই জানেন, কিছুকাল হইতে আর্র্লণ্ডে একটা খাদেশিকতার বেদনা জাগিয়া উঠিয়াছে। ইংলণ্ডের শাসন সকল দিক হইতেই আর্র্লণ্ডের চিন্তকে অভ্যন্ত চাপা দিয়াছিল বলিয়াই এই বেদনা এক সময়ে এমন প্রবল হইয়া উঠিয়াছিল। অনেক দিন হইতে এই বেদনা প্রধানত পোলিটিকাল বিজ্ঞোহ-রূপেই আপনাকে প্রকাশ করিবার চেষ্টা করিয়াছে। অবশেবে তাহার সঙ্গে সঙ্গে আর-একটা চেষ্টা দেখা দিল। আয়র্গণ্ড আপনার চিন্ডের খাডয়া উপলব্ধি করিয়া তাহাই প্রকাশ করিতে উক্তত হইল।

এই উপলক্ষ্যে আমাদের নিষের দেশের কথা মনে পড়ে। আমাদের দেশেও আনেক দিন হইতে পোলিটকাল অধিকার-লাভের একটা চেটা লিক্ষিতমণ্ডলীর মধ্যে প্রবল হইয়া উঠিয়ছিল। দেখা গিয়াছে, এই চেটার বাহারা নেতা ছিলেন তাঁহাদের আনেকেরই দেশের ভাষাসাহিত্য-আচারব্যবহারের সহিত সংস্রব ছিল না। দেশের জনসাধারণের সঙ্গে তাঁহাদের বোগ ছিল না বলিলেই হয়। দেশের উন্নতিসাধনের অস্ত তাঁহাদের বাহা-কিছু কারবার সমন্তই ইংরেজি ভাষার ও ইংরেজি গবর্মেন্টের সঙ্গে। দেশের লোককে লইয়া বে দেশের কোনো কাজ করিতে হইবে, সে দিকে তাঁহাদের দৃষ্টিমাত্রই ছিল না।

